প্র. 'আমার সবচেয়ে বড় শক্তি আমার দেশের মানুষকে ভালোবাসি, সবচেয়ে বড় দুর্বলতা আমি তাদেরকে বেশি ভালোবাসি' উক্তিটি কার? পূর্ণনাম লিখুন। *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটর: ২৩]*
উ. উক্তিটি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের।

প্র. 'অসমাপ্ত আত্মজীবনী' কার লেখা? *[মৎস্য ও প্রাণিসম্পদ অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*
উ. শেখ মুজিবুর রহমান

প্র. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত সর্বশেষ বই কোনটি? *[প্রত্নতত্ত্ব অধিদপ্তরের বুকিং সহকারী: ২৩]*
উ. আমার দেখা নয়াচীন

প্র. বঙ্গবন্ধুর লেখা প্রকাশিত দ্বিতীয় বইয়ের নাম কী? *[কর অঞ্চল, রাজশাহীর উচ্চমান সহকারী: ২৩]*
উ. কারাগারের রোজনামচা

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

সৈয়দ ওয়ালীউল্লাহ

জন্ম	১৫ আগস্ট, ১৯২২ সালে চট্টগ্রামের ষোলশহরে।
মৃত্যু	১০ অক্টোবর, ১৯৭১ সালে প্যারিসে।
উপন্যাস	লালসালু (১৯৪৮), কাঁদো নদী কাঁদো, চাঁদের অমাবস্যা, The Ugly Asian, How does one cook beans.
নাটক	বহিপীর, তরঙ্গভঙ্গ, সুড়ঙ্গ, উজানে মৃত্যু।
গল্পগ্রন্থ	নয়নচারা, দুই তীর ও অন্যান্য গল্প, গল্প সমগ্র।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. সৈয়দ ওয়ালীউল্লাহর লেখা নাটক কোনটি? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা: ২৩]*
ক কবর খ বহিপীর
গ পায়ের আওয়াজ পাওয়া যায় ঘ ওরা কদম আলী উ. খ

২. 'লালসালু' উপন্যাসে কোন অঞ্চলের জীবনের চিত্র প্রতিফলিত হয়েছে? *[রেলওয়ের সহকারী স্টেশন মাস্টার: ২২]*
ক চট্টগ্রাম খ সিলেট
গ নোয়াখালী ঘ ময়মনসিংহ উ. গ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. লালসালু উপন্যাসের রচয়িতা কে? *[পরিবেশ অধিদপ্তরের হিসাবরক্ষক:২৩]*
উ. সৈয়দ ওয়ালীউল্লাহ
প্র. তরঙ্গভঙ্গ নাটকটি কার লেখা? *[কাস্টম হাউস, ঢাকা এর সিপাহী: ২৩]*
উ. সৈয়দ ওয়ালীউল্লাহ

মুনীর চৌধুরী

জন্ম	২৭ নভেম্বর, ১৯২৫ সালে মানিকগঞ্জ শহরে। পৈতৃক নিবাস- নোয়াখালী জেলার চাটখিল থানার গোপাইরবাগ গ্রামে।
মৃত্যু	১৪ ডিসেম্বর, ১৯৭১ সালে মাত্র ৪৬ বছর বয়সে স্বাধীনতাবিরোধী আলবদর বাহিনী তাঁকে ধরে নিয়ে যায় এবং আর খুঁজে পাওয়া যায়নি।
উদ্ভাবন	'মুনীর অপটিমা' নামে টাইপ রাইটার।
নাটক	রক্তাক্ত প্রান্তর, কবর, দণ্ডকারণ্য, রাজার জন্মদিন, মানুষ, নষ্ট ছেলে, চিঠি।
অনূদিত নাটক	কেউ কিছু বলতে পারে না, রূপার কৌটা, মুখরা রমণী বশীকরণ।
প্রবন্ধ	মীর মানস (১৯৬৫)।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. 'কবর' নাটকের রচয়িতা কে? *[প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিস সহায়ক: ২৩]*
ক জসীমউদ্‌দীন খ মুনীর চৌধুরী
গ হুমায়ূন আহমেদ ঘ কাজী নজরুল ইসলাম উ. খ

২. 'রক্তাক্ত প্রান্তর' নাটকের রচয়িতা কে? *[নির্বাচন কমিশনের অফিস সহায়ক: ২৩]*
ক মুনীর চৌধুরী খ শহীদুল্লা কায়সার
গ মমতাজ হোসেন ঘ সেলিম আল দীন উ. ক

৩. মুনীর চৌধুরীর 'মুখরা রমণী বশীকরণ' কোন ধরনের রচনা? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক/ সহকারী ব্যবস্থাপক: ২৩]*
ক উপন্যাস খ অনুবাদ নাটক
গ ছোটগল্প ঘ প্রবন্ধ উ. খ

৪. বাংলা টাইপ রাইটার নির্মাণ করেন? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিভিন্ন পদ: ২৩]*
ক আবদুল হাই খ হুমায়ুন আজাদ
গ মুনীর চৌধুরী ঘ মোস্তফা জব্বার উ. গ

৫. 'রক্তাক্ত প্রান্তর' রচনাটি একটি- *[রাজউক এর ইমারত পরিদর্শক: ২২]*
ক উপন্যাস খ নাটক
গ প্রবন্ধ ঘ গীতিনাট্য উ. খ

৬. কোনটি ঐতিহাসিক নাটক? *[মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের সিনিয়র অ্যাকাউন্টস্ ক্লার্ক: ২২]*
ক শর্মিষ্ঠা খ রাজসিংহ
গ পলাশীর যুদ্ধ ঘ রক্তাক্ত প্রান্তর উ. ঘ

৭. মুনীর চৌধুরীর 'মুখরা রমণী বশীকরণ' কার লেখার অনুবাদ? *[মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের সিনিয়র অ্যাকাউন্টস্ ক্লার্ক: ২২]*
ক William Wordsworth
খ Somerset Maugham গ William Shakespeare
ঘ Charles Dickens উ. গ

৮. ভাষা আন্দোলনভিত্তিক নাটক 'কবর' এর রচয়িতা কে? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]*
ক সেলিম আল দীন খ জহির রায়হান
গ মুনীর চৌধুরী ঘ শহীদুল্লা কায়সার উ. গ

৯. মুনীর চৌধুরীর 'রক্তাক্ত প্রান্তর' কোন শ্রেণির রচনা? *[পরিসংখ্যান ব্যুরোর চেইনম্যান: ২১]*
ক সামাজিক খ মুক্তিযুদ্ধভিত্তিক
গ রূপক ঘ ঐতিহাসিক উ. ঘ

১০. কোন সাহিত্যিক ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর শহিদ হন? *[ডাক বিভাগের মেইল অপারেটর: ১৯]*
ক জহির রায়হান খ নিজাম উদ্দিন
গ অধ্যাপক গিয়াস উদ্দিন ঘ মুনীর চৌধুরী উ. ঘ

১১. মুনীর চৌধুরী রচিত 'কেউ কিছু বলতে পারে না' একটি- *[মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়ের মাঠ সহকারী: ১৯]*
ক গল্প খ উপন্যাস
গ অনুবাদ নাটক। ঘ প্রবন্ধ উ. গ

১২. 'দণ্ডকারণ্য' নাটকের রচয়িতা কে? *[পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী: ১৯]*
ক মুনীর চৌধুরী খ শওকত ওসমান
গ আবু ইসহাক ঘ এনামুল হক উ. ক

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

সুকান্ত ভট্টাচার্য

জন্ম	১৫ আগস্ট, ১৯২৬ সালে কলকাতার মহিম হালদার স্ট্রিট, কালীঘাটে (মাতুলালয়)।
মৃত্যু	১৪ মে, ১৯৪৭ সালে যক্ষ্মা রোগে আক্রান্ত হয়ে যাদবপুর টিবি হাসপাতালে মৃত্যুবরণ করেন। (তিনি মাত্র ২০ বছর ৯ মাস জীবিত ছিলেন)।
পরিচিতি	বামপন্থি মার্কসবাদী বিপ্লবী কবি হিসেবে খ্যাত হলেও 'কিশোর কবি' হিসেবে পরিচিত।
কাব্য	ছাড়পত্র, ঘুম নেই, পূর্বাভাস, মিঠেকড়া, অভিযান, হরতাল, গীতিগুচ্ছ।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. **'রানার' কবিতাটির রচয়িতা কে?** *[ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]*
ক সুকান্ত ভট্টাচার্য খ সত্যেন্দ্রনাথ দত্ত
গ রবীন্দ্রনাথ ঠাকুর ঘ শামসুর রাহমান — উ. ক

২. **'ছাড়পত্র' কাব্যগ্রন্থটি কার লেখা?** *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ২৩]*
ক সুকান্ত ভট্টাচার্য খ সত্যেন্দ্রনাথ দত্ত
গ জীবনানন্দ দাশ ঘ রবীন্দ্রনাথ ঠাকুর — উ. ক

৩. **'এ বিশ্বকে এ শিশুর বাসযোগ্য করে যাব আমি' পঙ্‌ক্তির রচয়িতা কে?** *[তিতাস গ্যাস লি. এর টেকনিশিয়ান/ ইলেক্ট্রিশিয়ান/ ড্রাফটসম্যান: ২৩]*
ক জীবনানন্দ দাশ খ সুকান্ত ভট্টাচার্য
গ নজরুল ইসলাম ঘ শামসুল হক — উ. খ

৪. **'কিশোর কবি' বলা হয় কাকে?** *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*
ক জীবনানন্দ দাশ খ সুকুমার রায়
গ সুকান্ত ভট্টাচার্য ঘ সত্যেন্দ্রনাথ দত্ত — উ. গ

৫. **সুকান্ত ভট্টাচার্য কত সালে মৃত্যুবরণ করেন?** *[পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী: ২১]*
ক ১৯৪৫ সালে খ ১৯৪৬ সালে
গ ১৯৪৭ সালে ঘ ১৯৪৮ সালে — উ. গ

শামসুর রাহমান

জন্ম	২৪ অক্টোবর, ১৯২৯ সালে পুরান ঢাকার মাহুতটুলিতে। পৈতৃক নিবাস- নরসিংদী জেলার রায়পুরার পাড়াতলি গ্রাম।
মৃত্যু	১৭ আগস্ট, ২০০৬ সালে ঢাকার পিজি হাসপাতালে।
পরিচিতি	নাগরিক কবি।
কাব্য	প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে (১৯৬০): এটি তাঁর প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ। বন্দী শিবির থেকে, রৌদ্র করোটিতে, বিধ্বস্ত নীলিমা, নিরালোকে দিব্যরথ, নিজ বাসভূমে, দুঃসময়ের মুখোমুখি, ফিরিয়ে নাও ঘাতককাটা, আদিগন্ত নগ্ন পদধ্বনি, আমি অনাহারী, শূন্যতায় তুমি শোকসভা, বাংলাদেশ স্বপ্ন দ্যাখে, প্রতিদিন ঘরহীন ঘরে, ইকারুসের আকাশ, উদ্ভট উটের পিঠে চলেছে স্বদেশ, এক ফোঁটা কেমন অনল, বুক তাঁর বাংলাদেশের হৃদয়, হরিণের হাড়।
উপন্যাস	অক্টোপাস, অদ্ভুত আঁধার এক, নিয়ত মন্তাজ, এলো সে অবেলায়।
আত্মস্মৃতি	স্মৃতির শহর, কালের ধূলোয় লেখা।
শিশুতোষ	এলাটিং বেলাটিং, ধান ভানলে কুঁড়ো দেবো।
প্রবন্ধ	আমৃত্যু তাঁর জীবনানন্দ।
কবিতা	হাতির শুড়, টেলেমেকাস, বর্ণমালা আমার দুঃখিনী বর্ণমালা, আসাদের শার্ট, স্বাধীনতা তুমি ও তোমাকে পাওয়ার জন্যে হে স্বাধীনতা।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. **'আসাদের শার্ট' কবিতাটির লেখক কে?** *[হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২২]*
ক আব্দুল মান্নান সৈয়দ খ আল মাহমুদ
গ অমিয় চক্রবর্তী ঘ শামসুর রাহমান — উ. ঘ

২. **'বাংলাদেশ স্বপ্ন দ্যাখে' কাব্যগ্রন্থের রচয়িতা কে?** *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*
ক আল মাহমুদ খ নির্মলেন্দু গুণ
গ শামসুর রাহমান ঘ হুমায়ূন আহমেদ — উ. গ

৩. **শামসুর রাহমান রচিত গ্রন্থ নয়-** *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাবরক্ষক: ২১]*
ক নিজ বাসভূমে খ আর্ত শব্দাবলী
গ দুঃসময়ের মুখোমুখি ঘ নিরালোকে দিব্যরথ — উ. খ

৪. **শামসুর রাহমানের আত্মজীবনী কোনটি?** *[জীবন বীমা কর্পোরেশনের কম্পিউটার অপারেটর: ২১]*
ক কালের ধূলোয় লেখা খ আত্মস্মৃতি
গ আত্মকথা ঘ স্মৃতির আয়না — উ. ক

৫. **'স্বাধীনতা তুমি' কবিতার রচয়িতা কে?** *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক কাজী নজরুল ইসলাম খ শামসুর রাহমান
গ জীবনানন্দ দাশ ঘ নির্মলেন্দু গুণ — উ. খ

৬. **'তোমাকে পাওয়ার জন্যে হে স্বাধীনতা' কবিতাটি কে লিখেছেন?** *[এলজিইডি'র হিসাব সহকারী: ২১]*
ক নির্মলেন্দু গুণ খ শামসুর রাহমান
গ কাজী নজরুল ইসলাম ঘ সৈয়দ শামসুল হক — উ. খ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. 'তোমাকে পাওয়ার জন্য হে স্বাধীনতা' কবিতাটির রচয়িতা কে? *[ইসলামিক ফাউন্ডেশনের গবেষণা কর্মকর্তা: ২৩]*

উ. শামসুর রাহমান।

প্র. প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে কাব্যের কবি কে? *[বাংলা একাডেমির বিভিন্ন পদ: ২৩]*

উ. শামসুর রাহমান

জহির রায়হান

জন্ম	১৯ আগস্ট, ১৯৩৫ সালে ফেনীর মজুপুর গ্রামে।
মৃত্যু	১৯৭২ সালের ৩০ জানুয়ারি নিখোঁজ ভাই শহীদুল্লা কায়সারকে খুঁজতে মিরপুরে গিয়ে নিজেই নিখোঁজ হন। তাঁর লাশও পাওয়া যায়নি।
উপন্যাস	শেষ বিকেলের মেয়ে (১৯৬০): এটি তাঁর প্রথম প্রকাশিত উপন্যাস।
	হাজার বছর ধরে, আরেক ফাল্গুন (ভাষা আন্দোলনভিত্তিক) তৃষ্ণা, কয়েকটি মৃত্যু, বরফ গলা নদী, আর কত দিন।
চলচ্চিত্র	কখনো আসেনি, সঙ্গম, জীবন থেকে নেয়া, কাঁচের দেয়াল, বাহানা, Let there be Light, সোনার কাজল, বেহুলা, আনোয়ারা।
গল্প	সূর্যগ্রহণ, বাঁধ, একুশের গল্প।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. কোনটি জহির রায়হানের রচনা? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

ক বরফ গলা নদী খ সারেং বৌ
গ খোয়াবনামা ঘ কোনোটিই নয় উ. ক

২. 'আরেক ফাল্গুন' কার লেখা উপন্যাস? *[স্থলবন্দর কর্তৃপক্ষের ওয়ারহাউজ সুপারিনটেনডেন্ট ও ক্যাশিয়ার: ২২]*

ক শওকত ওসমান খ জহির রায়হান
গ আলউদ্দিন আল আজাদ ঘ শওকত আলী উ. খ

৩. ভাষা আন্দোলন বিষয়ক রচনা কোনটি? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*

ক আরেক ফাল্গুন খ জীবন ঘষে আগুন
গ নন্দিত নরকে ঘ পিঙ্গল আকাশ উ. ক

৪. 'বরফ গলা নদী' উপন্যাসটির রচয়িতা কে? *[হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২২]*

ক জহির রায়হান খ শওকত ওসমান
গ মুনীর চৌধুরী ঘ রশীদ করিম উ. ক

৫. 'Let there be Light' বিখ্যাত ছবিটি পরিচালনা করেন কে? *[পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের উচ্চমান সহকারী: ২২]*

ক আমজাদ হোসেন খ খান আতাউর রহমান
গ জহির রায়হান ঘ কাজী হায়াৎ উ. গ

৬. 'একুশে ফেব্রুয়ারী' উপন্যাসের রচয়িতা কে? *[এনএসআই এর কম্পিউটার অপারেটর: ২১]*

ক জহির রায়হান খ হাসান হাফিজুর রহমান
গ শওকত ওসমান ঘ হাসান আজিজুল হক উ. ক

৭. 'হাজার বছর ধরে' কোন ধরনের রচনা? *[এনএসআই এর ওয়াচার কনস্টেবল: ১৯]*

ক উপন্যাস খ ছোটগল্প
গ আত্মজীবনী ঘ রোজনামচা উ. ক

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. 'স্টপ জেনোসাইড' সিনেমাটির নির্মাতা কে? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের উপজেলা ব্যবস্থাপক: ২৩]*

উ. জহির রায়হান।

প্র. লেখকের নাম লিখুন 'সময়ের প্রয়োজনে': *[স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সাঁট মুদ্রাক্ষরিক: ২১]*

উ. জহির রায়হান

প্র. 'জীবন থেকে নেয়া' চলচ্চিত্রের পরিচালক কে? *[সমাজসেবা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২০২০]*

উ. জহির রায়হান।

সৈয়দ শামসুল হক

জন্ম	২৭ ডিসেম্বর, ১৯৩৫ সালে কুড়িগ্রামে।
মৃত্যু	২৭ সেপ্টেম্বর, ২০১৬ সালে।
উপন্যাস	দেয়ালের দেশ: এটি তাঁর প্রথম উপন্যাস।
	নিষিদ্ধ লোবান, নীলদংশন, এক মহিলার ছবি, অনুপম দিন, সীমানা ছাড়িয়ে, খেলারাম খেলে যা, আয়না বিবির পালা, স্তব্ধতার অনুবাদ, বৃষ্টি ও বিদ্রোহীগণ, ত্রাহি, তুমি সেই তরবারি, মৃগয়ায় কালক্ষেপণ, একমুঠো জন্মভূমি, রাজার সুন্দরী।
কাব্য	পরানের গহীন ভিতর, একদা এক রাজ্যে, বিরতিহীন উৎসব, বৈশাখে রচিত পঙ্‌ক্তিমালা, প্রতিধ্বনিগণ, অপর পুরুষ, আমি জন্মগ্রহণ করিনি।
কাব্য নাট্য	পায়ের আওয়াজ পাওয়া যায় (মুক্তিযুদ্ধভিত্তিক), নূরলদীনের সারা জীবন, গণনায়ক, এখানে এখন, ঈর্ষা।
প্রবন্ধ	হৃৎকলমের টানে (১৯৯১)।
শিশুতোষ	সীমান্তের সিংহাসন, হুডসনের বন্দুক।
গল্প	তাস, শীত বিকেল, রক্তগোলাপ, আনন্দের মৃত্যু, প্রাচীন বংশের নিঃস্ব সন্তান, জলেশ্বরীর গল্পগুলো।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. সৈয়দ শামসুল হক রচিত নাটক কোনটি? *[নির্বাচন কমিশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক কালবেলা খ গণনায়ক
গ ক্রীতদাস ঘ চাকা
উ. খ

২. সৈয়দ শামসুল হক রচিত নাটক- *[স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নকশাকার/ড্রাফটম্যান: ২২]*
ক পরাণের গহীন ভিতর খ নিষিদ্ধ লোবান
গ নূরলদীনের সারাজীবন ঘ প্রণীত জীবন
উ. গ

৩. মুক্তিযুদ্ধভিত্তিক নাটক কোনটি? *[নির্বাচন কমিশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩/ মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ২৩]*
ক কিত্তনখোলা খ কবর
গ পায়ের আওয়াজ পাওয়া যায় ঘ নীলদর্পণ
উ. গ

৪. মুক্তিযুদ্ধভিত্তিক গ্রন্থ 'নিষিদ্ধ লোবান' কার লেখা?
ক শামসুর রাহমান খ শওকত ওসমান
গ আবু ইসহাক ঘ সৈয়দ শামসুল হক
উ. ঘ

৫. কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক রচনা? *[পরিসংখ্যান ব্যুরোর চেইনম্যান: ২১]*
ক বীরাঙ্গনা খ তিতাস একটি নদীর নাম
গ পায়ের আওয়াজ পাওয়া যায় ঘ পদ্মা নদীর মাঝি
উ. গ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. পায়ের আওয়াজ পাওয়া যায় কাব্য নাট্যের রচয়িতা কে? *[পরিবেশ অধিদপ্তরের হিসাবরক্ষক: ২৩]*
উ. সৈয়দ শামসুল হক

প্র. মুক্তিযুদ্ধভিত্তিক গ্রন্থ 'নিষিদ্ধ লোবান' কার লেখা? *[নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*
উ. সৈয়দ শামসুল হক

প্র. 'পায়ের আওয়াজ পাওয়া যায়' নাটকের রচয়িতার নাম কী? *[প্রত্নতত্ত্ব অধিদপ্তরের ক্যাশ সরকার: ২৩]*
উ. সৈয়দ শামসুল হক।

হাসান আজিজুল হক

জন্ম	২ ফেব্রুয়ারি, ১৯৩৯ সালে পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার যবগ্রামে।
মৃত্যু	১৫ নভেম্বর, ২০২১ সালে।
গল্পগ্রন্থ	আত্মজা ও একটি করবী গাছ, নামহীন গোত্রহীন, আমরা অপেক্ষা করছি, 'সমুদ্রের স্বপ্ন শীতের অরণ্য, জীবন ঘষে আগুন, মা মেয়ের সংসার।
উপন্যাস	আগুনপাখি, সাবিত্রী উপাখ্যান, বৃত্তায়ন, শামুক

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. 'প্রথম প্রহর', 'বিমর্ষ রাত্রি', 'তৃষ্ণা', 'আগুনপাখি' গ্রন্থসমূহের রচয়িতা কে? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ড্রাফটস্ম্যান অপারেটর: ২১]*
ক হাসান আজিজুল হক খ আলাউদ্দিন আল আজাদ
গ শামসুদ্দিন আবুল কালাম ঘ আবুল মনসুর আহমেদ
উ. ক

আখতারুজ্জামান ইলিয়াস

জন্ম	১২ ফেব্রুয়ারি, ১৯৪৩ সালে গাইবান্ধা জেলার সাঘাটা থানার গোটিয়া গ্রামে (মাতুলালয়)।
মৃত্যু	৪ জানুয়ারি, ১৯৯৭ সালে (ক্যান্সার রোগে)।
গল্পগ্রন্থ	অন্য ঘরে অন্য স্বর, খোঁয়ারি, দুধভাতে উৎপাত, দোজখের ওম।
উপন্যাস	চিলেকোঠার সেপাই (উনসত্তরের গণআন্দোলনের প্রেক্ষাপটে রচিত), খোয়াবনামা।
গল্প	রেইনকোট, জাল স্বপ্ন স্বপ্নের জাল, ফোঁড়া, মিলির হাতে স্টেনগান।
প্রবন্ধ	সংস্কৃতির ভাঙ্গা সেতু

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. 'চিলেকোঠার সেপাই' গ্রন্থের লেখক কে? *[ডাক ও জীবনবীমা অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক: ২২]*
ক হায়াৎ মাহমুদ খ নীলিমা ইব্রাহীম
গ মাজহারুল ইসলাম ঘ আখতারুজ্জামান ইলিয়াস
উ. ঘ

২. 'অন্য ঘরে অন্য স্বর' ছোট গল্পটি কার লেখা? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*
ক আখতারুজ্জামান ইলিয়াস খ রবীন্দ্রনাথ ঠাকুর
গ অন্নদা শঙ্কর রায় ঘ সৈয়দ শামসুল হক
উ. ক

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. চিলে কোঠার সেপাই গ্রন্থটির লেখক কে? *[ফলিত ও পূর্ত গবেষণা প্রশিক্ষণ ইনস্টিটিউটের মাঠ সহকারী: ২৩]*
উ. আখতারুজ্জামান ইলিয়াস

প্র. 'সংস্কৃতির ভাঙ্গা সেতু' গ্রন্থের রচয়িতা কে? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের উপজেলা ব্যবস্থাপক: ২৩]*
উ. আখতারুজ্জামান ইলিয়াস।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

নির্মলেন্দু গুণ

জন্ম	২১ জুন, ১৯৪৫ সালে নেত্রকোনা জেলার বারহাট্টা উপজেলার কাশবন গ্রামে।
কাব্য	প্রেমাংশুর রক্ত চাই, ইসক্রা, না প্রেমিক না বিপ্লবী, বাংলার মাটি বাংলার জল, তাঁর আগে চাই সমাজতন্ত্র, চাষাভূষার কাব্য, দূর হ দুঃশাসন, মুজিব-লেনিন-ইন্দিরা, মুঠোফোনের কাব্য, চির অনাবৃতা হে নগ্নতমা, নিশিকাব্য, কামকানন।
উপন্যাস	কালো মেঘ, বাবা যখন ছোট্ট ছিলেন।
ভ্রমণ কাহিনী	ভলগার তীরে, গীনসবার্গের সঙ্গে, আমেরিকায় জুয়াখেলার স্মৃতি, ভ্রমি দেশে দেশে।
কবিতা	হুলিয়া, স্বাধীনতা-এই শব্দটি কিভাবে আমাদের হলো

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. মুজিব-লেনিন-ইন্দিরা কাব্যগ্রন্থের লেখক কে? *[দুদকের কোর্ট পরিদর্শক: ২২]*
ক শওকত আলী খ আসাদ চৌধুরী
গ নির্মলেন্দু গুণ ঘ মহাদেব সাহা
উ. গ

২. 'হুলিয়া' কবিতাটি কার লেখা? *[দুদকের কনস্টেবল: ২২]*
ক মোহন রায়হান খ নির্মলেন্দু গুণ
গ মহাদেব সাহা ঘ শামসুর রহমান
উ. খ

৩. ৭ই মার্চের পটভূমিতে রচিত কবিতা- *[স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নকশাকার/ড্রাফটম্যান: ২২]*
ক 'বাতাসে লাশের গন্ধ'- রুদ্র মুহম্মদ শহীদুল্লাহ
খ 'স্বাধীনতা, এই শব্দটি কীভাবে আমাদের হলো'- নির্মলেন্দু গুণ
গ 'বুক তার বাংলাদেশের হৃদয়'- শামসুর রাহমান
ঘ 'আমার পরিচয়' সৈয়দ শামসুল হক
উ. খ

হুমায়ূন আহমেদ

জন্ম	১৩ নভেম্বর, ১৯৪৮ সালে নেত্রকোনার মোহনগঞ্জে। পৈতৃক নিবাস- নেত্রকোনার কুতুবপুর।
মৃত্যু	১৯ জুলাই, ২০১২ সালে ক্যান্সার রোগে আক্রান্ত হয়ে নিউইয়র্কে।
উপন্যাস	নন্দিত নরকে (১৯৭২): এটি প্রথম প্রকাশিত উপন্যাস হলেও তাঁর লেখা দ্বিতীয় উপন্যাস।
উপন্যাস	দেয়াল, শঙ্খনীল কারাগার, আমার আছে জল, নিশিথিনী, রজনী, বন্যব্রীহি, এইসব দিনরাত্রি, ময়ূরাক্ষী', অয়োময়, কোথাও কেউ নেই, শ্রাবণ মেঘের দিন, কবি, ইস্টিশন, নীল অপরাজিতা, লীলাবতী, কে কথা কয়, মধ্যাহ্ন, মাতাল হাওয়া।
মুক্তিযুদ্ধ ভিত্তিক উপন্যাস	আগুনের পরশমণি, জোছনা ও জননীর গল্প, শ্যামল ছায়া, সূর্যের দিন, সৌরভ, নির্বাসন, অনিল বাগচীর একদিন।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. 'দেয়াল' রচনাটি কার? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক বুদ্ধদেব বসু খ সেলিনা হোসেন
গ সুফিয়া কামাল ঘ হুমায়ূন আহমেদ
উ. ঘ

২. 'নীল অপরাজিতা' উপন্যাসটির রচয়িতা কে? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের হিসাবরক্ষক: ২২]*
ক রবীন্দ্রনাথ ঠাকুর খ কাজী নজরুল ইসলাম
গ শামসুর রাহমান ঘ হুমায়ূন আহমেদ
উ. ঘ

৩. 'হিমু' নাটকটির রচয়িতা কে? *[এনএসআই এর ডেসপার রাইডার ও অফিস সহায়ক: ২১]*
ক রুমানা আফরোজ খ সৈয়দ শামসুল হক
গ মমতাজউদ্দিন আহমেদ ঘ হুমায়ূন আহমেদ
উ. ঘ

৪. 'নন্দিত নরকে' কার লেখা? *[পরিবেশ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর:২০]*
ক জহির রায়হান খ হুমায়ূন আহমেদ
গ রবীন্দ্রনাথ ঠাকুর ঘ আনিসুল হক
উ. খ

৫. হুমায়ূন আহমেদের 'শ্যামল ছায়া' উপন্যাসের পটভূমি হচ্ছে- *[মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের সিনিয়র অ্যাকাউন্টস্ ক্লার্ক: ২২]*
ক নগর জীবন খ জেলেদের জীবন
গ বাংলাদেশের মুক্তিযুদ্ধ ঘ গ্রামীণ জীবন
উ. গ

৬. কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক চিলেকোঠার সেপাই খ আগুনের পরশমণি
গ একাত্তরের দিনগুলি
ঘ পায়ের আওয়াজ পাওয়া যায়
উ. খ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. জোসনা ও জননীর গল্প এর লেখক কে? *[ফলিত ও পুষ্টি গবেষণা প্রশিক্ষণ ইনস্টিটিউটের মাঠ সহকারী: ২৩]*
উ. হুমায়ূন আহমেদ

প্র. আমার ছেলেবেলা কার রচনা? *[শেখ হাসিনা মেডিকেল কলেজ টাঙ্গাইলের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
উ. হুমায়ূন আহমেদ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বাংলা ভাষা

ভাষা	বাগযন্ত্রের দ্বারা উচ্চারিত অর্থবোধক ধ্বনির সাহায্যে মানুষের মনের ভাব প্রকাশের মাধ্যমকে ভাষা বলে।
ব্রেইল ভাষা	দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য ভাষাকে উঁচুনিচু করে তৈরি করার ও হাত দিয়ে অনুভব করার ব্রেইল ভাষা।
ভাষার অবস্থান	মাতৃভাষী মোট জনসংখ্যার ভিত্তিতে বাংলা পৃথিবীর ৬ষ্ঠ বৃহত্তম ভাষা। তবে, ইথনোলগ এর রিপোর্ট অনুসারে ৭ম।
ভাষার মৌলিক অংশ	প্রত্যেক ভাষারই ৪টি মৌলিক অংশ থাকে। যথা: ধ্বনি, শব্দ, অর্থ ও বাক্য।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. ভাষাভাষী জনসংখ্যার দিক দিয়ে বাংলা পৃথিবীর কততম ভাষা? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক/ সহকারী ব্যবস্থাপক: ২৩]*
ক ৮ম খ ৭ম
গ ৪র্থ ঘ ৫ম উ. খ

২. মনের ভাব প্রকাশের প্রধান মাধ্যম কোনটি? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের কার্গো হেলপার/ট্রাফিক: ২৩]*
ক চিত্র খ ভাষা
গ ইঙ্গিত ঘ আচরণ উ. খ

৩. শিশুর ভাষা শিক্ষার প্রথম মাধ্যম কে? *[তিতাস গ্যাস লি. এর টেকনিশিয়ান/ ইলেক্ট্রিশিয়ান/ ড্রাফটসম্যান: ২৩]*
ক বাবা খ আত্মীয় স্বজন
গ শিক্ষক ঘ মা উ. ঘ

৪. বাংলা ভাষার মূল উৎস- *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর/ মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক বৈদিক ভাষা খ অনার্য ভাষা
গ হিন্দি ভাষা ঘ কানাডি ভাষা উ. খ

৫. ভাষাকে কিসের বাহন বলা হয়? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমএলএস/ নিরাপত্তা প্রহরী: ২৩]*
ক ভাবের খ অন্তরের
গ ধ্বনির ঘ কাজের উ. ক

৬. ভাষার মৌলিক উপাদান কয়টি? *[বাংলাদেশ রেলওয়ের পয়েন্টস্‌ম্যান:২২]*
ক চারটি খ তিনটি
গ পাঁচটি ঘ ছয়টি উ. ক

৭. ভাষার মৌলিক অংশ কয়টি? *[বেসামরিক বিমান কর্তৃপক্ষের স্টোরম্যান:২১]*
ক চারটি খ পাঁচটি
গ ছয়টি ঘ সাতটি উ. ক

৮. নির্দিষ্ট পরিবেশে মানুষের কথা ও ভাবের প্রতীক কোনটি? *[এনএসআই এর জুনিয়র ফিল্ড অফিসার: ১৯]*
ক ভাষা খ শব্দ
গ ধ্বনি ঘ বাক্য উ. খ

বাংলা ভাষারীতি

ভাষা রীতি	দুইটি। যথা: কথ্য ভাষা রীতি (আঞ্চলিক কথ্য রীতি, আদর্শ কথ্য রীতি) ও লেখ্য ভাষা রীতি (সাধু ভাষা, চলিত ভাষা)।
আঞ্চলিক ভাষা	বিভিন্ন অঞ্চলের সাধারণ মানুষের মুখের ভাষাকে আঞ্চলিক ভাষা বলে। আঞ্চলিক ভাষার অপর নাম উপভাষা।
সাধু রীতি	সংস্কৃত ভাষা থেকে উৎপন্ন ভাষাকে সাধু ভাষা হিসেবে অভিহিত করা হয়।
চলিত রীতি	সাধারণ মানুষের মুখের ভাষাকে চলিত ভাষা বলে।

♦ সাধু ও চলিত রীতির বিভিন্ন পদের রূপভেদ:

সাধু রীতি	চলিত রীতি
বিশেষ্য পদ	
জুতা	জুতো
তুলা	তুলো
মস্তক	মাথা
সুতা	সুতো
হস্ত	হাত
বিশেষণ	
বন্য	বুনো
রঙ্গিন	রঙিন
সর্বনাম	
উহা	ওটা / ও
তাহা	তা
তাহাকে	তাকে
তাঁহার	তাঁর
তাঁহারা	তাঁরা
অব্যয় (অনুসর্গ)	
অপেক্ষা	চেয়ে
পূর্বেই	আগেই
সহিত	সাথে
হইতে	হতে
ক্রিয়া	
আসিয়া	এসে
করিল	করল
করিয়া	করে
করিবে	করবে
করিয়াছে	করেছে
করিলাম	করলাম
দেখিয়া	দেখে

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

১. সাধু ভাষাকে চলিতরূপে প্রকাশ করুন: *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন পদ: ২২]*
ক. ইহা- এটা
খ. উহা- ওটা
গ. করিয়া- করে
ঘ. শুনিল- শুনল
ঙ. বলিয়া- বলে

ব্যাকরণ

ব্যাকরণ	'ব্যাকরণ' (বি+আ+√কৃ+অন) শব্দটির অর্থ বিশেষভাবে বিশ্লেষণ। ভাষার অভ্যন্তরীণ শৃঙ্খলা আবিষ্কারের নামই ব্যাকরণ।
পাণিনি	উপমহাদেশের শ্রেষ্ঠ বৈয়াকরণিক। সংস্কৃত ভাষায় তাঁর রচিত গ্রন্থের নাম 'অষ্টাধ্যায়ী'।
বাংলা ব্যাকরণের প্রথম গ্রন্থ	পর্তুগিজ ভাষায় মনোএল দ্য আসসুম্পসাঁউ রচিত 'Vocabulario Em Idioma Bengalla, E Portuguez. Dividido Em Duas Partes'. এটি রোমান হরফে পর্তুগিজ ভাষায় ১৭৪৩ সালে লিসবন থেকে প্রকাশিত হয়।
বাংলা ব্যাকরণের দ্বিতীয় গ্রন্থ	নাথানিয়েল ব্রাসি হ্যালহেড রচিত 'A Grammar of the Bengal Language'. এটি ১৭৭৮ সালে ইংরেজিতে প্রকাশিত হয়।
বাঙালি রচিত বাংলা ব্যাকরণ	রাজা রামমোহন রায় রচিত 'Bengali Grammar in English Language' (১৮২৬)। এটি পরবর্তীতে ১৮৩৩ সালে তিনি 'গৌড়ীয় ব্যাকরণ' নামে অনুবাদ করেন।

♦ ব্যাকরণ বিষয়ক গ্রন্থ:

গ্রন্থের নাম	রচয়িতা
ব্যাকরণ কৌমুদী	ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
ব্যাকরণ মঞ্জরী	ড. মুহম্মদ এনামুল হক
আধুনিক বাংলা ব্যাকরণ	জগদীশচন্দ্র ঘোষ
ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ	ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়
বাংলা ভাষার ব্যাকরণ	মুনির চৌধুরী, মোফাজ্জল হায়দার
প্রমিত ভাষার বাংলা ব্যাকরণ	রফিকুল ইসলাম ও পবিত্র সরকার
বাংলা ব্যাকরণ	ড. মুহম্মদ শহীদুল্লাহ

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. বাংলা ভাষায় প্রথম ব্যাকরণ রচনা করেন কে? *[মন্ত্রিপরিষদ বিভাগের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক অক্ষয়কুমার দত্ত খ মার্শম্যান
গ ব্রাসি হ্যালহেড ঘ রাজা রামমোহন রায় উ. ঘ

২. ভাষার সংবিধান কোনটি? *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*
ক বর্ণমালা খ ব্যাকরণ
গ ধ্বনি ঘ সমাস উ. খ

৩. 'ব্যাকরণ' শব্দের সঠিক অর্থ- *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের স্টোরম্যান/ডেচপার রাইডার: ২১]*
ক বিশেষভাবে সংযোজন খ বিশেষভাবে বিভাজন
গ বিশেষভাবে বিশ্লেষণ ঘ বিশেষভাবে বিয়োজন উ. গ

৪. বাংলা ভাষার অভিধান প্রথম কে রচনা করেন? *[রেলপথ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২১]*
ক ফাদার ম্যানোয়েল খ সৈয়দ ওয়ালীউল্লাহ
গ বেগম রোকেয়া ঘ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর উ. ক

৫. বাংলা ব্যাকরণ প্রথম কে রচনা করেন? *[পরিবেশ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২০]*
ক উইলিয়াম কেরী খ ড. মুহাম্মদ শহীদুল্লাহ
গ এন.বি. হ্যালহেড ঘ সুনীতি কুমার চট্টোপাধ্যায় উ. গ

ব্যাকরণের আলোচ্য বিষয়

শাখা	আলোচ্য বিষয়
ধ্বনিতত্ত্ব (Phonology)	ধ্বনি, ধ্বনির উচ্চারণ প্রণালী, ধ্বনির উচ্চারণ স্থান, ধ্বনি পরিবর্তন ও লোপ, ধ্বনির বিন্যাস, স্বর ও ব্যঞ্জনধ্বনির বৈশিষ্ট্য, বর্ণমালা, ণ-ত্ব ও ষ-ত্ব বিধান, সন্ধি বা ধ্বনি সংযোগ।
শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব (Morphology)	শব্দ, দ্বিরুক্ত শব্দ বা শব্দদ্বৈত, পারিভাষিক শব্দ, লিঙ্গ, বচন, পদাশ্রিত নির্দেশক, সমাস, প্রত্যয়, উপসর্গ ও অনুসর্গ, ধাতু, পদ, অনুজ্ঞা, ক্রিয়ার কাল, ক্রিয়ামূল ও পুরুষ।
অর্থতত্ত্ব (Semantics)	শব্দের অর্থবিচার, বাক্যের অর্থবিচার, অর্থের বিভিন্ন প্রকারভেদ, বিপরীত শব্দ, প্রতিশব্দ, শব্দজোড় ও বাগ্‌ধারা।
বাক্যতত্ত্ব বা পদক্রম (Syntax)	বাক্য ও বাক্যবিন্যাস, বাক্য রূপান্তর, উক্তি, বাচ্য ও বিরাম চিহ্ন, কারক, বাক্যের যোগ্যতা, বাক্যের উপাদান লোপ।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. ধ্বনিতত্ত্ব ও শব্দতত্ত্বকে বাক্যে যথাযথভাবে ব্যবহার করার নাম- *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক রসতত্ত্ব খ রূপতত্ত্ব
গ বাক্যতত্ত্ব ঘ ধ্বনিতত্ত্ব উ. গ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

২. 'সন্ধি' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়? *[দুদকের কোর্ট পরিদর্শক: ২২]*
ক ধ্বনিতত্ত্ব খ শব্দতত্ত্ব
গ রূপতত্ত্ব ঘ পদক্রম উ. ক

৩. 'ণ-ত্ব ও ষ-ত্ব বিধান' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়? *[পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের পোস্টম্যান: ২২]*
ক ধ্বনিতত্ত্ব খ অর্থতত্ত্ব
গ বাক্যতত্ত্ব ঘ বোধতত্ত্ব উ. ক

৪. 'লেক্সিকোগ্রাফি' কোন বিষয় নিয়ে আলোচনা করে? *[দুদকের কনস্টেবল: ২২]*
ক ধ্বনিতত্ত্ব খ অর্থতত্ত্ব
গ শব্দতত্ত্ব ঘ অভিধানতত্ত্ব উ. ঘ

৫. উপসর্গ ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়? *[রেলওয়ের সহকারী স্টেশন মাস্টার: ২২]*
ক ধ্বনিতত্ত্ব খ রূপতত্ত্ব
গ বাক্যতত্ত্ব ঘ পদক্রম উ. খ

৬. 'বাগধারা' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়? *[স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নকশাকার/ড্রাফটম্যান: ২২]*
ক অর্থতত্ত্বে খ ধ্বনিতত্ত্বে
গ বাক্যতত্ত্বে ঘ রূপতত্ত্বে উ. ক

৭. ক্রিয়ার কাল ও পুরুষ কোন তত্ত্বের আলোচ্য বিষয়? *[কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কম্পিউটার অপারেটর: ২১]*
ক ধ্বনিতত্ত্ব খ রূপতত্ত্ব
গ বাক্যতত্ত্ব ঘ ছন্দতত্ত্ব উ. খ

৮. 'শব্দ' আলোচিত হয় ব্যাকরণের কোন অংশে? *[এনএসআই এর কম্পিউটার অপারেটর: ২১]*
ক ধ্বনিতত্ত্বে খ বাক্যতত্ত্বে
গ রূপতত্ত্বে ঘ অর্থতত্ত্বে উ. গ

ধ্বনি ও বর্ণ

বাগ্‌যন্ত্র	ধ্বনি উচ্চারণ করতে যেসব প্রত্যঙ্গ কাজে লাগে, সেগুলোকে একত্রে বাগ্‌যন্ত্র বলে। বাগযন্ত্রসমূহ: ফুসফুস, শ্বাসনালি, স্বরযন্ত্র (অধিজিহ্বা, স্বররন্ধ্র, ধ্বনিদ্বার), জিভ, আলজিভ, তালু, মূর্ধা।
ধ্বনি	ভাষার মূল উপাদান ধ্বনি। ভাষার ক্ষুদ্রতম একককে ধ্বনি বলে।
বর্ণ	ধ্বনি নির্দেশক প্রতীককে বর্ণ বলে বা ধ্বনি নির্দেশক চিহ্নকে বলা হয় বর্ণ। বর্ণ দুই প্রকার। যথা: স্বরবর্ণ (অ, আ) ও ব্যঞ্জনবর্ণ (ক, খ)।
বাংলা বর্ণ	৫০টি। স্বরবর্ণ ১১টি ও ব্যঞ্জনবর্ণ ৩৯টি।
স্বরধ্বনি	যে সকল ধ্বনি উচ্চারণের সময় ফুসফুস-তাড়িত বাতাস বেরিয়ে যেতে মুখবিবরের কোথাও বাধাপ্রাপ্ত হয় না তাকেই স্বরধ্বনি বলে। যেমন: অ, আ, ই ইত্যাদি।
মৌলিক স্বরধ্বনি	যে স্বরধ্বনিকে ভেঙ্গে উচ্চারণ করা যায় না বা বিশ্লেষণ করা যায় না, তাদের মৌলিক স্বরধ্বনি বলে। মৌলিক স্বরধ্বনি ৭টি। যথা: অ, আ, ই, উ, অ্যা, এ, ও।
যৌগিক স্বরধ্বনি	পাশাপাশি দুটি স্বরধ্বনি একাক্ষর হিসেবে উচ্চারিত হলে তাকে যৌগিক স্বরধ্বনি বলে। এর অপর নাম দ্বিস্বর বা সন্ধিস্বর। বাংলা ভাষায় যৌগিক স্বরধ্বনির সংখ্যা ২৫টি। যেমন: আ+ই = আই, আ+এ = আয়।
অর্ধ-স্বরধ্বনি	যে স্বরধ্বনি নিজে পূর্ণ অক্ষর গঠন করতে পারে না, কিন্তু অক্ষর গঠনে সহায়তা করে তাকে অর্ধ-স্বরধ্বনি বলে। যেসব স্বরধ্বনি পুরোপুরি উচ্চারিত হয় না সেগুলোকে অর্ধস্বরধ্বনি বলে। বাংলা ভাষায় অর্ধস্বরধ্বনি চারটি। যথা: ই̯, উ̯, এ̯, ও̯।
দ্বি-স্বরধ্বনি	পূর্ণ স্বরধ্বনি ও অর্ধস্বরধ্বনি একত্রে উচ্চারিত হলে দ্বিস্বরধ্বনি হয়। যেমন: 'লাউ' শব্দের 'আ' পূর্ণ স্বরধ্বনি এবং 'উ̯' অর্ধস্বরধ্বনি মিলে দ্বিস্বরধ্বনি 'আউ̯' তৈরি হয়েছে।
হ্রস্ব স্বর	৪টি (অ, ই, উ, ঋ)
দীর্ঘস্বর	৭টি (আ, ঈ, ঊ, এ, ঐ, ও, ঔ)
সংবৃত	যে স্বরধ্বনি উচ্চারণকালে মুখবিবর সংকুচিত হয় তাকে সংবৃত স্বরধ্বনি বলে। যথা: ই, উ।
বিবৃত	যে স্বরধ্বনি উচ্চারণকালে মুখবিবর বিবৃত বা প্রসারিত হয় তাকে বিবৃত স্বরধ্বনি বলে। যথা: আ।

◆ মাত্রার উপর ভিত্তি করে বর্ণ তিন প্রকার। যথা:

বর্ণের নাম	সংখ্যা	স্বরবর্ণ	ব্যঞ্জনবর্ণ
মাত্রাহীন	১০টি	এ, ঐ, ও, ঔ (৪টি)	ঙ, ঞ, ৎ, ং, ঃ, ঁ (৬টি)
অর্ধমাত্রা	৮টি	ঋ (১টি)	খ, গ, ণ, থ, ধ, প, শ (৭টি)
পূর্ণমাত্রা	৩২টি	অ, আ, ই, ঈ, উ, ঊ (৬টি)	২৬টি

◆ বাংলা স্বরধ্বনিগুলোর উচ্চারণ নিচের ছকে দেখানো হলো:

জিভের উচ্চতা ↓	জিভের অবস্থান			ঠোঁটের উন্মুক্তি ↓
	সম্মুখ	মধ্য	পশ্চাৎ	
উচ্চ	ই		উ	সংবৃত
উচ্চ-মধ্য	এ		ও	অর্ধ-সংবৃত
নিম্ন-মধ্য	অ্যা		অ	অর্ধ-বিবৃত
নিম্ন		আ		বিবৃত

◆ ৯ম-১০ম শ্রেণির পুরাতন ব্যাকরণ অনুযায়ী উচ্চারণ:

উচ্চারণস্থান অনুযায়ী নাম	স্বরবর্ণ
কণ্ঠ্য বা জিহ্বামূলীয় বর্ণ	অ, আ
তালব্য বর্ণ	ই, ঈ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

মূর্ধন্য বা পশ্চাৎ দন্তমূলীয় বর্ণ	ঋ
ওষ্ঠ্য বর্ণ	উ, ঊ
কণ্ঠ্যতালব্য বর্ণ	এ, ঐ
কণ্ঠৌষ্ঠ্য বর্ণ	ও ঔ

বর্গ	বর্ণ	উচ্চারণস্থান অনুযায়ী নাম
ক-বর্গীয়	ক খ গ ঘ ঙ	কণ্ঠ্য বা জিহ্বামূলীয় বর্ণ
চ-বর্গীয়	চ ছ জ ঝ ঞ শ য য়	তালব্য বর্ণ
ট-বর্গীয়	ট ঠ ড ঢ ণ ষ র ড় ঢ়	মূর্ধন্য বা পশ্চাৎ দন্তমূলীয় বর্ণ
ত-বর্গীয়	ত থ দ ধ ন ল স	দন্ত্য বর্ণ
প-বর্গীয়	প ফ ব ভ ম	ওষ্ঠ্য বর্ণ

ব্যঞ্জন ধ্বনি	যে সকল ধ্বনি উচ্চারণের সময় ফুসফুস-তাড়িত বাতাস বেরিয়ে যেতে মুখবিবরের কোথাও না কোথাও কোনো প্রকার বাধাপ্রাপ্ত হয় বা ঘর্ষণ লাগে, তাকে ব্যঞ্জনধ্বনি বলে। যেমন: ক, খ, গ, ঘ।
মৌলিক ব্যঞ্জন ধ্বনি	৩০টি। যথা: ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ট, ঠ, ড, ঢ, ত, থ, দ, ধ, ন, প, ফ, ব, ভ, ম, র, ল, শ, স, হ, ড়, ঢ়।
ঘোষ ব্যঞ্জন	যে ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয় তাই ঘোষ ধ্বনি। যেমন: গ, ঘ, জ, ঝ, র, ল।
অঘোষ ব্যঞ্জন	যে ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয় না তাই অঘোষ ধ্বনি। যেমন: ক, খ, চ, ছ।
অল্পপ্রাণ ব্যঞ্জন	যে ধ্বনি উচ্চারণের সময় বাতাসের চাপের স্বল্পতা থাকে তাই অল্পপ্রাণ ধ্বনি। যেমন: ক, গ, চ, জ।
মহাপ্রাণ ব্যঞ্জন	যে ধ্বনি উচ্চারণের সময় বাতাসের চাপের আধিক্য থাকে তাই মহাপ্রাণ ধ্বনি। যেমন: খ, ঘ, ছ, ঝ।

- **অঘোষ ও ঘোষ, অল্পপ্রাণ ও মহাপ্রাণ ধ্বনির বিচারে ব্যঞ্জনধ্বনির শ্রেণিবিভাগ নিচে দেখানো হলো:**

অঘোষ ধ্বনি		ঘোষ ধ্বনি		
অল্পপ্রাণ	মহাপ্রাণ	অল্পপ্রাণ	মহাপ্রাণ	নাসিক্য
ক	খ	গ	ঘ	ঙ
চ	ছ	জ	ঝ	ঞ
ট	ঠ	ড	ঢ	ণ
ত	থ	দ	ধ	ন
প	ফ	ব	ভ	ম
শ, ষ, স			হ	

কারবর্ণ	স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে বলা হয় কার। স্বরবর্ণের মোট ১০টি সংক্ষিপ্ত রূপ রয়েছে, এগুলোর নাম কারবর্ণ। যথা: া, ি, ী, ু, ূ, ৃ, ে, ৈ, ো, ৌ।
অনুবর্ণ	ব্যঞ্জনবর্ণের বিকল্প রূপের নাম অনুবর্ণ।
ফলা	ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে বলা হয় ফলা। যেমন: ম-এ য- ফলা = ম্য।
রেফ	র-এর একটি অনুবর্ণ রেফ (র্)।

অন্তঃস্থ বর্ণ	য, র, ব, ল
পরাশ্রয়ী ধ্বনি	ং, ঃ, ঁ
তাড়নজাত ধ্বনি	ড়, ঢ়
পার্শ্বিক ধ্বনি	ল

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. নিচের কোনটির সাহায্যে মানুষ সূক্ষ্মাতি-সূক্ষ্মভাবে মনের ভাব প্রকাশ করতে পারে? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]*
ক ইঙ্গিতের সাহায্যে খ কণ্ঠধ্বনির সাহায্যে
গ চিত্রাঙ্কনের সাহায্যে ঘ ইশারার সাহায্যে **উ. খ**

২. বাংলা বর্ণমালায় পূর্ণমাত্রার বর্ণের সংখ্যা কতটি? *[ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]*
ক ২৩টি খ ৩২টি
গ ১০টি ঘ ৮টি **উ. খ**

৩. বর্ণ হচ্ছে? *[এলজিইডি'র কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক একসঙ্গে উচ্চারিত ধ্বনিগুচ্ছ
খ ধ্বনি নির্দেশক প্রতীক
গ ধ্বনির শ্রুতিগ্রাহ্য রূপ ঘ কোনটিই নয় **উ. খ**

৪. কোন দুটি অঘোষ ধ্বনি? *[এলজিইডি'র ইলেক্ট্রিশিয়ান ও সার্ভেয়ার: ২৩]*
ক চ, ছ খ ড, ঢ
গ ব, ভ ঘ দ, ধ **উ. ক**

৫. নিচের কোনটি তালব্য বর্ণ? *[নির্বাচন কমিশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক:২৩]*
ক ত খ প
গ চ ঘ ট **উ. গ**

৬. বাংলা ভাষার মৌলিক স্বরধ্বনি কয়টি? *[নির্বাচন কমিশনের অফিস সহায়ক: ২৩]*
ক ৩টি খ ৭টি
গ ৫টি ঘ ৯টি **উ. খ**

৭. বাংলা মৌলিক ধ্বনি কয়টি? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক/ সহকারী ব্যবস্থাপক: ২৩]*
ক ৭টি খ ৩৭টি
গ ৩০টি ঘ ৩৯টি **উ. খ**

৮. বাংলা বর্ণমালাকে কয় ভাগে ভাগ করা যায়? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের কার্গো হেলপার/ ট্রাফিক: ২৩]*
ক ৩ খ ৪
গ ২ ঘ ৫ **উ. গ**

৯. বাংলা ভাষায় ব্যবহৃত মৌলিক ব্যঞ্জনধ্বনি কয়টি? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক ৭টি খ ৮টি
গ ৯টি ঘ ৩০টি **উ. ঘ**

১০.ক থেকে ঙ পর্যন্ত ৫টি ধ্বনি হচ্ছে- *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক তালব্য ধ্বনি খ ঘোষধ্বনি
গ কর্কশ ধ্বনি ঘ কণ্ঠ্যধ্বনি **উ. ঘ**

১১.ভাষার ক্ষুদ্রতম একক কোনটি? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ক ধ্বনি খ শব্দ
গ বর্ণ ঘ বাক্য উ. ক

১২.বাংলা বর্ণমালায় অর্ধমাত্রার বর্ণ কয়টি? *[তিতাস গ্যাস লি. এর টেকনিশিয়ান/ ইলেক্ট্রিশিয়ান/ ড্রাফটসম্যান: ২৩]*
ক ৮ খ ৯
গ ৬ ঘ ৭ উ. ক

১৩.বাংলা বর্ণমালায় ব্যাঞ্জনবর্ণের সংখ্যা কয়টি? *[কারা অধিদপ্তরের কারারক্ষী/ মহিলা কারারক্ষী: ২৩]*
ক ১১টি খ ২৫টি
গ ৩৯টি ঘ ৫০টি উ. গ

১৪.বাংলা বর্ণমালায় পূর্ণমাত্রা, অর্ধমাত্রা ও মাত্রাহীন বর্ণের সংখ্যা যথাক্রমে- *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর/ মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক ৩২, ৮, ১০ খ ৩২, ৮, ১১
গ ৩২, ৮, ৯ ঘ ৩২, ৮, ১২ উ. ক

১৫.উচ্চারণ স্থান অনুযায়ী কোনগুলো তালব্য বর্ণ? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর/ মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক ঙ, হ খ য, য়
গ ঋ, ঢ় ঘ ও, ঔ উ. খ

১৬.বাংলা বর্ণমালায় স্বরবর্ণের লিখিত রূপ কয়টি? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমএলএস/ নিরাপত্তা প্রহরী: ২৩]*
ক ২টি খ ৩টি
গ ৪টি ঘ ৫টি উ. ক

১৭.যৌগিক স্বরধ্বনির প্রতীক কোনটি? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমএলএস/ নিরাপত্তা প্রহরী: ২৩]*
ক ঔ খ ঋ
গ ঈ ঘ অ উ. ক

১৮.শব্দ কি দিয়ে তৈরি হয়? *[যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ২২]*
ক বস্তু খ ভাব
গ ধ্বনি ঘ বর্ণ উ. গ

১৯.কোনগুলো মহাপ্রাণ ব্যঞ্জনের উদাহরণ? *[যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ২২]*
ক প, ব, ত, দ খ দ, স, খ, হ
গ ফ, ভ, থ, ধ ঘ ট, ক, খ, গ উ. গ

২০.কোনটি দন্ত্য বর্ণ? *[বাংলাদেশ রেলওয়ের খালাসী: ২২]*
ক ঙ খ প
গ ছ ঘ দ উ. ঘ

২১.নিচের কোন দুইটি অঘোষ ধ্বনি? *[পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের পোস্টম্যান: ২২]*
ক দ, ধ খ ড, ঢ
গ চ, ছ ঘ ব, ভ উ. গ

২২.পরাশ্রয়ী বর্ণ কোনটি? *[পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের পোস্টম্যান:২২]*
ক ত খ হ
গ য় ঘ ং উ. ঘ

২৩.ব্যঞ্জনবর্ণের বিকল্প রূপের নাম? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের হিসাবরক্ষক:২২]*
ক কারবর্ণ খ অনুবর্ণ
গ ফলা ঘ রেফ উ. খ

২৪.বাংলা বর্ণমালায় মাত্রাহীন বর্ণ কয়টি? *[সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী: ২২]*
ক ১০টি খ ৭টি
গ ৮টি ঘ ৬টি উ. ক

২৫.স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলে? *[সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী: ২২]*
ক কার খ ফলা
গ স্বরলিপি ঘ সম্প্রসারণ উ. ক

২৬.বাংলা বর্ণমালায় অর্ধমাত্রার স্বরবর্ণ কয়টি? *[দুদকের কনস্টেবল:২২]*
ক ১টি খ ৩টি
গ ৬টি ঘ ৭টি উ. ক

২৭.কোন ধ্বনি উচ্চারণের সময় বাতাসের আধিক্য থাকে? *[পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের উচ্চমান সহকারী: ২২]*
ক মহাপ্রাণ খ অল্পপ্রাণ
গ অঘোষ ঘ ঘোষ উ. ক

২৮.বাংলা বর্ণমালায় স্বরবর্ণ মোট কয়টি? *[ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন অফিসার: ২২]*
ক ১২টি খ ১০টি
গ ৮টি ঘ ১১টি উ. ঘ

২৯.নিচের কোনগুলো তালব্য বর্ণ? *[রেলওয়ের সহকারী স্টেশন মাস্টার:২২]*
ক এ ঐ খ ই ঈ
গ উ ঊ ঘ ও ঔ উ. খ

৩০.প ফ ব ভ ম- এগুলো কী ধরনের বর্ণ? *[বাংলাদেশ রেলওয়ের সহকারী লোকোমটিভ মাস্টার: ২২]*
ক দন্ত বর্ণ খ ওষ্ঠ্য বর্ণ
গ তালব্য বর্ণ ঘ কণ্ঠ বর্ণ উ. খ

৩১.'ক' থেকে 'ম' পর্যন্ত পঁচিশটি ধ্বনিকে কি বলে? *[বাংলাদেশ রেলওয়ের সহকারী লোকোমটিভ মাস্টার: ২২]*
ক কণ্ঠ ধ্বনি খ স্পর্শ ধ্বনি
গ তালব্য ধ্বনি ঘ মূর্ধন্য ধ্বনি উ. খ

৩২.তালব্য ব্যঞ্জন ধ্বনির উদাহরণ আছে কোন শব্দে? *[বাংলাদেশ রেলওয়ের পয়েন্টস্‌ম্যান: ২২]*
ক শসা খ ঘাস
গ কল ঘ দল উ. ক

৩৩.নীচের কোনটি অঘোষ অল্পপ্রাণ ধ্বনি? *[ডাক অধিদপ্তরের হিসাব সহকারী/কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক ভ খ ঞ
গ য ঘ চ উ. ঘ

৩৪.'ক' থেকে 'ল' পর্যন্ত ব্যঞ্জনবর্ণের সংখ্যা কত? *[মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের সিনিয়র অ্যাকাউন্টস্ ক্লার্ক: ২২]*
ক ২৫টি খ ২৮টি
গ ২৭টি ঘ ২৬টি উ. খ

৩৫.উচ্চারণের একক (Unit)-কে কী বলা হয়? *[মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের সিনিয়র অ্যাকাউন্টস্ ক্লার্ক: ২২]*
ক অক্ষর খ অনুসর্গ
গ উপসর্গ ঘ ধ্বনি উ. ক

৩৬.কণ্ঠ থেকে উচ্চারিত ধ্বনি নয় কোনটি- *[মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের সিনিয়র অ্যাকাউন্টস্ ক্লার্ক: ২২]*
ক ক খ ঙ
গ গ ঘ ঝ উ. ঘ

৩৭.ধ্বনি নির্দেশক চিহ্নকে কী বলা হয়? *[বন অধিদপ্তরের জুনিয়র ওয়াইল্ড লাইফ স্কাউট: ২২]*

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ক) শব্দ খ) বর্ণ
গ) ধ্বনি ঘ) চিহ্ন উ. খ

৩৮.কথার টুকরো অংশকে কী বলে? *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক) ধ্বনি খ) শব্দ
গ) বাক্য ঘ) অক্ষর উ. ক

৩৯.'বন্ধন' শব্দের সঠিক অক্ষর বিন্যাস কোনটি? *[ডাক অধিদপ্তরের হিসাব সহকারী/কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক) ব+ন+ধন খ) বন্+ধন্
গ) ব+ন্ধ+ন ঘ) বান+ধন্ উ. খ

৪০.দন্তমূলীয় ব্যঞ্জনধ্বনি কোনটি? *[মৎস্য অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]*
ক) গ খ) ফ
গ) জ ঘ) স উ. ঘ

৪১.মহাপ্রাণ ধ্বনির উদাহরণ কোনটি? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]*
ক) চ খ) ছ
গ) জ ঘ) গ উ. খ

৪২.বাংলা ভাষায় পরাশ্রয়ী বর্ণ কয়টি? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*
ক) ২টি খ) ৩টি
গ) ৪টি ঘ) ৫টি উ. খ

৪৩.বাংলা ভাষার যৌগিক স্বরধ্বনির সংখ্যা কোনটি? *[খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক) ২৪টি খ) ২৫টি
গ) ২৭টি ঘ) ২৩টি উ. খ

৪৪.প-বর্গের বর্ণসমূহ কোন ধরনের বর্ণ? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক) ওষ্ঠ্য বর্ণ খ) কণ্ঠ্য বর্ণ
গ) তালব্য বর্ণ ঘ) দন্ত্য বর্ণ উ. ক

৪৫.বাংলা বর্ণ 'আ' একটি- *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*
ক) যৌগিক স্বরধ্বনি খ) দ্বিস্বরধ্বনি
গ) মৌলিক স্বরধ্বনি ঘ) ব্যঞ্জন ধ্বনি উ. গ

৪৬.ত, ন, ল- এ তিনটি ধ্বনির উচ্চারণ স্থান কোথায়? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাবরক্ষক: ২১]*
ক) ওষ্ঠ খ) জিহ্বামূল
গ) অগ্রতালু ঘ) অগ্র দন্তমূল উ. ঘ

৪৭.কোনটি কম্পনজাত ধ্বনি? *[বাংলাদেশ টেলিভিশনের ক্যাশিয়ার: ২১]*
ক) র খ) ল
গ) ড় ঘ) ঢ় উ. ক

৪৮.'ঔ' কোন ধরনের স্বরধ্বনি? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*
ক) যৌগিক স্বরধ্বনি খ) তালব্য স্বরধ্বনি
গ) মিলিত স্বরধ্বনি ঘ) কোনটিই নয় উ. ক

৪৯.স্বরধ্বনি নয় কোনটি? *[এনএসআই এর ওয়াচার কনস্টেবল: ২১]*
ক) ই খ) ঋ
গ) ও ঘ) ঔ উ. খ

৫০.বিসর্গ (ঃ) বর্ণটি কোন বর্ণের রূপান্তর? *[জীবন বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২১]*
ক) হ খ) স
গ) শ ঘ) ম উ. ক

৫১.বাংলা বর্ণমালায় মোট বর্ণ কয়টি? *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]*
ক) ৭টি খ) ১১টি
গ) ৩৯টি ঘ) ৫০টি উ. ঘ

৫২.ন, স- *[রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২১]*
ক) ওষ্ঠ্য ব্যঞ্জনবর্ণ খ) দন্ত্য ব্যঞ্জনবর্ণ
গ) দন্তমূলীয় ব্যঞ্জনবর্ণ ঘ) কণ্ঠনালীয় ব্যঞ্জনবর্ণ উ. খ

৫৩.'নাসিক্য' বর্ণ কোনগুলো? *[কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কম্পিউটার অপারেটর: ২১]*
ক) ত, থ, দ খ) ঙ, ঞ, ণ
গ) উ, ঊ, য় ঘ) শ, স, য উ. খ

৫৪.'ঔ' কোন ধরনের স্বরধ্বনি? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটর: ২১]*
ক) তালব্য স্বরধ্বনি খ) যৌগিক স্বরধ্বনি
গ) মিলিত স্বরধ্বনি ঘ) কোনোটিই নয় উ. খ

৫৫.বাংলা ভাষায় পরাশ্রয়ী ধ্বনি কতটি? *[এনএসআই এর জুনিয়র ফিল্ড অফিসার: ১৯]*
ক) ২টি খ) ৩টি
গ) ৪টি ঘ) ৫টি উ. খ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

১. **প্রশ্নগুলির উত্তর দিন:** *[কাস্টম হাউস (যশোর) এর সিপাহী: ২৩]*

ক. বাংলা বর্ণমালায় কতটি যৌগিক স্বরজ্ঞাপক বর্ণ রয়েছে?
উ. ২টি

খ. স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কি বলে?
উ. কার

গ. বাংলা ব্যঞ্জনবর্ণ কয়টি?
উ. ৩৯টি

ঘ. নিলীন বর্ণ লিখুন।
উ. অ

ঙ. মৌলিক স্বরধ্বনি কয়টি?
উ. ৭টি

প্র. ধ্বনি উচ্চারণ করতে যেসব প্রত্যঙ্গ কাজে লাগে সেগুলোকে একত্রে কি বলে? *[রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
উ. বাগযন্ত্র।

প্র. বাংলা স্বরবর্ণে মাত্রাহীন বর্ণ কয়টি ও কী কী? *[গণযোগাযোগ অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*
উ. ৪টি। যথা: এ, ঐ, ও , ঔ।

প্র. ধ্বনির সূক্ষ্মতম মৌলিক অংশ বা একককে কী বলা হয়? *[বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের অফিস সহায়ক: ২৩]*
উ. ধ্বনির সূক্ষ্মতম মৌলিক একককে বলা হয় বর্ণ।

প্র. বাংলা বর্ণমালায় বর্ণের সংখ্যা কয়টি? *[বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর: ২০]*
উ. ৫০টি।

প্র. স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলা হয়? *[বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর: ২০]*
উ. স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে বলে কার।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

যুক্তবর্ণ

সংযুক্ত বর্ণ	উদাহরণ	সংযুক্ত বর্ণ	উদাহরণ
ক্ত = ক্+ত	রক্ত, শক্ত	ঞ্চ = ঞ্+চ	সঞ্চয়
ণ্ড = ণ্+ড	কাণ্ড, ভাণ্ডার	ট্ট = ট্+ট	অট্টালিকা
ক্ষ = ক্+ষ	বক্ষ, রক্ষা	হৃ = হ্+ঋ	হৃদয়, সুহৃদ
ঙ্ক = ঙ্+ক	অঙ্ক, লঙ্কা	থ্থ = ত্+থ	উত্থান
জ্ঞ = জ্+ঞ	জ্ঞান, বিজ্ঞান	ঙ্গ = ঙ্+গ	অঙ্গ, বঙ্গ
ঞ্ছ = ঞ্+ছ	বাঞ্ছিত	হ্ম = হ্+ম	ব্রহ্মা
ঞ্জ = ঞ্+জ	গঞ্জ, মঞ্জুষা	ক্ষ্ম = ক্+ষ্+ম	লক্ষ্মী, লক্ষ্মণ
হ্ম = হ্+ম	রুক্মিণী	হ্ন = হ্+ন	মধ্যাহ্ন
হ্ণ = হ্+ণ	পূর্বাহ্ণ	ষ্ণ = ষ্+ণ	তৃষ্ণা, কৃষ্ণ

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. 'ঞ্চ' সংযুক্তি ব্যঞ্জনটি কোন বর্ণের সংযুক্ত রূপ? *[এলজিইডি'র কার্যসহকারী: ২৩]*

ক ষ্+ঞ খ ষ্+ণ
গ ষ্+ন ঘ ষ্+চ উ. খ

২. 'বিজ্ঞান' শব্দের যুক্তবর্ণের সঠিকরূপ কোনটি? *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*

ক জ্+ঞ খ ঞ্+জ
গ ঞ্+ঝ ঘ ণ+ঞ উ. ক

৩. 'জ্ঞ' যুক্তবর্ণ কীভাবে গঠিত? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পাউন্ডার / পোল্ট্রি টেকনিশিয়ান: ২০]*

ক ঙ+গ খ গ+ঙ
গ জ+ঞ ঘ ঞ+জ উ. গ

৪. 'কুজ্ঝটিকা' শব্দের যুক্তবর্ণটি কোন দুটি বর্ণের সংযোগে গঠিত হয়েছে? *[সিজিডিএফ এর জুনিয়র অডিটর: ১৯]*

ক জ্ + ঝ খ ঝ + ঝ
গ ঝ + জ ঘ ঝ + ব উ. ক

ধ্বনি পরিবর্তন

ধ্বনি পরিবর্তন	কোনো ভাষার শব্দ বহুজনে ব্যবহৃত হতে হতে কখনো সেই শব্দের ধ্বনিসমূহের নির্দিষ্ট ক্রমরক্ষা হয় না অথবা এর কোনো কোনো ধ্বনি লোপ পায় বা এতে নতুন ধ্বনির আগমন ঘটে কিন্তু পরিবর্তিত ধ্বনিটি দ্বারা পূর্বের অর্থটিই বোঝায়। শব্দের ধ্বনিসমূহের এরূপ পরিবর্তনকে ধ্বনি পরিবর্তন বলে। যেমন: পর্তুগিজ 'আনানস' বাংলায় 'আনারস' একটি ধ্বনিতাত্ত্বিক পরিবর্তন।

বিভিন্ন ধরনের ধ্বনি পরিবর্তন	
আদি স্বরাগম	উচ্চারণের সুবিধার জন্য শব্দের আদিতে স্বরধ্বনি এলে তাকে আদি স্বরাগম বলে। যেমন: স্কুল > ইস্কুল, স্টেশন > ইস্টিশন।
মধ্য স্বরাগম বা বিপ্রকর্ষ	মাঝে মাঝে উচ্চারণের সুবিধার জন্য সংযুক্ত ব্যঞ্জন ধ্বনির মাঝখানে স্বরধ্বনি এলে তাকে মধ্য স্বরাগম, বিপ্রকর্ষ বা স্বরভক্তি বলে। যেমন: গ্রাস > গেরাস, রত্ন > রতন, স্বপ্ন > স্বপন, হর্ষ > হরষ, প্রীতি > পিরীতি, গ্রাম > গেরাম, শ্লোক > শোলোক
অন্ত্য স্বরাগম	কোনো কোনো সময় শব্দের শেষে অতিরিক্ত স্বরধ্বনি আসে, একে অন্ত্যস্বরাগম বলে। যেমন: দিশ > দিশা, বেঞ্চ > বেঞ্চি।
অপিনিহিতি	পরের ই-কার আগে উচ্চারিত হলে বা যুক্ত ব্যঞ্জনধ্বনির আগে ই-কার বা উ-কার উচ্চারিত হলে তাকে অপিনিহিতি বলে। যেমন: সাধু > সাউধ, আজি > আইজ, কন্যা > কইন্যা।
অসমীকরণ	একই স্বরের পুনরাবৃত্তি দূর করার জন্য মাঝখানে যখন স্বরধ্বনি যুক্ত হয় তখন তাকে অসমীকরণ বলে। যেমন: ধপ+ধপ > ধপাধপ, টপ+টপ > টপাটপ।
স্বরসঙ্গতি	একটি স্বরধ্বনির প্রভাবে শব্দে অপর স্বরের পরিবর্তন ঘটলে তাকে স্বরসঙ্গতি বলে। যেমন: ইচ্ছা > ইচ্ছে, মুলা > মুলো, বুনা > বোনা, বিলাতি > বিলিতি, মোজা > মুজো।
সম্প্রকর্ষ বা স্বরলোপ	দ্রুত উচ্চারণের জন্য শব্দের আদি, অন্ত্য বা মধ্যবর্তী কোনো স্বরধ্বনির লোপকে বলা হয় সম্প্রকর্ষ বা স্বরলোপ। যেমন: বসতি > বস্‌তি, জানালা > জান্‌লা, অলাবু > লাবু > লাউ, আজি > আজ।
ধ্বনি বিপর্যয়	শব্দের মধ্যে দুটো ব্যঞ্জনের পরস্পর পরিবর্তন ঘটলে তাকে ধ্বনি বিপর্যয় বলে। যেমন: পিশাচ > পিচাশ। এখানে 'শাচ' ধ্বনি দুটি (শা+চ) স্থান বদলে হয়েছে 'চাশ' (চা+শ)। ইংরেজি বাক্‌স > বাংলা বাস্‌ক, জাপানি রিক্‌সা > বাংলা রিস্‌কা।
সমীভবন	শব্দমধ্যস্থ দুটো ভিন্ন ধ্বনি একে অপরের প্রভাবে অল্প-বিস্তর সমতা লাভ করলে তাকে বলা হয় সমীভবন। যেমন: বিল্ব > বিল্ল, জন্ম > জম্ম, কর্ম > কম্ম।
বিষমীভবন	দুটো সমবর্ণের একটির পরিবর্তনকে বিষমীভবন বলে। যেমন: শরীর > শরীল, লাল > নাল।
বর্ণদ্বিত্ব বা দ্বিত্বব্যঞ্জন	কখনো কখনো জোর দেয়ার জন্য শব্দের অন্তর্গত ব্যঞ্জনের দ্বিত্ব উচ্চারণ হয়, তাকে দ্বিত্ব ব্যঞ্জন বা ব্যঞ্জন দ্বিত্বতা বলে। যেমন: পাকা > পাক্কা, সকাল > সক্কাল।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ধ্বনি বিকার বা ব্যঞ্জন বিকৃতি	শব্দ-মধ্যে কোনো কোনো সময় কোনো কোনো ব্যঞ্জন পরিবর্তিত হয়ে নতুন ব্যঞ্জনধ্বনি ব্যবহার করা হয়, তাকে ব্যঞ্জন বিকৃতি বলে। যেমন: কবাট > কপাট, ধোবা > ধোপা।
ব্যঞ্জনচ্যুতি	পাশাপাশি সমউচ্চারণের দুটো ব্যঞ্জনধ্বনি থাকলে তার একটি লোপ পায় একে ব্যঞ্জনচ্যুতি বলে। যেমন: বউ দিদি > বউদি, বড় দাদা > বড়দা।
অন্তর্হতি	পদের মধ্যে কোনো ব্যঞ্জনধ্বনি লোপ পেলে তাকে বলে অন্তর্হতি। যেমন: ফাল্গুন > ফাগুন, ফলাহার > ফলার।
অভিশ্রুতি	বিপর্যস্ত স্বরধ্বনি পূর্ববর্তী স্বরধ্বনির সাথে মিলে গেলে এবং তদানুসারে পরবর্তী স্বরধ্বনির পরিবর্তন ঘটলে তাকে বলে অভিশ্রুতি। যেমন: শুনিয়া > শুইন্যা > শুনে, মাছুয়া > মাউছ্যা > মেছো।
ক্ষীণায়ন	শব্দ মধ্যস্থিত মহাপ্রাণ ধ্বনি অল্পপ্রাণ ধ্বনিতে পরিণত হলে তাকে ক্ষীণায়ন বলে। যেমন- পাঁঠা > পাঁটা, কাঠ > কাট।
পীনায়ন	শব্দ মধ্যস্থিত কোনো অল্পপ্রাণ ধ্বনি মহাপ্রাণ ধ্বনিরূপে উচ্চারিত হওয়ার রীতিকে পীনায়ন বলে। যেমন: কাঁটাল > কাঁঠাল, পুকুর > পুখুর।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. পিশাচ > পিচাশ এরূপ পরিবর্তনকে কী বলে? *[দুদকের কোট পরিদর্শক: ২২]*
ক স্বরভক্তি খ অভিশ্রুতি
গ ধ্বনি বিপর্যয় ঘ সমীভবন — উ. গ

২. 'প্রথম >পরথম' কী ধরনের ধ্বনি পরিবর্তন? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের হিসাবরক্ষক: ২২]*
ক অসমীকরণ খ অপিনিহিতি
গ বিপ্রকর্ষ ঘ স্বরসাম্য — উ. গ

৩. কোনটি অপিনিহিতির উদাহরণ? *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী:২১]*
ক শুনিয়া খ রাইত
গ চলো ঘ চলতি — উ. খ

৪. স্বরভক্তির অপর নাম কী? *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*
ক অভিশ্রুতি খ অন্তস্বরাগম
গ অপিনিহিতি ঘ বিপ্রকর্ষ — উ. ঘ

৫. 'বউদিদি > বউদি, বড়দাদা > বড়দা' কোন নিয়মে পরিবর্তিত হয়েছে? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*
ক ব্যঞ্জনচ্যুতি খ ব্যঞ্জন বিকৃতি
গ বিষমীভবন ঘ সমীভবন — উ. ক

৬. বিলাতি > বিলিতি কি ধরনের ধ্বনির পরিবর্তন? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*
ক অপিনিহিতি খ স্বরসঙ্গতি
গ বিপ্রকর্ষ ঘ সম্প্রকর্ষ — উ. খ

৭. 'কন্যা' শব্দের অপিনিহিতি কোনটি? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ক্যাশিয়ার/স্টোর কিপার: ২১]*
ক কৈন্যা খ কইন্যা
গ কইণ্যা ঘ কোইন্যা — উ. খ

৮. দ্রুত উচ্চারণের জন্য শব্দের আদি, অন্ত্য বা মধ্যবর্তী কোন স্বরধ্বনির লোপকে বলা হয়- *[খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]*
ক অভিশ্রুতি খ অপিনিহিতি
গ স্বরসঙ্গতি ঘ সম্প্রকর্ষ — উ. ঘ

৯. কোনটি ধ্বনি বিপর্যয়ের উদাহরণ? *[পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী: ২১]*
ক শরীর → শরীল খ স্ত্রী → ইস্তিরি
গ পিশাচ → পিচাশ ঘ গৃহিণী → গিন্নি — উ. গ

১০. সত্য > সইত্য- ধ্বনির পরিবর্তনে এটি কিসের উদাহরণ? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক অপিনিহিতি খ স্বরসঙ্গতি
গ বিপ্রকর্ষ ঘ অসমীকরণ — উ. ক

১১. উদ্ধার > উধার > ধার- এটি কি ধরনের ধ্বনির পরিবর্তন? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাবরক্ষক: ২১]*
ক অপিনিহিত খ সম্প্রকর্ষ
গ স্বরসঙ্গতি ঘ অন্তর্হতি — উ. খ

১২. কোনটিতে মধ্যস্বর লোপ ঘটেছে? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]*
ক গামছা খ মশারি
গ লুঙ্গি ঘ চাদর — উ. ক

১৩. 'কাক থেকে কাগ' কোন প্রকার পরিবর্তন? *[রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২১]*
ক অভিশ্রুতি খ সমীভবন
গ ঘোষীভবন ঘ দ্বন্দ্বীভবন — উ. গ

১৪. মিঠা → মিঠে এরূপ পরিবর্তনকে কী বলা হয়? *[দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ১৯]*
ক স্বরসঙ্গতি খ স্বরভক্তি
গ ধ্বনি বিপর্যয় ঘ স্বরলোপ — উ. ক

ণ-ত্ব ও ষ-ত্ব বিধান

◆ ণ-ত্ব বিধান: যে বিধি অনুসারে তৎসম শব্দে 'ণ' এর ব্যবহার হয় এবং অতৎসম শব্দে 'ণ' এর ব্যবহার না হয়ে 'ন' এর ব্যবহার হয়, তাকে ণ-ত্ব বিধি বা ণ-ত্ব বিধান বলে।

নিয়ম	উদাহরণ
ট-বর্গীয় (ট, ঠ, ড, ঢ) ধ্বনির আগে দন্ত্য-ন ব্যবহৃত হয়ে যুক্ত ব্যঞ্জন গঠিত হলে, সব সময় তা মূর্ধন্য-ণ হয়।	অখণ্ড, অকুণ্ঠ, ঘণ্টা, লণ্ঠন, কাণ্ড, কণ্টক, দণ্ড, ঘণ্টিকা, কণ্ঠ, নির্ঘণ্ট, উৎকণ্ঠা, কুণ্ড, খণ্ডন, দণ্ড, ভণ্ড, ভূখণ্ড।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

তৎসম শব্দে ঋ, র, ষ এর পরে মূর্ধন্য-ণ হয়। (তৎসম শব্দে র-ফলা, রেফ, ক্ষ-এর পর মূর্ধন্য-ণ ব্যবহৃত হয়।)	ঋণ, তৃণ, বর্ণ, বর্ণনা, কারণ, ব্যাকরণ, বিকিরণ, মরণ, সমীরণ, ভীষণ, ভাষণ, উষ্ণ ইত্যাদি।
ঋ, র, ষ এর পরে স্বরধ্বনি, ষ, য়, ব, হ, ং এবং ক-বর্গীয় ও প-বর্গীয় ধ্বনি থাকলে পরবর্তী দন্ত্য-ন মূর্ধন্য-ণ হয়।	কৃপণ, হরিণ, অর্পণ, লক্ষ্মণ, গৃহিণী, প্রবণ, রামায়ণ, প্রণয়ন, রুক্মিণী, ব্রাহ্মণ ইত্যাদি।
প্র, পরি, নির- এ ৩টি উপসর্গের পর ণত্ব বিধি অনুসারে দন্ত্য-ন ধ্বনি মূর্ধন্য-ণ হয়।	পরিণত, পরিণতি, পরিণয়, প্রণিধান, নির্ণীত, প্রণাম, প্রমাণ, নির্ণয়, প্রয়াণ।
প্র, পরা, পূর্ব ও অপর-এ ৪টির পূর্বপদের পর 'অহ্ন' শব্দ বসলে ণত্ব বিধি অনুসারে দন্ত্য-ন এর স্থলে মূর্ধন্য-ণ হয়।	প্র+অহ্ন = প্রাহ্ণ, পরা+অহ্ন = পরাহ্ণ, পূর্ব+অহ্ন = পূর্বাহ্ণ, অপর+অহ্ন = অপরাহ্ণ।
উত্তর, পার, চান্দ্র, নার, রাম শব্দের পরে 'অয়ন' শব্দ থাকলে ণত্ব বিধি অনুসারে দন্ত্য-ন এর স্থলে মূর্ধন্য-ণ হয়।	উত্তর + অয়ন = উত্তরায়ণ, পর + অয়ন = পরায়ণ, নার + অয়ন = নারায়ণ, রাম + অয়ন = রামায়ণ।
সমাসবদ্ধ শব্দে (সাধিত শব্দে) ণ-ত্ব বিধান খাটে না।	অগ্রনায়ক, অগ্রনেতা, ত্রিনয়ন, নিরন্ন, শ্রীমান।
বাংলা (দেশি), তদ্ভব ও বিদেশি শব্দের বানানে মূর্ধন্য-ণ লেখার প্রয়োজন হয় না।	কর্নেল, গভর্নর, গ্রিন, ইস্টার্ন, হর্ন, ইরান, সাইরেন, কেরানি, কার্নিশ।

♦ কিছু কিছু শব্দে স্বভাবতই মূর্ধন্য-ণ হয়। যেমন:

চাণক্য মাণিক্য গণ বাণিজ্য লবণ মণ
বেণু বীণা কঙ্কণ কণিকা।
কল্যাণ শোণিত মণি স্থাণু গুণ পুণ্য বেণী
ফণী অণু বিপণি গণিকা।
আপণ লাবণ্য বাণী নিপুণ ভণিতা পাণি
গৌণ কোণ ভাণ পণ শাণ।
চিক্কণ নিক্কণ তূণ কফণি বণিক গুণ
গণনা পিণাক পণ্য বাণ।

♦ ষ-ত্ব বিধান: তৎসম শব্দের বানানে 'ষ' এর সঠিক ব্যবহারের নিয়মই ষ-ত্ব বিধান।

▪ নিম্নে মূর্ধন্য-ষ ব্যবহারের কিছু নিয়ম প্রদত্ত হল:

নিয়ম	উদাহরণ
অ, আ ভিন্ন অন্য স্বরধ্বনি এবং ক ও র এর পরের 'ষ' প্রত্যয়ের 'স' থাকলে তা 'ষ' হয়।	ভবিষ্যৎ, মুমূর্ষু, চিকীর্ষা, নিষুতি, চক্ষুষ্মান, সুষম, ঊষা, ওষুধ, ঔষধ, দূষণ।
ই-কারান্ত (অধি, অভি, পরি, প্রতি, বি) এবং উ-কারান্ত (অনু, সু) উপসর্গের পর কতকগুলো ধাতুতে 'ষ' হয়।	অভিসেক > অভিষেক, সুসুপ্ত > সুষুপ্ত, অনুসঙ্গ > অনুষঙ্গ, বিসম > বিষম, প্রতিসেধক > প্রতিষেধক।
ঋ ও ঋ-কার এর পর 'ষ' হয়।	ঋষভ, ঋষি, কৃষক, কৃষি।
রেফ (র্) এর পর 'ষ' হয়।	আকর্ষণ, ঈর্ষা, বর্ষ, বর্ষণ।
সম্ভাষণসূচক শব্দে এ-কারের পর মূর্ধন্য-ষ হয়।	কল্যাণীয়েষু, প্রিয়বরেষু, প্রীতিভাজনেষু, সুজনেষু।
ক, খ, প, ফ এর পর ই ঃ (ি ঃ) বা উ ঃ (ু ঃ) থাকলে সন্ধির ফলে বিসর্গের (ঃ) জায়গায় সর্বদা মূর্ধন্য-ষ হবে।	আবিঃ+কার = আবিষ্কার, নিঃ+পাপ = নিষ্পাপ, নিঃ+পত্র = নিষ্পত্র, নিঃ+ফল = নিষ্ফল।
ট ও ঠ এর সঙ্গে যুক্ত হলে দন্ত্য-স না হয়ে মূর্ধন্য-ষ হয়।	কষ্ট, কাষ্ঠ, ওষ্ঠ, অষ্ট, ইষ্ট, রুষ্ট, নিষ্ঠা, শ্রেষ্ঠ, আবিষ্ট।
খাঁটি বাংলা ও বিদেশি ভাষা থেকে আগত শব্দে 'ষ' হয় না।	দেশি, জিনিস, পোশাক, মাস্টার, পোস্ট ইত্যাদি।

♦ কতগুলো শব্দে স্বভাবতই মূর্ধন্য-ষ হয়। যেমন:

আষাঢ় শেষ ঈষৎ মেষ
ভাষা কলুষ ভাষ্য মানুষ।
ষোড়শ কোষ পৌষ রোষ
ষট্ পুরুষ মানুষ পাষণ্ড ষণ্ড প্রত্যূষ।
আভাষ ভাষণ অভিলাষ পোষণ
ঊষর তোষণ ঊষা শোষণ।
ঔষধ বিষাণ ষড়যন্ত্র পাষাণ
বিশেষ ভূষণ সরিষা দূষণ।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. 'দুর্নাম' ও 'দুর্নিবার' শব্দ দুটিতে মূর্ধন্য-ণ ব্যবহার হয়নি কেন? *[রেলওয়ের সহকারী স্টেশন মাস্টার: ২২]*
ক সমাসবদ্ধ পদ বলে খ দেশি শব্দ বলে
গ তৎসম শব্দ বলে ঘ বিদেশি শব্দ বলে উ. ক

২. নিচের কোন শব্দে ণ-ত্ব বিধান অনুসারে 'ণ' এর ব্যবহার হয়েছে? *[খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ২১]*
ক নিক্কণ খ লবণ
গ কল্যাণ ঘ ব্যাকরণ উ. ঘ

৩. নিত্য মূর্ধন্য-ষ কোন শব্দে বর্তমান? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের হিসাবরক্ষক: ২২]*
ক কণ্ঠ খ উপনিষদ
গ কল্যাণীয়েষু ঘ আষাঢ় উ. ঘ

৪. কোন বানানটি খাঁটি ষত্ব-বিধানের উদাহরণ? *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*
ক ষোড়শ খ ভূষণ
গ স্পষ্ট ঘ বিশেষণ উ. ক,খ

৫. নিপাতনে সিদ্ধ 'ষ' এর ব্যবহার রয়েছে কোনটিতে? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]*
ক মুমূর্ষু খ অনুষঙ্গ
গ বর্ষণ ঘ ভূষণ উ. ঘ

৬. নিত্য মূর্ধন্য-ষ নিচের কোন শব্দে বিদ্যমান? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পাউন্ডার/পোল্ট্রি টেকনিশিয়ান: ২০]*
ক কাষ্ঠ খ কল্যাণীয়েষু
গ পরিষদ ঘ আষাঢ় উ. ঘ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৭. নিচের কোন শব্দে নিত্য মূর্ধন্য ণ হয়? *[পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী: ১৯]*

ক বর্ণনা খ শাণিত
গ হরিণ ঘ বণ্টন

উ. খ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

১. ণ-ত্ব বিধান কাকে বলে? ণ-ত্ব বিধানের ৪টি নিয়ম লিখুন: *[মন্ত্রিপরিষদ বিভাগের অফিস সহায়ক: ২৩]*

উ. যে বিধান বা নিয়মানুসারে তৎসম বা সংস্কৃত শব্দে দন্ত্য 'ন' ও মূর্ধন্য 'ণ' এর সঠিক ব্যবহার নিশ্চিত করা হয় তাকে ণ-ত্ব বিধান বলে।

ণ-ত্ব বিধানের ৪টি নিয়ম:

ক. ট-বর্গীয় (ট, ঠ, ড, ঢ) ধ্বনির আগে দন্ত্য-ন ব্যবহৃত হয়ে যুক্ত ব্যঞ্জন গঠিত হলে, সব সময় তা মূর্ধন্য-ণ হয়। যেমন: ঘণ্টা, লণ্ঠন, কাণ্ড, কণ্টক, দণ্ড ইত্যাদি।

খ. তৎসম শব্দে ঋ, র, ষ এর পরে মূর্ধন্য-ণ হয়। যেমন: ঋণ, তৃণ, বর্ণ, বর্ণনা, কারণ, মরণ ইত্যাদি।

গ. প্র, পরা, পরি, নির- এ চারটি উপসর্গের পর স্বরবর্ণ থাকলে কৃৎ প্রত্যয়ের দন্ত্য-ন মূর্ধন্য-ণ হয়। যেমন: পরিণত, প্রণাম, প্রমাণ, প্রণয়, নির্ণয় ইত্যাদি।

ঘ. সমাসবদ্ধ শব্দে ণ-ত্ব বিধান খাটে না। যেমন: ত্রিনয়ন, সর্বনাম, দুর্নাম, অগ্রনায়ক ইত্যাদি।

২. ণ-ত্ব বিধান কী? ণ-ত্ব বিধানের উদাহরণসহ ২টি নিয়ম লিখুন। *[অর্থ মন্ত্রণালয়ের সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*

উ. যে বিধান বা নিয়মানুসারে তৎসম বা সংস্কৃত শব্দে দন্ত্য 'ন' ও মূর্ধন্য 'ণ' এর সঠিক ব্যবহার নিশ্চিত করা হয় তাকে ণ-ত্ব বিধান বলে।

ণ-ত্ব বিধানের ২টি নিয়ম:

ক. ট-বর্গীয় (ট, ঠ, ড, ঢ) ধ্বনির আগে দন্ত্য-ন ব্যবহৃত হয়ে যুক্ত ব্যঞ্জন গঠিত হলে, সব সময় তা মূর্ধন্য-ণ হয়। যেমন:ঘণ্টা, লণ্ঠন, কাণ্ড, কণ্টক, দণ্ড ইত্যাদি।

খ. তৎসম শব্দে ঋ, র, ষ এর পরে মূর্ধন্য-ণ হয়। যেমন: ঋণ, তৃণ, বর্ণ, বর্ণনা, কারণ, মরণ ইত্যাদি।

৩. ণ-ত্ব বিধানের পাঁচটি নিয়ম লিখুন: *[কাস্টম হাউস, ঢাকা এর সিপাহী:২৩]*

উ. ণ-ত্ব বিধানের পাঁচটি নিয়ম:

ক. ট-বর্গীয় (ট, ঠ, ড, ঢ) ধ্বনির আগে দন্ত্য-ন ব্যবহৃত হয়ে যুক্ত ব্যঞ্জন গঠিত হলে, সব সময় তা মূর্ধন্য-ণ হয়। যেমন- ঘণ্টা, লণ্ঠন, কাণ্ড, কণ্টক, দণ্ড ইত্যাদি।

খ. তৎসম শব্দে ঋ, র, ষ এর পরে মূর্ধন্য-ণ হয়। যেমন- ঋণ, তৃণ, বর্ণ, বর্ণনা, কারণ, মরণ ইত্যাদি।

গ. প্র, পরা, পরি, নির- এ চারটি উপসর্গের পর স্বরবর্ণ থাকলে কৃৎ প্রত্যয়ের দন্ত্য-ন মূর্ধন্য-ণ হয়। যেমন- পরিণত, প্রণাম, প্রমাণ, প্রণয়, নির্ণয় ইত্যাদি।

ঘ. সামাসবদ্ধ শব্দে ণ-ত্ব বিধান খাটে না। যেমন- ত্রিনয়ন, সর্বনাম, দুর্নাম, অগ্রনায়ক ইত্যাদি।

ঙ. বাংলা তদ্ভব ও বিদেশি শব্দের বানানে মূর্ধন্য-ণ লেখার প্রয়োজন হয় না। যেমন- কর্নেল, গভর্নর ইত্যাদি।

বানান শুদ্ধিকরণ

❖ বাংলা একাডেমির 'প্রমিত বাংলা বানানের নিয়ম' ভাবনা-কেন্দ্রে রেখে বাংলা বানানের প্রধান নিয়মগুলো সংক্ষেপে আলোচনা করা হলো:

◆ **ই-কার যুক্ত শব্দ:**

শব্দের শেষে জগৎ, বাচক, বিদ্যা, সভা, ত্ব, তা, নী, ণী, পরিষদ, তত্ত্ব ইত্যাদি থাকলে তার পূর্বে ঈ-কার না হয়ে সাধারণত ই-কার হয়। যেমন:

অগ্নিবীণা	প্রাণিবিদ্যা	প্রতিদ্বন্দ্বিতা	তপস্বিনী
প্রাণিবাচক	প্রতিযোগিতা	পুনর্মিলনী	মন্ত্রিপরিষদ

◆ **ঈ-কার যুক্ত শব্দ:**

→ পুংলিঙ্গ শব্দ: গুণী, সুখী, মেধাবী, বাগ্মী, কর্মী, জয়ী, শ্রমী।

→ স্ত্রীলিঙ্গ শব্দ: যামিনী, সখী, ব্যাঘ্রী, তরী, রজনী, ইন্দ্রাণী।

● **ঈ-কার যুক্ত বিবিধ শব্দ:**

অঙ্গীকার	ইদানীং	অন্তরীপ	অবীরা
আশীর্বাদ	ঈপ্সা	অধীন	আত্মীয়
ঈর্ষা	উদীয়মান	ঈষৎ	উন্মীলন
উদীচী	কীর্তি	উন্মীলিত	একান্নবর্তী
কালীন	ক্ষীণজীবী	কীট	কীদৃশ
ক্ষুৎপীড়িত	চীন	কুলীন	কৃষিজীবী
গরীয়সী	জিজীষা	গ্রীষ্ম	গীতাঞ্জলি
ধীরব	নিশীথ	টীকা	দধীচি
নিরীহ	নীরস	নিপীড়িত	নিরীক্ষণ
নীরব	পৃথিবী	নীচ	নীড়
প্রতীচ্য	প্রতীচী	নীরোগ	প্রবীণ
পিপীলিকা	বীভৎস	প্রতীক	প্রীতি
বল্মীক	ব্যতীত	প্রতীতি	বীপ্সা
বীণা	ভাগীরথী	বাল্মীকি	বুদ্ধিজীবী
ভীষণ	ভীত	মঞ্জুরী	মরীচিকা
শরীর	মহীয়ান	শর্বরী	শ্লীপদ
সমীচীন	সরীসৃপ	সমীরণ	হরীতকী

● **ঊ-কার যুক্ত বিবিধ শব্দ:**

অনসূয়া	অসূয়া	ঊর্ণা	ঊর্ণনাভ
ঊর্মি	ঊন	ঊষা	ঊর্ধ্ব
ঊহ্য	ঊষর	কূট	কূল
কৌতূহল	গণ্ডূষ	ঘূর্ণন	ঘূর্ণায়মান
চূড়া	চূত	চূর্ণ	চূষ্য
জীমূত	তূণ	তূর্ণ	তূর্ষ
দূরীভূত	দূত	দূষিত	দূর্বা
দূষণীয়	দূর	ধূম	ধূপ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ধূসর	ধূর্ত	নূতন	নূপুর
ন্যূনতম	পীযূষ	ব্যূহ	পূর্ব
পূত	পূরক	মূর্ছা	ভূমি
ভূষণ	ভ্রূণ	ময়ূর	মূর্খ
মূঢ়	মুমূর্ষু	মূর্তি	মূর্ত
মুহূর্ত	মরুভূমি	মূর্ধন্য	রূঢ়
মূক	শূন্য	শূক	শুশ্রূষা
শূদ্র	সূচি	শূকর	স্ফূর্তি

√ অদ্ভুত, ভুতুড়ে ছাড়া সব ভূত ঊ-কার হবে। যেমন: উদ্ভূত, পরাভূত, দূরীভূত, বিভূত, অভূতপূর্ব প্রভৃতি।

▪ **ব-ফলা যুক্ত কয়েকটি শব্দ।** যেমন:

উচ্ছ্বাস	উজ্জ্বল	দ্বন্দ্ব	পক্ব
প্রজ্বলিত	প্রতিদ্বন্দ্বী	বিশ্বস্ত	বন্ধুত্ব
মহত্ত্ব	শ্বশ্রূ	শ্বশুর	শাশ্বত
সরস্বতী	স্বাতন্ত্র্য	স্বায়ত্তশাসন	সান্ত্বনা

• **বিসর্গ (ঃ) যুক্ত শুদ্ধ শব্দ:**

অতঃপর	ইতঃপূর্বে	দুঃসময়	দুঃসহ
দুঃস্বপ্ন	দুঃশাসন	দুঃসাধ্য	নিঃসন্দেহ
মনঃকষ্ট	মনঃক্ষুন্ন	শিরঃপীড়া	স্বতঃস্ফূর্ত

➢ অপ্রাণিবাচক শব্দ ও ইতর প্রাণিবাচক অ-তৎসম শব্দের শেষে ই-কার (ি) হবে। যেমন:
অপ্রাণিবাচক শব্দ : বাড়ি, গাড়ি, শাড়ি, চাবি ইত্যাদি।
ইতর প্রাণিবাচক শব্দ: পাখি, হাতি, মুরগি, চড়ুই ইত্যাদি।

➢ **স/ষ সংক্রান্ত সমস্যা:**

ক. ই/উ যুক্ত বিসর্গ (ঃ) এর পর ক, খ, প, ফ থাকলে সাধারণত 'ষ' হবে। যেমন: আবিষ্কার, পরিষ্কার, দুষ্কর, দুষ্কার্য, নিষ্কলঙ্ক, নিষ্কর, জ্যোতিষ্ক প্রভৃতি।

খ. অ-যুক্ত বা মুক্ত বর্ণের পরে সাধারণত 'স' হবে। যেমন: নমস্কার, তিরস্কার, কুসংস্কার।

• **লিঙ্গ ঘটিত অশুদ্ধি:**

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
অধীনী	অধীনা	অনাথিনী	অনাথা
অভাগিনী	অভাগা	অর্ধাঙ্গিনী	অর্ধাঙ্গী
অপ্সরী	অপ্সরা	গোপিনী	গোপী
নাগিনী	নাগী	নির্দোষিনী	নির্দোষা
ভুজঙ্গিনী	ভুজঙ্গা	রজকিনা	রজকী/রজকিনী
শূদ্রাণী	শূদ্রা / শূদ্রী	সুকেশীনী	সুকেশী/সুকেশা

• **সন্ধি ঘটিত অশুদ্ধি:**

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
অদ্যাপি	অদ্যাপি	উপরোক্ত	উপর্যুক্ত
তেজচন্দ্র	তেজশ্চন্দ্র	জ্যোতীন্দ্র	জ্যোতিরিন্দ্র
তিরষ্কার	তিরস্কার	দুরাবস্থা	দুরবস্থা
নিরোগ	নীরোগ	নিরস	নীরস
নিস্ফল	নিষ্ফল	পশ্বাধম	পশ্বধম
ব্যাবসা	ব্যবসা	ব্যাবধান	ব্যবধান
মরুদ্যান	মরূদ্যান	মনরথ	মনোরথ
মনোকষ্ট	মনঃকষ্ট	মনমোহন	মনোমোহন
লজ্জাস্কর	লজ্জাকর	শিরচ্ছেদ	শিরশ্ছেদ
শিরোপীড়া	শিরঃপীড়া	শ্রদ্ধাঞ্জলী	শ্রদ্ধাঞ্জলি

• **প্রত্যয় ঘটিত অশুদ্ধি :**

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
আলসতা	আলস্য	ঐক্যতা	ঐক্য/একতা
উৎকর্ষতা	উৎকর্ষ	দারিদ্রতা	দারিদ্র্য
দোষণীয়	দূষণীয়	বিদ্যান	বিদ্বান
ভাগ্যমান	ভাগ্যবান	মহিমাময়	মহিমময়
লক্ষ্মীমান	লক্ষ্মীবান	সৌজন্যতা	সৌজন্য
সখ্যতা	সখ্য	সিঞ্চিত	সিক্ত

• **বচন ঘটিত অশুদ্ধি:** একই সাথে দুবার বহুবচন বাচক প্রত্যয় বা শব্দ ব্যবহৃত হয় না। যেমন:

অশুদ্ধ	শুদ্ধ
একশ বালকগণ	একশ বালক
নানাবিধ পক্ষীগণ	নানাবিধ পক্ষী
ব্রাহ্মণগণেরা	ব্রাহ্মণগণ
সকল শিক্ষকগণ	সকল শিক্ষক / শিক্ষকগণ
সকল পরীক্ষকগণ	সকল পরীক্ষক / পরীক্ষকগণ
সব মাছগুলি	সব মাছ / মাছগুলি
সকল ছাত্ররা	সকল ছাত্র / সব ছাত্র / ছাত্ররা

• **সমাস ঘটিত অশুদ্ধি:**

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
আকণ্ঠ পর্যন্ত	আকণ্ঠ	আমরণ পর্যন্ত	আমরণ
কেবলমাত্র	কেবল	চণ্ডিদাস	চণ্ডীদাস
দেবীদাস	দেবিদাস	নিষ্পাপী	নিষ্পাপ
নিরপরাধী	নিরপরাধ	নীর্দোষী	নির্দোষ
বীনাপানি	বীণাপাণি	নীরোগী	নীরোগ
মৃগনয়ণী	মৃগনয়না	মহারাজা	মহারাজ
রাজাগণ	রাজগণ	শশীভুষণ	শশিভূষণ
সুলোচনী	সুলোচনা	সুকণ্ঠিনী	সুকণ্ঠি/সুকণ্ঠা

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. নিচের কোন শব্দটি অশুদ্ধ? *[হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়ের নিরীক্ষক: ২৩]*
ক সুকেশী খ সুকেশা
গ সুকেশীনী ঘ সুকেশিনী উ. গ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

২. নিচের কোন বানানটি শুদ্ধ? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক নিশীথিনী খ নীশিথিনী
গ নিশীথীনি ঘ নিশিথিনি উ. ক

৩. নিচের কোন বানানটি শুদ্ধ? *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক মনীষী খ মনিষি
গ মনীষি ঘ মনিষী উ. ক

৪. শুদ্ধ বানান কোনটি? *[এলজিইডি'র ইলেক্ট্রিশিয়ান ও সার্ভেয়ার: ২৩]*
ক দূষণ খ দূষন
গ দূশণ ঘ দুশন উ. ক

৫. কোন বানানটি শুদ্ধ? *[এলজিইডি'র ইলেক্ট্রিশিয়ান ও সার্ভেয়ার: ২৩]*
ক পাষাণ খ পাষান
গ পাসান ঘ পাশান উ. ক

৬. নিচের কোন বানানটি সঠিক? *[প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিস সহায়ক: ২৩]*
ক সমিচিন খ সমীচিন
গ সমীচীন ঘ সমিচীন উ. গ

৭. সঠিক বানান চিহ্নিত করুন: *[বন অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*
ক অতিথী খ অতিথি
গ অতীথি ঘ অতীথী উ. খ

৮. কোনটি শুদ্ধ বানান? *[বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]*
ক ইতিপূর্বে খ ইতঃপূর্বে
গ ইতোপূর্বে ঘ ইতপূর্বে উ. খ

৯. কোন বানানটি শুদ্ধ? *[স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনিশিয়ান: ২৩]*
ক প্রতিযোগিতা খ প্রতিযগিতা
গ প্রতীযোগীতা ঘ প্রতিযোগীতা উ. ক

১০. শুদ্ধ বানান কোনটি? *[স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনিশিয়ান: ২৩]*
ক মুমুর্ষু খ মূমূর্ষু
গ মুমূর্ষূ ঘ মুমূর্ষু উ. ঘ

১১. কোন বানানটি শুদ্ধ? *[নির্বাচন কমিশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক প্রণয়ন খ প্রনয়ন
গ প্রনয়ণ ঘ প্রণয়ণ উ. ক

১২. কোন বানানটি সঠিক? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক/ সহকারী ব্যবস্থাপক: ২৩]*
ক মন্ত্রীপরিষদ খ মন্ত্রিপরিষদ
গ মন্ত্রীপরিসদ ঘ মন্ত্রিপরিসদ উ. খ

১৩. নিচের কোন বানানটি সঠিক? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক: ২৩]*
ক ষ্টেশন খ স্টেশন
গ ষ্টেসন ঘ স্টেসন উ. খ

১৪. কোন বানানটি শুদ্ধ? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের কার্গো হেলপার: ২৩]*
ক সম্পুর্ণ খ সম্পুর্ন
গ সম্পূর্ন ঘ সম্পূর্ণ উ. ঘ

১৫. কোনটি শুদ্ধ বানান? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক শ্রদ্ধাঞ্জলি খ শ্রদ্ধাঞ্জলী
গ শ্রদ্ধঞ্জলি ঘ কোনোটিই নয় উ. ক

১৬. কোন বানাটি সঠিক? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক নীরিক্ষণ খ নিরীক্ষণ
গ নীরিক্ষন ঘ নিরীক্ষন উ. খ

১৭. সঠিক বানান কোনটি? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক চানক্য খ চাণক্য
গ চাণোক্য ঘ চানোক্য উ. খ

১৮. কোন বানানটি শুদ্ধ? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক চুর্নবিচুর্ণ খ চূর্ণবিচূর্ণ
গ চূর্ণবিচূরন ঘ চূর্ণবিচুরন উ. খ

১৯. নিচের কোন শব্দটি শুদ্ধ? *[মন্ত্রিপরিষদ বিভাগের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক মুহুর্মুহু খ মূহুর্মুহু
গ মুর্হুমূর্হু ঘ মুহুর্মূহু উ. ক

২০. কোন বানানটি শুদ্ধ? *[তিতাস গ্যাস লি. এর টেকনিশিয়ান/ড্রাফটসম্যান:২৩]*
ক বীকেন্দ্রীকরণ খ বিকেন্দ্রীকরণ
গ বিকেন্দ্রিক্করণ ঘ বীকেন্দ্রিকরণ উ. খ

২১. কোন বানানটি শুদ্ধ? *[এলজিইডি'র কার্যসহকারী: ২৩]*
ক মহিয়াস খ মহীয়সী
গ মহিয়সী ঘ মহীয়সি উ. খ

২২. কোনটি শুদ্ধ বানান? *[এলজিইডি'র কার্যসহকারী: ২৩]*
ক ঈন্দ্রীয় খ ঈন্দ্রিয়
গ ইন্দ্রীয় ঘ ইন্দ্রিয় উ. ঘ

২৩. নিচের কোন বানানটি অশুদ্ধ? *[কারা অধিদপ্তরের কারারক্ষী: ২৩]*
ক গণিত খ বিপণি
গ লবন ঘ কোণ উ. গ

২৪. কোন বানানটি ভুল? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর/ মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক মুমূর্ষু খ আড়ষ্ট
গ সংগীত ঘ আকাঙ্খা উ. ঘ

২৫. নিচের কোন বানানটি সঠিক? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমএলএস/ নিরাপত্তা প্রহরী: ২৩]*
ক জিগিষা খ জীগীষা
গ জিগীষা ঘ জীগিষা উ. গ

২৬. প্রমিত বাংলা বানান নিয়ম চালু করেন- *[প্রাণিসম্পদ অধিদপ্তরের ল্যাবরেটরি টেকনিশিয়ান: ২৩]*
ক বাংলাদেশ সরকার খ এশিয়াটিক সোসাইটি
গ বাংলা একাডেমি ঘ শিল্পকলা একাডেমি উ. গ

২৭. কোন বানানটি শুদ্ধ? *[যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ২২]*
ক পুরষ্কার খ পোষাক
গ অভিষেক ঘ ষ্টেশন উ. গ

২৮. কোন বানানটি শুদ্ধ? *[বাংলাদেশ রেলওয়ের খালাসী: ২২]*
ক সংসপ্তক খ সংশপ্তক
গ শংসপ্তক ঘ শংশপ্তক উ. খ

২৯. কোনটি সঠিক বানান? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের হিসাবরক্ষক: ২২]*
ক পারিব্রজ্য খ পারিব্রজা
গ পারিব্রর্জ ঘ পারিব্রর্জ্য উ. ক

৩০. কোনটি শুদ্ধ বানান? *[সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যসহকারী: ২২]*
ক শারীরীক খ শারীরিক
গ শারিরিক ঘ শারিরীক উ. খ

৩১. কোন বানানটি শুদ্ধ? *[হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক:২২]*
ক সৌজয়তা খ সৌজন্যতা
গ সৌজয় ঘ সৌজন্য উ. ঘ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৩২.কোন শব্দটি শুদ্ধ? *[পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের উচ্চমান সহকারী:২২]*
ক অধগতি খ অধঃগতি
গ অধোগতি ঘ অধোঃগতি **উ. গ**

৩৩.কোনটি শুদ্ধ? *[বাংলাদেশ রেলওয়ের পয়েন্টস্‌ম্যান: ২২]*
ক গবেষনা খ গবেষণা
গ গবেশনা ঘ গবেষ্বনা **উ. খ**

৩৪.কোন বানানটি শুদ্ধ? *[স্বাস্থ্য অধিদপ্তরের কম্পাউন্ডার: ২২]*
ক শুশ্রূষা খ সুশ্রুশা
গ সুশ্রুষা ঘ শুশ্রুষা **উ. ক**

৩৫.কোনটি শুদ্ধ বানান? *[রেলওয়ের সহকারী স্টেশন মাস্টার: ২২]*
ক নিরহংকারী খ নিরহংকার
গ নিরহংকারি ঘ নিঃহংকারী **উ. খ**

৩৬.কোন বানানটি সঠিক? *[বাংলাদেশ রেলওয়ের গার্ড (গ্রেড-২): ২২]*
ক মহর্সি খ মহর্ষি
গ মহর্ষী ঘ মহর্শি **উ. খ**

৩৭.কোন বানানটি শুদ্ধ? *[বাংলাদেশ রেলওয়ের সহকারী লোকোমটিভ মাস্টার:২২]*
ক নিশীথ খ নিশিথ
গ নীশিথ ঘ নীশীথ **উ. ক**

৩৮.নিচের কোন শব্দটি শুদ্ধ? *[ডাক বিভাগের অফিস সহায়ক: ২২]*
ক শূণ্য খ ত্রিভুজ
গ ভূবন ঘ পূন্য **উ. খ**

৩৯.শুদ্ধ বানান কোনটি? *[ডাক বিভাগের অফিস সহায়ক: ২২]*
ক দুরবস্থা খ দুরাবস্থা
গ দূরবস্থা ঘ দূরাবস্থা **উ. ক**

৪০.নিচের কোন বানানটি শুদ্ধ? *[রাজউক এর ইমারত পরিদর্শক: ২২]*
ক অশরীরি খ অশরিরী
গ অশরিরি ঘ অশরীরী **উ. ঘ**

৪১.কোনটি শুদ্ধ বানান? *[মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের সিনিয়র অ্যাকাউন্টস্ ক্লার্ক: ২২]*
ক সর্বাঙ্গীণ খ সর্ব্বাঙ্গীন
গ সর্বাঙ্গীন ঘ সর্বাঙ্গিন **উ. ক**

৪২.শুদ্ধ বানান কোনটি? *[ডাক ও জীবনবীমা অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক: ২২]*
ক শারিরীক খ মনীসা
গ নিশিথ ঘ গীতাঞ্জলি **উ. ঘ**

৪৩.কোনটি শুদ্ধ বানান? *[কর্মসংস্থান ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ২২]*
ক দন্দ খ দ্বন্দ
গ দ্বন্দ্ব ঘ দন্ধ **উ. গ**

৪৪.শুদ্ধ বানান কোনটি? *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক সমিকরন খ সমিকরণ
গ সমীকরন ঘ সমীকরণ **উ. ঘ**

৪৫.কোন বানানটি শুদ্ধ? *[স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নকশাকার/ড্রাফটম্যান:২২]*
ক পিপীলিকা খ পিপিলিকা
গ পিপিলীকা ঘ পিপীলীকা **উ. ক**

৪৬.সঠিক নয় কোনটি? *[হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক:২২]*
ক ধরণি খ মূর্ছা
গ গুণ ঘ প্রানী **উ. ঘ**

৪৭.কোন বানানটি শুদ্ধ? *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*
ক মনঃকষ্ট খ মণকষ্ট
গ মনকষ্ট ঘ মনোকষ্ট **উ. ক**

৪৮.কোনটি সঠিক বানান? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ক্যাশিয়ার/স্টোর কিপার: ২১]*
ক মুহুর্ত খ মুহুর্ত্য
গ মুহূর্ত ঘ মুহর্তো **উ. গ**

৪৯.শুদ্ধ বানান কোনটি? *[খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]*
ক আনুস্বাঙ্গিক খ আনুষঙ্গিক
গ আনুষাঙ্গিক ঘ আনুসাঙ্গিক **উ. খ**

৫০.নিচের কোনটি শুদ্ধ বানান? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*
ক বুদ্ধিজীবি খ বুদ্ধিজিবি
গ বুদ্ধিজীবী ঘ বুদ্ধিজিবী **উ. গ**

৫১.নিচের কোনটি শুদ্ধ বানান? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*
ক অত্যাধিক খ অত্যধিক
গ অত্যাদিক ঘ কোনোটিই নয় **উ. খ**

৫২.কোনটি শুদ্ধ শব্দ? *[খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক ন্যুনতম খ ন্যূনতম
গ নূন্যতম ঘ নুন্যতম **উ. খ**

৫৩.শুদ্ধ বানান কোনটি? *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*
ক তিরস্কার খ তিরষ্কার
গ তীরস্কার ঘ তীরষ্কার **উ. ক**

৫৪.কোনটি শুদ্ধ বানান? *[পরিসংখ্যান ব্যুরোর চেইনম্যান: ২১]*
ক স্বায়ত্তশাসন খ স্বায়ত্বশাসন
গ স্বায়ত্ত্বশাসন ঘ সবগুলো **উ. ক**

৫৫.নিচের কোন বানানটি অশুদ্ধ? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক মধ্যাহ্ন খ অপরাহ্ন
গ প্রকাণ্ড ঘ গ্রহণেচ্ছু **উ. খ**

৫৬.নিচের কোন বানানগুচ্ছের সবগুলো বানানই অশুদ্ধ? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*
ক নিক্কণ, সূচগ্র, অনুর্ধ্ব
খ অনূর্বর, উর্ধ্বগামী, শুদ্ধ্যশুদ্ধি
গ ভূরিভূরি, ভূঁড়িওয়ালা, মাতৃষ্বসা
ঘ রানি, বিকিরণ, দুরতিক্রম্য **উ. ক**

৫৭.কোন বানানটি শুদ্ধ? *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]*
ক গৃহীনী খ গৃহিনী
গ গৃহিণী ঘ গৃহিনি **উ. গ**

৫৮.কোনটি শুদ্ধ বানান? *[কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কম্পিউটার অপারেটর: ২১]*
ক প্রত্যুদগমন খ প্রত্যুৎগমন
গ প্রত্যুতগমন ঘ প্রত্যুদগমণ **উ. ক**

৫৯.শুদ্ধ বানান নির্দেশ করুন। *[এনএসআই এর কম্পিউটার অপারেটর: ২১]*
ক প্রভোষ্ঠ খ প্রভোশ্‌ট
গ প্রভোস্ট ঘ প্রোভোস্ট **উ. গ**

৬০.কোনটি শুদ্ধ বানান? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটর:২১]*
ক বূৎপত্তি খ ব্যুৎপত্তি

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

(গ) ব্যুৎপত্তি (ঘ) বুৎপত্তি উ. গ

৬১.কোন বানানটি শুদ্ধ? *[পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট: ২০]*

(ক) ঔষধ (খ) ঔষুধ
(গ) অষুধ (ঘ) ওষুধ উ. ক.ঘ

৬২.কোন বানানটি শুদ্ধ? *[আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২০]*

(ক) নিরহ (খ) নীরিহ
(গ) নীরীহ (ঘ) নিরীহ উ. ঘ

৬৩.কোন বানানটি শুদ্ধ? *[পেট্রোবাংলার হিসাব সহকারী: ১৯]*

(ক) ততকালিণ (খ) ততকালীণ
(গ) তত্থকালীণ (ঘ) তৎকালীন উ. ঘ

৬৪.কোনটি শুদ্ধ? *[পেট্রোবাংলার হিসাব সহকারী: ১৯]*

(ক) গবেষনা (খ) গবেষণা
(গ) গবেশণা (ঘ) গবেস্বণা উ. খ

৬৫.নিচের কোনটির বানান সঠিক? *[ক্রীড়া পরিদপ্তরের কম্পিউটার অপারেটর:১৯]*

(ক) পুনঃরুজ্জীবন (খ) পুনরুজ্জীবণ
(গ) পুনরুজ্জীবন (ঘ) পূনরুজ্জীবন উ. গ

৬৬.নিচের কোনটি সঠিক বানান? *[ক্রীড়া পরিদপ্তরের কম্পিউটার অপারেটর: ১৯]*

(ক) বাষ্পীয় (খ) বাস্পীয়
(গ) বাষ্পিয় (ঘ) বাস্পিয় উ. ক

৬৭.শুদ্ধ বানান কোনটি? *[মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়ের মাঠ সহকারী: ১৯]*

(ক) মোহিণী (খ) মুমুর্ষু
(গ) দুরদর্শী (ঘ) ফুলদানী উ. ঘ

৬৮.কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত? *[নির্বাচন কমিশনের অফিস সহায়ক: ২৩]*

(ক) এক (খ) একত্রিত
(গ) একত্র (ঘ) একাকিত্ব উ. খ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

১. শুদ্ধ বানান লিখুন: *[বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
মুহুর্মুহূ	মুহুর্মুহু	সমিচিন	সমীচীন
প্রতীদ্বন্দীতা	প্রতিদ্বন্দ্বিতা		

২. নিচের শব্দগুলো শুদ্ধ করে লিখুন: *[বিভাগীয় কমিশনারের কার্যালয় (রংপুর) এর কম্পিউটার অপারেটর: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
সমিচিন	সমীচীন	বিভিসিকা	বিভীষিকা
মুমুর্সু	মুমূর্ষু	প্রত্যপনামতি	প্রত্যুৎপন্নমতি
শান্তনা	সান্ত্বনা		

৩. অশুদ্ধি সংশোধন করুন: *[সুপ্রীম কোর্টের ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
শারিরিক	শারীরিক	উপকারীতা	উপকারিতা
মরিচিকা	মরীচিকা	মূমুর্ষু	মুমূর্ষু
শুণ্য	শূন্য		

৪. নিচের শব্দগুলোর বানান শুদ্ধ করুন: *[বাংলাদেশ নৌবাহিনীর বিভিন্ন পদ: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
অনুকুল	অনুকূল	গৃহিনী	গৃহিণী
আমাবস্যা	অমাবস্যা	পুরষ্কার	পুরস্কার
পরিস্কার	পরিষ্কার		

৫. শুদ্ধ বানান লিখুন: *[নিরাপদ খাদ্য অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
মাতণ্ড	মার্তণ্ড	সমিচীন	সমীচীন
শ্রোতমতী	শ্রোতময়ী	বিপদ্সংকূল	বিপদসংকুল

৬. শুদ্ধ বানান লিখুন: *[বাণিজ্য মন্ত্রণালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
শ্রদ্ধাঞ্জলী	শ্রদ্ধাঞ্জলি	পিতাহীন	পিতৃহীন
সোমিচিন	সমীচীন	সৃংখলা	শৃঙ্খলা
সতি	সতী		

৭. বানান শুদ্ধি করুন: *[বিসিএস কর একাডেমির সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
দৈন্যতা	দীনতা	ঐক্যতান	ঐকতান
নুন্যতম	ন্যূনতম	সমিচীন	সমীচীন
অনন্যপায়	অনন্যোপায়		

৮. নিচের শব্দগুলোর শুদ্ধ করে লিখুন: *[বঙ্গবন্ধু বিজ্ঞান ও ফেলোশিপ ট্রাস্টের অফিস সহায়ক: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
বিসম	বিষম	অনুসঙ্গ	অনুষঙ্গ
নিক্কন	নিক্বণ	অভিসেক	অভিষেক

৯. শুদ্ধ বানান লিখুন: *[অর্থ মন্ত্রণালয়ের সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
পরীপ্রেক্ষিতে	পরিপ্রেক্ষিতে	সারক	স্মারক
উপর্যূক্ত	উপর্যুক্ত	সুত্র	সূত্র
দূর্ঘটনা	দুর্ঘটনা		

১০.বানান শুদ্ধ করুন: *[ভূমি মন্ত্রণালয়ের সার্ভেয়ার: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
অদ্যবধি	অদ্যাবধি	দুরাবস্তা	দুরবস্থা
মুখছবি	মুখচ্ছবি	দুরাদৃষ্টি	দূরদৃষ্টি
আবশ্যকীয়	আবশ্যক		

১১.বানান শুদ্ধ করুন: *[কর কমিশনারের কার্যালয়, ঢাকা এর সাঁট মুদ্রাক্ষরিক:২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
ভীবিষীকা	বিভীষিকা	ফটষ্ট্যাট	ফটোস্ট্যাট
কিরন্ময়ি	কিরণ্ময়ী	মরিচিকা	মরীচিকা

১২. শুদ্ধ বানান লিখুন: *[বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
অংকন	অঙ্কন	মুমুর্ষু	মুমূর্ষু

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ইতিপূর্বে	ইতঃপূর্বে	মুহূর্তু	মুহুর্ত
কতৃত্ব	কর্তৃত্ব		

১৩.বানান শুদ্ধ করে লিখুন: *[কাস্টম হাউস চট্টগ্রামের উচ্চমান সহকারী: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
বৈয়াকরণিক	বৈয়াকরণ	অহরাত্রি	অহোরাত্র
এতবর্তু	এতদ্ব্যতীত	অনুসাঙ্গিক	আনুষঙ্গিক
জাজলামান	জাজ্বল্যমান		

১৪.শুদ্ধ বানান লিখুন: *[কাস্টম হাউস রংপুরের সিপাহী: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
মনীষি	মনীষী	প্রত্যুস	প্রত্যুষ
কুজ্বটীকা	কুজ্ঝটিকা	দুর্বিশহ	দুর্বিষহ
সদ্যাজাত	সদ্যোজাত		

১৫.শুদ্ধ বানান লিখুন: *[যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
ঈন্দ্রজালিইক	ইন্দ্রজালিক	অণুসূয়া	অনুসূয়া
শ্রদ্ধাঞ্জলী	শ্রদ্ধাঞ্জলি	ন্যুনতম	ন্যূনতম

১৬.বানান শুদ্ধ করুন: *[গণযোগাযোগ অধিদপ্তরের ঘোষক: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
অন্তঃসত্তা	অন্তঃসত্ত্বা	শান্তনা	সান্ত্বনা
প্রতীদন্দিতা	প্রতিদ্বন্দ্বিতা	বহ্নিৎসব	বহ্নুৎসব
শ্রদ্ধানজলী	শ্রদ্ধাঞ্জলি		

১৭.শুদ্ধ করে লিখুন: *[পরিবেশ অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
উচ্ছাস	উচ্ছ্বাস	উপরোক্ত	উপর্যুক্ত
জৈষ্ঠতা	জ্যেষ্ঠতা	বুতপত্তি	ব্যুৎপত্তি
আদ্যক্ষর	আদ্যাক্ষর		

১৮.বানান শুদ্ধ করুন: *[পরিবেশ অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
শিরপীড়া	শিরঃপীড়া	নিক্কন	নিক্বণ
সমিচিন	সমীচীন	অসদাচারন	অসদাচরণ
বিদুষি	বিদুষী		

১৯.বানান শুদ্ধ করে লিখুন: *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
অন্তসত্তা	অন্তঃসত্ত্বা	আকাংখা	আকাঙ্ক্ষা
আমাবশ্যা	অমাবস্যা	আত্নশাত	আত্মসাৎ

২০.শুদ্ধ করে লিখুন: *[পল্লী উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
নিরহংকারী	নিরহংকার	ভ্রূকুটি	ভ্রুকুটি
রৌদ্রজ্জল	রৌদ্রোজ্জ্বল	স্বায়ত্বশাসন	স্বায়ত্তশাসন

২১.শুদ্ধ বানান লিখুন: *[বাংলাদেশ শিশু একাডেমির কম্পিউটার অপারেটর: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
জাতিসত্ত্বা	জাতিসত্তা	মরিচিকা	মরীচিকা
আষাড়	আষাঢ়	কল্যান	কল্যাণ
অনুষ্ঠাণ	অনুষ্ঠান		

২২.বানান শুদ্ধ করে লিখুন: *[বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের কম্পিউটার অপারেটর: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
উৎথাপন	উত্থাপন	বয়জষ্ঠ্য	বয়োজ্যেষ্ঠ
যাবতজীবন	যাবজ্জীবন		
স্নেহাশীস	স্নেহাশীষ		

২৩.শুদ্ধ করে লিখুন: *[পরিবেশ অধিদপ্তরের হিসাবরক্ষক: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
ঐক্যমত	ঐকমত্য	সম্ভ্রান্তশালী	সম্ভ্রমশালী
দৈন্যতা	দৈন্য/দীনতা	মুখছবি	মুখচ্ছবি
নিরপরাধী	নিরপরাধ		

২৪.শব্দগুলো শুদ্ধ করে লিখুন: *[বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের ইলেক্ট্রিশিয়ান: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
পীপিলিকা	পিপীলিকা	মুর্ধণ্য	মূর্ধন্য
ক্ষিণজীবী	ক্ষীণজীবী	স্রাবণ	শ্রাবণ
সমিচীন	সমীচীন		

২৫.শুদ্ধ করে লিখুন: *[তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
নিঃশোষিত	নিঃশেষিত	সৌন্দর্য্য	সৌন্দর্য
শুধুমাত্র	শুধু	অনাথিনী	অনাথা

২৬.শুদ্ধ করে লিখুন: *[তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
মুমুর্ষু	মুমূর্ষু	মরিচিকা	মরীচিকা
বুদ্ধিজীবি	বুদ্ধিজীবী	সম্বর্ধনা	সংবর্ধনা
ইতমধ্যে	ইতোমধ্যে		

২৭.শুদ্ধ করে লিখুন: *[তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
মুমূর্ষ	মুমূর্ষু	স্বপরিবারে	সপরিবারে
দৈন্যতা	দৈন্য/দীনতা	অসদাচারন	অসদাচরণ
মরিচিকা	মরীচিকা		

২৮.সঠিক বানান লিখুন: *[জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের হাউজকিপার: ২৩]*

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
বীকেন্দ্রিকরণ	বিকেন্দ্রীকরণ	ধূলিস্যাৎ	ধূলিসাৎ
নুন্যতম	ন্যূনতম	মন্ত্রীসভা	মন্ত্রিসভা
প্রতিতী	প্রতীতি		

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বাক্য শুদ্ধিকরণ

সাধু ও চলিত রীতির মিশ্রণজনিত ভুল বা অশুদ্ধি:	
জানিবার ও বুঝিবার প্রবৃত্তি মানুষের মন থেকে যেদিন চলিয়া যাবে সেদিন মানুষ আবার পশুত্ব লাভ করবে।'- এ বাক্যটিতে সাধু ও চলিত ভাষার মিশ্রণের ফলে তা গুরুচণ্ডালী দোষে দুষ্ট।	
বাক্যটির সাধুরূপ	জানিবার ও বুঝিবার প্রবৃত্তি মানুষের মন হইতে যেইদিন চলিয়া যাইবে সেইদিন মানুষ আবার পশুত্ব লাভ করিবে।
বাক্যটির চলিতরূপ	জানবার ও বুঝবার প্রবৃত্তি মানুষের মন থেকে যেদিন চলে যাবে সেদিন মানুষ আবার পশুত্ব লাভ করবে।
বানানগত অশুদ্ধি:	
অশুদ্ধ	আমি 'গীতাঞ্জলী' পড়েছি। (বাক্যে ব্যবহৃত 'গীতাঞ্জলী' বানানটি ভুল)
শুদ্ধ	আমি 'গীতাঞ্জলি' পড়েছি।
পদের অপপ্রয়োগজনিত অশুদ্ধি:	
অশুদ্ধ	কাল বিতরণী হবে উৎসব স্কুলে আমাদের পুরস্কার অনুষ্ঠিত। (পদের সন্নিবেশ ঠিক না হওয়ায় ভাব প্রকাশ যথাযথ হয়নি)
শুদ্ধ	কাল আমাদের স্কুলে পুরস্কার বিতরণী উৎসব অনুষ্ঠিত হবে।

◆ **অর্থ-সামঞ্জস্যহীন পদের ব্যবহার:**

অশুদ্ধ	শুদ্ধ
ইক্ষুর চারা বপন করা হইল।	ইক্ষুর চারা রোপন করা হইল।
তাহার সাঙ্ঘাতিক আনন্দ হইল।	তাহার প্রচুর আনন্দ হইল।
হস্তীটি অপরিসীম স্থূলাকায়।	হস্তীটি অত্যন্ত স্থূলাকায়।
গণিত খুব কঠিন।	গণিত খুব জটিল।
অধ্যাপনই ছাত্রদের তপস্যা।	অধ্যয়নই ছাত্রদের তপস্যা।
ছেলেটি ভয়ানক মেধাবী।	ছেলেটি অত্যন্ত মেধাবী।

◆ **বিশেষ্যের বিশেষণ-রূপে ব্যবহার:**

অশুদ্ধ	শুদ্ধ
আমি অপমান হয়েছি।	আমি অপমানিত হয়েছি।
সে আরোগ্য হয়েছে।	সে আরোগ্য লাভ করেছে।
দেবী অন্তর্ধান হইবেন।	দেবী অন্তর্হিত হইবেন।
এ কথা প্রমাণ হয়েছে।	এ কথা প্রমাণিত হয়েছে।
গৌরব লোপ হইয়াছে।	গৌরব লোপ পাইয়াছে।
তাহার জীবন সংশয়পূর্ণ।	তাহার জীবন সংশয়াপন্ন।

◆ **বিশেষণের বিশেষ্যের ন্যায় ব্যবহার:**

অশুদ্ধ	শুদ্ধ
ইহার আবশ্যক নাই।	ইহার আবশ্যকতা নাই।
আমি সাক্ষী দিয়েছি।	আমি সাক্ষ্য দিয়েছি।

◆ **বচনঘটিত শুদ্ধিকরণ:**

অশুদ্ধ	শুদ্ধ
সকল শিক্ষকগণ আজ উপস্থিত।	সকল শিক্ষক আজ উপস্থিত।
সকল আলেমগণ আজ উপস্থিত।	সকল আলেম আজ উপস্থিত।
	আলেমগণ আজ উপস্থিত।
সব ছাত্ররা আজ উপস্থিত।	সব ছাত্র আজ উপস্থিত।
	ছাত্ররা আজ উপস্থিত।
সকল মানুষেরাই মরণশীল।	মানুষ মরণশীল।
সমুদয় পক্ষীরাই নীড় বাঁধে।	সমুদয় পক্ষীই নীড় বাঁধে।

◆ **লিঙ্গঘটিত শুদ্ধিকরণ:**

অশুদ্ধ	শুদ্ধ
মেয়েটি পাগলি হয়ে গেছে	মেয়েটি পাগল হয়ে গেছে
রহিমা পাগলি হয়ে গেছে।	রহিমা পাগল হয়ে গেছে।
আসমা ভয়ে অস্থিরা।	আসমা ভয়ে অস্থির।
আজকালকার মেয়েরা যেমন মুখরা, তেমনি বিদ্বান।	আজকালকার মেয়েরা যেমন মুখরা, তেমনি বিদুষী।
সে এমন রূপসী যেন অপ্সরা।	সে এমন রূপবতী যেন অপ্সরা।

◆ **কি ও কী সমস্যা:** প্রশ্নবোধক বাক্যে কি এবং বিস্ময়সূচক বাক্যে কী হবে। কোনো প্রশ্নের উত্তর শুধু হাঁ বা না দিয়ে হলে 'কি' বসবে এবং প্রশ্নের উত্তর যদি ব্যাখ্যাকারে দিতে হয় তাহলে 'কী' বসবে। যেমন:

অশুদ্ধ	শুদ্ধ
তুমি কী আজ যাবে?	তুমি কি আজ যাবে?
তুমি কী ঢাকা যাবে?	তুমি কি ঢাকা যাবে?
কারক কত প্রকার ও কি কি?	কারক কত প্রকার ও কী কী?

◆ **বিবিধ অশুদ্ধি:**

অশুদ্ধ	শুদ্ধ
আমি সন্তোষ হলাম।	আমি সন্তুষ্ট হলাম।
আপনি স্বপরিবারে আমন্ত্রিত।	আপনি সপরিবারে আমন্ত্রিত।
জ্ঞানী মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর।	জ্ঞানী মূর্খ অপেক্ষা শ্রেয়।
বিদ্যান ব্যক্তিগণ দারিদ্রতার শিকার হন।	বিদ্বান ব্যক্তিগণ দারিদ্র্যের শিকার হন।
তাকে স্নেহাশীষ দিও।	তাকে স্নেহাশিস দিও।
বুনো কচু, বাঘা তেঁতুল।	বুনো ওল, বাঘা তেঁতুল।
লোকটি নিরপরাধী কিন্তু নিরহঙ্কারী নয়।	লোকাটি নিরপরাধ কিন্তু নিরহঙ্কার নয়।
দৈন্যতা প্রশংসনীয় নয়।	দীনতা প্রশংসনীয় নয়।
একটি গোপন কথা বলি।	একটি গোপনীয় কথা বলি।
দশচক্রে ঈশ্বর ভূত	দশচক্রে ভগবান ভূত।
তোমার গোপন কথা শোনা আমার পক্ষে সম্ভব নয়।	তোমার গোপনীয় কথা শোনা আমার পক্ষে সম্ভব নয়।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. **নিচের কোনটি শুদ্ধ?** *[বন অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*
ক অনুষ্ঠান চলাকালীন সময় বৃষ্টি শুরু হয়।
খ তার সকল চেষ্টা ব্যর্থ হয়েছে।
গ বাংলাদেশ সমৃদ্ধশালী দেশ।
ঘ আরিফ সবচেয়ে শ্রেষ্ঠতম শিল্পী। উ. খ

২. **শুদ্ধ বাক্য কোনটি?** *[নির্বাচন কমিশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক দৈন্যতা প্রশংসনীয় নয়। খ দীনতা প্রশংসনীয় নয়।
গ দৈন্যতা অপ্রশংসনীয়। ঘ দীনতা নিন্দনীয়। উ. খ

৩. **কোনটি শুদ্ধ বাক্য নয়?** *[স্থলবন্দর কর্তৃপক্ষের ওয়ারহাউজ সুপারিনটেনডেন্ট ও ক্যাশিয়ার: ২২]*
ক ইহার আবশ্যকতা নাই
খ সমৃদ্ধশালী বাংলাদেশ আমাদের একান্ত কাম্য
গ আপনি সপরিবার আমন্ত্রিত
ঘ সমুদয় পক্ষীই নীড় বাঁধে উ. খ

৪. **'তিনি ঠিকমতো কাজ করে না'। বাক্যটির ত্রুটি কোথায়?** *[বাংলাদেশ তাঁত বোর্ডের বিভিন্ন পদ: ২২]*
ক বানান ভুল খ শব্দগুলো যথাস্থানে বসেনি
গ কর্তা ও ক্রিয়াপদের মধ্যে সংগতি থাকেনি
ঘ অর্থবোধক নয় উ. গ

৫. **'দারিদ্রতা' শব্দটি অশুদ্ধ কেন?** *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী:২১]*
ক প্রত্যয়জনিত কারণে খ উপসর্গজনিত কারণে
গ কারকজনিত কারণে ঘ অনুসর্গজনিত কারণে উ. ক

৬. **'সকল শিক্ষকগণ আজ উপস্থিত'- বাক্যটি কোন দোষে দুষ্ট?** *[মৎস্য অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক: ২১]*
ক গুরুচণ্ডালী দোষ খ বিদেশি শব্দ দোষ
গ দুর্বোধ্যতা দোষ ঘ বাহুল্য দোষ উ. ঘ

৭. **কোন বাক্যটি শুদ্ধ?** *[খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ২১]*
ক আপনি স্বপরিবারে আমন্ত্রিত
খ তার কথা শুনে আমি আশ্চর্য্যান্বিত হলাম
গ তোমার পরশ্রীকাতরতায় আমি মুগ্ধ নই
ঘ সেদিন থেকে তিনি সেখানে আর যায় না উ.খ

৮. **কোন বাক্যটি শুদ্ধ?** *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]*
ক তুমি কি ঢাকা যাবে? খ তুমি কী ঢাকা যাবে?
গ তোমরা কী ঢাকা যাবে? ঘ তোমরা কী ঢাকায় যাবে? উ.ক

৯. **কোনটি অশুদ্ধ বাক্য?** *[কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কম্পিউটার অপারেটর: ২১]*
ক দীনতা সব সময় ভাল নয়
খ দেশের দারিদ্র দূর করতে হবে
গ সময় বড় সংক্ষিপ্ত ঘ এখানে প্রবেশ নিষিদ্ধ উ. খ

১০. **কোনটি শুদ্ধ বাক্য?** *[কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কম্পিউটার অপারেটর: ২১]*
ক আমার বড় দুরাবস্থা খ আমার বড় দুরবস্থা
গ আমার বড় দূরবস্থা ঘ আমার বড় দূরাবস্থা উ. খ

১১. **'শবপোড়া' শব্দটির কী দোষ দেখা যায়?** *[কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কম্পিউটার অপারেটর: ২১]*
ক গুরুচণ্ডালী খ দুর্বোধ্যতা
গ উপমার প্রয়োগ ভুল ঘ আকাঙ্ক্ষার প্রয়োগ ভুলউ. ক

১২. **নিচের কোন বাক্যটি শুদ্ধ নয়?** *[এলজিইডি'র হিসাব সহকারী: ২১]*
ক সভাপতি কর্তৃক প্রস্তাবটি অনুমোদন করেছেন।
খ সভাপতি প্রস্তাবটি অনুমোদন করেছেন।
গ সভাপতি কর্তৃক প্রস্তাবটি অনুমোদিত হয়েছে।
ঘ সভাপতি কর্তৃক প্রস্তাবটি অনুমোদিত হয়নি। উ. ক

১৩. **কোন বাক্যটি সম্পূর্ণ শুদ্ধ?** *[এলজিইডি'র হিসাব সহকারী: ২১]*
ক তুমি কী করবে সেটা কি তুমি জান না?
খ তুমি কি করবে সেটা কি তুমি জান না?
গ তুমি কী করবে সেটা কী তুমি জান না?
ঘ তুমি কি করবে সেটা কী তুমি জান না? উ. ক

১৪. **'সকল ছাত্ররাই যথাসময়ে উপস্থিত হয়েছে।'- বাক্যটিতে কী ধরনের ভুল আছে?** *[দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অফিস সহায়ক:১৯]*
ক বানান খ পদ
গ বচন ঘ বিভক্তি উ. গ

১৫. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** *[পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী: ১৯]*
ক অনুষ্ঠান চলাকালীন সময় বৃষ্টি শুরু হয়
খ তার সকল চেষ্টা ব্যর্থ হয়েছে
গ বাংলাদেশ সমৃদ্ধশালী দেশ
ঘ আরিফ সবচেয়ে শ্রেষ্ঠতম শিল্পী উ. খ

১৬. **কোনটি ভুল বাক্য?** *[নিরাপদ খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ১৯]*
ক দীনতা সব সময় ভাল নয়
খ দেশের দারিদ্র দূর করতে হবে
গ সময় বড় সংক্ষিপ্ত
ঘ এখানে প্রবেশ নিষিদ্ধ উ. খ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

১. **বাক্য শুদ্ধি করুন।** *[নিরাপদ খাদ্য অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক. অকুল পাথারে আল্লাহই একমাত্র ভরসা।
উ. অকূল পাথারে আল্লাহই একমাত্র ভরসা।
গ. ধন ধান্যে পুষ্পে ভরা আমাদের এই বসুন্ধরা।
উ. ধন ধান্য পুষ্পে ভরা আমাদের এই বসুন্ধরা।
ঘ. তোমার এবার পরিক্ষায় অংশ নেওয়া সমিচীন হয়নি।
উ. তোমার এবার পরীক্ষায় অংশ নেওয়া সমীচীন হয়নি।
ঙ. সে অতন্ত চালাক।
উ. সে অত্যন্ত চালাক।

২. **অশুদ্ধ বাক্য শুদ্ধ করুন:** *[কাস্টম হাউস (যশোর) এর সিপাহী: ২৩]*
ক. সব আমগুলোর দাম কত?
উ. আমগুলোর দাম কত?
খ. তারকাবৃন্দ আকাশে মিটিমিটি করে জ্বলছে।
উ. তারকারাজি আকাশে মিটিমিটি করে জ্বলছে।
গ. তোমার সঙ্গে আমার একটি গোপন পরামর্শ আছে।
উ. তোমার সঙ্গে আমার একটি গোপনীয় পরামর্শ আছে।
ঘ. মেয়েটি সুকৈশেলী ও সুহাসি।
উ. মেয়েটি সুকেশী ও সুহাসিনী।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৩. শুদ্ধ করে লিখুন: *[পুলিশ হেডকোয়ার্টার্সের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক. ঐ লোকটি খুব সৎ।
উ. লোকটি খুব সৎ।
খ. শহর ও গ্রাম এখন ইলেকশনের আমেজ।
উ. শহরে ও গ্রামে এখন ইলেকশনের আমেজ।
গ. উল্লেখিত বিষয় হলো তিনি এখন সমাজসেবি।
উ. উল্লিখিত বিষয় হলো তিনি এখন সমাজসেবী।
ঘ. ঘরটি ছিমছিমে অন্ধকার।
উ. ঘরটি ঘুটঘুটে অন্ধকার।
ঙ. সূর্য উদয় হয়নি।
উ. সূর্য উদিত হয়নি।

৪. বাক্য শুদ্ধ করে লিখুন: *[যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক:২৩]*
ক. অন্নাভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার।
উ. অন্নাভাবে ঘরে ঘরে হাহাকার।
খ. আমরা উন্নতির পথে কুঠারাঘাত করিতেছি।
উ. আমরা উন্নতির মূলে কুঠারাঘাত করিতেছি।
গ. সকল মানুষেরাই মরনশীল।
উ. সকল মানুষই মরণশীল।
ঘ. দেবী অন্তর্ধান হইবেন।
উ. দেবী অন্তর্হিত হইবেন।
ঙ. সে স্বাক্ষী দিয়াছে।
উ. সে সাক্ষ্য দিয়াছে।

৫. শুদ্ধ বাক্য লিখুন: *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক: ২৩]*
ক. বিদ্যান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠ।
উ. বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ।
খ. আমি, তুমি ও তিনি আজ বাগানে যাবেন।
উ. আমি , তুমি ও সে আজ বাগানে যাবো।
গ. সম্প্রতি ঢাকার আশেপাশের নদীগুলো নাব্যতা সঙ্কট দেখ দিয়েছে।
উ. সম্প্রতি ঢাকার আশেপাশের নদীগুলোতে নাব্যতা সংকট দেখা দিয়েছে।
ঘ. ইতিপূর্বে সে আসেনি।
উ. ইতঃপূর্বে সে আসেনি।
ঙ. তার দু'চোখ অশ্রুজলে ভেসে গেল।
উ. তার দু'চোখ অশ্রুতে ভেসে গেল।

৬. নিচের কাব্যগুলো শুদ্ধ করে লিখুন: *[মন্ত্রিপরিষদ বিভাগের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*
ক. পূর্ব দিকে সূর্য উদয় হয়।
উ. পূর্ব দিকে সূর্য উদিত হয়।
খ. ইহার আবশ্যক নাই।
উ. ইহার আবশ্যকতা নাই।
গ. তার সাংঘাতিক আনন্দ হলো।
উ. সে অত্যন্ত আনন্দিত হলো।
ঘ. দৈন্যতা প্রশংসনীয় নয়।
উ. দীনতা প্রশংসনীয় নয়।
ঙ. আপনি স্বপরিবার ও সবান্ধবে আমন্ত্রিত।
উ. আপনি সপরিবার ও সবান্ধবে আমন্ত্রিত।

৭. নিচের বাক্যগুলোর শুদ্ধরূপ লিখুন: *[মন্ত্রিপরিষদ বিভাগের অফিস সহায়ক: ২৩]*
ক. সোক সভায় বিশিষ্ট বুদ্ধিজিবি, বিজ্ঞানি, দার্শণিক প্রমুখগন শ্রদ্ধাঞ্জলী প্রদান করেন।
উ. শোকসভায় বিশিষ্ট বুদ্ধিজীবী, বিজ্ঞানী, দার্শনিক প্রমুখ শ্রদ্ধাঞ্জলি প্রদান করেন।
খ. পরপোকার মনুষত্বের পরিচায়ক।
উ. পরোপকার মনুষ্যত্বের পরিচায়ক।
গ. বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর।
উ. বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ।
ঘ. নীরিহ শুধুমাত্র আশির্বাদ অতিথী চেয়েছিলেন।
উ. নিরীহ অতিথি শুধু আশীর্বাদ চেয়েছিলেন।
ঙ. বাজিকরের অদ্ভুদ ক্রিয়া দেখে ছাত্রগণেরা প্রফুল্লিত হইল।
উ. বাজিকরের অদ্ভূত ক্রীড়া দেখে ছাত্ররা প্রফুল্ল হল।

৮. নিচের বাক্যগুলো শুদ্ধ করে লিখুন: *[বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের অফিস সহায়ক: ২৩]*
ক. তোমার সঙ্গে কিছু গোপন পরামর্শ আছে।
উ. তোমার সঙ্গে কিছু গোপনীয় পরামর্শ আছে।
খ. কারো মাঘ মাস, কারো সর্বনাশ।
উ. কারো পৌষ মাস, কারো সর্বনাশ।
গ. তার কথা প্রমাণ হয়েছে।
উ. তার কথা প্রমাণিত হয়েছে।
ঘ. সকল ছাত্রগণ পাঠে অমনোযোগী।
উ. সকল ছাত্র পাঠে অমনোযোগী।

৯. শুদ্ধ করে লিখুন: *[পরিবেশ অধিদপ্তরের গবেষণাগার সহকারী: ২৩]*
ক. লোকটা নির্দোষী।
উ. লোকটা নির্দোষ।
খ. বিধি লঙ্ঘন হয়েছে।
উ. বিধি লঙ্ঘিত হয়েছে।
গ. তার সৌজন্যতা ভুলতে পারব না।
উ. তার সৌজন্য ভুলতে পারব না।
ঘ. তিনি স্বস্ত্রীক রাজশাহী থাকেন।
উ. তিনি সস্ত্রীক রাজশাহী থাকেন।
ঙ. পৃথিবী সর্বদা সূর্যের চারিদিকে ঘূর্ণীয়মান।
উ. পৃথিবী সর্বদা সূর্যের চারদিকে ঘূর্ণায়মান।

১০. নিচের বাক্যগুলি শুদ্ধ করুন: *[পানি উন্নয়ন বোর্ডের সহকারী পরিচালক:২৩]*
ক. তার দু'চোখ অশ্রুজলে ভেসে গেল।
উ. তার দু'চোখ অশ্রুতে ভেসে গেল।
খ. অনেক হয়েছে, গৃহস্থের খেয়ে বনের মোষ তাড়াতে পারব না।
উ. ঘরের খেয়ে বনের মোষ তাড়াতে পারব না।
গ. অত্যাবশ্যকীয় ব্যয়ে কার্পণ্য অনুচিত।
উ. আবশ্যক ব্যয়ে কার্পণ্য অনুচিত।
ঘ. দৈন্যতা প্রশংসনীয় নয়।
উ. দীনতা প্রশংসনীয় নয়।

১১. সঠিক বাক্য লিখুন: *[জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের ক্যাশিয়ার: ২৩]*
ক. প্রত্যেক শিক্ষকগণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

উ. প্রত্যেক শিক্ষক অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।
খ. আমার কথাই প্রমাণ হলো।
উ. আমার কথাই প্রমাণিত হলো।
গ. সূর্য উদয় হয়েছে।
উ. সূর্য উদিত হয়েছে।
ঘ. বিরাট গরু-ছাগলের হাট বসেছে।
উ. গরু-ছাগলের বিরাট হাট বসেছে।
ঙ. আমার টাকার আবশ্যক নাই।
উ. আমার টাকার আবশ্যকতা নাই।

১২.শুদ্ধ করে লিখুন: *[পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের অডিটর: ২০]*
ক. অনাবশ্যকীয় ব্যাপারে কৌতুহল ভাল নয়।
উ. অনাবশ্যক ব্যাপারে কৌতূহল ভাল নয়।
খ. কবির শোক সভায় বিশিষ্ট বুদ্ধিজীবিরা শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেছে।
উ. কবির শোক সভায় বিশিষ্ট বুদ্ধিজীবীরা শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেছেন।
গ. তারা যাইতে যাইতে এ দৃশ্য দেখিয়া মুগ্ধ ও বিস্মিত হন।
উ. তারা যেতে যেতে এ দৃশ্য দেখে মুগ্ধ ও বিস্মিত হল।
ঘ. সাধারণ জন গড্ডালিকা প্রবাহে ভেসে চলে।
উ. সাধারণ জন গড্ডলিকা প্রবাহে ভেসে চলে।
ঙ. সব ধনাঢ্য ব্যক্তিবর্গের অতিথি সৎকার করা উচিত।
উ. সব ধনাঢ্য ব্যক্তির অতিথি সৎকার করা উচিত।

১৩.শুদ্ধ/ অশুদ্ধ নির্ণয় করুন। *[যাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক:১৯]*
ক. যুক্তি খন্ডিত হয়েছে তবে মুক্তি মেলেনি।
উ. শুদ্ধ: যুক্তি খণ্ডিত হয়েছে, তবে মুক্তি মেলেনি।
খ. আপনি সপরিবারে আমন্ত্রিত। উ. শুদ্ধ:
গ. অন্যান্য বিষয়গুলোর আলোচনা পরে হবে।
উ. শুদ্ধ: অন্যান্য বিষয়ের আলোচনা পরে হবে অথবা অন্য বিষয়গুলোর আলোচনা পরে হবে।
ঘ. আমি তোমার অপরাধ সম্পর্কে নিঃসন্দেহ।
উ. শুদ্ধ: আমি তোমার অপরাধ সম্পর্কে নিসন্দিহান।
ঙ. শুধু মাত্র এই কটা টাকা দিলে।
উ. শুদ্ধ: মাত্র এই কটা টাকা দিলে?

১৪.বানান, শব্দপ্রয়োগ ও বিন্যাস, ভাষারীতি ইত্যাদি শুদ্ধ করে নিচের বাক্যগুলো পুনরায় লিখুন: *[কর অঞ্চল-১ ঢাকা এর বিভিন্ন পদ:১৯]*
ক. এসব লোকগুলোকে আমি চিনি
উ. এসব লোককে আমি চিনি অথবা লোকগুলোকে আমি চিনি।
খ. আমি অপমান হয়েছি
উ. আমি অপমানিত হয়েছি।
গ. ক্ষমা একটি মহান গুণ
উ. ক্ষমা একটি মহৎ গুণ।

সন্ধি

সন্ধি শব্দের অর্থ মিলন। সন্নিহিত দুইটি ধ্বনির মিলনের নাম সন্ধি। পাশাপাশি দুটি বর্ণ বা ধ্বনির মিলনকে সন্ধি বলে। যেমন: আশা+অতীত = আশাতীত; এখানে আ+অ = আ (া) হয়েছে। বাংলা শব্দের সন্ধি দুই প্রকার। যথা: স্বরসন্ধি ও ব্যঞ্জনসন্ধি। তৎসম শব্দের সন্ধি প্রধানত তিন প্রকার। যথা: স্বরসন্ধি, ব্যঞ্জনসন্ধি ও বিসর্গ সন্ধি।

◆ স্বরসন্ধি:

স্বরধ্বনির সাথে স্বরধ্বনি মিলে যে সন্ধি হয় তাকে স্বরসন্ধি বলে। যেমন: রূপ+আলি = রূপালি।

• স্বরসন্ধির (বাংলা) কতিপয় উদাহরণ:

শত+এক = শতেক	কত+এক = কতেক
শাঁখা+আরি = শাঁখারি	রূপা+আলি = রূপালি
মিথ্যা+উক = মিথ্যুক	হিংসা+উক = হিংসুক
যা+ইচ্ছা+তাই = যাচ্ছেতাই	নিন্দা+উক = নিন্দুক
ছেলে+আমি = ছেলেমি	মেয়ে+আলি = মেয়েলি
গোঁড়া+আমি = গোঁড়ামি	এত+এক = এতেক
গোলা+অন্দাজ = গোলন্দাজ	মিতা+আলি = মিতালি
ভাই+ইয়া = ভাইয়া	খাসি+ইয়া = খাসিয়া
বাবু+আনা = বাবুয়ানা	হিন্দু+আনি = হিন্দুয়ানি
মন+উপযোগী = মনোপযোগী	মন+অন্তর = মনান্তর
যশ+আকাঙ্ক্ষা = যশাকাঙ্ক্ষা	মন+অধীন = মনাধীন
ঈদ+উৎসব = ঈদোৎসব	ঢাকা+ঈশ্বরী = ঢাকেশ্বরী

• স্বরসন্ধির (তৎসম) কতিপয় উদাহরণ:

অ+অ = আ	
নর+অধম = নরাধম	নব+অন্ন = নবান্ন
দেশ+অন্তর = দেশান্তর	স্ব+অধীন = স্বাধীন
হিম+অচল = হিমাচল	হিত+অহিত = হিতাহিত
রূপ+অন্তর = রূপান্তর	পর+অধীন = পরাধীন
গ্রাম+অন্তর = গ্রামান্তর	উত্তর+অধিকার=উত্তরাধিকার
অ+আ = আ	
হিম+আলয় = হিমালয়	সিংহ+আসন = সিংহাসন
দণ্ড+আদেশ = দণ্ডাদেশ	হত+আশ = হতাশ
স্ব+আয়ত্ত = স্বায়ত্ত	দেব+আলয় = দেবালয়
রত্ন+আকর = রত্নাকর	জল+আধার = জলাধার
মেঘ+আলয় = মেঘালয়	গ্রন্থ+আগার = গ্রন্থাগার
আ+অ = আ	
যথা+অর্থ = যথার্থ	মহা+অর্ঘ = মহার্ঘ
কথা+অমৃত = কথামৃত	যথা+অযথ = যথাযথ
ত্বরা+অন্বিত = ত্বরান্বিত	আশা+অতীত = আশাতীত

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

আ+আ = আ	
বিদ্যা+আলয় = বিদ্যালয়	মহা+আশয় = মহাশয়
কারা+আগার = কারাগার	ব্যথা+আতুর = ব্যাথাতুর
অ+ই = এ	
শুভ+ইচ্ছা = শুভেচ্ছা	সত্য+ইন্দ্র = সত্যেন্দ্র
নর+ইন্দ্র = নরেন্দ্র	স্ব+ইচ্ছা = স্বেচ্ছা
শ্রবণ+ইন্দ্রিয় = শ্রবণেন্দ্রিয়	দেব+ইন্দ্র = দেবেন্দ্র
পূর্ণ+ইন্দু = পূর্ণেন্দু	জিত+ইন্দ্রিয় = জিতেন্দ্রিয়
আ+ই = এ	
যথা+ইষ্ট = যথেষ্ট	মহা+ইন্দ্র = মহেন্দ্র
যথা+ইচ্ছা = যথেচ্ছা	রসনা+ইন্দ্রিয় = রসনেন্দ্রিয়
অ+ঈ = এ	
পরম+ঈশ = পরমেশ	অপ+ঈক্ষা = অপেক্ষা
গণ+ঈশ = গণেশ	ভব+ঈশ = ভবেশ
আ+ঈ = এ	
মহা+ঈশ = মহেশ	রমা+ঈশ = রমেশ
মহা+ঈশ্বর = মহেশ্বর	উমা+ঈশ = উমেশ
অ+উ = ও	
সূর্য+উদয় = সূর্যোদয়	সর্ব+উচ্চ = সর্বোচ্চ
প্রথম+উক্ত = প্রথমোক্ত	প্রশ্ন+উত্তর = প্রশ্নোত্তর
নীল+উৎপল = নীলোৎপল	ফল+উদয় = ফলোদয়
হিত+উপদেশ = হিতোপদেশ	পর+উপকার = পরোপকার
শারদ+উৎসব = শারদোৎসব	কাল+উত্তীর্ণ = কালোত্তীর্ণ
আ+উ = ও	
যথা+উচিত = যথোচিত	কথা+উপকথন = কথোপকথন
যথা+উপযুক্ত = যথোপযুক্ত	মহা+উৎসব = মহোৎসব
অ+ঊ = ও	
গৃহ+ঊর্ধ্ব = গৃহোর্ধ্ব	চল+ঊর্মি = চলোর্মি
নব+ঊঢ়া = নবোঢ়া	সর্ব+ঊর্ধ্ব = সর্বোর্ধ্ব
আ+ঊ = ও	
গঙ্গা+ঊর্মি = গঙ্গোর্মি	মহা+ঊর্মি = মহোর্মি
অ+ঋ = অর্	
দেব+ঋষি = দেবর্ষি	সপ্ত+ঋষি = সপ্তর্ষি
উত্তম+ঋণ = উত্তমর্ণ	অধম+ঋণ = অধমর্ণ
আ+ঋ = অর্	
মহা+ঋষি = মহর্ষি	রাজা/রাজন্+ঋষি = রাজর্ষি
অ+ঋ = আর	
শীত+ঋত = শীতার্ত	দুঃখ+ঋত = দুঃখার্ত
শোক+ঋত = শোকার্ত	ভয়+ঋত = ভয়ার্ত
আ+ঋ = আর	
তৃষ্ণা+ঋত = তৃষ্ণার্ত	ক্ষুধা+ঋত = ক্ষুধার্ত
পিপাসা+ঋত = পিপাসার্ত	বেদনা+ঋত = বেদনার্ত
অ+এ = ঐ	
জন+এক = জনৈক	হিত+এষী = হিতৈষী
সর্ব+এব = সর্বৈব	হিত+এষণা = হিতৈষণা
আ+এ = ঐ	
সদা+এব = সদৈব	তথা+এবচ = তথৈবচ
তথা+এব = তথৈব	বসুধা+এব = বসুধৈব
অ+ঐ = ঐ	
মত+ঐক্য = মতৈক্য	রাজ+ঐশ্বর্য = রাজৈশ্বর্য
ভাব+ঐশ্বর্য = ভাবৈশ্বর্য	ভাব+ঐক্য = ভাবৈক্য
আ+ঐ = ঐ	
মহা+ঐশ্বর্য = মহৈশ্বর্য	মহা+ঐক্য = মহৈক্য
অ+ও = ঔ	
জল+ওকা = জলৌকা	বন+ওষধি = বনৌষধি
আ+ও = ঔ	
মহা+ওষধি = মহৌষধি	গঙ্গা+ওঘ (ঢেউ) = গঙ্গৌঘ
অ+ঔ = ঔ	
পরম+ঔষধ = পরমৌষধ	চিত্ত+ঔদার্য = চিত্তৌদার্য
আ+ঔ = ঔ	
মহা+ঔষধ = মহৌষধ	মহা+ঔৎসুক্য = মহৌৎসুক্য
মহা+ঔদার্য = মহৌদার্য	মহা+ঔদাস্য = মহৌদাস্য
ই+ই = ঈ	
অতি+ইত = অতীত	অভি+ইষ্ট = অভীষ্ট
গিরি+ইন্দ্র = গিরীন্দ্র	অতি+ইন্দ্র = অতীন্দ্র
প্রতি+ইত = প্রতীত	রবি+ইন্দ্র = রবীন্দ্র
ই+ঈ = ঈ	
পরি+ঈক্ষা = পরীক্ষা	গিরি+ঈশ = গিরীশ
অধি+ঈশ্বর = অধীশ্বর	ক্ষিতি+ঈশ = ক্ষিতীশ
অভি+ঈপ্সা = অভীপ্সা	প্রতি+ঈক্ষা = প্রতীক্ষা
ঈ+ই = ঈ	
সতী+ইন্দ্র = সতীন্দ্র	শচী+ইন্দ্র = শচীন্দ্র
যোগী+ইন্দ্র = যোগীন্দ্র	সুধী+ইন্দ্র = সুধীন্দ্র
ফণী+ইন্দ্র = ফণীন্দ্র	মহী+ইন্দ্র = মহীন্দ্র
ঈ+ঈ = ঈ	
সতী+ঈশ = সতীশ	শ্রী+ঈশ = শ্রীশ
মহী+ঈশ্বর = মহীশ্বর	পৃথ্বী+ঈশ = পৃথ্বীশ
ই+অ = য্+অ	
অতি+অন্ত = অত্যন্ত	বি+অবস্থা = ব্যবস্থা
অধি+অক্ষ = অধ্যক্ষ	আদি+অন্ত = আদ্যন্ত
প্রতি+অহ = প্রত্যহ	অতি+অধিক = অত্যধিক
ই+আ = য্+আ	
ইতি+আদি = ইত্যাদি	অতি+আচার = অত্যাচার
প্রতি+আশা = প্রত্যাশা	প্রতি+আবর্তন = প্রত্যাবর্তন
ই+উ = য্+উ	
অতি+উক্তি = অত্যুক্তি	প্রতি+উত্তর = প্রত্যুত্তর
উপরি+উপরি = উপর্যুপরি	অভি+উত্থান = অভ্যুত্থান

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

অগ্নি+উৎপাত = অগ্ন্যুৎপাত	প্রতি+উপকার = প্রত্যুপকার
ই+উ = য্+উ	
প্রতি+ঊষ = প্রত্যূষ	অতি+ঊর্ধ্ব = অত্যূর্ধ্ব
ঈ+আ = য্+আ	মসী+আধার = মস্যাধার
ই+এ = য্+এ	প্রতি+এক = প্রত্যেক
ই+ঐ = য্+ঐ	অতি+ঐশ্বর্য = অত্যৈশ্বর্য
ঈ+অ = য্+অ	নদী+অম্বু = নদ্যম্বু
উ+উ = ঊ	
মরু+উদ্যান = মরূদ্যান	কটু+উক্তি = কটূক্তি
সু+উক্ত = সূক্ত	অনু+উদিত = অনূদিত
উ+ঊ = ঊ	
বহু+ঊর্ধ্ব = বহূর্ধ্ব	লঘু+ঊর্মি = লঘূর্মি
তনু+ঊর্ধ্ব = তনূর্ধ্ব	তরু+ঊর্ধ্ব = তরূর্ধ্ব
উ+ঊ = ঊ	
বধূ+উৎসব = বধূৎসব	বধূ+উক্তি = বধূক্তি
উ+ঊ = ঊ	
ভূ+ঊর্ধ্ব = ভূর্ধ্ব	সরযূ+ঊর্মি = সরযূর্মি
উ+অ = ব+অ	
সু+অল্প = স্বল্প	অনু+অয় = অন্বয়
মনু+অন্তর = মন্বন্তর	পশু+অধম = পশ্বাধম
উ+আ = ব+আ	
সু+আগত = স্বাগত	পশু+আচার = পশ্বাচার
উ+ঈ = ব+ঈ	
তনু+ঈ = তন্বী	অনু+ঈক্ষা = অন্বীক্ষা
উ+এ = ব+এ	
পিতৃ+অনুমতি = পিত্রানুমতি	পিতৃ+অর্থে = পিত্রার্থে
পিতৃ+আলয় = পিত্রালয়	পিতৃ+আদেশ = পিত্রাদেশ
মাতৃ+আদেশ = মাত্রাদেশ	পিতৃ+ইচ্ছা = পিত্রিচ্ছা
এ+অ = অয়্+অ	
নে+অন = নয়ন	শে+অন = শয়ন
ঐ+অ = আয়্+অ	
নৈ+অক = নায়ক	গৈ+অক = গায়ক
ও+অ = অব্+অ	
পো+অন = পবন	লো+অন = লবণ
ঔ+অ = আব্+অ	পৌ+অক = পাবক
ও+আ = অব্+আ	গো+আদি = গবাদি
ও+এ = অব্+এ	গো+এষণা = গবেষণা
ও+ই = অব্+ই	পো+ইত্র = পবিত্র
ঔ+ই = আব্+ই	নৌ+ইক = নাবিক
ঔ+ই = আব্+উ	ভৌ+উক = ভাবুক

- কতগুলো সন্ধি কোনো নিয়ম অনুসারে হয় না, এগুলোকে নিপাতনে সিদ্ধ বলে। যেমন:

কুল+অটা	কুলটা	স্ব+ঈয়	স্বীয়
গো+অক্ষ	গবাক্ষ	বিম্ব+ওষ্ঠ	বিম্বোষ্ঠ
অন্য+অন্য	অন্যান্য	রক্ত+ওষ্ঠ	রক্তোষ্ঠ
মার্ত+অণ্ড	মার্তণ্ড	সীমন+অত	সীমন্ত
শুদ্ধ+ওদন	শুদ্ধোদন	অক্ষ+ঊহিণী	অক্ষৌহিণী
প্র+ঊঢ়	প্রৌঢ়	স্ব+ঈর	স্বৈর

◆ **ব্যঞ্জনসন্ধি:**

স্বরে-ব্যঞ্জনে, ব্যঞ্জনে-স্বরে ও ব্যঞ্জনে-ব্যঞ্জনে যে সন্ধি হয় তাকে ব্যঞ্জন সন্ধি বলে।

- **ব্যঞ্জনসন্ধির (বাংলা) কতিপয় উদাহরণ:**

ছোট+দা = ছোড়দা।	নাত+জামাই = নাজ্জামাই
বদ্+জাত = বজ্জাত	চার্+টি = চাট্টি
বোন+আই = বোনাই	দুর্+ছাই = দুচ্ছাই
তিন+এক = তিনেক	হাত+ছানি = হাচ্ছানি
ঘোড়া+দৌড় = ঘোড়দৌড়	চুন+আরি = চুনারি
নাতি+বৌ = নাতবৌ	পাঁচ+সিকা = পাঁশ্‌শিকা
এক+এক = একেক	কাঁচা+কলা = কাঁচকলা
শাক্+ভাত =শাগ্‌ভাত	জাতি+অভিমান = জাত্যভিমান

- **ব্যঞ্জনসন্ধির (তৎসম) কতিপয় উদাহরণ:**

ক্+অ = গ	
দিক্+অন্ত = দিগন্ত	বাক্+আড়ম্বর = বাগাড়ম্বর
চ্+অ = জ	
ণিচ্+অন্ত = ণিজন্ত	অচ্+অন্ত = অজন্ত
ট্+আ = ড	ষট্+আনন = ষড়ানন
ত্+অ = দ	তৎ+অবধি = তদবধি
প্+অ = ব	সুপ+অন্ত = সুবন্ত
সৎ+উপদেশ = সদুপদেশ	ষট্+অঙ্গ = ষড়ঙ্গ
ষট্+ঋতু = ষড়ঋতু	ষট্+ঐশ্বর্য = ষড়ৈশ্বর্য
মৃৎ+অঙ্গ = মৃদঙ্গ	সৎ+ইচ্ছা = সদিচ্ছা
জগৎ+ইন্দ্র = জগদিন্দ্র	শরৎ+ইন্দু = শরদিন্দু
কৃৎ+অন্ত = কৃদন্ত	বাক্+ঈশ = বাগীশ
সৎ+উপায় = সদুপায়	সৎ+আনন্দ = সদানন্দ
অ+ছ = চ্ছ	এক+ছত্র = একচ্ছত্র
আ+ছ = চ্ছ	কথা+ছলে = কথাচ্ছলে
ই+ছ = চ্ছ	পরি+ছদ = পরিচ্ছদ
প্র+ছদ = প্রচ্ছদ	বৃক্ষ+ছায়া = বৃক্ষচ্ছায়া
মুখ+ছবি = মুখচ্ছবি	আ+ছন্ন = আচ্ছন্ন
প্রতি+ছবি = প্রতিচ্ছবি	বি+ছেদ = বিচ্ছেদ
পরি+ছন্ন = পরিচ্ছন্ন	পরি+ছেদ = পরিচ্ছেদ
বি+ছিন্ন = বিচ্ছিন্ন	তরু+ছায়া = তরুচ্ছায়া
অঙ্গ+ছেদ = অঙ্গচ্ছেদ	আলোক+ছটা=আলোকচ্ছটা
ত+চ = চ্চ	সৎ+চিন্তা = সচ্চিন্তা
ত+ছ = চ্ছ	উৎ+ছেদ = উচ্ছেদ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

দ+চ = চ্চ	বিপদ + চয় = বিপচ্চয়
দ+ছ = চ্ছ	বিপদ + ছায়া = বিপচ্ছায়া
চলৎ+চিত্র = চলচ্চিত্র	বিপদ+চিন্তা = বিপচ্চিন্তা
তদ্+ছবি = তচ্ছবি	বিপদ্+জনক = বিপজ্জনক
উৎ+চারণ = উচ্চারণ	শরৎ+চন্দ্র = শরচ্চন্দ্র
ত+জ = জ্জ	সৎ+জন = সজ্জন
দ+জ = জ্জ	বিপদ+জাল = বিপজ্জাল
ত+ঝ = জ্ঝ	কুৎ+ঝটিকা = কুজ্ঝটিকা
উৎ+জ্বল = উজ্জ্বল	তদ্+জন্য = তজ্জন্য
যাবৎ+জীবন = যাবজ্জীবন	জগৎ+জীবন = জগজ্জীবন
ত+শ = চ+ছ = চ্ছ	
উৎ+শ্বাস = উচ্ছ্বাস	উৎ+শৃঙ্খল = উচ্ছৃঙ্খল
ত্+ড = ড্ড	
উৎ+ডীন = উড্ডীন	বৃহৎ+ঢক্কা = বৃহড্ঢক্কা
ত্+হ = দ+ধ = দ্ধ	উৎ+হার = উদ্ধার
দ্+হ = দ্+ধ = দ্ধ	পদ্+হতি = পদ্ধতি
উৎ+হৃত = উদ্ধৃত	তদ্+শক্তি = তচ্ছক্তি
ত্+ল = ল্ল	
উৎ+লাস = উল্লাস	উৎ+লেখ = উল্লেখ
উৎ+লিখিত = উল্লিখিত	উৎ+লঙ্ঘন = উল্লঙ্ঘন
ক্+দ্ = গ্+দ্	বাক্+দান = বাগদান
ট্+য = ড্=য	ষট্+যন্ত্র = ষড়যন্ত্র
ত্+ঘ = দ্+ঘ	উৎ+ঘাটন = উদ্ঘাটন
ত্+য = দ্+য	উৎ+যোগ = উদ্যোগ
ত্+ব = দ্+ব	উৎ+বন্ধন = উদ্বন্ধন
ত্+র = দ্+র	তৎ+রূপ = তদ্রূপ
ক্+ন = গ/ঙ+ন	দিক্+নির্ণয় = দিগ্নির্ণয় বা দিঙ্নির্ণয়
ত্+ম = দ/ন+ম	তৎ+মধ্যে = তন্মধ্যে
বাক্+ময় = বাঙ্ময়	তৎ+ময় = তন্ময়
উৎ+নয়ন = উন্নয়ন	উৎ+নতি = উন্নতি
চিৎ+ময় = চিন্ময়	মৃৎ+ময় = মৃন্ময়
ম্+ক = ঙ+ক	শম্+কা = শঙ্কা
ম্+চ = ঞ+চ	সম্+চয় = সঞ্চয়
ম্+ত = ন+ত	সম্+তাপ = সন্তাপ
কিম্+ভূত = কিম্ভূত	সম্+দর্শন = সন্দর্শন
সম্+ধান = সন্ধান	সম্+ন্যাস = সন্ন্যাস
সম্+গত = সংগত	অহম্+কার = অহংকার
সম্+কীর্ণ = সংকীর্ণ	সম্+গীত = সংগীত
সম্+যম = সংযম	সম্+লাপ = সংলাপ
সম্+বাদ = সংবাদ	সম্+সার = সংসার
সম্+রক্ষণ = সংরক্ষণ	সম্+হার = সংহার
সম্+বরণ = সংবরণ	সম্+যোগ = সংযোগ
সর্বম্+সহা = সর্বংসহা	স্বয়ম্+বরা = স্বয়ংবরা

চ্+ন = চ+ঞ	যাচ্+না = যাচ্ঞা, রাজ্+নী = রাজ্ঞী
জ্+ন = জ+ঞ	যজ্+ন = যজ্ঞ
তদ্+কাল = তৎকাল	ক্ষুধ্+পিপাসা = ক্ষুৎপিপাসা
বিপদ্+সংকুল = বিপৎসংকুল	তদ্+সম = তৎসম
কৃষ্+তি = কৃষ্টি	আকৃষ্+ত = আকৃষ্ট
ষষ্+থ = ষষ্ঠ	জগৎ+নাথ = জগন্নাথ
তদ্+নিমিত্ত = তন্নিমিত্ত	ক্ষুধ্+নিবৃত্তি = ক্ষুন্নিবৃত্তি
মৃৎ+ময় = মৃন্ময়	তদ্+মধ্যে = তন্মধ্যে
তদ্+লিখিত = তল্লিখিত	হৃদ্+পিণ্ড = হৃৎপিণ্ড
তদ্+পর = তৎপর	তদ্+সম = তৎসম
বুধ্+ত = বুদ্ধ	লভ্+ত = লব্ধ
বিমুহ্+ত = বিমুগ্ধ	দুহ্+ত = দুগ্ধ
গম্+তব্য = গন্তব্য	কিম্+তু = কিন্তু
উৎ+গার = উদ্গার	সম্+ধি = সন্ধি
সম্+প্রদান = সম্প্রদান	সম্+বোধন = সম্বোধন
সম্+বন্ধ = সম্বন্ধ	সম্+মান = সম্মান
সম্+মিলন = সম্মিলন	সম্+যত = সংযত
সম্+লগ্ন = সংলগ্ন	সম্+বর্ধনা = সংবর্ধনা
বাক্+জাল = বাগ্জাল	দিক্+দর্শন = দিগ্দর্শন
বাক্+দত্তা = বাগ্দত্তা	বাক্+ধারা = বাগ্ধারা
দিক্+বিজয় = দিগ্বিজয়	দিক্+ভ্রান্ত = দিগ্ভ্রান্ত
উৎ+গত = উদ্গত	উৎ+যম = উদ্যম
উৎ+বেগ = উদ্বেগ	জগৎ+বিখ্যাত = জগদ্বিখ্যাত
উৎ+ভিদ = উদ্ভিদ	তৎ+ভব = তদ্ভব
অপ্+ধি = অব্ধি	বাক্+যন্ত্র = বাগ্যন্ত্র
উৎ+স্থিত = উত্থিত	উৎ+স্থিতি = উত্থিতি

• বিশেষ নিয়মে সাধিত কতগুলো সন্ধি। যেমন:

উৎ+স্থান	উত্থান	উৎ+স্থাপিত	উত্থাপিত
সম্+কার	সংস্কার	পরি+কার	পরিষ্কার
উৎ+স্থাপন	উত্থাপন	সম+কৃতি	সংস্কৃতি
সম্+কৃত	সংস্কৃত	পরি+কৃত	পরিষ্কৃত

• কতগুলো সন্ধি নিপাতনে সিদ্ধ হয়। যেমন:

আ+চর্য	আশ্চর্য	পর্+পর	পরস্পর
বৃহৎ+পতি	বৃহস্পতি	এক্+দশ	একাদশ
মনস্+ঈষা	মনীষা	দিব+লোক	দ্যুলোক
পতৎ+অঞ্জলি	পতঞ্জলি	বিশ্ব+মিত্র	বিশ্বামিত্র
গো+পদ	গোষ্পদ	হরি+চন্দ্র	হরিশ্চন্দ্র
তৎ+কর	তস্কর	প্রায়+চিত্ত	প্রায়শ্চিত্ত
ষট্+দশ	ষোড়শ		

♦ **বিসর্গ ধ্বনি (তৎসম):**
বিসর্গের সাথে অর্থাৎ র্ ও স্ এর সাথে স্বরধ্বনির কিংবা ব্যঞ্জনধ্বনির যে সন্ধি হয় তাকে বিসর্গ সন্ধি বলে। যেমন: অতঃ+এব = অতএব, পুরঃ+কার = পুরস্কার, নিঃ+অবধি = নিরবধি।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

• **বিসর্গসন্ধির (তৎসম) কতিপয় উদাহরণ:**

ততঃ+অধিক = ততোধিক	বয়ঃ+অধিক = বয়োধিক
মনঃ+রম = মনোরম	তিরঃ+ধান = তিরোধান
অন্তঃ+গত = অন্তর্গত	তপঃ+বন = তপোবন
অন্তঃ+ধান = অন্তর্ধান	পুনঃ+উক্ত = পুনরুক্ত
পুনঃ+বার = পুনর্বার	পদঃ+খলন = পদস্খলন
নিঃ+আকার = নিরাকার	দুঃ+যোগ = দুর্যোগ
আশীঃ+বাদ = আশীর্বাদ	নিঃ+আকরণ = নিরাকরণ
নিঃ+জন = নির্জন	বহিঃ+গত = বহির্গত
নিঃ+রব = নীরব	নিঃ+রস = নীরস।
নিঃ+চয় = নিশ্চয়	নমঃ+কার = নমস্কার
ধনুঃ+টঙ্কার = ধনুষ্টঙ্কার	শিরঃ+ছেদ = শিরশ্ছেদ
দুঃ+থ = দুস্থ	নিঃ+ঠুর = নিষ্ঠুর
নিঃ+কর = নিষ্কর	দুঃ+কর = দুষ্কর
প্রাতঃ+কাল = প্রাতঃকাল	শিরঃ+পীড়া = শিরঃপীড়া
মনঃ+কষ্ট = মনঃকষ্ট	অধঃ+পতন = অধঃপতন
দুঃ+স্থ = দুঃস্থ / দুস্থ	নিঃ+স্তব্ধ = নিঃস্তব্ধ / নিস্তব্ধ
অধঃ+গতি = অধোগতি	মনঃ+গত = মনোগত
বয়ঃ+জ্যেষ্ঠ = বয়োজ্যেষ্ঠ	সদ্যঃ+জাত = সদ্যোজাত
ত্রয়ঃ+দশ = ত্রয়োদশ	শিরঃ+দেশ = শিরোদেশ
শিরঃ+ধার্য = শিরোধার্য	মনঃ+নয়ন = মনোনয়ন
সরঃ+বর = সরোবর	অকুতঃ+ভয় = অকুতোভয়
মনঃ+যোগ = মনোযোগ	যশঃ+লাভ = যশোলাভ
পুরঃ+হিত = পুরোহিত	অতঃ+এব = অতএব
নিঃ+রোগ = নীরোগ	নিঃ+অন্ন = নিরন্ন
জ্যোতিঃ+ইন্দ্র = জ্যোতিরিন্দ্র	নিঃ+ঈহ = নিরীহ
নিঃ+উপমা = নিরুপমা	দুঃ+অবস্থা = দুরবস্থা
চতুঃ+অঙ্গ = চতুরঙ্গ	দুঃ+আত্মা = দুরাত্মা
অন্তঃ+অঙ্গ = অন্তরঙ্গ	প্রাতঃ+আশ = প্রাতরাশ
অন্তঃ+আত্মা = অন্তরাত্মা	অন্তঃ+ইত = অন্তরিত
অন্তঃ+ঈক্ষ = অন্তরীক্ষ	অন্তঃ+ঈপ = অন্তরীপ
দুঃ+প্রাপ্য = দুষ্প্রাপ্য	দুঃ+গত = দুর্গত
দুঃ+ঘটনা = দুর্ঘটনা	নিঃ+ঘাত = নির্ঘাত
চতুঃ+দিক = চতুর্দিক	নিঃ+ধারণ = নির্ধারণ
নিঃ+মান = নির্মাণ	নিঃ+যাতন = নির্যাতন
দুঃ+লভ = দুর্লভ	নিঃ+লজ্জ = নির্লজ্জ
দুঃ+চিন্তা = দুশ্চিন্তা	নিঃ+ছিদ্র = নিশ্ছিদ্র
মনঃ+তাপ = মনস্তাপ	আবিঃ+কার = আবিষ্কার
চতুঃ+কোণ = চতুষ্কোণ	চতুঃ+পদ = চতুষ্পদ
পুরঃ+কার = পুরস্কার	মনঃ+কামনা = মনস্কামনা
বহিঃ+কৃত = বহিষ্কৃত	অধঃ+ক্রম = অধঃক্রম
মনঃ+ক্ষুণ্ন = মনঃক্ষুণ্ন	অতঃ+পর = অতঃপর
দুঃ+শাসন = দুঃশাসন	নিঃ+শেষ = নিঃশেষ
মনঃ (মনস্)+ঈষা = মনীষা	মনঃ(মনস্)+ঈষা+ইন=মনীষী
বনঃ+পতি = বনস্পতি	নিঃ+পাপ = নিষ্পাপ

• **কয়েকটি বিশেষ বিসর্গ সন্ধির উদাহরণ:**

বাচঃ+পতি	বাচস্পতি	অহঃ+নিশা	অহর্নিশ
ভাঃ+কর	ভাস্কর	অহঃ+অহ	অহরহ

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. **'সংবিধান' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** *[ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]*
ক সং+বিধান খ সং+অবিধান
গ সম্+বিধান ঘ সম+ধান **উ. গ**

২. **'স্বাধীন' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** *[হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়ের নিরীক্ষক: ২৩]*
ক স+অধিন খ শ+অধিন
গ স্ব+অধিন ঘ স্ব+অধীন **উ. ঘ**

৩. **সন্ধি-সাধিত শব্দ 'পরস্পর' কোন ধরনের সন্ধির দৃষ্টান্ত?** *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক ব্যঞ্জন ধ্বনি খ স্বরধ্বনি
গ বিসর্গ সন্ধি ঘ নিপাতনে সন্ধি **উ. ঘ**

৪. **'ষড়ঋতু' শব্দের সন্ধি বিচ্ছেদ-** *[এলজিইডি'র কম্পিউটার মুদ্রাক্ষরিক:২৩]*
ক ষড়+ঋতু খ ষড়+ঋতু
গ ষট্+ঋতু ঘ কোনটিই নয় **উ. গ**

৫. **'সংস্কার' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক সং+কার খ সম+কার
গ সন+কার ঘ সমো+কার **উ. খ**

৬. **'গবাক্ষ' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** *[ডাক বিভাগের পোস্টম্যান:২৩]*
ক গো+অক্ষ খ গো+পরোক্ষ
গ গব+অক্ষ ঘ গবি+অক্ষ **উ. ক**

৭. **'আশাতীত' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** *[ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]*
ক আশা+অতিত খ আশা+অতীত
গ আশ+অতিত ঘ আশ+অতীত **উ. খ**

৮. **'রবীন্দ্র' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** *[এলজিইডি'র ইলেক্ট্রিশিয়ান ও সার্ভেয়ার: ২৩]*
ক রবী+ইন্দ্র খ রবী+ঈন্দ্র
গ রবি+ইন্দ্র ঘ রবি+ঈন্দ্র **উ. গ**

৯. **'দ্যুলোক' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** *[এলজিইডি'র ইলেক্ট্রিশিয়ান ও সার্ভেয়ার: ২৩]*
ক দুঃ+লোক খ দু+লোক
গ দূঃ+লোক ঘ দিব্+লোক **উ. ঘ**

১০. **'নবান্ন' এর সন্ধি বিচ্ছেদ করুন:** *[বন অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*
ক নবা+অন্ন খ নব+অন্ন
গ নবীন+অন্ন ঘ নবঃ+অন্ন **উ. খ**

১১. **'মনস্তাপ' এর সন্ধি বিচ্ছেদ করুন:** *[বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]*
ক মন+তাপ খ মনঃ+তাপ
গ মনস+তাপ ঘ মনো+তাপ **উ. খ**

১২. **'সন্ধি' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** *[স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনিশিয়ান: ২৩]*
ক সম+ধি খ সম্+ধি

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

(গ) সম্+ধি (ঘ) সণ্+ধি উ. খ

১৩.'সংবাদ' শব্দটির সন্ধি বিচ্ছেদ- *[নির্বাচন কমিশনের অফিস সহায়ক:২৩]*

(ক) সম্+বাদ (খ) সর+বাদ
(গ) সং+বাদ (ঘ) সৎ+বাদ উ. ক

১৪.'মহর্ষি' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক/ সহকারী ব্যবস্থাপক: ২৩]*

(ক) মহ+ঋষি (খ) মহা+ঋষি
(গ) মহর+ষি (ঘ) মহৎ+ঋষি উ. খ

১৫.'সতীন্দ্র' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক: ২৩]*

(ক) সতি+ঈন্দ্র (খ) সতী+ঈন্দ্র
(গ) সতী+ইন্দ্র (ঘ) সতি+ইন্দ্র উ. গ

১৬.সন্ধি শব্দের অর্থ কী? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের কার্গো হেলপার: ২৩]*

(ক) মিলন (খ) বিচ্ছেদ
(গ) বন্ধুত্ব (ঘ) সংযোগ উ. ক

১৭.'অত্যধিক' এর সন্ধি বিচ্ছেদ কি? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের কার্গো হেলপার/ট্রাফিক: ২৩]*

(ক) অতি+ধিক (খ) অত্যা+অধিক
(গ) অতি+অধিক (ঘ) অ+তাধিক উ. গ

১৮.'অন্বেষণ' এর সন্ধি বিচ্ছেদ কোনটি? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

(ক) অনু+এষণ (খ) অন্ব+এষণ
(গ) অন্বে+ষণ (ঘ) অন+ষণ উ. ক

১৯.'অত্যন্ত' এর সন্ধি বিচ্ছেদ কোনটি? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের ল্যাবরেটরি টেকনিশিয়ান: ২৩]*

(ক) অতি+অন্ত (খ) অতী+অন্ত
(গ) অতৎ+অন্ত (ঘ) অত+অন্ত উ. ক

২০.অভীষ্ট = ? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

(ক) অভি+ইস্ট (খ) অভি+সিস্ট
(গ) অভি+ইষ্ট (ঘ) কোনোটিই নয় উ. গ

২১.'গায়ক' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ২৩]*

(ক) গো+অক (খ) গায়+অক
(গ) গৈ+অক (ঘ) গৌ+অক উ. গ

২২.'গবেষণা' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? *[মন্ত্রিপরিষদ বিভাগের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

(ক) গব+এষণা (খ) গবে+এষণা
(গ) গ+এষণা (ঘ) গো+এষণা উ. ঘ

২৩.'জমানো' শব্দটির সন্ধি বিচ্ছেদ হচ্ছে- *[সুন্দরবন গ্যাস কোম্পানির সিনিয়র টেকনিশিয়ান: ২৩]*

(ক) জমান+ও (খ) জমা+ন
(গ) জমা+নো (ঘ) জমা+আনো উ. ঘ

২৪.'সংসার' এর সন্ধি বিচ্ছেদ কোনটি? *[এলজিইডি'র কার্যসহকারী: ২৩]*

(ক) সং+সার (খ) সাং+সার
(গ) সম্+সার (ঘ) সম+সার উ. গ

২৫.'ততোধিক' শব্দের সন্ধি বিচ্ছেদ নিচের কোনটি? *[এলজিইডি'র কার্যসহকারী: ২৩]*

(ক) তত+অধিক (খ) তত+ধিক
(গ) ততঃ+অধিক (ঘ) তত্য+ধিক উ. গ

২৬.'ষষ্ঠ' এর সন্ধি বিচ্ছেদ কোনটি? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা: ২৩]*

(ক) ষষ্+থ (খ) ষষ্+ঠ
(গ) ষস্+থ (ঘ) ষশ্+থ উ. ক

২৭.'তন্বী' শব্দের সন্ধি বিচ্ছেদ- *[কারা অধিদপ্তরের কারারক্ষী: ২৩]*

(ক) ত+ই (খ) ত+ঈ
(গ) তনু+ই (ঘ) তনু+ঈ উ. ঘ

২৮.'হিমালয়' শব্দটির সন্ধি বিচ্ছেদ- *[কারা অধিদপ্তরের কারারক্ষী: ২৩]*

(ক) হিমা+আলয় (খ) হিম+আলয়
(গ) হি+আলয় (ঘ) হিমা+লয় উ. খ

২৯.'তন্ময়' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর/ মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*

(ক) তৎ+ময় (খ) তনু+ময়
(গ) তৃৎ+ময় (ঘ) তন+ময় উ. ক

৩০.কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর/ মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*

(ক) ততঃ+অধিক = ততোধিক (খ) ষষ্+থ = ষষ্ঠ
(গ) বন+পতি = বনস্পতি (ঘ) সম্+বাদ = সংবাদ উ. গ

৩১.'পরীক্ষা' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমএলএস/ নিরাপত্তা প্রহরী: ২৩]*

(ক) পরী+ইক্ষা (খ) পরি+ইক্ষা
(গ) পরি+ঈক্ষা (ঘ) পরী+ঈক্ষা উ. গ

৩২.বিসর্গ সন্ধির ব্যতিক্রম উদাহরণ কোনটি? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমএলএস/ নিরাপত্তা প্রহরী: ২৩]*

(ক) প্রাতঃ+কাল (খ) অতঃ+এব
(গ) অহঃ+নিশা (ঘ) অন্তঃ+করণ উ. গ

৩৩.'দুর্লভ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ২৩]*

(ক) দুঃ+লভ (খ) দুর+লভ
(গ) দুর+লোভ (ঘ) কোনোটিই নয় উ. ক

৩৪.সন্ধি কত প্রকার? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিভিন্ন পদ: ২৩]*

(ক) ২ (খ) ৩
(গ) ৪ (ঘ) ৫ উ.

৩৫.খাঁটি বাংলায় কোন সন্ধি নেই? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর/ মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*

(ক) স্বরসন্ধি (খ) ব্যঞ্জনসন্ধি
(গ) বিসর্গসন্ধি (ঘ) বাংলা সন্ধি উ. গ

৩৬.'রবীন্দ্র' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? *[দুদকের কোর্ট পরিদর্শক:২২]*

(ক) রবী+ঈন্দ্র (খ) রবি+ইন্দ্র
(গ) রবি+ঈন্দ্র (ঘ) রবী+ইন্দ্র উ. খ

৩৭.'নাবিক' শব্দের সন্ধি বিচ্ছেদ হলো- *[বাংলাদেশ রেলওয়ের খালাসী:২২]*

(ক) নৌ+ইক (খ) নবৌ+ইক
(গ) নবো+ইক (ঘ) না+বিক উ. ক

৩৮.'দ্যুলোক' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? *[পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের পোস্টম্যান: ২২]*

(ক) দুঃ+লোক (খ) দি+লোক
(গ) দিঃ+লোক (ঘ) দিব্+লোক উ. ঘ

৩৯.'মোড়ক' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের হিসাবরক্ষক: ২২]*

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ক মোড়+অক খ মুড়ি+অক
গ মোড়+ওক ঘ মুড়+অক উ. ঘ

৪০.কোনটি 'ক্ষুধার্ত' শব্দের সন্ধি বিচ্ছেদ? *[পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের উচ্চমান সহকারী: ২২]*
ক ক্ষুৎ+আর্ত খ ক্ষুধা+আর্ত
গ ক্ষুধা+ঋত ঘ ক্ষুধ+আর্ত উ. গ

৪১.নিচের কোনটি বিসর্গ সন্ধির উদাহরণ? *[বাংলাদেশ রেলওয়ের পয়েন্টস্‌ম্যান: ২২]*
ক সম্মান খ সঞ্চয়
গ নিরাকার ঘ পরিচ্ছেদ উ. গ

৪২.'বাচস্পতি' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি? *[ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন অফিসার: ২২]*
ক বাচস+পতি খ বাচ+পতি
গ বাচস+তি ঘ বাচঃ+পতি উ. ঘ

৪৩.'গো+অক্ষ = গবাক্ষ' এটি কোন ধরনের সন্ধি বিচ্ছেদ? *[ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন অফিসার: ২২]*
ক নিপাতনে সিদ্ধ খ বিসর্গ সন্ধি
গ স্বরসন্ধি ঘ স্বর ব্যঞ্জন সন্ধি উ. ক

৪৪.কোনটি 'ক্ষুধার্ত' শব্দের সন্ধি বিচ্ছেদ? *[স্বাস্থ্য অধিদপ্তরের কম্পাউন্ডার:২২]*
ক ক্ষুধা+আর্ত খ ক্ষুৎ+ঋর্ত
গ ক্ষুধ+আর্ত ঘ ক্ষুধা+ঋত উ. ঘ

৪৫.'প্রত্যাবর্তন' শব্দের সন্ধি বিচ্ছেদ- *[রেলওয়ের সহকারী স্টেশন মাস্টার:২২]*
ক প্রতি+বর্তন খ প্রতি+আবর্তন
গ প্রত্যা+বর্তন ঘ প্রতিঃ+আবর্তন উ. খ

৪৬.নিচের কোনটি 'অন্বেষণ' শব্দের সন্ধি বিচ্ছেদ? *[বাংলাদেশ রেলওয়ের গার্ড (গ্রেড-২): ২২]*
ক অণু+এষণ খ অনু+এষণ
গ অণু+এষন ঘ অনু+এষন উ. খ

৪৭.'বাগাড়ম্বর' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? *[বাংলাদেশ রেলওয়ের সহকারী লোকোমটিভ মাস্টার: ২২]*
ক বাক্+আড়ম্বর খ বাক্+অম্বর
গ বাগ+আড়ম্বর ঘ বাগ+অম্বর উ. ক

৪৮.'জনৈক' শব্দটির সন্ধি বিচ্ছেদ- *[ডাক বিভাগের অফিস সহায়ক: ২২]*
ক জন+ইক খ জন+এক
গ জনৈ+এক ঘ জন+ঈক উ. খ

৪৯.'মাথায়' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? *[ডাক বিভাগের অফিস সহায়ক: ২২]*
ক মাথা+আয় খ মাথা+য়
গ মাথা+অয় ঘ মাথা+এ উ. ঘ

৫০.'গায়ক' এর সন্ধি বিচ্ছেদ কোনটি? *[ডাক অধিদপ্তরের হিসাব সহকারী / কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক গৈ+অক খ গা+অক
গ গে+অক ঘ গৌ+অক উ. ক

৫১.'মন্বন্তর' এর সন্ধি বিচ্ছেদ কোনটি? *[রাজউক এর ইমারত পরিদর্শক:২২]*
ক মন+অন্তর খ মনু+অন্তর
গ মনন+অন্তর ঘ মনুন+অন্তর উ. খ

৫২.নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি? *[রাজউক এর ইমারত পরিদর্শক:২২]*
ক গায়ক খ কুলটা
গ পবিত্র ঘ ভাবুক উ. খ

৫৩.সন্ধির প্রধান কাজ কী? *[মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের সিনিয়র অ্যাকাউন্টস্ ক্লার্ক: ২২]*
ক ধ্বনি পরিবর্তন খ অর্থের পরিবর্তন
গ পদের পরিবর্তন ঘ বাক্য সংকোচন উ. ক

৫৪.'দ্বৈপায়ন' শব্দের শুদ্ধ সন্ধি বিচ্ছেদ কোনটি? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক দীপ+আয়ন খ দ্বীপ+অয়ন
গ দ্বিপ+আয়ন ঘ দ্বীপ+আয়ন উ. ঘ

৫৫.'চলচ্চিত্র' এর সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি? *[ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস সহায়ক: ২২]*
ক চল+চিত্র খ চলত+চিত্র
গ চলৎ+চিত্র ঘ চলঃ+চিত্র উ. গ

৫৬.'তৃষ্ণার্ত' এর সন্ধি বিচ্ছেদ কোনটি? *[ডাক ও জীবনবীমা অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক: ২২]*
ক তৃষ্ণা + আর্ত খ তৃষ্ণা + ঋত
গ তৃষ্ণা + ষর্ত ঘ তৃষ্ণা + রিত উ. খ

৫৭.'ভাবুক' শব্দটির সন্ধিবিচ্ছেদ কোনটি? *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক ভাব্ + উক খ ভাবু + ক
গ ভৌ + বুক ঘ ভৌ + উক উ. ঘ

৫৮.'গ্রন্থাগার' শব্দটি- *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*
ক নিপাতনে সিদ্ধ সন্ধি খ স্বরসন্ধি
গ ব্যঞ্জন সন্ধি ঘ বিসর্গ সন্ধি উ. খ

৫৯.'আশ্চর্য' এর সন্ধি বিচ্ছেদ কোনটি? *[মৎস্য অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক:২১]*
ক আঃ+চর্য খ আশ+চর্য
গ আ+চর্য ঘ আহ্+চর্য উ. গ

৬০.'আশাতীত' এর সন্ধি বিচ্ছেদ কোনটি? *[মৎস্য অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*
ক আশা+অতিত খ আশা+অতীত
গ আশ+অতিত ঘ আশ+অতীত উ. খ

৬১.'অক্ষৌহিণী' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ক্যাশিয়ার/স্টোর কিপার: ২১]*
ক অক্ষ+উহিণী খ অক্ষ+ঊহিণী
গ অক্ষ+উহিনি ঘ অক্ষ+ঊহীনী উ. খ

৬২.'উদ্যম' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ হলো- *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ক্যাশিয়ার/স্টোর কিপার: ২১]*
ক উদ্+দম খ উদ্যা+যম
গ উৎ+যম ঘ উৎ+ম উ. গ

৬৩.'প্রাতরাশ' এর সন্ধি কী? *[খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক:২১]*
ক প্রাতঃ+রাশ খ প্রাতঃ+আশ
গ প্রাতো+রাশ ঘ প্রাত+রাশ উ. খ

৬৪.'সঞ্চয়' এর সন্ধি বিচ্ছেদ কী? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]*
ক সন্+চয় খ সম্+চয়
গ সঞ্চ+চয় ঘ সং+চম উ. খ

৬৫.'যদ্যপি' এর সন্ধিবিচ্ছেদ কী? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*
ক যদ্+পি খ যদি+অপি
গ যদ+অপি ঘ যদ্য+অপি উ. খ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৬৬.'পশু+অধম' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]
ক পশ্বাধম খ পশ্বধম
গ পশুধম ঘ পর্শধম উ. ক

৬৭.'নিষ্কর' এর সন্ধি বিচ্ছেদ কোনটি? [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ২১]
ক নিঃ+কর খ নীঃ+কার
গ নিষ+কর ঘ নিস্+কর উ. ক

৬৮.'পদ্ধতি' এর সন্ধি বিচ্ছেদ হলো- [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]
ক পথ্+হতি খ পদ্+হতি
গ পথঃ+হতি ঘ পৎ+হতি উ. খ

৬৯.'মনীষা' এর সন্ধি বিচ্ছেদ হলো- [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]
ক মন্+ঈষা খ মনঃ+ঈষা
গ মনি+ঈষা ঘ মনস্+ঈষা উ. ঘ

৭০.'বিদ্বজ্জন' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি? [পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী: ২১]
ক বিদ্য+জ্জন খ বিদ্বৎ+জন
গ বিদ্ব+জন ঘ বিদ্বৎ+জ্জন উ. খ

৭১.'বৃহস্পতি' শব্দটির সন্ধি-বিচ্ছেদ কোনটি? [খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক বৃহৎ+পতি খ বৃহ+অস্পতি
গ বৃহস+পতি ঘ বৃহঃ+পতি উ. ক

৭২.উপর্যুক্ত শব্দের সন্ধিবিচ্ছেদ- [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]
ক উপরি+উক্ত খ উপর্য+উক্ত
গ উপ+যুক্ত ঘ উপর+যুক্ত উ. ক

৭৩.'পদ্ধতি' শব্দের সন্ধি বিচ্ছেদ- [জনস্বাস্থ্য অধিদপ্তরের ক্লার্ক কাম টাইপিস্ট:২১]
ক পদ্+ধতি খ পথ্+ধতি
গ পৎ+হতি ঘ পদ্+হতি উ. ঘ

৭৪.'ইত্যাকার' শব্দটির সন্ধিবিচ্ছেদ- [জনস্বাস্থ্য অধিদপ্তরের ক্লার্ক কাম টাইপিস্ট: ২১]
ক ইতি+আকার খ ইত্যা+কার
গ ইতি+কার ঘ ইত+আকার উ. ক

৭৫.'রাজ্ঞী' এর সন্ধিবিচ্ছেদ কোনটি? [পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২১]
ক রাজ্+নী খ রাগ্+নী
গ রাজ্+গি ঘ রাজন গি উ. ক

৭৬.'নীরব' শব্দের সন্ধিবিচ্ছেদ কি হবে? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাবরক্ষক: ২১]
ক নিঃ+রব খ নীঃ+রব
গ নীরঃ+ব ঘ নৈ+রব উ. ক

৭৭.'ইত্যাদি' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ হলো- [বাংলাদেশ টেলিভিশনের অফিস সহযোগী: ২১]
ক ইতি+আদি খ ইত্যা+আদি
গ ইত+আদি ঘ ইতী+আদি উ. ক

৭৮.'উদ্যোগ' শব্দের সন্ধি বিচ্ছেদ- [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের স্টোরম্যান/ডেচপার রাইডার: ২১]
ক উদ+যোগ খ উৎ+যোগ
গ উদ্যো+গ ঘ উত+যোগ উ. খ

৭৯.সন্ধির প্রধান সুবিধা কী? [মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]
ক পড়ার সুবিধা খ উচ্চারণের সুবিধা
গ বাক্য গঠনের সুবিধা ঘ লেখার সুবিধা উ. খ

৮০.'অন্বেষণ' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ করুন- [পরিসংখ্যান ব্যুরোর চেইনম্যান: ২১]
ক অণু+এষন খ অনু+এষন
গ অণু+এষণ ঘ অনু+এষণ উ. ঘ

৮১.বিসর্গ সন্ধিযুক্ত শব্দ কোনটি? [বাংলাদেশ টেলিভিশনের ক্যাশিয়ার: ২১]
ক সংসার খ দুরবস্থা
গ উদ্যোগ ঘ ধস উ. খ

৮২.'ঢাকেশ্বরী' শব্দের প্রকৃত সন্ধি-বিচ্ছেদ হলো- [এনএসআই এর ওয়াচার কনস্টেবল/ ফিল্ড স্টাফ: ২১]
ক ঢাকে+ঈশ্বরী খ ঢাকঁ+ঈশ্বরী
গ ঢাকা+ঈশ্বরী ঘ ঢাকাই+ঈশ্বরী উ. গ

৮৩.'দুশ্চরিত্র' শব্দটির সন্ধি বিচ্ছেদ নিচের কোনটি? [এনএসআই এর ওয়্যারলেস অপারেটর/ হিসাবরক্ষক: ২১]
ক দু+চরিত্র খ দুঃ+চরিত্র
গ দুং+চরিত্র ঘ দূঃ+চরিত্র উ. খ

৮৪.'বিদ্যালয়' শব্দটির সন্ধি-বিচ্ছেদ নিচের কোনটি? [এনএসআই এর ডেসপার রাইভার ও অফিস সহায়ক: ২১]
ক বিদ্যা+আলয় খ বিদ+আলয়
গ বিদ্যা+অলয় ঘ বিদ+অলয় উ. ক

৮৫.'সন্ধান' শব্দটির সন্ধি-বিচ্ছেদ নিচের কোনটি? [এনএসআই এর ডেসপার রাইভার ও অফিস সহায়ক: ২১]
ক সন্+দান খ সন্ধ+আন
গ সম্+ধান ঘ সম্+দান উ. গ

৮৬.'প্রত্যেক' শব্দটির সন্ধি-বিচ্ছেদ নিচের কোনটি? [এনএসআই এর ডেসপার রাইভার ও অফিস সহায়ক: ২১]
ক প্র+তেক খ প্রতে+এক
গ প্রতি+এক ঘ প্রতি+ক উ. গ

৮৭.'পরিচ্ছেদ' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক পরিঃ+ছেদ খ পরি+চ্ছেদ
গ পরি+ছেদ ঘ পরি+শেদ উ. গ

৮৮.'সঞ্চয়' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? [কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কম্পিউটার অপারেটর: ২১]
ক সন্ + চয় খ সম্ + চয়
গ সঃ + চয় ঘ সং + চয় উ. খ

৮৯.বাংলা সন্ধি কত প্রকার? [এনএসআই এর কম্পিউটার অপারেটর: ২১]
ক দুই খ তিন
গ চার ঘ পাঁচ উ. ক

৯০.'প্রৌঢ়' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]
ক প্র+উঢ় খ প্র+উঢ়
গ প্রঃ+উঢ় ঘ প্রো+উঢ় উ. ক

৯১.নিচের কোন ক্ষেত্রে সন্ধি করা অনুচিত? [এনএসআই এর ওয়াচার কনস্টেবল/ ফিল্ড স্টাফ: ২১]
ক বাংলা শব্দের সঙ্গে সংস্কৃত শব্দের সন্ধি করা অনুচিত

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

(খ) সমাসবদ্ধ পদে সন্ধি করা অনুচিত
(গ) ধাতুর সঙ্গে প্রযুক্ত উপসর্গে সন্ধি করা অনুচিত
(ঘ) উপরের কোনোটিই নয় উ. ক

৯২.'অতীত' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি? *[আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২০]*
(ক) অতি+ইত (খ) অতী+ত
(গ) অত+ইত (ঘ) অত+ঈত উ. ক

৯৩.'নীরস' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? *[আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২০]*
(ক) নি+রস (খ) নী+রস
(গ) নিঃ+রস (ঘ) নীঃ+রস উ. গ

৯৪.'দ্যুলোক' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি? *[যুব উন্নয়ন অধিদপ্তরের ক্রেডিট সুপারভাইজার/সাঁট মুদ্রাক্ষরিক অপারেটর: ১৯]*
(ক) দুঃ+ লোক (খ) দিব্+ লোক
(গ) দ্বি+ লোক (ঘ) দ্বিঃ+ লোক উ. খ

৯৫.'বিচ্ছেদ' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি? *[সিজিডিএফ এর জুনিয়র অডিটর: ১৯]*
(ক) বিচ + ছেদ (খ) বি + ছেদ
(গ) বিচঃ + ছেদ (ঘ) বিঃ + ছেদ উ. খ

৯৬.'মহৌষধি' শব্দটির সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি? *[এনএসআই এর জুনিয়র ফিল্ড অফিসার: ১৯]*
(ক) মহ+ওষধি (খ) মহা+ওষধি
(গ) মহ+ঔষধি (ঘ) মহা+ঔষধি উ. খ

৯৭.নিচের কোনটি 'অন্বেষণ' শব্দের সন্ধি-বিচ্ছেদ? *[এনএসআই এর ওয়াচার কনস্টেবল: ১৯]*
(ক) অণু+এষণ (খ) অনু+এষণ
(গ) অণু+এষন (ঘ) অনু+এষন উ. খ

৯৮.'সংযম' শব্দের সন্ধি বিচ্ছেদ কী? *[ক্রীড়া পরিদপ্তরের কম্পিউটার অপারেটর: ১৯]*
(ক) সং + যম (খ) সম + যম
(গ) সম্ + যম (ঘ) সৎ + যম উ. গ

৯৯.'দুরূহ' শব্দের সন্ধিবিচ্ছেদ হলো- *[দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ১৯]*
(ক) দুঃ+উহ্ (খ) দুঃ+রূহ
(গ) দূর+উহ (ঘ) দুর+ই উ. ক

১০০.নিচের কোনটি 'ষড়ানন' শব্দের সন্ধিবিচ্ছেদ? *[এনএসআই এর ওয়াচার কনস্টেবল: ১৯]*
(ক) ষড়+আনন (খ) ষটা+আনন
(গ) ষড+আনন (ঘ) কোনোটিই নয় উ. ঘ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

১. সন্ধি বিচ্ছেদ করুন: *[বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২৩]*
ক. সঞ্চয় = সম্+চয়
খ. উদ্যোগ = উৎ+যোগ
গ. বনস্পতি = বন+পতি

২. সন্ধি বিচ্ছেদ করুন: *[বিদ্যুৎ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]*
ক. হিমাদ্রি = হিম+অদ্রি
খ. সংবাদ = সম্+বাদ
গ. মহার্ঘ = মহা+অর্ঘ
ঘ. প্রত্যাশা = প্রতি+আশা
ঙ. নায়ক = নৈ+অক

৩. সন্ধি বিচ্ছেদ করুন: *[শিপিং কর্পোরেশন চট্টগ্রামের কম্পিউটার অপারেটর:২৩]*
ক. রাজ্ঞী = রাজ্+নী
খ. বৃহস্পতি = বৃহৎ+পতি
গ. পর্যালোচনা = পরি+আলোচনা
ঘ. প্রতীক্ষা = প্রতি+ঈক্ষা
ঙ. গীতি = গৈ+তি

৪. সন্ধি বিচ্ছেদ করুন: *[বাংলাদেশ নৌবাহিনীর বিভিন্ন পদ: ২৩]*
ক. নরাধম = নর+অধম
খ. প্রতীত = প্রতি+ইত
গ. অত্যুক্তি = অতি+উক্তি
ঘ. তন্বী = তনু+ঈ
ঙ. পিত্রালয় = পিতৃ+আলয়

৫. সন্ধি বিচ্ছেদ করুন: *[সুরক্ষা সেবা বিভাগের অফিস সহায়ক: ২৩]*
ক. আবিষ্কার = আবিঃ+কার
খ. লবণ = লো+অন
গ. অত্যাশ্চর্য = অতি+আশ্চর্য
ঘ. প্রত্যাবর্তন = প্রতি+আবর্তন

৬. সন্ধি বিচ্ছেদ করুন: *[ট্যাকসেস আপীলাত ট্রাইবুনালের অফিস সহায়ক: ২৩]*
ক. লবণ = লো+অন
খ. পদ্ধতি = পদ্+হতি
গ. বসুন্ধরা = বসুম্ +ধরা
ঘ. সংসার = সম্+সার
ঙ. ভাস্কর = ভাঃ+কর

৭. সন্ধি বিচ্ছেদ করুন: *[কর্নেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ এর মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক. তন্বী = তনু+ঈ।
খ. প্রত্যেক = প্রতি +এক।
গ. শীতার্ত = শীত+ঋত।
ঘ. গবেষণা = গো+এষণা।
ঙ. আবিষ্কার = আবিঃ+কার।

৮. সন্ধি বিচ্ছেদ করুন: *[বাণিজ্য মন্ত্রণালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক. তৃষ্ণার্ত = তৃষ্ণা+ঋত
খ. নাব্য = নৌ+য
গ. ইত্যাদি = ইতি+আদি
ঘ. শীতার্ত = শীত+ঋত
ঙ. স্বাগত = সু+আগত

৯. সন্ধি বিচ্ছেদ করুন: *[সুরক্ষা সেবা বিভাগের কম্পিউটার অপারেটর: ২৩]*
ক. মহর্ষি = মহা+ঋষি
খ. সম্মান = সম্+মান
গ. অহরহ = অহঃ+অহ
ঘ. যথেচ্ছা = যথা+ইচ্ছা
ঙ. রবীন্দ্র = রবি+ইন্দ্র

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১০.সন্ধি বিচ্ছেদ করুন: *[বিসিএস কর একাডেমির সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*
ক. যাচ্ছেতাই = যা+ইচ্ছা+তাই
খ. অন্যান্য = অন্য+অন্য
গ. নদ্যম্বু = নদী+অম্বু
ঘ. অত্যুক্তি = অতি+উক্তি
ঙ. উল্লেখ = উৎ+লেখ

১১.সন্ধি বিচ্ছেদ করুন: *[সুরক্ষা সেবা বিভাগের সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*
ক. শীতার্ত = শীত+ঋত
খ. উপর্যুক্ত = উপরি+উক্ত
গ. সংবাদ = সম্+বাদ
ঘ. নায়ক = নৈ+অক
ঙ. কথাচ্ছলে = কথা+ছলে

১২.সন্ধি বিচ্ছেদ করুন: *[অর্থ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২৩]*
ক. বহ্ণুৎসব = বহ্নি+উৎসব
খ. ইতস্তত = ইতঃ+তত

১৩.সন্ধি বিচ্ছেদ করুন: *[অর্থ মন্ত্রণালয়ের সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*
ক. সদানন্দ = সৎ+আনন্দ
খ. চতুরঙ্গ = চতুঃ+অঙ্গ
গ. মার্তণ্ড = মার্ত+অণ্ড
ঘ. পতঞ্জলি = পতৎ+অঞ্জলি
ঙ. তৃষ্ণার্ত = তৃষ্ণা+ঋত

১৪.সন্ধি বিচ্ছেদ করুন: *[পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*
ক. পরীক্ষা = পরি+ঈক্ষা
খ. ক্ষুধার্ত = ক্ষুধা+ঋত
গ. পরিচ্ছেদ = পরি+ছেদ
ঘ. দুর্ঘটনা = দুঃ+ঘটনা
ঙ. অন্যান্য = অন্য+অন্য

১৫.সন্ধি বিচ্ছেদ করুন: *[কর কমিশনারের কার্যালয়, ঢাকা এর সাঁট মুদ্রাক্ষরিক:২৩]*
ক. পরীক্ষা = পরি+ঈক্ষা
খ. মনীষা = মনস্+ঈষা
গ. কুজ্ঝটিকা = কুৎ+ঝটিকা
ঘ. অহরহ = অহঃ+অহ
ঙ. মস্যাধার = মসী+আঁধার

১৬.সন্ধি বিচ্ছেদ কর: *[রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক. সম্+লাপ = সংলাপ
খ. উৎ+ছেদ = উচ্ছেদ
গ. ষষ্+থ = ষষ্ঠ

১৭. সন্ধি বিচ্ছেদ করুন: *[বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]*
ক. রাজর্ষি = রাজা+ঋষি
খ. ক্ষুধার্ত = ক্ষুধা+ঋত
গ. গবাদি = গো+আদি
ঘ. মহৌষধ = মহা+ঔষধ
ঙ. প্রচ্ছদ = প্র+ছদ

১৮.সন্ধি বিচ্ছেদ করুন: *[ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক. উচ্ছ্বাস = উৎ+শ্বাস
খ. উদ্ধৃত = উৎ+হৃত
গ. কুজ্ঝটিকা = কুৎ+ঝটিকা
ঘ. প্রিয়ংবদা = পিয়ম্+বদা
ঙ. দুষ্প্রাপ্য = দুঃ+প্রাপ্য

১৯.সন্ধি বিচ্ছেদ করুন: *[ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক. অহরহ = অহঃ+অহ
খ. ক্ষণিক = ক্ষণ+ইক
গ. কুলটা = কুল+অটা

২০.সন্ধি বিচ্ছেদ করুন: *[গণযোগাযোগ অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*
ক. মহেশ্বর = মহা+ঈশ্বর
খ. সপ্তর্ষি = সপ্ত+ঋষি
গ. কথামৃত = কথা+অমৃত
ঘ. উদ্ধত = উৎ+হত

২১.সন্ধি বিচ্ছেদ করুন: *[পানি উন্নয়ন বোর্ডের উপ-সহকারী প্রকৌশলী: ২৩]*
ক. তন্বী = তনু+ঈ
খ. ভাবুক = ভৌ+উক
গ. মনীসা = মনস্+ঈষা
ঘ. দ্বৈপায়ন = দ্বীপ+আয়ন

২২.সন্ধি বিচ্ছেদ করুন: *[পুলিশ হেডকোয়ার্টার্সের সাঁট মুদ্রাক্ষরিক কম্পিউটার অপারেটর: ২৩]*
ক. ভাবুক = ভৌ+উক
খ. উন্নয়ন = উৎ+নয়ন
গ. তস্কর = তৎ+কর
ঘ. আচ্ছন্ন = আ+ছন্ন
ঙ. পশ্বাচার = পশু+আচার

২৩.সন্ধি বিচ্ছেদ করুন: *[পুলিশ হেডকোয়ার্টার্সের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক. ক্ষুব্ধ = ক্ষুভ্+ত
খ. উন্নয়ন = উৎ+নয়ন
গ. তস্কর = তৎ+কর
ঘ. আচ্ছন্ন = আ+ছন্ন
ঙ. পশ্বাচার = পশু+আচার

২৪.সন্ধি বিচ্ছেদ করুন: *[আর্কাইভ ও গ্রন্থাগার অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*
ক. তদন্ত = তৎ+অন্ত
খ. মুখচ্ছবি = মুখ+ছবি
গ. সজ্জন = সৎ+জন
ঘ. অহংকার = অহম্+কার
ঙ. সংগীত = সম্+গীত

২৫.সন্ধি বিচ্ছেদ করুন: *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের উপজেলা ব্যবস্থাপক: ২৩]*
ক. তথৈবচ = তথা+এবচ
খ. স্বৈর = স্ব+ঈর

২৬.সন্ধি বিচ্ছেদ লিখুন: *[ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*
ক. পর্যালোচনা = পরি+আলোচনা
খ. প্রেষণ = প্র+এষণ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

লিঙ্গ

লিঙ্গ শব্দের অর্থ চিহ্ন। পুরুষ, স্ত্রী, জড় পদার্থ ও উভয় সম্প্রদায়ভুক্ত জাতি বোঝাতে যে চিহ্ন ব্যবহার করা হয় তাকে লিঙ্গ বলে। লিঙ্গ চার প্রকার। যথা: পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ, উভয়লিঙ্গ ও ক্লীবলিঙ্গ।

- **বাংলায় পুরুষ ও স্ত্রীবাচক শব্দ:**

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
আব্বা	আম্মা	চাচা	চাচী	কাকা	কাকী
দাদা	দাদী	নানা	নানী	নন্দাই	ননদ
খোকা	খুকী	পাগল	পাগলী	বামন	বামনী
দুলহা	দুলহিন	সাহেব	বিবি	পিতা	মাতা
কর্তা	গিন্নী	বর	কনে	বাদশা	বেগম
জামাই	মেয়ে	বেয়াই	বেয়াইন	শুক	সারী

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
বেঙ্গমা	বেঙ্গমী	ভাগনে	ভাগনী
কামার	কামারনী	চাকর	চাকরানী
মজুর	মজুরনী	ঠাকুর	ঠাকুরানী
অভাগা	অভাগী/অভাগিনী	বাঘ	বাঘিনি
ননদাই	ননদিনী/ননদী	গুণী	গুণিনী
গোয়ালা	গোয়ালিনি	ভিখারী	ভিখারিনী
কবি	মহিলা কবি	বলদ গরু	গাই গরু
সভ্য	মহিলা সভ্য	মদ্দা ঘোড়া	মাদী ঘোড়া
ডাক্তার	মহিলা ডাক্তার	ঠাকুরদা	ঠাকুরমা
পুলিশ	মহিলা পুলিশ	বেটাছেলে	মেয়েছেলে
গয়লা	গয়লা বউ	ঠাকুর-পো	ঠাকুর-ঝি

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
নর/মদ্দা/হুলো বিড়াল	মেনি বিড়াল
পুরুষ লোক	মেয়েলোক/স্ত্রীলোক
পুরুষ কয়েদি	স্ত্রী/মেয়ে কয়েদি
এঁড়ে বাছুর	বকনা বাছুর

- **সংস্কৃত পুরুষ ও স্ত্রীবাচক শব্দ:**

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
মৃত	মৃতা	বিবাহিত	বিবাহিতা
মাননীয়	মাননীয়া	বৃদ্ধ	বৃদ্ধা
প্রিয়	প্রিয়া	প্রথম	প্রথমা
চতুর	চতুরা	চপল	চপলা
মলিন	মলিনা	চতুর্দশ	চতুর্দশী
অজ	অজা	শূদ্র	শূদ্রা
নিশাচর	নিশাচরী	ভয়ংকর	ভয়ংকরী
রজক	রজকী	ষোড়শা	ষোড়শী
সেবক	সেবিকা	অধ্যাপক	অধ্যাপিকা
গায়ক	গায়িকা	লেখক	লেখিকা
চাতক	চাতকী	রজক	রজকী
নাটক	নাটিকা	মালা	মালিকা
পুস্তক	পুস্তিকা	একাঙ্ক	একাঙ্কিকা
বৈষ্ণব	বৈষ্ণবী	কুমার	কুমারী
ডাক্তার	ডাক্তারনী	মায়াবী	মায়াবিনী
স্বামী	স্ত্রী	সম্রাট	সম্রাজ্ঞী

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
অভাগা	অভাগী / অভাগিনী	সুকেশ	সুকেশা/সুকেশী
মৃগনয়ন	মৃগনয়নী/ মৃগনয়না	শ্বশুর	শ্বশ্রু/শাশুড়ি
চন্দ্রমুখ	চন্দ্রমুখী / চন্দ্রমুখা	সুনয়ন	সুনয়নী/সুনয়না
বিহঙ্গ	বিহঙ্গী/বিহঙ্গিনী	নন্দাই	ননদিনী/ ননদী
চন্দ্রবদন	চন্দ্রবদনী/চন্দ্রবদনা	সুকণ্ঠ	সুকণ্ঠী / সুকণ্ঠা

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
ঠাকুর	ঠাকুরুন / ঠাকুরানী / ঠাকুরাইন
অরণ্য	অরণ্যানী (বৃহৎ অরণ্য)
হিম	হিমানী (জমানো বরফ)
বন	বনানী (বৃহৎ বন)

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
আচার্য	আচার্যা (আচার্যার কর্মে নিয়োজিত)
	আচার্যানী (আচার্যের স্ত্রী)
শূদ্র	শূদ্রা (শূদ্র জাতীয় স্ত্রীলোক)
	শূদ্রাণী (শূদ্রের স্ত্রী)
ঘোষ	ঘোষজা (কন্যা)
	ঘোষজায়া (স্ত্রী)
বর	বধূ / বউ (বিবাহিত)
	কনে (অবিবাহিত)
দেবর	ননদ (দেবরের বোন)
	জা (দেবরের স্ত্রী)
বন্ধু	বান্ধবী (মেয়ে বন্ধু)
	বন্ধুপত্নী (বন্ধুর স্ত্রী)
ভাই	বোন
	ভাবি (ভাইয়ের স্ত্রী)

- **কিছু গুরুত্বপূর্ণ লিঙ্গান্তর:**

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
কল্যাণীয়েষু	কল্যাণীয়াসু	কর্তা	কর্ত্রী
শ্রদ্ধাস্পদেষু	শ্রদ্ধাস্পদাসু	শ্রোতা	শ্রোত্রী
কল্যাণীবরেষু	কল্যাণীবরাসু	নেতা	নেত্রী
ধোপা	ধোপানি	জেলে	জেলেনি
শূর্পণখ	শূর্পণখা	গুণবান	গুণবতী
বুদ্ধিমান	বুদ্ধিমতী	বীর	বীরাঙ্গনা
সভাপতি	সভানেত্রী	পুণ্যবান	পুণ্যবতী
শ্রীমান	শ্রীমতি	পাঠক	পাঠিকা

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

• **বিদেশি স্ত্রীবাচক শব্দ:**

পুরুষবাচক	স্ত্রীবাচক	পুরুষবাচক	স্ত্রীবাচক
মুহুতারিম	মুহুতারিমা	সুলতান	সুলতানা
খান	খানম	মরদ	জেনানা
মালেক	মালেকা	সাহেব	বিবি, মেম

নিত্য পুরুষবাচক শব্দ	কবিরাজ, যোদ্ধা, ঢাকী, কৃতদার, অকৃতদার, পুরোহিত, কেরানী, রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, সরকার, পীর, দরবেশ, মওলানা, সেনাপতি, দলপতি, বিচারপতি, জ্বীন, জামাতা ইত্যাদি।
নিত্য স্ত্রীবাচক শব্দ	সতীন, সপত্নী, সধবা, সৎমা, ডাইনি, অর্ধাঙ্গিনী, বাইজী, কুলটা, এয়ো, দাই, বিধবা, অসূর্যম্পর্শা, অরক্ষণীয়া, কলঙ্কিনী, পেত্নী, শাকচুন্নি, অপ্সরা, পরী ইত্যাদি।
উভয় লিঙ্গ বাচক শব্দ	শিশু, সন্তান, পাখি, জন, শিক্ষিত ইত্যাদি।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. কোনটি লিঙ্গান্তর হয় না- *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের মেডিকেল টেকনোলজিস্ট:২৩]*
ক কবিরাজ খ বেয়াই
গ সাহেব ঘ সঙ্গী **উ. ক**

২. নিচের কোনটি ক্ষুদ্রার্থে স্ত্রী লিঙ্গ? *[বন অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*
ক গীতিকা খ দ্বিমানী
গ আয়া ঘ লেডি **উ. ক**

৩. 'অরণ্য' শব্দটির লিঙ্গ পরিবর্তন করুন: *[বন অধিদপ্তরের বন প্রহরী:২৩]*
ক বনানী খ অরণ্যানী
গ বন ঘ বনশ্রী **উ. খ**

৪. 'কুলি' শব্দের স্ত্রীবাচক কোনটি? *[স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনিশিয়ান: ২৩]*
ক কামিন খ কামিনী
গ মহিলা কুলি ঘ কুলিনী **উ. ক**

৫. নিত্য স্ত্রীবাচক শব্দ কোনটি? *[নির্বাচন কমিশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক:২৩]*
ক জেঠী খ পাদানী
গ রজকী ঘ কুলটা **উ. ঘ**

৬. নিত্য পুরুষবাচক শব্দ কোনটি? *[নির্বাচন কমিশনের অফিস সহায়ক:২৩]*
ক কুলটা খ রাষ্ট্রপতি
গ চাতক ঘ শূদ্র **উ. খ**

৭. 'চেয়ার' কোন লিঙ্গ? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক পুং খ স্ত্রী
গ ক্লীব ঘ উভয় **উ. গ**

৮. কোনটি পুরুষবাচক শব্দ? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমএলএস/ নিরাপত্তা প্রহরী: ২৩]*
ক সন্তান খ বিদুষী
গ মানুষ ঘ বিদ্বান **উ. ঘ**

৯. 'নাটিকা' কোন অর্থে স্ত্রীবাচক শব্দ? *[বাংলাদেশ রেলওয়ের খালাসী:২২]*
ক সমার্থে খ ক্ষুদ্রার্থে
গ বৃহদার্থে ঘ বিপরীতার্থে **উ. খ**

১০. কোন পুরুষবাচক শব্দের দুইটি স্ত্রীবাচক শব্দ আছে? *[সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী: ২২]*
ক রাষ্ট্রপতি খ যোদ্ধা
গ দেবর ঘ কেরানী **উ. গ**

১১. কোনটি উভয় লিঙ্গবাচক শব্দ? *[হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২২]*
ক টেবিল খ সৈন্য
গ প্রিয় ঘ মানুষ **উ. ঘ**

১২. 'পুস্তক' শব্দটির স্ত্রীলিঙ্গ কোনটি? *[ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন অফিসার: ২২]*
ক পুস্তকা খ পুস্তকি
গ পুস্তিকা ঘ পুস্তাকিনী **উ. গ**

১৩. 'সমিতি' কোন লিঙ্গ? *[বাংলাদেশ রেলওয়ের সহকারী লোকোমটিভ মাস্টার:২২]*
ক ক্লীব লিঙ্গ খ পুং লিঙ্গ
গ স্ত্রী লিঙ্গ ঘ উভয় লিঙ্গ **উ. ক**

১৪. কোন শব্দের নারীবাচক শব্দ হয় না? *[ডাক বিভাগের অফিস সহায়ক:২২]*
ক শিক্ষক খ গুরু
গ বাঘ ঘ সভাপতি **উ. ঘ**

১৫. 'মজুর' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি? *[ডাক বিভাগের অফিস সহায়ক:২২]*
ক মজুরী খ মজুরিনী
গ মজুরনী ঘ মজুরানী **উ. গ**

১৬. কোনটি উভয়লিঙ্গ প্রকাশক? *[বাংলাদেশ রেলওয়ের পয়েন্টস্‌ম্যান: ২২]*
ক শিক্ষক খ ছাত্র
গ মন্ত্রী ঘ নেতা **উ. গ**

১৭. কোনটির দুটি স্ত্রীবাচক শব্দ আছে? *[বিটিআরসি'র কন্ডাক্টর-ডি: ২২]*
ক শুক খ খোকা
গ বর ঘ গায়ক **উ. গ**

১৮. 'বিধবা' শব্দের বিপরীত লিঙ্গ কী? *[মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের সিনিয়র অ্যাকাউন্টস্ ক্লার্ক: ২২]*
ক সধবা খ বহুপত্নীক
গ বিপত্নীক ঘ অধবা **উ. গ**

১৯. লিঙ্গান্তর হয় না এমন শব্দ কোনটি? *[মৎস্য অধিদপ্তরের অফিস সহায়ক:২১]*
ক নদ খ শিক্ষক
গ কবিরাজ ঘ ননদ **উ. গ**

২০. 'কুহক' এর স্ত্রীবাচক শব্দ কোনটি? *[মৎস্য অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক:২১]*
ক কুহকি খ কুহকী
গ কুহকিনী ঘ কুহকিনি **উ. গ**

২১. 'অরণ্য' শব্দের স্ত্রী লিঙ্গ কী? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ক্যাশিয়ার/ স্টোর কিপার: ২১]*
ক অরন্যাণী খ অরণ্যানি
গ অরণ্যানী ঘ কোনটি নয় **উ. গ**

২২. নিচের কোনটি প্রত্যয়যোগে গঠিত স্ত্রীবাচক শব্দ? *[খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]*
ক জেলেনী খ পেত্নী
গ বাদী ঘ সভানেত্রী **উ. ক**

২৩. 'কর্তা' শব্দের স্ত্রী লিঙ্গ কী? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক:২১]*
ক কতৃ খ কর্ত্রী
গ কর্তানী ঘ কর্তান **উ. খ**

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

২৪.'গীতিকা' শব্দটি কোন অর্থে স্ত্রী লিঙ্গ? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অফিস সহায়ক: ২১]*
ক সমার্থে খ বৃহদার্থে
গ ক্ষুদ্রার্থে ঘ বিপরীতার্থে উ. গ

২৫.'গণক' শব্দটির স্ত্রী লিঙ্গ কোনটি? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*
ক গণিকা খ গণকী
গ গণকিনী ঘ গণকা উ. খ

২৬.'কবিরাজ' শব্দটি- *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*
ক পুরুষবাচক খ স্ত্রীবাচক
গ নিত্য পুরুষবাচক ঘ উভয়লিঙ্গ বাচক উ. গ

২৭.'ঠাকুর' শব্দের লিঙ্গান্তর- *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের স্টোরম্যান/ ডেচপার রাইডার: ২১]*
ক ঠাকুরাইন খ ঠাকুরানি
গ ঠাকুরণী ঘ ঠাকুরাণি উ. খ

২৯.নিচের কোনটি নিত্য পুরুষবাচক শব্দ? *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক কুলটা খ ঢাকী
গ পয়লা ঘ শুক উ. খ

৩০.নারীবাচক করা যায় না এমন শব্দ কোনটি? *[এনএসআই এর কম্পিউটার অপারেটর: ২১]*
ক শিক্ষক খ তেজস্বী
গ লেখক ঘ রাষ্ট্রপতি উ. ঘ

৩১.'জমিদার' শব্দের স্ত্রীলিঙ্গ কোনটি? *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক জমিদারনি খ জমিদারিনী
গ জমিদারী ঘ জমিদার কন্যা উ. ক

৩২.'সাথী' শব্দটি কোন লিঙ্গ? *[পরিবেশ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর:২০]*
ক পুং লিঙ্গ খ স্ত্রী লিঙ্গ
গ ক্লীব লিঙ্গ ঘ উভয় লিঙ্গ উ. ঘ

৩৩.নিচের কোনটি পুরুষবাচক শব্দ? *[সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ১৯]*
ক বেহান খ ঠাকুরঝি
গ শঙ্খী ঘ দীর্ঘাঙ্গী উ. গ

৩৪.'মালা' শব্দের স্ত্রীলিঙ্গ কোনটি? *[ক্রীড়া পরিদপ্তরের কম্পিউটার অপারেটর:১৯]*
ক মালিকা খ মালী
গ মালীনী ঘ মালিনী উ. ক

৩৫.নিচের কোন শব্দটির কোনো পুরুষবাচক শব্দ নেই? *[ক্রীড়া পরিদপ্তরের কম্পিউটার অপারেটর: ১৯]*
ক কামারনী খ সতীন
গ ননদ ঘ অভিসারিণী উ. খ

৩৬.'বিদ্বান' এর সঠিক স্ত্রী বাচক শব্দ কোনটি? *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ১৯]*
ক বিদ্বানী খ বিদুষিণী
গ বিদুষী ঘ বিদূষী উ.গ

৩৭.'মানুষ মরণশীল' এ বাক্যে 'মানুষ' শব্দটি কোন লিঙ্গ? *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ১৯]*
ক পুংলিঙ্গ খ স্ত্রীলিঙ্গ
গ উভয়লিঙ্গ ঘ ক্লীবলিঙ্গ উ. গ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

১. লিঙ্গ পরিবর্তন করুন: *[বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]*
ক. অরণ্য- অরণ্যানী
খ. সৎ- সতী
গ. ইন্দ্র- ইন্দ্রানী
ঘ. অনাথ- অনাথিনী
ঙ. যশস্বী- যশস্বতী

২. লিঙ্গ পরিবর্তন করুন: *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের উপজেলা ব্যবস্থাপক: ২৩]*
ক. রচয়িতা- রচয়িত্রী
খ. অশ্ব- অশ্বী/অশ্বা

৩. লিঙ্গান্তর করুন: *[পরিবেশ অধিদপ্তরের গবেষণাগার সহকারী: ২৩]*
ক. বিদ্বান- বিদুষী
খ. ইন্দ্র- ইন্দ্রানী
গ. ধাত্রী- ধাতা
ঘ. গরীয়ান- গরীয়সী
ঙ. যোগিনী- যোগী

৪. লিঙ্গ পরিবর্তন করুন: *[বন অধিদপ্তরের (বরিশাল) ফরেস্ট গার্ড: ২৩]*
ক. বিদ্বান- বিদুষী
খ. মৃগ- মৃগী
গ. জেলে- জেলেনি
ঘ. শুক- সারী
ঙ. সম্রাট- সম্রাজ্ঞী
চ. অরণ্য- অরণ্যানী

৫. লিঙ্গান্তর করুন: *[প্রত্নতত্ত্ব অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২৩]*
ক. মহতী - মহৎ
খ. সম্রাজ্ঞী- সম্রাট
গ. মায়াবী- মায়াবিনী

৬. স্ত্রীবাচক শব্দ লিখুন: *[শেখ হাসিনা মেডিকেল কলেজ টাঙ্গাইলের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক. অরণ্য- অরণ্যানী
খ. বেদে- বেদেনী
গ. প্রতিনিধি- মহিলা প্রতিনিধি
ঘ. অনুরাগ- অনুরাগী

৬. লিঙ্গ পরিবর্তন করুন: *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন পদ: ২২]*
ক. অজ- অজা
খ. শিষ্য- শিষ্যা
গ. ধনী- ধনিনী
ঘ. অধ্যাপক- অধ্যাপিকা
ঙ. সেবক- সেবিকা

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

দ্বিরুক্ত শব্দ

দ্বিরুক্ত শব্দ	একই শব্দ পরপর দুই বার ব্যবহৃত হলে তাকে দ্বিরুক্ত শব্দ বলে। যেমন: আমার জ্বর জ্বর লাগছে (এখানে ঠিক জ্বর নয়, জ্বরের ভাব অর্থে প্রয়োগ হয়েছে)।
শব্দদ্বিত্ব	অভিন্ন বা সামান্য পরিবর্তিত চেহারায় কোনো শব্দ পরপর দুইবার ব্যবহৃত হলে তাকে শব্দদ্বিত্ব বলে।

দ্বিরুক্তি	উদাহরণ
শব্দের দ্বিরুক্তি	ভাল ভাল ফল, ফোঁটা ফোঁটা পানি, বড় বড় বই, ধন-দৌলত, খেলা-ধুলা, বলা-কওয়া, খোঁজ-খবর, মিট-মাট, ফিট-ফাট, বকা-ঝকা, গল্প-সল্প, রকম-সকম, লেন-দেন, ধনী-গরিব, আসা-যাওয়া।
পদের দ্বিরুক্তি	ঘরে ঘরে লেখাপড়া হচ্ছে। দেশে দেশে ধন্য ধন্য করতে লাগল। মনে মনে আমিও এ কথাই ভেবেছি। চোর হাতে-নাতে ধরা পড়েছে। আমার সন্তান যেন থাকে দুধে ভাতে।

বিশেষ্য পদের বিশেষণ রূপের প্রয়োগ:	
আধিক্য বোঝাতে	রাশি রাশি ধন, ধামা ধামা ধান।
সামান্য বোঝাতে	দেখেছ তার কবি কবি ভাব।
ধারাবাহিকতা বোঝাতে	তুমি দিন দিন রোগা হয়ে যাচ্ছ।
ক্রিয়া বিশেষণ	ধীরে ধীরে যায়, ফিরে ফিরে চায়।
আগ্রহ বোঝাতে	ও দাদা দাদা বলে কাঁদছে।
অনুরূপ বোঝাতে	তার সঙ্গী সাথী কেউ নেই।
বিশেষণের বিশেষ্য রূপের প্রয়োগ:	
আধিক্য বোঝাতে	ভাল ভাল আম নিয়ে এসো।
সামান্য বোঝাতে	উড়ু উড়ু ভাব। কাল কাল চেহারা।
তীব্রতা বোঝাতে	গরম গরম জিলাপি। নরম নরম হাত।
সর্বনাম শব্দের প্রয়োগ:	
আধিক্য বোঝাতে	সে সে লোক গেল কোথায়?
ক্রিয়াবাচক শব্দের প্রয়োগ:	
বিশেষণ রূপ	এ দিকে রোগীর তো যায় যায় অবস্থা।
স্বল্পকাল স্থায়ী বোঝাতে	দেখতে দেখতে আকাশ কাল হয়ে এলো।
ক্রিয়া বিশেষণ	দেখে দেখে যেও।
পৌনঃপুনিকতা বোঝাতে	ডেকে ডেকে হয়রান হয়েছি।
অব্যয়ের দ্বিরুক্তির প্রয়োগ:	
ভাবের গভীরতা	ছি ছি, তুমি কী করেছ?
অনুভূতি বোঝাতে	ভয়ে গা ছম ছম করছে।
বিশেষণ বোঝাতে	পিলসুজে বাতি জ্বলে মিটির মিটির।
ধ্বনিব্যঞ্জনা	বৃষ্টি পড়ে টাপুর টুপুর।
পৌনঃপুনিকতা বোঝাতে	বার বার সে কামান গর্জে উঠল।
বিশিষ্টার্থক বাগধারায় দ্বিরুক্ত / দ্বিত্ব শব্দের প্রয়োগ:	
সতর্কতা	ছেলেটিকে চোখে চোখে রেখো।
ভাবের প্রগাঢ়তা	ভুলগুলো তুই আনরে বাছা বাছা।
কালের বিস্তার	থেকে থেকে শিশুটি কাঁদছে।
আধিক্য	লোকটা হাড়ে হাড়ে শয়তান।

যুগ্মরীতির দ্বিরুক্তি	চুপচাপ, মিটমাট, জারিজুরি, মারামারি, হাতাহাতি, সরাসরি, ছটফট, নিশপিশ, ভাতটাত, চালচলন, রীতিনীতি, বনজঙ্গল, ভয়ডর, ডালভাত, তালাচাবি, পথঘাট, অলিগলি, ছোট-বড়, জন্ম-মৃত্যু, আদান-প্রদান।
পদাত্মক দ্বিরুক্তি	ভয়ে ভয়ে এগিয়ে গেলাম। হাটে হাটে বিকিয়ে তোর ভরা আপণ। হাতে-নাতে, আকাশে-বাতাসে, কাপড়-চোপড়, দলে-বলে।
পদাত্মক দ্বিরুক্তি	সাঁ সাঁ করে তিরগুলো ছুটে যাচ্ছে। ফোড়া টনটন করে। গা ছমছম করে। ভেউ ভেউ, ট্যা ট্যা, হি হি, ঘেউ ঘেউ, মিউ মিউ, কুহু কুহু, কা কা, ঘচাঘচ, মড় মড়, ঝম ঝম, হু হু।
অনুকার দ্বিত্ব	অঙ্ক-টঙ্ক, আম-টাম, কেক-টেক, ঘর-টর, গরু-টরু, ছাগল-টাগল, ঝাল-টাল, হেন-তেন, লুচিফুচি, টাট্টু-ফাট্টু, আগড়ম-বাগড়ম, চাকর-বাকর, ঝিকিমিকি, কচর-মচর, ঝিলমিল, শেষ-মেষ, অল্পস্বল্প, বুদ্ধিশুদ্ধি, গুটিশুটি, মোটাসোটা, নরম-সরম, ব্যাপার-স্যাপার, আড়াআড়ি, খোঁজাখুঁজি, ঘোরাঘুরি, চুপচাপ, তাড়াতাড়ি, দলাদলি, দামাদামি, বাড়াবাড়ি, মোটামুটি, টুকরো-টাকরা, ধারধোর, জোগাড়-জাগাড়।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর'- এখানে 'টাপুর টুপুর' কোন ধরনের শব্দ? *[নির্বাচন কমিশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক ছড়ার শব্দ খ ধ্বন্যাত্মক শব্দ
গ শব্দের দ্বিরুক্তি ঘ পদের দ্বিরুক্তি উ. খ

২. বিশেষণ শব্দযোগে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি? *[নির্বাচন কমিশনের অফিস সহায়ক: ২৩]*
ক লাল লাল ফুল খ ভাইয়ে ভাইয়ে যুদ্ধ
গ গ্রামে গ্রামে যাব ঘ জ্বর জ্বর লাগছে উ. ক

৩. গাছটা মড়মড় করে ভেঙে পড়ল।- এখানে 'মড়মড়' কোন অনুকৃতির ধ্বন্যাত্মক শব্দ? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর/ মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক অনুভূতির কাল্পনিক খ বস্তুর ধ্বনি
গ জীবজন্তুর ধ্বনি ঘ মানুষের ধ্বনির উ. খ

৪. 'রাশি রাশি' কোন অর্থে দ্বিরুক্ত? *[যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ২২]*
ক আধিক্য খ সামান্য
গ তীব্রতা ঘ ধারাবাহিকতা উ. ক

৫. 'রাশি রাশি ধান' এখানে 'রাশি রাশি' কী অর্থ প্রকাশ করেছে? *[পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের পোস্টম্যান: ২২]*
ক আগ্রহ খ আধিক্য

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

(গ) সামান্য (ঘ) নিকৃষ্ট উ. খ

৬. বিশেষণ পদ যোগে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি? *[হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২২]*
(ক) লাল লাল ফুল (খ) জ্বর জ্বর লাগছে
(গ) গ্রামে গ্রামে যাব (ঘ) ভাইয়ে ভাইয়ে যুদ্ধ উ. ক

৭. নিচের কোনটি ধ্বন্যাত্মক দ্বিরুক্তি? *[পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের উচ্চমান সহকারী: ২২]*
(ক) টন-টন (খ) ঝম-ঝম
(গ) মিট-মাট (ঘ) লেন-দেন উ. ক

৮. কোনটি অব্যয়সূচক শব্দের দ্বিরুক্তি? *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
(ক) আর হায় হায় করে লাভ কী?
(খ) দেখতে দেখতে সে চলে গেল
(গ) উড়ু উড়ু ভাব (ঘ) কবি কবি ভাব উ. ক

৯. 'মেঘে মেঘে' শব্দদ্বৈত কী অর্থে ব্যবহৃত হয়? *[স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নকশাকার/ড্রাফটম্যান: ২২]*
(ক) ব্যাপ্তি (খ) বহুত্ব
(গ) প্রকর্ষ (ঘ) ঈষদ স্বল্পতা উ. ক

১০. 'মনে মনে তুলনা করে দেখলাম'- এখানে দ্বিরুক্তি ব্যবহৃত হয়েছে- *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*
(ক) বিশেষ্য (খ) ক্রিয়া বিশেষণ রূপে
(গ) ব্যাপ্তি অর্থে (ঘ) আধিক্য বোঝাতে উ. খ

১১. কোনটি পদাত্মক দ্বিরুক্তির উদাহরণ? *[পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী: ২১]*
(ক) দিন দিন (খ) রোজ রোজ
(গ) হাতে হাতে (ঘ) শুনশান উ. ক

১২. শব্দের দ্বিরুক্ত কত প্রকার? *[পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী:২১]*
(ক) ২ প্রকার (খ) ৩ প্রকার
(গ) ৪ প্রকার (ঘ) ৫ প্রকার উ. খ

১৩. 'ঝন ঝন' শব্দটি যে ধরনের দ্বিরুক্তি? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অফিস সহায়ক: ২১]*
(ক) অব্যয়ের (খ) ধ্বন্যাত্মক
(গ) পদাত্মক (ঘ) ক্রিয়ার উ. খ

১৪. 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর'- এখানে 'টাপুর টুপুর' কোন ধরনের শব্দ? *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
(ক) ছড়ার শব্দ (খ) শব্দের দ্বিরুক্তি
(গ) ধ্বন্যাত্মক শব্দ (ঘ) পদের দ্বিরুক্তি উ. গ

১৫. 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর'- বাক্যে কী বুঝানো হয়েছে? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটর: ২১]*
(ক) ভাবের গভীরতা (খ) অনুভূতি বা ভাব
(গ) পৌনঃপুনিকতা (ঘ) ধ্বনিব্যঞ্জনা উ. ঘ

১৬. অনুকার দ্বিত্বের উদাহরণ কোনটি? *[এনএসআই এর ওয়াচার কনস্টেবল/ফিল্ড স্টাফ: ২১]*
(ক) চুপচাপ (খ) পটাপট
(গ) ঝমঝম (ঘ) সুরে সুরে উ. ক

১৭. 'ছোট ছোট জমি বিক্রি করে দাও' এ বাক্যে দ্বিরুক্ত শব্দ কী অর্থ প্রকাশ করে? *[পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী: ১৯]*
(ক) গভীরতা (খ) সামান্যতা
(গ) সতর্কতা (ঘ) আধিক্য উ. খ

বচন

ব্যাকরণে বিশেষ্য ও সর্বনামের সংখ্যার ধারণা প্রকাশের উপায়কে বচন বলে। বাংলা ভাষায় বচন দুই প্রকার। যথা: একবচন ও বহুবচন।

- **বহুবচন করার নিয়মসমূহ:**

উন্নত প্রাণীবাচক মনুষ্য শব্দের বহুবচনে ব্যবহৃত শব্দ:	
বহুবচন	**প্রয়োগ**
গণ	দেবগণ, নরগণ, জনগণ, সদস্যগণ, সচিবগণ
বৃন্দ	সুধীবৃন্দ, ভক্তবৃন্দ, শিক্ষকবৃন্দ, দর্শকবৃন্দ
মণ্ডলী	নির্বাচকমণ্ডলী, শিক্ষকমণ্ডলী, সুধীমণ্ডলী
বর্গ	পণ্ডিতবর্গ, মন্ত্রিবর্গ
অপ্রাণীবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত শব্দ:	
পুঞ্জ	মেঘপুঞ্জ, দ্বীপপুঞ্জ
মালা	পর্বতমালা, বর্ণমালা, মেঘমালা
রাশি	বালিরাশি, জলরাশি
রাজি	তারকারাজি, বৃক্ষরাজি
আবলি	পুস্তকাবলি, পদাবলি, রচনাবলি, নিয়মাবলি
গুচ্ছ	কবিতাগুচ্ছ, কেশগুচ্ছ
দাম	কুসুমদাম, শৈবালদাম
নিকর	কমলনিকর
নিচয়	কুসুমনিচয়
গ্রাম	গুণগ্রাম
প্রাণীবাচক ও অপ্রাণীবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত শব্দ:	
কুল	কবিকুল, পক্ষিকুল, মাতৃকুল, বৃক্ষকুল
সকল	পর্বতসকল, মনুষ্যসকল
সব	ভাইসব, পাখিসব
সমূহ	বৃক্ষসমূহ, মনুষ্যসমূহ, গ্রন্থসমূহ

- বিশেষ্য শব্দের এক বচনের ব্যবহারেও অনেক সময় বহুবচন বোঝানো হয়। যেমন: সিংহ বনে থাকে। (এখানে সিংহ একবচন ও বহুবচন দুইই বোঝায়) এ পোকার আক্রমণে ফসল নষ্ট হচ্ছে (বহুবচন)। মানুষ মরণশীল। বনে বাঘ বাস করে।

- অনেক সময় বিশেষ্য ও বিশেষণ পদের দ্বিত্ব প্রয়োগেও বহুবচন সাধিত হয়। যেমন: হাঁড়ি হাঁড়ি সন্দেশ। কাঁড়ি কাঁড়ি টাকা। পাকা পাকা আম। লাল লাল ফুল।

- **বিশেষ নিয়মে সাধিত বহুবচন:**
মেয়েরা কানাকানি করছে। এটাই করিমদের বাড়ি। রবীন্দ্রনাথরা প্রতিদিন জন্মায় না। সকলে সব জানে। বাজারে লোক কম। মৌমাছি মৌচাক বানায়। সমাজে নারীর ক্ষমতায়ন নিয়ে তিনি গবেষণা করছেন।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. 'গণকবর' শব্দের 'গণ' কোন অর্থে ব্যবহৃত হয়েছে? *[ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]*
ক সাধারণ অর্থে খ মানুষ অর্থে
গ বিশেষ অর্থে ঘ বহুবচন অর্থে উ. ঘ

২. 'তরঙ্গ' শব্দের বহুবচন কোনটি? *[ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]*
ক তরঙ্গসমূহ খ তরঙ্গগুলি
গ তরঙ্গমালা ঘ তরঙ্গনিচয় উ. গ

৩. 'সাহেব' শব্দের বহুবচন কী? *[এলজিইডি'র ইলেক্ট্রিশিয়ান ও সার্ভেয়ার:২৩]*
ক সাহেবান খ সাহেবকুল
গ সাহেবমণ্ডলী ঘ সাহেবসমূহ উ. ক

৪. 'ডালে ডালে কুসুম ভার' এখানে 'ভার' কোন অর্থ প্রকাশ করেছে? *[বন অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*
ক সমূহ খ বোঝা
গ গুরুত্ব ঘ বিষাদ উ. ক

৫. নিচের কোনটি একবচন? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা: ২৩]*
ক আমি খ বইগুলি
গ মাঝিরা ঘ কলমগুলো উ. ক

৬. কবিতা শব্দের বহুবচন কোনটি? *[যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ২২]*
ক কবিতাগুচ্ছ খ কবিতামালা
গ কবিতারাজি ঘ কবিতাসমূহ উ. ক

৭. কোনটি বহুবচনজ্ঞাপক শব্দ নয়? *[বাংলাদেশ রেলওয়ের খালাসী: ২২]*
ক গ্রাম খ মহল
গ ক্ষেত্র ঘ দাম উ. গ

৮. নিচের কোনটি একবচনের উদাহরণ? *[পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের পোস্টম্যান: ২২]*
ক মানুষ মরণশীল খ রচনাবলি দিও
গ শিক্ষক পড়াচ্ছেন ঘ লোকে বলে উ. গ

৯. নিচের কোনটি একবচনের উদাহরণ? *[হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২২]*
ক মানুষ মরণশীল খ লোকে বলে
গ ডাক্তার রুগী দেখছে ঘ বনে বাঘ বাস করে উ. গ

১০. কোন বহুবচনবাচক প্রত্যয়টি উন্নত প্রাণীবাচক শব্দে ব্যবহৃত হয়? *[বিটিআরসি'র কভাক্টর-ডি: ২২]*
ক কুল খ দাম
গ গুচ্ছ ঘ বৃন্দ উ. ঘ

১১. কোনটি সমষ্টিবোধক শব্দ নয়? *[বাংলাদেশ তাঁত বোর্ডের বিভিন্ন পদ:২২]*
ক নিকর খ নিচয়
গ কূল ঘ দাম উ. গ

১২. 'মেঘ' শব্দকে বহুবচন করতে কোন লগ্নক ব্যবহৃত হয়? *[বাংলাদেশ রেলওয়ের পয়েন্টস্‌ম্যান: ২২]*
ক রাজি খ আবলি
গ গুলো ঘ মালা উ. ঘ

১৩. ইতর প্রাণীর বহুবচনে ব্যবহৃত হয়- *[রাজউক এর ইমারত পরিদর্শক:২২]*
ক গণ খ বৃন্দ
গ পাল ঘ রা উ. ঘ

১৪. কোনটি সঠিক? *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*
ক কুসুমপুঞ্জ খ বৃক্ষপুঞ্জ
গ মেঘপুঞ্জ ঘ তরঙ্গপুঞ্জ উ. গ

১৫. বাংলা ভাষায় বচন কত প্রকার? *[মৎস্য অধিদপ্তরের অফিস সহায়ক:২১]*
ক এক খ দুই
গ তিন ঘ চার উ. খ

১৬. কোনটি অপ্রাণিবাচক শব্দের বহুবচন? *[জনস্বাস্থ্য অধিদপ্তরের ক্লার্ক কাম টাইপিস্ট: ২১]*
ক বৃন্দ খ কুল
গ বর্গ ঘ গ্রাম উ. ঘ

১৭. 'বনে বনে ফুল ফুটেছে'। এখানে 'ফুল'- *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের স্টোরম্যান/ডেচপার রাইডার: ২১]*
ক একবচন খ বহুবচন
গ একবচন ও বহুবচন ঘ কোনোটিই নয় উ. খ

১৮. কোন পদের আগে 'অজস্র' বসালে বহুবচন হয়? *[জীবন বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২১]*
ক সর্বনাম খ বিশেষণ
গ বিশেষ্য ঘ ক্রিয়া উ. গ

১৯. নিচের কোন বহুবচনটি সঠিক? *[কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কম্পিউটার অপারেটর: ২১]*
ক মনুষ্যসকল খ মনুষ্যসমূহ
গ পাখিসব ঘ ক, খ, গ সবগুলোই উ. ঘ

২০. 'পুষ্প' শব্দের বহুবচন কী? *[বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা:২০]*
ক পুষ্পপুঞ্জ খ পুষ্পকুঞ্জ
গ পুষ্পপুঞ্জ ঘ কোনোটিই নয় উ. ঘ

২১. নিচের কোন বহুবচনটি সঠিক? *[সিজিডিএফ এর জুনিয়র অডিটর: ১৯]*
ক মনুষ্যসকল খ মনুষ্যসমূহ
গ পাখিসব ঘ ক, খ, গ সবগুলোই উ.ঘ

২২. 'হাতি' শব্দটির বহুবচন কোনটি? *[এনএসআই এর ওয়াচার কনস্টেবল:১৯]*
ক হস্তিসকল খ হস্তিযূথ
গ হস্তিবর্গ ঘ হস্তিসব উ. খ

২৩. নিচের কোনটি বহুবচন বাচক শব্দ নয়? *[ডাক বিভাগের মেইল অপারেটর: ১৯]*
ক গ্রাম খ কুল
গ সভা ঘ মঙ্গল উ. ঘ

সংখ্যাবাচক শব্দ

যে শব্দ দ্বারা সংখ্যা বোঝায়, তাকে গণনা বা সংখ্যাবাচক শব্দ বলে। সংখ্যাশব্দ দুই প্রকার। যথা: ক্রমবাচক ও পূরণবাচক।

ক্রমবাচক সংখ্যাশব্দ	১ (এক), ২ (দুই), ৬ (ছয়), ৭ (সাত), ৮ (আট), ১০ (দশ), ১১ (এগারো), ১২ (বারো), ১৬ (ষোলো), ১৭ (সতেরো), ১৮ (আঠারো), ১৯ (উনিশ), ২০ (বিশ) ইত্যাদি।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

পুরণবাচক সংখ্যাশব্দ	
সাধারণ পুরণবাচক	প্রথম, দ্বিতীয়, তৃতীয়, নবম, দশম, একাদশ (১১শ) ও এগারোতম (১১তম), দ্বাদশ (১২শ) ও বারোতম (১২তম), ত্রয়োদশ (১৩শ) ও তেরোতম (১৩তম), চতুর্দশ (১৪শ) ও চোদ্দতম (১৪তম), পঞ্চদশ (১৫শ) ও পনেরোতম (১৫তম), ষোড়শ (১৬শ) ও ষোলোতম (১৬তম), সপ্তদশ (১৭শ) ও সতেরোতম (১৭তম), অষ্টাদশ (১৮শ) ও আঠারোতম (১৮তম), উনিশতম বা উনবিংশতিতম (১৯তম), বিশতম বা বিংশতিতম (২০তম), একুশতম বা একবিংশতিতম (২১তম), আটাশতম বা অষ্টাবিংশতিতম (২৮তম), উনপঞ্চাশতম বা উনপঞ্চাশত্তম (৪৯তম), আশিতম বা অশীতিতম (৮০তম), নব্বইতম বা নবতিতম (৯০তম), নিরানব্বইতম বা নবনবতিতম (৯৯তম)। • বাংলা ভাষায় সাধারণ পূরণবাচকের নারীবাচক রূপের ব্যবহার আছে। যেমন: প্রথমা (১মা), দ্বিতীয়া (২য়া), তৃতীয়া (৩য়া), চতুর্থী (৪র্থী), পঞ্চমী (৫মী), ষষ্ঠী (৬ষ্ঠী), সপ্তমী (৭মী), অষ্টমী (৮মী), নবমী (৯মী), দশমী (১০মী), একাদশী (১১শী), দ্বাদশী (১২শী), ত্রয়োদশী (১৩শী), চতুর্দশী (১৪শী), পঞ্চদশী (১৫শী), ষোড়শী (১৬শী), সপ্তদশী (১৭শী), অষ্টাদশী (১৮শী) ইত্যাদি।
তারিখ পূরণবাচক	পহেলা বা পয়লা (১লা), দোসরা (২রা), তেসরা (৩রা), চৌঠা (৪ঠা), পাঁচই (৫ই), ছয়ই (৬ই), সাতই (৭ই), আটই (৮ই), নয়ই (৯ই), দশই (১০ই), এগারোই (১১ই), বারোই (১২ই), তেরোই (১৩ই), চোদ্দই (১৪ই), পনেরোই (১৫ই), ষোলোই (১৬ই), সতেরোই (১৭ই), আঠারোই (১৮ই), উনিশে (১৯শে), বিশে (২০শে), একুশে (২১শে), বাইশে (২২শে), তেইশে (২৩শে), চব্বিশে (২৪শে), পঁচিশে (২৫শে), ছাব্বিশে (২৬শে), সাতাশে (২৭শে), আটাশে (২৮শে), উনত্রিশে (২৯শে), ত্রিশে (৩০শে), একত্রিশে (৩১শে)।
ভগ্নাংশ পূরণবাচক	আধ, সাড়ে, পোয়া, সোয়া, দেড়, আড়াই, তেহাই, চৌথ ইত্যাদি।

♦ ৯ম-১০ম শ্রেণির ব্যাকরণের পুরাতন সিলেবাস অনুসারে, সংখ্যাবাচক শব্দ ৪ প্রকার। যথা:

অঙ্কবাচক	পরিমাণ বা গণনাবাচক	ক্রম বা পূরণবাচক	তারিখ বাচক
১	এক	প্রথম	পহেলা
২	দুই	দ্বিতীয়	দোসরা
৪	চার	চতুর্থ	চৌঠা
৫	পাঁচ	পঞ্চম	পাঁচই
৬	ছয়	ষষ্ঠ	ছউই
৮	আট	অষ্টম	আটই
৯	নয়	নবম	নউই
১০	দশ	দশম	দশই
১১	এগার	একাদশ	এগারই
১৩	তের	ত্রয়োদশ	তেরই
১৪	চোদ্দ	চতুর্দশ	চোদ্দই
১৫	পনের	পঞ্চদশ	পনেরই
১৯	উনিশ	ঊনবিংশ	উনিশে
২০	বিশ/কুড়ি	বিংশ	বিশে
২১	একুশ	একবিংশ	একুশে

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. **'সিকি' কোন ধরনের শব্দ?** *[ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]*
ক অংকবাচক খ গণনাবাচক
গ পূরণবাচক ঘ তারিখবাচক **উ. খ**

২. **সংখ্যা গণনার মূল একক-** *[সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী:২২]*
ক শূন্য খ এক
গ ক্রম ঘ তারিখ **উ. খ**

৩. **নিচের কোনটি গণনাবাচক শব্দ?** *[রেলওয়ের সহকারী স্টেশন মাস্টার:২২]*
ক কুড়ি খ তেরই
গ দ্বাদশ ঘ তেসরা **উ. ক**

৪. **'সপ্তাহ' কী ধরনের সংখ্যা?** *[খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর:২১]*
ক পরিমাণবাচক খ সমবাচক
গ তারিখবাচক ঘ অংকবাচক **উ. ক**

৫. **'ষোল' সংখ্যার ক্রমবাচক রূপ কোনটি?** *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*
ক ১৬তম খ ষোড়শ
গ ১৬ই ঘ ষোড়শতম **উ. খ**

৬. **নিচের কোনটি তারিখ বাচক শব্দ?** *[পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২১]*
ক চার খ দ্বাদশ
গ চৌদ্দ ঘ একুশে **উ. ঘ**

৭. **'সপ্তাহ' কোন প্রকারের শব্দ?** *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ:২১]*
ক অংকবাচক খ গুণবাচক
গ ক্রমবাচক ঘ গণনাবাচক **উ. ঘ**

৮. **নিচের কোনটি পূরণবাচক শব্দের উদাহরণ?** *[সিজিডিএফ এর জুনিয়র অডিটর: ১৯]*
ক একাদশ খ পাঁচ
গ পহেলা ঘ সিকি **উ. ক**

৯. **কোনটি ক্রমবাচক শব্দ?** *[ত্রাণ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ১৯]*
ক অর্ধ খ এক
গ প্রথম ঘ পহেলা **উ. গ**

ফর্মা ৬ / এ (জব ডাইজেস্ট)

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

পদাশ্রিত নির্দেশক

কয়েকটি অব্যয় বা প্রত্যয় কোনো না কোনো পদের আশ্রয়ে বা পরে সংযুক্ত হয়ে নির্দিষ্টতা কিংবা অনির্দিষ্টতা জ্ঞাপন করে, এগুলোকে পদাশ্রিত অব্যয় বা পদাশ্রিত নির্দেশক বলে। বচনভেদে পদাশ্রিত নির্দেশক এর বিভিন্নতা প্রযুক্ত হয়। যথা:

১. **একবচনে:**
টি, টা, খানা, খানি, গাছা, গাছি ইত্যাদি নির্দেশক ব্যবহৃত হয়। যেমন: টাকাটা, বইখানি, চুড়িগাছি।

২. **বহুবচনে:**
গুলি, গুলা, গুলিন প্রভৃতি নির্দেশক প্রত্যয় সংযুক্ত হয়। যেমন: লোকগুলো, পটলগুলিন।

❖ **পদাশ্রিত নির্দেশকের ব্যবহার:**

ক. 'এক' শব্দের সঙ্গে টা, টি, টু যুক্ত হলে অনির্দিষ্টতা বোঝায়। যেমন: **একটি** দেশ; সে যেমনই হোক দেখতে।

খ. নিরর্থকভাবেও নির্দেশক টা, টি এর ব্যবহার লক্ষণীয়। যেমন: **ন্যাকামিটা** এখন রাখ।

গ. নির্দেশক সর্বনামের পর টা, টি যুক্ত হলে তা সুনির্দিষ্ট হয়ে যায়। যেমন: **ওটি** যেন কার তৈরি? **এটা** নয় **ওটা** আন।

ঘ. বচনবাচক বা সংখ্যাবাচক শব্দের আগে 'গোটা' বসে নির্দিষ্টতা বা অনির্দিষ্টতা, দুই-ই বোঝাতে পারে। যেমন:
গোটা দেশটাই ছারখার হয়ে গেল। (নির্দিষ্ট)
গোটা তিনেক আম দাও। (অনির্দিষ্ট)

ঙ. বচনবাচক বা সংখ্যাবাচক শব্দের পরে খানা বা খানি বসে নির্দিষ্টতা বা অনির্দিষ্টতা, দুই-ই বোঝাতে পারে। যেমন:
দুখানা কম্বল চেয়েছিলাম। (নির্দিষ্ট)
একখানা বই কিনে নিও। (অনির্দিষ্ট)

চ. টাক, টুক, টুকু, টো ইত্যাদি পদাশ্রিত নির্দেশক নির্দিষ্টতা ও অনির্দিষ্টতা উভয় অর্থেই ব্যবহৃত হয়। যেমন: পোয়াটাক দুধ দাও (অনির্দিষ্টতা)। **সবটুকু** ওষুধই খেয়ে ফেলো (নির্দিষ্টতা)।

ছ. বিশেষ অর্থে নির্দিষ্টতা জ্ঞাপনে কয়েকটি শব্দ- কেতা, তা পাটি ইত্যাদি। যেমন: এ তিন **কেতা** জমির দাম দশ হাজার টাকা মাত্র। দশ তা কাগজ দাও।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. **কোনটি নির্দেশক নয়?** *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা: ২৩]*
ক -টা খ -তম
গ -খানা ঘ -জন
উ. খ

২. **এক, এক যে, কোনো এক, গোটা- এগুলো শব্দের আগে বসে কী প্রকাশ করে?** *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক নির্দিষ্টতা খ বিশেষ অর্থ
গ অনির্দিষ্টতা ঘ বিশেষ অর্থে নির্দিষ্টতা
উ. ঘ

৩. **'ছোটটি কোথায়?'- বাক্যে ছোট শব্দের শেষে 'টি' এর ব্যাকরণিক পরিচয় কী?** *[খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক:২১]*
ক পদাশ্রিত নির্দেশক খ অনুসর্গ
গ বিভক্তি ঘ শব্দ প্রত্যয়
উ. ক

৪. **টা, টি, খানা ইত্যাদি-** *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ল্যাবরেটরি সহকারী: ২১]*
ক পদাশ্রিত নির্দেশক খ প্রকৃতি
গ বিভক্তি ঘ উপসর্গ
উ. ক

৫. **কোন 'পদাশ্রিত নির্দেশক' শব্দের আগে বসে?** *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটর: ২১]*
ক টি খ টুকু
গ গোটা ঘ তা
উ. গ

৬. **"ন্যাকামিটা এখন রাখো" বাক্যে 'ন্যাকামি' শব্দের সঙ্গে 'টা' যুক্ত হয়ে কোন অর্থ প্রকাশ করে?** *[ডাক বিভাগের মেইল অপারেটর:১৯]*
ক নিরর্থকতা খ সার্থকতা
গ ব্যর্থকতা ঘ ভিন্নার্থকতা
উ. ক

সমাস

সমাস শব্দটির অর্থ সংক্ষেপণ, মিলন, একাধিক পদের একপদীকরণ। অর্থসম্বন্ধ আছে এমন একাধিক শব্দের একসাথে যুক্ত হয়ে একটি বড় শব্দ গঠনের প্রক্রিয়াকে সমাস বলে। সমাসের রীতি সংস্কৃত ভাষা থেকে এসেছে। যেমন: বই ও পুস্তক = বই-পুস্তক, দেশের সেবা = দেশ-সেবা।

সমস্ত পদ	সমাসবদ্ধ বা সমাস নিষ্পন্ন পদটির নাম সমস্তপদ বা সমাসবদ্ধ পদ।
সমস্যমান পদ	যে যে পদে সমাস হয়, তাদের প্রত্যেককে সমস্যমান পদ বলে।
পূর্বপদ	সমাসযুক্ত পদের প্রথম অংশকে পূর্বপদ বলে।
পরপদ	সমাসযুক্ত পদের শেষ অংশকে পরপদ বা উত্তরপদ বলে।
ব্যাসবাক্য বা বিগ্রহবাক্য	সমস্ত পদকে ভাঙলে যে বাক্যাংশ পাওয়া যায় তাকে ব্যাসবাক্য বা বিগ্রহবাক্য বা সমাসবাক্য বলে।



→ সমাস প্রধানত ছয় প্রকার। যথা:
১. দ্বন্দ্ব সমাস (উভয়পদের অর্থ প্রধান),
২. কর্মধারয় সমাস (পরপদের অর্থ প্রধান),
৩. তৎপুরুষ সমাস (পরপদের অর্থ প্রধান),

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৪. বহুব্রীহি সমাস (তৃতীয় কোনো ভিন্ন অর্থ প্রধান),
৫. দ্বিগু সমাস (সংখ্যাবাচক শব্দ থাকবে),
৬. অব্যয়ীভাব সমাস (পূর্বপদের অর্থ প্রধান)।

✓ নবম-দশম শ্রেণির নতুন ব্যাকরণে সমাসকে চারভাগে ভাগ করা হয়েছে। যথা: দ্বন্দ্ব, কর্মধারয়, তৎপুরুষ ও বহুব্রীহি।

♦ **দ্বন্দ্ব সমাস:**
দ্বন্দ্ব বলতে জোড়া বোঝায়। যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থের প্রাধান্য থাকে তাকে দ্বন্দ্ব সমাস বলে। এ সমাসে উভয় পদই বিশেষ্য এবং উভয় পদের অর্থের প্রাধান্য বজায় থাকে। যেমন: সোনা ও রুপা = সোনা-রুপা, মাতা ও পিতা = মাতাপিতা, ঝড় ও বৃষ্টি = ঝড়বৃষ্টি।

শব্দযোগে	উদাহরণ
মিলনার্থক	মা-বাবা, মা-বাপ, মাসি-পিসি, জ্বিন-পরি।
বিরোধার্থক	দা-কুমড়া, অহি-নকুল, স্বর্গ-নরক ইত্যাদি।
বিপরীতার্থক	আয়-ব্যয়, জমা-খরচ, ছোট-বড় ইত্যাদি।
সমার্থক	হাট-বাজার, ঘর-বাড়ি, ঘর-দুয়ার ইত্যাদি।
অঙ্গবাচক	হাত-পা, নাক-কান, নাক-মুখ ইত্যাদি।
সংখ্যাবাচক	সাত-পাঁচ, নয়-ছয়, সাত-সতের ইত্যাদি।
সহচর	কাপড়-চোপড়, পোকা-মাকড়, ধূতি-চাদর।

দ্বন্দ্ব সমাস	উদাহরণ
সাধারণ	কালি ও কলম = কালিকলম।
মিলনার্থক	মা ও বাপ = মা-বাপ।
সম্বন্ধবাচক	দম্ (জায়া) ও পতি = দম্পতি।
সমার্থক	লজ্জা ও শরম = লজ্জাশরম, আইন-কানুন, ঠাট্টা-মশকরা, রাজা-বাদশা, ধন-সম্পত্তি।
বিপরীতার্থক	সুখ ও দুঃখ = সুখ-দুঃখ, আকাশ-পাতাল, গুরু-শিষ্য, দিন-রাত, রাজা-প্রজা ইত্যাদি।
একশেষ	সে, তুমি ও আমি = আমরা; আপনারা, আপনাদের, আমাদের, তোমাদের ইত্যাদি।
অলুক	হাতে ও কলমে = হাতে-কলমে; দেশে ও বিদেশে = দেশে-বিদেশে ইত্যাদি।
বহুপদী	সাহেব-বিবি-গোলাম; তেল-নুন-লাকড়ি; নাচ-গান-বাজনা; সাহেব-বিবি-গোলাম।

♦ **কর্মধারয় সমাস:**
বিশেষ্য ও বিশেষণ পদ মিলে যে সমাস হয় এবং বিশেষ্য বা পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকেই কর্মধারয় সমাস বলে। কর্মধারয় সমাসে পরপদের অর্থই প্রধান। যেমন:

টাক যে মাথা = টাকমাথা	নীল যে পদ্ম = নীলপদ্ম
শান্ত অথচ শিষ্ট = শান্তশিষ্ট	শ্বেত যে বস্ত্র = শ্বেতবস্ত্র
মহান যে রাজা = মহারাজ	খাস যে মহল = খাসমহল
গোলাপ নামের ফুল = গোলাপফুল	যা কাঁচা তাই মিঠা = কাঁচামিঠা
মহৎ যে জ্ঞান = মহাজ্ঞান	মহান যে নবি = মহানবি
যিনি জজ তিনিই সাহেব = জজসাহেব।	

১. **সাধারণ কর্মধারয় সমাস:** মধ্যপদলোপী, উপমান, উপমিত ও রূপক কর্মধারয় সমাস ব্যতীত অন্যান্য কর্মধারয় সমাসকে সাধারণ কর্মধারয় সমাস বলে। যেমন:

কাঁচা যে কলা = কাঁচকলা	দুঃ যে শাসন = দুঃশাসন
দুঃ যে অবস্থা = দুরবস্থা	মহৎ যে আত্মা = মহাত্মা
যিনি সুস্থ তিনি সবল = সুস্থসবল	যা হৃষ্ট তা পুষ্ট = হৃষ্টপুষ্ট

২. **মধ্যপদলোপী কর্মধারয় সমাস:** ব্যাসবাক্যের মাঝের পদ লোপ পেয়ে যে সমাস হয়, তাই মধ্যপদলোপী কর্মধারয় সমাস। যেমন: সিংহ চিহ্নিত আসন = সিংহাসন।

স্মৃতি রক্ষার্থে সৌধ = স্মৃতিসৌধ	
সাহিত্য বিষয়ক সভা = সাহিত্যসভা	
জ্যোৎস্না শোভিত রাত = জ্যোৎস্নারাত	
হাসি মাখা মুখ = হাসিমুখ	ঝাল মিশ্রিত মুড়ি = ঝালমুড়ি
জয় সূচক ধ্বনি = জয়ধ্বনি	ধর্ম রক্ষার্থে ঘট = ধর্মঘট

৩. **উপমান কর্মধারয় সমাস:** সাধারণ ধর্মবাচক পদের সাথে উপমানবাচক পদের যে সমাস হয়, তাকেই উপমান কর্মধারয় সমাস বলে। এতে একটি বিশেষ্য পদ ও অপরটি বিশেষণ থাকে। যেমন: অরুণের ন্যায় রাঙা = অরুণরাঙা।

তুষারশুভ্র (বিশেষ্য + বিশেষণ) = তুষারের ন্যায় শুভ্র	
কাজলকালো (বিশেষ্য + বিশেষণ) = কাজলের ন্যায় কালো	
বিড়ালের ন্যায় তপস্বী = বিড়ালতপস্বী	
বকের ন্যায় ধার্মিক = বকধার্মিক	শশকের ন্যায় ব্যস্ত = শশব্যস্ত

৪. **উপমিত কর্মধারয় সমাস:** সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয়, তাকেই উপমিত কর্মধারয় সমাস বলে। এতে দুটো পদই বিশেষ্য হয় এবং উপমেয় পদটি পূর্বে বসে। যেমন:

পুরুষসিংহ (বিশেষ্য + বিশেষ্য) = পুরুষ সিংহের ন্যায়	
মুখচন্দ্র (বিশেষ্য + বিশেষ্য) = মুখ চন্দ্রের ন্যায়	
আঁখি পদ্মের ন্যায় = পদ্মআঁখি	কর পল্লবের ন্যায় = করপল্লব

৫. **রূপক কর্মধারয় সমাস:** উপমিত ও উপমানের অভেদ কল্পনামূলক সমাসকে বলে রূপক কর্মধারয় সমাস। যেমন: জীবনপ্রদীপ = জীবন রূপ প্রদীপ।

ক্রোধ রূপ অনল = ক্রোধানল	বিষবৃক্ষ = বিষ রূপ বৃক্ষ
বিষাদ রূপ সিন্ধু = বিষাদসিন্ধু	মন রূপ মাঝি = মনমাঝি

♦ **তৎপুরুষ সমাস:** যে সমাসে পূর্বপদের বিভক্তি লোপ পায় এবং পরপদের অর্থ প্রাধান্য পায় তাকেই তৎপুরুষ সমাস বলে। তৎপুরুষ সমাসের পূর্বপদে দ্বিতীয়া থেকে সপ্তমী পর্যন্ত যেকোনো বিভক্তি থাকতে পারে। যেমন: পদ থেকে চ্যুত = পদচ্যুত। এখানে 'থেকে' বিভক্তি লুপ্ত হয়েছে।

● **তৎপুরুষ সমাস ৯ প্রকার।** যথা:

১. **দ্বিতীয়া তৎপুরুষ সমাস:** পূর্বপদে দ্বিতীয়া বিভক্তি (কে, রে, ব্যাপিয়া) লোপ পেয়ে যে সমাস হয়, তাই দ্বিতীয়া তৎপুরুষ সমাস। যেমন: বইকে পড়া = বইপড়া।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

হলুদকে বাটা = হলুদবাটা	বিপদকে আপন্ন = বিপদাপন্ন
রথকে দেখা = রথদেখা	বীজকে বোনা = বীজবোনা
চিরকাল ব্যাপিয়া স্থায়ী = চিরস্থায়ী	
ক্ষণকাল ধরে স্থায়ী = ক্ষণস্থায়ী	

২. **তৃতীয়া তৎপুরুষ সমাস:** পূর্বপদে তৃতীয়া বিভক্তি (দ্বারা, দিয়া, কর্তৃক ইত্যাদি) লোপ পেয়ে যে সমাস হয় তাই তৃতীয়া তৎপুরুষ সমাস। যেমন: মন দ্বারা গড়া = মনগড়া।

শ্রম দ্বারা লব্ধ = শ্রমলব্ধ	মধু দিয়ে মাখা = মধুমাখা
বিদ্যা দ্বারা হীন = বিদ্যাহীন	জ্ঞান দ্বারা শূন্য = জ্ঞানশূন্য
তেলে ভাজা = তেলেভাজা	কলে ছাঁটা = কলেছাঁটা

৩. **চতুর্থী তৎপুরুষ সমাস:** পূর্বপদে চতুর্থী বিভক্তি (কে, জন্য, নিমিত্ত ইত্যাদি) লোপ পেয়ে যে সমাস হয় তাই চতুর্থী তৎপুরুষ সমাস। যেমন: বিয়ের জন্য পাগল = বিয়েপাগল।

গুরুকে ভক্তি = গুরুভক্তি	হজ্জের নিমিত্ত যাত্রা = হজ্জযাত্রা
তপের নিমিত্ত বন = তপোবন	ছাত্রের জন্য আবাস = ছাত্রাবাস
মেয়েদের জন্য স্কুল = মেয়েস্কুল	
বালিকার জন্য বিদ্যালয় = বালিকা-বিদ্যালয়	

৪. **পঞ্চমী তৎপুরুষ সমাস:** পূর্বপদে পঞ্চমী বিভক্তি (হইতে, থেকে, চেয়ে ইত্যাদি) লোপ পেয়ে যে সমাস হয় তাই পঞ্চমী তৎপুরুষ সমাস। যেমন: পাপ হতে মুক্ত = পাপমুক্ত।

খাঁচা থেকে ছাড়া = খাঁচাছাড়া	ইতি হতে আদি = ইত্যাদি
গ্রাম থেকে ছাড়া = গ্রামছাড়া	জেল থেকে মুক্ত = জেলমুক্ত
বোঁটা থেকে খসা = বোঁটাখসা	শাপ থেকে মুক্ত = শাপমুক্ত
বিলাত থেকে ফেরত = বিলাতফেরত	

৫. **ষষ্ঠী তৎপুরুষ সমাস:** পূর্বপদে ষষ্ঠী বিভক্তি (র, এর) লোপ পেয়ে যে সমাস হয় তাই ষষ্ঠী তৎপুরুষ সমাস। যেমন:

বিশ্বের কবি = বিশ্বকবি	চায়ের বাগান = চাবাগান
হাঁসের রাজা = রাজহাঁস	ছাত্রের সমাজ = ছাত্রসমাজ
দেশের সেবা = দেশসেবা	দিল্লীর ঈশ্বর = দিল্লীশ্বর
মাতার সেবা = মাতৃসেবা	ভ্রাতার স্নেহ = ভ্রাতৃস্নেহ
পত্নীর সহ = পত্নীসহ	কন্যার সহ = কন্যাসহ
হস্তীর যূথ = হস্তীযূথ	পথের অর্ধ = অর্ধপথ

- **অলুক ষষ্ঠী তৎপুরুষ সমাস:** ঘোড়ার ডিম, মাটির মানুষ, হাতের পাঁচ, মামার বাড়ি, সাপের পা, কলের গান, মগের মুল্লুক, পায়ের চিহ্ন, তাসের ঘর, চোখের বালি ইত্যাদি।

৬. **সপ্তমী তৎপুরুষ সমাস:** পূর্বপদে সপ্তমী বিভক্তি (এ, য়, তে) লোপ পেয়ে যে সমাস হয় তাই সপ্তমী তৎপুরুষ সমাস। সপ্তমী তৎপুরুষ সমাসে কোনো কোনো সময় ব্যাসবাক্যের পরপদ সমস্তপদের পূর্বে বসে। যেমন: জলে মগ্ন = জলমগ্ন।

গাছে পাকা = গাছপাকা	দিবায় নিদ্রা = দিবানিদ্রা
পূর্বে ভূত = ভূতপূর্ব	পূর্বে অশ্রুত = অশ্রুতপূর্ব
পূর্বে অদৃষ্ট = অদৃষ্টপূর্ব	দানে বীর = দানবীর
মাথায় ব্যথা = মাথাব্যথা	গলাতে ধাক্কা = গলাধাক্কা

৭. **নঞ্ তৎপুরুষ সমাস:** না বাচক নঞ অব্যয় (না, নেই, নাই, নয়) পূর্বে বসে যে সমাস হয় তাই নঞ তৎপুরুষ সমাস। যেমন: নয় কাঁড়া = আকাঁড়া।

ন সুর = অসুর	ন কাল = অকাল
ন কাল = আকাল	ন বিশ্বাস = অবিশ্বাস
ন বিশ্বাস = অবিশ্বাস	ন (নয়) ক্ষত = অক্ষত
বে (নয়) আইনি = বেআইনি	নয় পর্যাপ্ত = অপর্যাপ্ত
ন সময় = অসময়	ন অতিশীতোষ্ণ = নাতিশীতোষ্ণ
নয় এক = অনেক	নাই মিল = গরমিল
ন আদর = অনাদর	নয় দীর্ঘ = নাতিদীর্ঘ

৮. **উপপদ তৎপুরুষ সমাস:** যে পদের পরবর্তী ক্রিয়ামূলের সঙ্গে কৃৎ-প্রত্যয় যুক্ত হয়, সে পদকে উপপদ বলে। কৃদন্ত পদের সাথে উপপদের যে সমাস হয় তাই উপপদ তৎপুরুষ সমাস। যেমন: পঙ্কে জন্মে যা = পঙ্কজ।

জলে চরে যা = জলজ	জল দেয় যে = জলদ
ছেলে ধরে যে = ছেলেধরা	পকেট মারে যে = পকেটমার
অর্থ করা যায় যার দ্বারা = অর্থকরী	
অগ্রে গমন করে যে = অগ্রগামী	
প্রিয় কথা বলে যে নারী = প্রিয়ংবদা	
খ (আকাশে) তে চরে যা = খেচর	
ইন্দ্রকে জয় করেছে যে = ইন্দ্রজিৎ	

৯. **অলুক তৎপুরুষ সমাস:** যে তৎপুরুষ সমাসে পূর্বপদের দ্বিতীয়াদি বিভক্তি লোপ পায় না, তাই অলুক তৎপুরুষ সমাস। যেমন: কলুর বলদ = কলুর বলদ।

তেলে ভাজা = তেলেভাজা	ঘিয়ে ভাজা = ঘিয়েভাজা
গরুর গাড়ি = গরুর গাড়ি	পায়ে ধরা = পায়ে ধরা

- **দ্বিগু সমাস:** সমাহার (সমষ্টি) বা মিলন অর্থে সংখ্যাবাচক শব্দের সাথে বিশেষ্য পদের যে সমাস হয়, তাকে দ্বিগু সমাস বলে। দ্বিগু সমাসে পরপদের অর্থের প্রাধান্য থাকে। যেমন: নব রত্নের সমাহার = নবরত্ন।

তিন কালের সমাহার = ত্রিকাল
চৌ (চার) রাস্তার সমাহার = চৌরাস্তা
তে (তিন) মাথার সমাহার = তেমাথা
শত বর্ষের সমাহার = শতবার্ষিকী
সপ্ত অহের (দিবস) সমাহার = সপ্তাহ
চার অঙ্গের সমাহার = চতুরঙ্গ

- **বহুব্রীহি সমাস:** যে সমাসের সমস্তপদে পূর্বপদ ও পরপদের অর্থ না বুঝিয়ে, অন্য কোনো পদকে বোঝায়, তাই বহুব্রীহি সমাস। বহুব্রীহি সমাসে সাধারণত যার, যাতে ইত্যাদি শব্দ ব্যাসবাক্যরূপে ব্যবহৃত হয়। যেমন:

মহান আত্মা যার = মহাত্মা	নীল বসন যার = নীলবসনা
দশ আনন যার = দশানন	যুবতী জায়া যার = যুবজানি
বান্ধবসহ বর্তমান = সবান্ধব	জলের সঙ্গে বর্তমান = সজল
সহ উদর যার = সহোদর > সোদর	

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বহু ব্রীহি (ধান) আছে যার = বহুব্রীহি
বউ ভাত পরিবেশন করে যে অনুষ্ঠানে = বউভাত
নদী মাতা (মাতৃ) যার = নদীমাতৃক
বি (গত) হয়েছে পত্নী যার = বিপত্নীক
স্ত্রীর সহিত বর্তমান = সস্ত্রীক
সমান উদর যাদের = সহোদর

- **বহুব্রীহি সমাস ৮ প্রকার।** যথা:

১. **সমানাধিকরণ বহুব্রীহি সমাস:** পূর্বপদ বিশেষণ ও পরপদ বিশেষ্য অথবা পূর্বপদ বিশেষ্য এবং পরপদ বিশেষণ হয়ে যে সমাস হয়, তাকেই সমানাধিকরণ বহুব্রীহি সমাস বলে। যেমন: নীল কণ্ঠ যার = নীলকণ্ঠ।

নীল অম্বর যার = নীলাম্বর	উচ্চ শির যার = উচ্চশির
খোশ মেজাজ যার = খোশমেজাজ	
পোড়া কপাল যার = পোড়াকপালে	

২. **ব্যধিকরণ বহুব্রীহি সমাস:** যে বহুব্রীহি সমাসে সমস্যমান পদের দুটিই বিশেষ্যপদ হয়, তাকে বলে ব্যধিকরণ বহুব্রীহি সমাস। যেমন: বীণা পানিতে যার = বীণাপাণি।

শূল পানিতে যার = শূলপানি	কথা সর্বস্ব যার = কথাসর্বস্ব
গোঁফে খেজুর পড়ে থাকলেও খায় না যে =	গোঁফখেজুরে
গোঁফে খেজুর যার = গোঁফখেজুরে	

৩. **মধ্যপদলোপী বহুব্রীহি সমাস:** ব্যাসবাক্যের মধ্যবর্তী পদ বা ব্যাখ্যামূলক মধ্যপদ লোপ পেয়ে যে বহুব্রীহি সমাস হয়, তাকে মধ্যপদলোপী বহুব্রীহি সমাস বলে। যেমন: বিড়ালের চোখের ন্যায় চোখ যে নারীর = বিড়ালচোখী।

হাতে খড়ি দেয়া হয় যে অনুষ্ঠানে = হাতেখড়ি
গায়ে হলুদ দেয়া হয় যে অনুষ্ঠানে = গায়েহলুদ

৪. **ব্যতিহার বহুব্রীহি সমাস:** একই রূপ দুটি বিশেষ্য পদ একসাথে বসে পরস্পর একই জাতীয় কাজ করলে যে সমাস হয়, তাই ব্যতিহার বহুব্রীহি সমাস। যেমন: কানে কানে যে কথা = কানাকানি, লাঠিতে লাঠিতে যে যুদ্ধ = লাঠালাঠি।

কোলে কোলে যে মিলন = কোলাকুলি
চুল টেনে টেনে যে যুদ্ধ = চুলাচুলি
হেসে হেসে যে আলাপ = হাসাহাসি
হাতে হাতে যে যুদ্ধ = হাতাহাতি

৫. **অলুক বহুব্রীহি সমাস:** যে বহুব্রীহি সমাসে পূর্বপদ ও পরপদের কোনো পরিবর্তন হয় না, তাকেই অলুক বহুব্রীহি বলে। যেমন: গলায় গামছা যার = গলায়গামছা।

মুখে ভাত (শিশুকে) দেয়া হয় যে অনুষ্ঠানে = মুখেভাত
গায়ে এসে পড়ে যে = গায়েপড়া

৬. **নঞ্ বহুব্রীহি সমাস:** নঞ্ অর্থাৎ না-বাচক অব্যয় পূর্বপদে বসে যে সমাস হয়, তাকেই বলে নঞ বহুব্রীহি সমাস। যেমন: ন (নাই) জ্ঞান যার = অজ্ঞান।

না (নাই) চারা (উপায়) যার = নাচার	
না (নয়) জানা যা = নাজানা / অজানা	
নয় হক যা = নাহক	নেই উপায় যার = নিরুপায়
অ (নেই) বুঝ যার = অবুঝ	নয় কাজের যা = অকেজো

৭. **প্রত্যয়ান্ত বহুব্রীহি সমাস:** যে বহুব্রীহি সমাসের সমস্তপদে আ, এ, ও ইত্যাদি প্রত্যয় যুক্ত হয়, তাকেই বলে প্রত্যয়ান্ত বহুব্রীহি সমাস। যেমন:

এক দিকে চোখ (দৃষ্টি) যার = একচোখা (চোখ+আ)
নিঃ (নেই) খরচ যার = নি-খরচে (খরচ+এ)
উন (দুর্বল) পাঁজর যার = উনপাঁজুরে

৮. **সংখ্যাবাচক বহুব্রীহি সমাস:** পূর্বপদে সংখ্যাবাচক এবং পরপদে বিশেষ্য হলে এবং সমস্তপদটি বিশেষণ বোঝালে, তাকে বলে সংখ্যাবাচক বহুব্রীহি সমাস। যেমন:

দশ আনন যার = দশানন
দশগজ পরিমাণ যার = দশগজি
চৌ (চার) চাল যে ঘরের = চৌচালা
সে (তিন) তার (যে যন্ত্রের) = সেতার (বিশেষ্য)

- **নিপাতনে সিদ্ধ (কোনো নিয়মের অধীন নয়) বহুব্রীহি:**

দু দিকে অপ যার = দ্বীপ	অন্তর্গত অপ যার = অন্তরীপ
নরাকারের পশু যে = নরপশু	পণ্ডিত হয়েও যে মূর্খ = পণ্ডিতমূর্খ

- **অন্ত্যপদলোপী বহুব্রীহি সমাস:** ব্যাসবাক্যের শেষপদ লোপ পেয়ে যে বহুব্রীহি সমাস হয়, তাকে অন্ত্যপদলোপী বহুব্রীহি সমাস বলে। যেমন: দশ বছর বয়স যার = দশবছুরে।
- **সহার্থক বহুব্রীহি সমাস:** সহার্থক (সহ অর্থজ্ঞাপক) পদের সঙ্গে বিশেষ্য পদের বহুব্রীহি সমাস হলে, তাকে সহার্থক বহুব্রীহি সমাস বলে। যেমন: বিনয়ের সঙ্গে বর্তমান = সবিনয়।

◆ **অব্যয়ীভাব সমাস:** পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়েরই অর্থের প্রাধান্য থাকে, তবে তাকে অব্যয়ীভাব সমাস বলে। অব্যয়ীভাব সমাস পূর্বপদ প্রধান সমাস। যেমন: জানু পর্যন্ত লম্বিত (পর্যন্ত শব্দের অব্যয় 'আ') = আজানুলম্বিত।

- নিচের উদাহরণগুলোতে অব্যয়ীভাব সমাসের অব্যয় পদটি বন্ধনির মধ্যে দেখানো হলো:

সামীপ্য (উপ)	
কণ্ঠের সমীপে = উপকণ্ঠ	কূলের সমীপে = উপকূল
বিপ্সা (অনু, প্রতি)	
দিন দিন = প্রতিদিন	ক্ষণে ক্ষণে = প্রতিক্ষণে
অভাব (নিঃ = নির)	
আমিষের অভাব = নিরামিষ	ভাবনার অভাব = নির্ভাবনা
জলের অভাব = নির্জল	উৎসাহের অভাব = নিরুৎসাহ
পর্যন্ত (আ)	
সমুদ্র থেকে হিমাচল পর্যন্ত = আসমুদ্রহিমাচল	
পা (পদ) থেকে মাথা পর্যন্ত = আপাদমস্তক	

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

সাদৃশ্য (উপ)	
গ্রহের তুল্য = উপগ্রহ	বনের সদৃশ = উপবন
শহরের সদৃশ = উপশহর	দ্বীপের সদৃশ = উপদ্বীপ
ভাষার সদৃশ = উপভাষা	জেলার সদৃশ = উপজেলা
অনতিক্রম্যতা (যথা)	
রীতিকে অতিক্রম না করে = যথারীতি	
সাধ্যকে অতিক্রম না করে = যথাসাধ্য	
অতিক্রান্ত (উৎ)	
বেলাকে অতিক্রান্ত = উদ্বেল	শৃঙ্খলাকে অতিক্রান্ত = উচ্ছৃঙ্খল
বিরোধ (প্রতি)	
বিরুদ্ধ বাদ = প্রতিবাদ	বিরুদ্ধ কূল = প্রতিকূল
পশ্চাৎ (অনু)	
পশ্চাৎ গমন = অনুগমন	পশ্চাৎ ধাবন = অনুধাবন
ঈষৎ (আ)	
ঈষৎ নত = আনত	ঈষৎ রক্তিম = আরক্তিম
দূরবর্তী অর্থে (প্র, পর)	
অক্ষির অগোচরে=পরোক্ষ	প্রপিতামহ

নদীর সদৃশ = উপনদী	সাগরের সদৃশ = উপসাগর
বিভাগের সদৃশ = উপবিভাগ	মূর্তির সদৃশ = প্রতিমূর্তি
জনে জনে = প্রতিজন	রোজ রোজ = হররোজ
জীবন পর্যন্ত = আজীবন	সমুদ্র পর্যন্ত = আসমুদ্র
কারের অভাব = বেকার	ছিন্নকে অতিক্রান্ত = উচ্ছিন্ন
ভাতের অভাব = হাভাত	নগরীর সমীপে = উপনগরী
ঈষৎ নীল = ফিকানীল	দিনভর = সমস্তদিন
নিয়মকে অতিক্রম না করে = যথানিয়ম	
ইচ্ছাকে অতিক্রম না করে = যথেচ্ছা	
কৈশোর পর্যন্ত (অবধি) = আকৈশোর	
লুনের (লবণের) অভাব = আলুনি	
বাল্যের সূচনা থেকে বাল্যের শেষ পর্যন্ত = আবাল্য	

◆ **প্রাদি সমাস:** পূর্বপদে উপসর্গ বসে যে সমাস হয়, তাকে প্রাদি সমাস বলে। প্র, প্রতি, অনু প্রভৃতি অব্যয়ের সাথে যদি কৃৎ প্রত্যয় সাধিত বিশেষ্যের সমাস হয়, তবে তাকে বলে প্রাদি সমাস। যেমন: প্র (প্রকৃষ্ট) যে বচন = প্রবচন।

প্র (প্রকৃষ্ট রূপে) ভাত (আলোকিত) = প্রভাত
অনুতে (পশ্চাতে) যে তাপ = অনুতাপ
প্র (প্রকৃষ্ট রূপে) গতি = প্রগতি

◆ **সুপসুপা সমাস:** বিভক্তিযুক্ত এক পদের সঙ্গে অন্য এক বিভক্তিযুক্ত পদের যে সমাস হয়, তাকে সুপসুপা সমাস বলে। যেমন: পূর্বে ভূত = ভূতপূর্ব, রাত্রির মধ্য = মধ্যরাত।

◆ **নিত্য সমাস:** যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে, ব্যাসবাক্যের দরকার হয় না, তাকেই বলে নিত্য সমাস। তদর্থবাচক ব্যাখ্যামূলক শব্দ বা বাক্যাংশ যোগে এগুলোর অর্থ বিশদ করতে হয়। যেমন: কেবল দর্শন = দর্শনমাত্র; অন্য গ্রাম = গ্রামান্তর; অন্য ধর্ম = ধর্মান্তর।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. **'হা-ভাতে' কোন সমাস?** *[ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]*
ক প্রাদি খ অব্যয়ীভাব সমাস
গ বহুব্রীহি ঘ উপপদ তৎপুরুষ **উ. খ**

২. **'চরণকমল' কোন সমাসের উদাহরণ?** *[ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]*
ক উপমান কর্মধারয় খ উপমিত কর্মধারয়
গ রূপক কর্মধারয় ঘ দ্বিগু সমাস **উ. খ**

৩. **'তপোবন' কোন সমাস?** *[হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়ের নিরীক্ষক: ২৩]*
ক দ্বন্দ্ব খ চতুর্থী তৎপুরুষ
গ প্রাদি ঘ বহুব্রীহি **উ. খ**

৪. **সমাস ভাষাকে কি করে?** *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক অর্থপূর্ণ করে খ সংক্ষেপ করে
গ বিস্তৃত করে ঘ অর্থের রূপান্তর ঘটায় **উ. খ**

৫. **'পুষ্পসৌরভ' কোন সমাসের উদাহরণ?** *[এলজিইডি'র কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক তৎপুরুষ খ কর্মধারয়
গ অব্যয়ীভাব ঘ বহুব্রীহি **উ. ক**

৬. **মধ্যপদলোপী কর্মধারয় এর দৃষ্টান্ত?** *[এলজিইডি'র কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক ঘর থেকে ছাড়া- ঘরছাড়া
খ অরুণের মত রাঙা-অরুণরাঙা
গ হাসি মাখা মুখ- হাসিমুখ
ঘ ক্ষণ ব্যাপিয়া স্থায়ী- ক্ষণস্থায়ী **উ. গ**

৭. **'জজসাহেব' কোন সমাসের উদাহরণ?** *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক দিগু খ কর্মধারয়
গ দ্বন্দ্ব ঘ বহুব্রীহি **উ. খ**

৮. **'তেপান্তর' কোন সমাস?** *[ডাক বিভাগের পোস্টম্যান: ২৩/ এলজিইডি'র ইলেক্ট্রিশিয়ান ও সার্ভেয়ার: ২৩]*
ক কর্মধারয় খ বহুব্রীহি
গ দ্বিগু ঘ অব্যয়ীভাব **উ. গ**

৯. **'অপয়া' কোন সমাস?** *[প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিস সহায়ক: ২৩]*
ক কর্মধারয় সমাস খ বহুব্রীহি সমাস
গ তৎপুরুষ সমাস ঘ অব্যয়ীভাব সমাস **উ. খ**

১০. **'মহাত্মা' কোন সমাস?** *[বন অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*
ক দ্বিগু খ তৎপুরুষ
গ বহুব্রীহি ঘ কর্মধারয় **উ. গ**

১১. **নিম্নের কোনটি বহুব্রীহি সমাস?** *[বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]*
ক একগুঁয়ে খ কাঁচা-মিঠা
গ রাজপথ ঘ উনিশ-বিশ **উ. ক**

১২. **'ইত্যাদি' কোন সমাস?** *[বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]*
ক তৎপুরুষ খ অব্যয়ীভাব
গ কর্মধারয় ঘ বহুব্রীহি **উ. ক**

১৩. **কোনটি ব্যতিহার বহুব্রীহি সমাসের উদাহরণ?** *[স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনিশিয়ান: ২৩]*

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ক কানাকানি খ অজানা
গ দোতলা ঘ আশীবিষ উ. ক

১৪.নিচের কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ? [নির্বাচন কমিশনের অফিস সহায়ক: ২৩]
ক দম্পতি খ হেলে ফেরানো
গ মনগড়া ঘ অনাদি উ. ক

১৫.'লাঠালাঠি' কোন সমাসের উদাহরণ? [নির্বাচন কমিশনের অফিস সহায়ক: ২৩]
ক প্রাদি খ তৎপুরুষ
গ ব্যতিহার বহুব্রীহি ঘ কর্মধারয় উ. গ

১৬.'চৌরাস্তা' কোন সমাস? [বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের কার্গো হেলপার:২৩]
ক দ্বন্দ্ব খ অব্যয়ীভাব
গ বহুব্রীহি ঘ দ্বিগু উ. ঘ

১৭.'গরমিল' এর সঠিক ব্যাসবাক্য কোনটি? [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]
ক মিল ও অমিল খ অমিলের সদৃশ
গ মিলের অভাব ঘ গর ও মিল উ. গ

১৮.'সমাস' শব্দের অর্থ কী? [প্রাণিসম্পদ অধিদপ্তরের ল্যাবরেটরি টেকনিশিয়ান:২৩]
ক সংশ্লেষ খ বিশ্লেষ
গ সংক্ষেপণ ঘ সংযোজন উ. গ

১৯.দ্বন্দ্ব সমাস এর সঠিক বিপরীত সমাস কোনটি? [প্রাণিসম্পদ অধিদপ্তরের ল্যাবরেটরি টেকনিশিয়ান: ২৩]
ক অব্যয়ীভাব খ কর্মধারয়
গ তৎপুরুষ ঘ বহুব্রীহি উ. ঘ

২০.সাহেব, বিবি ও গোলাম কি সমাস? [প্রাণিসম্পদ অধিদপ্তরের ল্যাবরেটরি টেকনিশিয়ান: ২৩]
ক অলুক দ্বন্দ্ব খ মিলনার্থক দ্বন্দ্ব
গ বিরোধার্থক দ্বন্দ্ব ঘ বহুপদী দ্বন্দ্ব উ. ঘ

২১.সমাস কত প্রকার? [প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]
ক দুই খ তিন
গ চার ঘ ছয় উ. ঘ

২২.'মহাকীর্তি' এর ব্যাসবাক্য কোনটি? [মন্ত্রিপরিষদ বিভাগের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]
ক মহান যে কীর্তি খ মহতী যে কীর্তি
গ মহৎ যে কীর্তি ঘ মহা যে কীর্তি উ. খ

২৩.'পণ্ডিতমূর্খ' এর ব্যাসবাক্য কোনটি? [এলজিইডি'র কার্যসহকারী: ২৩]
ক পণ্ডিত সেজে আছে যে মূর্খ
খ যিনি পণ্ডিত তিনিই মূর্খ
গ পণ্ডিত অথচ মূর্খ ঘ পণ্ডিত ও মূর্খ উ. ক

২৪.রূপক কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর/ মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]
ক চন্দ্রমুখ খ অরুণরাঙা
গ ক্রোধানল ঘ বর্ণচোরা উ. গ

২৫.কোন শব্দটি দ্বিগু সমাসের অন্তর্ভুক্ত? [স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনিশিয়ান: ২৩]
ক দেশান্তর খ গ্রামান্তর
গ লোকান্তর ঘ তেপান্তর উ. ঘ

২৬.নিচের কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ? [যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ২২]
ক নয়-ছয় খ খাসজমি
গ কনকচাঁপা ঘ ত্রিফলা উ. ক

২৭.'মৌমাছি' কোন সমাস? [দুদকের কোর্ট পরিদর্শক: ২২]
ক তৎপুরুষ খ দ্বন্দ্ব
গ বহুব্রীহি ঘ কর্মধারয় উ. ঘ

২৮.'প্রাণভয়' কোন সমাস? [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের হিসাবরক্ষক: ২২]
ক ৬ষ্ঠী তৎপুরষ খ অলুক দ্বন্দ্ব
গ উপমান কর্মধারয় ঘ মধ্যপদলোপী কর্মধারয় উ. ঘ

২৯.কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ? [সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যসহকারী: ২২]
ক সিংহাসন খ ভাই-বোন
গ কানাকানি ঘ গাছপালা উ. খ

৩০.মন রূপ মাঝি = মনমাঝি কোন সমাসের উদাহরণ? [সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী: ২২]
ক বহুব্রীহি খ তৎপুরুষ
গ রূপক কর্মধারয় গ দ্বন্দ্ব উ. গ

৩১.'মহর্ষি' কোন সমাস? [হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক:২২]
ক কর্মধারয় খ দ্বন্দ্ব
গ তৎপুরুষ ঘ দ্বিগু উ. ক

৩২.কোনটি দ্বিগু সমাসের উদাহরণ নয়? [বাংলাদেশ রেলওয়ের পয়েন্টস্ম্যান: ২২]
ক চৌচালা খ ত্রিফলা
গ শতাব্দী ঘ পঞ্চনদ উ. ক

৩৩.'পথে ও প্রান্তরে = পথে-প্রান্তরে'- এটি কোন সমাস? [ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন অফিসার: ২২]
ক দ্বিগু খ তৎপুরুষ
গ কর্মধারয় ঘ দ্বন্দ্ব উ. ঘ

৩৪.'জায়া ও পতি' সমাস করলে কি হয়? [স্বাস্থ্য অধিদপ্তরের কম্পাউন্ডার:২২]
ক স্বামী-স্ত্রী খ পতি-পত্নী
গ দম্পতি ঘ জায়া-পতি উ. গ

৩৫.কোনটি উপমিত কর্মধারয় সমাস? [রেলওয়ের সহকারী স্টেশন মাস্টার:২২]
ক নরসিংহ খ কাজল-কালো
গ নদীমাতৃক ঘ যাচ্ছেতাই উ. ক

৩৬.'হাট-বাজার' কোন অর্থে দ্বন্দ্ব সমাস? [বাংলাদেশ রেলওয়ের গার্ড (গ্রেড-২): ২২]
ক বিপরীতার্থে খ মিলনার্থে
গ বিরোধার্থে ঘ সমার্থে উ. ঘ

৩৭.উপমান কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি? [বাংলাদেশ রেলওয়ের সহকারী লোকোমটিভ মাস্টার: ২২]
ক মুখচন্দ্র খ ক্রোধানল
গ মনমাঝি ঘ তুষারশুভ্র উ. ঘ

৩৮.সমাস ভাষাকে কি করে? [ডাক অধিদপ্তরের হিসাব সহকারী: ২২]
ক বিস্মৃত করে খ অর্থপূর্ণ করে
গ সংক্ষেপ করে ঘ ভাষারূপ ক্ষুদ্র করে উ. গ

৩৯.সমাসের প্রক্রিয়ায় সমাস নিষ্পন্ন পদটির নাম- [ডাক অধিদপ্তরের হিসাব সহকারী/কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]
ক সমস্যমান পদ খ সমস্ত পদ
গ পূর্ব পদ ঘ উত্তর পদ উ. খ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৪০.'দিগম্বর' কোন সমাস? [ডাক অধিদপ্তরের হিসাব সহকারী/কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]
ক বহুব্রীহি খ তৎপুরুষ
গ কর্মধারয় ঘ দ্বিগু উ. ক

৪১.নিচের কোন শব্দটি সমাসবদ্ধ নয়? [মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের সিনিয়র অ্যাকাউন্টস্ ক্লার্ক: ২২]
ক গাছপাকা খ বিদ্যালয়
গ সিংহাসন ঘ দিলদরিয়া উ. খ

৪২.'বিষাদসিন্ধু' কোন কর্মধারয় সমাস? [মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের সিনিয়র অ্যাকাউন্টস্ ক্লার্ক: ২২]
ক উপমান খ উপমিত
গ রূপক ঘ মধ্যপদলোপী উ. গ

৪৩.'জলে-স্থলে' কী সমাস? [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]
ক সমার্থক দ্বন্দ্ব খ বিপরীতার্থক দ্বন্দ্ব
গ অলুক দ্বন্দ্ব ঘ একশেষ দ্বন্দ্ব উ. গ

৪৪.সমাসের রীতি কোন ভাষা হতে বাংলায় এসেছে? [ডাক ও জীবনবীমা অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক: ২২]
ক হিন্দি খ সংস্কৃত
গ প্রাকৃত ঘ ইংরেজি উ. খ

৪৫.কোনটি রূপক কর্মধারয় সমাস? [বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]
ক গীতিনাট্য খ বৌভাত
গ মনমাঝি ঘ ভারপ্রাপ্ত উ. গ

৪৬.মধ্যপদলোপী কর্মধারয় সমাস কোনটি? [হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]
ক সিংহ চিহ্নিত আসন খ মহান যে পুরুষ
গ কুসুমের মতো কোমল ঘ জায়া পতি উ. ক

৪৭.'চাঁদমুখ' এর ব্যাসবাক্য হলো- [হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]
ক চাঁদ মুখের ন্যায় খ চাঁদের মতো মুখ
গ চাঁদ মুখ যার ঘ চাঁদরূপ মুখ উ. খ

৪৮.ব্যধিকরণ বহুব্রীহি সমাস কোনটি? [খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী:২১]
ক সুশ্রী খ নিরুপায়
গ সহোদর ঘ কথাসর্বস্ব উ. ঘ

৪৯.কোনটি তৎপুরুষ সমাসের উদাহরণ? [খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]
ক বাগদত্তা (বাক্ দ্বারা দত্তা)
খ জীবনবীমা (জীবন রক্ষার বীমা)
গ গমনাগমন (গমন ও আগমন)
ঘ নদীমাতৃক (নদী মাতা যার) উ. ক

৫০.'অনুচিত' কোন সমাস? [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ক্যাশিয়ার/স্টোর কিপার: ২১]
ক বহুব্রীহি খ তৎপুরুষ
গ কর্মধারয় ঘ দ্বিগু উ. খ

৫১.'হৃদরোগ' কোন সমাস? [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]
ক বহুব্রীহি সমাস খ কর্মধারয় সমাস
গ অব্যয়ীভাব সমাস ঘ তৎপুরুষ সমাস উ. খ

৫২.কোনটি নিত্য সমাসের সমস্ত পদ? [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]
ক নরপশু খ মনমাঝি
গ গ্রামান্তর ঘ উপনদী উ. গ

৫৩.'প্রাণভয়' কোন সমাস? [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ২১]
ক ৬ষ্ঠী তৎপুরুষ খ অলুক দ্বন্দ্ব
গ উপমান কর্মধারয় ঘ মধ্যপদলোপী কর্মধারয় উ. ঘ

৫৪.রূপক কর্মধারয় এর উদাহরণ কোনটি? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]
ক চন্দ্রমুখ খ অরুণরাঙা
গ ক্রোধানল ঘ বর্ণচোরা উ. গ

৫৫.বহুব্রীহি সমাসের উদাহরণ কোনটি? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]
ক হাতেখড়ি খ আপাদমস্তক
গ চতুরঙ্গ ঘ স্মৃতিসৌধ উ. ক

৫৬.প্রত্যেক পদের অর্থ প্রাধান্য পায় কোন সমাসে? [পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী: ২১]
ক দ্বন্দ্ব সমাসে খ দ্বিগু সমাসে
গ নিত্য সমাসে ঘ বহুব্রীহি সমাসে উ. ক

৫৭.'বিরানব্বই' কোন সমাস? [খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক প্রাদি সমাস খ নিত্য সমাস
গ অলুক তৎপুরুষ ঘ অব্যয়ীভাব উ. খ

৫৮.'বর্ণচোরা' কোন ধরনের সমাস? [খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক অলুক তৎপুরুষ খ নঞ তৎপুরুষ
গ ষষ্ঠী তৎপুরুষ ঘ উপপদ তৎপুরুষ উ. ঘ

৫৯.নিচের কোনটি উপপদ তৎপুরুষ সমাসের উদাহরণ? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক পূর্বাহ্ন খ বাকপটু
গ রাজপুত্র ঘ জলদ উ. ঘ

৬০.'খাসমহল' কোন সমাস? [জনস্বাস্থ্য অধিদপ্তরের ক্লার্ক কাম টাইপিস্ট: ২১]
ক কর্মধারয় খ তৎপুরুষ
গ অব্যয়ীভাব ঘ বহুব্রীহি উ. ক

৬১.অরুণরাঙা কোন সমাস নিষ্পন্ন পদ? [জনস্বাস্থ্য অধিদপ্তরের ক্লার্ক কাম টাইপিস্ট: ২১]
ক উপমিত কর্মধারয় খ রূপক কর্মধারয়
গ অলুক তৎপুরুষ ঘ উপমান কর্মধারয় উ. ঘ

৬২.'মৃগশিশু' শব্দটির ব্যাস বাক্য কোনটি? [জনস্বাস্থ্য অধিদপ্তরের ক্লার্ক কাম টাইপিস্ট: ২১]
ক মৃগের শিশু খ শিশুরূপ মৃগ
গ মৃগীর শিশু ঘ শিশুর যে মৃগ উ. গ

৬৩.নাতিশীতোষ্ণ কোন সমাসের উদাহরণ? [জনস্বাস্থ্য অধিদপ্তরের ক্লার্ক কাম টাইপিস্ট: ২১]
ক দ্বিতীয় তৎপুরুষ খ নঞ তৎপুরুষ
গ উপপদ তৎপুরুষ ঘ অলুক তৎপুরুষ উ. খ

৬৪.কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ? [পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২১]
ক অনুগমন খ সাহিত্যসভা
গ পীতাম্বর ঘ রাতকানা উ. গ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৬৫.'আঁধারকৃষ্ণ' কোন কর্মধারয় সমাস? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাবরক্ষক: ২১]*
ক মধ্যপদলোপী কর্মধারয় খ উপমান কর্মধারয়
গ উপমিত কর্মধারয় ঘ রূপক কর্মধারয় উ. খ

৬৬.প্রত্যয়ন্ত বহুব্রীহি সমাসের উদাহরণ কোনটি? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাবরক্ষক: ২১]*
ক তেপায়া খ দেখাদেখি
গ জীবন্মৃত ঘ দোটানা উ. ঘ

৬৭.'ভাই-বোন' কোন সমাস? *[বাংলাদেশ টেলিভিশনের অফিস সহযোগী:২১]*
ক দ্বন্দ্ব সমাস খ কর্মধারয়
গ তৎপুরুষ ঘ বহুব্রীহি উ. ক

৬৮.বহুব্রীহি সমাসবদ্ধ পদ কোনটি? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ল্যাবরেটরি সহকারী: ২১]*
ক জনশ্রুতি খ অনমনীয়
গ খাসমহল ঘ তপোবন উ. খ

৬৯.'সপ্তাহ' কোন সমাস? *[পরিসংখ্যান ব্যুরোর চেইনম্যান: ২১]*
ক দ্বিগু খ দ্বন্দ্ব
গ অব্যয়ীভাব ঘ তৎপুরুষ উ. ক

৭০.সমাসবদ্ধ পদের প্রথম অংশকে কি বলা হয়? *[এনএসআই এর ওয়াচার কনস্টেবল/ ফিল্ড স্টাফ: ২১]*
ক পূর্বপদ খ উত্তরপদ
গ পরপদ ঘ দক্ষিণ পদ উ. ক

৭১.'জ্বিন-পরি' সমাসটি কোন শব্দযোগে সাধিত হয়? *[এনএসআই এর ওয়্যারলেস অপারেটর/ হিসাবরক্ষক: ২১]*
ক মিলনার্থক খ বিপরীতার্থক
গ সমার্থক ঘ বিরোধার্থক উ. ক

৭২.'মহারাজ' কোন সমাসের উদাহরণ? *[এনএসআই এর ওয়্যারলেস অপারেটর/ হিসাবরক্ষক: ২১]*
ক দ্বন্দ্ব খ কর্মধারয়
গ তৎপুরুষ ঘ বহব্রীহি উ. খ

৭৩.'আনন্দাশ্রু' শব্দটি কোন সমাস? *[জীবন বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২১]*
ক রূপক খ ষষ্ঠী তৎপুরুষ
গ উপমিত ঘ উপমান উ. ক

৭৪.বহুব্রীহি সমাস কয় প্রকার? *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক:২১]*
ক আট প্রকার খ ছয় প্রকার
গ দশ প্রকার ঘ তিন প্রকার উ. ক

৭৫.কোন সমাসে পরপদের অর্থ প্রধান থাকে? *[কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কম্পিউটার অপারেটর: ২১]*
ক অব্যয়ীভাব খ বহুব্রীহি
গ দ্বন্দ্ব ঘ কর্মধারয় উ. ঘ

৭৬.'মহানদী' শব্দের ব্যাসবাক্য কোনটি? *[কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের প্রধান সহকারী/হিসাব রক্ষক: ২১]*
ক মহান যে নদী খ মহা যে নদী
গ মহতী যে নদী ঘ মহীয়সী যে নদী উ. গ

৭৭.'মুক্তিযুদ্ধ' কোন ধরনের কর্মধারায় সমাস? *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]*
ক মধ্যপদলোপী খ উপমেয়-উপমান
গ উপমান ঘ উপমিত উ. ক

৭৮.'সুগন্ধি' কি ধরনের সমাস? *[এনএসআই এর ডেসপার রাইডার ও অফিস সহায়ক: ২১]*
ক তৎপুরুষ খ দ্বন্দ্ব
গ বহুব্রীহি ঘ কর্মধারয় উ. গ

৭৯.দুটি বিশেষ্য পদে একই ব্যক্তি বা বস্তুকে বোঝালে হয়- *[এনএসআই এর কম্পিউটার অপারেটর: ২১]*
ক দ্বন্দ্ব সমাস খ কর্মধারয় সমাস
গ বহুব্রীহি সমাস ঘ দ্বিগু সমাস উ. খ

৮০.'নিরুৎসাহ' শব্দের সঠিক ব্যাসবাক্য কোনটি? *[কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কম্পিউটার অপারেটর: ২১]*
ক নাই উৎসাহ খ উৎসাহের অভাব
গ উৎসাহ নাই যার ঘ নঞ উৎসাহ উ. খ

৮১.'গায়ে হলুদ' কোন ধরনের সমাসের উদাহরণ? *[বাংলাদেশ ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ২০]*
ক কর্মধারয় খ তৎপুরুষ
গ বহুব্রীহি ঘ দ্বিগু উ. গ

৮২.'ফুলকুমারী' সমস্তপদটির সঠিক ব্যাসবাক্য কোনটি? *[ডাক বিভাগের মেইল অপারেটর: ১৯]*
ক ফুলের ন্যায় কুমারী খ কুমারী ফুলের ন্যায়
গ ফুল রূপ কুমারী ঘ কুমারী ফুল উ. খ

৮৩.'মহানবী' কোন সমাস? *[পেট্রোবাংলার হিসাব সহকারী: ১৯]*
ক দ্বিগু খ তৎপুরুষ
গ বহুব্রীহি ঘ কর্মধারয় উ. ঘ

৮৪.'চায়ের বাগান' কোন সমাস? *[ক্রীড়া পরিদপ্তরের কম্পিউটার অপারেটর:১৯]*
ক কর্মধারয় সমাস খ সংখ্যাবাচক সমাস
গ ষষ্ঠী তৎপুরুষ সমাস ঘ দ্বিগু সমাস উ. গ

৮৫.'এতিমখানা' কোন সমাস? *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর:১৯]*
ক দ্বিগু খ তৎপুরুষ
গ বহুব্রীহি ঘ কর্মধারয় উ. খ

৮৬.'তুষারশুভ্র' কোন সমাসের উদাহরণ? *[দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ১৯]*
ক মধ্যপদলোপী কর্মধারয় খ উপমান কর্মধারয়
গ বহুব্রীহি ঘ ষষ্ঠী তৎপুরুষ উ. খ

৮৭.'পোকা-মাকড়' কোন সমাসযোগে গঠিত শব্দ? *[এনএসআই এর ওয়াচার কনস্টেবল: ১৯]*
ক দ্বন্দ্ব খ দ্বিগু
গ কর্মধারয় ঘ অব্যয়ীভাব উ. ক

৮৮.'ফিকা নীল' এর সঠিক ব্যাসবাক্য কোনটি? *[পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী: ১৯]*
ক ফিফা নীল যা খ নীলের অভাব
গ ঈষৎ নীল ঘ নীলের সদৃশ উ. গ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

১. নিচের প্রশ্নগুলোর সঠিক উত্তর দিন: *[শিপিং কর্পোরেশন চট্টগ্রামের কম্পিউটার অপারেটর: ২৩]*
ক. 'মহারাজ' শব্দের ব্যাসবাক্য কী?
উ. মহান যে রাজা
খ. 'স্মৃতিসৌধ' কোন কর্মধারয় সমাস?

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

উ. মধ্যপদলোপী কর্মধারয়
গ. 'কাজল-কালো' এর সঠিক ব্যাসবাক্য কী?
উ. কাজলের ন্যায় কালো
ঘ. 'কমলাক্ষ' শব্দের ব্যাসবাক্য কি?
উ. কমলের ন্যায় অক্ষি যার
ঙ. 'মনগড়া' কোন সমাস?
উ. ৩য়া তৎপুরুষ

২. ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন: *[বিভাগীয় কমিশনারের কার্যালয় (রংপুর) এর কম্পিউটার অপারেটর: ২৩]*
ক. পলান্ন = পল মিশ্রিত অন্ন (মধ্যপদলোপী কর্মধারয় সমাস)।
খ. শশব্যস্ত = শশকের মতো ব্যস্ত (উপমান কর্মধারয় সমাস)।
গ. শান্তশিষ্ট = শান্ত অথচ শিষ্ট (কর্মধারয় সমাস)।
ঘ. গরুরগাড়ী = গরুর গাড়ী (অলুক তৎপুরুষ)।

৩. ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন: *[বাণিজ্য মন্ত্রণালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক. দুধে-ভাতে = দুধে ও ভাতে; দ্বন্দ্ব সমাস
খ. কানাকানি = কানে কানে যে কথা; ব্যতিহার বহুব্রীহি
গ. সেতার = সে (তিন) তার যে যন্ত্রের; বহুব্রীহি সমাস
ঘ. আয়কর = আয়ের উপর কর; মধ্যপদলোপী কর্মধারয়
ঙ. মনমাঝি = মন রূপ মাঝি; রূপক কর্মধারয়

৪. ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন: *[সুরক্ষা সেবা বিভাগের কম্পিউটার অপারেটর: ২৩]*
ক. মধু মাখা- মধু দিয়ে মাখা; ৩য়া তৎপুরুষ
খ. হাতঘড়ি- হাতে পড়া হয় যে ঘড়ি; কর্মধারয়
গ. সেতার- সে (তিন) তার যে যন্ত্রের (বহুব্রীহি)
ঘ. বিষাদ সিন্ধু- বিষাদ রূপ সিন্ধু; রূপক কর্মধারয়
ঙ. ক্রোধানল- ক্রোধ রূপ অনল; রূপক কর্মধারয়

৫. ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন: *[বঙ্গবন্ধু বিজ্ঞান ও ফেলোশিপ ট্রাস্টের অফিস সহায়ক: ২৩]*
ক. গুরুভক্তি- গুরুকে ভক্তি; ৪র্থী তৎপুরুষ
খ. রাজ পথ- পথের রাজা; ৬ষ্ঠী তৎপুরুষ
গ. পদ্মগন্ধি- পদ্মের ন্যায় গন্ধ যার; বহুব্রীহি
ঘ. উপকণ্ঠ- কণ্ঠের সমীপে; অব্যয়ীভাব

৬. ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন: *[সুরক্ষা সেবা বিভাগের সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*
ক. মধুমাখা- মধু দিয়ে মাখা; ৩য়া তৎপুরুষ সমাস
খ. হাতঘড়ি- হাতে পড়া হয় যে ঘড়ি; কর্মধারয় সমাস
গ. চৌরাস্তা- চার রাস্তার সমাহার; দ্বিগু সমাস
ঘ. কানাকানি- কানে কানে যে কথা; ব্যতিহার বহুব্রীহি
ঙ. বিষাদসিন্ধু- বিষাদ রূপ সিন্ধু; রূপক কর্মধারয়

৭. ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন: *[ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক. জনৈক = এক জন; নিত্য সমাস।
খ. ফুলকুমারী = কুমারী ফুলের ন্যায়; উপমিত কর্মধারয়।
গ. বজ্রকণ্ঠ = বজ্রের ন্যায় কণ্ঠ; উপমান কর্মধারয়।
ঘ. মহানবী = মহান যে নবী; কর্মধারয়।
ঙ. সস্ত্রীক = স্ত্রীর সঙ্গে বর্তমান; বহুব্রীহি।

৮. ব্যাসবাক্যসহ সমাসের নাম লিখুন: *[ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক. যাতায়াত = যাওয়া ও আসা (দ্বন্দ্ব সমাস)
খ. যথাসাধ্য = সাধ্যকে অতিক্রম না করে (অব্যয়ীভাব সমাস)
গ. চিরসুখী = চিরকাল ব্যাপিয়া সুখী (২য়া তৎপুরুষ সমাস)

৯. ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন: *[কাস্টম হাউস চট্টগ্রামের উচ্চমান সহকারী: ২৩]*
ক. নীলোৎপল- নীল যে উৎপল; কর্মধারয় সমাস।
খ. স্ফটিকস্বচ্ছ- স্ফটিকের মতো স্বচ্ছ; উপমান কর্মধারয়।
গ. জ্যোৎস্নারাত- জ্যোৎস্না শোভিত রাত; মধ্যপদলোপী কর্মধারয়
ঘ. কর্ণফুলী- কর্ণে ফুল আছে যার; বহুব্রীহি সমাস।
ঙ. কলেরগান- কলের গান; ষষ্ঠী তৎপুরুষ সমাস।

১০. ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন: *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের উপজেলা ব্যবস্থাপক: ২৩]*
ক. মীনাক্ষী- মীনের ন্যায় অক্ষি যার; বহুব্রীহি সমাস।
খ. পসুরি = পাঁচ সেরের সমাহার; দ্বিগু সমাস।

১১. ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন: *[ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*
ক. জলদ = জল দেয় যে; উপপদ তৎপুরুষ
খ. বিজয়পতাকা = বিজয়সূচক পতাকা; মধ্যপদলোপী কর্মধারয়

১২. ব্যাসবাক্যসহ সমাসের নাম লিখুন: *[গণযোগাযোগ অধিদপ্তরের ঘোষক: ২৩]*
ক. বহুব্রীহি = বহু ধান আছে যার; বহুব্রীহি সমাস।
খ. গায়ে হলুদ = গায়ে হলুদ দেয়া হয় যে অনুষ্ঠানে; মধ্যপদলোপী বহুব্রীহি সমাস।

১৩. ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন: *[পরিবেশ অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*
ক. যথারীতি- রীতিকে অতিক্রম না করে; অব্যয়ীভাব সমাস
খ. সদর্প- দর্পের সঙ্গে বর্তমান; বহুব্রীহি সমাস
গ. মৃগশিশু- মৃগের শিশু; ষষ্ঠী তৎপুরুষ
ঘ. অনন্য- নয় অন্য; নঞ তৎপুরুষ
ঙ. কদাচার- কু যে আচার; কর্মধারয় সমাস

১৪. ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন: *[পরিবেশ অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২৩]*
ক. শান্তশিষ্ট- শান্ত অথচ শিষ্ট; কর্মধারয় সমাস।
খ. একোন- এক দ্বারা ঊন; তৎপুরুষ সমাস।
গ. সহকর্মী- সমান কর্মী যে; বহুব্রীহি সমাস।
ঘ. পঞ্চবটি- পঞ্চ বটের সমাহার; দ্বিগু সমাস।
ঙ. উপকথা- কথার সদৃশ; অব্যয়ীভাব সমাস।

১৫. ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন: *[কর অঞ্চল সিলেটের অফিস সহায়ক: ২৩]*
ক. কাঁচকলা = কাঁচা যে কলা (কর্মধারয় সমাস)
খ. মনমাঝি = মন রূপ মাঝি (রূপক কর্মধারয়)
গ. নবীনবরণ = নবীনকে বরণ (২য়া তৎপুরুষ)
ঘ. বীণাপানি = বীণা পাণিতে যার (ব্যধিকরণ বহুব্রীহি)
ঙ. দিনরাত = দিন ও রাত (দ্বন্দ্ব সমাস)

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১৬.ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন: *[সুনামগঞ্জ ইউনিয়ন পরিষদের সচিব: ২৩]*

ক. দুঃখপ্রাপ্ত = দুঃখকে প্রাপ্ত; দ্বিতীয়া তৎপুরুষ
খ. দ্রুতগামী = দ্রুত গমন করে যে; উপপদ তৎপুরুষ

১৭.ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন: *[শেখ হাসিনা মেডিকেল কলেজ হাসপাতাল, টাঙ্গাইলের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

ক. আনন্দাশ্রু = আনন্দে যে অশ্রু- (কর্মধারয় সমাস)
খ. পঙ্কজ = পঙ্কে জন্মে যা (উপপদ তৎপুরুষ সমাস)
গ. কাজলকালো = কাজলের ন্যায় কালো (উপমান কর্মধারায়)
ঘ. আশীবিষ = আশীতে (দাঁতে) বিষ যার- (বহুব্রীহি সমাস)

১৮.কারক ও বিভক্তি নির্ণয় করুন: *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ২৩]*

ক. আমারে তুমি করিবে ত্রাণ এ নহে মোর প্রার্থনা- কর্মে ২য়া।
খ. ভেড়া দিয়ে চাষ করা সম্ভব নয়- করণে ৩য়া।
গ. জমি থেকে ফসল পাই- অপাদানে ৫মী।
ঘ. ধোপাকে কাপড় দাও- কর্মে ৪র্থী
ঙ. রাজীব বাংলা ব্যাকরণে ভালো- অধিকরণে ৭মী।

১৯.ব্যাসবাক্যসহ সমাসের নাম লিখুন: *[রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সার্ভেয়ার: ২৩]*

ক. আপাদমস্তক- পা থেকে মাথা পর্যন্ত; অব্যয়ীভাব সমাস।
খ. জনৈক- জন যে এক; কর্মধারয় সমাস।
গ. আশীবিষ- আশীতে (দাঁতে) বিষ যার; বহুব্রীহি সমাস।
ঘ. চতুষ্পদী- চার পা বিশিষ্ট প্রাণী; বহুব্রীহি সমাস।

২০.ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন: *[কাস্টম হাউস চট্টগ্রামের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

ক. **ছায়াতরু-** ছায়া দানকারী তরু; মধ্যপদলোপী কর্মধারয়।
খ. **পুরুষসিংহ-** পুরুষ সিংহের ন্যায়; উপমিত কর্মধারয়।
গ. **দুর্ভিক্ষ-** ভিক্ষার অভাব; অব্যয়ীভাব সমাস।
ঘ. **হাতে খড়ি-** হাতে খড়ি দেওয়া হয় যে অনুষ্ঠানে; মধ্যপদলোপী বহুব্রীহি।
ঙ. **চালকুমড়া-** চালে আশ্রিত কুমড়া; মধ্যপদলোপী কর্মধারয়।

২১.ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন: *[বন অধিদপ্তরের (বরিশাল) ফরেস্ট গার্ড: ২৩]*

ক. মাছভাত = মাছ ও ভাত (দ্বন্দ্ব সমাস)
খ. নদীমাতৃক = নদী মাতা যার (বহুব্রীহি সমাস)
গ. ত্রিলোক = ত্রি (তিন) লোকের সমাহার (দ্বিগু সমাস)
ঘ. মনগড়া = মন দিয়ে গড়া (৩য়া তৎপুরুষ সমাস)
ঙ. রাজপথ = পথের রাজা (৬ষ্ঠী তৎপুরুষ সমাস)
চ. চতুর্ভুজ = চার ভুজের সমাহার (দ্বিগু সমাস) *[তথ্যসূত্র: ৯ম-১০ম পুরাতন বোর্ড ব্যাকরণ]*
চার ভুজ যে ক্ষেতের (সংখ্যাবাচক বহুব্রীহি সমাস) *[তথ্যসূত্র: ৯ম-১০ম নতুন বোর্ড ব্যাকরণ]*

২২.ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন: *[বন অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

ক. অদ্বিতীয় = ন দ্বিতীয় যার; বহুব্রীহি সমাস।
খ. আশেপাশে = আশে ও পাশে; দ্বন্দ্ব সমাস।
গ. উপকথা = কথার সদৃশ; অব্যয়ীভাব সমাস।
ঘ. কুসুম কোমল = কুসুমের মত কোমল; উপমান কর্মধারয়।
ঙ. খনিজ = খনিতে জন্মে যা; উপপদ তৎপুরুষ সমাস।

২৩.ব্যাসবাক্যসহ সমাসের নাম লিখুন: *[কৃষি বিপণন অধিদপ্তরের মাঠ ও বাজার পরিদর্শক: ২৩]*

ক. প্রতিকূল = বিরুদ্ধ কূল; অব্যয়ীভাব সমাস।
খ. নির্জল = জলের অভাব; অব্যয়ীভাব সমাস।
গ. রাজবাড়ি = রাজার বাড়ি; ৬ষ্ঠী তৎপুরুষ সমাস।
ঘ. নবরত্ন = নব রত্নের সমাহার; দ্বিগু সমাস।
ঙ. মনমাঝি = মন রূপ মাঝি; রূপক কর্মধারয় সমাস।

২৪.ব্যাসবাক্যসহ সমাসের নাম লিখুন: *[হাইওয়ে পুলিশের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

ক. অনুক্ষণ- ক্ষণ ক্ষণ; অব্যয়ীভাব সমাস
খ. কোকিলকণ্ঠী- কোকিলের মতো কণ্ঠ যার, বহুব্রীহি সমাস
গ. জেল খালাস- জেল থেকে খালাস, পঞ্চমী তৎপুরুষ।
ঘ. যথারীতি- রীতিকে অতিক্রম না করা; অব্যয়ীভাব সমাস
ঙ. সৈন্যসামন্ত- সৈন্য ও সামন্ত; দ্বন্দ্ব সমাস

২৫.ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন: *[যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ক্রেডিট সুপারভাইজার: ২৩]*

ক. উপবন- বনের সদৃশ (অব্যয়ীভাব সমাস)
খ. তেপান্তর- তিন প্রান্তরের সমাহার (দ্বিগু সমাস)
গ. চিড়িয়াখানা- চিড়িয়াদের জন্য খানা (তৎপুরুষ সমাস)

২৬.ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন: *[সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ক্যাশিয়ার: ২৩]*

ক. দোয়াত-কলম = দোয়াত ও কলম; দ্বন্দ্ব সমাস।
খ. সিংহাসন = সিংহ চিহ্নিত আসন; মধ্যপদলোপী কর্মধারয়।
গ. মনগড়া = মন দিয়ে গড়া; তৃতীয়া তৎপুরুষ।
ঘ. দু'কান কাটা = দুই কান কাটা যার; ব্যাধিকরণ বহুব্রীহি।
ঙ. মাথায় পাগড়ি = মাথায় পাগড়ি যার; অলুক বহুব্রীহি।

২৭.ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় করুন: *[কর অঞ্চল-১, চট্টগ্রামের উচ্চমান সহকারী: ২৩]*

ক. রাষ্ট্রপতি = রাষ্ট্রের পতি→ ৬ষ্ঠী তৎপুরুষ
খ. জীবনানন্দ = জীবন ব্যাপিয়া আনন্দ→ ২য়া তৎপুরুষ
গ. নির্জলা = নেই জল যাহাতে→ নঞ বহুব্রীহি
ঘ. ত্বরিৎকর্মা = ত্বরিৎ কর্ম যার (ব্যধিকরণ বহুব্রীহি)

২৮.ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন: *[কর কমিশনারের কার্যালয় চট্টগ্রামের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

ক. সপ্তাহ = সপ্ত অহের সমাহার- দ্বিগু সমাস
খ. মনগড়া= মন দিয়ে গড়া- তৃতীয়া তৎপুরুষ সমাস
গ. ছায়াতরু= ছায়া দানকারী তরু = মধ্যপদলোপী কর্মধারয় সমাস।
ঘ. উপদ্বীপ= দ্বীপের সদৃশ- অব্যয়ীভাব সমাস
ঘ. নীলকণ্ঠ= নীল কণ্ঠ যার- বহুব্রীহি সমাস

২৯.ব্যাসবাক্যসহ সমাসের নাম লিখুন: *[কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*

ক. প্রতিকূল = বিরুদ্ধ কূল; অব্যয়ীভাব সমাস।
খ. নির্জল = জলের অভাব; অব্যয়ীভাব সমাস।
গ. রাজবাড়ি = রাজার বাড়ি; ৬ষ্ঠী তৎপুরুষ সমাস।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

উপসর্গ

যেসব অব্যয় ধাতু বা শব্দের পূর্বে বসে নতুন নতুন শব্দের সৃষ্টি করে, তাদের উপসর্গ বলে। উপসর্গগুলোর নিজস্ব কোনো অর্থবাচকতা নেই, কিন্তু অন্য শব্দের পূর্বে বসে এদের অর্থদ্যোতকতা বা নতুন শব্দ সৃজনের ক্ষমতা থাকে। যেমন: পরি (উপসর্গ) + চালক = পরিচালক; অ+জানা = অজানা।

➢ বাংলা ভাষায় তিন প্রকার উপসর্গ আছে। যথা:

♦ **বাংলা উপসর্গ:**

খাঁটি বাংলা বা দেশি উপসর্গ একুশটি। যথা: অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, উন (উনা), কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা।

√ বাংলা উপসর্গ সাধারণত বাংলা শব্দের পূর্বেই বসে।

• **বাংলা উপসর্গের প্রয়োগ:**

উপসর্গ	অর্থদ্যোতকতা	উদাহরণ
অ	নিন্দিত	অকেজো, অচেনা, অপয়া
	অভাব	অচিন, অজানা, অথৈ
অঘা	বোকা	অঘারাম, অঘাচণ্ডী
অজ	নিতান্ত	অজমূর্খ, অজপাড়াগাঁ, অজপুকুর
অনা	অভাব	অনাবৃষ্টি, অনাদর
আ	অভাব	আকাঁড়া, আধোয়া, আলুনি
আড়	বক্র	আড়চোখে, আড়নয়নে
	আধা/প্রায়	আড়মোড়া, আড়পাগলা, আড়ক্ষ্যাপা
আন	বিক্ষিপ্ত	আনমনা, আনচান
আব	অস্পষ্টতা	আবছায়া, আবডাল
ইতি	পুরনো	ইতিহাস, ইতিকথা
উন	কম	উনপাঁজুরে, উনিশ
কদ	নিন্দিত	কদর্য, কদাকার, কদবেল
কু	কুৎসিত	কুকথা, কুঅভ্যাস, কুনজর, কুসঙ্গ
নি	নাই/নেতি	নিখুঁত, নিখোঁজ, নিলাজ, নিরেট, নিভাঁজ
পাতি	ক্ষুদ্র	পাতিহাঁস, পাতিশিয়াল, পাতিলেবু
বি	ভিন্নতা/নিন্দনীয়	বিপথ, বিভূঁই
ভর	পূর্ণতা	ভরপুর, ভরসাঁঝ, ভরদুপুর
রাম	বড়/উৎকৃষ্ট	রামছাগল, রামদা, রামবোকা, রামশিঙ্গা
স	সঙ্গে	সরাজ, সরব, সঠিক, সজোর, সপাট
সা	উৎকৃষ্ট	সাজোয়ান, সাজিরা
সু	উত্তম	সুনাম, সুনজর, সুখবর, সুদিন, সুকাজ
হা	অভাব	হাভাতে, হাঘরে, হাপিত্যেশ

♦ **তৎসম উপসর্গ:**

তৎসম (সংস্কৃত) উপসর্গ বিশটি। যথা: প্র, পরা, অপ, সম, নি, অনু, অব, নির, দুর, বি, অধি, সু, উৎ, পরি, প্রতি, অতি, অপি, অভি, উপ, আ।

√ তৎসম (সংস্কৃত) উপসর্গ তৎসম শব্দের পূর্বে বসে।

• **তৎসম (সংস্কৃত) উপসর্গের প্রয়োগ:**

উপসর্গ	ব্যবহৃত অর্থ	উদাহরণ
প্র	প্রকৃষ্ট/সম্যক	প্রভাব, প্রচলন, প্রস্ফুটিত
	আধিক্য	প্রগাঢ়, প্রচার, প্রবল, প্রসার
	গতি	প্রবেশ, প্রস্থান
পরা	আতিশয্য	পরাক্রান্ত, পরাকাষ্ঠা, পরায়ণ
	বিপরীত	পরাজয়, পরাভব
অপ	বিপরীত	অপমান, অপকার, অপচয়, অপবাদ
	নিকৃষ্ট	অপকর্ম, অপসৃষ্টি, অপযশ
সম্	সম্মুখে	সমাগত, সম্মুখ
নি	আতিশয্য	নিদাঘ, নিদারুণ
	অভাব	নিষ্কলুষ, নিষ্কাম, নিখাদ
অব	সম্যকভাবে	অবরোধ, অবগত, অবগাহন
	নিম্নে/অধোমুখিতা	অবতরণ, অবরোহণ
	অল্পতা	অবশেষ, অবসান
অনু	পশ্চাৎ	অনুশোচনা, অনুগামী, অনুজ
	সাদৃশ্য	অনুবাদ, অনুরূপ, অনুকার
নিঃ (নির্ / নিস্)	অভাব	নিরক্ষর, নির্জীব, নিরাশ্রয়, নির্ধন
	নিশ্চয়	নির্ধারণ, নির্ণয়, নির্ভর
	বাহির/বহির্মুখিতা	নির্গত, নির্বাসন, নিঃসরণ
দুঃ (দুর্ / দুস্)	মন্দ	দুর্ভাগ্য, দুর্দশা, দুর্নাম, দুর্দিন
	কষ্টসাধ্য	দুর্লভ, দুর্গম, দুরতিক্রম্য
	অল্প	দুষ্প্রাপ্য
বি	অভাব	বিনিদ্র, বিবর্ণ, বিশৃঙ্খল, বিফল
	বিশেষ	বিধৃত, বিত্তদ্ধ, বিজ্ঞান, বিবস্ত্র, বিতর্ক
সু	উত্তম	সুকণ্ঠ, সুকৃতি, সুচরিত্র, সুপ্রিয়, সুনীল
	সহজ	সুগম, সুলভ, সুসাধ্য
	আতিশয্য	সুচতুর, সুকঠিন, সুধীর, সুনিপুণ, সুতীক্ষ্ণ
উৎ	ঊর্ধ্বমুখিতা	উন্নতি, উদ্যম, উৎক্ষিপ্ত, উদ্গ্রীব, উত্তোলন
	আতিশয্য	উচ্ছেদ, উত্তপ্ত, উৎফুল্ল, উৎসুক, উৎপীড়ন
	অপকর্ষ	উৎকোচ, উৎকট, উচ্ছৃঙ্খল
অধি	আধিপত্য	অধিকার, অধিপতি, অধিবাসী
	ব্যাপ্তি	অধিকার, অধিবাস, অধিগত
পরি	সম্যক রূপে	পরিশ্রান্ত, পরীক্ষা, পরিমাণ
	চতুর্দিক	পরিভ্রমণ, পরিমণ্ডল
প্রতি	সদৃশ	প্রতিমূর্তি, প্রতিধ্বনি
	বিরোধ	প্রতিবাদ, প্রতিদ্বন্দ্বী
	পৌনঃপুন্য	প্রতিদিন, প্রতিমাস
	তুল্য	প্রতিধ্বনি
উপ	সামীপ্য	উপকূল, উপকণ্ঠ
	সদৃশ	উপদ্বীপ, উপবন
	ক্ষুদ্র	উপগ্রহ, উপসাগর, উপনেতা
	বিশেষ	উপনয়ন (পৈতা), উপভোগ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

অপি	অতিরিক্ত	অপিচ, অপিনিহিতি
অভি	গমন	অভিযান, অভিসার
	সম্মুখ/দিক	অভিমুখ, অভিবাদন
অতি	আতিশয্য	অতিকায়, অত্যাচার, অতিশয়
	অতিক্রম	অতিমানব, অতিপ্রাকৃত
আ	পর্যন্ত	আকণ্ঠ, আমরণ, আসমুদ্র
	বিপরীত	আদান, আগমন

✓ চারটি উপসর্গ (আ, সু, বি, নি), যা বাংলা ও তৎসম উভয় উপসর্গে পাওয়া যায়। বাংলা উপসর্গগুলো সাধারণত বাংলা শব্দের পূর্বেই বসে এবং তৎসম (সংস্কৃত) উপসর্গগুলো তৎসম শব্দের পূর্বে বসে।

♦ বিদেশী উপসর্গ:

উপসর্গ	ব্যবহৃত অর্থ	উদাহরণ
ফারসি উপসর্গ		
কার্	কাজ	কারসাজি, কারখানা, কারবার
দর্	মধ্যস্থ, অধীন	দরপত্তনী, দরপাট্টা,
না	না	নারাজ, নাচার, নাখোশ, নামঞ্জুর
নিম	আধা/অর্ধেক	নিমরাজি
ফি	প্রতি	ফি-রোজ, ফি-হপ্তা, ফি-বছর
বদ্	মন্দ	বদরাগী, বদমাশ, বদহজম,
	উগ্র	বদমেজাজ
বে	না	বেকার, বেআদব, বেতার
বর্	বাইরে/মধ্যে	বরখাস্ত, বরখেলাপ, বরবাদ
ব্	সহিত	বমাল, বনাম, বকলম
কম্	স্বল্প	কমজোর, কমবখ্‌ত
আরবি উপসর্গ		
আম্	সাধারণ	আমদরবার, আমমোক্তার
খাস	বিশেষ	খাসমহল, খাসকামরা, খাসদরবার
লা	না	লাজওয়াব, লাপাত্তা, লাওয়ারিশ
গর	অভাব	গরমিল, গরহাজির, গররাজি
	বিপরীত	গরহাজির
ইংরেজি উপসর্গ		
ফুল	পূর্ণ	ফুল-বাবু, ফুল-হাতা, ফুল-প্যান্ট
হাফ	আধা	হাফ-টিকেট, হাফ-হাতা, হাফ-স্কুল
হেড	প্রধান	হেড-অফিস, হেড-পণ্ডিত
সাব	অধীন	সাব-জজ, সাব-অফিস
উর্দু-হিন্দি উপসর্গ		
হর	প্রত্যেক	হররোজ, হরমাহিনা, হরহামেশা

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. বাংলা ভাষায় খাঁটি বাংলা উপসর্গ কয়টি? *[হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়ের নিরীক্ষক: ২৩]*
ক ২২টি খ ২১টি গ ২০টি ঘ ১৯টি **উ. খ**

২. 'লাপাত্তা' শব্দের 'লা' উপসর্গটি বাংলা ভাষায় এসেছে- *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক হিন্দি ভাষা থেকে খ ফারসি ভাষা থেকে
গ আরবি ভাষা থেকে ঘ উর্দু ভাষা থেকে **উ. গ**

৩. 'অপমান' শব্দের 'অপ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত? *[প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিস সহায়ক: ২৩]*
ক বিপরীত খ বিকৃত
গ অভাব ঘ নিকৃষ্ট **উ. ক**

৪. 'বরখেলাপ' শব্দে 'বর' কোন ধরনের উপসর্গ? *[নির্বাচন কমিশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক খাঁটি বাংলা খ তৎসম
গ আরবি ঘ ফারসি **উ. ঘ**

৫. বাংলা ভাষায় উপসর্গ কত প্রকার? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের কার্গো হেলপার/ট্রাফিক: ২৩]*
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫ **উ. খ**

৬. 'নিমরাজি' শব্দের 'নিম' উপসর্গ কী অর্থ নির্দেশ করে? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ২৩]*
ক না খ পুরো
গ কম ঘ যথেষ্ঠ **উ. গ**

৭. নিচের কোনটি শব্দের শুরুতে বসে? *[যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ২২]*
ক সমাস খ বিভক্তি
গ প্রত্যয় ঘ উপসর্গ **উ. ঘ**

৮. তৎসম উপসর্গ কয়টি? *[যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ২২]*
ক ১৯টি খ ২০টি
গ ২১টি ঘ ২২টি **উ. খ**

৯. উপসর্গের কাজ কী? *[সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যসহকারী: ২২]*
ক বর্ণ সংরক্ষণ খ ভাবের পার্থক্য নিরুপণ
গ যতি সংস্থাপন ঘ নতুন শব্দ গঠন **উ. ঘ**

১০. 'পাতি' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়? *[বাংলাদেশ রেলওয়ের পয়েন্টস্‌ম্যান: ২২]*
ক ছোট খ বিপরীত
গ নিম্ন ঘ শূন্য **উ. ক**

১১. অবলম্বনের 'অব' উপসর্গ কি অর্থে ব্যবহৃত হয়েছে? *[বাংলাদেশ রেলওয়ের সহকারী লোকোমটিভ মাস্টার: ২২]*
ক নিম্নে খ সম্যকভাবে
গ প্রতিকূল ঘ প্রস্তুতি **উ. খ**

১২. উপসর্গ কোনটি? *[ডাক বিভাগের অফিস সহায়ক: ২২]*
ক অতি খ থেকে
গ চেয়ে ঘ দ্বারা **উ. ক**

১৩. 'ফুল, হাফ' কোন ধরনের উপসর্গ? *[পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের পোস্টম্যান: ২২]*
ক বাংলা খ তৎসম
গ ইংরেজি ঘ ফারসি **উ. গ**

১৪. 'বিজ্ঞান' শব্দের 'বি' উপসর্গ কী অর্থে ব্যবহৃত হয়েছে? *[পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের উচ্চমান সহকারী: ২২]*
ক বিশেষ খ অভাব
গ গতি ঘ সাধারণ **উ. ক**

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১৫.'নিলাজ' শব্দে 'নি' উপসর্গটি- *[রাজউক এর ইমারত পরিদর্শক: ২২]*
ক বাংলা খ তৎসম
গ বিদেশী ঘ ফারসি
উ. ক

১৬.'বদনাম' শব্দের 'বদ' কোন ভাষার উপসর্গ? *[মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের সিনিয়র অ্যাকাউন্টস্ ক্লার্ক: ২২]*
ক বাংলা খ ফারসি
গ আরবি ঘ হিন্দি
উ. খ

১৭.'উৎক্ষিপ্ত' শব্দে 'উৎ' উপসর্গ কোন অর্থে ব্যবহৃত হয়েছে? *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক উর্ধ্বে খ প্রস্তুতি
গ ক্ষিপ্রতা ঘ নিশ্চয়তা
উ. ক

১৮.উপসর্গ সাধারণত কোথায় বসে? *[স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নকশাকার/ড্রাফটম্যান: ২২]*
ক বাক্যের শেষে খ শব্দের শেষে
গ শব্দের পূর্বে ঘ শব্দের মধ্যে
উ. গ

১৯.কোনটি খাঁটি বাংলা উপসর্গ? *[মৎস্য অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক: ২১]*
ক অব খ অতি
গ ইতি ঘ পরি
উ. গ

২১.বিশেষ অর্থে ব্যবহৃত হয়েছে কোন উপসর্গটি? *[খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ২১]*
ক উপকণ্ঠ খ উপবন
গ উপভোগ ঘ উপগ্রহ
উ. গ

২২.'উপসংহার' শব্দে কোন উপসর্গ ব্যবহৃত হয়েছে? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*
ক তৎসম উপসর্গ খ বাংলা উপসর্গ
গ ফারসি উপসর্গ ঘ আরবি উপসর্গ
উ. ক

২৩.দেশি উপসর্গ কোনটি? *[খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক পরিহার খ উপহার
গ অকাজ ঘ লাপাত্তা
উ. গ

২৪.তৎসম উপসর্গযোগে গঠিত শব্দ কোনটি? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক নিমরাজি খ আনমনা
গ অভিমুখ ঘ আগাছা
উ. গ

২৫.নিম্নের কোন উপসর্গটিতে বাংলা উপসর্গের প্রয়োগ ঘটেছে? *[জনস্বাস্থ্য অধিদপ্তরের ক্লার্ক কাম টাইপিস্ট: ২১]*
ক পরিহার খ হাভাতে
গ উৎকর্ষ ঘ বেশরম
উ. খ

২৬.বাংলা ভাষায় ব্যবহৃত বিদেশি উপসর্গ কতগুলো? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]*
ক ১৯টি গ ২০টি
গ ২১টি ঘ অনির্ণেয়
উ. ঘ

২৭.কোন উপসর্গটি ভিন্নার্থে প্রযুক্ত? *[জীবন বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২১]*
ক উপভোগ খ উপনেতা
গ উপসাগর ঘ উপগ্রহ
উ. ক

২৮.'অবেলায় আমি দিলেম পাড়ি, অথৈ সাগরে' এখানে কয়টি উপসর্গ রয়েছে? *[কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কম্পিউটার অপারেটর:২১]*
ক একটি খ দুইটি
গ তিনটি ঘ চারটি
উ. খ

২৯.উপসর্গ কোন জাতীয় শব্দাংশ? *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]*
ক বিশেষ্য খ সর্বনাম
গ বিশেষণ ঘ অব্যয়
উ. ঘ

৩০.উপসর্গের সঙ্গে প্রত্যয়ের পার্থক্য- *[কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের প্রধান সহকারী/হিসাব রক্ষক: ২১]*
ক অব্যয় ও শব্দাংশ
খ উপসর্গ থাকে সামনে, প্রত্যয় থাকে পিছনে
গ ভিন্ন অর্থ প্রকাশ ঘ নতুন শব্দ গঠন
উ. খ

৩১.'আড়চোখে' শব্দের 'আড়' উপসর্গটি কী অর্থ প্রকাশ করেছে? *[সিজিডিএফ এর জুনিয়র অডিটর: ১৯]*
ক খারাপ খ হিংসা
গ উৎসাহ ঘ বক্র
উ. ঘ

৩২.নিচের কোন শব্দটিতে ইংরেজি উপসর্গ ব্যবহৃত হয়েছে? *[সিজিডিএফ এর জুনিয়র অডিটর: ১৯]*
ক অপমৃত্যু খ রামদা
গ বাজেখরচ ঘ ফুলবাবু
উ. ঘ

৩৩.'পরাভব' শব্দে 'পরা' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে? *[এনএসআই এর জুনিয়র ফিল্ড অফিসার: ১৯]*
ক অভাব খ আধিক্য
গ বিপরীত ঘ বিধৃত
উ. গ

৩৪.নিচের কোন শব্দে বাংলা উপসর্গ আছে? *[এনএসআই এর ওয়াচার কনস্টেবল: ১৯]*
ক অপমান খ নিবৃত্তি
গ আগাছা ঘ প্রতাপ
উ. গ

৩৫.কোনটি উপসর্গযোগে গঠিত শব্দ নয়? *[দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ১৯]*
ক গরমিল খ গরগর
গ গরবাজি ঘ গরহাজির
উ. খ

ধাতু

ক্রিয়ার মূলকে বা মূল অংশকে বলা হয় ধাতু। ক্রিয়াপদকে বিশ্লেষণ করলে দুটো অংশ পাওয়া। যায়: ১. ধাতু বা ক্রিয়ামূল এবং ২. ক্রিয়া বিভক্তি। ধাতু প্রধানত তিন প্রকার। যথা: ১. মৌলিক ধাতু, ২. সাধিত ধাতু ও ৩. যৌগিক বা সংযোগমূলক ধাতু।

১. **মৌলিক ধাতু:** যেসব ধাতু বিশ্লেষণ করা সম্ভব নয়, সেগুলোই মৌলিক ধাতু। যেমন: চল্, পড়্, কর্, শো, হ্, খা ইত্যাদি।

√ বাংলা ভাষায় মৌলিক ধাতুগুলোকে তিন ভাগে ভাগ করা যায়। যথা:

ক. বাংলা ধাতু			
ধাতু	সাধিত পদ	ধাতু	সাধিত পদ
√আঁক্	আঁকা	√কহ্	কওয়া, কহন
√কাট্	কাটা	√কর্	করা, করে
√কাঁদ্	কাঁদা, কাঁদুনে	√কিন্	কেনা, কেনাকাটা

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

খ. সংস্কৃত ধাতু			
ধাতু	সাধিত পদ	ধাতু	সাধিত পদ
√অঙ্ক	অঙ্কন, অঙ্কিত	√পঠ্	পঠন, পঠিত, পাঠ্য
√কৃৎ	কর্তন, কর্তিত	√দৃশ্	দৃশ্য, দর্শন

গ. বিদেশাগত ধাতু			
ধাতু	যে অর্থে ব্যবহৃত হয়	ধাতু	যে অর্থে ব্যবহৃত হয়
√আঁট্	শক্ত করে বাঁধা	√খাট্	মেহনত করা
√চেঁচ্	চিৎকার করা	√জম্	ঘনীভূত হওয়া

২. **সাধিত ধাতু:** মৌলিক ধাতু কিংবা কোনো কোনো নাম-শব্দের সাথে 'আ' প্রত্যয় যোগে যে ধাতু গঠিত হয়, তাকে সাধিত ধাতু বলে। যেমন- দেখ্+আ = দেখা, পড়+আ = পড়া।

√ গঠনরীতি ও অর্থের দিক থেকে সাধিত ধাতু তিন প্রকার। যথা:

ক. **নাম ধাতু:** বিশেষ্য, বিশেষণ এবং অনুকার অব্যয়ের পরে 'আ' প্রত্যয় যোগ করে যে নতুন ধাতুটি গঠিত হয় তাই, নাম ধাতু। যেমন: সে ঘুমাচ্ছে। আমাকে ধমকিও না।

খ. **প্রযোজক ধাতু:** মৌলিক ধাতুর পরে প্রেরণার্থ (অপরকে নিয়োজিত করা অর্থে) 'আ' প্রত্যয় যোগ করে প্রযোজক ধাতু বা ণিজন্ত ধাতু গঠিত হয়। যেমন: কর্+আ = করা।

গ. **কর্মবাচ্যের ধাতু:** মৌলিক ধাতুর সাথে 'আ' প্রত্যয় যোগে কর্মবাচ্যের ধাতু সাধিত হয়। যেমন: দেখ্+আ = দেখা।

৩. **যৌগিক বা সংযোগমূলক ধাতু:** বিশেষ্য, বিশেষণ বা ধ্বন্যাত্মক অব্যয়ের সাথে কর্, দে, পা, খা, ছাড় ইত্যাদি মৌলিক ধাতু সংযুক্ত হয়ে যে নতুন ধাতু গঠিত হয়, তাই যৌগিক বা সংযোগমূলক ধাতু। যেমন: যোগ (বিশেষ্য) + কর্ (ধাতু)= যোগ কর (সংযোগমূলক ধাতু)।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. **কোনটি নাম ধাতু?** *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমএলএস/ নিরাপত্তা প্রহরী: ২৩]*
ক নাচা খ হাতা
গ পড়া ঘ করা
উ. খ

২. **ধাতুর অপর নাম কী?** *[যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ২২]*
ক প্রকৃতি খ ক্রিয়া প্রকৃতি
গ নাম প্রকৃতি ঘ শব্দ প্রকৃতি
উ. খ

৩. **ক্রিয়াপদের মূল অংশকে কী বলে?** *[সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যসহকারী: ২২]*
ক বিভক্তি খ কারক
গ ধাতু ঘ প্রত্যয়
উ. গ

৪. **বিশেষ্য, বিশেষণ এবং অনুকার অব্যয়ের পরে 'আ' প্রত্যয় যোগ করে যে ধাতু গঠিত হয় তাকে বলে-** *[রেলওয়ের সহকারী স্টেশন মাস্টার: ২২]*
ক মৌলিক ধাতু খ সংযোগমূলক ধাতু
গ নাম ধাতু ঘ প্রযোজক ধাতু
উ. গ

৫. **কোনটি সাধিত ধাতু?** *[খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক পড় খ কাটা
গ রাখা ঘ পড়া
উ. ঘ

৬. **মৌলিক ধাতুর অপর নাম কী?** *[ডাক বিভাগের মেইল অপারেটর: ১৯]*
ক নাম ধাতু খ প্রযোজক ধাতু
গ সাধিত ধাতু ঘ সিদ্ধ ধাতু
উ. ঘ

প্রকৃতি ও প্রত্যয়

ক্রিয়া বা শব্দের মূলই প্রকৃতি। কোনো মৌলিক শব্দের যে অংশকে আর কোনোভাবেই বিভক্ত বা বিশ্লেষণ করা যায় না, তাকে প্রকৃতি বলে। প্রকৃতি দুই প্রকার। যথা:

১. **ধাতু বা ক্রিয়া প্রকৃতি:** ক্রিয়ার মূল অংশকে বলা হয় ধাতু। যেমন: √কর্ (কর্ ধাতু), √পড়্ (পড়্ ধাতু)।

২. **নাম প্রকৃতি বা প্রাতিপদিক:** নামপদের মূল অংশকে বলে নাম প্রকৃতি। যেমন: মা, গাছ, শির, লতা, মুখ, পা, বই ইত্যাদি।

√ **প্রাতিপদিক:** বিভক্তিহীন নাম শব্দকে প্রাতিপদিক বলে। যেমন: মিঠা+আই = মিঠাই, মধু+র = মধুর। এখানে 'মিঠা' ও 'মধু' প্রাতিপদিক।

◆ **প্রত্যয়:**
যে বর্ণ বা বর্ণসমষ্টি ধাতু বা ক্রিয়ামূল এবং প্রাতিপদিক বা নাম শব্দের পরে যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে তাকে প্রত্যয় বলে। যেমন: পঠ্+অক = পাঠক; দিন+ইক = দৈনিক।

● প্রত্যয় প্রধানত দুই প্রকার। যথা :
১. কৃৎ প্রত্যয়
২. তদ্ধিত প্রত্যয়।

● **কৃৎ প্রত্যয়:** ধাতুর সাথে যখন কোনো ধ্বনি বা ধ্বনি-সমষ্টি যুক্ত হয়ে বিশেষ্য বা বিশেষণ পদ তৈরি হয়, তখন ক্রিয়ামূল বা ধাতুকে বলা হয় ক্রিয়া প্রকৃতি বা প্রকৃতি। আর ক্রিয়া প্রকৃতির সাথে যে ধ্বনি বা ধ্বনি-সমষ্টি যুক্ত হয়, তাকে বলে কৃৎ প্রত্যয়। ধাতুর পরে যেসব প্রত্যয় যুক্ত হয়, সেগুলোকে কৃৎ প্রত্যয় বলে। এর অন্য নাম ধাতু প্রত্যয়। কৃৎ প্রত্যয় দিয়ে সাধিত শব্দকে বলে কৃদন্ত শব্দ। যেমন: চল্ (ক্রিয়া প্রকৃতি) + অন (কৃৎ প্রত্যয়) = চলন (কৃদন্ত শব্দ)।

➢ বাংলা ভাষায় দুই ধরনের কৃৎ প্রত্যয় আছে। যথা:
ক. বাংলা কৃৎ প্রত্যয়
খ. সংস্কৃত কৃৎ প্রত্যয়

বাংলা কৃৎ প্রত্যয়	
অ- প্রত্যয় (ভাববাচ্যে ব্যবহৃত হয়)	
√ধর্+অ = ধর	√মার+অ = মার
√হার্+অ = হার	√জিত্+অ = জিত
√কাঁদ+অ = কাঁদকাঁদ	√পড়্+অ = পড়পড়

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

অন্- প্রত্যয় (ক্রিয়াবাচক বিশেষ্য গঠনে)	
√কাঁদ্+অন = কাঁদন	√নাচ্+অন = নাচন
√ঝুল্+অন = ঝুলন	√দুল্+অন = দোলন
√বাঁধ্+অন = বাঁধন	√চল্+অন = চলন
√দে+অন = দেওন	√জানা+আন = জানানো
অনা-প্রত্যয়	
√দুল্+অনা = দুলনা > দোলনা	
√খেল্+অনা = খেলনা	√রাঁধ+অনা = রান্না
√কাঁদ্+অনা/না = কান্না	√দে+অনা = দেনা
অনি, (বিকল্পে) উনি	
√চির্+অনি= চিরনি > চিরুনি	√রাঁধ+উনি = রাঁধুনি
√বাঁধ+অনি=বাঁধনি> বাঁধুনি	√নাচ+অনি = নাচুনি
অন্ত-প্রত্যয় (বিশেষণ গঠনে)	
√উড়্+অন্ত = উড়ন্ত	√ডুব্+অন্ত = ডুবন্ত
√জীব+অন্ত = জীবন্ত	√জী+অন্ত = জিয়ন্ত> জ্যান্ত
√চল্+অন্ত = চলন্ত	√পড়্+অন্ত = পড়ন্ত
অক-প্রত্যয়	
√মুড়্+অক = মোড়ক	√ঝল+অক = ঝলক
আ-প্রত্যয় (বিশেষ্য ও বিশেষণ গঠনে)	
√পড়্+আ = পড়া	√রাঁধ+আ = রাঁধা
√জান+আ = জানা	√ফুট+আ = ফোটা
আও-প্রত্যয় (ভাব বাচক বিশেষ্য গঠনে)	
√পাকড়্+আও = পাকড়াও	√চড়্+আও = চড়াও
আই-প্রত্যয় (ক্রিয়াবাচক বিশেষ্য শব্দ গঠনে)	
√সিল্+আই = সিলাই	√যাচ+আই = যাচাই
√ঢাল্+আই = ঢালাই	√চড়্+আই = চড়াই
আন (আনো) প্রত্যয় (বিশেষ্য গঠনে)	
√চাল+আন = চালানো	√মান+আন = মানানো
আনি-প্রত্যয় (বিশেষ্য গঠনে)	
√জান্+আনি = জানানি	√শুন্+আনি = শুনানি
√উড়্+আনি = উড়ানি	√উড়্+উনি = উড়ুনি
আরি বা আরী বিকল্পে রি/উরি প্রত্যয়	
√ডুব+উরি = ডুবুরি	√ডুব+আরি = ডুবারি
√ধুন+আরি = ধুনারি	√পূজ+আরি = পূজারি
আল-প্রত্যয়	
√মাত্+আল = মাতাল	√মিশ্+আল = মিশাল।
ই-প্রত্যয় (বিশেষ্য গঠনে)	
√ভাজ+ই = ভাজি	√বেড়+ই = বেড়ি
ইয়া > ইয়ে-প্রত্যয় (বিশেষণ গঠনে)	
√মর্+ইয়া = মরিয়া	√বাজ+ইয়ে = বাজিয়ে
√বল্+ইয়ে = বলিয়ে	√নাচ+ইয়ে = নাচিয়ে
উ-প্রত্যয় (বিশেষ্য ও বিশেষণ গঠনে)	
√ডাক্+উ = ডাকু	√ঝাড়্+উ = ঝাড়ু
√ঢাল্+উ = ঢালু	√উড়্+উ = উড়ুউড়ু

'উয়া' বিকল্পে 'ও' প্রত্যয় (বিশেষ্য বিশেষণ গঠনে)	
√পড়্+উয়া = পড়ুয়া>পড়ো।	√উড়্+উয়া = উড়ুয়া > উড়ো
তা-প্রত্যয় (বিশেষণ গঠনে)	
√পড়্+তা = পড়তা	√বহ+তা = বহতা
তি-প্রত্যয় (বিশেষ্য ও বিশেষণ গঠনে)	
√কাট্+তি = কাটতি	√উঠ্+তি = উঠতি
না-প্রত্যয় (বিশেষ্য গঠনে)	
√কাঁদ+না = কাঁদনা > কাঁন্না	√রাঁধ্+না = রাঁধনা > রান্না

সংস্কৃত কৃৎ প্রত্যয়

অনট্- প্রত্যয়	
√স্মৃ+অন = স্মরণ	√দৃশ+অনট = দর্শন
√শ্রু+অনট → √শ্রু+অন = শ্রবণ	
√নী+অনট্ = √নী+অন > নে+অন = নয়ন	
ক্ত (ত) প্রত্যয়	
√মন্+ক্ত = মত	√গম্+ক্ত = গত
√হন্+ক্ত = হত	√জ্ঞা+ক্ত (জ্ঞা+ত) = জ্ঞাত
√লিখ্+ত (ক্ত) = লিখিত	√সিচ্+ক্ত =(সিক্+ত) সিক্ত
√মুচ্+ক্ত/ত = মুক্ত	√ভুজ্+ক্ত/ত = ভুক্ত
√ছিদ্+ক্ত = ছিন্ন	√জন্+ক্ত = জাত
√বচ্+ক্ত = উক্ত	√বপ্+ক্ত = উপ্ত
√মুহ্+ক্ত = মুগ্ধ	√যুধ্+ক্ত = যুদ্ধ
ক্তি-প্রত্যয়	
√গম+ক্তি=√গম্+তি= গতি	√রম্+ক্তি = রতি
√মন্+ক্তি = মতি	√বচ্+ক্তি = উক্তি
√ভজ্+ক্তি = ভক্তি	√মুচ্+ক্তি = মুক্তি
নিপাতনে সিদ্ধ	
√গৈ+ক্তি = গীতি	√সিধ্+ক্তি = সিদ্ধি
√বুধ্+ক্তি = বুদ্ধি	√শক্+ক্তি = শক্তি
তব্য ও অনীয় প্রত্যয় (কর্ম ও ভাববাচ্যের ধাতুর পরে)	
√কৃ+তব্য = কর্তব্য	√দা+তব্য = দাতব্য
√পঠ্+তব্য = পঠিতব্য	√কৃ+অনীয় = করণীয়
√রক্ষ+অনীয় = রক্ষণীয়	√দৃশ্+অনীয় = দর্শনীয়
তৃচ্-প্রত্যয়	
√মা+তৃচ্ = মাতা	√ক্রী+তৃচ্ = ক্রেতা
√দা+তৃচ্ = √দা+তৃ = √দা+তা = দাতা	
বিশেষ নিয়মে: √যুধ্+তৃচ = √যুধ্+তা = যোদ্ধা	
ণক-প্রত্যয়	
√পঠ্+ণক =√পঠ্+অক= পাঠক	√নী+ণক = নৈ+অক=নায়ক
√গৈ+ণক = গায়ক	√লিখ্+ণক = লেখক
ঘ্যণ- প্রত্যয়	
√কৃ+ঘ্যণ্/য = কার্য্য > কার্য	√ধৃ+ঘ্যণ্ = ধার্য
য-প্রত্যয়	
√গম্+য = গম্য	√লভ্+য = লভ্য

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ণিন-প্রত্যয়	
√গ্রহ+ণিন = গ্রাহী	√পা+ণিন = পায়ী
ইন্-প্রত্যয়	
√জি+অল্/অ = জয়	√ক্ষি+অল্/অ = ক্ষয়
ইষ্ণু-প্রত্যয়	
√চল্+ইষ্ণু = চলিষ্ণু	√ক্ষি+ইষ্ণু = ক্ষয়িষ্ণু
বর-প্রত্যয়	
√ঈশ্+বর = ঈশ্বর	√ভাস্+বর = ভাস্বর
র-প্রত্যয়	
√হিন+স+র = হিংস্র	√নম্+র = নম্র
উক/ঊক-প্রত্যয়	
√ভূ+উক = (ভৌ+উক) = ভাবুক	
√জাগৃ+উক (জাগর+উক) = জাগরূক	
শানচ্-প্রত্যয়	
√চল্+শানচ্ = চলমান	√দীপ্+শানচ্ = দীপ্যমান
ঘঞ- প্রত্যয়	
√বস্+ঘঞ্ = বাস	√যুজ্+ঘঞ = যোগ
√ক্রুধ্+ঘঞ্ = ক্রোধ	√খুদ্+ঘঞ্ = খেদ
বিশেষ নিয়মঃ	
√ত্যজ্+ঘঞ = ত্যাগ	√পচ্+ঘঞ = পাক

♦ **তদ্ধিত প্রত্যয়ঃ**

নাম বা শব্দের সাথে বা শেষে যেসব প্রত্যয় যোগ হয়ে নতুন শব্দ গঠিত হয় তাদের তদ্ধিত প্রত্যয় বলে। যেমনঃ ছেলেটি বড় লাজুক (লাজ+উক)। এখানে 'লাজুক' হলো তদ্ধিতান্ত শব্দ; 'লাজ' শব্দের পরে 'উক' প্রত্যয় যোগ করা হয়েছে।

➢ **বাংলা ভাষায় তদ্ধিত প্রত্যয় তিন প্রকার।** যথাঃ

ক. বাংলা তদ্ধিত প্রত্যয়

খ. বিদেশী তদ্ধিত প্রত্যয়

গ. তৎসম বা সংস্কৃত তদ্ধিত প্রত্যয়।

♦ **বাংলা তদ্ধিত প্রত্যয়ঃ**

আ-প্রত্যয়	
অবজ্ঞার্থে	
চোর+আ = চোরা	কেষ্ট+আ = কেষ্টা
বৃহদার্থে	
ডিঙি+আ = ডিঙা (সপ্তডিঙা মধুকর)	
সদৃশ অর্থে	
বাঘ+আ = বাঘা	হাত+আ = হাতা
'তাতে আছে' বা 'তার আছে' অর্থে	
জল+আ = জলা	গোদ+আ = গোদা
সমষ্টি অর্থে	
বিশ+আ = বিশা	বাইশ+আ = বাইশা > বাইশে
স্বার্থে	
জট+আ = জটা	চোখ+আ = চোখা

ক্রিয়াবাচক বিশেষ্য গঠনে	
হাজির+আ = হাজিরা	চাষ+আ = চাষা
জাত ও আগত অর্থে	
দখিন+আ = দখিনা > দখনে (হাওয়া)	
আই-প্রত্যয়	
ভাববাচক বিশেষ্য গঠনে	
বড়+আই = বড়াই	পুষ্ট+আই = পোষ্টাই
আদরার্থে	
কানু+আই = কানাই	নিম+আই = নিমাই
স্ত্রী বা পুরুষবাচকতা শব্দের বিপরীতে	
বোন+আই = বোনাই	ননদ+আই = নন্দাই
জাত অর্থে	
ঢাকা+আই=ঢাকাই (জামদানি)	পাবনা+আই = পাবনাই (শাড়ি)
বিশেষণ গঠনে	
চোর+আই = চোরাই (মাল)	
আমি/আম/আমো/মি- প্রত্যয়	
ভাব অর্থে	
ইতর+আমি = ইতরামি	পাগল+আমি = পাগলামি
চোর+আমি = চোরামি	বাঁদর+আমি = বাঁদরামি
বৃত্তি (জীবিকা) অর্থে	
ঠক+আমো = ঠকামো	ঘর+আমি = ঘরামি
নিন্দা জ্ঞাপন	
জেঠা+আমি = জেঠামি	ছেলে+আমি = ছেলেমি
ই/ঈ- প্রত্যয়	
ভাব অর্থে	
বাহাদুর+ই = বাহাদুরি	উমেদার+ই = উমেদারি
বৃত্তি বা পেশা বা ব্যবসায় অর্থে	
ডাক্তার+ই = ডাক্তারি	মোক্তার+ই = মোক্তারি
পোদ্দার+ই = পোদ্দারি	ব্যাপার+ই = ব্যাপারি
মালিক অর্থে	
জমিদার+ই = জমিদারি	দোকান+ই=দোকানি
জাত, আগত বা সম্বন্ধ বোঝাতে	
ভাগলপুর+ই = ভাগলপুরি	মাদ্রাজ+ই = মাদ্রাজি
রেশম+ই = রেশমি	সরকার+ই = সরকারি
ইয়া > এ-প্রত্যয়	
তৎকালীন বোঝাতে	
সেকাল+এ = সেকেলে	একাল+এ = একেলে
উপকরণ বোঝাতে	
মাটি+এ = মেটে	বালি+এ = বেলে
পাথর+ইয়া = পাথরিয়া > পাথুরে	
উপজীবিকা অর্থে	
জাল+ইয়া = জালিয়া > জেলে	
নৈপুণ্য বোঝাতে	
খুন+ইয়া = খুনিয়া > খুনে	
না (নৌকা)+ইয়া = নাইয়া > নেয়ে	

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

অব্যয়জাত বিশেষণ গঠনে	
কনকন+এ = কনকনে (শীত)	গনগন+এ = গনগনে (আগুন)
উয়া > ও-প্রত্যয়	
রোগগ্রস্ত অর্থে	
জ্বর+উয়া = জ্বরুয়া > জ্বরো	
যুক্ত অর্থে	
টাক+উয়া = টাকুয়া > টেকো	
সেই উপকরণে নির্মিত অর্থে	
খড়+উয়া = খড়ুয়া > খড়ো (খড়োঘর)	
জাত অর্থে	
ধান+উয়া = ধানুয়া > ধেনো	
সংশ্লিষ্ট অর্থে	
মাঠ+উয়া = মাঠুয়া > মেঠো	গাঁ+উয়া = গাঁইয়া > গেঁয়ো
উপজীবিকা অর্থে	
মাছ+উয়া = মাছুয়া > মেছো	
বিশেষণ গঠনে	
দাঁত+উয়া = দাঁতুয়া > দেঁতো (হাসি)	
তেল+উয়া = তেলুয়া > তেলো > তেলা (মাথা)	
উ-প্রত্যয়:	
বিশেষণ গঠনে	
ঢাল+উ = ঢালু	কল+উ = কলু
উক-প্রত্যয়	
বিশেষণ গঠনে	
লাজ+উক = লাজুক	মিথ্যা+উক = মিথ্যুক
আরি/আরী/আরু- প্রত্যয়	
বিশেষণ গঠনে	
ভিখ+আরি = ভিখারি	শাঁখ+আরি = শাঁখারি
আলি/আলো/আলী > এল-প্রত্যয়	
বিশেষ্য ও বিশেষণ গঠনে	
দাঁত+আল = দাঁতাল	তেজ+আল = তেজাল
জমক+আলো = জমকালো	চতুর+আলি = চতুরালি
উরিয়া > উড়িয়া/উড়ে/রে-প্রত্যয়	
সাপ+উড়িয়া = সাপুড়িয়া > সাপুড়ে	
কাঠ+উরিয়া = কাঠুরিয়া > কাঠুরে	
উড়-প্রত্যয়	
অর্থহীনভাবে	
লেজ+উড় = লেজুড়	
উয়া/ওয়া > ও-প্রত্যয়	
সম্পর্কিত অর্থে	
ঘর+ওয়া = ঘরোয়া	জল+উয়া= জলুয়া > জলো
আটিয়া/টে-প্রত্যয়	
বিশেষণ গঠনে	
তামা+আটিয়া = তামাটিয়া > তামাটে	
ঝগড়া+আটিয়া = ঝগড়াটিয়া > ঝগড়াটে	

অট > ট-প্রত্যয়	
স্বার্থে	
ভরা+অট্ = ভরাট	জমা+অট্ = জমাট
লা-প্রত্যয়	
বিশেষণ গঠনে	
মেঘ+লা = মেঘলা	
স্বার্থে	
এক+লা = একলা	আধ+লা = আধলা

বিদেশি তদ্ধিত প্রত্যয়

ওয়ালা > আলা (হিন্দি)	
	মালিক অর্থে → বাড়ি+ওয়ালা = বাড়িওয়ালা
	বৃত্তি অর্থে → দুধ + ওয়ালা = দুধওয়ালা
	অধিবাসী অর্থে → দিল্লি+ওয়ালা = দিল্লিওয়ালা
	বৃত্তি অর্থে → মাছ+ওয়ালা = মাছওয়ালা
ওয়ান > আন (হিন্দি)	
গাড়ি+ওয়ান/আন = গাড়োয়ান	দার+ওয়ান = দারোয়ান

আনা > আনি (হিন্দি)	
মুনশি+আনা = মুনশিয়ানা	বিবি+আনা = বিবিয়ানা
হিন্দু+আনি = হিন্দুয়ানি	বাবু+আনা = বাবুয়ানা
পনা (হিন্দি)	
ছেলে+পনা = ছেলেপনা	গিন্নি+পনা = গিন্নিপনা
সা > (হিন্দি)	
পানি-পানসা > পানসে	এক-একসা
কাল-কালসা > কালসে	
গর > কর (ফারসি)	
কারি+গর = কারিগর	বাজি+কর = বাজিকর
দার (ফারসি)	
তাঁবে+দার = তাঁবেদার	খবর+দার = খবরদার
পাহারা+দার = পাহারাদার	চৌকি+দার = চৌকিদার
বাজ (দক্ষ অর্থে-ফারসি)	
কলম+বাজ = কলমবাজ	ধড়ি+বাজ = ধড়িবাজ
বন্দি (বন্দ্-ফারসি)	
জবান+বন্দি = জবানবন্দি	সারি+বন্দি = সারিবন্দি
খানা (ফারসি) [স্থান বা দোকান অর্থে বিশেষ্য]	
ছাপা+খানা = ছাপাখানা	চিড়িয়া+খানা = চিড়িয়াখানা
সই (মতো অর্থে)	
জুত+সই = জুতসই	মানান+সই = মানাসই
চলন+সই = চলনসই	টেক+সই = টেকসই
খোর (আসক্ত অর্থে বিশেষণ গঠনে)	
গাঁজা+খোর = গাঁজাখোর	ঘুষ+খোর = ঘুষখোর
নেশা+খোর = নেশাখোর	আফিম+খোর = আফিমখোর
গিরি (জীবিকা বা হাবভাব অর্থে বিশেষ্য গঠনে)	
বাবু+গিরি = বাবুগিরি	নেতা+গিরি = নেতাগিরি

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

চা > চি (ফারসি)	
বাগ+চা = বাগিচা	ডেগ+চি = ডেগচি
নল+চা = নলিচা	তবল+চি = তবলচি
চী > চি (তুর্কি)	
মশাল+চি = মশালচি	খাজাঞ্চি, ধুনুচি, বাবুর্চি
তর (তরো)- ফারসি	
এমন+তর = এমনতর	এমন+তরো = এমনতরো
দান > দানি (আধার অর্থে বিশেষ্য গঠনে)	
কলম+দানি = কলমদানি	ফুল+দানি = ফুলদানি
নবিশ (অভিজ্ঞ বা প্রশিক্ষণার্থী অর্থে বিশেষণ গঠনে)	
নকল+নবিশ = নকলনবিশ	শিক্ষা+নবিশ = শিক্ষানবিশ

♦ সংস্কৃত তদ্ধিত প্রত্যয়:

ষ্ণ-প্রত্যয়	
মধুর+ষ্ণ = মাধুর্য	নগর+ষ্ণ = নাগর
গুরু+ষ্ণ = গৌরব	শিশু+ষ্ণ/অ = শৈশব
ষ্ণিক-প্রত্যয়	
পরলোক+ষ্ণিক = পারলৌকিক	সর্বভূমি+ষ্ণ = সার্বভৌম
বর্ষ+ষ্ণিক = বার্ষিক	দ্বিবর্ষ+ষ্ণিক = দ্বিবার্ষিক
য-প্রত্যয়	
সম্+য = সাম্য	প্রাচী+য = প্রাচ্য
কবি+য = কাব্য	মধুর+য = মাধুর্য

• গুরুত্বপূর্ণ সংস্কৃত তদ্ধিত প্রত্যয়:

ইত-প্রত্যয় (উপকরণজাত বিশেষণ গঠনে)	
কুসুম+ইত = কুসুমিত	তরঙ্গ+ইত = তরঙ্গিত
কণ্টক+ইত = কণ্টকিত	নিদ্রা+ইত = নিদ্রিত
ইমন (ইমা)-প্রত্যয় (বিশেষ্য গঠনে)	
নীল+ইমন/ইমা = নীলিমা	মহৎ+ইমন = মহিমা
দীর্ঘ+ইমন = দ্রাঘিমা	গুরু+ইমা = গরিমা
ইল্-প্রত্যয় (উপকরণজাত বিশেষণ গঠনে)	
পঙ্ক+ইল্ = পঙ্কিল	ঊর্মি+ইল্ = ঊর্মিল
ফেন+ইল্ = ফেনিল	জটা+ইল্ = জটিল
ইষ্ঠ-প্রত্যয় (অতিশায়নে)	
গুরু+ইষ্ঠ = গরিষ্ঠ	লঘু+ইষ্ঠ = লঘিষ্ঠ
ইন্ (ঈ) প্রত্যয় (সাধারণ বিশেষণ গঠনে)	
জ্ঞান+ইন্ = জ্ঞানিন	সুখ+ইন্ = সুখিন
গুণ+ইন্ = গুণিন	মান+ইন্ = মানিন
তা ও ত্ব-প্রত্যয়	
বন্ধু+তা = বন্ধুতা	শত্রু+তা = শত্রুতা
ঘন+ত্ব = ঘনত্ব	মহৎ+ত্ব = মহত্ব
তর ও তম-প্রত্যয় (অতিশায়নে)	
মধুর+তম = মধুরতম	মধুর+তর = মধুরতর
প্রিয়+তর = প্রিয়তর	প্রিয়+তম = প্রিয়তম

নীন (ঈন্) প্রত্যয় (তৎসম্পর্কিত অর্থে বিশেষণ গঠনে)	
সর্বজন+নীন (ঈন্)= সর্বজনীন	কুল+নীন (ঈন্) = কুলীন
নব+নীন (ঈন্) = নবীন	সর্বাঙ্গ+নীন (ঈন্) = সর্বাঙ্গীণ
নীয় (ঈয়) প্রত্যয় (বিশেষণ গঠনে)	
জল+নীয় (ঈয়) = জলীয়	বায়ু+নীয় (ঈয়) = বায়ুবীয়
বিন (বী) প্রত্যয় (আছে অর্থে বিশেষণ গঠনে)	
মেধা+বিন = মেধাবী	মায়া+বিন = মায়াবী
তেজঃ+বিন = তেজস্বী	যশঃ+বিন = যশস্বী
র-প্রত্যয় (বিশেষ্য গঠনে)	
মধু+র = মধুর	মুখ+র = মুখর
ল-প্রত্যয় (বিশেষ্য গঠনে)	
শীত+ল = শীতল	বৎস+ল = বৎসল

ষ্ণ (ত্ব) প্রত্যয়		
অপত্য অর্থে		
মনু+ষ্ণ = মানব	যদু+ষ্ণ = যাদব	
উপাসক অর্থে		
শিব+ষ্ণ = শৈব	জিন+ষ্ণ = জৈন	
শক্তি+ষ্ণ = শাক্ত	বুদ্ধ+ষ্ণ = বৌদ্ধ	
বিষ্ণু+ষ্ণ =বৈষ্ণব		
ভাব অর্থে		
শিশু+ষ্ণ = শৈশব	গুরু+ষ্ণ = গৌরব	
কিশোর+ষ্ণ = কৈশোর		
সম্পর্ক বোঝাতে		
পৃথিবী+ষ্ণ = পার্থিব	দেব+ষ্ণ = দৈব	
চিত্র (একটি ফসলের নাম) +ষ্ণ = চৈত্র		
নিপাতনে সিদ্ধ: সূর্য+ষ্ণ = সৌর। [সাধারণ নিয়মে সু+ষ্ণ (অ) = সৌর]		

ষ্ণি (ই) প্রত্যয় (অপত্য অর্থে)	
রাবণ+ষ্ণি = রাবণি (রাবণের পুত্র)	দশরথ+ষ্ণি = দাশরথি

ষ্ণিক (ষ্ণ) প্রত্যয়		
দক্ষ বা বেত্তা অর্থে		
সাহিত্য+ষ্ণিক = সাহিত্যিক	বেদ+ষ্ণিক = বৈদিক	
বিজ্ঞান+ষ্ণিক = বৈজ্ঞানিক		
বিষয়ক অর্থে		
সমুদ্র+ষ্ণিক = সামুদ্রিক	নগর+ষ্ণিক = নাগরিক	
মাস+ষ্ণিক = মাসিক	ধর্ম+ষ্ণিক = ধার্মিক	
সমর+ষ্ণিক = সামরিক	সমাজ+ষ্ণিক = সামাজিক	
সংবাদ+ষ্ণিক (ইক) = সাংবাদিক		
বিশেষণ গঠনে		
হেমন্ত+ষ্ণিক = হৈমন্তিক	অকস্মাৎ+ষ্ণিখ = আকস্মিক	

ষ্ণেয় (এয়) প্রত্যয়	
ভগিনী+ষ্ণেয় = ভাগিনেয়	অগ্নি+ষ্ণেয় = আগ্নেয়
ষ্ণীয় (ঈয়)- প্রত্যয়	
মানব+ষ্ণীয় (ঈয়) = মানবীয়	পর+ক+ষ্ণীয় (ঈয়) = পরকীয়
বতুপ (বৎ) এবং মতুপ (মৎ) প্রত্যয় (প্রথমার এক বচনে যথাক্রমে বান্ ও মান্ হয়): বিশেষণ গঠনে-	
গুণ+বতুপ = গুণবান	দয়া+বতুপ = দয়াবান
শ্রী+মতুপ = শ্রীমান	বুদ্ধি+মতুপ = বুদ্ধিমান

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. শব্দ ও ধাতুর মূলকে কি বলে? *[ডাক বিভাগের পোস্টাল অপারেটর:২৩]*
ক বিভক্তি খ ধাতু
গ প্রকৃতি ঘ কারক
উ. গ

২. ধাতুর পরে কোন প্রত্যয় যুক্ত হলে ভাববাচক বিশেষ্য বুঝায়? *[হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়ের নিরীক্ষক: ২৩]*
ক আই খ আল
গ আন ঘ আও
উ. ঘ

৩. নিচের কোনটি তদ্ধিত প্রত্যয়? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক/ সহকারী ব্যবস্থাপক: ২৩]*
ক চোরা খ চালক
গ পূজক ঘ সত্যবাদী
উ. ক

৪. 'ইচ্ছুক' শব্দটিতে কোন প্রত্যয়টি যুক্ত হয়েছে? *[এলজিইডি'র কার্যসহকারী: ২৩]*
ক -অক খ -ইক
গ -উক ঘ -আক
উ. গ

৫. ক্রিয়া প্রকৃতির অন্য নাম কী? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর/ মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক ধাতু খ উপসর্গ
গ অনুসর্গ ঘ প্রত্যয়
উ. ক

৬. 'খেলনা' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? *[হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২২]*
ক খেল+না খ খেল্+না
গ খে+আলনা ঘ খেলন+আ
উ. খ

৭. 'পাকড়াও' শব্দের সঠিক প্রত্যয় কোনটি? *[গোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের উচ্চমান সহকারী: ২২]*
ক √পাক্+ড়াও খ √পা+কড়াও
গ √পাকড়+আও ঘ √পাকড়া+ও
উ. গ

৮. 'জ্ঞানবান' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি? *[ডাক অধিদপ্তরের হিসাব সহকারী/কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক জ্ঞান+বৎ খ জ্ঞান+বত
গ জ্ঞান+বদ ঘ জ্ঞান+বতুপ
উ. ঘ

৯. 'প্রাচুর্য' এর প্রকৃতি ও প্রত্যয়- *[স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নকশাকার:২২]*
ক প্রচুর+য্য খ প্রচুর+জ
গ প্রচুর+য ঘ প্রচুর+জ্য
উ. গ

১০. নিচের কোনটি 'ইমন' প্রত্যয় যোগে গঠিত? *[কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কম্পিউটার অপারেটর: ২১]*
ক কুসুমিত খ মোলায়েম
গ পঙ্কিল ঘ নীলিমা
উ. ঘ

১১. কৃৎ প্রত্যয়ান্ত শব্দ কোনটি? *[মৎস্য অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক:২১]*
ক মিঠাই খ জেলে
গ বক্তব্য ঘ মেছো
উ. গ

১২. 'মাধুর্য' শব্দের প্রকৃতি ও প্রত্যয় হল- *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ক্যাশিয়ার/স্টোর কিপার: ২১]*
ক মধু + জ খ মধুর + য
গ মাধু + র্য ঘ মাধু + য
উ. খ

১৩. কর্ম ও ভাববাচ্যের ধাতুর পরে কোন প্রত্যয় হয়? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*
ক তব্য ও অনীয় খ নক ও ইন
গ ণিন ও অনট ঘ শানচ্ ও তৃচ
উ. ক

১৪. সর্বভূমি+ষ্ণ = সার্বভৌম- এখানে কোন প্রত্যয়ের ব্যবহার হয়েছে? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাবরক্ষক: ২১]*
ক বাংলা তদ্ধিত প্রত্যয় খ সংস্কৃত তদ্ধিত প্রত্যয়
গ বিদেশি তদ্ধিত প্রত্যয় ঘ নিপাতনে সিদ্ধ
উ. খ

১৫. বাংলা ভাষায় প্রত্যয় কত প্রকার? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অফিস সহায়ক: ২১]*
ক ৩ খ ২
গ ৪ ঘ ৫
উ. খ

১৬. কোনটি শূন্য প্রত্যয়ের শব্দ? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অফিস সহায়ক: ২১]*
ক জয় খ হত
গ ভয় ঘ ঘুর
উ. ঘ

১৭. 'মেছো' শব্দের প্রকৃতি প্রত্যয় কী? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ল্যাবরেটরি সহকারী: ২১]*
ক মাছ + ও খ মেষ + ও
গ মাছি + উয়া > ও ঘ মাছ + উয়া > ও
উ. ঘ

১৮. কোনটি বিদেশি প্রত্যয়যুক্ত শব্দ নয়? *[জীবন বীমা কর্পোরেশনের কম্পিউটার অপারেটর: ২১]*
ক দারোয়ান খ কারিগর
গ জামিদারি ঘ গিন্নীপনা
উ. গ

১৯. প্রত্যয় সাধিত শব্দ কোনটি? *[জীবন বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২১]*
ক সফল খ সুশ্রী
গ মহাত্মা ঘ জেলে
উ. ঘ

২০. 'সর্বাঙ্গীন' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয়- *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক সর্বঙ্গ+ঈন খ সর্ব+অঙ্গীন
গ সর্ব+ঈন ঘ সর্বাঙ্গ+ঈন
উ. ঘ

২১. বাংলা কৃৎ প্রত্যয় সাধিত শব্দ কোনটি? *[রেলপথ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২১]*
ক চামার খ ধারালো
গ মোড়ক ঘ পোষ্টাই
উ. গ

২২. 'প্রচলিত' শব্দটি কোন প্রত্যয় যোগে গঠিত? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটর: ২১]*
ক ই প্রত্যয় খ ত প্রত্যয়
গ ঈয় প্রত্যয় ঘ ইত প্রত্যয়
উ. ঘ

২৩. 'দোলনা' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি? *[পরিবেশ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২০]*
ক দুল+না খ দোল+না
গ দুল+আ ঘ দুল+অনা
উ. ঘ

২৪. 'শৈশব' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি? *[ডাক বিভাগের মেইল অপারেটর: ১৯]*
ক শিশু+ষ্ণ খ শিশু+ষ্ণ্য
গ শিশু+শষ ঘ শৈ+শষ
উ. ক

২৫. প্রত্যয়-সাধিত শব্দ কোনটি? *[দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ১৯]*
ক পঙ্কজ খ রাজপুত
গ গোলাপ ঘ গোলাপি
উ. ঘ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

১. প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করুন: *[বিভাগীয় কমিশনারের কার্যালয় (রংপুর) এর কম্পিউটার অপারেটর: ২৩]*

ক. বৈজ্ঞানিক = বিজ্ঞান+ষ্ণিক (সংস্কৃত তদ্ধিত)
খ. সাপ+উড়িয়া = সাপুড়িয়া > সাপুড়ে (বাংলা তদ্ধিত প্রত্যয়)
গ. পাঠক = √পঠ্+অক (কৃৎ প্রত্যয়)
ঘ. শোক = √শুচ্+ঘঞ (কৃৎ প্রত্যয়)
ঙ. কারক = √কৃ+ণক (কৃৎ প্রত্যয়)

২. প্রকৃতি ও প্রত্যয় লিখুন: *[বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]*

ক. চিড়িয়াখানা = চিড়িয়া+খানা- তদ্ধিত প্রত্যয়
খ. দৈনিক = দিন+ইক- তদ্ধিত প্রত্যয়
গ. ছেলেমি = ছেলে+আমি- তদ্ধিত প্রত্যয়
ঘ. স্মরণীয় = √স্মৃ+অনীয়- কৃৎ প্রত্যয়
ঙ. যৌবন = যুব+অন- তদ্ধিত প্রত্যয়

৩. প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করুন: *[ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২২]*

ক. √কৃ+তব্য = কর্তব্য (কৃৎ প্রত্যয়)।
খ. চরিত্র+ইক = চারিত্রিক (তদ্ধিত প্রত্যয়)

শব্দ

এক বা একাধিক ধ্বনি বা বর্ণ মিলে কোনো অর্থ প্রকাশ করলে তাকে শব্দ বলে। বাক্যের মৌলিক উপাদান শব্দ। শব্দকে বাক্যের একক বলা হয় অর্থাৎ বাক্যের বাহন হলো শব্দ। শব্দের ক্ষুদ্রতম অংশ হলো ধ্বনি। শব্দকে প্রধানত তিন শ্রেণিতে বিভক্ত করা হয়। যথা: গঠনমূলক, অর্থমূলক ও উৎসমূলক।

➢ **গঠনমূলকভাবে শব্দ ২ প্রকার।** যথা:

ক. **মৌলিক শব্দ:** যে শব্দ বিশ্লেষণ করা যায় না বা ভেঙে আলাদা করা যায় না, সেগুলোকে মৌলিক শব্দ বলে। যেমন: গোলাপ, নাক, লাল, তিন, গাছ, পাখি, ফুল, হাত ইত্যাদি।

খ. **সাধিত শব্দ:** যেসব শব্দকে বিশ্লেষণ করলে আলাদা অর্থবোধক শব্দ পাওয়া যায়, সেগুলোকে সাধিত শব্দ বলে। সাধারণত একাধিক শব্দের সমাস, প্রত্যয় বা উপসর্গ যোগ হয়ে সাধিত শব্দ গঠিত হয়। যেমন: পরিচালক, সম্পাদকীয়।

❖ **সাধিত শব্দ গঠনের প্রক্রিয়া / বাংলা ভাষায় শব্দ গঠনের প্রক্রিয়া:**

সন্ধি যোগে	বিদ্যা+আলয় = বিদ্যালয়
সমাস যোগে	দশ আনন যার = দশানন
উপসর্গ যোগে	প্র+ভাব = প্রভাব
প্রত্যয় যোগে	ডুব+উরি = ডুবুরি
বিভক্তি যোগে	মানুষ+কে = মানুষকে

➢ **অর্থমূলকভাবে শব্দসমূহ তিন ভাগে বিভক্ত।** যথা:

ক. **যৌগিক শব্দ:** যে সকল শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ একই রকম, সেগুলোকে যৌগিক শব্দ বলে। যেমন:

শব্দ	অর্থ
গায়ক = গৈ+ণক (অক)	গান করে যে
কর্তব্য = √কৃ+তব্য	যা করা উচিত
বাবুয়ানা = বাবু+আনা	বাবুর ভাব
মধুর = মধু+র	মধুর মতো মিষ্টি গুণযুক্ত
দৌহিত্র = দুহিতা+ষ্ণ	কন্যার পুত্র, নাতি
চিকামারা = চিকা+মারা	দেয়ালের লিখন

খ. **রূঢ়ি শব্দ:** যে শব্দ সন্ধি, প্রত্যয় ও উপসর্গযোগে মূল শব্দের অনুগামী না হয়ে, অন্য কোনো বিশিষ্ট অর্থ জ্ঞাপন করে, তাকে রূঢ়ি শব্দ বলে। যেমন:

শব্দ	অর্থ
হস্তী = হস্ত+ইন	হস্ত আছে যার; কিন্তু হস্তী বলতে একটি পশুকে বোঝায়।
গবেষণা = গো+এষণা	শব্দটির অর্থ- গরু খোঁজা। গভীরতম অর্থ- ব্যাপক অধ্যয়ন ও পর্যালোচনা।
বাঁশি	বাঁশ দিয়ে তৈরি যেকোনো বস্তু নয়, এটি ব্যবহৃত হয় সুরের বিশেষ বাদ্যযন্ত্র হিসেবে।
তৈল	শুধু তিলজাত স্নেহ পদার্থ নয়, শব্দটি যেকোনো উদ্ভিজ্জ পদার্থজাত স্নেহ পদার্থকে বোঝায়। যেমন- বাদাম তেল।
প্রবীণ	শব্দটির অর্থ হওয়া উচিত ছিল প্রকৃষ্টরূপে বীণা বাজাতে পারেন যিনি। কিন্তু শব্দটি 'অভিজ্ঞতা সম্পন্ন বয়স্ক ব্যক্তি' অর্থে ব্যবহৃত হয়।
সন্দেশ	শব্দ ও প্রত্যয়গত অর্থে 'সংবাদ'। কিন্তু রূঢ়ি অর্থে 'মিষ্টান্ন বিশেষ'।

গ. **যোগরূঢ় শব্দ:**
সমাস নিষ্পন্ন যে সকল শব্দ সম্পূর্ণভাবে সমস্যমান পদসমূহের অনুগামী না হয়ে কোনো বিশিষ্ট অর্থ গ্রহণ করে, তাকে যোগরূঢ় শব্দ বলে। যেমন:

শব্দ	অর্থ
পঙ্কজ	পঙ্কে জন্মে যা (উপপদ তৎপুরুষ সমাস)। শৈবাল, শালুক, পদ্মফুল ইত্যাদি নানাবিধ উদ্ভিদ পঙ্কে জন্মে থাকে। কিন্তু পঙ্কজ শব্দটি একমাত্র 'পদ্মফুল' অর্থে ব্যবহৃত হয়
রাজপুত	'রাজার পুত্র' অর্থ পরিত্যাগ করে যোগরূঢ় শব্দে হয়েছে 'জাতি বিশেষ'।
জলধি	'জল ধারণ করে এমন' অর্থ পরিত্যাগ করে শুধু সমুদ্র অর্থে ব্যবহৃত হয়।
তুরঙ্গম	'স্ত্রী না থাকলেও যে সংযমী থাকতে পারে' বা ইচ্ছে করলেই দৌড়ের বেগ যে বাড়াতে পারে' অর্থ পরিত্যাগ করে শুধু ঘোড়া অর্থে ব্যবহৃত হয়েছে।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

- **লগ্নক:** শব্দ যখন বাক্যের মধ্যে থাকে, তখন তার নাম হয় পদ। পদে পরিণত হওয়ার সময়ে শব্দের সাথে কিছু শব্দাংশ যুক্ত হয়, এগুলোর নাম লগ্নক। বাক্যের যেসব পদে লগ্নক থাকে, সেগুলোকে সলগ্নক পদ এবং যেসব পদে লগ্নক থাকে না, সেগুলোকে অলগ্নক পদ বলে। যেমন: ছেলেরা ক্রিকেট খেলে। এ বাক্যে 'ছেলেরা' ও 'খেলে' সলগ্নক পদ আর 'ক্রিকেট' অলগ্নক পদ। লগ্নক চার প্রকার। যথা: বিভক্তি, নির্দেশক, বচন ও বলক।
- **বলক:** যেসব শব্দাংশ পদের সঙ্গে যুক্ত হলে বক্তব্য জোরালো হয়, সেগুলোকে বলক বলে। 'তখনই' বা 'এখনও' পদের 'ই' বা 'ও' হলো বলকের উদাহরণ।

√ **উৎস বিচারে শব্দসমূহকে পাঁচ ভাগে ভাগ করা যায়। যথা:**

১. **তৎসম শব্দ:** তৎসম অর্থ তার (তৎ) সম (সমান)। যেসব শব্দ সংস্কৃত থেকে সরাসরি বাংলায় এসেছে এবং যাদের রূপ অপরিবর্তিত রয়েছে, সেসব শব্দকে বলে তৎসম শব্দ। যেমন: চন্দ্র, সূর্য, নক্ষত্র, ভবন, ধর্ম, ব্যাকরণ, অগ্রহায়ণ, গৃহ, কৃষি, ঋষি, পুত্র, পৃথিবী, আকাশ, গ্রহ, বৃক্ষ ইত্যাদি।

২. **তদ্ভব শব্দ:** যেসব শব্দের মূল সংস্কৃত ভাষায় পাওয়া যায়, কিন্তু ভাষার স্বাভাবিক বিবর্তন ধারায় প্রাকৃতের মাধ্যমে পরিবর্তিত হয়ে আধুনিক বাংলা ভাষায় স্থান করে নিয়েছে, সেসব শব্দকে বলে তদ্ভব শব্দ। তদ্ভব শব্দগুলোকে খাঁটি বাংলা শব্দও বলা হয়। যেমন:

সংস্কৃত	প্রাকৃত	তদ্ভব	সংস্কৃত	প্রাকৃত	তদ্ভব
ঘৃত	ঘিঅ	ঘি	পাদ	পাঅ	পা
চর্মকার	চম্মআর	চামার	হস্ত	হত্থ	হাত
চন্দ্র	চন্দ	চাঁদ	মাতা	মাআ	মা
কান, নাক, জিভ, দাঁত, হাতি, ঘোড়া, সাপ, পাখি, কুমির।					

৩. **অর্ধ-তৎসম শব্দ:** বাংলা ভাষায় কিছু সংস্কৃত শব্দ কিঞ্চিৎ পরিবর্তিত আকারে ব্যবহৃত হয়, এগুলোই অর্ধ-তৎসম শব্দ। অর্ধ-তৎসম মানে আধা সংস্কৃত। যেমন:

সংস্কৃত	অর্ধ-তৎসম	সংস্কৃত	অর্ধ-তৎসম
জ্যোৎস্না	জোছনা	বৈষ্ণব	বোষ্টম
গৃহিণী	গিন্নী	কুৎসিত	কুচ্ছিত

৪. **দেশি শব্দ:** বাংলাদেশের আদিম অধিবাসীদের (কোল, মুণ্ডা) ভাষা ও সংস্কৃতির কিছু কিছু উপাদান বাংলায় রক্ষিত হয়েছে, এসব শব্দকে দেশি শব্দ নামে অভিহিত করা যায়। অনার্য জাতির ব্যবহৃত শব্দও দেশি শব্দ। যেমন:

কোলভাষা	কুড়ি (বিশ)
তামিল ভাষা	পেট (উদর)
মুণ্ডারী ভাষা	চুলা (উনুন)
এরূপ: কুলা, গণ্ড, চোঙ্গা, টোপর, ডাব, ডাগর, ডিঙ্গা, ঢেঁকি, টেংরা, লাউ, ডোবা।	

৫. **বিদেশি শব্দ:** রাজনৈতিক, ধর্মীয়, সংস্কৃতিগত ও বাণিজ্যিক কারণে বাংলায় আগত বিভিন্ন ভাষাভাষী মানুষের বহু শব্দ বাংলায় এসে স্থান করে নিয়েছে, এগুলোই বিদেশি শব্দ।

◆ **নিম্নে বিভিন্ন বিদেশি শব্দ তুলে ধরা হলো:**

আরবি	
ধর্মসংক্রান্ত শব্দ	আল্লাহ, ইসলাম, ঈমান, ওযু, কোরবানী, কুরআন, কিয়ামত, জান্নাত, জাহান্নাম, তওবা, তসবি, হজ, যাকাত, হালাল, হারাম ইত্যাদি।
প্রশাসনিক ও সাংস্কৃতিক শব্দ	আদালত, আলেম, ইনসান, ঈদ, উকিল, ওজর, এজলাস, এলেম, কানুন, কলম, কিতাব, কেচ্ছা, খারিজ, গায়েব, দোয়াত, নগদ, বাকি, মহকুমা, মুন্সেফ, মোক্তার, রায়।
ফারসি / পারসি	
ধর্মসংক্রান্ত শব্দ	খোদা, গুনাহ, দোজখ, নামায, পয়গম্বর, ফেরেশতা, বেহেশত, রোযা, হাদিস ইত্যাদি।
প্রশাসনিক ও সাংস্কৃতিক	কারখানা, চশমা, জবানবন্দি, তারিখ, তোশক, দফতর, দরবার, দোকান, দস্তখত, দৌলত, নালিশ, বাদশাহ, বান্দা, মেথর, রসদ।
বিবিধ শব্দ	হাঙ্গামা, আমদানি, জানোয়ার, জিন্দা, নমুনা, বদমাশ, রফতানি, বারান্দা, ফিরিঙ্গি ইত্যাদি।

ভাষার নাম	বাংলায় ব্যবহৃত শব্দ
হিন্দি	ভাই, বোন, মামা, মামি, চাচা, চাচি, দাদা, দাদি, ফুফা (মা- তদ্ভব, বাবা- তুর্কি, খালা- আরবি) পানি, চানাচুর, পানি, ধোলাই, লাগাতার, সমঝোতা, হালুয়া।
পর্তুগিজ	আনারস, আলপিন, আচার, আলকাতরা, আলমারি, আয়া, ইংরেজ, ইস্পাত, ইস্তিরি (ইস্ত্রি), কেদারা, কামরা, কাজু, কপি, গির্জা, গুদাম, গরাদ, গামলা, চাবি, জানালা, তোয়ালে, নিলাম, পেয়ারা, পাউরুটি, পেঁপে, পাদ্রি, পেরেক, পিরিচি, ফিতা, বালতি, বোতাম, বোতল, বোমা, বেহালা, মাস্তুল, মিস্ত্রি, যিশু, সাবান, সাগু ইত্যাদি।
ফরাসি	আঁতেল, আঁতাত, ওলন্দাজ, কার্তুজ, কুপন, ক্যাফে, গ্যারেজ, ডিপো, ফরাসি, রেস্তোরা, রেনেসাঁ, বুর্জোয়া ইত্যাদি।
তুর্কি	আলখাল্লা, উজবুক, উর্দু, কাঁচি, কাবু, কুলি, কুর্নিশ, কোর্মা, খোকা, চাকু, চোগা, চকমক, চাকর, দারোগা, তোপ, বন্দুক, বাবা, বাবুর্চি, বাহাদুর, বেগম, মুচলেকা, লাশ, মোগল, সওগাত ইত্যাদি। *['বেগম' শব্দটি 'বাংলা একাডেমি বানান অভিধান' মতে, তুর্কি এবং ৯ম-১০ম শ্রেণির পুরাতন ব্যাকরণ মতে, ফারসি]*

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ওলন্দাজ/ডাচ	ইস্কাপন, টেকা, তুরুপ, রুইতন, হরতন ইত্যাদি।
পাঞ্জাবি	চাহিদা, শিখ ইত্যাদি।
চীনা	এলাচি, চা, চিনি, লিচু, সাম্পান ইত্যাদি।
মায়ানমার/বর্মি	ফুঙ্গি, লুঙ্গি ইত্যাদি।
জাপানি	ক্যারাটে, রিক্সা, প্যাগোডা, সুনামি, হারিকিরি।
ইতালিয়ান	ফ্যাসিস্ট, মাফিয়া, ম্যাজেন্টা, সনেট ইত্যাদি।
গ্রিক	দাম, ইউনানি ইত্যাদি।
গুজরাটি	খদ্দর, জয়ন্তি, হরতাল ইত্যাদি।
মেক্সিকান	চকলেট
অস্ট্রেলিয়ান	ক্যাঙ্গারু, বুমেরাং
তামিল	চুরুট
মারাঠি	বর্গি
সিংহলি	সিডর, বেরিবেরি
পেরু	কুইনাইন
জার্মান	নাৎসি, কিন্ডারগার্টেন

- **মিশ্র শব্দ:** কোনো কোনো সময় দেশি ও বিদেশি শব্দের মিলনে শব্দদ্বৈত সৃষ্টি হয়ে থাকে। যেমন:

গঠিত শব্দ	ভাষা
হাট-বাজার	বাংলা+ফারসি
হেড-মৌলভী	ইংরেজি+ফারসি
হেড-পণ্ডিত	ইংরেজি+তৎসম
খ্রিষ্টাব্দ	ইংরেজি+তৎসম
খ্রিষ্টান	ইংরেজি+বাংলা
পকেট-মার	ইংরেজি+বাংলা
আইনজীবী	ফারসি+তৎসম
কালি-কলম	বাংলা+আরবি
চৌ-হদ্দি	তৎসম+আরবি *[সূত্র: 'আধুনিক বাংলা বানান অভিধান'- বাংলা একাডেমি]*
	ফারসি+আরবি *[সূত্র: ৯ম-১০ম শ্রেণির ব্যাকরণ]*

- ৯ম-১০ম শ্রেণির ব্যাকরণের নতুন সিলেবাস অনুসারে, উৎস বিবেচনায় বাংলা শব্দভাণ্ডারকে চার ভাগে ভাগ করা যায়। যথা: তৎসম, তদ্ভব, দেশি ও বিদেশি। এর মধ্যে তৎসম ও তদ্ভব শ্রেণিকে নিজস্ব উৎসের এবং দেশি ও বিদেশি শ্রেণিকে আগন্তুক উৎসের শব্দ হিসেবে গণ্য করা হয়।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. 'বাবা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক আরবি খ তুর্কি
গ পর্তুগিজ ঘ ফারসি উ. খ

২. 'আনারস' এবং 'চাবি' শব্দ দুটি বাংলা ভাষা গ্রহণ করেছে- *[এলজিইডি'র কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক পর্তুগিজ ভাষা হতে খ আরবি ভাষা হতে
গ দেশি ভাষা হতে ঘ ওলন্দাজ ভাষা হতে উ. ক

৩. 'উজবুক' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে? *[এলজিইডি'র কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক ফার্সি খ তুর্কি
গ পর্তুগিজ ঘ আরবি উ. খ

৪. কোনটি তদ্ভব শব্দ? *[এলজিইডি'র কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক চাঁদ খ সূর্য
গ নক্ষত্র ঘ গগন উ. ক

৫. 'কিন্ডারগার্টেন' শব্দটি কোন ভাষা থেকে আগত? *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক তুর্কি খ পর্তুগিজ
গ জার্মান ঘ ফরাসি উ. গ

৬. 'মহকুমা' শব্দটি কোন ভাষা থেকে আগত? *[এলজিইডি'র ইলেক্ট্রিশিয়ান ও সার্ভেয়ার: ২৩]*
ক তুর্কি খ ফারসি
গ পর্তুগিজ ঘ আরবি উ. ঘ

৭. 'ফকির' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? *[বন অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*
ক তুর্কি খ পর্তুগিজ
গ আরবি ঘ ফারসি উ. গ

৮. নিচের কোন শব্দটি তৎসম? *[বন অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*
ক হাত খ নক্ষত্র
গ দারোগা ঘ চুলা উ. খ

৯. নিম্নের কোনটি পর্তুগিজ শব্দ? *[বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]*
ক পাউরুটি খ চশমা
গ তুরুপ ঘ কুপন উ. ক

১০. 'পাউরুটি' কোন ভাষার শব্দ? *[স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনিশিয়ান:২৩]*
ক তুর্কি খ ফারসি
গ পর্তুগিজ ঘ অসমিয়া উ. গ

১১. 'রেস্তোরা' কোন ভাষার শব্দ? *[নির্বাচন কমিশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক:২৩]*
ক ফরাসি খ পতুর্গিজ
গ বার্মিজ ঘ ওলন্দাজ উ. ক

১২. 'আমদানি' কোন ভাষার শব্দ? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক/ সহকারী ব্যবস্থাপক: ২৩]*
ক বাংলা খ আরবি
গ ফারসি ঘ হিন্দি উ. গ

১৩. 'সাবান' কোন দেশি শব্দ? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক:২৩]*
ক তুর্কি খ পাঞ্জাবি
গ ফরাসি ঘ পর্তুগিজ উ. ঘ

১৪. 'আসমান' কোন ভাষা থেকে আগত শব্দ? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের ল্যাবরেটরি টেকনিশিয়ান: ২৩]*
ক পতুর্গিজ খ ফরাসি
গ আরবি ঘ ফারসি উ. ঘ

১৫. 'কুলি' কোন ভাষার শব্দ? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক:২৩]*
ক ফরাসি খ তুর্কি
গ আরবি ঘ বাংলা উ. খ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১৬.মৌলিক শব্দ কোনটি? [প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক:২৩]
ক কবিতা খ কাব্য
গ পদ্ম ঘ গোলাপ উ. ঘ

১৭.কোনটি তদ্ভব শব্দ? [প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]
ক হাত খ ধর্ম
গ দোকান ঘ চোঙ্গা উ. ক

১৮.চা কোন ভাষার শব্দ? [প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]
ক আরবি খ ফরাসি
গ চীনা ঘ বাংলা উ. গ

১৯.খাঁটি বাংলা শব্দ কোনটি? [নির্বাচন কমিশনের অফিস সহায়ক: ২৩]
ক হালুয়া খ চাঁদ
গ ভাত ঘ ঢোল উ. ঘ

২০.নিচের কোনটি তৎসম শব্দ? [এলজিইডি'র কার্যসহকারী: ২৩]
ক নারিকেল খ গেরাম
গ চামার ঘ মাটি উ. ক

২১.কোনটি মৌলিক শব্দ? [যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ২২]
ক চাঁদ খ বন্ধুত্ব
গ প্রশাসন ঘ দায়িত্ব উ. ক

২২.'রিকশা' কোন ভাষার শব্দ? [যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ২২]
ক গুজরাটি খ পাঞ্জাবি
গ তুর্কি ঘ জাপানি উ. ঘ

২৩.'দারোগা' শব্দটি যে ভাষা থেকে আগত- [স্থলবন্দর কর্তৃপক্ষের ওয়ারহাউজ সুপারিনটেনডেন্ট ও ক্যাশিয়ার: ২২]
ক আরবি খ ফারসি
গ তুর্কি ঘ পর্তুগিজ উ. গ

২৪.'জানালা' শব্দটি যে ভাষা থেকে আগত- [দুদকের কোর্ট পরিদর্শক:২২]
ক পর্তুগিজ খ হিন্দি
গ ফরাসি ঘ তুর্কি উ. ক

২৫.'গিন্নি' কোন শ্রেণির শব্দ? [দুদকের কোর্ট পরিদর্শক: ২২]
ক তৎসম খ অর্ধ-তৎসম
গ তদ্ভব ঘ বিদেশি উ. খ

২৬.'তারিখ' কোন ভাষার শব্দ? [সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী:২২]
ক আরবি খ ফারসি
গ পর্তুগিজ ঘ তুর্কি উ. খ

২৭.'আলপিন' কোন ভাষার শব্দ? [দুদকের কনস্টেবল: ২২]
ক ইংরেজি খ ওলন্দাজ
গ পর্তুগিজ ঘ তুর্কি উ. গ

২৮.'খিস্তিখেউর' কোন ভাষার শব্দ? [রেলওয়ের সহকারী স্টেশন মাস্টার:২২]
ক সংস্কৃত খ বাংলা
গ আরবি ঘ ফারসি উ. খ

২৯.কোন শব্দটি ফারসি? [ডাক বিভাগের অফিস সহায়ক: ২২]
ক মুসাফির খ তকদির
গ পেরেশান ঘ মজলুম উ. গ

৩০.'তামাক' শব্দটি কোন বিদেশি ভাষা হতে নেয়া হয়েছে? [ডাক বিভাগের অফিস সহায়ক: ২২]
ক ইংরেজী খ ফারসি
গ পর্তুগিজ ঘ তুর্কি উ. গ

৩১.নিচের কোনটি তৎসম শব্দ? [পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের পোস্টম্যান: ২২]
ক চন্দ্র খ ঈমান
গ আলমারি ঘ চশমা উ. ক

৩২.'হুংস' কোন ধরনের শব্দ? [সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যসহকারী:২২]
ক তৎসম খ তদ্ভব
গ দেশি ঘ বিদেশি উ. ক

৩৩.'একতারা' শব্দটি যে ভাষা থেকে এসেছে? [ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন অফিসার: ২২]
ক আরবি খ তুর্কি
গ ফারসি ঘ সংস্কৃতি উ. গ

৩৪.শব্দের বুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ অভিন্ন হলে- [বাংলাদেশ রেলওয়ের সহকারী লোকোমোটিভ মাস্টার: ২২]
ক মৌলিক শব্দ হয় খ যৌগিক শব্দ হয়
গ রূঢ়ি শব্দ হয় ঘ যোগরূঢ় শব্দ হয় উ. খ

৩৫.কোনটি দেশি শব্দ? [ডাক বিভাগের অফিস সহায়ক: ২২]
ক পেঁপে খ আসন
গ চেহারা ঘ ঢেঁকি উ. ঘ

৩৬.কোনটি মৌলিক শব্দ? [ডাক অধিদপ্তরের হিসাব সহকারী/কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]
ক বড়াই খ বিদ্যালয়
গ গোলাপ ঘ পরিপূর্ণ উ. গ

৩৭.'বালতি' কোন ধরনের শব্দ? [রাজউক এর ইমারত পরিদর্শক: ২২]
ক আরবি শব্দ খ ফরাসি শব্দ
গ দেশি শব্দ ঘ পর্তুগিজ শব্দ উ. ঘ

৩৮.কোনটি ইংরেজি শব্দ? [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]
ক ম্যাজেন্টা খ পিস্তল
গ কমা ঘ আলমারি উ. গ

৩৯.'চকলেট' কোন দেশীয় শব্দ? [ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস সহায়ক:২২]
ক অস্ট্রেলিয়া খ ইতালি
গ জার্মানি ঘ মেক্সিকো উ. ঘ

৪০.'লুঙ্গি' শব্দটি কোন দেশি? [বন অধিদপ্তরের জুনিয়র ওয়াইল্ড লাইফ স্কাউট:২২]
ক বর্মি খ চীনা
গ গ্রিক ঘ তুর্কি উ. ক

৪১.'কার্তুজ' কোন ভাষার শব্দ? [ডাক ও জীবনবীমা অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক: ২২]
ক ইংরেজি খ ফরাসি
গ জার্মানি ঘ চীনা উ. খ

৪২.কোনটি যোগরূঢ় শব্দ? [খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]
ক গৃহিনি খ পঙ্কজ
গ সন্দেশ ঘ গৃহিনী উ. খ

৪৩.'সবুজ' কোন ভাষা থেকে আগত শব্দ? [খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]
ক ফারসি খ দেশি
গ সংস্কৃত ঘ পর্তুগিজ উ. ক

৪৪.কোনটি খাঁটি বাংলা শব্দ? [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক:২১]
ক চাকু খ ঢেঁকি
গ জোছনা ঘ চামার উ. ঘ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৪৫.কোনটি গ্রিক শব্দ নয়? [পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী: ২১]
ক কেন্দ্র খ দাম
গ সুড়ঙ্গ ঘ ডেঙ্গু উ. গ,ঘ

৪৬.'হাত' কী ধরনের শব্দ? [খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক বিদেশি খ তদ্ভব
গ ফরাসি ঘ দেশি উ. খ

৪৭.কোনটি যোগরূঢ় শব্দের উদাহরণ? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক দৌহিত্র খ মহাযাত্রা
গ তৈল ঘ নায়ক উ. খ

৪৮.'পেয়ারা' কোন ভাষার শব্দ? [জনস্বাস্থ্য অধিদপ্তরের ক্লার্ক কাম টাইপিস্ট:২১]
ক হিন্দী খ উর্দু
গ পর্তুগিজ ঘ গ্রীক উ. গ

৪৯.'গুদাম' শব্দটি কোন বিদেশি ভাষা থেকে আগত? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাবরক্ষক: ২১]
ক ফারসি খ ফরাসি
গ পর্তুগিজ ঘ ওলন্দাজ উ. গ

৫০.রূঢ়ি শব্দের উদাহরণ হলো- [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাবরক্ষক:২১]
ক দৌহিত্র খ জলধি
গ প্রবীণ ঘ মধুর উ. গ

৫১.'কলম' কোন ভাষার শব্দ? [বাংলাদেশ টেলিভিশনের ক্যাশিয়ার: ২১]
ক বাংলা খ ইংরেজি
গ আরবি ঘ ফারসি উ. গ

৫২.'অফিস' কোন ভাষার শব্দ? [বাংলাদেশ টেলিভিশনের অফিস সহযোগী:২১]
ক বাংলা খ আরবি
গ ফারসি ঘ ইংরেজি উ. ঘ

৫৩.কোনটি আরবি ভাষা থেকে আগত? [বাংলাদেশ টেলিভিশনের অফিস সহযোগী: ২১]
ক নামাজ খ রোজা
গ হজ ঘ অফিস উ. গ

৫৪.'উনুন' শব্দটি কোথা থেকে এসেছে? [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ক্যাশিয়ার/স্টোর কিপার: ২১]
ক তৎসম খ সংস্কৃত
গ দেশি ঘ তদ্ভব উ. গ

৫৫.'বেটাইম' শব্দটি গঠিত হয়েছে- [মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ল্যাবরেটরি সহকারী: ২১]
ক ফারসি ও ইংরেজি শব্দে খ ফরাসি ও ইংরেজি শব্দে
গ ফারসি ও ফরাসি শব্দে ঘ সংস্কৃত ও ইংরেজি শব্দে উ.ক

৫৬.'উজবুক' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে? [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক ফার্সি খ তুর্কি
গ পর্তুগিজ ঘ আরবি উ. খ

৫৭.'হাসনাহেনা' কোন দেশী শব্দ? [এনএসআই এর ডেসপার রাইডার ও অফিস সহায়ক: ২১]
ক পর্তুগিজ খ হিন্দি
গ জাপানি ঘ ফরাসি উ. গ

৫৮.'গালিচা' কোন ভাষার শব্দ? [জীবন বীমা কর্পোরেশনের কম্পিউটার অপারেটর: ২১]
ক পর্তুগিজ খ ফারসি
গ তুর্কি ঘ হিন্দি উ. খ

৫৯.'নকিব' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? [জীবন বীমা কর্পোরেশনের কম্পিউটার অপারেটর: ২১]
ক আরবি খ হিন্দি
গ ফারসি ঘ তুর্কি উ. ক

৬০.'চাহিদা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? [কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কম্পিউটার অপারেটর: ২১]
ক পর্তুগিজ খ চীনা
গ পাঞ্জাবি ঘ তুর্কি উ. গ

৬১.যেসব শব্দের বুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ অভিন্ন তাকে কী বলে? [প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পাউন্ডার/পোল্ট্রি টেকনিশিয়ান: ২০]
ক মৌলিক শব্দ খ যৌগিক শব্দ
গ রূঢ়ি শব্দ ঘ যোগরূঢ় শব্দ উ. খ

৬২.নিচের কোনটি পর্তুগীজ শব্দ? [বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ২০]
ক আদালত খ ইউনিয়ন
গ আনারস ঘ গোসল উ. গ

৬৩.'তুরুপ' শব্দটি কোন ভাষা থেকে আগত? [এনএসআই এর জুনিয়র ফিল্ড অফিসার: ১৯]
ক ফরাসি খ ওলন্দাজ
গ ফারসি ঘ পর্তুগিজ উ. খ

৬৪.নিচের কোনটি ফার্সি ভাষা হতে আগত শব্দ? [এনএসআই এর ওয়াচার কনস্টেবল: ১৯]
ক জান্নাত খ বেহেশত
গ চন্দ্র ঘ কুলা উ. খ

৬৫.'লাজুক' কোন ধরনের শব্দ? [ডাক বিভাগের মেইল অপারেটর: ১৯]
ক মৌলিক খ রূঢ়ি
গ যোগরূঢ় ঘ যৌগিক উ. ঘ

৬৬.কোনটি যৌগিক শব্দ? [ডাক বিভাগের মেইল অপারেটর: ১৯]
ক তৈল খ রেশম
গ দৌহিত্র ঘ মহাযাত্রা উ. গ

৬৭.গুজরাটি শব্দের উদাহরণ কোনটি? [পেট্রোবাংলার হিসাব সহকারী:১৯]
ক হরতাল খ লুঙ্গি
গ রিক্সা ঘ চাকু উ. ক

৬৮.'চাকু' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? [স্বাস্থ্য মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ১৯]
ক তুর্কি খ পর্তুগিজ
গ পারসি ঘ ফারসি উ. ক

৬৯.'দরজা' কোন ভাষা থেকে আগত শব্দ? [দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ১৯]
ক ফারসি খ আরবি
গ হিন্দি ঘ পর্তুগিজ উ. ক

৭০.নিচের কোন শব্দটি তৎসম শব্দের উদাহরণ? [দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ১৯]
ক হাতি খ হস্ত
গ আদালত ঘ আনারস উ. খ

৭১.'বেগম' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? [পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী: ১৯]
ক হিন্দি খ তুর্কি
গ ফারসি ঘ আরবি উ. খ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

সমার্থক শব্দ

মূল শব্দ	সমার্থক শব্দ বা একার্থক শব্দ বা প্রতিশব্দ
আল্লাহ্	অন্তর্যামী, ঈশ্বর, খোদা, জগদীশ্বর, জগন্নাথ, দেব, ধাতা, প্রভু, বিধাতা, বিশ্বপতি, ভগবান, পরমাত্মা, মনিব, সুর, সৃষ্টিকর্তা, স্রষ্টা
অন্ধকার	অমা, অমানিশা, আঁধার, আঁধিয়ার, তম, তমঃ, তমসা, তিমির, তমিস্র, শর্বর
আলো	উদ্ভাস, আভা, জ্যোতি, দীপ্তি, দ্যুতি, নূর, প্রভা, বিভা, ভাতি
আকাশ	অন্তরীক্ষ, অম্বর, অভ্র, অনন্ত, আসমান, গগন, ব্যোম, নীলিমা, দ্যুলোক, শূন্য, নভঃ
অগ্নি	অনল, আগুন, কৃশানু, দহন, পাবক, বহ্নি, হুতাশন, শিখা, সর্বভুক, সর্বশুচি, পাবন।
অশ্রু	অশ্রুবারি, আঁখি-নীর, চোখের জল, নয়নজল, নেত্রজল, লোর
ইচ্ছা	অভিপ্রায়, অভিলাষ, আগ্রহ, আকাঙ্ক্ষা, আশা, কামনা, বাঞ্ছা, বাসনা, মনোরথ, সাধ, স্পৃহা, অভিরুচি, প্রবৃত্তি, ঈপ্সা, কামনা, প্রার্থনা, চাওয়া
ঊর্মি	কল্লোল, জোয়ার, ঢেউ, তরঙ্গ, বীচি, লহরী, হিল্লোল
কন্যা	মেয়ে, তনয়া, নন্দিনী, সুতা, দুহিতা, আত্মজা, দরিকা, পুত্রী, ঝি, বালা
কুল	জাতি, জাত, প্রবর, গোত্র, বংশ, সমাজ, বর্ণ
কূল	তীর, তট, সৈকত, কিনারা, ধার, পুলিন, আশ্রয়
কাক	বায়স, পরভৃৎ
কেশ	চুল, অলক, কুন্তল, চিকুর, শিরোজ, শিরসিজ
কপোল	গাল, গণ্ড (গণ্ডদেশ)
কথা	বাণী, উক্তি, বচন, কথন, বচঃ, বাক্য, ভাষা, জবান, বাক্, বুলি, বোল
কুহক	মায়া, ছলনা, ভেল্কি, প্রতারণা, ধোঁকা, ভ্রম, জাদু
কটি	কোমর, কাঁকাল, মাজা
কোকিল	পরভৃত, পিক, কাকপুষ্ট, পরপুষ্ট, অন্যপুষ্ট
কান্না	কাঁদা, রোদন, রোনাজারি, ক্রন্দন, কাঁদন
কপাল	ললাট, ভাগ্য, ভাল, অদৃষ্ট, নিয়তি, নসিব, অলিক
কিরণ	অংশু, কর, প্রভা, দীপ্তি, জ্যোতি, রশ্মি, ময়ূখ
খবর	সংবাদ, সন্দেশ, বার্তা, ফরমান, তথ্য, সমাচার, বিবরণ, বৃত্তান্ত, খোঁজখবর
খোঁজ	সন্ধান, অন্বেষণ, অনুসন্ধান, খোঁজা, তালাশ
খড়্গ	কৃপাণ, অসি, তরবারি, তলোয়ার
গরু	গো, গাভী, ধেনু, পয়স্বিনী
ঘর	গৃহ, আলয়, আবাস, নিকেতন, নিবাস, আগার, বাটি, সদন, ভবন, ধাম, বাড়ি, নিলয়, কুটির
ঘোড়া	ঘোটক, বাজী, অশ্ব, তুরগ, তুরঙ্গ, তুরঙ্গম, হয়
চাঁদ	চন্দ্র, চন্দ্রমা, ইন্দু, সুধাংশু, সিতাংশু, হিমাংশু, হিমকর, বিধু, নিশাপতি, নিশাকর, সুধাকর, শশাঙ্ক, শশধর, শশী, সোম, মৃগাঙ্ক, দ্বিজরাজ, রজনীকান্ত, সিতকর, কলানাথ, কুমুদনাথ, রাকেশ
চোখ	অক্ষি, চক্ষু, নয়ন, নেত্র, লোচন, আঁখি, সিডর
জ্যোৎস্না	চন্দ্রিমা, চন্দ্রিকা, কৌমুদী, জোছনা, চন্দ্রালোক
জল/পানি	অম্বু, অপ, নীর, পানি, সলিল, বারি, উদক, পয়, পয়ঃ, তোয়, প্রাণদ, বারুণ
তীর	তট, শর, বাণ, শায়ক, অবধি, পুলিন, আশ্রয়
তৃষ্ণা	পিপাসা, তিয়াসা, তেষ্টা, আকাঙ্ক্ষা
দেহ	অঙ্গ, গাত্র, গা, গতর, কায়া, কলেবর, তনু
নদী	তটিনী, সরিৎ, শৈবলিনী, তরঙ্গিনী, স্রোতস্বতী, স্রোতস্বিনী, নির্ঝরিণী, প্রবাহিনী, গিরি নিঃস্রাব, গাঙ, মন্দাকিনী, কূলবতী, স্রোতোবহা, সমুদ্রবল্লতা, সমুদ্রকান্তা, কল্লোলিনী, কলস্বিনী
নারী	স্ত্রী, স্ত্রীলোক, মেয়ে, রমণী, মহিলা, কামিনী, ভামিনী, অঙ্গনা, রামা, বামা, ললনা, অবলা, আওরত, সামন্তিনী, মানবী, জেনানা, কান্তা
পাখি	পক্ষী, বিহগ, বিহঙ্গম, দ্বিজ, খেচর, খগ, গরুড়
পতাকা	কেতন, নিশান, ধ্বজা, ঝাণ্ডা, বৈজয়ন্তী
পৃথিবী	বসুমতী, বসুন্ধরা, বসুধা, বসুমাতা, ধরা, ধরিত্রী, ধরাতল, মেদিনী, মহি, পৃথ্বী, অদিতি, অবনি, অখিল, ভূ, ভুবন, ভূতল, উর্বী, বিশ্ব, জগৎ, ক্ষিতি, ক্ষিতিতল, মর্ত্য, দুনিয়া, জাহান, ধরণি
পুত্র	ছেলে, তনয়, নন্দন, সুত, আত্মজ, তনুজ, পুত
পর্বত	অদ্রি, অচল, গিরি, পাহাড়, শৈল, নগ, ভূধর, মহীধর, মেদিনীধর, ক্ষিতিধর, শৃঙ্গী, জীমূত
পিতা	বাবা, আব্বা, জনক, জন্মদাতা, পিতৃ
পুষ্প	কুসুম, রঙ্গন, ফুল, প্রসূন
পদ্ম	পঙ্কজ, রাজীব, উৎপল, কমল, কুমুদ, কুবলয়, শতদল, অরবিন্দ, তামরস, নলিনী, কোকনদ, সরোজ, সরসিজ, পুষ্কর
প্রভাত	ঊষা, ভোর, প্রত্যূষ
পথ	রাস্তা, মার্গ, সরণি, সড়ক, নিগম, রাহা, বাট
বিদ্যুৎ	তড়িৎ, সৌদামিনী, বিজলী, দামিনী, ক্ষণপ্রভা, অণুপ্রভা, চপলা, চঞ্চলা, শম্পা
বায়ু	অনিল, বাতাস, বাত, বায়, পবন, সমীর, সমীরণ, মরণত, হাওয়া, গন্ধবহ, মরুৎ, মারুত, প্রভঞ্জন, শব্দবহ, জগদ্বল, জগৎপ্রাণ, সদাগতি
বৃক্ষ	গাছ, পাদপ, তরু, শাখী, বিটপী, মহীরুহ, দ্রুম, উদ্ভিদ, পল্লবী, শিখরী, পর্ণী
বন	অরণ্য, অরণ্যানী, অটবি, জঙ্গল, কানন, বিপিন, বনানী, কুঞ্জ, কান্তার, গহন
ভ্রমর	মধুকর, মধুলেহ, মধুপ, ভোমরা, মৌমাছি, অলি, ভৃঙ্গ, ষট্‌পদ, শিলীমুখ, দ্বিরেফ
মাতা	মা, জননী, গর্ভধারিণী, প্রসূতি, আম্মা, মাতৃ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ময়ূর	কলাপী, কেকা, কেকী, শিখী, শিখণ্ডী, শিখণ্ডক
মেঘ	অভ্র, জলদ, জলধর, বারিদ, নীরদ, জীমূত, বলাহক, তোয়দ, পয়োদ, কাদম্বিনী
মৃত্যু	ইন্তেকাল, ইহলোকত্যাগ, সংবরণ, চিরবিদায়, জান্নাতবাসী হওয়া, দেহত্যাগ, প্রাণত্যাগ, পঞ্চত্বপ্রাপ্তি, পরলোকগমন, লোকান্তর গমন, শেষ নিঃশ্বাস ত্যাগ করা, স্বর্গলাভ, মরণ, নিপাত, মারা যাওয়া, পটল তোলা, মহাপ্রয়াণ
রাত্রি	রাত, শর্বরী, নিশি, নিশা, অমানিশা, নিশীথ, নিশীথিনী, বিভাবরী, রজনী, যামিনী, ত্রিযামা
রানি	রাজ্ঞী, সম্রাজ্ঞী, সুলতানা, রাজপত্নী, বেগম
রাজা	নরেন্দ্র, নরেশ, নৃপ, নৃপাল, নৃপেন্দ্র, নৃপতি, নরপতি, ভূপতি, ভূপাল, অধিরাজ, শাহ্, বাদশা
সূর্য	আদিত্য, তপন, দিবাকর, দিনকর, ভাস্কর, ভানু, মার্তণ্ড, রবি, সবিতা, অর্ক, দিনেশ, কিরণমালী, অংশুমালী, বিভাকর, বিভাবসু, মিহির, আফতাব, বিবস্বান, প্রভাকর, সুর, অরুণ
সাপ	সর্প, অহি, আশীবিষ, নাগ, ফণী, ভুজঙ্গ, ভুজঙ্গম, উরগ, পন্নগ, বায়ুভূক, বিষধর, হরি
সাদা	শুক্ল, শুভ্র, শুচি, শ্বেত, সিত, গৌর, ধবল, সফেদ
স্ত্রী	ভার্যা, পত্নী, সহধর্মিণী, অর্ধাঙ্গিনী, দার, দারা, দয়িতা, জায়া, কলত্র, বনিতা, কান্তা, বধূ, বউ
সমুদ্র	সাগর, অর্ণব, জলধি, জলনিধি, উদধি, পয়োধি, পাথার, পারাবার, বারিধি, রত্নাকর, সিন্ধু, গাভ, নদীকান্ত, বারীশ, নীলাম্বু, অম্বুধি, দরিয়া
স্বামী	নাথ, কান্ত, দয়িত, পতি, মনিব, প্রভু
সিংহ	কেশরী, মৃগেন্দ্র, মৃগরাজ, মৃগপতি, পারীন্দ্র, পশুরাজ, হরি, হর্যক্ষ
স্বর্গ	দেবলোক, দ্যুলোক, বেহেশত, সুরলোক, ত্রিদিব, ত্রিদশালয়, অমরালয়, অমরা, অমরাবতী, ইন্দ্রলোক, বেহেশত, জান্নাত
হাতি	হস্তী, কুঞ্জর, কর, করী, গজ, মাতঙ্গ, রদী, রদনী, দ্বিপ, দ্বিরদ, ঐরাবত, পিল।
হাত	কর, বাহু, ভুজ, হস্ত, পাণি, হস্তক।
হরিণ	মৃগ, কুরঙ্গ, ঋষ্য, শম্বর, সারঙ্গ, সুনয়ন।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. নিচের কোনটি 'অগ্নি' শব্দের সমার্থক নয়? *[স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনিশিয়ান: ২৩]*
ক পাবক খ বহ্নি
গ প্রজ্বলিত ঘ হুতাশন উ. গ

২. 'পরভৃত' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[নির্বাচন কমিশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক পিক খ ধেনু
গ বিভব ঘ অম্বু উ. ক

৩. 'আগুন' এর প্রতিশব্দ কোনটি? *[নির্বাচন কমিশনের অফিস সহায়ক:২৩]*
ক অনল খ বহ্নি
গ পাঠক ঘ কর উ. ক,খ

৪. 'সূর্য' এর প্রতিশব্দ কোনটি? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক: ২৩]*
ক সুধাংশু খ আদিত্য
গ শশাঙ্ক ঘ বিধু উ. খ

৫. 'নদী' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক কল্লোলিনী খ মোদিনী
গ গহিনী ঘ ধরণী উ. ক

৬. 'হাতি' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক অম্বু খ কান্না
গ গজ ঘ নেত্রবারি উ. গ

৭. 'পৃথিবী' এর সমার্থক শব্দ নয় কোনটি? *[মন্ত্রিপরিষদ বিভাগের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক ভূধর খ অবনী
গ ধরিত্রী ঘ ধরণী উ. ক

৮. 'পৃথিবী'র প্রতিশব্দ কোনটি? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা: ২৩]*
ক বসুমতি খ পতি
গ মনোহর ঘ জলধি উ. ক

৯. কোনটি 'অগ্নি' শব্দের সমার্থক শব্দ নয়? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমএলএস/ নিরাপত্তা প্রহরী: ২৩]*
ক হুতাশন খ সর্বভুক
গ মার্তণ্ড ঘ পাবক উ. গ

১০. 'পাথার' এর সমার্থক শব্দ- *[স্থলবন্দর কর্তৃপক্ষের ওয়ারহাউজ সুপারিনটেনডেন্ট ও ক্যাশিয়ার: ২২]*
ক তটিনী খ অর্ণব
গ শৈল ঘ বন্দর উ. খ

১১. 'চাঁদ' এর সমার্থক শব্দ কোনটি? *[ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]*
ক নিশীথিনী খ রজনীকান্ত
গ ভানু ঘ কোমলাকান্ত উ. খ

১২. 'সিডর' শব্দের অর্থ কী? *[ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]*
ক চোখ খ বন্যা
গ ঘূর্ণিঝড় ঘ চাঁদ উ. ক

১৩. 'কল্লোল' শব্দটির অর্থ কী? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক পাল খ ঢেউ
গ চিবুক ঘ কোনোটিই নয় উ. খ

১৪. 'অদিতি' শব্দের সমার্থ শব্দ নয় কোনটি? *[এলজিইডি'র কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক পৃথ্বী খ নীর
গ ক্ষিতি ঘ অবনী উ. খ

১৫. কোনটি 'পাহাড়' শব্দের সমার্থক শব্দ নয়? *[এলজিইডি'র ইলেক্ট্রিশিয়ান ও সার্ভেয়ার: ২৩]*
ক পর্বত খ শৈল
গ গিরি ঘ ধরণী উ. ঘ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১৬.'সূর্য' শব্দের সমার্থক শব্দ কোনটি? [প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিস সহায়ক: ২৩]
ক অর্ণব খ অর্ক
গ প্রসূন ঘ পল্লব
উ. খ

১৭.'দমকি দমকি দেয়া হাঁক, কাঁপে দামিনী'। এখানে 'দামিনী' শব্দের অর্থ হলো- [এলাইড'র কার্যসহকারী: ২৩]
ক নারীর নাম খ বিদ্যুৎ
গ পৃথিবী ঘ মেঘ
উ. খ

১৮.কোনটি সমার্থক শব্দ নয়? [বাংলাদেশ রেলওয়ের খালাসী: ২২]
ক সন্দেশ খ সংবাদ
গ বার্তা ঘ গুজব
উ. ঘ

১৯.'অগ্নি' শব্দের সমার্থক কোনটি? [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের হিসাবরক্ষক:২২]
ক কৃশানু খ ভানু
গ সবিতা ঘ প্রভা
উ. ক

২০.'আগুন' এর প্রতিশব্দ নয় কোনটি? [হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২২]
ক অনল খ বহ্নি
গ পাবক ঘ কর
উ. ঘ

২১.'অন্ধকার' এর প্রতিশব্দ কি? [বিটিআরসি'র কন্ট্রাক্টর-ডি: ২২]
ক অগ্নি খ পাবক
গ চিকুর ঘ তিমির
উ. ঘ

২২.কোনটি মেঘের প্রতিশব্দ নয়? [বাংলাদেশ রেলওয়ের গার্ড: ২২]
ক অম্বুবাহ খ জীমূত
গ বারিদ গ প্রভঞ্জন
উ. ঘ

২৩.'সন্দেশ' শব্দের সমার্থক নয় কোনটি? [ডাক অধিদপ্তরের হিসাব সহকারী/কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]
ক ফরমান খ উক্তি
গ সন্ধান ঘ অনুসন্ধান
উ. খ

২৪.'জাহান' শব্দের সমার্থক শব্দ কোনটি? [রাজউক এর ইমারত পরিদর্শক:২২]
ক বিশাল খ বিশ্ব
গ তনয়া ঘ সূর্য
উ. খ

২৫.'গগন' শব্দের অর্থ কী? [ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস সহায়ক: ২২]
ক মেঘ খ আকাশ
গ হীরক ঘ বাতাস
উ. খ

২৬.কোনটি 'বাতাস' এর প্রতিশব্দ নয়? [ডাক ও জীবনবীমা অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক: ২২]
ক অনিল খ পবন
গ অর্ণব ঘ হাওয়া
উ. গ

২৭.'পাখি' এর সমার্থক শব্দ- [স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নকশাকার: ২২]
ক বিটপী খ বিগ্রহ
গ বিজরী ঘ বিহগ
উ. ঘ

২৮.'স্বর্গ' এর সমার্থক শব্দ কোনটি? [খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী:২১]
ক ভৃঙ্গ খ ত্রিদিব
গ সবিতা ঘ উদধি
উ. খ

২৯.'নন্দন' শব্দের অর্থ কোনটি? [রাজউক এর ইমারত পরিদর্শক: ২২]
ক বাতাস খ ছেলে
গ নতুন ঘ নীল
উ. খ

৩০.'নীর' শব্দের সমার্থক শব্দ কোনটি? [রাজউক এর ইমারত পরিদর্শক:২২]
ক অগ্নি খ চন্দ্র
গ গৃহ ঘ বারি
উ. ঘ

৩১.কোনটি 'কোকিল' শব্দের প্রতিশব্দ নয়? [মৎস্য অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক পিক খ পরভৃত
গ পরভৃৎ ঘ বসন্তদূত
উ. গ

৩২.'যামিনী' এর প্রতিশব্দ কোনটি? [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক প্রসূন খ দামিনী
গ শর্বরী ঘ নিকর
উ. গ

৩৩.'অটবী' এর সমার্থক শব্দ কোনটি? [এনএসআই এর ওয়াচার কনস্টেবল/ফিল্ড স্টাফ: ২১]
ক তরু খ অরুণ
গ নীরদ ঘ কুঞ্জ
উ. ঘ

৩৪.'অন্ন' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি? [এনএসআই এর ডেসপার রাইডার ও অফিস সহায়ক: ২১]
ক ভাত খ আহার
গ দ্যুতি ঘ ওদন
উ. গ

৩৫.'ইচ্ছা' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি? [এনএসআই এর ডেসপার রাইডার ও অফিস সহায়ক: ২১]
ক অভিলাষ খ বাসনা
গ আগ্রহ ঘ বিভু
উ. ঘ

৩৬.'ঝিনুক' এর সমার্থক শব্দ কোনটি? [জীবন বীমা কর্পোরেশনের কম্পিউটার অপারেটর: ২১]
ক উপল খ শুক্তি
গ শৈল ঘ সলিল
উ. খ

৩৭.কোনটি 'ঘর' শব্দের সমার্থক শব্দ নয়? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]
ক আলয় খ বিপণী
গ আবাস ঘ নিকেতন
উ. খ

৩৮.'কিরণ' এর সমার্থক শব্দ নয়- [কারিগরি শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক রশ্মি খ প্রভা
গ কর ঘ রবি
উ. ঘ

৩৯.কোন শব্দটি 'বন' শব্দের সমার্থক নয়? [রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২১]
ক মারুত খ বিপিন
গ গহন ঘ কান্তার
উ. ক

৪০.'মার্তণ্ড' শব্দটি সমার্থক শব্দ কোনটি? [কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কম্পিউটার অপারেটর: ২১]
ক নিষ্ঠুর খ সূর্য
গ কঠোর ঘ সাধু
উ. খ

৪১.'গৃহ' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]
ক নিবাস খ ঘরোয়া
গ ভবন ঘ ঘর
উ. খ

৪২.'সূর্য' শব্দের সমার্থক শব্দ কোনটি? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটর: ২১]
ক অর্ণব খ অংশুমালী
গ প্রসূন ঘ পল্লব
উ. খ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৪৩.কোন শব্দটি 'চন্দ্র' শব্দের সমার্থক শব্দ নয়? [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ক্যাশিয়ার/স্টোর কিপার: ২১]
ক বিধু খ ইন্দু
গ অর্ক ঘ মৃগাঙ্ক উ. গ

৪৪.নিচের কোনটি 'পর্বত' এর সমার্থক শব্দ নয়? [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]
ক ভূধর খ অবনী
গ অদ্রি ঘ অচল উ. খ

৪৫.'দেহ' শব্দের প্রতিশব্দ কী? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক:২১]
ক অহ খ মর্দ
গ তনু ঘ বিভব উ. গ

৪৬.নিচের কোনটি 'দেবতা' শব্দের সমার্থক নয়? [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]
ক সুর খ অমর
গ কায় ঘ অজর উ. গ

৪৭.'জল' শব্দের সমার্থক নয় কোনটি? [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ২১]
ক নীর খ সলিল
গ উদক ঘ জলধি উ. ঘ

৪৮.'ঢেউ' এর প্রতিশব্দ কোনটি? [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক:২১]
ক বারিধি খ ঊর্মি
গ তটিনী ঘ বীচি উ. খ,ঘ

৪৯.'পর্বত' শব্দের প্রতিশব্দ কোনটি? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]
ক শৈল খ খগ
গ ধরা ঘ অটবি উ. ক

৫০.নিচের কোনটি 'কুহক' এর সমার্থক শব্দ নয়? [পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী: ২১]
ক বচন খ মায়া
গ ভেলকি ঘ ছল উ. ক

৫১.'সবিতা' এর সমার্থক শব্দ কোনটি? [খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক চন্দ্র খ স্বর্গ
গ আকাশ ঘ সূর্য উ. ঘ

৫১.'পাথার' শব্দের প্রতিশব্দ হলো- [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক পৃথিবী খ পর্বত
গ বন ঘ সমুদ্র উ. ঘ

৫২.'উদক' শব্দের সমার্থক শব্দ কোনটি? [জনস্বাস্থ্য অধিদপ্তরের ক্লার্ক কাম টাইপিস্ট: ২১]
ক স্থল খ অম্বু
গ তন্ডুল ঘ ফলাহার উ. খ

৫৩.'নন্দিনী' এর সমার্থক শব্দ কোনটি? [জনস্বাস্থ্য অধিদপ্তরের ক্লার্ক কাম টাইপিস্ট: ২১]
ক ননদিনী খ নারী
গ তনয়া ঘ সুন্দরী উ. গ

৫৪.'চাঁদ' এর সমার্থক শব্দ নয় কোনটি? [পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২১]
ক সবিতা খ সুধাকর
গ শশী ঘ শশধর উ. ক

৫৫.'নদী' শব্দের সমার্থক- [বাংলাদেশ টেলিভিশনের ক্যাশিয়ার: ২১]
ক পানীয় খ সলিল
গ তটিনী ঘ কল্লোল উ. গ

৫৬.'সূর্য' শব্দের সমার্থক শব্দ- [বাংলাদেশ টেলিভিশনের ক্যাশিয়ার: ২১]
ক রবি খ ত্রিদিব
গ বিজলী ঘ রজনী উ. ক

৫৭.কোনটি 'পর্বত' শব্দের সমার্থক শব্দ নয়? [পরিসংখ্যান ব্যুরোর চেইনম্যান: ২১]
ক অবনী খ অচল
গ পাহাড় ঘ গিরি উ. ক

৫৮.'শশাঙ্ক' শব্দের সমার্থক শব্দ কোনটি? [বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ২০]
ক খরগোশ খ চাঁদ
গ সূর্য ঘ নদী উ. খ

৫৯.'রাত্রি'র সমার্থক শব্দ কোনটি? [পরিবেশ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২০]
ক শর্বরী খ শরনী
গ শফরী ঘ শশী উ. ক

৬০.'রাত্রি' এর সমার্থক শব্দ নয় কোনটি? [প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পাউন্ডার/পোল্ট্রি টেকনিশিয়ান: ২০]
ক শর্বরী খ রজনী
গ যামিনী ঘ বারিদ উ. ঘ

৬১.'অন্যপুষ্ট' কোন পাখিকে বলা হয়? [প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পাউন্ডার/পোল্ট্রি টেকনিশিয়ান: ২০]
ক কাক খ কোকিল
গ ময়না ঘ কবুতর উ. খ

৬২.'কিরণ' শব্দের সমার্থক শব্দ কোনটি? [সিজিডিএফ এর জুনিয়র অডিটর: ১৯]
ক প্রভা খ ঢেউ
গ ভাগ্য ঘ হর্ষ উ. ক

৬৩.'অম্বর' শব্দটির সঠিক প্রতিশব্দ কোনটি? [সিজিডিএফ এর জুনিয়র অডিটর: ১৯]
ক বায়ু খ বন
গ সাগর ঘ আকাশ উ. ঘ

৬৪.'কল্লোল' শব্দটির অর্থ কী? [এনএসআই এর ওয়াচার কনস্টেবল: ১৯]
ক ঢেউ খ গাল
গ চিবুক ঘ কান উ. ক

৬৫.'অনিল' শব্দের অর্থ- [পেট্রোবাংলার হিসাব সহকারী: ১৯]
ক আকাশ খ বাতাস
গ কোকিল ঘ গাছ উ. খ

৬৬.'সিতকর' শব্দের অর্থ- [সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী:১৯]
ক সমুদ্র খ হিমালয়
গ চাঁদ ঘ চোর উ. গ

৬৭.কোনটি সাপ এর সমার্থক শব্দ নয়? [ক্রীড়া পরিদপ্তরের কম্পিউটার অপারেটর: ১৯]
ক সর্প খ ফণী
গ অলক ঘ নাগ উ. গ

৬৮.'কন্যা' শব্দের সমার্থক শব্দ কোনটি? [নিরাপদ খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ১৯]

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

(ক) অনুজা (খ) অবলা
(গ) সুত (ঘ) তনয়া উ. ঘ

৬৯.'বিহগ' এর সমার্থক শব্দ নয় কোনটি? *[নির্বাচন কমিশনের স্টোর কিপার: ১৯]*

(ক) প্রসূন (খ) খগ
(গ) পাখি (ঘ) খেচর উ. ক

৭০.'কন্যা' শব্দের সমার্থক শব্দ কেনটি? *[নির্বাচন কমিশনের স্টোর কিপার:১৯]*

(ক) অনুজা (খ) অবলা
(গ) সুত (ঘ) তনয়া উ. ঘ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

১. একটি করে সমার্থক শব্দ লিখুন: *[নিরাপদ খাদ্য অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

ক. বন = কানন
খ. চোখ = লোচন
গ. পৃথিবী = ভুবন
ঘ. অন্ধকার = তিমির
ঙ. হাত = কর

২. দুটি করে প্রতিশব্দ লিখুন: *[ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

ক. আগুন = বহ্নি, অনল
খ. কুল = গোত্র, গোষ্ঠী

৩. সমার্থক শব্দ লিখুন: *[কর অঞ্চল সিলেটের অফিস সহায়ক: ২৩]*

ক. অলক = চুল
খ. রাত = রাত্রি
গ. তনয়া = কন্যা
ঘ. অঞ্জলি = করজোড়
ঙ. বসুধা = পৃথিবী

৪. শব্দার্থ লিখুন: *[প্রত্নতত্ত্ব অধিদপ্তরের ক্যাশ সরকার: ২৩]*

ক. কমল- পদ্ম।
খ. পবন- বাতাস।
গ. কানন- বাগান।
ঘ. তরু- গাছ।
ঙ. তনয়- পুত্র।

৫. দুইটি করে সমার্থক শব্দ লিখুন: *[জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুরের হিসাব সহকারী: ২৩]*

মূল শব্দ	সমার্থক শব্দ	মূল শব্দ	সমার্থক শব্দ
বন	অরণ্য, জঙ্গল	ঢেউ	ঊর্মি, তরঙ্গ
হাত	কর, বাহু	পুত্র	তনয়, ছেলে
চক্ষু	নয়ন, অক্ষি		

৬. ২টি করে সমার্থক শব্দ লিখুন: *[কর অঞ্চল, রাজশাহীর উচ্চমান সহকারী: ২৩]*

ক. ঊর্মি- ঢেউ, তরঙ্গ
খ. গর্জন- কোলাহল, চিৎকার
গ. পদ্ম- উৎপল, কমল
ঘ. সিংহ- পশুরাজ, মৃগেন্দ্র
ঙ. বন- অটবি, অরণ্য

৮. নিচের শব্দগুলোর প্রতিটির সমার্থক শব্দ দিয়ে বাক্য রচনা করুন: *[কাস্টমস বন্ড কমিশনারেট ঢাকার সিপাই: ১৯]*

ক. পানি (জল): জলে কুমীর, ডাঙায় বাঘ।
খ. পৃথিবী (জগৎ): আছ তুমি প্রভু জগৎ মাঝারে।
গ. বাতাস (বায়ু): দক্ষিণা বায়ু বয় উদাস মনে।
ঘ. পাহাড় (পর্বত): দুই পর্বতের মধ্যবর্তী বিস্তীর্ণ অঞ্চলকে উপত্যকা বলে।
ঙ. মাটি (মৃত্তিকা): মৃত্তিকা পৃথিবীর উপবিভাগের নরম ও দানাদার অংশ।

বিপরীত শব্দ

মূল শব্দ	বিপরীত শব্দ	মূল শব্দ	বিপরীত শব্দ
অতীত	ভবিষ্যৎ	অর্জন	বর্জন
অন্তর্মুখী	বহির্মুখী	অন্তর্বাস	বহির্বাস
অধিত্যকা	উপত্যকা	অনুরক্ত	বিরক্ত
অধমর্ণ	উত্তমর্ণ	অণু	বৃহৎ
অগ্র	পশ্চাৎ	অগ্রজ	অনুজ
অক্ষাংশ	দ্রাঘিমাংশ	অচেতন	চেতন
অধম	উত্তম	অধঃ	ঊর্ধ্ব
অমর	মরণশীল	অর্বাচীন	প্রাচীন
অনুরাগ	বিরাগ	অজ্ঞাত	জ্ঞাত/বিদিত
অন্ধকার	আলোক	অন্তরঙ্গ	বহিরঙ্গ
অনুগ্রহ	নিগ্রহ	অর্পণ	গ্রহণ
অনুকূল	প্রতিকূল	অমৃত	গরল /বিষ
আকুঞ্চন	প্রসারণ	আদিষ্ট	নিষিদ্ধ
আদি	অন্ত	আকর্ষণ	বিকর্ষণ
আস্তিক	নাস্তিক	আয়	ব্যয়
আবাহন	বিসর্জন	আসক্ত	অনাসক্ত
আবির্ভাব	তিরোভাব	আপদ	সম্পদ
আবশ্যক	অনাবশ্যক	আলো	অন্ধকার
আদিম	অন্তিম	আসক্তি	বৈরাগ্য
ইতি	আরম্ভ	ইচ্ছা	অনিচ্ছা
ঈদৃশ	তাদৃশ	ঈষৎ	আধিক/প্রচুর
উন্মীলন	নিমীলন	উল্লেখ	অনুল্লেখ
উজান	ভাটি	উত্তমর্ণ	অধমর্ণ
উন্নীত	অবনমিত	উপকার	অপকার
উত্থান	পতন	উপস্থিত	অনুপস্থিত
উচ্চ	নিচ	উগ্র/করাল	সৌম্য/ কোমল
উৎকর্ষ	অপকর্ষ	উর্বর	অনুর্বর/ উষর
ঐহিক	পারত্রিক	ঋজু	বক্র/বঙ্কিম

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ঐশ্বর্য	দারিদ্র্য	ঐচ্ছিক	আবশ্যিক
ঔদার্য	কার্পণ্য	ঔদ্ধত্য	বিনয়
কচি	ঝুনো/পাকা	ক্ষমা	শাস্তি
কুৎসিত	সুন্দর	কনিষ্ঠ	জ্যেষ্ঠ
কুলীন	অন্ত্যজ	ক্ষীয়মান	বর্ধমান
কুশাসন	সুশাসন	কলঙ্ক	সুনাম/খ্যাতি
আকুঞ্চন	প্রসারণ	কেলেঙ্কারী	খ্যাতি/সুনাম
কুটিল	সরল	কৃষ্ণ	শুক্ল/ধবল /শুভ্র
ক্রন্দন	হাস্য	কৃত্রিম	স্বাভাবিক
ক্ষুদ্র	বৃহৎ	ক্ষতি	লাভ/ফায়দা
ক্ষয়িষ্ণু	বর্ধিষ্ণু	ক্ষীণ	পুষ্ট
গ্রহণীয়	বর্জনীয়	খাতক	মহাজন
গেঁয়ো	শহুরে	গরীয়ান	লঘীয়ান
গুরু	লঘু/শিষ্য	গম্ভীর	চপল/সহাস্য
গরিষ্ঠ	লঘিষ্ঠ	গূঢ়	ব্যক্ত
গ্রহীতা	দাতা	গাঢ়	পাতলা
গৃহীত	বর্জিত	গ্রহণ	বর্জন
গৃহী	সন্ন্যাসী	গ্রীষ্ম	শীত
চক্ষুষ্মাণ	অন্ধ	চয়/সঞ্চয়	অপচয়
চিরকাল	ক্ষণকাল	চটুল	গম্ভীর/শান্ত
চিন্ময়	মৃন্ময়	চতুর	নির্বোধ/ বোকা
চোর	সাধু	চোখা	ভোঁতা
চিরন্তন	ক্ষণকালীন	চঞ্চল	স্থির/নিশ্চল
জলচর	স্থলচর	জান্নাত	দোজখ
জ্ঞাত	অজ্ঞাত	জ্ঞেয়	অজ্ঞেয়
জাহান্নাম	বেহেশত	জল	স্থল
জ্ঞান	অজ্ঞান	জড়	চেতন
জ্যেষ্ঠা	কনিষ্ঠা	জোয়ান	বুড়া
জিত	হার	জঙ্গম	স্থাবর
জন্ম	মৃত্যু	জাগ্রত	নিদ্রিত/সুপ্ত
ঝুনা	কচি/কাঁচা	ঝাল	মিষ্টি
ঢোলা	আঁটসাঁট	ঢালু	সমতল/ সমান
তিক্ত	মধুর/মিষ্ট	তলদেশ	ঊর্ধ্বদেশ
ত্বরা	বিলম্ব	তস্কর	সাধু
তপ্ত	শীতল	তন্ময়	মন্ময়
তারুণ্য	বার্ধক্য	তরুণ	বৃদ্ধ/প্রবীণ
তৃপ্ত	অতৃপ্ত	তুষ্ট	রুষ্ট
তীব্র	মৃদু	তাপ	শৈত্য/ নিস্তাপ
তিক্ত	মধুর/মিষ্ট	তীব্র	ক্ষীণ/লঘু/ মৃদু
থামা	চলা	তামসিক	রাজসিক
দিগ্‌গজ	মহামূর্খ	দুর্জন	সজ্জন
দাতা	গ্রহীতা	দ্যুলোক	ভূলোক
দ্বিধা	নির্দ্বিধা	দুর্লভ	সুলভ
দণ্ড	পুরস্কার	দুর্গম	সুগম
দীন	ধনী	দুর্নাম	সুনাম

দুর্বিনীত	ভদ্র/বিনীত	দয়া	নিষ্ঠুরতা
দুরন্ত	শান্ত	দয়ালু	নির্দয়/নিষ্ঠুর
দোষী	নির্দোষ	দান	গ্রহণ/ প্রতিদান
ধবল	কৃষ্ণ	ধ্বংস	সৃষ্টি
নিরক্ষর	সাক্ষর	ধীর	অধীর
নৈঃশব্দ্য	সশব্দ	নীরস	সরস
নিষ্ঠুর	দয়ালু	নম্র	উদ্ধত
নীরোগ	রুগ্‌ণ	নিন্দা	প্রশংসা
নির্মল	পঙ্কিল	নিত্য	নৈমিত্তিক
নৈসর্গিক	কৃত্রিম	ন্যায়	অন্যায়
নিষেধ	আদেশ	নিমীলিত	উন্মীলিত
নিরাশ্রয়	সাশ্রয়	ন্যূন	অধিক/ অন্যূন
নিরাশা	আশা	নতুন	পুরোনো
নির্লজ্জ	সলজ্জ	নগণ্য	গণ্য
পূর্ব	পশ্চিম	পড়তি	উঠতি
পাইকারি	খুচরা	পাপী	নিষ্পাপ
পরাধীন	স্বাধীন	পূজক	পূজিত
প্রসন্ন	বিষণ্ন	নির্দয়	সদয়
প্রবণতা	উদাসীনতা	পতন	উত্থান
প্রসারণ	সংকোচন	পরকীয়	স্বকীয়
পরকাল	ইহকাল	পার্থিব	অপার্থিব
পার্থিব	অপার্থিব	পরিত্যক্তা	গৃহীতা
ফরিয়াদি	আসামি	ফাঁপা	নিরেট
বক্তা	শ্রোতা	বিকাশ	বিলয়/ বিনাশ
বিকর্ষণ	আকর্ষণ	বিরহ	মিলন
বিরক্ত	অনুরক্ত	বিশ্লেষণ	সংশ্লেষণ
বৃদ্ধি	হ্রাস	বিপথ	সুপথ
বর্জন	গ্রহণ	বিশ্রী	শ্রী/সুশ্রী
বিদ্বান	মুর্খ	বিজেতা	বিজিত
বন্ধুর	মসৃণ	বিরত	রত/নিরত
বক্র	সরল	বাল্য	বার্ধক্য
বর্ধিষ্ণু	ক্ষয়িষ্ণু	বহাল	বরখাস্ত
বিদ্যমান	অন্তর্হিত	বিরাগ	অনুরাগ
বিদ্বান	মূর্খ	বহিরঙ্গ	অন্তরঙ্গ
বাচাল	স্বল্পভাষী	বিষাদ	আনন্দ
ব্যর্থ	সার্থক	বুদ্ধিমান	বুদ্ধিহীন
ভূস্বামী	ভূমিহীন	ভাব	অভাব
ভুল	শুদ্ধ/নির্ভুল	ভূত	ভাবী/ ভবিষ্যৎ
ভেজাল	খাঁটি	ভোঁতা	ধারাল /চোখা
ভীরু	নির্ভীক	ভীতু	সাহসী
মহাপ্রাণ	অল্পপ্রাণ	মনোযোগ	অমনোযোগ
মৃত	জীবিত	মত্ত	নির্লিপ্ত
মহৎ	নীচ/ক্ষুদ্র	মৃদু	উগ্র/প্রবল
মিতব্যয়ী	অমিতব্যয়ী	মুখর	মৌনী
সংযমী	অসংযমী	যোজন	বিয়োজন

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

রোগী	নিরোগ	রোগ	নিরোগ/ স্বাস্থ্য
রসাল	শুকনো	রোগগ্রস্ত	রোগমুক্ত
রাজা	রাণী/প্রজা	রত	বিরত
রুগ্ণ	সুস্থ	রাগ	বিরাগ
লঘিষ্ঠ	গরিষ্ঠ	লাজুক	নির্লজ্জ
শিষ্ট	অশিষ্ট	শাসক	শাসিত
শ্রীযুক্ত	শ্রীহীন	শ্রদ্ধা	ঘৃণা
শান্ত	দুরন্ত	শহিদ	গাজী
শাগরেদ	ওস্তাদ	শয়ন	উত্থান
শিষ্য	গুরু	শীত	গ্রীষ্ম/গরম
শ্যামল	গৌরাঙ্গ	শক্তি	দুর্বলতা
শ্লীল	অশ্লীল	শুভ	অশুভ
শ্বাস	প্রশ্বাস	শীর্ণ	স্থূল
শিক্ষক	ছাত্র	শাক্ত	অশাক্ত
সচেষ্ট	নিশ্চেষ্ট	সকর্মক	অকর্মক
সমাপ্ত	আরম্ভ	সরবতা	নীরবতা
স্বাভাবিক	অস্বাভাবিক	সাকার	নিরাকার
সন্নিকৃষ্ট	বিপ্রকৃষ্ট	সঞ্চয়	অপচয়
সহিষ্ণু	অসহিষ্ণু	সুধা	বিষ/গরল
সচ্চরিত্র	দুশ্চরিত্র	সংকোচন	প্রসারণ
সমার্থক	ভিন্নার্থক	সজাগ	নিদ্রিত
সিক্ত	শুষ্ক	সাবালক	নাবালক
স্বদেশ	প্রবাস	সমীচীন	অসমীচীন
সুপ্ত	জাগ্রত	স্নিগ্ধ	রুক্ষ
সংযোজন	বিয়োজন	সুলভ	দুর্লভ
সঙ্কুচিত	প্রসারিত	সদর্থক	নঞর্থক
সংশয়	প্রত্যয়	সংশ্লেষণ	বিশ্লেষণ
সরস	নীরস	সরব	নিরব
সংকীর্ণ	প্রশস্ত	সরল	কুটিল
সংযম	অসংযম	সংশ্লিষ্ট	বিশ্লিষ্ট
সাদৃশ্য	বৈসাদৃশ্য	সপ্রতিভ	অপ্রতিভ
সুগম	দুর্গম	সফল	বিফল
স্বার্থ	পরার্থ	স্থাবর	জঙ্গম/ অস্থাবর
স্বাধীন	পরাধীন	সুখ	দুঃখ/দুখ
সবল	দুর্বল	সুখ্যাতি	নিন্দা/ কুখ্যাতি
সজ্জন	দুর্জন	সচেতন	অচেতন
সশস্ত্র	নিরস্ত্র	সাধু	তস্কর/ অসাধু
সদাচার	কদাচার	সংক্ষেপ	বিস্তার/ বাহুল্য
স্বকীয়	পরকীয়	সৃষ্টি	ধ্বংস/লয়
সমষ্টি	ব্যষ্টি	সুবহ	দুর্বহ
সাফল্য	ব্যর্থতা	সন্ধি	বিগ্রহ /বিবাদ
হিত	অহিত	হাজির	গরহাজির
হত	নিহত	হিসেবি	বেহিসেবি
হার	জিত	হাস্য	ক্রন্দন
হ্রাস	বৃদ্ধি	হৃদ্যতা	কপটতা

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. 'ঋজু' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি? *[হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়ের নিরীক্ষক: ২৩]*
ক উস্ফত খ বক্র
গ সুষম ঘ স্পষ্ট **উ. খ**

২. 'নাস্তিক' শব্দের বিপরীত শব্দ কোনটি? *[কৃষি উন্নয়ন কর্পোরেশনের ড্রাইভার: ২৩]*
ক আস্তিক খ অস্তিত্ববাদী
গ ধার্মিক ঘ জড়বাদী **উ. ক**

৩. 'অর্বাচীন' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি? *[ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]*
ক প্রাচীন খ নিরপরাধ
গ অনুজ ঘ অনভ্যাস **উ. ক**

৪. 'নৈসর্গিক' এর বিপরীতার্থক শব্দ কোনটি? *[এলজিইডি'র ইলেক্ট্রিশিয়ান ও সার্ভেয়ার: ২৩]*
ক দিবাকালীন খ রাত্রিকালীন
গ প্রাকৃতিক ঘ কৃত্রিম **উ. ঘ**

৫. 'তিমির' এর বিপরীত শব্দ কোনটি? *[প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিস সহায়ক: ২৩]*
ক অন্ধকার খ আলো
গ রাত ঘ কোনোটিই নয় **উ. খ**

৬. 'প্রসন্ন' এর বিপরীত শব্দ কোনটি? *[বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]*
ক প্রতিপন্ন খ বিষণ্ন
গ বিপন্ন ঘ শান্ত **উ. খ**

৭. 'অপচয়' এর বিপরীত শব্দ কোনটি? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের কার্গো হেলপার/ট্রাফিক: ২৩]*
ক সাশ্রয় খ সঞ্চয়
গ কৃচ্ছতা ঘ কৃপণতা **উ. খ**

৮. 'অনুলোপ' এর বিপরীত শব্দ কোনটি? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক অভিলোপ খ সুলোপ
গ প্রতিলোপ ঘ বিলোপ **উ. গ**

৯. 'সঠিক' শব্দের বিপরীত শব্দ কোনটি? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ২৩]*
ক সরল খ বেঠিক
গ সহজ ঘ সত্য **উ. খ**

১০. 'মধুর' শব্দের বিপরীত শব্দ- *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ২৩]*
ক তিক্ত খ মিষ্টি
গ অমৃত ঘ মন্দ **উ. ক**

১১. 'অনুরাগ' শব্দটির বিপরীত শব্দ কোনটি? *[মন্ত্রিপরিষদ বিভাগের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক বিরক্ত খ উপহাস
গ বিরাগ ঘ প্রতিঘাত **উ. গ**

১২. 'উগ্র' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি? *[তিতাস গ্যাস লি. এর টেকনিশিয়ান/ ইলেক্ট্রিশিয়ান/ ড্রাফটসম্যান: ২৩]*
ক চপল খ মেজাজ
গ বিজ্ঞ ঘ সৌম্য **উ. ঘ**

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১৩.'কড়ি' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি? [সুন্দরবন গ্যাস কোম্পানির সিনিয়র টেকনিশিয়ান: ২৩]
ক কোমল খ মধুর
গ সরল ঘ হালকা উ. ক

১৪.'কৃশ' শব্দের বিপরীত শব্দ কোনটি? [এলজিইডি'র কার্যসহকারী: ২৩]
ক হালকা খ ভাবি
গ লম্বা ঘ স্থূল উ. ঘ

১৫.'খাতক' এর বিপরীত শব্দ কোনটি? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা: ২৩]
ক মহাজন খ পাইকারি
গ প্রতিঘাত ঘ গ্রহীতা উ. ক

১৬.'বিরাগ' শব্দের বিপরীত শব্দ কোনটি? [কারা অধিদপ্তরের কারারক্ষী/মহিলা কারারক্ষী: ২৩]
ক অনুরাগ খ রাগান্বিত
গ ক্রোধ ঘ অনুযোগ উ. ক

১৭.'আকুঞ্চন' শব্দটির বিপরীতার্থক শব্দ কোনটি? [স্থলবন্দর কর্তৃপক্ষের ওয়ারহাউজ সুপারিনটেনডেন্ট ও ক্যাশিয়ার: ২২]
ক কুঞ্চন খ প্রসারণ
গ বিকুঞ্চন ঘ প্রসার উ. খ

১৮.নিচের কোন বিপরীত শব্দজোড় অশুদ্ধ? [স্থলবন্দর কর্তৃপক্ষের ওয়ারহাউজ সুপারিনটেনডেন্ট ও ক্যাশিয়ার: ২২]
ক অন্তরঙ্গ-বহিরঙ্গ খ উত্তম-মধ্যম
গ আবশ্যিক-ঐচ্ছিক ঘ শুষ্ক-সিক্ত উ. খ

১৯.'অমৃত' এর বিপরীত শব্দ কোনটি? [বাংলাদেশ রেলওয়ের খালাসী:২২]
ক গরল খ বিষাক্ত
গ তিক্ত ঘ বিরল উ. ক

২০.'ঐশ্বর্য' এর বিপরীত শব্দ কোনটি? [হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২২]
ক আসক্তি খ পারত্রিক
গ নিঃস্ব ঘ ঐচ্ছিক উ. গ

২১.'তাপ' শব্দের বিপরীত শব্দ কোনটি? [পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের উচ্চমান সহকারী: ২২]
ক শৈত্য খ শীতল
গ উত্তাল ঘ হিম উ. ক

২২.'সফেদ' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি? [ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন অফিসার: ২২]
ক শুভ্র খ নিকষ
গ লোহিত ঘ নীলিমা উ. খ

২৩.'নির্মল' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি? [স্বাস্থ্য অধিদপ্তরের কম্পাউন্ডার: ২২]
ক অনির্মল খ পঙ্কিল
গ অপরিষ্কার ঘ নোংরা উ. খ

২৪.'ঐহিক' শব্দের বিপরীত শব্দ কোনটি? [বাংলাদেশ রেলওয়ের গার্ড (গ্রেড-২): ২২]
ক বিষণ্ন খ পারত্রিক
গ বিশ্বাস ঘ পরলৌকিক উ. খ

২৫.'সৌম্য' এর বিপরীত শব্দ কোনটি? [বাংলাদেশ রেলওয়ের সহকারী লোকোমটিভ মাস্টার: ২২]
ক শান্ত খ উদ্ধত
গ উগ্র ঘ কঠিন উ. গ

২৬.'চপল' এর বিপরীতার্থক শব্দ কি? [ডাক বিভাগের অফিস সহায়ক:২২]
ক সম্ভাব্য খ রাশভারী
গ ঠান্ডা ঘ গম্ভীর উ. ঘ

২৭.'বীর' শব্দটির বিপরীত শব্দ কি? [হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২২]
ক তেজস্বিনী খ বিরাঙ্গী
গ বীরাঙ্গনা ঘ বিদুষী উ. গ

২৮.'ক্ষীয়মান' এর বিপরীত শব্দ কী? [ডাক অধিদপ্তরের হিসাব সহকারী/কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]
ক বৃহৎ খ বর্ধিষ্ণু
গ বর্ধমান ঘ বৃদ্ধিপ্রাপ্ত উ. গ

২৯.'নন্দিত' এর বিপরীতার্থক শব্দ কোনটি? [ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস সহায়ক: ২২]
ক বিষণ্ন খ বিষাদ
গ প্রচ্ছন্ন ঘ নিন্দিত উ. ঘ

৩০.'জঙ্গম' এর বিপরীতার্থক শব্দ কোনটি? [মৎস্য অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক: ২১]
ক স্থাবর খ অরণ্য
গ সমুদ্র ঘ পর্বত উ. ক

৩১.'অনাবিল' এর বিপরীতার্থক শব্দ কোনটি? [মৎস্য অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]
ক নাবিল খ আবিল
গ সালসাবিল ঘ আনাবিল উ. খ

৩২.নিচের কোনটি অশুদ্ধ? [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ২১]
ক প্রসন্ন-বিষণ্ন খ নিষ্পাপ-পাপিনী
গ অহিংস-সহিংস ঘ দোষী-নির্দোষী উ. ঘ

৩৩.'ধৃষ্ট' এর বিপরীত শব্দ কোনটি? [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক:২১]
ক মুক্ত খ নিরীহ
গ দুষ্ট ঘ বিনয়ী উ. ঘ

৩৪.'বিনয়' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি? [খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক উদ্ধত খ ঔদ্ধত্য
গ ঔদ্ধত ঘ উদ্ধত্য উ. খ

৩৫.'খাতক' শব্দের বিপরীত শব্দ কোনটি? [পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২১]
ক সন্ন্যাসী খ সাধু
গ মহাজন ঘ চেতনা উ. গ

৩৬.'স্বাধীন' শব্দের বিপরীত শব্দ- [বাংলাদেশ টেলিভিশনের অফিস সহযোগী:২১]
ক পরাধীন খ অধীন
গ নবীন ঘ সুখী উ. ক

৩৭.'ব্যক্ত' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি? [মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ল্যাবরেটরি সহকারী: ২১]
ক ত্যক্ত খ গ্রাহ্য
গ দৃঢ় ঘ গূঢ় উ. ঘ

৩৮.'সমুদ্র' শব্দের বিপরীত শব্দ হলো- [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক স্রোতস্বিনী খ ঊর্মি
গ অর্ণব ঘ তরঙ্গ উ. ক

৩৯.ঠিক বিপরীতার্থক শব্দজোড় কোনটি? [এনএসআই এর ওয়াচার কনস্টেবল/ফিল্ড স্টাফ: ২১]

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ক) পার্থিব-ইহলৌকিক খ) জঙ্গম-সন্ন্যাসী
গ) নিরক্ষর-স্বাক্ষর ঘ) অনুরাগ-বিরাগ উ. ঘ

৪০.'অম্ল' এর বিপরীতার্থক শব্দ কোনটি? *[এনএসআই এর ডেসপার রাইটার ও অফিস সহায়ক: ২১]*
ক) মধুর খ) মিষ্টি
গ) বনাল ঘ) লোনা উ. ক

৪১.'ত্বরা' এর বিপরীত শব্দ কোনটি? *[জীবন বীমা কর্পোরেশনের কম্পিউটার অপারেটর: ২১]*
ক) বিলম্ব খ) অপেক্ষা
গ) তাড়াতাড়ি ঘ) তাৎক্ষণিক উ. ক

৪২.কোনটি 'শোক' শব্দের বিপরীত শব্দ? *[জীবন বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২১]*
ক) দুঃখ খ) অনুতপ্ত
গ) জারি ঘ) হর্ষ উ. ঘ

৪৩.'ভূত' শব্দের বিপরীত শব্দ- *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ:২১]*
ক) ভবিষ্যৎ খ) পেত্নী
গ) ভোঁতা ঘ) ভাষা উ. ক

৪৪.'সংশয়' এর বিপরীতার্থক শব্দ কোনটি? *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]*
ক) ভয় খ) বিস্ময়
গ) প্রত্যয় ঘ) দ্বিধা উ. গ

৪৫.'বিগ্রহ' শব্দের বিপরীত শব্দ হলো- *[মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়ের মাঠ সহকারী: ১৯]*
ক) বিবাদ খ) সন্ধি
গ) সংকোচন ঘ) বিস্তৃত উ. খ

৪৬.'নন্দিত' এর বিপরীতার্থক শব্দ কোনটি? *[কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের প্রধান সহকারী/হিসাব রক্ষক: ২১]*
ক) বিষণ্ন খ) বিষাদ
গ) প্রচ্ছন্ন ঘ) নিন্দিত উ. ঘ

৪৭.সঠিক বিপরীতার্থক শব্দ কোনটি? *[এনএসআই এর কম্পিউটার অপারেটর: ২১]*
ক) অবিনশ্বর-শ্বাশ্বত খ) কুশ্রী-বিশ্রী
গ) প্রাচ্য-পাশ্চাত্য ঘ) হর্ষ-আনন্দ উ. গ

৪৮.'গ্রহণ এর বিপরীতার্থক শব্দ কী? *[এনএসআই এর কম্পিউটার অপারেটর: ২১]*
ক) বর্জন খ) পরিহার
গ) অগ্রাহ্য ঘ) প্রদান উ. ক

৪৯.'ঔদার্য' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি? *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]*
ক) ম্লান খ) পতন
গ) বিনয় ঘ) কার্পণ্য উ. ঘ

৫০.'সরল' শব্দের বিপরীতার্থক নয় নিচের কোনটি? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটর: ২১]*
ক) কুটিল খ) জটিল
গ) গরল ঘ) বক্র উ. গ

৫১.'খুশি' শব্দের বিপরীত শব্দ কী? *[পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট: ২০]*
ক) সকাল খ) অখুশি
গ) উঠে ঘ) ভান্ডার উ. খ

৫২.'কৃতঘ্ন' এর বিপরীত শব্দ কী? *[পরিবেশ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২০]*
ক) অকৃতজ্ঞ খ) কৃতজ্ঞ
গ) উপকারী ঘ) ক্ষতিকর উ. খ

৫৩.'যাযাবর' এর বিপরীতার্থক শব্দ কোনটি? *[পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী: ২০]*
ক) সর্বজনীন খ) সার্বিক
গ) স্থির ঘ) স্থায়ী উ. ঘ

৫৪.'ইতর' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি? *[যুব উন্নয়ন অধিদপ্তরের ক্রেডিট সুপারভাইজার/সাঁট মুদ্রাক্ষরিক অপারেটর: ১৯]*
ক) উত্তম খ) বিশ্রী
গ) ভদ্র ঘ) বিযুক্ত উ. গ

৫৫.'দরদি' শব্দের বিপরীত শব্দ কোনটি? *[সিজিডিএফ এর জুনিয়র অডিটর: ১৯]*
ক) নিরীহ খ) অদরদি
গ) উদ্ধত ঘ) নির্দয় উ. ঘ

৫৬.'অপচয়' শব্দটির বিপরীত শব্দ কোনটি? *[এনএসআই এর ওয়াচার কনস্টেবল: ১৯]*
ক) উপচয় খ) সঞ্চয়
গ) ব্যয় ঘ) জমা উ. ক, খ

৫৭.'বন্ধন' শব্দের বিপরীত শব্দ কোনটি? *[এনএসআই এর ওয়াচার কনস্টেবল: ১৯]*
ক) মুক্ত খ) ছিন্ন
গ) মুক্তি ঘ) আসক্তি উ. গ

৫৮.'সচেষ্ট' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি? *[এনএসআই এর ওয়াচার কনস্টেবল: ১৯]*
ক) দুশ্চেষ্ট খ) দুর্ভাগ্য
গ) নিশ্চেষ্ট ঘ) দুর্লভ উ. গ

৫৯.'অবনত' শব্দটির বিপরীত শব্দ কোনটি? *[ক্রীড়া পরিদপ্তরের কম্পিউটার অপারেটর: ১৯]*
ক) সংশয় খ) উষা
গ) ছায়ালোক ঘ) উন্নত উ. ঘ

৬০.'ঝুনা' শব্দটির বিপরীত শব্দ কোনটি? *[ক্রীড়া পরিদপ্তরের কম্পিউটার অপারেটর: ১৯]*
ক) কচি খ) নাগ
গ) করী ঘ) শশধর উ. ক

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

১. বিপরীত শব্দ লিখুন: *[বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২৩]*

মূল শব্দ	বিপরীত শব্দ	মূল শব্দ	বিপরীত শব্দ
অধমর্ণ	উত্তমর্ণ	অস্তগামী	উদীয়মান
অন্বয়ী	অনন্বয়ী		

২. বিপরীত শব্দ লিখুন: *[বিভাগীয় কমিশনারের কার্যালয় (রংপুর) এর কম্পিউটার অপারেটর: ২৩]*

মূল শব্দ	বিপরীত শব্দ	মূল শব্দ	বিপরীত শব্দ
পারত্রিক	ঐহিক	আবাহন	বিসর্জন

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

নিরাকার	সাকার	প্রতীচী	প্রাচী
জ্ঞেয়	অজ্ঞেয়		

৩. নিচের শব্দগুলোর বিপরীত শব্দ লিখুন: *[বাংলাদেশ নৌবাহিনীর বিভিন্ন পদ: ২৩]*

মূল শব্দ	বিপরীত শব্দ	মূল শব্দ	বিপরীত শব্দ
অজ্ঞ	বিজ্ঞ/প্রাজ্ঞ	বাঘ	বাঘিনী
কর্মী	কর্মিণী	সর্দার	সর্দারনী
ভূত	ভবিষ্যৎ		

৪. বিপরীত শব্দ লিখুন: *[ট্যাকসেস আপীলাত ট্রাইবুনালের অফিস সহায়ক: ২৩]*

মূল শব্দ	বিপরীত শব্দ	মূল শব্দ	বিপরীত শব্দ
অবনত	উন্নত	সাধু	অসাধু/চোর
প্রফুল্ল	বিমর্ষ	রুষ্ট	তুষ্ট
হৃদ্যতা	কপটতা		

৫. বিপরীত শব্দ লিখুন: *[কর্নেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ এর মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*

মূল শব্দ	বিপরীত শব্দ	মূল শব্দ	বিপরীত শব্দ
ভেজাল	খাঁটি	বেনামে	স্বনামে
দোষী	নির্দোষ	কোমল	কর্কশ
আচার	অনাচার		

৬. বিপরীত শব্দ লিখুন: *[বাণিজ্য মন্ত্রণালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

মূল শব্দ	বিপরীত শব্দ	মূল শব্দ	বিপরীত শব্দ
সচেতন	অসচেতন	স্নিগ্ধ	রুক্ষ
রিক্ত	পূর্ণ	পাশবিক	মানবিক
অগ্রজ	অনুজ		

৭. বিপরীত শব্দ লিখুন: *[বিসিএস কর একাডেমির সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*

মূল শব্দ	বিপরীত শব্দ	মূল শব্দ	বিপরীত শব্দ
আবির্ভাব	তিরোভাব	ফলপ্রসূ	ব্যর্থ
ঐশ্বর্য	দারিদ্র্য	আকুঞ্চন	প্রসারণ
ভূত	ভবিষ্যৎ		

৮. বিপরীত শব্দ লিখুন: *[ভূমি মন্ত্রণালয়ের সার্ভেয়ার: ২৩]*

মূল শব্দ	বিপরীত শব্দ	মূল শব্দ	বিপরীত শব্দ
মধুর	তিক্ত	মুখ্য	গৌণ
সংকীর্ণ	প্রশস্ত	সংক্ষিপ্ত	বিস্তৃত
স্বাধীন	পরাধীন		

৯. বিপরীত শব্দ লিখুন: *[ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

মূল শব্দ	বিপরীত শব্দ	মূল শব্দ	বিপরীত শব্দ
নির্বাণ	অনির্বাণ	হতবুদ্ধি	স্থিতবুদ্ধি
মহাজন	খাতক		

১০. বিপরীত শব্দ লিখুন: *[গণযোগাযোগ অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*

মূল শব্দ	বিপরীত শব্দ	মূল শব্দ	বিপরীত শব্দ
জরা	যৌবন	অনুরক্ত	বিরক্ত
সঞ্চয়	অপচয়	বৈরাগ্য	আসক্তি

১১. বিপরীত শব্দ লিখুন: *[পুলিশ হেডকোয়ার্টার্সের সাঁট মুদ্রাক্ষরিক কম্পিউটার অপারেটর: ২৩]*

মূল শব্দ	বিপরীত শব্দ	মূল শব্দ	বিপরীত শব্দ
ফলন্ত	নিষ্ফলা	বর্জন	গ্রহণ
মলিন	নির্মল	তীক্ষ্ণ	ভোতা
অনির্বাণ	নির্বাণ		

১২. বিপরীত শব্দ লিখুন: *[ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

মূল শব্দ	বিপরীত শব্দ	মূল শব্দ	বিপরীত শব্দ
ভূলোক	দ্যুলোক	হাল	সাবেক

১৩. বিপরীত শব্দ লিখুন: *[পরিবেশ অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩/]*

মূল শব্দ	বিপরীত শব্দ	মূল শব্দ	বিপরীত শব্দ
ঊর্ধ্ব	অধঃ	অগ্র	পশ্চাৎ
খাতক	মহাজন	ফাঁপা	নিরেট
ঈষৎ-	অধিক		

১৪. বিপরীত শব্দ লিখুন: *[পরিবেশ অধিদপ্তরের নমুনা সংগ্রহকারী: ২৩]*

মূল শব্দ	বিপরীত শব্দ	মূল শব্দ	বিপরীত শব্দ
ঊর্ধ্ব	অধঃ	অগ্র	পশ্চাৎ
খাতক	মহাজন	ফাঁপা	নিরেট
ঈষৎ-	অধিক		

১৫. বিপরীত শব্দ লিখুন: *[বিস্ফোরক পরিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]*

মূল শব্দ	বিপরীত শব্দ	মূল শব্দ	বিপরীত শব্দ
বাচাল	স্বল্পভাষী	অবিনশ্বর	নশ্বর
সমষ্টি	ব্যষ্টি		

১৬. বিপরীত শব্দ লিখুন: *[বাংলাদেশ শিশু একাডেমির কম্পিউটার অপারেটর:২৩]*

মূল শব্দ	বিপরীত শব্দ	মূল শব্দ	বিপরীত শব্দ
প্রসারিত	সংকুচিত	প্রতিযোগী	সহযোগী
বর্জন	অর্জন/গ্রহণ	দুর্জন	সজ্জন
বন্ধুর	মসৃণ		

১৭. নিচের শব্দগুলোর বিপরীত শব্দ লিখুন: *[বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের অফিস সহায়ক: ২৩]*

মূল শব্দ	বিপরীত শব্দ	মূল শব্দ	বিপরীত শব্দ
গৃহী	সন্ন্যাসী	ভূত	ভবিষ্যৎ
মুখ্য	গৌণ	আবির্ভাব	তিরোভাব

১৮. বিপরীত শব্দ লিখুন: *[পরিবেশ অধিদপ্তরের গবেষণাগার সহকারী: ২৩]*

মূল শব্দ	বিপরীত শব্দ	মূল শব্দ	বিপরীত শব্দ
সৃষ্টি	ধ্বংস	পূর্বসূরি	উত্তরসূরি
অতীন্দ্রিয়	ইন্দ্রিয়	সঞ্চয়	অপচয়
সন্ধি	বিগ্রহ		

১৯. বিপরীত শব্দ লিখুন: *[পরিবেশ অধিদপ্তরের হিসাবরক্ষক: ২৩]*

মূল শব্দ	বিপরীত শব্দ	মূল শব্দ	বিপরীত শব্দ
নিরর্থক	সার্থক	পূর্বসূরি	উত্তরসূরি
সংশয়	প্রত্যয়	উন্মুখ	বিমুখ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

প্রতিশব্দ

মূলশব্দ	প্রতিশব্দ	মূলশব্দ	প্রতিশব্দ
অরুন্তুদ	মর্মভেদী	অলীক	অসত্য/মিথ্যা
অপলাপ	অস্বীকার	উদীচী	উত্তর দিক
অমরাবতী	স্বর্গ	অষ্টরম্ভা	শূন্য বা ফাঁকি
আশিষ	আশীর্বাদ	আদেশ	অনুশাসন
আমানত	গচ্ছিত	আভরণ	অলংকার
ইত্তেফাক	মিল/ঐক্য	উপাধান	বালিশ
এপিটাফ	সমাধি-লিপি	ঐকতান	সমস্বর
কাদম্বিনী	মেঘমালা	কিরীট	মুকুট
কুজ্ঝটিকা	কুয়াশা	কর্বুর/কর্বুর	রাক্ষস
কোষ্ঠী	জন্মপত্রিকা	কিণাঙ্ক	কড়া
জঙ্গম	গতিশীল	গুবাক	সুপারি
ঠোঁট	চঞ্চু	তক্ষক	ছুতার
তণ্ডুল	চাল	দৌবারিক	দারোয়ান
প্রাংশু	দীর্ঘকায়	পর্যঙ্ক	পালঙ্ক
পনস	কাঁঠাল	প্রতীতি	বিশ্বাস
পুণ্ড্র	ইক্ষু	প্রাকার	প্রাচীর
প্রকর্ষ	উৎকর্ষ	প্রীণন	প্রীতিসম্পাদন
বাতুল	উন্মাদ	ব্রাত্য	পতিত
বিসর্জন	ত্যাগ	বামেতর	ডান
মঙ্গা	অভাব	ভিষক	চিকিৎসক
রাসভ	গাধা	যবন	মুসলিম
শীকর	জলকণা	শ্মশ্রু	শাশুড়ি
শকট	গাড়ী	সওগাত	উপহার
সম্মার্জনী	ঝাঁটা	সহসা	হঠাৎ
স্বাক্ষর	দস্তখত	সাঁকো	সংক্রম
লেফাফা	মোড়ক	তুবড়ি	বাজি
কপোল	গাল	গহ্বর	বিবর/গর্ত
উচাটন	উৎকণ্ঠা	মৃগয়া	হরিণ শিকার
কালকূট	তীব্রবিষ	রোজনামচা	দিনলিপি
কপর্দকহীন	নিঃস্ব	সন্তরি	উত্তাল

মূলশব্দ	প্রতিশব্দ
অনীক	সৈনিক/সৈন্যদল
অপোগণ্ড	নাবালক/অপদার্থ/অকর্মণ্য
অর্বাচীন	মূর্খ/অপরিণত বুদ্ধি
অভিরাম	রমণীয়/মনোরম/সুন্দর
ইনকিলাব	বিপ্লব/আন্দোলন
উর্ণাজাল	মাকড়সার তৈরি জাল
কানাসোঁআ	কানায় কানায় পূর্ণ
ক্রোশ	তিন কিলোমিটার
কেওয়াট	দরজা বা কপাট
খদ্যোত	জোনাকি পোকা
গুড়গুড়ি	ফরসি/নলযুক্ত হুঁকা
গুমটি ঘর	প্রহরীদের থাকার অপ্রশস্ত কুঠরি
জাফরি	চৌকা ছিদ্রের বেড়া
জাহাকুল আবদ	গোলামের হাসি
টীকা ভাষ্য	ব্যাখ্যা বিশ্লেষণ
পল্লব গ্রাহিতা	ভাসা ভাসা জ্ঞান
পাণি গ্রহণ	বিবাহ/পরিণয়
পঞ্চম স্বর	কোকিলের সুরলহরী
বানি	গয়না তৈরির মজুরি
শ্লাগা	আত্মপ্রশংসা/গৌরব
সপ্তম সুরে	উচ্চ বা চড়া সুরে
সমভিব্যাহারে	একত্রে গমন

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. 'দৌহিত্র' অর্থ কী? *[কৃষি উন্নয়ন কর্পোরেশনের ড্রাইভার: ২৩]*
ক রাজার পুত্র খ কন্যার পুত্র
গ ছেলের পুত্র ঘ রানীর পুত্র — উ. খ

২. 'সমভিব্যাহারে' শব্দটির অর্থ কি? *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক একাগ্রতায় খ সমান ব্যবহারে
গ সমভাবনায় ঘ একযোগে — উ. ঘ

৩. 'অভিরাম' শব্দের অর্থ কী? *[স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনিশিয়ান:২৩]*
ক বিরামহীন খ বালিশ
গ সুন্দর ঘ চলন — উ. গ

৪. 'কাদম্বিনী' শব্দের অর্থ কী? *[প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিস সহায়ক:২৩]*
ক নদী খ রাত
গ অমাবস্যা ঘ মেঘমালা — উ. ঘ

৫. 'কড়চা' শব্দের সমার্থক শব্দ- *[সুন্দরবন গ্যাস কোম্পানির সিনিয়র টেকনিশিয়ান: ২৩]*
ক রোজনামচা খ ঝগড়া
গ খসড়া ঘ নিয়তি — উ. ক

৬. 'বল্কল' শব্দের অর্থ কোনটি? *[এলাজিইডি'র কার্যসহকারী: ২৩]*
ক বৃক্ষপত্র খ শিকড়
গ বৃক্ষকাণ্ড ঘ বৃক্ষত্বক — উ. ঘ

৭. কোনটি গন্তব্য শব্দের প্রতিশব্দ নয়? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের ল্যাবরেটরি টেকনিশিয়ান: ২৩]*
ক মনজিল খ অভীষ্ট
গ লক্ষ্য ঘ জটিল পথ — উ. ঘ

৮. 'পদ্ম' শব্দের সঠিক প্রতিশব্দ কোনটি? *[বন অধিদপ্তরের বন প্রহরী:২৩]*
ক শৈল খ উৎপল
গ জলধি ঘ পাদপ — উ. খ

৯. 'সম্বোধন' শব্দের অর্থ- *[স্থলবন্দর কর্তৃপক্ষের ওয়ারহাউজ সুপারিনটেনডেন্ট ও ক্যাশিয়ার: ২২]*
ক আহ্বান খ নাম

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

(গ) পরিচয় (ঘ) অভিবাদন উ. ক

১০.'মুখচোরা' এর সঠিক অর্থ কোনটি? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের হিসাবরক্ষক: ২২]*
(ক) লাজুক (খ) ভীরু
(গ) সংযত (ঘ) মুখ চুরি করে যে উ. ক

১১.কোনটি 'উচাটন' শব্দের সমার্থক শব্দ? *[দুদকের কনস্টেবল: ২২]*
(ক) উৎকণ্ঠা (খ) উদ্দীপন
(গ) বন্ধনহীন (ঘ) উৎপাটিত উ. ক

১২.'রাতুল' শব্দের অর্থ কি? *[বাংলাদেশ রেলওয়ের গার্ড (গ্রেড-২): ২২]*
(ক) নীল (খ) লাল
(গ) কালো (ঘ) সাদা উ. খ

১৩.'ঐক্য' শব্দটির প্রতিশব্দ কোনটি? *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
(ক) ঐকান্তিক (খ) একতা
(গ) একনিষ্ঠ (ঘ) প্রগাঢ় উ. খ

১৪.'শীকর' শব্দের অর্থ কী? *[হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
(ক) জলকণা (খ) শিশির
(গ) পদ্মফুল (ঘ) কোনটি নয় উ. ক

১৫.'কপোল' শব্দটির অর্থ কী? *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*
(ক) গাল (খ) গলা
(গ) ঠোঁট (ঘ) কপাল উ. ক

১৬.'অপ্রতুল' শব্দের অর্থ কি? *[ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস সহায়ক:২২]*
(ক) অপ্রয়োজনীয় (খ) অসম্ভব
(গ) অপর্যাপ্ত (ঘ) অসাধারণ উ. গ

১৭.'মক্ষিকা' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[মৎস্য অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]*
(ক) মৌমাছি (খ) মাছি
(গ) বোলতা (ঘ) ফড়িং উ. খ

১৮.'গৃধ্র' শব্দের অর্থ কী? *[পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী: ২১]*
(ক) লম্পট (খ) বৈষ্ণব গুরু
(গ) শকুন (ঘ) সাপ উ. গ

১৯.'আভরণ' শব্দের অর্থ কী? *[জনস্বাস্থ্য অধিদপ্তরের ক্লার্ক কাম টাইপিস্ট:২১]*
(ক) অলংকার (খ) আচ্ছাদন
(গ) রমনীয় (ঘ) অনবরত উ. ক

২০.'উপর্যুক্ত' শব্দটির অর্থ- *[পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী:২১]*
(ক) উপযুক্ত (খ) উপরের
(গ) উপরে উল্লিখিত (ঘ) কোনোটিই নয় উ. গ

২১.'মন্দ্র' শব্দের অর্থ কী? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাবরক্ষক: ২১]*
(ক) মেঘের ধ্বনি (খ) সেতারের ঝংকার
(গ) ময়ূরের ডাক (ঘ) গম্ভীর ধ্বনি উ. ঘ

২২.'উপরোধ' শব্দের অর্থ কী? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ল্যাবরেটরি সহকারী: ২১]*
(ক) প্রতিরোধ (খ) উপস্থাপন
(গ) অনুরোধ (ঘ) উপযোগী উ. গ

২৩.'ঘিলু' শব্দের অর্থ কী? *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]*
(ক) মগজ (খ) মস্তিষ্ক
(গ) বুদ্ধি (ঘ) সব কয়টি উ. ঘ

২৪.'প্রমাদ' শব্দের অর্থ কী? *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]*
(ক) মর্দন (খ) পীড়ন
(গ) ধ্বংস (ঘ) ভুলভ্রান্তি উ. ঘ

২৫.'উর্ণনাভ' শব্দটি দিয়ে বুঝায়- *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
(ক) টিকটিকি (খ) তেলাপোকা
(গ) উইপোকা (ঘ) মাকড়সা উ. ঘ

২৬.'কচি' শব্দটির অর্থ কী? *[পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট:২০]*
(ক) নতুন (খ) কাঁচা
(গ) আসর (ঘ) কচিভাব উ. ক

২৭.'পদ্ম' শব্দের সমার্থক কোনটি? *[পেট্রোবাংলার হিসাব সহকারী: ১৯]*
(ক) উৎফল (উৎপল) (খ) কুসুম
(গ) জলজ (ঘ) ধরা উ. ক

২৮.'ভ্রম' শব্দের অর্থ হলো- *[মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়ের মাঠ সহকারী:১৯]*
(ক) ভ্রমর (খ) প্রমাদ
(গ) দার (ঘ) দম্ভ উ. খ

২৯.'হরিৎ' অর্থ কী? *[দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ১৯]*
(ক) হলুদ (খ) বেগুনি
(গ) ধূসর (ঘ) সবুজ উ. ঘ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

১. নিচের শব্দগুলোর ২টি করে প্রতিশব্দ লিখুন। *[অর্থ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২৩]*
ক. প্রভঞ্জন- ঝটিকা, প্রবল বায়ু।
খ. পুলিন- চড়া, বালুকাময় তট।

২. নিচের শব্দগুলোর অর্থ লিখুন: *[কাস্টম হাউস (বেনাপোল, যশোর) এর উচ্চমান সহকারী: ২৩]*
ক. মাদৃশ- আমার মত।
খ. এজলাস- বিচারালয়।
গ. নিলাম- প্রকাশ্যে দাম ডাকাডাকি করে বিক্রয়।
ঘ. আইবুড়ো- অবিবাহিত।
ঙ. নাগর- নাগরিক।

৩. নিম্নলিখিত শব্দগুলোর ২টি করে প্রতিশব্দ লিখুন: *[রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের উচ্চমান সহকারী: ২৩]*
ক. অবকাশ- অবসর, ছুটি।
খ. সিংহ- পশুরাজ, মৃগেন্দ্র।
গ. পর্বত- পাহাড়, গিরি।

৪. শব্দার্থ লিখুন: *[প্রত্নতত্ত্ব অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২৩]*
ক. হর্ষ = আনন্দ/উল্লাস
খ. অপলাপ = অস্বীকার
গ. জগদ্দল বিহার = ভারী পাথরের তৈরি বিহার

৫. 'আভরণ শব্দের অর্থ কি? *[কর অঞ্চল-১ ঢাকা এর বিভিন্ন পদ: ১৯]*
উ. 'আভরণ' শব্দের অর্থ অলংকার।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

শব্দের বিশিষ্ট অর্থ ও প্রয়োগ

প্রদত্ত শব্দ	অর্থ
কাঁচা	
কাঁচা আম	অপরিপক্ব আম
কাঁচা ইট	অদগ্ধ ইট
কাঁচা সোনা	খাঁটি স্বর্ণ
কাঁচা ঘুম	অল্প সময়ের ঘুম
কাঁচা চুল	কালো চুল
কাঁচা বয়স	অল্প বয়স
মুখ	
মুখ করা	গালমন্দ করা
মুখ ছুটা	গালিগালাজের সূচনা
মুখ রাখা	সম্মান রাখা
মুখ তোলা	প্রসন্ন হওয়া
রোগ	
রোগ ধরা	রোগ নির্ণয়
রোগে ধরা	রোগাক্রান্ত হওয়া
পা	
পা চালানো	দ্রুত চলা
পায়ে ঠেলা	অবজ্ঞা
পায়ে পড়া	ক্ষমা প্রার্থনা করা
মাথা	
মাথা উঁচু করে চলা	গর্বভরে চলা
মাথা ধরা	রোগ বিশেষ
মাথা খাটানো	বুদ্ধি খাটানো
মাথা খাওয়া	সর্বনাশ করা
মাথা গরম করা	রাগান্বিত হওয়া
মাথায় হাত দেয়া	ফাঁকি দেয়া
মাথা হেট করা	লজ্জায় মাথা নিচু করা
পাকা	
পাকা আম	পক্ব
পাকা কথা	চূড়ান্ত সিদ্ধান্ত
পাকা বাড়ি	ইটের বাড়ি
পাকা রং	স্থায়ী রং
বড়	
বড় ঘর	সম্ভ্রান্ত পরিবার
বড় মুখ	গর্ব সহকারে বলা
বড় মন	উদার
বড়লোক	ধনী
হাত	
হাতে আসা	আয়ত্তে আসা
হাতে কলমে	কার্যকরভাবে
হাত গুটান	কর্মে বিরতি
হাতটান	চুরির অভ্যাস
হাত থাকা	কর্তৃত্ব
হাত-ভারি	কৃপণ
হাতযশ	নিপুণতা

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. কোন অর্থ পক্ব অর্থে প্রকাশ পায়? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের ল্যাবরেটরি টেকনিশিয়ান: ২৩]*
ক পাকা বাড়ি খ পাকা রং
গ পাকা কাজ ঘ পাকা আম উ. ঘ

২. 'আমগুলো এখনো কাঁচা'। এখানে 'কাঁচা' শব্দটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে? *[কারা অধিদপ্তরের কারারক্ষী/ মহিলা কারারক্ষী: ২৩]*
ক অপক্ব খ অসিদ্ধ
গ অপটু ঘ অস্থায়ী উ. ক

৩. 'নদীটি উত্তর মুখে প্রবাহিত' এখানে 'মুখ' কোন অর্থ প্রকাশ করে? *[হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২২]*
ক প্রত্যঙ্গ খ দিক
গ তিরস্কার ঘ মর্যাদা উ. খ

৪. 'নিখাদ' অর্থে 'কাঁচা' শব্দের ব্যবহার কোনটি? *[পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী: ২১]*
ক কাঁচা ইট খ কাঁচা চুল
গ কাঁচা কথা ঘ কাঁচা সোনা উ. ঘ

৫. অপরিণত অর্থে কাঁচা শব্দের ব্যবহার কোনটি? *[পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২১]*
ক কাঁচা রাস্তা খ কাঁচা সোনা
গ কাঁচা বয়স ঘ কাঁচা আম উ. গ

৬. 'দুই ভাইয়ের মধ্যে কোন কথা নেই'। এখানে 'কথা' শব্দটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে- *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষে স্টোরম্যান/ডেচপার রাইডার: ২১]*
ক গল্প খ অসদ্ভাব
গ তর্ক ঘ পরামর্শ উ. গ

৭. 'এত অল্প টাকায় মাস চলবে না'- এখানে 'চলা' কোন অর্থ প্রকাশ করে? *[কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কম্পিউটার অপারেটর: ২১]*
ক সময় দেয়া খ প্রচলিত হওয়া
গ অবলম্বন করা ঘ সংকুলান হওয়া উ. ঘ

৮. 'মুখ তোলা' বাক্যাংশের বিশিষ্ট অর্থ কী? *[আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২০]*
ক নিজের মুখ উপরে তোলা খ অন্যের মুখ তুলে ধরা
গ প্রসন্ন হওয়া ঘ নষ্ট করা উ. গ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

১. 'চাল' অথবা 'পাকা' শব্দের ৪টি ভিন্ন অর্থে ব্যবহার দেখিয়ে ৪টি বাক্য রচনা করুন। *[গণযোগাযোগ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]*

উ. 'পাকা' শব্দটি দিয়ে ৪টি বাক্য:

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs
Scanned with CamScanner

ক. স্থায়ী অর্থে: আমার চাকরি পাকা হয়েছে।
খ. বুদ্ধি অর্থে: এটি পাকা মাথার কাজ।
গ. নির্দিষ্টতা অর্থে: তিনি মেয়ের বিয়ে পাকা করেছেন।
ঘ. দক্ষ অর্থে: ডিজাইনটি পাকা হাতের তৈরি।

২. **একই শব্দের বিভিন্ন অর্থে প্রয়োগ করে ৫টি বাক্য রচনা করুন: "মাথা"** *[অর্থ মন্ত্রণালয়ের সাঁট-মুদ্রাক্ষরিক: ১৯]*

উ. মাথা আসা- বোধগম্য হওয়া→ অঙ্কটি আমার মাথায় আসছে না।

মাথা ব্যথা- আগ্রহ→ এ ঘটনা সম্পর্কে আমার কোন মাথা ব্যথা নেই।

গাঁয়ের মাথা- মোড়ল- করিম সাহেব গাঁয়ের মাথা।

মাথা গরম করা- চটে যাওয়া→ অল্পতেই সে মাথা গরম করে সমস্যা সৃষ্টি করে।

মাথা দেওয়া- সাহায্য দেওয়া→ প্রকৃত বন্ধুরাই বিপদে-আপদে মাথা দেয়।

শব্দজোড়

মূলশব্দ	প্রতিশব্দ	মূলশব্দ	প্রতিশব্দ
অংশ	ভাগ	অসার	বাজে
অংস	কাঁধ বা স্কন্ধ	অসাড়	সাড়হীন
অন্তঃ	মৃত্যু	অন্য	অপর
অন্ত্য	শেষ	অন্ন	ভাত
অনিষ্ট	অপকার	অশ্ব	ঘোড়া
অনিষ্ঠ	নিষ্ঠাহীন	অশ্ম	পাথর
অণু	ক্ষুদ্রতম অংশ	অর্তি	পীড়া
অনু	পশ্চাৎ	অর্থী	ইচ্ছুক
অলিক	কপাল	অন্যান্য	অপরাপর
অলীক	মিথ্যা	অনন্য	একক
আষাঢ়	মাসের নাম	আপন	নিজ
আসার	প্রবল বর্ষণ	আপণ	দোকান
আদা	মসলাবিশেষ	আভাস	ইঙ্গিত
আধা	অর্ধেক	আবাস	বাসস্থান
আশি	৮০ সংখ্যা	আবির	রং
আশী	সাপের দাঁত	আভীর	গোয়ালা
আসক্তি	অনুরাগ	আবরণ	আচ্ছাদন
আসত্তি	নৈকট্য	আভরণ	অলংকার
ইস্ত্রি	ধোপার যন্ত্র	ঈশ	ঈশ্বর, প্রভু
স্ত্রী	পত্নী	ঈষ	লাঙলের দণ্ড
কৃতি	কর্ম	উপাদান	উপকরণ
কৃতী	কীর্তিমান	উপাধান	বালিশ
কাঁচি	কাস্তে	ওষধি	একফলা গাছ
কাছি	মোটা দড়ি	ঔষধি	ভেষজ উদ্ভিদ

কি	ক্রিয়াবিশেষণ	কপাল	ললাট
কী	বিশেষণ/সর্বনাম	কপোল	গাল
কীর্তি	যশ	খড়	তৃণ
কৃত্তি	বাঘের চামড়া	খর	তীব্র
কটি	কোমর	কড়া	আংটা
কোটি	শত লক্ষ	করা	কৃত
কুজন	খারাপ লোক	কৃতি	কাজ
কূজন	পাখির ডাক	কৃতী	কর্মকুশল
কুল	বংশ	কুঁড়ি	মুকুল
কূল	নদীর তীর	কুড়ি	বিশ (সংখ্যা)
চড়	চপেটাঘাত	জিভ	জিহ্বা
চর	ভূমিবিশেষ	জীব	প্রাণী
জ্যেষ্ঠ	বড়	জোর	শক্তি
জ্যৈষ্ঠ	বাংলা ২য় মাস	জোড়	জোড়া
টিকা	রোগ প্রতিরোধক	তত্ত্ব	মূলকথা
টীকা	ব্যাখ্যা	তথ্য	সঠিক সংবাদ
তির	বাণ, শর	দন্ত	দাঁত
তীর	কূল, পাড়	দন্ত্য	দাঁতবিষয়ক
দিন	দিবা	দীপ	প্রদীপ
দীন	দরিদ্র	দ্বীপ	জলবেষ্টিত স্থান
ধনি	সুন্দরী স্ত্রী	ধোয়া	ধৌত
ধনী	ধনবান	ধোঁয়া	ধূম্র
ধুম	প্রাচুর্য	নারী	স্ত্রীলোক
ধূম	ধোঁয়া	নাড়ি	শিরা
নিবার	নিষেধ	নিশিত	ধারালো
নীবার	ধান বিশেষ	নিশীথ	মধ্যরাত্রি
পরভৃত	কোকিল	নীর	পানি
পরভৃৎ	কাক	নীড়	পাখির বাসা
পরা	পরিধান করা	নাড়ী	শিরা
পড়া	পাঠ	নারি	পারি না
প্রসাদ	অনুগ্রহ	পারি	সমর্থ/সক্ষম
প্রাসাদ	অট্টালিকা	পাড়ি	পারাপার
পূর্বাহ্ন	পূর্বদিন	পাণি	হাত
পূর্বাহ্ণ	দিনের পূর্বভাগ	পানি	জল
পিঠ	পৃষ্ঠ	পরিচ্ছদ	পোশাক
পীঠ	স্থান	পরিচ্ছেদ	অংশ, অধ্যায়
বলি	উপহার	বাণ	শর, তির
বলী	বলবান	বান	বন্যা
বিষ	হলাহল/গরল	বিনা	ব্যতীত
বিস	মৃণাল	বীণা	বাদ্যযন্ত্র বিশেষ
মাস	৩০ দিন	মুখপত্র	ভূমিকা
মাষ	ডালবিশেষ	মৃখপাত্র	প্রতিনিধি
মূর্খ	জ্ঞানহীন	মোড়ক	আচ্ছাদনী
মুখ্য	প্রধান	মড়ক	মহামারী
শিকড়	মূল	লক্ষ	শত সহস্র

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs
Scanned with CamScanner

শীকর	জলকণা	লক্ষ্য	উদ্দেশ্য
শিখণ্ডিক	মোরগ	শমীর	বৃক্ষবিশেষ
শিখণ্ডী	ময়ূর	সমীর	বাতাস
শকল	মাছের আঁশ	শিকার	মৃগয়া
সকল	সমস্ত	স্বীকার	অঙ্গীকার
শুচি	পবিত্র	সাক্ষর	অক্ষর সম্বলিত
সূচি	ছুঁচ/তালিকা	স্বাক্ষর	দস্তখত
শ্বশ্রূ	শাশুড়ি	সর্গ	অধ্যায়
শ্মশ্রু	দাড়ি	স্বর্গ	বেহেশ্‌ত

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

১. **শব্দ জোড়ার অর্থ লিখুন:** *[ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

ক. অভিরাম- সুন্দর
খ. অবিরাম- ছেদহীন বা চলমান

২. **নিম্নের জোড় শব্দগুলোর অর্থ লিখুন:** *[রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের উচ্চমান সহকারী: ২৩]*

ক. অশ্ব- ঘোড়া
অশ্ম- প্রস্তর/শিলা
খ. পরিচ্ছদ- পোশাক/আবরণ
পরিচ্ছেদ- অধ্যায়
গ. শ্বশ্রূ- শাশুড়ি
শ্মশ্রু- দাড়ি-গোঁফ

৩. **প্রতিটি শব্দের পৃথক অর্থ লিখুন:** *[কৃষি বিপণন অধিদপ্তরের মাঠ ও বাজার পরিদর্শক: ২৩]*

ক. ওষধি- যে উদ্ভিদ একবার ফল দিয়ে মরে যায়।
ঔষধি - ভেষজ উদ্ভিদ।
খ. জড়- প্রাণহীন।
জ্বর- শারীরিক অসুস্থতার লক্ষণ।
গ. জাঁতি- এক ধরনের লোহার যন্ত্র।
জাতি- সম্প্রদায়।
ঘ. নাড়ি- ধমনি/ শিরা।
নারী- স্ত্রীলোক।
ঙ. ইতি- সমাপ্তি/ শেষ।
ঈতি- শস্যোৎপাদনে ছয় প্রকার বিঘ্ন যেমন- অতিবৃষ্টি, অনাবৃষ্টি, মূষিক, পতঙ্গ, পক্ষী ও নিকটস্থ বৈরী রাজা।

৪. **প্রতিটি শব্দের পৃথক অর্থ লিখুন:** *[কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*

ক. ওষধি- যে উদ্ভিদ একবার ফল দিয়ে মরে যায়।
ঔষধি - ভেষজ উদ্ভিদ।
খ. জড়- প্রাণহীন।
জ্বর- শারীরিক অসুস্থতার লক্ষণ।
গ. জাঁতি- এক ধরনের লোহার যন্ত্র।
জাতি- সম্প্রদায়।
ঘ. নাড়ি- ধমনি/ শিরা।
নারী- স্ত্রীলোক।
ঙ. ইতি- সমাপ্তি/ শেষ।
ঈতি- শস্যোৎপাদনে ছয় প্রকার বিঘ্ন যেমন- অতিবৃষ্টি, অনাবৃষ্টি, মূষিক, পতঙ্গ, পক্ষী ও নিকটস্থ বৈরী রাজা।

৫. **নিম্নোক্ত শব্দ জোড়ের অর্থ নির্দেশ করুন:** *[পিএসসির সেকশন অফিসার: ২৩]*

ক. ফোটা- প্রস্ফুটিত;
ফোঁটা- বিন্দু
খ. বাধা- বিঘ্ন;
বাঁধা - বন্ধন
গ. কুজন- খারাপ লোক;
কূজন- পাখির ডাক
ঘ. কাঁটা- কণ্টক;
কাটা- কর্তন
ঙ. দারা- স্ত্রী;
দ্বারা- দিয়ে

৬. **প্রায় সমোচ্চারিত শব্দগুলোর অর্থ লিখুন।** *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৯]*

ক.	গাঁথা→	নির্মাণ করা,	গাথা→	গীতিকা
খ.	আভাস→	সংকেত,	আভাষ→	প্রস্তাবনা/মুখবন্ধ
গ.	দ্বার→	দরজা,	দার→	স্ত্রী
ঘ.	যতি→	বিরাম চিহ্ন,	যতী→	সন্ন্যাসী
ঙ.	চূত→	আম/আমগাছ,	চ্যুত→	বাতিল/ভ্রষ্ট

পদ প্রকরণ

বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুই পদ এবং বাক্যে ব্যবহৃত প্রত্যেকটি শব্দই এক একটি পদ। পদ প্রধানত দুই প্রকার। যথা:
ক. সব্যয় পদ,
খ. অব্যয় পদ।

- সব্যয় পদ চার প্রকার। যথা: ১. বিশেষ্য, ২. বিশেষণ, ৩. সর্বনাম, ৪. ক্রিয়া।

[৯ম-১০ম শ্রেণির ব্যাকরণের নতুন সিলেবাসে পদকে ৮ ভাগে ভাগ করা হয়েছে। যথা: বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, ক্রিয়া, ক্রিয়া বিশেষণ, অনুসর্গ, যোজক ও আবেগ।]

- পদ মোট ৫ প্রকার।



CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বিশেষ্য	কোনো কিছুর নামকেই বিশেষ্য পদ বলে। যেমন: নজরুল, বাঘ, ঢাকা, ইট, ভোজন, সততা ইত্যাদি। বিশেষ্য পদ ছয় প্রকার।
সংজ্ঞা বাচক	আনিস, দিল্লি, মেঘনা, আরব সাগর, অগ্নিবীণা, বিশ্বনবী।
জাতিবাচক	মানুষ, গরু, ছাগল, পাখি, ফুল, ফল, গাছ, নদী, সাগর, পর্বত, ইংরেজ ইত্যাদি।
বস্তুবাচক	বই, খাতা, কলম, টেবিল, থালা, বাটি, মাটি, ইট, চাল, লবণ, চিনি, আকাশ।
সমষ্টি বাচক	সভা, জনতা, সমিতি, পরিবার, পঞ্চায়েত, ঝাঁক, বহর, দল, বাহিনী, মিছিল, মাহফিল।
ভাববাচক	গমন (যাওয়ার ভাব বা কাজ), দর্শন (দেখার কাজ), ভোজন (খাওয়ার কাজ), শয়ন, পঠন, দেখা, শোনা, করা, করানো।
গুণবাচক	মধুরতা (মধুর মিষ্টত্বের গুণ), তারল্য (তরল দ্রব্যের গুণ), তিক্ততা, তারুণ্য, সৌন্দর্য, সৌরভ, স্বাস্থ্য, যৌবন, সুখ, দুঃখ, সরলতা, দয়া, আনন্দ, গুরুত্ব, দীনতা, ধৈর্য ইত্যাদি।

♦ **বিশেষণ:** যে পদ বিশেষ্য, সর্বনাম ও ক্রিয়াপদের দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি প্রকাশ করে, তাকে বিশেষণ পদ বলে। যেমন: চলন্ত গাড়ি (বিশেষ্যের বিশেষণ)।

♦ **বিশেষণ প্রধানত দুইভাগে বিভক্ত।** যথা:

১. **নাম বিশেষণ:** যে বিশেষণ পদ কোনো বিশেষ্য বা সর্বনাম পদকে বিশেষিত করে, তাকে নাম বিশেষণ বলে। যেমন:

- বিশেষ্যের বিশেষণ: **সুস্থ-সবল** দেহকে কে না ভালবাসে?
- সর্বনামের বিশেষণ: সে **রূপবান ও গুণবান**।

♦ **নাম বিশেষণকে আবার বিভিন্ন ভাগে ভাগ করা যায়।** যথা:

রূপবাচক	**নীল** আকাশ, **সবুজ** মাঠ, **কালো** মেঘ।
গুণবাচক	**চৌকস** লোক, **ঠাণ্ডা** হাওয়া, **দক্ষ** কারিগর।
অবস্থাবাচক	**তাজা** মাছ, **রোগা** ছেলে, **খোঁড়া** পা।
সংখ্যাবাচক	**হাজার** লোক, **শ'টাকা**, **দশ** দশা।
ক্রমবাচক	**দশম** শ্রেণি, **সত্তর** পৃষ্ঠা, **প্রথমা** কন্যা।
পরিমাণবাচক	**পাঁচ শতাংশ**, **এক কেজি** চাল।
অংশবাচক	**অর্ধেক** সম্পত্তি, **সিকি** পথ, **ষোল আনা** দখল।
উপাদানবাচক	**বেলে** মাটি, **মেটে** কলসি, **পাথুরে** মূর্তি।
প্রশ্নবাচক	**কত** দূর পথ? **কেমন** অবস্থা?
নির্দিষ্টতাজ্ঞাপক	**এই** লোক, **সেই** ছেলে, **ছাব্বিশে** মার্চ।

২. **ভাব বিশেষণ:** যে পদ বিশেষ্য ও সর্বনাম ভিন্ন অন্য পদকে বিশেষিত করে, তাই ভাব বিশেষণ।

• **ভাব বিশেষণ চার প্রকার।** যথা:

ক. **ক্রিয়া বিশেষণ:** যে পদ ক্রিয়া সংঘটনের ভাব, কাল বা রূপ নির্দেশ করে, তাকে ক্রিয়া বিশেষণ বলে। যেমন: ছেলেটি দ্রুত দৌড়ায়। লোকটি ধীরে হাঁটে।

খ. **বিশেষণীয় বিশেষণ:** যে পদ নাম-বিশেষণ বা ক্রিয়া বিশেষণকে বিশেষিত করে, তাকে বিশেষণীয় বিশেষণ বলে। যেমন: সামান্য একটু দুধ দাও, রকেট অতি দ্রুত চলে।

গ. **অব্যয়ের বিশেষণ:** যে ভাব-বিশেষণ অব্যয় পদ অথবা অব্যয় পদের অর্থকে বিশেষিত করে, তাকে অব্যয়ের বিশেষণ বলে। যেমন: ধিক্ তারে, শত ধিক্ নির্লজ্জ যে জন।

ঘ. **বাক্যের বিশেষণ:** কখনো কখনো কোনো বিশেষণ পদ একটি সম্পূর্ণ বাক্যকে বিশেষিত করতে পারে, তখন তাকে বাক্যের বিশেষণ বলে। যেমন: দুর্ভাগ্যক্রমে দেশ আবার নানা সমস্যাজালে আবদ্ধ হয়ে পড়ছে।

♦ **একই পদের বিশেষ্য ও বিশেষণ রূপে প্রয়োগ:**

পদের নাম	প্রয়োগ
ভাল	
বিশেষ্য	আপন ভাল সবাই চায়
বিশেষণ	ভাল বাড়ি পাওয়া কঠিন
শীত	
বিশেষ্য	শীতে সকালে চার দিক কুয়াশায় অন্ধকার
বিশেষণ	শীতকালে কুয়াশা পড়ে
নিশীথ	
বিশেষ্য	গভীর নিশীতে প্রকৃতি সুপ্ত
কী	
বিশেষ্য	তুমি এতক্ষণ কী করেছ?
বিশেষণ	তুমি কী এতক্ষণ থাকবে?

♦ ৯ম-১০ম শ্রেণির ব্যাকরণের নতুন সিলেবাসের আলোকে বিশেষণের প্রকারভেদ আলোচিত হলো:

১. **বর্ণবাচক:** নীল আকাশ; লাল ফিতা।
২. **গুণবাচক:** চালাক ছেলে; ঠাণ্ডা পানি।
৩. **অবস্থাবাচক:** যেমন: চলন্ত ট্রেন; তরল পদার্থ।
৪. **ক্রমবাচক:** এক টাকা; আট দিন।
৫. **পূরণবাচক:** তৃতীয় প্রজন্ম; ৩৪তম অনুষ্ঠান।
৬. **পরিমাণবাচক:** আধা কেজি চাল; অনেক লোক।
৭. **উপাদানবাচক:** যেমন: বেলে মাটি।
৮. **প্রশ্নবাচক:** কেমন গান? কতক্ষণ সময়?
৯. **নির্দিষ্টতাবাচক:** এই দিনে; সেই সময়।
১০. **ভাববাচক বিশেষণ:** খুব ভালো খবর।
১১. **বিধেয় বিশেষণ:** লোকটা পাগল। এই পুকুরের পানি ঘোলা।

সর্বনাম	বিশেষ্যের পরিবর্তে যে শব্দ ব্যবহৃত হয়, তাকে সর্বনাম বলে। যেমন: শিমুল মনোযোগের সঙ্গে পড়াশোনা করত। তাই সে পরীক্ষায় ভালো করেছে। সর্বনাম পদ নয় প্রকার হয়ে থাকে। যথা:
ব্যক্তিবাচক	আমি, আমরা, তুমি, তোমরা, তুই, তোরা, আপনি, তোকে, আপনাকে, সে, তারা, তিনি, তাঁরা, এ, এরা, ওর, ওদের ইত্যাদি।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

আত্মবাচক	নিজে, স্বয়ং, খোদ ইত্যাদি।
নির্দেশক	এ, এই, এরা, ইনি, ও, ওই, ওরা, উনি।
অনির্দিষ্ট	কেউ, কোথাও, কিছু, একজন ইত্যাদি।
প্রশ্নবাচক	কে, কারা, কিসে, কি, কী ইত্যাদি।
সাপেক্ষ	যারা-তারা, যে-সে, যেমন-তেমন।
পারস্পরিক	পরস্পর, নিজেরা নিজেরা ইত্যাদি।
সকলবাচক	সবাই, সকলে, সকলকে, সব ইত্যাদি।
অন্যবাচক	অন্য, অপর, পর, অমুক ইত্যাদি।

◆ **অব্যয় পদ:** ন ব্যয় = অব্যয়। যার ব্যয় বা পরিবর্তন হয়না, অর্থাৎ যা অপরিবর্তনীয় শব্দ তাই অব্যয়।

● **বাংলা ভাষায় তিন প্রকার অব্যয় শব্দ রয়েছে।** যথা:

ক. **বাংলা অব্যয় শব্দ :** আর, আবার, ও, হাঁ, না ইত্যাদি।

খ. **তৎসম অব্যয় শব্দ:** যদি, যথা, সদা, সহসা, হঠাৎ, অর্থাৎ, দৈবাৎ, বরং, পুনশ্চ, আপাতত, বস্তুত ইত্যাদি।

গ. **বিদেশি অব্যয় শব্দ:** আলবত, বহুত, খুব, খাসা, মাইরি, খুব, শাবাশ, মারহাবা ইত্যাদি।

◆ **অব্যয় প্রধানত চার প্রকার।** যথা:

১. **সমুচ্চয়ী অব্যয়:** যে অব্যয় পদ একটি বাক্যের সঙ্গে অন্য একটি বাক্যের অথবা বাক্যস্থিত একটি পদের সঙ্গে অন্য একটি পদের সংযোজন, বিয়োজন বা সংকোচন ঘটায়, তাকে **সমুচ্চয়ী অব্যয় বা সম্বন্ধবাচক অব্যয়** বলে। যেমন:

ক. **সংযোজক অব্যয়:** ও, এবং, তাই, আর, অধিকন্তু, সুতরাং ইত্যাদি। যেমন: উচ্চপদ ও সামাজিক মর্যাদা সকলেই চায়।

খ. **বিয়োজক অব্যয়:** কিংবা, বা, অথবা, নতুবা, না হয়, নয়তো ইত্যাদি। যেমন- হাসেম কিংবা কাসেম এর জন্য দায়ী।

গ. **সংকোচক অব্যয়:** কিন্তু, অথচ, বরং ইত্যাদি। যেমন: তিনি বিদ্বান, অথচ সৎ ব্যক্তি নন।

২. **অনন্বয়ী অব্যয়:** যে সকল অব্যয় বাক্যের অন্য পদের সঙ্গে কোনো সম্বন্ধ না রেখে স্বাধীনভাবে নানাবিধ ভাব প্রকাশে ব্যবহৃত হয়, তাদের অনন্বয়ী অব্যয় বলে। যেমন:

স্বীকৃতি জ্ঞাপনে	হ্যাঁ, আমি যাব। না, আমি যাব না।
অনুমোদন বাচকতায়	আপনি যখন বলেছেন, বেশ তো আমি যাব।
সমর্থন সূচক জবাবে	আপনি যা জানেন তা তো ঠিকই বটে।
যন্ত্রণা প্রকাশে	উঃ! পায়ে বড্ড লেগেছে।
ঘৃণা বা বিরক্তি প্রকাশে	ছি ছি, তুমি এত নীচ। কী আপদ! লোকটা যে পিছু ছাড়ে না।
উচ্ছ্বাস প্রকাশে	মরি মরি! কি সুন্দর প্রভাতের রূপ।
সম্মতি প্রকাশে	আমি আজ আলবৎ যাব। নিশ্চয়ই পারব।
সম্বোধনে	'ওগো, আজ তোরা যাস নে ঘরের বাহিরে'।
সম্ভাবনায়	সংশয়ে সংকল্প সদা টলে / পাছে লোকে কিছু বলে।
অভ্যাস	শুধু শুধু তিনি রেগে ওঠেন।
অনিশ্চয়তা	কে জানে দেশে সুদিন আবার আসবে কিনা।
আনন্দ প্রকাশে	আ মরি বাংলা ভাষা।

৩. **অনুসর্গ অব্যয়:** যে সকল অব্যয় শব্দ বিশেষ্য ও সর্বনাম পদের বিভক্তির ন্যায় বসে কারকবাচকতা প্রকাশ করে, তাদের অনুসর্গ অব্যয় বা পদান্বয়ী অব্যয় বলে। দ্বারা, দিয়া, হইতে, থেকে ইত্যাদি অনুসর্গ অব্যয়। যেমন: ওকে দিয়ে এ কাজ হবে না।

৪. **অনুকার / ধ্বন্যাত্মক অব্যয়:** যে সকল অব্যয় রব, শব্দ বা ধ্বনির অনুকরণে গঠিত হয়, তাকে অনুকার / ধ্বন্যাত্মক অব্যয় বলে। এ জাতীয় ধ্বন্যাত্মক শব্দের দুবার প্রয়োগের নাম ধ্বন্যাত্মক দ্বিরুক্তি। ধ্বন্যাত্মক দ্বিরুক্তি দ্বারা বহুত্ব বা আধিক্য ইত্যাদি বোঝায়। যেমন:

মেঘের গর্জন → গুড় গুড়	বাতাসের গতি → শন শন
স্রোতের ধ্বনি → কল কল	কোকিলের রব → কুহু কুহু
বজ্রের ধ্বনি → কড় কড়	বৃষ্টির তুমুল শব্দ → ঝম ঝম
সিংহের গর্জন → গর গর	ঘোড়ার ডাক → চিঁহি চিঁহি
বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদেয় এল বান।	

যোজক	পদ, বর্গ বা বাক্যকে যেসব শব্দ যুক্ত করে, সেগুলোকে যোজক বলে। যেমন: এবং, ও, আর, অথবা, তবু, সুতরাং, কারণ, তবে ইত্যাদি। যোজক ৫ ভাগে বিভক্ত। যথা:
সাধারণ	রহিম ও করিম এই কাজটি করেছে। জলদি দোকানে যাও এবং পাউরুটি কিনে আনো।
বিকল্প	লাল বা নীল কলমটা আনো। চা না-হয় কফি খান।
বিরোধ	এত পড়লাম, কিন্তু পরীক্ষায় ভালো করতে পারলাম না। তাকে আসতে বললাম, তবু এল না।
কারণ	জিনিসের দাম বেড়েছে, কারণ চাহিদা বেশি। বসার সময় নেই, তাই যেতে হচ্ছে।
সাপেক্ষ	যদি রোদ ওঠে, তবে রওনা দেব। যত পড়ছি, ততই নতুন করে জানছি।

আবেগ শব্দ	মনের নানা ভাব বা আবেগকে প্রকাশ করা হয় যেসব শব্দ দিয়ে, সেগুলোকে আবেগ শব্দ বলা হয়। যেমন: ছি ছি, আহা, বাহ্, শাবাশ, হায় হায় ইত্যাদি। নিম্নে বিভিন্ন ধরনের আবেগ শব্দের প্রয়োগ দেখানো হলো-
সিদ্ধান্ত	হ্যাঁ, আমাদের জিততেই হবে।
প্রশংসা	শাবাশ! এমন খেলাই তো চেয়েছিলাম।
বিরক্তি	ছি ছি! এরকম কথা তার মুখে মানায় না।
আতঙ্ক	উহু, কী বিপদে পড়া গেল।
বিস্ময়	আরে! তুমি আবার কখন এলে?
করুণা	আহা! বেচারার এত কষ্ট।
সম্বোধন	হে বন্ধু, তোমাকে অভিনন্দন।
অলংকার	দুর! এ কথা কি বলতে আছে?

◆ **ক্রিয়াপদ:** বাক্যে যে পদ দ্বারা কোনো কিছু করা, ঘটা, হওয়া, যাওয়া অর্থাৎ কোনো কার্য সম্পাদন বোঝায়, তাকে ক্রিয়াপদ বলে। যেমন: আমি ভাত খাই। রাজীব খেলছে।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

❖ ভাব প্রকাশের দিক দিয়ে ক্রিয়াপদ প্রধানত দুই ভাগে বিভক্ত। যথা:

১. **সমাপিকা ক্রিয়া:** যে ক্রিয়া দ্বারা বাক্যের পরিসমাপ্তি ঘটে অর্থাৎ বক্তার কথা সম্পূর্ণরূপে ব্যক্ত হয়, তাই সমাপিকা ক্রিয়া। যেমন: ছেলেরা খেলা করছে।

২. **অসমাপিকা ক্রিয়া:** যে ক্রিয়া দ্বারা বাক্যের পরিসমাপ্তি ঘটে না অর্থাৎ বক্তার কথা অসম্পূর্ণ থেকে যায়, তাই অসমাপিকা ক্রিয়া। যে ক্রিয়া ভাব সম্পূর্ণ করতে পারে না, তাকে অসমাপিকা ক্রিয়া বলে। যেমন: প্রভাতে সূর্য উঠলে ... (অন্ধকার দূর হয়)। আমরা হাত-মুখ ধুয়ে ...(পড়তে বসলাম)।

♦ অসমাপিকা ক্রিয়া ৩ প্রকার। যথা:

১. ভূত অসমাপিকা : সে গান করে আনন্দ পায়।
২. ভাবী অসমাপিকা : সে গান শিখতে রাজশাহী যায়।
৩. শর্ত অসমাপিকা : গান করলে তার মন ভালো হয়।

❖ কর্মপদের উপর ভিত্তি করে ক্রিয়া ৩ প্রকার। যথা:

১. **সকর্মক ক্রিয়া:** যে ক্রিয়ার কর্মপদ আছে, তাই সকর্মক ক্রিয়া। ক্রিয়ার সাথে কী বা কাকে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তাই ক্রিয়ার কর্মপদ। কর্মপদ যুক্ত ক্রিয়াই সকর্মক ক্রিয়া। যেমন: সে বই পড়ছে (এ বাক্যে 'পড়ছে' হলো সকর্মক ক্রিয়া। 'বই' হলো 'পড়ছে' ক্রিয়ার কর্ম)।

২. **অকর্মক ক্রিয়া:** যে ক্রিয়ার কর্ম নেই, তাকে অকর্মক ক্রিয়া বলে। যেমন: মেয়েটি হাসে (এখানে কী 'হাসে' বা কাকে 'হাসে' প্রশ্ন করলে উত্তর পাওয়া যায় না। তাই 'হাসে' অকর্মক ক্রিয়া)। সে ঘুমায় (এ বাক্যে কোনো কর্ম নেই)।

৩. **দ্বিকর্মক ক্রিয়া:** যে ক্রিয়ায় দুটি কর্মপদ থাকে, তাকে দ্বিকর্মক ক্রিয়া বলে। দ্বিকর্মক ক্রিয়ায় বস্তুবাচক কর্মপদটিকে মুখ্য বা প্রধান কর্ম এবং ব্যক্তিবাচক কর্মপদটিকে গৌণ কর্ম বলে। যেমন: বাবা আমাকে (গৌণ কর্ম) একটি কলম (মুখ্য কর্ম) কিনে দিয়েছেন।

♦ **সমধাতুজ কর্ম:** বাক্যের ক্রিয়া ও কর্মপদ একই ধাতু থেকে গঠিত হলে ঐ কর্মপদকে সমধাতুজ কর্মপদ বলে। যেমন: আর কত খেলা খেলবে।

❖ গঠন বৈশিষ্ট্য অনুসারে ক্রিয়া ৫ প্রকার। যথা:

১. **সরল ক্রিয়া:** একটিমাত্র পদ দিয়ে যে ক্রিয়া গঠিত হয় এবং কর্তা এককভাবে ক্রিয়াটি সম্পন্ন করে, তাকে সরল ক্রিয়া বলে। যেমন: সে লিখছে। ছেলেরা মাঠে খেলছে।

২. **প্রযোজক ক্রিয়া:** যে ক্রিয়া একজনের প্রযোজনা বা চালনায় অন্য কর্তৃক অনুষ্ঠিত হয়, সেই ক্রিয়াকে প্রযোজক ক্রিয়া বলে। সংস্কৃত ব্যাকরণে একে ণিজন্ত ক্রিয়া বলা হয়।

→ **প্রযোজক কর্তা:** যে ক্রিয়া প্রযোজনা করে।

→ **প্রযোজ্য কর্তা:** যাকে দিয়ে ক্রিয়াটি অনুষ্ঠিত হয়।

প্রযোজক কর্তা	প্রযোজ্য কর্তা	প্রযোজক ক্রিয়া
মা	শিশুকে	চাঁদ দেখাচ্ছেন।
সাপুড়ে	সাপ	খেলায়।

৩. **নামক্রিয়া:** বিশেষ্য, বিশেষণ ও ধ্বন্যাত্মক অব্যয়ের পরে আ, আনো প্রত্যয়যোগে যেসব ধাতু (ক্রিয়া) গঠিত হয়, সেগুলোকে নামক্রিয়া (নামধাতু) বলে। যেমন: বেত (বিশেষ্য) + আ (প্রত্যয়) = বেতা (নামধাতু)।

৪. **সংযোগ ক্রিয়া (মিশ্র ক্রিয়া):** বিশেষ্য, বিশেষণ ও ধ্বন্যাত্মক শব্দের পরে করা, কাটা, হওয়া, দেওয়া, ধরা, পাওয়া, খাওয়া, মারা প্রভৃতি ক্রিয়া যুক্ত হয়ে সংযোগ ক্রিয়া গঠিত হয়। যেমন: আমরা তাজমহল দর্শন করলাম। এখন গোল্লায় যাও। তোমাকে দেখে বিশেষ প্রীত হলাম।

৫. **যৌগিক ক্রিয়া:** একটি সমাপিকা ও একটি অসমাপিকা ক্রিয়া যদি একত্রে একটি বিশেষ বা সম্প্রসারিত অর্থ প্রকাশ করে, তবে তাকে যৌগিক ক্রিয়া বলে। যেমন: মরে যাওয়া, কমে আসা, এগিয়ে চলা, উঠে পড়া, পেয়ে বসা, বেঁধে দেওয়া।

তাগিদ দেওয়া অর্থে	ঘটনাটা শুনে রাখ।
নিরন্তরতা অর্থে	তিনি বলতে লাগলেন।
কার্যসমাপ্তি অর্থে	ছেলেমেয়েরা শুয়ে পড়ল।
আকস্মিকতা অর্থে	সাইরেন বেজে উঠল।
অভ্যস্ততা অর্থে	শিক্ষায় মন সংস্কারমুক্ত হয়।
অনুমোদন অর্থে	এখন যেতে পার।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. বাক্যের অন্তর্গত প্রত্যেকটি শব্দকে কি বলে? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ⓚ কারক ⓛ বর্ণ
ⓜ পদ ⓝ ধ্বনি **উ. গ**

২. 'সুন্দর মাত্রেরই একটা আকর্ষণ শক্তি আছে' এই বাক্যে 'সুন্দর' শব্দটি কোন পদ? *[ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]*
ⓚ বিশেষণ ⓛ বিশেষ্য
ⓜ সর্বনাম ⓝ বিশেষ্যের বিশেষণ **উ. খ**

৩. 'ভিক্ষুকটা যে পিছনে লেগেই রয়েছে, কী বিপদ!' এই বাক্যের 'কী' এর অর্থ- *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ⓚ বিরক্তি ⓛ ভয়
ⓜ রাগ ⓝ বিপদ **উ. ক**

৪. 'সৌন্দর্য' শব্দের বিশেষণ কোনটি? *[প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিস সহায়ক: ২৩]*
ⓚ সুন্দর ⓛ সৌন্দর্যপ্রিয়
ⓜ সুন্দরতম ⓝ কোনোটিই নয় **উ. ক**

৫. কোন বাক্যটি প্রযোজক ক্রিয়া দ্বারা গঠিত? *[বন অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*
ⓚ মাথা ঝিমঝিম করছে।
ⓛ তোমার পরিশ্রমের ফল এসেছে।
ⓜ মা শিশুটিকে হাসান। ⓝ শিশুটি কাঁদে। **উ. গ**

৬. 'নিশীথ রাতে বাজছে বাঁশি'- এখানে 'নিশীথ' কোন শব্দ? *[স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনিশিয়ান: ২৩]*
ⓚ বিশেষণ ⓛ বিশেষ্য
ⓜ ক্রিয়া ⓝ ক্রিয়া বিশেষণ **উ. ক**

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৭. কোনটি আত্মবাচক সর্বনাম? [ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক/ সহকারী ব্যবস্থাপক: ২৩]
ক খোদ খ এই
গ কে ঘ নিজে নিজে উ. ক

৮. মা শিশুকে খাওয়ান।- এটি কোন ক্রিয়া? [প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]
ক সরল ক্রিয়া খ নাম ক্রিয়া
গ প্রযোজক ক্রিয়া ঘ মিশ্র ক্রিয়া উ. গ

৯. 'সূর্য উঠলে আঁধার দূরীভূত হয়'- এখানে 'উঠলে' কোন ক্রিয়াপদ? [মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ২৩]
ক সমাপিকা খ অসমাপিকা
গ প্রযোজক ঘ প্রযোজ্য উ. খ

১০.'তুমি না বলেছিলে আগামীকাল আসবে'? এখানে 'না' এর ব্যবহার কি অর্থে? [মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ২৩]
ক না-বাচক খ হ্যাঁ-বাচক
গ প্রশ্নবোধক ঘ বিস্ময়সূচক উ. খ

১১.শয়ন, গমন, ভোজন- এগুলো কোন বিশেষ্য? [এলজিইডি'র কার্যসহকারী: ২৩]
ক ব্যক্তিবাচক খ বস্তুবাচক
গ গুণবাচক ঘ ভাববাচক উ. ঘ

১২.কোনটি অসমাপিকা ক্রিয়ার ধরন? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা: ২৩]
ক শর্ত খ ভূত
গ ভাবী ঘ সবগুলো উ. ঘ

১৩.যোজক কাকে যুক্ত করে? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিদর্শিকা:২৩]
ক পদ খ বর্গ
গ বাক্য ঘ সবগুলো উ. ঘ

১৪.শব্দে বিভক্তি যুক্ত হলে তাকে কি বলে? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমএলএস/ নিরাপত্তা প্রহরী: ২৩]
ক বাক্য খ পদ
গ লিঙ্গ ঘ বচন উ. খ

১৫.যে ক্রিয়া দ্বারা বাক্যের অর্থ সম্পূর্ণ হয়, তাকে কী বলে? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমএলএস/ নিরাপত্তা প্রহরী: ২৩]
ক সমাপিকা ক্রিয়া খ সকর্মক ক্রিয়া
গ প্রযোজক ক্রিয়া ঘ অসমাপিকা ক্রিয়া উ. ক

১৬.কোনটি গুণবাচক বিশেষ্য? [যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ২২]
ক সৌন্দর্য খ দর্শন
গ লবণ ঘ ভোজন উ. ক

১৭.'চাতুর্য' শব্দের বিশেষণ কোনটি? [বাংলাদেশ রেলওয়ের খালাসী: ২২]
ক চতুরতা খ চতুরালি
গ চতুর ঘ চৈতন্য উ. গ

১৮.'ঘন্টা বেজে উঠল' কোন ধরনের ক্রিয়াপদ? [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের হিসাবরক্ষক: ২২]
ক প্রযোজক ক্রিয়া খ যৌগিক ক্রিয়া
গ মিশ্র ক্রিয়া ঘ নাম ধাতুর ক্রিয়া উ. খ

১৯.ছেলেটি দ্রুত দৌড়ায়। 'দ্রুত' কোন পদের উদাহরণ? [সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী: ২২]
ক বিশেষণ খ ক্রিয়া
গ ক্রিয়া বিশেষণ ঘ বিশেষ্য উ. গ

২০.'তুমি এতক্ষণ কী করেছো' এই বাক্যে 'কী' কোন পদ? [পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের উচ্চমান সহকারী: ২২]
ক বিশেষ্য খ অব্যয়
গ সর্বনাম ঘ ক্রিয়া উ. গ

২১."কী করেই না দিন কাটাচ্ছ" বাক্যটিতে 'না' কী অর্থে ব্যবহৃত হয়েছে? [বাংলাদেশ রেলওয়ের পয়েন্টস্‌ম্যান: ২২]
ক বিস্ময় প্রকাশ খ ব্যঙ্গ প্রকাশ
গ উপহাস প্রকাশ ঘ আক্ষেপ প্রকাশ উ. ক

২২.'সুকুমার' শব্দের বিশেষ্য রূপ কোনটি? [ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন অফিসার: ২২]
ক সৌকুমার্য খ সুকুমার্য
গ সোকৌমার্য ঘ সৌকুমার্য উ. ক

২৩.কোনটি বিশেষণবাচক শব্দ? [বিটিআরসি'র কন্ট্রাক্টর-ডি: ২২]
ক জীবন খ জীবিকা
গ জীবনী ঘ জীবাণু উ. গ

২৪.কোন বাক্যে বিশেষণের বিশেষণ রয়েছে? [বাংলাদেশ রেলওয়ের গার্ড (গ্রেড-২): ২২]
ক ধীরে চল খ ঘোড়া খুব দ্রুত চলে
গ সে পূণ্যবান ঘ মেটে কলসি উ. খ

২৫.'অলস' এর বিশেষ্য পদ কোনটি? [বাংলাদেশ রেলওয়ের সহকারী লোকোমটিভ মাস্টার: ২২]
ক আলস্য খ আলসে
গ অলসতা ঘ আলসেমী উ. ক, গ

২৬.'হাড়ি হাড়ি সন্দেশ' এখানে কোন কোন পদযোগে বহুবচন হয়েছে? [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের হিসাবরক্ষক: ২২]
ক বিশেষ্য ও বিশেষণ খ বিশেষণ ও ক্রিয়া
গ বিশেষ্য ও বিশেষ্য ঘ বিশেষণ ও বিশেষণ উ. গ

২৭.'নীল আকাশ' কি বাচক নাম বিশেষণ? [বিটিআরসি'র কন্ট্রাক্টর-ডি:২২]
ক রূপবাচক খ গুণবাচক
গ ভাববাচক ঘ অবস্থাবাচক উ. ক

২৭.কর্তা অন্যকে দিয়ে করালে বোঝালে কোন ক্রিয়া হয়? [বাংলাদেশ রেলওয়ের গার্ড (গ্রেড-২): ২২]
ক সরল ক্রিয়া খ প্রযোজক ক্রিয়া
গ নাম ক্রিয়া ঘ যৌগিক ক্রিয়া উ. খ

২৮.কোন বাক্যে 'ভালো' বিশেষ্যরূপে ব্যবহৃত হয়েছে? [ডাক অধিদপ্তরের হিসাব সহকারী/কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]
ক ভালোকে ভালো বলবো না তো কি?
খ আপন ভালো সবাই চায়।
গ এখানে কি ভালোটা দেখলে।
ঘ ভালো সবাই পছন্দ করে। উ. খ

২৯.'তিতাস একটি নদীর নাম'- বাক্যে 'নদী' কোন প্রকার বিশেষ্য? [ডাক অধিদপ্তরের হিসাব সহকারী/কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]
ক নামবাচক খ জাতিবাচক
গ বস্তু বাচক ঘ সমষ্টি বাচক উ. খ

৩০.নিচের কোনটি 'পৃথিবী' শব্দের বিশেষণ? [রাজউক এর ইমারত পরিদর্শক: ২২]
ক পৃথ্বী খ পার্থিব
গ বসুধা ঘ ধরণী উ. খ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৩১.'দেখে যেন মনে হয় চিনি উহারে'- পঙ্‌ক্তির 'যেন' কোন পদ? *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*
ক ভাব বিশেষণ খ পদাশ্রয়ী অব্যয়
গ সংযোজক অব্যয় ঘ অনন্বয়ী অব্যয় উ. গ

৩২.যৌগিক ক্রিয়ার উদাহরণ কোনটি? *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী:২১]*
ক অজগরটি ফোঁসাচ্ছে খ তরকারি বাসি হলে টক
গ সাইরেন বেজে উঠল ঘ মাথা ঝিম ঝিম করছে উ. গ

৩৩.বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুকে বলে- *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী:২১]*
ক কারক খ পদ
গ ক্রিয়াপদ ঘ শব্দ উ. খ

৩৪.'এক ঘুম ঘুমিয়েছি' কিসের উদাহরণ? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ক্যাশিয়ার/স্টোর কিপার: ২১]*
ক প্রযোজক কর্তা খ অসমাপিকা ক্রিয়া
গ সমধাতুজ ক্রিয়া ঘ সমধাতুজ কর্ম উ. ঘ

৩৫.তিনি শিক্ষিত অথচ সৎ ব্যক্তি নন?- এ বাক্যে অথচ হলো- *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*
ক সংযোজক অব্যয় খ বিয়োজক অব্যয়
গ সংকোচক অব্যয় ঘ অনন্বয়ী অব্যয় উ. গ

৩৬.কোন বাক্যে অসমান কর্তা আছে? *[খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক সে কেঁদে কেঁদে বলল
খ বালিকাটি গান করে বলে গেল
গ সে এলে আমি যাব
ঘ সে যেতে যেতে থেমে গেল উ. গ

৩৭.বাক্যে বিধেয় বিশেষণ কোথায় বসে? *[খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক বিশেষণের পূর্বে খ বিশেষ্যের পূর্বে
গ প্রথমে ঘ শেষে উ. ঘ

৩৮.কোনটি নিত্য সম্বন্ধীয় অব্যয়? *[খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর:২১]*
ক যখন-তখন খ শন শন
গ অথবা ঘ অধিকন্তু উ. ক

৩৯.নিচের কোন বাক্যে ব্যতিহার কর্তা রয়েছে? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক মুষলধারে বৃষ্টি হচ্ছে। খ মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন।
গ রাজায় রাজায় লড়াই চলছে।
ঘ আমার যাওয়া হবে না। উ. গ

৪০.গুণবাচক বিশেষ্য কোনটি? *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*
ক বহুত খ সাহসী
গ দর্শন ঘ মধুরতা উ. ঘ

৪১.অনুগামী সমুচ্চয়ী অব্যয়ের উদাহরণ হলো- *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাবরক্ষক: ২১]*
ক অধিকন্তু খ যেন
গ নিশ্চয়ই ঘ হায়রে উ. খ

৪২.'পঞ্চায়েত' কোন পদ? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অফিস সহায়ক:২১]*
ক বিশেষ্য খ বিশেষণ
গ অব্যয় ঘ ক্রিয়া উ. ক

৪৩.জাতিবাচক বিশেষ্যের দৃষ্টান্ত- *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ল্যাবরেটরি সহকারী: ২১]*
ক সমাজ খ পানি
গ মিছিল ঘ নদী উ. ঘ

৪৪.'এ যে আমাদের চেনা লোক'- বাক্যে 'চেনা' শব্দটি কোন পদ? *[পরিসংখ্যান ব্যুরোর চেইনম্যান: ২১]*
ক বিশেষ্য খ সর্বনাম
গ অব্যয় ঘ বিশেষণ উ. ঘ

৪৫.'তাকে আসতে বললাম, তবু এলো না'- কীসের উদাহরণ? *[এনএসআই এর ওয়াচার কনস্টেবল/ ফিল্ড স্টাফ: ২১]*
ক অনুসর্গ খ নির্দেশক
গ আবেগ ঘ যোজক উ. ঘ

৪৬.'দ্বেষ' এর বিশেষণ রূপ কী? *[জীবন বীমা কর্পোরেশনের কম্পিউটার অপারেটর: ২১]*
ক দ্বিষ্ট খ বিদ্বেষ
গ দিষ্ট ঘ দ্বেষী উ. ক

৪৭.কোনটি ব্যতিহারিক সর্বনাম? *[জীবন বীমা কর্পোরেশনের কম্পিউটার অপারেটর: ২১]*
ক যার-তার খ আমি-তুমি
গ নিজে-নিজে ঘ এরা-ওরা উ. গ

৪৮.'লাজ' কোন ধরনের শব্দ? *[জীবন বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী:২১]*
ক বিশেষ্যের বিশেষণ খ বিশেষ্য
গ বিশেষণ ঘ ক্রিয়া বিশেষণ উ. খ

৪৯.চালাকের বিশেষ্য পদ কোনটি? *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ:২১]*
ক চাতুর্য খ চালাকি
গ চতুর ঘ চাতুরি উ. ক,খ

৫০.নিচের কোনটি গুণবাচক বিশেষণের উদাহরণ? *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]*
ক চৌকষ লোক খ কালো মেঘ
গ নীল আকাশ ঘ ভাজা মাছ উ. ক

৫১.'সর্বজন' এর বিশেষণ কী? *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক বিশ্বজনীন খ বিশ্বজন
গ সর্বজনীন ঘ ঐশ্বরিক উ. গ

৫২.'আমি', 'আমরা' এগুলো কোন সর্বনাম পদ? *[কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কম্পিউটার অপারেটর: ২১]*
ক ব্যতিহারিক খ সাকুল্যবাচক
গ আত্মবাচক ঘ ব্যক্তিবাচক উ. ঘ

৫৩.'সৌন্দর্য সকলকেই আকর্ষণ করে।' এ বাক্যে 'সৌন্দর্য' কোন পদ? *[কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের হিসাব রক্ষক: ২১]*
ক বিশেষণ খ সর্বনাম
গ বিশেষ্য ঘ অব্যয় উ. গ

৫৪.'লাবণ্য' কোন পদ? *[এনএসআই এর কম্পিউটার অপারেটর:২১]*
ক বিশেষ্য খ বিশেষণ
গ অব্যয় ঘ সর্বনাম উ. ক

৫৫.'বুদ্ধিমান' এর বিশেষ্য পদ কী? *[পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট: ২০]*
ক বুদ্ধি খ বুদ্ধিত্ব
গ বোদ্ধা ঘ বুদ্ধিজীবী উ. ক,ঘ

৫৬.'মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন'- এখানে 'কিংবা' কোন অব্যয়? *[ডাক বিভাগের মেইল অপারেটর: ১৯]*

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ক অনুকার অব্যয় খ বিয়োজক অব্যয়
গ সমুচ্চয়ী অব্যয় ঘ সংযোজক অব্যয় উ.খ

৫৭.কোন বাক্যে বিশেষণের বিশেষণ রয়েছে? *[পেট্রোবাংলার হিসাব সহকারী: ১৯]*
ক ধীরে চল খ ঘোড়া খুব দ্রুত চলে
গ সে পূণ্যবান ঘ মেটে কলসি উ. খ

৫৮.পদ কত প্রকার? *[পেট্রোবাংলার হিসাব সহকারী: ১৯]*
ক চার খ সাত
গ ছয় ঘ পাঁচ উ. ঘ

৫৯.'ছেলে তো নয় যেন ননীর পুতুল'- এখানে 'যেন'- *[নিরাপদ খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ১৯]*
ক অব্যয় খ বিশেষ্য
গ বিশেষণ ঘ সর্বনাম উ. ক

৬০.'এ বয়সে তবু নতুন কিছু তো করো'- এখানে 'তবু' হচ্ছে *[দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ১৯]*
ক বিশেষ্য খ বিশেষণ
গ সর্বনাম ঘ অব্যয় উ. ঘ

ক্রিয়ার কাল

ক্রিয়া সংঘটনের সময়কে কাল বলে। ক্রিয়ার কাল তিন প্রকার। যথা: ১. বর্তমান কাল, ২. অতীত কাল, ৩. ভবিষ্যৎ কাল।

১. **বর্তমান কাল:** যে ক্রিয়া বর্তমানে সাধারণভাবে ঘটে, তার কালকে বর্তমান কাল বলে। যেমন: আমি ভাত খাই। সে ভাত খায়। আমি বাড়ি যাই।

- **বর্তমান কাল আবার তিন ভাগে বিভক্ত। যথা:**

ক. **নিত্যবৃত্ত (সাধারণ) বর্তমান:** স্বাভাবিক বা অভ্যস্ততা বোঝালে সাধারণ বর্তমান কালের ক্রিয়াকে সাধারণ বা নিত্যবৃত্ত বর্তমান কাল বলে। যেমন: আমি স্কুলে যাই। সূর্য পূর্ব দিকে ওঠে।

▪ **নিত্যবৃত্ত বর্তমান কালের বিশিষ্ট প্রয়োগ:**

১. স্থায়ী সত্য প্রকাশে : চার আর তিনে সাত হয়।
২. ঐতিহাসিক বর্তমান : বাবরের মৃত্যুর পর হুমায়ুন দিল্লীর সিংহাসনে আরোহণ করেন।
৩. কাব্যের ভণিতায় : মহাভারতের কথা অমৃতের সমান কাশীরাম দাস ভনে শুনে পুণ্যবান।

খ. **ঘটমান বর্তমান:** যে কাজ শুরু হয়েছে, কিন্তু শেষ হয়নি তাকে ঘটমান বর্তমান কাল বলে। যেমন: আমি স্কুলে যাচ্ছি। আমাদের পরীক্ষা চলছে। হাসান বই পড়ছে।

▪ **ঘটমান বর্তমান কালের বিশিষ্ট প্রয়োগ:**

১. বক্তার প্রত্যক্ষ উক্তিতে ঘটমান বর্তমান কাল ব্যবহৃত হয়। যথা: "শত্রুর অত্যাচারে দেশ আজ বিপন্ন, ধন-সম্পদ লুণ্ঠিত হচ্ছে, দিকে দিকে আগুন জ্বলছে।"
২. ভবিষ্যৎ সম্ভাবনা অর্থে: চিন্তা করো না, কালই আসছি।
৩. আগামী মাসে আমরা সিলেট যাচ্ছি।

গ. **পুরাঘটিত বর্তমান:** ক্রিয়া পূর্বে শেষ হলেও তার ফল এখনও বর্তমান থাকলে পুরাঘটিত বর্তমান কাল ব্যবহৃত হয়। যেমন: এ বার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি। এতক্ষণ আমি অঙ্ক করেছি। আমি অঙ্কটি করেছি। তারা বাড়িতে ফিরেছে।

◆ **অনুজ্ঞা বর্তমান:**
যে ক্রিয়া দিয়ে বর্তমান কালে বক্তার আদেশ, অনুমতি, অনুরোধ, প্রার্থনা, আমন্ত্রণ, আশীর্বাদ, অভিশাপ, উপদেশ, উপেক্ষা ইত্যাদি প্রকাশ করা হয়, তাকে অনুজ্ঞা বর্তমান কাল বলে। যেমন: তাড়াতাড়ি কাজটি করো। সকলের মঙ্গল হোক।

২. **অতীত কাল:** যে ক্রিয়া পূর্বেই ঘটে গেছে, তাই অতীত কাল।

- **অতীত কাল চার ভাগে বিভক্ত। যথা:**

ক. **সাধারণ অতীত:** বর্তমান কালের আগেই যে ক্রিয়া সম্পন্ন হয়ে গিয়েছে, তার সংঘটন কালই সাধারণ অতীত কাল। যেমন: তারা সেখানে বেড়াতে গেল। তখন বাতিটা জ্বলে উঠল। প্রদীপ নিভে গেল। শিকারি পাখিটিকে গুলি করল।

▪ **সাধারণ অতীতের বিশিষ্ট ব্যবহার:**

১. পুরাঘটিত বর্তমান স্থলে: 'এক্ষণে জানিলাম, কুসুমে কীট আছে।'
২. বিশেষ ইচ্ছা অর্থে বর্তমান কালের পরিবর্তে: তোমরা যা খুশি কর, আমি বিদায় হলাম।
৩. শিকারি পাখিটিকে এইমাত্র গুলি করল। (ঘটনা পুরাঘটিত বর্তমানের; কিন্তু ক্রিয়ার কাল অতীত।)
৪. যদি বৃষ্টি হতো, সবাই মিলে খিচুড়ি খেতাম। (ঘটনা ভবিষ্যতের ; কিন্তু ক্রিয়ার কাল অতীত।)

খ. **নিত্যবৃত্ত অতীত:** অতীত কালে যে ক্রিয়া সাধারণত অভ্যস্ততা অর্থে ব্যবহৃত হয়, তাকে নিত্যবৃত্ত অতীত কাল বলে। যেমন: আমরা তখন রোজ সকালে নদীতীরে ভ্রমণ করতাম।

▪ **নিত্যবৃত্ত অতীত কালের বিশিষ্ট প্রয়োগ:**
কামনা প্রকাশে : আজ যদি সুমন আসত, কেমন মজা হত।
অসম্ভব কল্পনায় : 'সাতাশ হত যদি একশ সাতাশ'।
সম্ভাবনা প্রকাশে : তুমি যদি যেতে, তবে ভালই হত।

গ. **ঘটমান অতীত কাল:** অতীত কালে যে কাজ চলছিল এবং যে সময়ের কথা বলা হয়েছে, তখনো কাজটি সমাপ্ত হয়নি, ক্রিয়া সংঘটনের এরূপ ভাব বোঝালে ক্রিয়ার ঘটমান অতীত কাল হয়। যেমন: আমরা তখন বই পড়ছিলাম। তারা মাঠে খেলছিল। কাল সন্ধ্যায় বৃষ্টি পড়ছিল।

ঘ. **পুরাঘটিত অতীত কাল:** যে ক্রিয়া অতীতে বহু পূর্বেই সংঘটিত হয়ে গিয়েছে এবং যার পরে আরো কিছু ঘটনা ঘটে গেছে, তার কালকে পুরাঘটিত অতীত কাল বলে। যেমন: সেবার তাকে সুস্থই দেখেছিলাম।

▪ **পুরাঘটিত অতীত কালের বিশিষ্ট প্রয়োগ:**

১. অতীতে সংঘটিত ঘটনার নিশ্চিত বর্ণনায়: পানিপথের তৃতীয় যুদ্ধে এক লক্ষ মারাঠা সৈন্য মারা গিয়েছিল।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

২. অতীতে সংঘটিত ক্রিয়ার পরম্পরা বোঝাতে শেষ ক্রিয়াপদে পুরাঘটিত অতীত কালের প্রয়োগ হয়: বৃষ্টি শেষ হবার পূর্বেই আমরা বাড়ি পৌঁছেছিলাম।

৩. **ভবিষ্যৎ কাল:** যে কাজ ভবিষ্যতে ঘটবে, তার কালকে ভবিষ্যৎ কাল বলে। যেমন: আমি ভাত খাবো।

• **ভবিষ্যৎ কাল আবার তিন ভাগে বিভক্ত।** যথা:

ক. **সাধারণ ভবিষ্যৎ কাল:** যে ক্রিয়া পরে বা অনাগত কালে সংঘটিত হবে, তার কালকে সাধারণ ভবিষ্যৎ কাল বলে। যেমন: আমরা রংপুরে যাব। দু-এক দিনের মধ্যে সে আসবে।

▪ **সাধারণ ভবিষ্যৎ কালের বিশিষ্ট প্রয়োগ:**

১. আক্ষেপ প্রকাশে অতীতের স্থলে ভবিষ্যৎ কাল ব্যবহার হয়। যেমন: কে জানত, আমার ভাগ্য এমন হবে?

২. অতীত কালের ঘটনা সম্পর্কিত যে ক্রিয়াপদে সন্দেহের ভাব বর্তমান থাকে, তার বর্ণনায় সাধারণ ভবিষ্যৎ কালের ব্যবহার হয়। যেমন: ভাবলাম, তিনি এখন বাড়ি গিয়ে থাকবেন। তোমরা হয়ত 'বিশ্বনবী' পড়ে থাকবে। তোমরা হয়ত ছয় দফার কথা শুনে থাকবে।

খ. **ঘটমান ভবিষ্যৎ কাল:** যে কাজ ভবিষ্যৎ কালে চলতে থাকবে তার কালকে ঘটমান ভবিষ্যৎ কাল বলে। যেমন: আমাদের কাজ আমরা করতে থাকবো। এমন ঘটনা ঘটতেই থাকবে।

গ. **পুরাঘটিত ভবিষ্যৎ কাল:** যে ক্রিয়া সম্ভবত ঘটে গিয়েছে, সাধারণ ভবিষ্যৎ কালবোধক শব্দ ব্যবহার করে তা বোঝালে পুরাঘটিত ভবিষ্যৎ কাল হয়। যেমন: আমরা সেখানে গিয়ে থাকব।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. কোনটি নিত্যবৃত্ত অতীত এর উদাহরণ? *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক প্রদীপ নিভে গেল খ তাকে সুস্থই দেখাচ্ছিল
গ প্রতিদিন ফুল ফুটত
ঘ শিকারী পাখিটিকে গুলি করলো উ. গ

২. নিচের কোনটি ক্রিয়া বিশেষণের উদাহরণ? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক/ সহকারী ব্যবস্থাপক: ২৩]*
ক ধীরে ধীরে বায়ু বয় খ সে অতিশয় দুঃখিত
গ ধিক্ তারে
ঘ বাস্তবিকই আজ আমাদের কঠিন পরিশ্রমের প্রয়োজন উ. ক

৩. নিত্য অতীতকালের উদাহরণ কোনটি? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা: ২৩]*
ক তারা সাগরের তীরে ঝিনুক কুড়াতো
খ তারা মাঠে খেলছিল
গ আমরা রংপুর যাব ঘ ভালোভাবে পৌঁছে যেও উ. ক

৪. 'শিক্ষক শ্রেণিকক্ষে এলেন।'- এ বাক্যটি কোন কালের ক্রিয়া? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]*
ক সাধারণ বর্তমান খ ঘটমান বর্তমান
গ নিত্যবৃত্ত অতীত ঘ সাধারণ অতীত উ. ক

৫. ক্রিয়া সংগঠনের সময়কে কি বলে? *[যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ২২]*
ক ক্রিয়ার মূল খ ক্রিয়ার স্থান
গ ক্রিয়ার কাল ঘ ক্রিয়ার বিভক্তি উ. গ

৬. 'বাবা আমাদের দেখাশোনা করছিলেন' কোন কালের উদাহরণ? *[স্থলবন্দর কর্তৃপক্ষের ক্যাশিয়ার: ২২]*
ক নিত্যবৃত্ত অতীত খ ঘটমান অতীত
গ পুরাঘটিত অতীত ঘ সাধারণ অতীত উ. খ

৭. ক্রিয়ার কাল প্রধানত কত প্রকার? *[সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী: ২২]*
ক ৩ খ ৪
গ ৫ ঘ ৬ উ. ক

৮. 'আমি তাঁকে সভায় উপস্থিত দেখেছিলাম'- এ বাক্যটি ক্রিয়ার কোন কালের অন্তর্ভুক্ত? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*
ক সাধারণ অতীত খ ঘটমান অতীত
গ নিত্যবৃত্ত অতীত ঘ পুরাঘটিত অতীত উ. ঘ

৯. 'চিন্তা করো না, কালই আসছি'- বাক্যটি কোন কালের? *[পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী: ২১]*
ক ঘটমান ভবিষ্যৎ খ ঘটমান বর্তমান
গ পুরাঘটিত বর্তমান ঘ পুরাঘটিত ভবিষ্যৎ উ. খ

১০. 'আমরা তখন রোজ সকালে নদীর তীরে ভ্রমণ করতাম'- বাক্যটি কোন কাল? *[খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক ঘটমান অতীত খ পুরাঘটিত অতীত
গ সাধারণ অতীত ঘ নিত্যবৃত্ত অতীত উ. ঘ

১১. 'তিনি রোজ সকালে দুই কিলোমিটার হাঁটতেন'- এ বাক্যে ক্রিয়ার কাল কোনটি? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর:২১]*
ক সাধারণ অতীত খ ঘটমান অতীত
গ নিত্যবৃত্ত অতীত ঘ পুরাঘটিত অতীত উ. গ

১২. 'হাসান বই পড়ছে'- এটি কোন বর্তমান কালের উদাহরণ? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অফিস সহায়ক: ২১]*
ক নিত্যবৃত্ত খ পুরাঘটিত
গ ঘটমান ঘ কোনটিই নয় উ. গ

ক্রিয়ার ভাব

ক্রিয়ার যে অবস্থা দ্বারা কার্য ঘটার ধরন, প্রকার বা রীতি প্রকাশ পায়, তাকে ক্রিয়ার ভাব বলে। ক্রিয়ার ভাব বা ধরন চার প্রকার। যথা:

১. **নির্দেশক ভাব:** সাধারণ ঘটনা নির্দেশ করলে বা কিছু জিজ্ঞাসা করলে ক্রিয়াপদের নির্দেশক ভাব হয়। যেমন:

সাধারণ নির্দেশক	আমরা বই পড়ি।
প্রশ্ন জিজ্ঞাসায়	আপনি কি আসবেন?

২. **ক্রিয়ার অনুজ্ঞা বা অনুজ্ঞা ভাব:** আদেশ, নিষেধ, উপদেশ, অনুরোধ, আশীর্বাদ ইত্যাদি সূচিত হলে ক্রিয়াপদের অনুজ্ঞা ভাব হয়। যেমন:

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ক. আদেশাত্মক : বর্তমান কালে- চুপ কর।
: ভবিষ্যৎ কালে- তুমি কাল যেও।
খ. নিষেধাত্মক : বর্তমান কালে- অন্যায় কাজ করো না।
: ভবিষ্যৎ কালে- মিথ্যা বলবে না।
গ. অনুরোধসূচক : বর্তমান কালে- ছাতাটা দিন তো ভাই।
: ভবিষ্যৎ কালে- আপনারা আসবেন।
ঘ. উপদেশাত্মক : বর্তমান কালে- মন দিয়ে পড়।
: ভবিষ্যৎ কালে- স্বাস্থ্যের প্রতি দৃষ্টি রেখো।

◆ অনুজ্ঞা দুই প্রকার। যথা: বর্তমান কালের অনুজ্ঞা ও ভবিষ্যৎ কালের অনুজ্ঞা।

i. **বর্তমান কালের অনুজ্ঞা:**
ক. আদেশ : কাজটি করে ফেল। তোমরা এখন যাও।
খ. উপদেশ : সত্য কথা গোপন করো না।
গ. অনুরোধ : আমার কাজটা এখন কর।
ঘ. প্রার্থনা : আমার দরখাস্তটা পড়ুন।
ঙ. অভিশাপ : মর, পাপিষ্ঠ।

ii. **ভবিষ্যৎ কালের অনুজ্ঞা:**
ক. আদেশ : সদা সত্য বলবে।
খ. সম্ভাবনায় : চেষ্টা কর, সবই বুঝতে পারবে।
গ. বিধান অর্থে : রোগ হলে ওষুধ খাবে।
ঘ. অনুরোধে : কাল একবার এসো (আসিও বা আসিবে)।

৩. **সাপেক্ষ ভাব:** একটি ক্রিয়ার সংঘটন অন্য একটি ক্রিয়ার ওপর নির্ভর করলে, নির্ভরশীল ক্রিয়াকে সাপেক্ষ ভাবের ক্রিয়া বলা হয়। যেমন:
ক. সম্ভাবনায় : তিনি ফিরে এলে সবকিছুর মীমাংসা হবে।
খ. উদ্দেশ্য বোঝাতে : ভালো করে পড়লে সফল হবে।

৪. **আকাঙ্ক্ষা প্রকাশক ভাব:** যে ক্রিয়াপদে বক্তা সোজাসুজি কোনো ইচ্ছা বা আকাঙ্ক্ষা প্রকাশ করে, তাকে আকাঙ্ক্ষা প্রকাশক ভাবের ক্রিয়া বলা হয়। যেমন:
সে যাক। যা হয় হোক। সে একটু হাসুক।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. আদেশ, উপদেশ, নিষেধ এগুলো ক্রিয়ার কোন ভাব? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর/ মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক সাপেক্ষ ভাব খ অনুজ্ঞা ভাব
গ নির্দেশক ভাব ঘ আকাঙ্ক্ষা ভাব উ. খ

২. 'পাতিসনে শিলাতলে পদ্মাপাতা' কি অর্থে অনুজ্ঞার ব্যবহার হয়েছে? *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*
ক আদেশ খ প্রার্থনা
গ অনুরোধ ঘ উপদেশ উ. ঘ

৩. উপদেশাত্মক অনুজ্ঞাভাবের উদাহরণ কোনটি? *[পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী: ২১]*
ক আমটা খাও খ মানুষ হও
গ কাল দেখা করো
ঘ ভাল করে পড়লে পাস করবে উ. খ

কারক ও বিভক্তি

কারক (কৃ+ণক) শব্দটির অর্থ যা ক্রিয়া সম্পাদন করে। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে নামপদের যে সম্পর্ক, তাকে কারক বলে। যেমন: জলে কুমির থাকে = অধিকরণে সপ্তমী।

√ কারক ৬ প্রকার। যথা:
১. কর্তৃকারক,
২. কর্মকারক,
৩. করণ কারক,
৪. সম্প্রদান কারক,
৫. অপাদান কারক,
৬. অধিকরণ কারক
[৯ম-১০ম শ্রেণির ব্যাকরণের নতুন সিলেবাসে 'সম্প্রদান কারক' বাদ দিয়ে এর স্থলে 'সম্বন্ধ কারক' প্রতিস্থাপন করা হয়েছে।]

◆ **বিভক্তি:** বাক্য ব্যবহৃত শব্দ বা শব্দগুলোর কারক চিহ্নিত করার জন্য শব্দের শেষে যে বর্ণ বা বর্ণসমষ্টি যুক্ত হয়, তাকে বিভক্তি বলে। যেমন: ছাদে বসে মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন। এ বাক্যটিতে ছাদে (ছাদ+এ বিভক্তি), মা (মা+০ বিভক্তি), শিশুকে (শিশু+কে বিভক্তি), চাঁদ (চাঁদ+০ বিভক্তি) ইত্যাদি পদে বিভিন্ন বিভক্তি যুক্ত হয়েছে।

√ বিভক্তি প্রধানত দুই প্রকার। যথা: নাম বা শব্দ বিভক্তি ও ক্রিয়া বিভক্তি।

▪ বাংলা শব্দ-বিভক্তি সাত প্রকার। যথা: প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী এবং সপ্তমী।

❖ একবচন ও বহুবচন ভেদে বিভক্তিগুলোর আকৃতিগত পার্থক্য দেখা যায়। যেমন:

বিভক্তি	একবচন	বহুবচন
প্রথমা	০,অ, এ, তে,এতে	রা, এরা, গুলি, গণ, বৃন্দ
দ্বিতীয়া	কে, রে	দিগকে, দিগরে
তৃতীয়া	দ্বারা, দিয়া, কর্তৃক	দিগকে দ্বারা, দিগ কর্তৃক
চতুর্থী	কে, রে, জন্য, নিমিত্ত	দিগেকে, দিগেরে, দের তরে
পঞ্চমী	হতে, থেকে, চেয়ে	দিগ হতে, দের থেকে,দিগের চেয়ে
ষষ্ঠী	র, এর	দিগের, দের
সপ্তমী	এ, য়, তে	দিগে, দিগেতে

◆ **কারক নির্ণয়ের সহজ পদ্ধতি:**

কর্তৃকারক	ক্রিয়ার সাথে কে / কারা দিয়ে প্রশ্নের উত্তরে (বাক্যের কর্তা প্রধান)
কর্মকারক	ক্রিয়ার সাথে কি / কাকে দিয়ে প্রশ্নের উত্তরে (কর্তার কাজ বুঝাবে)
করণ কারক	ক্রিয়ার সাথে কীসের দ্বারা / কী উপায়ে দিয়ে প্রশ্নের উত্তরে (মাধ্যম বুঝাবে)
সম্প্রদান কারক	ক্রিয়ার সাথে কাকে (দান) দিয়ে প্রশ্নের উত্তরে (স্বত্ব ত্যাগ বুঝাবে)

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

অপাদান কারক	ক্রিয়ার সাথে কোথা হতে / কি হতে / কিসের হতে দিয়ে প্রশ্নের উত্তরে (গৃহীত, উৎপন্ন, ভীত প্রভৃতি বুঝাবে)
অধিকরণ কারক	ক্রিয়ার সাথে কোথায় / কিসে / কখন দিয়ে প্রশ্নের উত্তরে (স্থান, কাল, বিষয়, ভাব বুঝাবে)

♦ **কর্তৃকারক:** বাক্যের কর্তাকেই বলা হয় কর্তৃকারক। অর্থাৎ বাক্যে ক্রিয়াটি যার দ্বারা সম্পাদিত হয়, তাকে কর্তৃকারক বলে। বাক্যের ক্রিয়াকে **'কে/কারা'** দিয়ে প্রশ্নের উত্তরে কর্তৃকারক পাওয়া যায়। যেমন: **রহিম** বাড়ি যায়। এ বাক্যে যদি প্রশ্ন করা হয় 'কে বাড়ি যায়?' উত্তর পাই রহিম। এখানে রহিমই কর্তা এবং এটি কর্তৃকারক। মেয়েরা ফুল তোলে। (এখানে কারা ফুল তোলে? উত্তর পাই- মেয়েরা। এখানে 'মেয়েরা' কর্তৃকারক।) **আমরা** নদীর ঘাট থেকে রিকশা নিয়েছিলাম।

√ বাক্যের ক্রিয়া সম্পাদনের উপর ভিত্তি করে কর্তৃকারক ৪ প্রকার। যথা:

ক. **মুখ্য কর্তা:** যে কর্তা নিজেই ক্রিয়া সম্পাদন করে থাকে, তাকে মুখ্য কর্তা বলে। যেমন: **মেয়েরা** ফুল তোলে। **ছেলেরা** ফুটবল খেলছে। মুষলধারে **বৃষ্টি** পড়ছে।

খ. **প্রযোজক কর্তা:** মূল কর্তা যখন অন্যকে কোনো কাজে নিয়োজিত করে ক্রিয়া সম্পাদন করে, তাকে প্রযোজক কর্তা বলে। যেমন: **শিক্ষক** ছাত্রদের বাংলা পড়াচ্ছেন।

গ. **প্রযোজ্য কর্তা:** মূল কর্তা যখন অন্যের মাধ্যমে ক্রিয়া সম্পাদন করে, তাকে প্রযোজ্য কর্তা বলে। যেমন: রাখাল গরুকে ঘাস খাওয়ায়। শিক্ষক ছাত্রদের বাংলা পড়াচ্ছেন।

ঘ. **ব্যতিহার কর্তা:** কোনো বাক্যে যে দুটো কর্তা একত্রে এক জাতীয় ক্রিয়া সম্পাদন করে, তাদের ব্যতিহার কর্তা বলে। যেমন: **বাঘে-মহিষে** এক ঘাটে জল খায়। **রাজায়-রাজায়** লড়াই, উলুখাগড়ার প্রাণান্ত।

• বাক্যের বাচ্য বা প্রকাশভঙ্গি অনুসারে কর্তা ৩ রকম হয়। যথা:

ক. কর্মবাচ্যের কর্তা (কর্মপদের প্রাধান্য): **পুলিশ** দ্বারা চোর ধৃত হয়েছে।

খ. ভাববাচ্যের কর্তা (ক্রিয়ার প্রাধান্য): **আমার** যাওয়া হবে না।

গ. কর্ম-কর্তৃবাচ্যের কর্তা (বাক্যে কর্মপদই কর্তৃস্থানীয়): **বাঁশি** বাজে। **কলমটা** লেখে ভাল।

▪ **কর্তৃকারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার:**

ক. প্রথমা, শূন্য বা 'অ' বিভক্তি: **রহিম** বাড়ি যায়। **সাদিয়া** বই পড়ে।

খ. দ্বিতীয়া বা কে বিভক্তি: **আমাকে** যেতে হবে। **সকলকে** মরতে হবে। **সাদিয়াকে** যেতে হবে।

গ. তৃতীয়া বা দ্বারা বিভক্তি: **ফেরদৌস** কর্তৃক শাহনামা রচিত হয়েছে। রাম কর্তৃক রাবণ নিহত হয়।

ঘ. ষষ্ঠী বা র বিভক্তি : আমার যাওয়া হয়নি। দেবতার ধন কে যায় ফিরায়ে লয়ে।

ঙ. সপ্তমী বা এ বিভক্তি: **গাঁয়ে** মানে না আপনি মোড়ল। **বাপে** না জিজ্ঞাসে, **মায়ে** না **সম্ভাষে**। **পাগলে** কী না বলে, **ছাগলে** কী না খায়। **বাঘে-মহিষে** খানা একঘাটে খাবেনা। **লোকে** বলে।

চ. সপ্তমী বা য়- বিভক্তি : **ঘোড়ায়** গাড়ি টানে।

ছ. সপ্তমী বা তে- বিভক্তি : **গরুতে** দুধ দেয়। **বুলবুলিতে** ধান খেয়েছে খাজনা দিব কীসে?

♦ **কর্মকারক:** যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকেই কর্ম কারক বলে। ক্রিয়ার বিষয়কে কর্ম বলে। কর্মকারক ২ প্রকার। যথা: মুখ্য কর্ম ও গৌণ কর্ম। সাধারণত মুখ্য কর্মকারকে বিভক্তি হয় না, তবে গৌণ কর্মকারকে 'কে' বিভক্তি যুক্ত হয়। মুখ্য কর্ম বস্তুবাচক এবং গৌণ কর্ম প্রাণীবাচক হয়। যেমন: বাবা **আমাকে** (গৌণ কর্ম) একটি **কলম** (মুখ্য কর্ম) কিনে দিয়েছেন।

❖ ক্রিয়াকে **'কি বা কাকে'** দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, সেটাই কর্মকারক। যেমন: নাসিমা ফুল তুলছে। (এখানে যদি প্রশ্ন করা হয়, নাসিমা কি তুলছে? তাহলে উত্তর হবে- ফুল। এখানে 'ফুল' হলো কর্মকারক।) সে রোজ সকালে **এক প্লেট ভাত** খায়। **অসহায়কে** সাহায্য করো।

• কর্মকারকের প্রকারভেদ। যথা:

ক. **সকর্মক ক্রিয়ার কর্ম:** প্রিয়া **ফুল** তুলছে।

খ. **প্রযোজক ক্রিয়ার কর্ম:** ছেলেটিকে বিছানায় শোয়াও।

গ. **সমধাতুজ কর্ম:** খুব এক ঘুম ঘুমিয়েছি।

ঘ. **উদ্দেশ্য ও বিধেয় কর্ম:** দুধকে (উদ্দেশ্য কর্ম) মোরা **দুগ্ধ** (বিধেয় কর্ম) বলি, হলুদকে (উদ্দেশ্য কর্ম) বলি **হরিদ্রা** (বিধেয় কর্ম)।

▪ **কর্মকারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার:**

ক. প্রথমা বা শূন্য বা অ বিভক্তি: **ডাক্তার** ডাক। আমাকে একখানা **বই** দাও (দ্বিকর্মক ক্রিয়ার মুখ্য কর্ম)। **রবীন্দ্রনাথ** পড়লাম, নজরুল পড়লাম, এর সুরাহা খুঁজে পেলাম না। **জল** পড়ে, **পাতা** নড়ে।

খ. দ্বিতীয়া বা কে বিভক্তি : **তাকে** বল। **রিয়াকে** ডাক।

গ. দ্বিতীয়া বা রে- বিভক্তি : **'আমারে** তুমি করিবে ত্রাণ, এ নহে মোর প্রার্থনা।'

ঘ. ষষ্ঠী বা র- বিভক্তি : **তোমার** দেখা পেলাম না।

ঙ. সপ্তমীর এ- বিভক্তি : 'জিজ্ঞাসিব **জনে জনে**।' **গুণহীনে** ত্যাগ কর।

♦ **করণ কারক:** 'করণ' শব্দটির অর্থ যন্ত্র, সহায়ক বা উপায়। কর্তা যা দ্বারা ক্রিয়া সম্পাদন করে, তাকে করণ কারক বলে। ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলে। যার দ্বারা বা যে উপায়ে কর্তা ক্রিয়া সম্পাদন করে, তাকে করণ কারক বলে। এ কারকে সাধারণত 'দ্বারা', 'দিয়ে', 'কর্তৃক' ইত্যাদি অনুসর্গ যুক্ত হয়। যেমন: নীরা **কলম** দিয়ে লেখে (উপকরণ- কলম)। 'জগতে কীর্তিমান হও **সাধনায়**।' (উপায়- সাধনা) ভেড়া দিয়ে চাষ করা সম্ভব নয়। চাষিরা **ধারালো** কাস্তে দিয়ে ধান কাটছে।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

❖ ক্রিয়াপদকে 'কিসের দ্বারা' বা 'কি উপায়ে' প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যায়, তাই করণ কারক।

■ **করণ কারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার:**

ক. প্রথমা বা শূন্য বা অ বিভক্তি: ছাত্ররা **বল** খেলে (অকর্মক ক্রিয়া)। ডাকাতেরা গৃহস্বামীর মাথায় লাঠি মেরেছে (সকর্মক ক্রিয়া)।

খ. তৃতীয়া বা দ্বারা বিভক্তি: **লাঙ্গল দ্বারা** জমি চাষ করা হয়।

গ. তৃতীয়া বা দিয়া বিভক্তি: **মন দিয়া** কর সবে বিদ্যা উপার্জন।

ঘ. সপ্তমীর এ- বিভক্তি : **ফুলে ফুলে** ঘর ভরেছে। শিকারি বিড়াল **গোঁফে** চেনা যায়।

ঙ. সপ্তমীর তে- বিভক্তি: 'এত শঠতা, এত যে ব্যথা / তবু যেন **মধুতে** মাখা।' লোকটা **জাতিতে** বৈষ্ণব।

চ. সপ্তমীর য়- বিভক্তি : **চেষ্টায়** সব হয়। এ **সুতায়** কাপড় হয় না।

♦ **সম্প্রদান কারক:** যাকে স্বত্ব ত্যাগ করে দান, অর্চনা, সাহায্য ইত্যাদি করা হয়, তাকে (সংস্কৃত নিয়মে) সম্প্রদান কারক বলে। বস্তু নয়, ব্যক্তিই সম্প্রদান কারক। যেমন: ভিখারীকে ভিক্ষা দাও।

❖ ক্রিয়ার সাথে কাকে (দান) দিয়ে প্রশ্নের উত্তরে যাকে পাওয়া যায়, তাই সম্প্রদান কারক।

■ **সম্প্রদান কারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার:**

ক. চতুর্থী বা কে বিভক্তি: **ভিক্ষুককে** ভিক্ষা দাও। (স্বত্ব ত্যাগ করে না দিলে কর্মকারক হবে। যেমন: ধোপাকে কাপড় দাও)

খ. ষষ্ঠী বা র-বিভক্তি: **তোমার** পূজার ছলে তোমায় ভুলেই থাকি।

গ. সপ্তমীর এ- বিভক্তি: **সৎপাত্রে** কন্যা দান। **সমিতিতে** চাঁদা দাও। **'অন্ধজনে** দেহ আলো, **মৃতজনে** দেহ প্রাণ।'

√ নিমিত্তার্থে 'কে' বিভক্তি যুক্ত হলে, সেখানে চতুর্থী বিভক্তি হয়। যেমন: 'বেলা যে পড়ে এল, **জলকে** চল।'

♦ **অপাদান কারক:** যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে। যে কারকে ক্রিয়ার উৎস নির্দেশ করা হয়, তাকে অপাদান কারক বলে। যেমন: বিপদে মোরে রক্ষা করো। এখানে যদি প্রশ্ন করা হয়, কোথা থেকে রক্ষা করো? উত্তর পাই- বিপদ থেকে। তাই, এখানে 'বিপদে' অপাদান কারক।

❖ ক্রিয়াকে **'কোথা হতে', 'কি হতে'** বা **'কিসের হতে'** দিয়ে প্রশ্ন করলে অপাদান কারক পাওয়া যায়। যেমন:

বিচ্যুত	গাছ থেকে পাতা পড়ে। মেঘ থেকে বৃষ্টি পড়ে।
গৃহীত	দুধ থেকে দই হয়। শুক্তি থেকে মুক্তো মেলে।
জাত	খেজুর রসে গুড় হয়। জমি থেকে ফসল পাই।
বিরত	পাপে বিরত হও।
দূরীভূত	দেশ থেকে পঙ্গপাল চলে গেছে।
রক্ষিত	বিপদ থেকে বাঁচাও।
আরম্ভ	সোমবার থেকে পরীক্ষা শুরু।
ভীত	বাঘকে ভয় পায় না কে?

■ **অপাদান কারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার:**

ক. প্রথমা বা শূন্য বা অ বিভক্তি: **বোঁটা-আলগা** ফল গাছে থাকে না। 'মনে পড়ে সেই জৈষ্ঠ দুপুরে পাঠশালা পলায়ন। গাড়ী **স্টেশন** ছাড়ে।

খ. দ্বিতীয়া বা কে- বিভক্তি : **বাবাকে** বড্ড ভয় পাই।

গ. ষষ্ঠী বা এর- বিভক্তি: যেখানে **বাঘের** ভয় সেখানে সন্ধ্যা হয়।

ঘ. সপ্তমীর এ- বিভক্তি : **বিপদে** মোরে করিবে ত্রাণ, এ নহে মোর প্রার্থনা। **তিলে** তৈল হয়। **লোকমুখে** শুনেছি।

ঙ. সপ্তমীর য় বিভক্তি : **টাকায়** টাকা হয়।

■ **বিভিন্ন অর্থে অপাদানের ব্যবহার:**

ক. স্থানবাচক : তিনি নাগেশ্বরী থেকে এসেছেন।

খ. দূরত্ববাচক : ঢাকা থেকে কুড়িগ্রাম চারশো কিলোমিটারেরও বেশি।

গ. নিক্ষেপ : বিমান থেকে বোমা ফেলা হয়েছে।

♦ **অধিকরণ কারক:** ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। যে কারকে স্থান, কাল, বিষয় ও ভাব নির্দেশিত হয়, তাকে অধিকরণ কারক বলে। এ কারকে সপ্তমী অর্থাৎ 'এ', 'য়', 'তে' ইত্যাদি বিভক্তি যুক্ত হয়। যেমন:

আধার (স্থান)	আকাশে তো আমি রাখি নাই মোর উড়িবার ইতিহাস। আমরা রোজ **স্কুলে** যাই। এ **বাড়িতে** কেউ নেই।
কাল (সময়)	প্রভাতে উঠিল রবি লোহিত বরণ। প্রভাতে সূর্য ওঠে।

❖ ক্রিয়ার সাথে কোথায় / কখন / কিসে যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তাই অধিকরণ কারক। যেমন- প্রভাতে সূর্য উঠে। এখানে যদি প্রশ্ন করা হয়, কখন সূর্য উঠে? তাহলে উত্তর পাই- 'প্রভাতে'। সুতরাং, এখানে 'প্রভাতে' অধিকরণ কারক। বাবা **বাড়িতে** আছেন। বিকাল **পাঁচটায়** অফিস ছুটি হবে। রাজীব বাংলা **ব্যাকরণে** ভালো।

♦ **অধিকরণ কারক ৩ প্রকার।** যথা:

১. **কালাধিকরণ:** যে অধিকরণে ক্রিয়ার কাল বোঝানো হয়, তাই কালাধিকরণ। যেমন: **বসন্তে** ফুল ফোটে।

২. **আধারাধিকরণ:** আধারাধিকরণ ৩ ভাগে বিভক্ত। যথা:

ক. **ঐকদেশিক আধারাধিকরণ:** বিশাল স্থানের যে কোনো অংশে ক্রিয়া সংঘটিত হলে তাকে ঐকদেশিক আধারাধিকরণ বলে। যেমন: পুকুরে মাছ আছে। (পুকুরের যেকোনো স্থানে)
বনে বাঘ আছে। (বনের যেকোনো এক অংশে)
আকাশে চাঁদ উঠেছে। (আকাশের কোনো এক অংশে)

✓ সামীপ্য অর্থেও ঐকদেশিক অধিকরণ হয়। যেমন- ঘাটে নৌকা বাঁধা আছে (ঘাটের কাছে)। 'দুয়ারে দাঁড়ায়ে প্রার্থী।' ভিক্ষা দেহ তারে (দুয়ারের কাছে)। রাজার দুয়ারে হাতি বাঁধা।

খ. **অভিব্যাপক আধারাধিকরণ:** উদ্দিষ্ট বস্তু যদি সমগ্র আধার ব্যাপ্ত করে বিরাজমান থাকে, তবে তাকে অভিব্যাপক আধারাধিকরণ বলে। যেমন:

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

নদীতে পানি আছে। (নদীর সমস্ত অংশ ব্যাপ্ত করে)
তিলে তৈল আছে। (তিলের সারা অংশব্যাপী)

গ. **বৈষয়িক আধারাধিকরণ:** বিষয় বিশেষে বা কোনো বিশেষ গুণে কারো কোনো দক্ষতা বা ক্ষমতা থাকলে সেখানে বৈষয়িক আধারাধিকরণ হয়। যেমন: সাদিয়া ইসলাম রিয়া ব্যাকরণে পণ্ডিত, কিন্তু সাহিত্যে কাঁচা। আমাদের সেনারা সাহসে দুর্জয়, যুদ্ধে অপরাজেয়।

৩. **ভাবাধিকরণ:** যদি কোনো ক্রিয়াবাচক বিশেষ্য অন্য ক্রিয়ার কোনো রূপ বা ভাবের অভিব্যক্তি প্রকাশ করে, তাকে ভাবাধিকরণ বলে। ভাবাধিকরণে সর্বদাই সপ্তমী বিভক্তির প্রয়োগ হয় বলে একে ভাবে সপ্তমী বলা হয়। যেমন: কান্নায় শোক কমে। সূর্যোদয়ে অন্ধকার দূরীভূত হয়।

▪ **অধিকরণ কারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার:**

ক. প্রথমা বা শূন্য বা অ বিভক্তি: আমি ঢাকা যাব। বাবা বাড়ি নেই। সারা রাত বৃষ্টি হয়েছে।
খ. তৃতীয়া বিভক্তি: খিলিপান (এর ভিতরে) দিয়ে ওষুধ খাবে।
গ. পঞ্চমী বিভক্তি : বাড়ি থেকে নদী দেখা যায়।
ঘ. সপ্তমীর তে- বিভক্তি : এ বাড়িতে কেউ নেই।
ঙ. সপ্তমীর এ- বিভক্তি : এ দেহে প্রাণ নেই।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. 'বাবাকে বড্ড ভয় পাই' এখানে 'বাবাকে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? *[হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়ের নিরীক্ষক: ২৩]*
ক কর্মে দ্বিতীয়া খ অপাদানে দ্বিতীয়া
গ কর্মে চতুর্থী ঘ অপাদানে পঞ্চমী উ. খ

২. জিজ্ঞাসিবে জনে জনে। বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? *[এলজিইডি'র কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক অপাদানে ৭মী খ কর্মে ৭মী
গ করণে ৭মী ঘ কর্তায় ৭মী উ. খ

৩. 'আজকে নগদ কালকে বাকি'- 'আজকে' কোন কারকে কোন বিভক্তি? *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক অপাদানে দ্বিতীয়া খ করণে তৃতীয়া
গ অধিকরণে দ্বিতীয়া ঘ কর্মে শূন্য উ. গ

৪. 'নদীতে মাছ আছে।'- এখানে 'নদীতে' কোন কারক? *[ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]*
ক কর্ম খ করণ
গ অপাদান ঘ অধিকরণ উ. ঘ

৫. পুকুরে মাছ আছে। এখানে 'পুকুরে' কোন কারকে কোন বিভক্তি? *[এলজিইডি'র ইলেক্ট্রিশিয়ান ও সার্ভেয়ার: ২৩]*
ক কর্তৃকারকে ৭মী খ অপাদান কারকে ৭মী
গ অধিকরণ কারকে ৭মী ঘ সম্প্রদানে ৭মী উ. গ

৬. 'দেশের জন্য সেবা কর'- এখানে 'দেশের' কোন কারকে কোন বিভক্তি? *[প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিস সহায়ক: ২৩]*
ক কর্তায় শূন্য খ কর্মে শূন্য
গ কর্মে ষষ্ঠী ঘ সম্প্রদানে ষষ্ঠী উ. ঘ

৭. 'ব্যায়ামে শরীর ভালো হয়' বাক্যে 'ব্যায়ামে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? *[বন অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*
ক কর্মে ৭মী খ করণে ৭মী
গ অপাদানে ৭মী ঘ অধিকরণে ৭মী উ. খ

৮. 'রাজিব বাংলা ব্যাকরণে ভালো' এটি কোন কারক? *[বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]*
ক অপাদান খ সম্প্রদান
গ অধিকরণ ঘ কর্মকারক উ. গ

৯. 'মনে পড়ে সেই জ্যৈষ্ঠের দুপুরে পাঠশালা পলায়ন' এখানে 'পাঠশালা' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? *[স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনিশিয়ান: ২৩]*
ক অপাদানে শূন্য খ কর্তৃকারকে শূন্য
গ করণে শূন্য ঘ কর্মে তৃতীয়া উ. ক

১০. 'আলোয় আঁধার দূর হয়' বাক্যে 'আলোয়' শব্দটি কোন কারকের উদাহরণ? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী:২৩]*
ক অপাদান খ করণ
গ সম্প্রদান ঘ অধিকরণ উ. খ

১১. 'অন্ধজনে দয়া কর' কোন কারকে কোন বিভক্তি? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ২৩]*
ক কর্মে সপ্তমী খ কর্তায় সপ্তমী
গ কর্মে শূন্য ঘ সম্প্রদানে সপ্তমী উ.ঘ

১২. 'ঝিনুক থেকে মুক্তা মেলে' এখানে 'ঝিনুক' কোন কারক? *[মন্ত্রিপরিষদ বিভাগের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক কর্মকারক খ সম্প্রদান কারক
গ অপাদান কারক ঘ করণ কারক উ. গ

১৩. 'বুলবুলিতে ধান খেয়েছে'- এ বাক্যের 'বুলবুলিতে' কোন কারকে কোন বিভক্তি? *[মন্ত্রিপরিষদ বিভাগের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক করণে ৭মী খ অধিকরণে ৭মী
গ কর্তায় ৭মী ঘ অপাদানে ৭মী উ. গ

১৪. তখনকার দিনে পায়ে হেঁটে চলতে হতো মাইলের পর মাইল। 'তখনকার' শব্দটি কোন কারক? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা: ২৩]*
ক অপাদান কারক খ করণ কারক
গ কর্তা কারক ঘ সম্বন্ধ কারক উ. ঘ

১৫. 'নীল আকাশের নিচে আমি রাস্তা চলেছি একা' এখানে 'রাস্তা' শব্দটির কারক ও বিভক্তি কোনটি? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক/ সহকারী ব্যবস্থাপক: ২৩]*
ক কর্মে শূন্য খ অপাদানে শূন্য
গ সম্প্রদানে শূন্য ঘ করণে শূন্য উ. ঘ

১৬. 'আমি ঢাকা যাব।' বাক্যে 'ঢাকা' কোন কারক? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক কর্তৃকারক খ কর্মকারক
গ করণ কারক ঘ অধিকরণ কারক উ. ঘ

১৭. বিভক্তি কত প্রকার? *[যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ২২]*
ক দুই প্রকার খ তিন প্রকার
গ চার প্রকার ঘ পাঁচ প্রকার উ. ক

১৮. কোনটি কর্মকারকে শূন্য বিভক্তি? *[যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার:২২]*
ক ডাক্তার ডাক খ লোক মুখে শোনা
গ বিপদে যেন না করি ভয় ঘ জলকে চল উ. ক

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১৯.'দশে মিলি করি কাজ'- এখানে 'দশে' কোন কারকে কোন বিভক্তি? [বাংলাদেশ রেলওয়ের খালাসী: ২২]
ক কর্তৃকারকে ৭মী খ সম্প্রদান কারকে ৭মী
গ কর্তৃকারকে ২য়া ঘ কর্তৃকারকে ৪র্থী উ. ক

২০.'ফুলে ফুলে শহীদ মিনার ভরে গেছে' কোন কারকে কোন বিভক্তি? [পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের পোস্টম্যান: ২২]
ক অধিকরণে ৭মী খ করণে ৭মী
গ করণে শূন্য ঘ অধিকরণে শূন্য উ. খ

২১.কারক কত প্রকার? [সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যসহকারী: ২২]
ক চার প্রকার খ পাঁচ প্রকার
গ ছয় প্রকার ঘ সাত প্রকার উ. গ

২২.নিচের কোনটি বিভক্তি নয়? [সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যসহকারী:২২]
ক দ্বারা খ থেকে
গ চেয়ে ঘ পর্যন্ত উ. ঘ

২৩.'আমরা স্বাধীন বাংলাদেশের নাগরিক' কোন কারকে কোন বিভক্তি? [সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যসহকারী: ২২]
ক কর্মে ৬ষ্ঠী খ করণে শূন্য
গ অধিকরণে ৬ষ্ঠী ঘ কর্তায় শূন্য উ. গ

২৪.যা ক্রিয়া সম্পাদন করে তাকে কী বলে? [সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী: ২২]
ক বিজ্ঞপ্তি খ উপসর্গ
গ অনুজ্ঞা ঘ কারক উ. ঘ

২৫.'আষাঢ়ে বৃষ্টি নামে'- বাক্যে 'আষাঢ়' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২২]
ক কর্তায় ৭মী খ কর্মে ৭মী
গ অপাদানে ৭মী ঘ অধিকরণে ৭মী উ. ঘ

২৬.'তিলে তৈল হয়'- এ বাক্যে কোন কারকে কোন বিভক্তি বিদ্যমান? [পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের উচ্চমান সহকারী: ২২]
ক কর্তৃকারকে প্রথমা খ অপাদান কারকে সপ্তমী
গ সম্প্রদান কারকে চতুর্থী ঘ অধিকরণ কারকে সপ্তমী উ. খ

২৭.ফুলের গন্ধে ঘুম আসেনা। চিহ্নিত শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [বাংলাদেশ রেলওয়ের পয়েন্টস্‌ম্যান: ২২]
ক অপাদানে ৬ষ্ঠী খ অপাদানে ১মা
গ কর্মে ৬ষ্ঠী ঘ কর্তায় ৬ষ্ঠী উ. ক

২৮.করণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ কোনটি সঠিক? [রেলওয়ের সহকারী স্টেশন মাস্টার: ২২]
ক ছাত্ররা বল খেলে খ ডাক্তার ডাক
গ হামিদ বই পড়ে ঘ বৃষ্টি পড়ে উ. ক

২৯.'ঘোড়া গাড়ি টানে' কোন কারক? [ডাক বিভাগের অফিস সহায়ক: ২২]
ক কর্তৃকারক খ কর্মকারক
গ অপাদান কারক ঘ অধিকরণ কারক উ. খ

৩০.বিভক্তিহীন নাম শব্দকে কী বলে? [বাংলাদেশ রেলওয়ের গার্ড: ২২]
ক ধাতু খ প্রাতিপদিক
গ উপসর্গ ঘ প্রত্যয় উ. খ

৩১.হুমায়ুন বাংলা ব্যাকরণে ভালো। কোন কারক? [বাংলাদেশ রেলওয়ের গার্ড (গ্রেড-২): ২২]
ক কর্ম কারক খ অধিকরণ কারক
গ অপাদান কারক ঘ করণ কারক উ. খ

৩২.'ভাইয়ে ভাইয়ে বেশ মিল' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [ঢাক অধিদপ্তরের হিসাব সহকারী/কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]
ক কর্তায় ১মা খ কর্মে ১মা
গ কর্তায় ৭মী ঘ করণে ৭মী উ. গ

৩৩.বুদ্ধি খাটিয়ে কাজ কর- কোন কারকে কোন বিভক্তি? [হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]
ক করণে শূন্য খ কর্মে শূন্য
গ করণে দ্বিতীয়া ঘ কর্তায় শূন্য উ. ক

৩৪.'জমি থেকে ফসল পাই' বাক্যটি কোন অর্থে অপাদান কারক ব্যবহৃত হয়েছে? [বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]
ক জাত খ রক্ষিত
গ বিচ্যুত ঘ গৃহীত উ. ক

৩৫.'সমুদ্রে মাছ আছে'- এখানে 'সমুদ্রে' কোন কারক? [বন্দর অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক: ২১]
ক কর্মকারক খ করণকারক
গ অপাদান কারক ঘ অধিকরণ কারক উ. ঘ

৩৬.'সকলকে মরতে হবে'- বাক্যে সকলকে কোন কারকে কোন বিভক্তি? [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ক্যাশিয়ার/স্টোর কিপার: ২১]
ক কর্মে ২য়া খ কর্তায় ৭মী
গ অপাদানে ৭মী ঘ কর্তায় ২য়া উ. ক

৩৭.'কাননে কুসুমকলি সকলি ফুটিল'- বাক্যে 'কুসুমকুলি' কোন কারকে কোন বিভক্তি? [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক:২১]
ক অপাদানে প্রথমা খ কর্তায় শূন্য
গ কর্মে শূন্য ঘ অধিকরণে শূন্য উ. গ

৩৮.জ্ঞানে বিমল আনন্দিত হয়- বাক্যটিতে 'জ্ঞানে' কোন কারক-বিভক্তি? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]
ক কর্মে দ্বিতীয়া খ করণে সপ্তমী
গ সম্প্রদানে চতুর্থী ঘ অপাদানে দ্বিতীয়া উ. খ

৩৯.'অর্থ অনর্থ ঘটায়' এর কারক ও বিভক্তি কী? [খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক কর্মে শূন্য খ করণে ২য়া
গ অপাদানে ২য়া ঘ কর্তায় শূন্য উ. ঘ

৪০.'গুণহীন চিরদিন থাকে পরাধীন' নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২১]
ক কর্তৃকারকে শূন্য খ কর্মকারকে শূন্য
গ করণ কারকে শূন্য ঘ অপাদান কারকে শূন্য উ. ক

৪১.'ছেলেরা বল খেলে'। এখানে 'ছেলেরা' কোন কারক? [বাংলাদেশ টেলিভিশনের ক্যাশিয়ার: ২১]
ক কর্তৃকারক খ কর্ম কারক
গ করণ কারক ঘ অধিকরণ কারক উ. ক

৪৩.বাক্যের ক্রিয়ার সাথে অন্যান্য পদের যে সম্পর্ক তাকে কী বলে? [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের স্টোরম্যান/ডেচপার রাইডার: ২১]
ক বিভক্তি খ কারক
গ প্রত্যয় ঘ অনুসর্গ উ. খ

৪৪.নিচের কোনটি ৬ ভাগে বিভক্ত? [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অফিস সহায়ক: ২১]

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ক প্রকৃতি খ প্রত্যয়
গ সমাস ঘ কারক উ. ঘ

৪৫.বসন্তে কোকিল ডাকে- এ বাক্যে 'বসন্তে' কোন কারক? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]*
ক অধিকরণ কারক খ অপাদান কারক
গ কর্মকারক ঘ করণ কারক উ. ক

৪৬.'কবির কাজ হচ্ছে কাব্য সৃষ্টি করা'- এখানে 'কাব্য' এর কারক বিভক্তি কোনটি? *[খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ২১]*
ক কর্মে শূন্য খ করণে শূন্য
গ অধিকরণে শূন্য ঘ কর্তায় শূন্য উ. ক

৪৭.'মেঘে বৃষ্টি হয়'- কোন কারকে কোন বিভক্তি? *[পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী: ২১]*
ক অধিকরণে ৭মী খ অপাদানে ৭মী
গ করণে ৭মী ঘ কর্মে ৭মী উ. খ

৪৮.'গুরুজনে ভক্তি কর।'- এখানে 'গুরুজনে' কোন কারক? *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*
ক কর্তৃকারক খ কর্মকারক
গ করণকারক ঘ সম্প্রদান কারক উ. ঘ

৪৯.কর্মবাচ্যের কর্তার কোন বিভক্তি হয়? *[খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]*
ক ষষ্ঠী খ প্রথমা
গ দ্বিতীয়া ঘ তৃতীয়া উ. ঘ

৫০.'তবু যেন তা মধুতে মাখা'- কোন কারকে কোন বিভক্তি? *[খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক অধিকরণে সপ্তমী খ কর্মে দ্বিতীয়া
গ অপাদানে সপ্তমী ঘ করণে সপ্তমী উ. ঘ

৫১.কারক ও বিভক্তি নির্ণয় কর: পাপে বিরত হও। *[এনএসআই এর ওয়াচার কনস্টেবল/ ফিল্ড স্টাফ: ২১]*
ক কর্মে ৭মী খ করণে ৫মী
গ অপাদানে ৭মী ঘ অধিকরণে ৫মী উ. গ

৫৩.'শীতার্তকে' বস্ত্র দাও- এখানে শীতার্তকে কোন কারকে কোন বিভক্তি? *[এনএসআই এর ওয়্যারলেস অপারেটর/ হিসাবরক্ষক: ২১]*
ক সম্প্রদানে চতুর্থী খ সম্প্রদানে শূন্য
গ নিমিত্তার্থে ঘ সম্প্রদানে ষষ্ঠী উ. ক

৫৩.'যেখানে বাঘের ভয়, সেখানে সন্ধ্যা হয়'- এখানে বাঘের কোন কারকে কোন বিভক্তি? *[এনএসআই এর ওয়্যারলেস অপারেটর/ হিসাবরক্ষক: ২১]*
ক অপাদানে শূন্য খ অপাদানে দ্বিতীয়া
গ অপাদানে পঞ্চমী ঘ অপাদানে ষষ্ঠী উ. ঘ

৫৪.'বাবা আমাকে একটি কলম কিনে দিয়েছেন।'- ইহা কোন কারক? *[এনএসআই এর ডেসপার রাইডার ও অফিস সহায়ক: ২১]*
ক কর্মকারক খ করণ কারক
গ সম্প্রদান কারক ঘ কর্তৃকারক উ. ক

৫৫.'সৎ পাত্রে কন্যা দান করিও।'- এখানে সৎ পাত্রে কোন কারক? *[এনএসআই এর ডেসপার রাইডার ও অফিস সহায়ক: ২১]*
ক কর্মকারক খ করণ কারক
গ সম্প্রদান কারক ঘ কর্তৃ কারক উ. গ

৫৬.'দেশের জন্য সেবা কর'- 'দেশের' কোন কারকে কোন বিভক্তি? *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক কর্তায় শূন্য খ কর্মে শূন্য
গ কর্মে ষষ্ঠী ঘ সম্পদ্রানে ষষ্ঠী উ. ঘ

৫৭.সাপের হাসি বেদেয় চেনে। রেখা চিহ্নিত শব্দটির কারক নির্ণয় করুন। *[রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২১]*
ক কর্মকারক খ কর্তৃকারক
গ করণকারক ঘ অপাদান উ. খ

৫৮.'আমি কি ডরাই সখি ভিখারি রাঘবে' কোন কারকে কোন বিভক্তি? *[এনএসআই এর কম্পিউটার অপারেটর: ২১]*
ক কর্মে প্রথমা খ অপাদানে সপ্তমী
গ অধিকরণে পঞ্চমী ঘ কর্মে সপ্তমী উ. খ

৫৯.'অণুতে গঠিত হিমাচল' কোন কারকে কোন বিভক্তি? *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]*
ক করণে সপ্তমী খ কর্তায় সপ্তমী
গ অপাদানে শূন্য ঘ অধিকরণে সপ্তমী উ. ক

৬০.মাননীয় প্রধানমন্ত্রী বললেন, 'গৃহহীনে গৃহ দাও'- এখানে 'গৃহহীনে' কোন কারক? *[এলজিইডি'র হিসাব সহকারী: ২১]*
ক করণ খ কর্ম
গ সম্প্রদান ঘ অধিকরণ উ. গ

৬১.'আয়ু যেন পদ্ম পাতায় নীর'- বাক্যে 'পদ্ম পাতায়' কোন কারক? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটর: ২১]*
ক কর্মকারক খ করণ কারক
গ অপাদান কারক ঘ অধিকরণ কারক উ. ঘ

৬২.এ সাবানে কাপড় কাচা চলবে না- এখানে 'সাবানে' কোন কারকে কোন বিভক্তি? *[যুব উন্নয়ন অধিদপ্তরের ক্রেডিট-সুপারভাইজার/সীট মুদ্রাক্ষরিক অপারেটর: ১৯]*
ক কর্তায় প্রথমা খ করণে প্রথমা
গ কর্মে সপ্তমী ঘ করণে সপ্তমী উ. ঘ

৬৩.'আজকে তোমায় দেখতে এলাম জগৎ আলো নূরজাহান'- চিহ্নিত শব্দটির কারক-বিভক্তি হবে- *[সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ১৯]*
ক করণে ৫মী খ অধিকরণে ২য়া
গ অপাদানে ২য় ঘ কর্মে ১মা উ. খ

৬৪.'বগুড়ার চিনিপাতা দই সুস্বাদু।'– বাক্যটির 'চিনিপাতা' কোন কারক? *[নিরাপদ খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ১৯]*
ক অধিকরণ খ অপাদান
গ করণ ঘ কর্ম উ. গ

৬৫.কারক নির্ণয় কর : ডাক্তার ডাক- *[মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়ের মাঠ সহকারী: ১৯]*
ক কর্তৃকারক খ কর্মকারক
গ করণকারক ঘ অধিকরণ কারক উ. খ

৬৬.'চণ্ডালে বসাও আনি রাজার আলয়ে'- এখানে 'চণ্ডালে' কোন কারকে কোন বিভক্তি? *[দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ১৯]*
ক কর্তৃকারকে ২য়া খ অপাদানে ৭মী
গ কর্মে ৭মী ঘ অধিকরণে ২য়া উ. গ

৬৭.'এ পেন্সিলে ভালো লেখা হয়।' এ বাক্যে 'পেন্সিলে' কোন কারকে কোন বিভক্তি? *[পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী: ১৯]*
ক অধিকরণে ৭মী খ কর্মে ৭মী
গ অপাদানে ৭মী ঘ করণে ৭মী উ. ঘ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

১. কারক কাকে বলে? কারক কত প্রকার? *[গণযোগাযোগ অধিদপ্তরের ঘোষক: ২৩]*

উ. কারক (কৃ+ণক) শব্দটির অর্থ যা ক্রিয়া সম্পাদন করে। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে নামপদের যে সম্পর্ক, তাকে কারক বলে। কারক ৬ প্রকার। যথা: ১. কর্তৃকারক, ২. কর্মকারক, ৩. করণ কারক, ৪. সম্প্রদান কারক, ৫. অপাদান কারক, ৬. অধিকরণ কারক। উল্লেখ্য, ৯ম-১০ শ্রেণির ব্যাকরণের নতুন সিলেবাসে 'সম্প্রদান কারক' বাদ দিয়ে এর স্থলে 'সম্বন্ধ কারক' প্রতিস্থাপন করা হয়েছে।

২. নিচের দাগ দেওয়া শব্দের কারক ও বিভক্তি নির্ণয় করুন: *[বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]*

ক. সব ঝিনুকে মুক্তা থাকে না। (অপাদানে ৭মী)
খ. বড় হও নিজের চেষ্টায়। (করণে ষষ্ঠী)
গ. টাকার লোভ ভালো না। (অপাদানে ৬ষ্ঠী)
ঘ. গৃহহীনে গৃহ দাও। (কর্মকারকে শূন্য)
ঙ. সকলকে মরতে হবে। (কর্তায় ২য়া)

৩. কারক ও বিভক্তি নির্ণয় করুন: *[বিভাগীয় কমিশনারের কার্যালয় (রংপুর) এর কম্পিউটার অপারেটর: ২৩]*

ক. কান্নায় শোক মন্দীভূত হয়। (ভাবাধিকরণে সপ্তমী)
খ. কালির দাগ সহজে মুছে না। (করণে ৬ষ্ঠী)
গ. ভাইয়ে ভাইয়ে বেশ মিল। (কর্তায় ৭মী)
ঘ. অন্ধজনে দেহ আলো। (সম্প্রদানে ৭মী)
ঙ. তিলে তৈল হয়। (অপাদানে ৭মী)

৪. কারক ও বিভক্তি নির্ণয় করুন: *[বঙ্গবন্ধু বিজ্ঞান ও ফেলোশিপ ট্রাস্টের অফিস সহায়ক: ২৩]*

ক. তিলে তৈল হয়। (অপাদানে ৭মী)
খ. ছাত্ররা বল খেলে। (করণে শূন্য)

৫. কারক ও বিভক্তি নির্ণয় করুন: *[সুরক্ষা সেবা বিভাগের সাঁট মুদ্রাক্ষরিক:২৩]*

ক. অসহায়কে সাহায্য করো। (সম্প্রদানে ৪র্থী)
খ. জামি ইংরেজি ব্যাকরণে ভালো। (অধিকরণে ৭মী)
গ. জমি থেকে ফসল পাই। (অপাদানে ৫মী)
ঘ. বনে বাঘ আছে। (অধিকরণে ৭মী)
ঙ. আমারে তুমি করিবে ত্রাণ এ নহে মোর প্রার্থনা। (কর্মে ২য়া)

৬. কারক ও বিভক্তি নির্ণয় করুন: *[ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

ক. আমারে তুমি করিবে ত্রাণ এ নহে মোর প্রার্থনা। (কর্মে ২য়া)
খ. ট্রেন ঢাকা ছাড়ল। (অপাদানে শূন্য)
গ. গুরুজনে ভক্তি কর- সম্প্রদানে ৭মী

৭. কারক ও বিভক্তি নির্ণয় করুন: *[গণযোগাযোগ অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*

ক. সমুদ্রজলে লবণ আছে। (অধিকরণে ৭মী)
খ. নতুন ধান্যে হবে নবান্ন। (করণে ৭মী)

৮. কারক ও বিভক্তি নির্ণয় করুন: *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের উপজেলা ব্যবস্থাপক: ২৩]*

ক. ছাদ থেকে নদী দেখা যায়। (অধিকরণে ৫মী)
খ. স্কুল পালানো ভালো না (অপাদানে শূন্য)

৯. কারক ও বিভক্তি নির্ণয় করুন: *[ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

ক. তিলে তৈল আছে। (অধিকরণে ৭মী)
খ. টাকায় কি না হয়। (করণে ৭মী)

১০. নিম্নলিখিত বাক্যগুলোর কারক ও বিভক্তি নির্ণয় করুন: *[মন্ত্রিপরিষদ বিভাগের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

ক. আলোয় আঁধার কেটে যায়। (করণে ৭মী)
খ. আকাশ মেঘে ঢাকা। (করণে ৭মী)
গ. কোথাও আমার হারিয়ে যেতে নেই মানা। (কর্তায় ষষ্ঠী)
ঘ. পাখিসব করে রব রাতি পোহাইল। (কর্তায় শূন্য)
ঙ. দেশের জন্য প্রাণ দাও। (সম্প্রদানে ষষ্ঠী)

১১. কারক ও বিভক্তি নির্ণয় করুন: *[পল্লী উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক:২৩]*

ক. ডাক্তার দেখিয়েছ? (কর্মে শূন্য)
খ. জ্ঞানের আলোয় আলোকিত হও। (করণে ৭মী)
গ. কান্নায় শোক মন্দীভূত হয়। (অধিকরণে ৭মী)
ঘ. সারারাত বৃষ্টি হয়েছে। (অধিকরণে শূন্য)

১২. কারক ও বিভক্তি নির্ণয় করুন: *[বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের কম্পিউটার অপারেটর: ২৩]*

ক. মন দিয়া করো সবে বিদ্যা উপার্জন। (করণে ৩য়া)
খ. অন্ধজনে দেহ আলো। (সম্প্রদানে ৭মী)
গ. খিলিপান দিয়ে ওষুধ খাবে। (অধিকরণে ৩য়া)
ঘ. সোমবার থেকে পরীক্ষা শুরু (অপাদানে ৫মী)

১৩. কারক নির্ণয় করুন: *[বন অধিদপ্তরের (বরিশাল) ফরেস্ট গার্ড: ২৩]*

ক. পাপে বিরত হও। (অপাদান কারক)
খ. দুয়ারে দাঁড়ায়ে প্রার্থী। (অধিকরণ কারক)
গ. ছাগলে কিনা খায়। (কর্তৃকারক)

১৪. কারক ও বিভক্তি নির্ণয় করুন: *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*

ক. অন্নহীনে অন্ন দাও। (সম্প্রদানে ৭মী)
খ. আমাকে যেতে হবে। (কর্তায় ২য়া)
গ. রহিম সাহেব ঢাকায় বসবাস করেন। (অধিকরণে ৭মী)
ঘ. ছাত্ররা ক্রিকেট খেলে। (কর্মে শূন্য)
ঙ. টাকায় টাকা হয়- কর্তৃকারকে ৭মী।

১৫. কারক ও বিভক্তি নির্ণয় করুন: *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের কম্পিউটার অপারেটর: ২৩]*

ক. বাবা বাড়িতে আছেন- অধিকরণে ৭মী।
খ. অন্ধজনে দেহ আলো- সম্প্রদানে ৭মী।
গ. জমি থেকে ফসল পাই- অপাদানে ৫মী।
ঘ. কুকর্মে বিরত হও- অপাদানে ৭মী।
ঙ. ছাত্ররা বল খেলে- করণে শূন্য।

১৬. কারক ও বিভক্তি নির্ণয় করুন: *[কৃষি বিপণন অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

ক. নদীতে এখন জোয়ার আসিবে- অধিকরণে ৭মী।
খ. সর্বছাত্রে জ্ঞান দেন শিক্ষকগণ- সম্প্রদানে ৭মী।
গ. লোকটি কান্নায় ভেঙ্গে পড়ল- করণে ৭মী।
ঘ. সৈন্যদল যুদ্ধে যাচ্ছে- কর্তায় শূন্য।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১৭. কোনটি কোন কারক: *[শেখ হাসিনা মেডিকেল কলেজ টাঙ্গাইলের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*

ক. নজরুল কর্তৃক অগ্নিবীণা রচিত হয়- কর্তায় ৩য়া
খ. ডাকাতেরা গৃহস্বামীর মাথায় লাঠি মেরেছে- করণে শূন্য
গ. জেলেরা নদী থেকে মাছ ধরছে- কর্মে শূন্য
ঘ. অন্ধজনে দেহ আলো, মৃতজনে দেহ প্রাণ- সম্প্রদানে ৭মী

১৮.কোনটি কোন কারক: *[শেখ হাসিনা মেডিকেল কলেজ টাঙ্গাইলের ল্যাবরেটরি: ২৩]*

ক. নজরুল কর্তৃক অগ্নিবীণা রচিত হয়- কর্তায় ৩য়া
খ. ডাকাতেরা গৃহস্বামীর মাথায় লাঠি মেরেছে- করণে শূন্য
গ. জেলেরা নদী থেকে মাছ ধরছে- কর্মে শূন্য
ঘ. অন্ধজনে দেহ আলো, মৃতজনে দেহ প্রাণ- সম্প্রদানে ৭মী

১৯.কারক ও বিভক্তি নির্ণয় করুন:

ক. শিক্ষক ছাত্রদের অংক করাচ্ছেন- কর্তৃকারকে শূন্য বিভক্তি
খ. শরতে কাশফুল ফোঁটে- অধিকরণে ৭মী
গ. জ্ঞানের আলোয় আলোকিত হও- করণে ৭মী
ঘ. বিপদে মোরে রক্ষা কর এ নহে মোর প্রার্থনা- অপাদানে ৭মী

২০.কারক ও বিভক্তি নির্ণয় করুন: *[সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ক্যাশিয়ার:২৩]*

ক. ভিখারিকে ভিক্ষা দাও- সম্প্রদানে ৪র্থী
খ. বাবাকে বড্ড ভয় পাই- অপাদানে ২য়া
গ. এ বাড়িতে কেউ নেই- অধিকরণে ৭মী
ঘ. ডাক্তার ডাক- কর্মে শূন্য
ঙ. রহিম বাড়ি যায়- কর্তায় শূন্য

২১.কারক ও বিভক্তি নির্ণয় করুন: *[কর অঞ্চল-১, চট্টগ্রামের উচ্চমান সহকারী: ২৩]*

ক. টাকার লোভ মানুষকে ধ্বংস করে- কর্মে ষষ্ঠী
খ. হাসিতে তার মুক্তা ঝরে- অপাদানে ৭মী
গ. একদিন পাপের ফল ফলিবে- অধিকরণে শূন্য
ঘ. ব্যায়ামে শরীর ভালো থাকে- করণে ৭মী
ঙ. আমি কি ডরাই সখি ভিখারী রাঘবে?- অপাদানে ৭মী

২২.কারক ও বিভক্তি নির্ণয় করুন: *[জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

ক. বুলবুলিতে ধান খেয়েছে- কর্তায় ৭মী
খ. শিল্পীকে ডাকো- কর্মে ২য়া
গ. শরতে ধরাতল শিশিরে ঝলমল- করণে ৭মী
ঘ. পাঠে মন দাও- অধিকরণে ৭মী
ঙ. তিলে তৈল আছে- অধিকরণে ৭মী

২৩.কারক ও বিভক্তি নির্ণয় করুন: *[জাতীয় ক্রীড়া পরিষদের সাঁট মুদ্রাক্ষরিক: ২২]*

ক. কান্নায় শোক মন্দীভূত হয়- অধিকরণে ৭মী
খ. অন্ধজনে দেহ আলো- সম্প্রদানে ৭মী
গ. আমারে তুমি করিবে ত্রাণ এ নহে মোর প্রার্থনা- কর্মে ২য়া
ঘ. জগতে কীর্তিমান হও সাধনায়- করণে ৭মী

২৪.কারক ও বিভক্তি নির্ণয় করুন: *[সমাজসেবা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২০]*

ক. ডাক্তার ডাক- কর্মে শূন্য
খ. তিলে তৈল আছে- অধিকরণে ৭মী

অনুসর্গ

বাংলা ভাষায় যে অব্যয় শব্দগুলো কখনো স্বাধীন পদ রূপে, আবার কখনো শব্দ বিভক্তির ন্যায় বাক্যে ব্যবহৃত হয়ে বাক্যের অর্থ প্রকাশে সাহায্য করে, সেগুলোকে অনুসর্গ বা কর্মপ্রবচনীয় বলে। যেমন: সে কাজ ছাড়া কিছুই বোঝে না।

✓ শব্দের আগে বসে : উপসর্গ।
✓ শব্দের পরে বসে : অনুসর্গ, প্রত্যয়, বিভক্তি, পদাশ্রিত নির্দেশক।

- অনুসর্গকে দুই ভাগে ভাগ করা যায়। যথা: সাধারণ অনুসর্গ ও ক্রিয়াজাত অনুসর্গ।

ক. সাধারণ অনুসর্গ: যেসব অনুসর্গ ক্রিয়া ছাড়া অন্য শব্দ থেকে তৈরি হয়, সেগুলোকে সাধারণ অনুসর্গ বলে। যেমন:

উপরে : মাথার উপরে নীল আকাশ।
কাছে : আমার কাছে আর কে আসবে? (নিকট অর্থে)

খ. ক্রিয়াজাত অনুসর্গ: যেসব অনুসর্গ ক্রিয়াপদ থেকে তৈরি হয়েছে, সেগুলোকে ক্রিয়াজাত অনুসর্গ বলে। যেমন:

করে : ভালো করে খেয়ে নাও।
থেকে : ঢাকা থেকে বরিশাল যেতে পদ্মা নদী পার হতে হয়।

√ বাংলা ভাষায় অসংখ্য অনুসর্গ আছে। যথা: অধিক, অবধি, অপেক্ষা, অভিমুখে, আগে, উপরে, ওপর, কর্তৃক, করে, কাছে, কারণে, চেয়ে, ছাড়া, জন্যে, জন্য, তরে, থেকে, দরুন, দিকে, দ্বারা, দিয়া, দিয়ে, ধরে, নাগাদ, নিচে, নামে, নিকট, পর্যন্ত, পরে, প্রতি, পাশে, পাছে, পিছনে, পানে, পক্ষে, বদলে, বনাম, বরাবর, বাইরে, বাদে, বাবদ, বিনা, বিহনে, বই, ব্যতীত, ভিতরে, ভেতর, ভিন্ন, মাঝে, মতো, মধ্যে, লেগে, সহ, সম্মুখে, হইতে, হতে, হেতু, ইত্যাদি।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. অনুসর্গকে কতভাগে ভাগ করা যায়? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা: ২৩]*

ক দুই খ তিন
গ চার ঘ পাঁচ
উ. ক

২. অনুসর্গ সাধারণত কোথায় বসে? *[ডাক অধিদপ্তরের হিসাব সহকারী/ কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*

ক শব্দের পূর্বে খ শব্দের পরে
গ শব্দের মধ্যে ঘ বাক্যের শেষে
উ. খ

৩. কোনটি অনুসর্গ নয়? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটর:২১]*

ক অপেক্ষা খ অন্য
গ চেয়ে ঘ জন্য
উ. খ

৪. 'এ জন্মের তরে বিদায় নিলাম' এ বাক্যে 'তরে' অনুসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে? *[পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী: ১৯]*

ক জন্যে খ মত
গ সহকারে ঘ ন্যায়
উ. খ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বাক্য

যে সুবিন্যস্ত পদসমষ্টি দ্বারা কোনো বিষয়ে বক্তার মনোভাব সম্পূর্ণরূপে প্রকাশ পায়, তাকে বাক্য বলে। যেমন: সজল ও লতা বই পড়ে। প্রতিটি বাক্যের প্রধানত দুটি অংশ থাকে। যথা: উদ্দেশ্য ও বিধেয়।

উদ্দেশ্য: বাক্যের যে অংশে কাউকে উদ্দেশ্য করে কিছু বলা হয়, তাকে উদ্দেশ্য বলে।

বিধেয়: উদ্দেশ্য সম্বন্ধে যা বলা হয়, তাকে বিধেয় বলে। যেমন: খোকা এখন বই পড়ছে। সুমন বল খেলে। (এখানে 'সুমন' হলো উদ্দেশ্য এবং '*বল খেলে*' হলো বিধেয়।)

◆ বাক্যের বিধেয় অংশে ক্রিয়া থাকা-না থাকা বিবেচনায় বাক্যকে দুই ভাগে ভাগ করা হয়। যথা:

১. **সক্রিয় বাক্য:** যেসব বাক্যের বিধেয় অংশে ক্রিয়া থাকে, সেগুলোকে সক্রিয় বাক্য বলে। যেমন: আমার মা চাকরি করেন।

২. **অক্রিয় বাক্য:** যেসব বাক্যের বিধেয় অংশে ক্রিয়া থাকে না, সেগুলোকে অক্রিয় বাক্য বলে। যেমন: তিনি বাংলাদেশের নাগরিক।

● একটি সার্থক বাক্যের তিনটি গুণ থাকা আবশ্যক। যথা:

১. **আকাঙ্ক্ষা:** বাক্যের অর্থ পরিষ্কারভাবে বোঝার জন্য এক পদের পর অন্য পদ শোনার যে ইচ্ছা, তাই আকাঙ্ক্ষা। যেমন: 'চন্দ্র পৃথিবীর চারদিকে.....'। এটি অসম্পূর্ণ বাক্য। এখানে আরও কিছু শোনার ইচ্ছা থাকে। কিন্তু 'চন্দ্র পৃথিবীর চারদিকে ঘোরে'। এটি বললে আকাঙ্ক্ষার পরিসমাপ্তি ঘটে।

২. **আসত্তি:** বাক্যের অর্থসঙ্গতি রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসই আসত্তি। যেমন: স্কুলে আমি খেয়ে যাবো ভাত। এ বাক্যে পদগুলো ঠিকভাবে বিন্যস্ত না হওয়ায় বক্তার মনোভাব স্পষ্ট বোঝা যায় না। কিন্তু 'আমি ভাত খেয়ে স্কুলে যাবো' বললে বক্তার মনোভাব পূর্ণভাবে প্রকাশ পায়। সুতরাং বাক্যটি আসত্তিসম্পন্ন।

যোগ্যতা: বাক্যস্থিত পদসমূহের অর্থগত এবং ভাবগত মিলবন্ধনের নাম যোগ্যতা। যেমন: বর্ষার বৃষ্টিতে প্লাবনের সৃষ্টি হয়। এটি একটি যোগ্যতা সম্পন্ন বাক্য। কিন্তু 'বর্ষার রৌদ্র প্লাবনের সৃষ্টি করে'- এটি ভাবপ্রকাশের যোগ্যতা হারিয়েছে। কারণ, রৌদ্র প্লাবন সৃষ্টি করে না।

ভাষার মূল উপকরণ	বাক্য
ভাষার মূল উপাদান	ধ্বনি
ভাষার বৃহত্তম একক	বাক্য
ভাষার ক্ষুদ্রতম একক	ধ্বনি
বাক্যের মৌলিক উপাদান	শব্দ
বাক্যের মূল উপাদান	শব্দ
বাক্যের মূল উপকরণ	শব্দ
বাক্যের ক্ষুদ্রতম একক	শব্দ
শব্দের মূল উপাদান	ধ্বনি
শব্দের মূল উপকরণ	ধ্বনি
শব্দের ক্ষুদ্রতম একক	ধ্বনি

● গঠন অনুযায়ী বাক্য তিন প্রকার। যথা: সরল বাক্য, মিশ্র বা জটিল বাক্য ও যৌগিক বাক্য।

■ **সরল বাক্য:** যে বাক্যে একটি মাত্র কর্তা (উদ্দেশ্য) এবং একটি মাত্র সমাপিকা ক্রিয়া (বিধেয়) থাকে, তাকে সরল বাক্য বলে। যেমন: আয়নাল (উদ্দেশ্য) এখন বই লিখছে (বিধেয়)। পুকুরে পদ্মফুল জন্মে। বিদ্বান লোক সকলের শ্রদ্ধার পাত্র। ধনের ধর্মই অসাম্য।

√ বাক্যের শুরুতে অসমাপিকা ক্রিয়া এবং পরে সমাপিকা ক্রিয়া থাকলে সরল বাক্য গঠিত হয়। যেমন: তুমি আসবে বলে হে স্বাধীনতা, সখিনা বিবিরি কপাল ভাঙল। প্রদত্ত উদাহরণটিতে অসমাপিকা ক্রিয়া 'বলে' এর মাধ্যমে বাক্যের কর্তা গঠিত হয়েছে এবং এতে একটি সমাপিকা ক্রিয়া 'ভাঙল' বিদ্যমান। সুতরাং, এটি সরল বাক্য।

■ **সরল বাক্যকে জটিল বা মিশ্র বাক্যে রূপান্তর:**
সরল বাক্যকে জটিল বা মিশ্র বাক্যে রূপান্তর করতে হলে নিম্নলিখিত নিয়ম অনুসরণ করতে হবে।

ক. অর্থের পরিবর্তন করা যাবে না।

খ. সরল বাক্যের সমাপিকা ক্রিয়া ও কর্তাকে পরিবর্তন করা যাবেনা। তবে একে জটিল বাক্যের প্রধান উপবাক্য হিসেবে প্রকাশ করতে হবে।

গ. প্রধান উপবাক্যকে সাপেক্ষবাচক সর্বনাম (যে-সে, যিনি-তিনি, যাহা-তাহা, যতক্ষণ-ততক্ষণ ইত্যাদি) দিয়ে সংযুক্ত করতে হবে।

ঘ. অপ্রধান উপবাক্যকে নিত্য সম্বন্ধীয় অব্যয় (বটে-কিন্তু, যেই-সেই, যেমন-তেমন, যদি, তবু ইত্যাদি) দিয়ে সংযুক্ত করতে হবে।

সরল বাক্য	জটিল বা মিশ্র বাক্য
সত্য বললে মুক্তি পাবে	যদি সত্য বল, তাহলে মুক্তি পাবে
তার দর্শনমাত্রই আমরা প্রস্থান করলাম	যে-ই তার দর্শন পেলাম, সে-ই আমরা প্রস্থান করলাম
ভাল ছেলেরা শিক্ষকের আদেশ পালন করে।	যারা ভাল ছেলে, তারা শিক্ষকের আদেশ পালন করে।
ভিক্ষুককে দান কর।	যে ভিক্ষা চায়, তাকে দান কর।

■ **সরল বাক্যকে যৌগিক বাক্যে রূপান্তর:**
সরল বাক্যকে যৌগিক বাক্যে রূপান্তর করতে হলে নিম্নলিখিত নিয়ম অনুসরণ করতে হবে।

ক. সরল বাক্যের কর্তা ও সমাপিকা ক্রিয়া অপরিবর্তিত থাকবে।

খ. সরল বাক্যের অসমাপিকা ক্রিয়া সম্প্রসারিত হয়ে নিরপেক্ষ উপবাক্যে পরিণত হবে।

গ. প্রধান উপবাক্যগুলোকে সংযোজক অব্যয় 'ও', 'আর', 'এবং' ইত্যাদি; বিয়োজক অব্যয় 'বা', 'কিংবা', 'অথবা', 'নচেৎ' ইত্যাদি; এবং সংকোচক অব্যয় 'কিন্তু', 'তবে', 'তথাপি' ইত্যাদি সহযোগে পরস্পরকে সংযুক্ত করে নিতে হবে।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

সরল বাক্য	যৌগিক বাক্য
তার বয়স বাড়লেও বুদ্ধি বাড়েনি।	তার বয়স বেড়েছে, কিন্তু বুদ্ধি বাড়েনি।
বিপদ-দুঃখ এক সময়ে আসে।	বিপদ এবং দুঃখ এক সময়ে আসে
ভিক্ষুককে টাকা দাও।	কিছু লোক ভিক্ষা করে, ওদের টাকা দাও।

- **মিশ্র বা জটিল বাক্য:** যে বাক্যে একটি প্রধান খণ্ডবাক্যের সাথে এক বা একাধিক আশ্রিতবাক্য পরস্পর সাপেক্ষভাবে ব্যবহৃত হয়, তাকে মিশ্র বা জটিল বাক্য বলে। যে-সে, যারা-তারা, যিনি-তিনি, যা-তা প্রভৃতি সাপেক্ষ সর্বনাম এবং যদি-তবে, যদিও-তবুও, যেহেতু-সেহেতু, যত-তত, যেটুকু-সেটুকু, যেমন-তেমন, যখন-তখন প্রভৃতি সাপেক্ষ যোজক দিয়ে যখন অধীন বাক্যগুলো যুক্ত থাকে, তাকে জটিল বাক্য বলে। যেমন: যদি তোমার কিছু বলার থাকে, তবে এখনই বলে ফেলো।

আশ্রিত বাক্য	প্রধান খণ্ডবাক্য
যে পরিশ্রম করে,	সেই সুখ লাভ করে।
সে যে অপরাধ করেছে,	তা মুখ দেখেই বুঝেছি।
যতই পরিশ্রম করবে,	ততই ফল লাভ করবে।
যদি তুমি যাও,	তবে তার দেখা পাবে।

- **জটিল বা মিশ্র বাক্যকে সরল বাক্যে রূপান্তর:**
জটিল বা মিশ্র বাক্যকে সরল বাক্যে রূপান্তর করতে হলে নিম্নলিখিত নিয়ম অনুসরণ করতে হবে।

ক. বাক্যের অর্থ অপরিবর্তিত থাকবে।
খ. মিশ্র বাক্যের অপ্রধান খণ্ডবাক্যটিকে সংকুচিত করে একটি পদ বা বাক্যাংশে রূপান্তরিত করতে হবে।
গ. প্রধান খণ্ডবাক্যটির কর্তা ও সমাপিকা ক্রিয়া অপরিবর্তিত থাকবে।
ঘ. মিশ্র বাক্যে যে সম্বন্ধসূচক অব্যয় অথবা সম্মানবাচক সর্বনাম পদ রয়েছে তাকে বিলুপ্ত করতে হবে।
ঙ. বাক্য সংকোচনের ক্ষেত্রে সমাস, প্রত্যয় অথবা ভিন্ন শব্দের সাহায্য গ্রহণ করা যাবে। প্রয়োজন হলে ন্যায়, মত, সদৃশ ইত্যাদি তুলনাবাচক শব্দ ব্যবহার করা যাবে।

জটিল বা মিশ্র বাক্য	সরল বাক্য
যিনি পরের উপকার করেন, তাঁকে সকলেই শ্রদ্ধা করে।	পরের উপকারকারীকে সকলেই শ্রদ্ধা করে।
যেমন কাজ করবে, তেমন ফল পাবে।	কাজ অনুযায়ী ফল পাবে।
যারা পরিশ্রম করে, তারা জীবনে সফল হয়।	পরিশ্রমীরা জীবনে সফল হয়।
যখন সে সুসংবাদটা পেল, তখন সে আনন্দিত হলো।	সুসংবাদটা পেয়ে সে আনন্দিত হলো।

- **জটিল বা মিশ্র বাক্যকে যৌগিক বাক্যে রূপান্তর :**
জটিল বা মিশ্র বাক্যকে যৌগিক বাক্যে রূপান্তর করতে হলে নিম্নলিখিত নিয়ম অনুসরণ করতে হবে।

ক. প্রধান স্বনির্ভর উপবাক্যটি যেন পরিবর্তিত না হয়, সেদিকে লক্ষ্য রাখতে হবে।
খ. এক্ষেত্রে অপ্রধান উপবাক্যকে প্রধান স্বনির্ভর উপবাক্যে পরিণত করে নিতে হবে।
গ. সংযোজক অব্যয় 'ও', 'আর' ইত্যাদি; বিয়োজক অব্যয় 'বা', 'কিংবা', 'অথবা', 'নচেৎ' ইত্যাদি; এবং সিদ্ধান্তমূলক অব্যয় 'সুতরাং', 'অতএব' ইত্যাদি যোগে স্বনির্ভর বাক্যগুলোকে সংযুক্ত করে নিতে হবে।

জটিল বা মিশ্র বাক্য	যৌগিক বাক্য
যদি তোর ডাক শুনে কেউ না আসে তবে একলা চলো রে।	তোর ডাক শুনে কেউ না আসতে পারে, একলা চলতে হবে।
যদিও ছোট, তবু রসে ভরা।	ছোট কিন্তু রসে ভরা।
যখন বিপদ আসে, তখন দুঃখও আসে।	বিপদ এবং দুঃখ এক সময়ে আসে।

- **যৌগিক বাক্য:** পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্য মিলিত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করলে, তাকে যৌগিক বাক্য বলে।
দ্রষ্টব্য: যৌগিক বাক্যের অন্তর্গত নিরপেক্ষ বাক্যগুলো এবং, ও, আর, বা, কিন্তু, অথবা, অথচ, বরং, সেজন্য, ফলে, তথাপি প্রভৃতি অব্যয় যোগে সংযুক্ত বা সমন্বিত থাকে। যেমন: তিনি সৎ কিন্তু কৃপণ। সত্য কথা বলিনি তাই বিপদে পড়েছি। আমি পড়াশোনা শেষ করব; তারপর খেলতে যাব। জননেতা জনগণকে উৎসাহিত করলেন বটে, কিন্তু কোনো পথ দেখাতে পারলেন না।

- **যৌগিক বাক্যকে সরল বাক্যে রূপান্তর:**
যৌগিক বাক্যকে সরল বাক্যে রূপান্তর করতে হলে নিম্নলিখিত নিয়ম অনুসরণ করতে হবে।

ক. বাক্যসমূহের একটি সমাপিকা ক্রিয়াকে অপরিবর্তিত রাখতে হয়।
খ. অন্যান্য সমাপিকা ক্রিয়াকে অসমাপিকা ক্রিয়ায় পরিণত করতে হয়।
গ. অব্যয় পদ থাকলে তা বর্জন করতে হয়।
ঘ. প্রধান খণ্ডবাক্যকে রেখে অন্য খণ্ডবাক্যকে সংকুচিত করতে হবে।

যৌগিক বাক্য	সরল বাক্য
তুমি অধম, তাই বলে আমি উত্তম হবো না কেন?	তুমি অধম বলে আমি উত্তম হবো না কেন?
তার বয়স হয়েছে, কিন্তু বুদ্ধি হয়নি	তার বয়স হলেও বুদ্ধি হয়নি
মেঘ গর্জন করে, তবে ময়ূর নৃত্য করে।	মেঘ গর্জন করলে ময়ূর নৃত্য করে।

- **যৌগিক বাক্যকে জটিল বা মিশ্র বাক্যে রূপান্তর:**
যৌগিক বাক্যকে জটিল বা মিশ্র বাক্যে রূপান্তর করতে হলে নিম্নলিখিত নিয়ম অনুসরণ করতে হবে।

ক. বাক্যের অর্থ অপরিবর্তিত থাকবে।
খ. প্রধান খণ্ডবাক্যগুলোর মধ্যে একটি ছাড়া অন্যগুলোকে অপ্রধান খণ্ডবাক্যে পরিণত করতে হবে।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

গ. নিরপেক্ষ বাক্য দুটির প্রথমটির আগে যদি/যদিও এবং দ্বিতীয়টির আগে তাহলে/তথাপিও বা তবুও ইত্যাদি ব্যবহার করতে হবে।

ঘ. নিরপেক্ষসূচক অব্যয়ের পরিবর্তে প্রয়োজনে সাপেক্ষসূচক অব্যয় ব্যবহার করা যাবে।

যৌগিক বাক্য	জটিল বা মিশ্র বাক্য
মেঘ গর্জন করে, তবে ময়ূর নৃত্য করে।	যখন মেঘ গর্জন করে, তখন ময়ূর নৃত্য করে
তিনি অত্যন্ত দরিদ্র কিন্তু তাঁর অন্তঃকরণ অতিশয় উচ্চ।	যদিও তিনি অত্যন্ত দরিদ্র, তথাপি তাঁর অন্তঃকরণ অতিশয় উচ্চ।
ছেলেটির বয়স অল্প, কিন্তু বেশ বুদ্ধিমান।	যদিও ছেলেটির বয়স অল্প; তবু বেশ বুদ্ধিমান।

- অর্থানুসারে বাক্য সাত প্রকার। যথা:

ক. বিবৃতিমূলক বা বর্ণনামূলক বা নির্দেশমূলক বাক্য। যেমন:
এখান থেকে যাও (নির্দেশাত্মক)।
আমি ভাত খাই (বিবৃতিমূলক)।
সে ঢাকা যাবে (হ্যাঁ-বাচক)।
আমি বলতে চাই না (না-বাচক)।

খ. প্রশ্নবাচক বাক্য। যেমন: তোমার নাম কী? কী পড়ছ? যাবে নাকি? সুন্দরবনকে কোন ধরনের বনাঞ্চল বলা হয়?

গ. অনুজ্ঞা বা আদেশসূচক বাক্য। যেমন: বল বীর বল উন্নত মম শির। উঠে দাঁড়াও। আমাকে একটি কলম দাও।

ঘ. ইচ্ছা বা প্রার্থনাসূচক বাক্য। যেমন: মহারাজের জয় হোক। তোমার মঙ্গল হোক। ঈশ্বর তোমাকে জয়ী করুন।

ঙ. কার্যকারণাত্মক বাক্য। যেমন: কষ্ট না করলে কেষ্ট মিলে না।

চ. সংশয়সূচক বাক্য। যেমন: বোধ হয়, ছেলেটা চাকুরি পেয়ে যাবে।

ছ. বিস্ময় বা আবেগসূচক বাক্য। যেমন: হে সিন্ধু! বন্ধু মোর-মজিনু তব রূপে। হুররে আমরা জিতেছি! দারুণ!

✓ স্বরভঙ্গি তথা বাক্‌ভঙ্গির সাহায্যে ক্রোধ, আদর, আনন্দ, দুঃখ, বিরক্তি, বিস্ময়, লজ্জা, ঘৃণা প্রভৃতি বিভিন্ন প্রকার অনুভূতি প্রকাশ করা যায়। যথা:

১. সাধারণ বিবৃতিতে: সে আজ যাবে।
২. জিজ্ঞাসায় : সে আজ যাবে?
৩. বিস্ময় প্রকাশে : সে আজ যাবে!
৪. ক্রোধ প্রকাশে : আমি তোমাকে দেখে নেব।
৫. আদর বোঝাতে : বড্ড শুকিয়ে গেছিস রে।
৬. আনন্দ প্রকাশে : বেশ বেশ, খুব ভাল হয়েছে!
৭. দুঃখ প্রকাশে : আহা, গাছ থেকে পড়ে পা ভেঙেছে!
৮. বিরক্তি প্রকাশে : আঃ, ভাল লাগছে না, এখন যাও তো।
৯. ভীতি প্রদর্শনে : যাবি কি না বল?
১০. লজ্জা প্রকাশে : ছিঃ ছিঃ, তার সঙ্গে পারলে না।
১১. ধিক্কার দিতে : ছিঃ তোমার এই কাজ!
১২. ঘৃণা প্রকাশে : তুমি এত নীচ!
১৩. অনুরোধ প্রকাশে : কাজটি করে দাও না ভাই।
১৪. প্রার্থনা : ঈশ্বর তোমার মঙ্গল করুন।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. 'আমি যাব, তবে কাল যাব।' কোন ধরনের বাক্য? *[ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]*
ক যৌগিক বাক্য খ সরল বাক্য
গ জটিল বাক্য ঘ মিশ্র বাক্য **উ. ক**

২. 'তিনি ধনী কিন্তু কৃপণ' কোন জাতীয় বাক্য? *[বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]*
ক মিশ্র খ সরল
গ যৌগিক ঘ জটিল **উ. গ**

৩. 'লোকটি ধনী কিন্তু কৃপণ'- এটি কোন ধরনের বাক্য? *[নির্বাচন কমিশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক জটিল খ যৌগিক
গ সরল ঘ মিশ্র **উ. খ**

৪. গঠন অনুসারে বাংলা বাক্য কত প্রকার? *[নির্বাচন কমিশনের অফিস সহায়ক: ২৩]*
ক ২ প্রকার খ ৩ প্রকার
গ ৪ প্রকার ঘ ৫ প্রকার **উ. খ**

৫. 'তার চুল পেকেছে কিন্তু বুদ্ধি বাড়েনি'- কোন ধরনের বাক্য? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক সরল বাক্য খ জটিল বাক্য
গ যৌগিক বাক্য ঘ মিশ্র বাক্য **উ. গ**

৬. 'সকল প্রার্থীগণ সভায় উপস্থিত ছিলেন' বাক্যটি কোন দোষে দুষ্ট? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক বাহুল্য দোষ খ উপমার ভুল প্রয়োগ
গ গুরুচণ্ডালি দোষ ঘ কোনোটিই নয় **উ. ক**

৭. যে বাক্যে একটি মাত্র ক্রিয়া থাকে তাকে কোন বাক্য বলে? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা: ২৩]*
ক সরল খ যৌগিক
গ জটিল ঘ অধীন **উ. ক**

৮. এক বা একাধিক শব্দ দিয়ে গঠিত পূর্ণ অর্থবোধক ভাষিক এককে কি বলে? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিদর্শিকা: ২৩]*
ক বাক্য খ বাক্যাংশ
গ উদ্দেশ্য ঘ বিধেয় **উ. ক**

৯. 'এতক্ষণ অপেক্ষা করলাম কিন্তু গাড়ি পেলাম না'- এটি কোন শ্রেণির বাক্য? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর:২৩]*
ক সরল খ জটিল
গ মিশ্র ঘ যৌগিক **উ. ঘ**

১০. মনের কোন ভাব পূর্ণরূপে প্রকাশ পায় কিসে? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমএলএস/ নিরাপত্তা প্রহরী: ২৩]*
ক বাক্যে খ পদে
গ শব্দে ঘ ধ্বনিতে **উ. ক**

১১. 'তার বয়স হয়েছে কিন্তু বুদ্ধি হয়নি' এটি কোন ধরনের বাক্য? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমএলএস/ নিরাপত্তা প্রহরী: ২৩]*
ক যৌগিক খ সরল
গ মিশ্র ঘ জটিল **উ. ক**

১২. জটিল বাক্যের অন্য নাম কী? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমএলএস/ নিরাপত্তা প্রহরী: ২৩]*
ক মিশ্র বাক্য খ সরল বাক্য

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

(গ) যৌগিক বাক্য (ঘ) প্রধান খণ্ড বাক্য উ. ক

১৩.বাক্যের একক কী? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমএলএস: ২৩]*
(ক) উক্তি (খ) বাক্য
(গ) শব্দ (ঘ) বিভক্তি উ. গ

১৪.বাক্যের মৌলিক উপাদান কোনটি? *[দুদকের কোর্ট পরিদর্শক: ২২]*
(ক) শব্দ (খ) বর্ণ
(গ) ভাষা (ঘ) ধ্বনি উ. ক

১৫.একটি আদর্শ বাক্যে কয়টি গুণ থাকা আবশ্যক? *[সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যসহকারী: ২২]*
(ক) ২টি (খ) ৩টি
(গ) ৪টি (ঘ) ৫টি উ. খ

১৬.'সকল শিক্ষকগণ আজ উপস্থিত'- বাক্যটি কোন দোষে দুষ্ট? *[সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যসহকারী: ২২]*
(ক) গুরুচণ্ডালী (খ) বাহুল্য দোষে
(গ) দুর্বোধ্যতা দোষে (ঘ) বিদেশি শব্দ দোষে উ. খ

১৭.'বিপদ এবং দুঃখ একই সঙ্গে আসে' বাক্যটি- *[সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যসহকারী: ২২]*
(ক) সরল (খ) জটিল
(গ) যৌগিক (ঘ) মিশ্র উ. গ

১৮.'কোথাও পথ পেলাম না বলে তোমার কাছে এসেছি।' বাক্যটি কোন প্রকারে? *[রেলওয়ের সহকারী স্টেশন মাস্টার: ২২]*
(ক) সরল (খ) জটিল
(গ) যৌগিক (ঘ) মিশ্র উ. ক

১৯.ভাষার মূল উপকরণ কী? *[রেলওয়ের সহকারী লোকোমটিভ মাস্টার: ২২]*
(ক) শব্দ (খ) বাক্য
(গ) ধ্বনি (ঘ) বর্ণ উ. খ

২০.'তার চুল পেকেছে কিন্তু বুদ্ধি পাকেনি'- এটি *[ডাক অধিদপ্তরের হিসাব সহকারী/কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
(ক) মিশ্র বাক্য (খ) সরল বাক্য
(গ) যৌগিক বাক্য (ঘ) জটিল বাক্য উ. গ

২১.'জ্ঞানী লোক সকলের সম্মান পান'- এটি কোন ধরনের বাক্য? *[রাজউক এর ইমারত পরিদর্শক: ২২]*
(ক) সরল (খ) মিশ্র
(গ) যৌগিক (ঘ) জটিল উ. ক

২২.'আমি যাব, তবে কাল যাব।'- এটি কোন ধরনের বাক্য? *[মৎস্য অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক: ২১]*
(ক) যৌগিক বাক্য (খ) জটিল বাক্য
(গ) মিশ্র বাক্য (ঘ) সরল বাক্য উ. ক

২৩.বিবৃতিমূলক বাক্য কোনটি? *[মৎস্য অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক:২১]*
(ক) তোমার মঙ্গল হোক। (খ) তোমার আজ কি পরীক্ষা?
(গ) সে ঢাকা যাবে না। (ঘ) তাজ্জব ব্যাপার! উ. গ

২৪.বাক্যের অর্থ সঙ্গতি রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসকে কী বলে? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*
(ক) আকাঙ্ক্ষা (খ) আসত্তি
(গ) যোগ্যতা (ঘ) নীতিসিদ্ধ অর্থবাচকতা উ. খ

২৫.'যিনি উপকার করেন, তাঁকে সবাই শ্রদ্ধা করেন।'- কোন ধরনের বাক্য? *[খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ২১]*
(ক) মিশ্র বাক্য (খ) যৌগিক বাক্য
(গ) প্রশ্নবোধক বাক্য (ঘ) সরল বাক্য উ. ক

২৬.নিচের কোনটি বাক্যের বৈশিষ্ট্য নয়? *[পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী: ২১]*
(ক) অভিপ্রায় (খ) আসত্তি
(গ) যোগ্যতা (ঘ) আকাঙ্ক্ষা উ. ক

২৭.'রক্ষকই ভক্ষক' কোন জাতীয় বাক্য? *[খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
(ক) যৌগিক বাক্য (খ) মিশ্র বাক্য
(গ) সরল বাক্য (ঘ) জটিল বাক্য উ. গ

২৮.বাক্যে একপদের পর অন্য পদ শোনার ইচ্ছাকে কী বলে? *[জনস্বাস্থ্য অধিদপ্তরের ক্লার্ক কাম টাইপিস্ট: ২১]*
(ক) আসত্তি (খ) আকাঙ্ক্ষা
(গ) যোগ্যতা (ঘ) আসক্তি উ. খ

২৯.'পরীক্ষায় সফল হও'। এটি কী ধরনের বাক্য? *[পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২১]*
(ক) ইচ্ছাসূচক (খ) আদেশসূচক
(গ) বিবৃতিমূলক (ঘ) বিস্ময়সূচক উ. ক

৩০.'তুমি আসবে বলে হে স্বাধীনতা, সখিনা বিবির কপাল ভাঙল'- এটি কোন বাক্য? *[মাউশির ল্যাবরেটরি সহকারী: ২১]*
(ক) সরল (খ) মিশ্র
(গ) যৌগিক (ঘ) জটিল উ. ক

৩১.'বিপদ এবং দুঃখ একই সঙ্গে আসে'- বাক্যটি- *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]*
(ক) সরল (খ) জটিল
(গ) মিশ্র (ঘ) যৌগিক উ. ঘ

৩২.বাক্যের ক্ষুদ্রতম একক কোনটি? *[রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২১]*
(ক) বর্ণ (খ) ধ্বনি
(গ) শব্দ (ঘ) চিহ্ন উ. গ

৩৩.'সে কী যাবে?'- এটি কোন ধরনের বাক্য? *[পেট্রোবাংলার হিসাব সহকারী: ১৯]*
(ক) আদেশমূলক (খ) বিবৃতিমূলক
(গ) প্রশ্নসূচক (ঘ) বিস্ময়সূচক উ. গ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

১. নিম্নলিখিত বাক্যগুলো নির্দেশনামতে রূপান্তর করুন: *[পল্লী উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক: ২৩]*

ক. পরোপকারীকে সবাই শ্রদ্ধা করে। (জটিল বাক্য)
উ. যিনি পরোপকারী তাকে সবাই শ্রদ্ধা করে।
খ. সে যে সৎ তা সকলে ভাবে। (সরল বাক্য)
উ. সকলে ভাবে সে সৎ।
গ. যেমন কর্ম করবে, তেমন ফল পাবে। (যৌগিক বাক্য)
উ. কর্ম কর, তাহলে ফল পাবে।
ঘ. জগতে অসম্ভব কিছু নেই। (জটিল বাক্য)
উ. যদি ইচ্ছা থাকে, তাহলে পৃথিবীতে সবকিছুই করা সম্ভব।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বাক্য সংকোচন

অশ্বের ডাক : হ্রেষা	হাতির ডাক : বৃংহিত / বৃংহণ	কুকুরের ডাক : বুক্কন
পাখির ডাক : কূজন / কাকলি	ময়ূরের ডাক : কেকা	বাঘের ডাক : গর্জন
অলংকারের ধ্বনি : শিঞ্জন	বাদ্যযন্ত্রের ধ্বনি : ঝংকার	সমুদ্রের ঢেউয়ের শব্দ : কল্লোল
গম্ভীর ধ্বনি : মন্দ্র	বীরের গর্জন : হুংকার	শুকনো পাতার শব্দ : মর্মর
ধনুকের ধ্বনি : টংকার	হরিণের চর্ম / চামড়া : অজিন	বিহঙ্গের ধ্বনি : কাকলি
বাঘের চামড়া : কৃত্তি	অনুসন্ধান করার ইচ্ছা : অনুসন্ধিৎসা	সাপের খোলস : নির্মোক / কুঞ্চক
অনুকরণ করার ইচ্ছা : অনুচিকীর্ষা	মুক্তি লাভে/পেতে ইচ্ছুক : মুমুক্ষু	হরিণের চামড়ার আসন : অজিনাসন
উপকার করার ইচ্ছা : উপচিকীর্ষা	ক্ষমা করার ইচ্ছা : চিক্ষমিষা	অপকার করার ইচ্ছা : অপচিকীর্ষা
জয় করার ইচ্ছা : জিগীষা	গমন করার ইচ্ছা : জিগমিষা	কুৎসা বা অপবাদ রটানোর ইচ্ছা- জুগুপ্সা
লাভ করার ইচ্ছা : লিপ্সা	নিন্দা করার ইচ্ছা : জুগুপ্সা	গোপন করার ইচ্ছা : জুগুপ্সু
ভোজন করার ইচ্ছা : বুভুক্ষা	বেঁচে থাকার ইচ্ছা : জিজীবিষা	জানবার ইচ্ছা : জিজ্ঞাসা
মুক্তি পাওয়ার ইচ্ছা : মুক্তিকামী	মুক্তি পেতে ইচ্ছা : মুমুক্ষা	পান করার ইচ্ছা : পিপাসা
পাওয়ার ইচ্ছা : ঈপ্সা	যে পুরুষ বিয়ে করেনি : অকৃতদার	হনন / হত্যা করার ইচ্ছা : জিঘাংসা
বিজয় লাভের ইচ্ছা : বিজিগীষা	যে পুরুষ স্ত্রীর বশীভূত : স্ত্রৈণ	সেবা করার ইচ্ছা : শুশ্রূষা
যে দার (স্ত্রী) পরিগ্রহ করেনি : অকৃতদার	প্রিয় বাক্য বলে যে : প্রিয়ভাষী	হরণ করার ইচ্ছা : জিহীর্ষা
যে পুরুষ বিয়ে করেছে : কৃতদার	যে নারী বীর : বীরাঙ্গনা	যে দার (স্ত্রী) পরিগ্রহ করেছে : কৃতদার
যে নারীর স্বামী ও পুত্র মৃত : অবীরা	যে নারীর বিয়ে হয় না : অনূঢ়া	যে পুরুষের দাড়ি গোঁফ গজায়নি : অজাতশ্মশ্রু
যে নারীর বিয়ে হয়নি : কুমারী	যে নারীর সন্তান বাঁচে না : মৃতবৎসা	যে নারী প্রিয় কথা বলে : প্রিয়ংবদা
যে নারী বার (সমূহ) গামিনী : বারাঙ্গনা	যে নারীর কোনো সন্তান হয় না : বন্ধ্যা	যে নারীর পতি নেই, পুত্রও নেই : অবীরা
যে নারীর হাসি সুন্দর : সুস্মিতা	যে নারীর নখ শূর্পের (কুলা) মত : শূর্পণখা	যে নারীর হাসি কুটিলতাবর্জিত : শুচিস্মিতা
যে নারী বীর সন্তান প্রসব করে : বীরপ্রসূ	যা সহজে দমন করা যায় না : দুর্দম	যে নারীর অসূয়া / হিংসা নাই : অনসূয়া
যে নারীর স্বামী বিদেশে থাকে : প্রোষিতভর্তৃকা	যা সহজে মরে না : দুর্মর	যে নারীর সম্প্রতি বিয়ে হয়েছে : নবোঢ়া
যা সহ্য করা যায় না : দুর্বিষহ	যা কষ্টে লাভ করা যায় : দুর্লভ	যে নারী নিজে বর বরণ করে নেয় : স্বয়ংবরা
যাহা সহজে লঙ্ঘন করা যায় না : দুর্লঙ্ঘ্য	ক্ষমার যোগ্য : ক্ষমার্হ	যা কষ্টে জয় করা যায় : দুর্জয়
যা চুষে খাবার যোগ্য : চুষ্য	ক্ষমার অযোগ্য : ক্ষমার্য	যাহাতে সহজে গমন করা যায় না : দুর্গম
যা পান করার যোগ্য : পেয়	নৌ চলাচলের যোগ্য : নাব্য	যা সহজে অতিক্রম করা যায় না : দুরতিক্রম্য
যে উপকারীর উপকার স্বীকার করে : কৃতজ্ঞ	উপকারীর অপকার করে যে : কৃতঘ্ন	ঘৃণার যোগ্য : ঘৃণার্হ / ঘৃণ্য
যা বলা হয়নি : অনুক্ত	যা বলা হয়েছে : উক্ত	প্রশংসার যোগ্য : প্রশংসার্হ
যা বলা উচিত নয় : অকথ্য	যিনি কম কথা বলেন : স্বল্পভাষী	যে উপকারীর উপকার স্বীকার করে না : অকৃতজ্ঞ
যে বেশি কথা বলে : বাচাল	যা ভবিষ্যতে ঘটবে : ভবিতব্য	যা বলা হবে : বক্তব্য
যে ভবিষ্যত না ভেবেই কাজ করে : অবিমৃষ্যকারী	যাহাতে গমন করা যায় না : অগম্য	যা প্রকাশ করা হয়নি : অব্যক্ত
অক্ষির অগোচরে : পরোক্ষ	অক্ষির সমীপে : সমক্ষ	যা কথায় বর্ণনা করা যায় না : অবর্ণনীয়
অগ্রে জন্মেছে যে : অগ্রজ	শুভক্ষণে জন্ম যার : ক্ষণজন্মা	যে ভবিষ্যতের চিন্তা করে না : অপরিণামদর্শী
দুবার জন্মে যা : দ্বিজ	পঙ্কে জন্মে যা : পঙ্কজ	যা অতিক্রম করা যায় না : অনতিক্রম্য
যে ভূমিতে ফসল জন্মায় না : উষর	যে জমির উৎপাদন শক্তি নেই : অনুর্বর	চক্ষুর সম্মুখে সংঘটিত : চাক্ষুষ
দিনের সায় (অবসান) ভাগ : সায়াহ্ন	দিন ও রাতের সন্ধিক্ষণ : গোধূলি	অক্ষির অভিমুখে : প্রত্যক্ষ
দিনের আলো ও সন্ধ্যার আলোর মিলন : গোধূলি	দিনের পূর্ব ভাগ : পূর্বাহ্ণ	পূর্বজন্মের কথা স্মরণ আছে যার : জাতিস্মর
নষ্ট হওয়ার স্বভাব যার : নশ্বর	ক্ষণকাল ব্যাপিয়া স্থায়ী : ক্ষণস্থায়ী	যে জমিতে দুবার ফসল জন্মে : দো-ফসলি
যার বাসস্থান নেই : অনিকেত	যা কখনো নষ্ট হয় না : অবিনশ্বর	দিনের মধ্য ভাগ : মধ্যাহ্ন
যা পূর্বে কখনো ঘটেনি : অভূতপূর্ব	যা চিরস্থায়ী নয় : নশ্বর	দিনের অপর ভাগ : অপরাহ্ণ
রাত্রির শেষ ভাগ : পররাত্র	রাত্রির প্রথম ভাগ : পূর্বরাত্র	রাত্রির মধ্য ভাগ : মহানিশা

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

যা পূর্বে দেখা যায়নি : অদৃষ্টপূর্ব	যা পূর্বে শোনা যায়নি : অশ্রুতপূর্ব	রাত্রিকালীন যুদ্ধ : সৌপ্তিক
ইতিহাস রচনা করেন যিনি : ঐতিহাসিক	ব্যাকরণে পণ্ডিত যিনি : বৈয়াকরণ	নষ্ট হওয়াই স্বভাব নয় যার : অবিনশ্বর
যিনি ভালো ব্যাকরণ জানেন : বৈয়াকরণ	একই মাতার উদরে জাত যারা : সহোদর	যে বাস্তু থেকে উৎখাত হয়েছে : উদ্বাস্তু
আপনাকে হত্যা করে যে : আত্মঘাতী	মৃতের মত অবস্থা যার : মুমূর্ষু	যা পূর্বে ছিল এখন নেই : ভূতপূর্ব
যার প্রকৃত বর্ণ ধরা যায় না : বর্ণচোরা	জীবিত থেকেও যে মৃত : জীবন্মৃত	ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি : ইতিহাসবেত্তা
বিশ্বজনের হিতকর : বিশ্বজনীন	সকলের জন্য প্রযোজ্য : সর্বজনীন	যিনি ব্যাকরণ রচনা করেন : ব্যাকরণবিদ
সকলের জন্য মঙ্গলকর : সর্বজনীন	সর্বজন সম্বন্ধীয় : সার্বজনীন	আপনার বর্ণ লুকায় যে : বর্ণচোরা
আয় অনুসারে ব্যয় করেন যিনি : মিতব্যয়ী	যে ব্যয় করতে কুণ্ঠাবোধ করে : কৃপণ	আপনাকে যে পণ্ডিত মনে করে : পণ্ডিতম্মন্য
আয় অনুসারে ব্যয় করেন না যিনি : অমিতব্যয়ী	যা কষ্টে জয় করা যায় : দুর্জয়	যে আপনাকে কৃতার্থ মনে করে : কৃতার্থম্মন্য
ইন্দ্রকে জয় করেন যিনি : ইন্দ্রজিৎ	ইন্দ্রিয়কে জয় করেন যিনি : জিতেন্দ্রিয়	সর্বজনের হিতকর : সর্বজনীন
বাহুতে ভর করে চলে যে : ভুজঙ্গ	জলে ও স্থলে চরে যে : উভচর	সকলের জন্য অনুষ্ঠিত : সার্বজনীন
লাফিয়ে চলে যে : প্লবগ (ব্যাঙ / বানর)	বুকে হেঁটে গমন করে যে : উরগ (সাপ)	যা কষ্টে লাভ করা যায় : দুর্লভ
অনেকের মধ্যে প্রধান : শ্রেষ্ঠ	অনেকের মধ্যে একজন : অন্যতম	আকাশে গমন / বিচরণ করে যে : বিহগ (পাখি)
অহংকার নেই যার : নিরহংকার	অন্যদিকে মন যার : অন্যমনা	ত্বরিত গমন করতে পারে যে : তুরগ (ঘোড়া)
অকালে পক্ব হয়েছে যা : অকালপক্ব	অভিজ্ঞতার অভাব আছে যার : অনভিজ্ঞ	যে উরস (বক্ষ) দিয়ে হাঁটে : উরগ (সর্প)
আকাশ ও পৃথিবী : ক্রন্দসী	স্বর্গ ও মর্ত্য : রোদসী	অরিকে / শত্রুকে দমন করে যে : অরিন্দম
ইহলোক সম্পর্কিত : ইহলৌকিক	কর্মে যাহার ক্লান্তি নাই : অক্লান্তকর্মী	অকালে উৎপন্ন কুমড়া : অকালকুষ্মাণ্ড
এক বিষয়ে যার চিত্ত নিবিষ্ট : একাগ্রচিত্ত	কোথাও উঁচু কোথাও নিচু : বন্ধুর	আবক্ষ জলে নেমে স্নান : অবগাহন
কর দান করে যে : করদ	জ্বল্ জ্বল্ করছে যা : জাজ্বল্যমান	আল্লাহর অস্তিত্বে বিশ্বাস আছে যার : আস্তিক
ক্লান্তি নাই যার : অক্লান্ত	দমন করা যায় না যাকে : অদম্য	আকাশ ও পৃথিবীর অন্তরালোক : ক্রন্দসী
খেয়া পার করে যে : পাটনী	দুয়ের মধ্যে একটি : অন্যতর	আল্লাহর অস্তিত্বে বিশ্বাস নেই যার : নাস্তিক
ন্যায় শাস্ত্র জানেন যিনি : নৈয়ায়িক	নিশাকালে চরে বেড়ায় যে : নিশাচর	উপস্থিত বুদ্ধি আছে যার : প্রত্যুৎপন্নমতি
পরকাল সম্পর্কিত : পারলৌকিক	মধু পান করে যে : মধুকর	চৈত্র মাসের ফসল : চৈতালি
বেলাকে অতিক্রান্ত : উদ্বেল	মাসের শেষ দিন : সংক্রান্তি	তল স্পর্শ করা যায় না যার : অতলস্পর্শী
মর্মভেদ করিয়া যায় যাহা : মর্মভেদী	পা থেকে মাথা পর্যন্ত : আপাদমস্তক	দ্বারে থাকে যে : দৌবারিক
যা স্থলে চরে : স্থলচর	ফুল হইতে তৈরি : ফুলেল	দমন করা কষ্টকর যাকে : দুর্দমনীয়
যা গতিশীল নয় : স্থাবর	মৃত্তিকা দ্বারা নির্মিত বা তৈরি : মৃন্ময়	প্রকাশিত হইবে এমন : প্রকাশিতব্য
যা লাভ করা দুঃসাধ্য : সাধ্যাতীত	যা জলে চরে : জলচর	মর্মকে স্পর্শ করে এমন : মর্মস্পর্শী
যা অধ্যয়ন করা হয়েছে : অধীত	যা গতিশীল : জঙ্গম	যা জলে ও স্থলে চরে : উভচর
যা বহুকাল হতে চলে আসছে : চিরন্তন	যা বপন কর হয়েছে : উপ্ত	যা বার বার দুলছে : দোদুল্যমান
যা বিশ্বাস করা যায় না : অবিশ্বাস্য	যা অবশ্যই ঘটবে : অবশ্যম্ভাবী	যা চিন্তা করা যায় না : অচিন্তনীয় / অচিন্ত্য
যা অতি দীর্ঘ নয় : নাতিদীর্ঘ	যা আহুত (ডাকা) হয়নি : অনাহুত	যা আঘাত পায়নি : অনাহত
যা দীপ্তি পাচ্ছে : দেদীপ্যমান	যা পুনঃ পুনঃ দুলছে : দোদুল্যমান	যা খুব শীতল বা উষ্ণ নয় : নাতিশীতোষ্ণ
যার অন্য উপায় নাই : অনন্যোপায়	যার কিছুই নেই : নিঃস্ব	যা পুনঃ পুনঃ দীপ্তি পাচ্ছে : দেদীপ্যমান
যে সকল অত্যাচারই সয়ে যায় : সর্বংসহা	যার কোনো উপায় নাই : নিরুপায়	যার আগমনের কোনো তিথি নেই : অতিথি
যে শুনেই মনে রাখতে পারে : শ্রুতিধর	যে মেঘে প্রচুর বৃষ্টি হয় : সংবর্ত	যার দুই হাত সমান চলে : সব্যসাচী
যে অন্য দিকে মন দেয় না : অনন্যমনা	যে জয় লাভে দৃঢ় প্রতিজ্ঞ : সংশপ্তক	যার দাড়ি-গোঁফ উঠেনি : অজাতশ্মশ্রু
যিনি বক্তৃতা দানে পটু : বাগ্মী	যে বিদ্যা লাভ করেছে : কৃতবিদ্য	যে বন হিংস্র জন্তুতে পরিপূর্ণ : শ্বাপদসংকুল
লবণ কম দেওয়া হয়েছে এমন : আলুনি	যুদ্ধে স্থির থাকেন যিনি : যুধিষ্ঠির	যে ক্রমাগত রোদন করেছে : রোরুদ্যমান
শত্রুকে বধ করে যে : শত্রুঘ্ন	রোদে শুকানো আম : আমশি	যুদ্ধ থেকে যে বীর পালায় না : সংশপ্তক
শোনামাত্র যার মনে থাকে : শ্রুতিধর	শত্রুকে হত্যা করেন যিনি : শত্রুঘ্ন	সম্মুখে অগ্রসর হয়ে অভ্যর্থনা : প্রত্যুদগমন
স্বামীর চিতায় পুড়ে মরা : সহমরণ	সজ্ঞানে অন্যায় করে যে : জ্ঞানপাপী	সবকিছু সহ্য করেন যিনি : সর্বংসহা

অর্থ উপার্জন করা যায় যে ফসল হইতে : অর্থকরী	অকালে যাকে জাগরণ করা হয় : অকালবোধন
আদি থেকে অন্ত পর্যন্ত : আদ্যন্ত / আদ্যোপান্ত	আশি বছরের বেশি বয়সী ব্যক্তি : অশীতিপর
আকাশে (খ-তে) চড়ে বেড়ায় যে : আকাশচারী / খেচর	এখনও শত্রু জন্মায় নাই যাহার : অজাতশত্রু

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

কি করতে হবে তা বুঝতে না পারা : কিংকর্তব্যবিমূঢ়	কোনটা দিক / বিদিগ এই জ্ঞান নাই যাহার : দিগ্বিদিগজ্ঞানশূন্য
কর্ম সম্পাদনে অতিশয় দক্ষ/পরিশ্রমী : কর্মঠ	কোনো কিছু থেকে যার ভয় নেই : অকুতোভয়
চারি শাখা- হস্তী, অশ্ব, রথ ও পদাতিক বিশিষ্ট সেনা : চতুরঙ্গ	বহু দেখেছে যে / অনেক বিষয়ে অভিজ্ঞ যিনি : বহুদর্শী
বহু ঘর থেকে ভিক্ষা সংগ্রহ করা : মাধুকরী / মধুকরী	যা সাধারণের মধ্যে দেখা যায় না : অনন্য সাধারণ
ত্রিকালের ঘটনা জানেন যিনি : ত্রিকালদর্শী / ত্রিকালজ্ঞ	যার বংশ পরিচয় এবং স্বভাব কেউই জানে না : অজ্ঞাতকুলশীল
যে বিষয়ে কোনো বিতর্ক / বিরোধ নেই : অবিসংবাদী	যে রোগ নির্ণয় করতে হাতড়িয়ে ক্লান্ত : হাতুড়ে
কোনো ঘটনার ৫০ বছর পূর্তিতে যে অনুষ্ঠান : সুবর্ণ জয়ন্তী	যে এক দরজা থেকে অন্য দরজায় ভিক্ষা করে : মাধুকরী
কোনো ঘটনার ২৫ বছর পূর্তিতে যে অনুষ্ঠান : রজত জয়ন্তী	কোনো ঘটনার ৬০ বছর পূর্তিতে অনুষ্ঠান : হীরক জয়ন্তী
একবার ফল দিয়ে যে গাছ মারা যায় : ওষধি	জয়সূচক যে উৎসব : জয়ন্তী
যে গাছ কোনো কাজে লাগে না : আগাছা	একশত পঞ্চাশ বছর : সার্ধশতবর্ষ
যে গাছ থেকে ঔষধ তৈরি হয় : ঔষধি	জয়ের জন্য যে উৎসব : জয়ন্তী
পরকে আশ্রয় করিয়া বাঁচিয়া থাকে যে : পরজীবী	ফল পাকলে যে গাছ মারা যায় : ওষধি
পরের দ্বারা প্রতিপালিত যে : পরভৃত (কোকিল)	যে গাছে ফল ধরে, কিন্তু ফুল ধরে না : বনস্পতি
পরকে প্রতিপালন করে যে : পরভৃৎ (কাক)	যে গাছ অন্য গাছকে আশ্রয় করে বাঁচে : পরগাছা

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. 'পান করার যোগ্য'- এক কথায় কী হবে? *[হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়ের নিরীক্ষক: ২৩]*
ক পানীয় খ পিপাসা
গ তৃষ্ণা ঘ পেয় উ. ঘ

২. 'প্রোষিতভর্তৃকা'- শব্দটির অর্থ কি? *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক বিধবা নারী খ তালাকপ্রাপ্ত নারী
গ যে নারীর স্বামী বিদেশে থাকে
ঘ যে নারী পিত্রালয়ে থাকে উ. গ

৩. 'যা কখনো নষ্ট হয় না।'- এক কথায় প্রকাশ কর- *[ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]*
ক অনিষ্ট খ অবনিষ্ট
গ অবিনশ্বর ঘ নশ্বর উ. গ

৪. 'দিবসের শেষ ভাগ'- এটির সংক্ষেপণ কী হবে? *[এলজিইডি'র ইলেক্ট্রিশিয়ান ও সার্ভেয়ার: ২৩]*
ক পূর্বাহ্ন খ মধ্যাহ্ন
গ সায়াহ্ন ঘ অপরাহ্ণ উ. ঘ

৫. 'ভোজন করার ইচ্ছা' এক কথায় কি হবে? *[প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিস সহায়ক: ২৩]*
ক পেটুক খ ভোজন বিলাসী
গ বুভুক্ষা ঘ খাদক উ. গ

৬. এক কথায় প্রকাশ করুন- 'জয়ের জন্য যে উৎসব' *[বন অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*
ক বিজয়কারী খ জয়ন্তী
গ জয়ান্তী ঘ বিজয় উৎসব উ. খ

৭. এক কথায় প্রকাশ করুন: 'যা আগে জানা যায়নি' *[বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]*
ক অশ্রুতপূর্ব খ ভূতপূর্ব
গ অজানা ঘ অভূতপূর্ব উ. গ

৮. 'যে নারীর স্বামী ও পুত্র নেই' এক কথায় কি বলে? *[স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনিশিয়ান: ২৩]*
ক অনূঢ়া খ কুমারী
গ নবোঢ়া ঘ অবীরা উ. ঘ

৯. 'যে গাছে ফল ধরে কিন্তু ফুল ধরে না' বাক্যটিকে এক কথায় কি বলে? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক: ২৩]*
ক ফলন্ত খ বনস্পতি
গ ডুমুর ঘ পরগাছা উ. খ

১০. যা চিরস্থায়ী নয়- *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের কার্গো হেলপার/ট্রাফিক:২৩]*
ক অস্থায়ী খ চিরন্তন
গ ক্ষণস্থায়ী ঘ নশ্বর উ. ঘ

১১. 'যা জল দেয়' এর এক কথায় প্রকাশ কি? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের ল্যাবরেটরি টেকনিশিয়ান: ২৩]*
ক পাটোয়ারী খ জলদ
গ জলাধর ঘ জলধি উ. খ

১২. 'যা বলা হয়নি' এক কথায় হবে- *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ২৩]*
ক অবহিত খ অনুক্ত
গ অবাচ্য ঘ অনুল্লেখ উ. খ

১৩. এক কথায় প্রকাশ করুন: 'মৃতের মত অবস্থা যার' *[মন্ত্রিপরিষদ বিভাগের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক মুমূর্ষু খ মুমুর্সু
গ মুমূর্ষু ঘ মূমূর্ষু উ. গ

১৪. 'যা কষ্টে লাভ করা যায়' বাক্য সংকোচন কোনটি? *[মন্ত্রিপরিষদ বিভাগের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক দুর্লভ খ কষ্টসাধ্য
গ দুঃসাধ্য ঘ কষ্টক উ. ক

১৫. 'দিন ও রাত্রির সন্ধিক্ষণ' বাক্য সংকোচন কোনটি? *[মন্ত্রিপরিষদ বিভাগের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক গোধূলি খ পূর্বাহ্ন
গ সায়াহ্ন ঘ সন্ধ্যা উ. ক

১৬. যিনি বক্তৃতা দানে পটু- *[তিতাস গ্যাস লি. এর টেকনিশিয়ান/ ইলেক্ট্রিশিয়ান/ ড্রাফটসম্যান: ২৩]*
ক বাগ্মী খ বাকপটু
গ সুবক্তা ঘ অনলবর্ষী উ. ক

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১৭.দুবার জন্মে যা- [তিতাস গ্যাস লি. এর টেকনিশিয়ান/ ইলেক্ট্রিশিয়ান/ ড্রাফটসম্যান: ২৩]
ক দ্বৈত জন্ম খ দ্বিজ
গ দ্বিজন্ম ঘ পুনর্জন্ম উ. খ

১৮.'যার জ্যোতি বেশিক্ষণ স্থায়ী থাকে না'- তাকে এক কথায় কি বলে? [এলজিইডি'র কার্যসহকারী: ২৩]
ক অনুসূরা খ অনুচার্য
গ কোনটাই নয় ঘ ক্ষণপ্রভা উ. ঘ

১৯.'বীণার ঝঙ্কার' এর এক কথায় প্রকাশ কোনটি? [নির্বাচন কমিশনের অফিস সহায়ক: ২৩]
ক শিঞ্জন খ অস্তিন
গ নিক্বণ ঘ কৃত্তি উ. গ

২০.নিমন্ত্রণ না করা সত্ত্বেও যিনি উপস্থিত- [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]
ক মেজবান খ অনিমন্ত্রিত
গ অনাহুত ঘ কোনোটিই নয় উ. গ

২১.এক কথায় প্রকাশ করুন: 'হাতির ডাক' [বাংলাদেশ রেলওয়ের খালাসী:২২]
ক অজিন খ বৃংহিত
গ হ্রেষা ঘ কেকা উ. খ

২২.এক কথায় প্রকাশ করুন- 'অক্ষির সমীপে' [বাংলাদেশ রেলওয়ের খালাসী: ২২]
ক সমক্ষ খ পরোক্ষ
গ প্রত্যক্ষ ঘ নিরপেক্ষ উ. ক

২৩.'আপনাকে পণ্ডিত মনে করে যে, এক কথায় কি হবে? [হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২২]
ক অতিপণ্ডিত খ মহাপণ্ডিত
গ পণ্ডিত নেতা ঘ পণ্ডিতম্মন্য উ. ঘ

২৪.যে ব্যক্তির দুই হাত সমান চলে- [বিটিআরসি'র কভাক্টর-ডি: ২২]
ক দোহাতি খ সব্যসাচী
গ দ্বিজক ঘ দুর্গম উ. খ

২৫.'খেয়া পার করে যে'- এক কথায় প্রকাশ কোনটি? [পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের উচ্চমান সহকারী: ২২]
ক মাঝি খ পাটনী
গ ঘাটাল ঘ কর্ণধার উ. খ

২৬.অগ্র পশ্চাৎ বিবেচনা করে কাজ করে না যে- [বাংলাদেশ রেলওয়ের সহকারী লোকোমটিভ মাস্টার: ২২]
ক অদক্ষ খ মূর্খ
গ অনভিজ্ঞ ঘ অবিমৃষ্যকারী উ. ঘ

২৭.'যা সহজে অতিক্রম করা যায় না'- এ বাক্যাংশের সংক্ষিপ্ত রূপ কী? [ডাক অধিদপ্তরের হিসাব সহকারী/কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]
ক অনতিক্রম্য খ অলঙ্ঘ্য
গ দুরতিক্রম্য ঘ দুর্গম উ. গ

২৮.এক কথায় প্রকাশ করুন : "যে বিষয়ে কোন বিরোধ নেই"। [রাজউক এর ইমারত পরিদর্শক: ২২]
ক অবিরোধী খ নির্বিরোধী
গ অসংবৃত ঘ অবিসংবাদী উ. ঘ

২৯.'সিনি নৌকা চালান' এক কথায় প্রকাশ কী? [বন অধিদপ্তরের জুনিয়র ওয়াইল্ড লাইফ স্কাউট: ২২]
ক তাতি খ জেলে
গ মাঝি ঘ রাখাল উ. গ

৩০.'হনন করার ইচ্ছা' এর বাক্য সংকোচন কোনটি? [বন অধিদপ্তরের জুনিয়র ওয়াইল্ড লাইফ স্কাউট: ২২]
ক লিপ্সা খ জিঘাংসা
গ কৃতঘ্ন ঘ জিতেন্দ্রিয় উ. খ

৩১.'যে বন হিংস্র জন্তুতে পরিপূর্ণ' এর এক কথায় প্রকাশ কোনটি? [বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]
ক বিপদসংকুল খ শ্বাপদসংকুল
গ অরণ্যজনপদ ঘ দুর্গম উ. খ

৩২.'কর্মে যাহার ক্লান্তি নাই'- এই বাক্যাংশের সংক্ষিপ্ত রূপ কী? [হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]
ক ক্লান্তিহীন খ অক্লান্ত
গ অক্লান্তকর্মী ঘ অবিশ্রাম উ. গ

৩৩.'যা কখনো নষ্ট হয় না'- এক কথায় প্রকাশ কর। [মৎস্য অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]
ক অনিষ্ট খ অবনিষ্ট
গ অবিনশ্বর ঘ নশ্বর উ. গ

৩৪.'যে নারী প্রিয় কথা বলে'- এক কথায় প্রকাশ করুন। [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]
ক প্রিয়া খ প্রিয়ংবদা
গ শ্রীমতি ঘ সুহাসিনী উ. খ

৩৫.'যে উপকারীর উপকার স্বীকার করে না' এর এক কথায় প্রকাশ হলো- [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক কৃতজ্ঞ খ অকৃতজ্ঞ
গ কৃতঘ্ন ঘ কৃতদার উ. খ

৩৬.'যে নারী পূর্বে অপরের বাগদত্তা ছিল'- তাকে এক কথায় কী বলে? [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ২১]
ক অভিসারিণী খ অনন্যপূর্বা
গ অন্যপূর্বা ঘ প্রোষিতভর্তৃকা উ. গ

৩৭.'যিনি ন্যায় শাস্ত্রে পণ্ডিত' এর এককথায় প্রকাশ হবে- [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক নৈয়ায়িক খ ন্যায়বান
গ নিয়ামক ঘ ন্যায়পাল উ. ক

৩৮.'যে শুনেই মনে রাখতে পারে' তাকে এক কথায় কী বলে? [পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২১]
ক মনযোগী খ মেধাবী
গ শ্রুতিধর ঘ স্মৃতিবান উ. গ

৩৯.এক কথায় প্রকাশ কর: 'অল্প কথা বলে যে'- [বাংলাদেশ টেলিভিশনের ক্যাশিয়ার: ২১]
ক কমভাষী খ অল্পভাষী
গ অভাষী ঘ বাচাল উ. খ

৪০.এক কথায় প্রকাশ কর: 'চৈত্র মাসের ফসল'- [বাংলাদেশ টেলিভিশনের ক্যাশিয়ার: ২১]
ক চিত্রা খ চৈতালী
গ চিত্রালী ঘ চৈত্রী উ. খ

৪১.এককথায় প্রকাশ কর: 'অল্প কথা বলে যে'- [বাংলাদেশ টেলিভিশনের অফিস সহযোগী: ২১]
ক কমভাষী খ অল্পভাষী
গ অভাষী ঘ বাচাল উ. খ

২৭.অর্থসহ বাক্য রচনা করুন: *[গণযোগাযোগ অধিদপ্তরের ঘোষক: ২৩]*

ক. বর্ণচোরা (কপটচারী): বর্ণচোরা লোকেরা স্বার্থের জন্য যে কোনো কাজ করতে পারে।

খ. আঁকুপাঁকু করা (ছটফটানি): প্রবাসী ছেলেকে দেখার জন্য মায়ের মন আঁকুপাঁকু করছে।

গ. ঊনপঞ্চাশ বায়ু (পাগলামি): ছেলেটাকে ঊনপঞ্চাশের বায়ুতে পেয়েছে, পড়াশুনা বাদ দিয়ে শুধু ঘুরে বেড়ায়।

ঘ. একা ঘরের গিন্নি (কর্তৃত্ব): একা ঘরের গিন্নি চিরদিন থাকে না, সময়ের পরিক্রমায় তা ম্লান হয়ে যায়।

ঙ. ছক্কা পাঞ্জা করা (বড় বড় কথা বলা): নির্বাচনের পূর্বেই সব প্রার্থীরাই ছক্কা পাঞ্জা প্রচার করে।

২৮.অর্থসহ বাক্য রচনা করুন: *[পরিবেশ অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর:২৩]*

ক. যোল কড়াই কানা (সব অসার): রবিনকে দেখে মনে হয়েছিল খুব মেধাবী কিন্তু এখন দেখছি যোল কড়াই কানা।

খ. মাৎস্যনায় (অরাজকতা): আমলাদের দুর্নীতির প্রকোপ বৃদ্ধি পাওয়ায় দেশে চরম মাৎস্যনায় বিরাজ করছে।

গ. পায়াভারী (অহংকার): বিসিএস ক্যাডার হয়ে মাহাবুবের পায়াভারী বেড়ে গেছে।

ঘ. ঢাকের বাঁয়া (মূল্যহীন / অপ্রয়োজনীয়): রফিকের মতো এ রকম ঢাকের বাঁয়া দিয়ে ভালো কিছু প্রত্যাশা করা যায় না।

ঙ. ইন্দ্রপতন (বিখ্যাত ব্যক্তির মৃত্যু): ডা. জাফরুল্লাহর মত ব্যক্তির ইন্দ্রপতন সমাজে অপূরণীয়।

২৯.অর্থসহ বাক্য রচনা করুন: *[পরিবেশ অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২৩]*

ক. ঠোঁট কাটা (স্পষ্টভাষী): রেজা সাহেব ঠোঁট কাটা বলে অনেকেই তাকে অপছন্দ করে।

খ. বর্ণচোরা (কপটচারী): বর্ণচোরা লোকেরা স্বার্থের জন্য যে কোনো কাজ করতে পারে।

গ. কাছা ঢিলা (অসাবধান): যেমন কাছা ঢিলা লোক তুমি, ছাতা হারাবে না তো কে হারাবে?

ঘ. ইতর বিশেষ (পার্থক্য): আমাদের সমাজে ছেলে ও মেয়ের ক্ষেত্রে একটু ইতর বিশেষ লক্ষ করা যায়।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

প্রবাদ-প্রবচন

প্রবাদ	অর্থ
অতি লোভে তাঁতি নষ্ট	বেশি লোভে ক্ষতি
অতি দর্পে হত লঙ্কা	অহংকার পতনের মূল
অতি মেঘে অনাবৃষ্টি	অতি আড়ম্বরে কাজ হয় না
অন্ধকে দর্পণ দেখানো	নির্বোধকে জ্ঞান দান
অসারের তর্জন গর্জন সার	গুণহীনের বৃথা আস্ফালন
ইটটি মারলে পাটকেলটি খেতে হয়	যেমন কর্ম তেমন ফল
কারো পৌষ মাস, কারো সর্বনাশ	কারো সুদিন, কারো দুর্দিন
কত ধানে কত চাল	টের পাওয়ানো
খাস তালুকের প্রজা	খুব অনুগত ব্যক্তি
খিচুড়ি পাকানো	বিশৃঙ্খলা সৃষ্টি করা
গাছে কাঁঠাল গোঁফে তেল	পাওয়ার আগে ভোগের আয়োজন
চাল না চুলো ঢেঁকি না কুলো	নিতান্ত নিঃস্ব
জুতো সেলাই থেকে চণ্ডীপাঠ	ছোট বড় যাবতীয় কাজ করা
ঝোপ বুঝে কোপ মারা	সুযোগমত কাজ করা
ঢাক ঢাক গুড় গুড়	গোপন রাখার প্রয়াস
তেলে মাথায় তেল দেয়া	যার আছে তাকে আরো দেয়া
দুধ কলা দিয়ে সাপ পোষা	শত্রুকে সযত্নে লালন পালন করা
ধান ভানতে শিবের গীত	অপ্রাসঙ্গিক কথার অবতারণা
ধর্মের ঢাক আপনি বাজে	পাপ কখনো চাপা থাকে না
ধর্মের কল বাতাসে নড়ে	অপকর্ম প্রকাশিত হয়ে পড়েই
ধরাকে সরা জ্ঞান করা	সকলকে তুচ্ছ ভাবা
ধরি মাছ না ছুঁই পানি	কৌশলে কার্যোদ্ধার
নাকে তেল দিয়ে ঘুমানো	নিশ্চিত কার্যোদ্ধার
পাকা ধানে মই দেয়া	বিপুল ক্ষতি করা
পাপের ধন প্রায়শ্চিত্তে যায়	অসদুপায়ে অর্জিত ধন নষ্ট হয়
পর্বতের মুষিক প্রসব	বিপুল উদ্যোগে তুচ্ছ অর্জন
পুরানো চাল ভাতে বাড়ে	অভিজ্ঞতা বা প্রবীণত্বের মূল্য বেশি
বামন হয়ে চাঁদে হাত	অসম্ভব কিছু পাওয়ার চেষ্টা
বারো মাসে তেরো পার্বণ	উৎসবের আধিক্য
বজ্র আঁটুনি ফস্কা গেরো	বাহিরে আড়ম্বর ভিতরে শূন্য
বোঝার উপর শাকের আঁটি	অতিরিক্তের অতিরিক্ত
বিনা মেঘে বজ্রপাত	আকস্মিক বিপদ
বানরের গলায় মুক্তার হার	অপাত্রে উৎকৃষ্ট সামগ্রী দান
ভদ্রতার বালাই	সাধারণ সৌজন্যবোধ
মেঘের ছায়া	অশুভ লক্ষণ
যত দোষ নন্দ ঘোষ	দুর্বলের প্রতি সর্বদা দোষারোপ
সাপও মরে, লাঠিও না ভাঙ্গে	উভয় কুল রক্ষা
হরি ঘোষের গোয়াল	অনেক লোকের কোলাহল

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. **'ধরি মাছ না ছুঁই পানি' এর এক কথায় প্রকাশ হল-** *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক মাছ ধরার কৌশল খ চালাকী
গ মাছ ধরতে কৌশলী ঘ কৌশলে কার্যোদ্ধার উ. ঘ

২. **'হায়রে আমড়া কেবল আঁটি আর চামড়া'- প্রবাদটির অর্থ কী?** *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অফিস সহায়ক: ২১]*
ক অন্তঃসারশূন্য অবস্থা খ অন্তসারশূন্য অবস্থা
গ শূন্য সারশূন্য অবস্থা ঘ অন্তসারশূন্য অবস্থা উ. ক

বাচ্য

বাক্যের বিভিন্ন ধরনের প্রকাশভঙ্গিকে বাচ্য বলে। যেমন: সে বাজারে যায়। কোথায় যাওয়া হচ্ছে। বাচ্য প্রধানত তিন প্রকার। যথা: কর্তৃবাচ্য, কর্মবাচ্য ও ভাববাচ্য।

✓ এছাড়াও কর্মকর্তৃবাচ্য নামে আরও এক প্রকার বাচ্য আছে।

১. **কর্তৃবাচ্য:** যে বাক্যে কর্তার অর্থ-প্রাধান্য বিদ্যমান থাকে এবং ক্রিয়াপদ কর্তার অনুসারী হয়, তাকে কর্তৃবাচ্য বলে। যে বাক্যের ক্রিয়া কর্তাকে অনুসরণ করে, তাকে কর্তাবাচ্য বলে। যেমন: আমি ভাত খেয়েছি। রবীন্দ্রনাথ গীতাঞ্জলি লিখেছেন। শিক্ষক ছাত্রদের পড়ান। রোগী পথ্য সেবন করে। ফ্যানটা অনেক জোরে ঘুরছে। শরতে শিউলি ফোটে। ছাত্ররা অঙ্ক করছে। ঝরনা ছবি আঁকে। আমি আগামীকাল বাড়ি ফিরব।

২. **কর্মবাচ্য:** যে বাক্যে কর্মের সাথে ক্রিয়ার সম্বন্ধ প্রধানভাবে প্রকাশিত হয়, তাকে কর্মবাচ্য বলে। যেমন: আমার ভাত খাওয়া হয়েছে। শিকারী কর্তৃক ব্যাঘ্র নিহত হয়েছে। রবীন্দ্রনাথ কর্তৃক গীতাঞ্জলি লিখিত হয়েছে। পুলিশ কর্তৃক ডাকাত ধৃত হয়েছে। চিঠিটা পড়া হয়েছে। আলেকজান্ডার কর্তৃক পারস্য দেশ বিজিত হয়। চোরটা ধরা পড়েছে। আসামিকে জরিমানা করা হয়েছে।

৩. **ভাববাচ্য:** যে বাচ্যে কর্ম থাকে না এবং বাক্যে ক্রিয়ার অর্থই বিশেষভাবে ব্যক্ত হয়, তাকে ভাববাচ্য বলে। যেমন: সেঁজুতির ঘুমানো হলো না। আমার খাওয়া হল না। আমার যাওয়া হলো না। কোথা থেকে আসা হলো। আমাকে এখন যেতে হবে। তোমার দ্বারা এ কাজ হবে না। এ পথে চলা যায় না। এ বার ট্রেনে ওঠা যাক। কোথা থেকে আসা হচ্ছে? এ ব্যাপারে আমাকে দায়ী করা চলে না। এ রাস্তা আমার চেনা নেই।

● **কর্মকর্তৃবাচ্য:** যে বাচ্যে কর্মপদই কর্তৃস্থানীয় হয়ে বাক্য গঠন করে, তাকে কর্মকর্তৃবাচ্য বলে। যেমন- বাঁশি বাজে এ মধুর লগনে। তোমাকে রোগা দেখায়। কাজটা ভালো দেখায় না। সুতি কাপড় অনেক দিন টেকে।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. 'বাঁশি বাজে ঐ দূরে' যে বাচ্যের উদাহরণ-
ক কর্ম-কর্তৃবাচ্য খ কর্তৃবাচ্য
গ ভাববাচ্য ঘ যৌগিক বাচ্য উ. ক

২. 'তার যেন সেখানে যাওয়া হয়' বাক্যটি কোন বাচ্য? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর/ মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক কর্তৃবাচ্য খ কর্মবাচ্য
গ ভাববাচ্য ঘ কর্মকর্তৃবাচ্য উ. গ

৩. এ জিনিস বেশিদিন টেকে না- এ বাক্যটি কোন বাচ্য? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক কর্তৃবাচ্য খ কর্মবাচ্য
গ ভাববাচ্য ঘ কর্মকর্তৃবাচ্য উ. ঘ

৪. কর্মকর্তৃবাচ্যের উদাহরণ হলো- *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাবরক্ষক: ২১]*
ক তোমাকে ভাবতে হবে। খ বিষয়টি ভালো শোনায় না।
গ আসামীকে জরিমানা করা হয়েছে।
ঘ তার যেন আসা হয়। উ. খ

যতি চিহ্ন

বাক্যের অর্থ সুস্পষ্টভাবে বোঝার জন্য বাক্যের মধ্যে বা বাক্যের সমাপ্তিতে কিংবা বাক্যে আবেগ (হর্ষ, বিষাদ), জিজ্ঞাসা ইত্যাদি প্রকাশ করার উদ্দেশ্যে বাক্য গঠনে যে ভাবে বিরতি দিতে হয় এবং লেখার সময় বাক্যের মধ্যে তা দেখাবার জন্য যে সাংকেতিক চিহ্ন ব্যবহার করা হয়, তা-ই যতি বা বিরাম বা ছেদচিহ্ন। যতিচিহ্নকে বিরামচিহ্ন বা বিরতিচিহ্নও বলা হয়। বিরাম বা যতি চিহ্ন এর প্রবর্তক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। বাংলা সাহিত্যে দাঁড়ি, কমা, কোলন প্রভৃতি বিরাম চিহ্ন তিনি সর্বপ্রথম ব্যবহার করেন। বিরাম বা যতি চিহ্ন মোট ১২টি। নিম্নে এদের নাম, আকৃতি এবং তাদের বিরতিকালের পরিমাণ নির্দেশিত হলো-

যতি চিহ্নের নাম	আকৃতি	বিরতিকাল-পরিমাণ
কমা (পাদচ্ছেদ)	,	১ (এক) বলতে যে সময় প্রয়োজন
সেমিকোলন(অর্ধচ্ছেদ)	;	১ বলার দ্বিগুণ সময়
দাঁড়ি (পূর্ণচ্ছেদ)	।	এক সেকেন্ড
জিজ্ঞাসা (প্রশ্ন) চিহ্ন	?	
বিস্ময় চিহ্ন	!	
কোলন	:	
কোলন ড্যাস	:-	
ড্যাস	-	
উদ্ধরণ চিহ্ন	“ ”	এক উচ্চারণে যে সময় লাগে
ইলেক বা লোপচিহ্ন	'	থামার প্রয়োজন নাই
হাইফেন	-	
ব্রাকেট (বন্ধনী চিহ্ন)	(),{},[]	
অন্যান্য		
বিন্দু	.	-
ত্রিবিন্দু	...	-
বিকল্পচিহ্ন	/	-

- বাক্যের অভ্যন্তরে বসে : কমা, সেমিকোলন, ড্যাস (৩টি)
- বাক্যের প্রান্তে বসে : দাঁড়ি, প্রশ্নচিহ্ন, বিস্ময়চিহ্ন (৩টি)

❖ বিরাম চিহ্নের প্রয়োগ:

১. কমা / পাদচ্ছেদ (,):
ক. বাক্য পাঠকালে সুস্পষ্টতা বা অর্থ-বিভাগ দেখাবার জন্য যেখানে স্বল্প বিরতির প্রয়োজন, সেখানে কমা ব্যবহৃত হয়। যেমন: সুখ চাও, সুখ পাবে পরিশ্রমে।
খ. পরস্পর সম্বন্ধযুক্ত একাধিক বিশেষ্য বা বিশেষণ পদ একসঙ্গে বসলে শেষ পদটি ছাড়া বাকি সবগুলোর পরই কমা বসবে। যেমন: সুখ, দুঃখ, আশা, নৈরাশ্য একই মালিকার পুষ্প।
গ. সম্বোধনের পরে কমা বসাতে হয়। যেমন: রশিদ, এখানে আসো।
ঘ. মাসের তারিখ লিখতে বার ও মাসের পর কমা বসবে। যেমন- ১৬ই পৌষ, বুধবার, ১৩৯০ বঙ্গাব্দ।

২. সেমি কোলন (;): কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে, সেমি কোলন বসে। একাধিক স্বাধীন বাক্যকে একটি বাক্যে লিখলে সেগুলোর মাঝখানে সেমি কোলন বসে। যেমন: সংসারের মায়াজালে আবদ্ধ আমরা; সে মায়ার বাঁধন কি সত্যিই দুশ্ছেদ্য?

৩. দাঁড়ি বা পূর্ণচ্ছেদ (।): বাক্যের পরিসমাপ্তি বোঝাতে দাঁড়ি বা পূর্ণচ্ছেদ ব্যবহার করতে হয়। যেমন: শীতকালে এ দেশে আবহাওয়া শুষ্ক থাকে। প্রান্ত ফুটবল খেলা পছন্দ করে।

৪. প্রশ্নবোধক চিহ্ন (?): বাক্যে কোনো কিছু জিজ্ঞাসা করা হলে, বাক্যের শেষে প্রশ্নবোধক চিহ্ন বসে। যেমন: তুমি কখন এলে? সে কি যাবে? তারা কখন এসেছে?

৫. বিস্ময় ও সম্বোধন চিহ্ন (!): হৃদয়াবেগ প্রকাশ করতে হলে এবং সম্বোধন পদের পরে বিস্ময় ও সম্বোধন চিহ্ন বসে। সাধারণত বিস্ময়, দুঃখ, আনন্দ ইত্যাদি প্রকাশের জন্য বিস্ময়চিহ্ন ব্যবহৃত হয়। যেমন: আহা! কি চমৎকার দৃশ্য।

৬. কোলন (:): একটি অপূর্ণ বাক্যের পরে অন্য একটি বাক্যের অবতারণা করতে হলে কোলন ব্যবহৃত হয়। যেমন: সভায় সাব্যস্ত হলো: এক মাস পরে নতুন সভাপতি নির্বাচিত করা হবে।

৭. ড্যাস চিহ্ন (-): যৌগিক ও মিশ্র বাক্য পৃথক ভাবাপন্ন দুই বা তার বেশি বাক্যের সমন্বয় বা সংযোগ বোঝাতে ড্যাস চিহ্ন ব্যবহৃত হয়। যেমন: তোমরা দরিদ্রের উপকার কর - এতে তোমাদের সম্মান যাবে না - বাড়বে। বাংলাদেশ দল জয়লাভ করেছে - বিজয়ের আনন্দে দেশের জনগণ উচ্ছ্বসিত।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৮. কোলন ড্যাস (:-): উদাহরণ বা দৃষ্টান্ত প্রয়োগ করতে হলে কোলন এবং ড্যাস চিহ্ন এক সঙ্গে ব্যবহৃত হয়। যেমন: পদ পাঁচ প্রকার:- বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, অব্যয় ও ক্রিয়া।

৯. হাইফেন বা সংযোগ চিহ্ন (-): সমাসবদ্ধ পদের অংশগুলো বিচ্ছিন্ন করে দেখাবার জন্য হাইফেনের ব্যবহার করা হয়। যেমন: এ আমাদের শ্রদ্ধা-অভিনন্দন, আমাদের প্রীতি-উপহার।

১০. ইলেক বা লোপ চিহ্ন ('): কোনো বর্ণ বিশেষের লোপ বোঝাতে বিলুপ্ত বর্ণের জন্য লোপচিহ্ন দেয়া হয়। যেমন- মাথার 'পরে জ্বলছে রবি। ('পরে = ওপরে)

১১. উদ্ধরণ চিহ্ন (""), (''): বক্তার প্রত্যক্ষ উক্তিকে এই চিহ্নের অন্তর্ভুক্ত করতে হয়। যেমন: 'সিরাজউদ্দৌলা' একটি ঐতিহাসিক নাটক। শিক্ষক বললেন, "গতকাল তুরস্কে ভয়ানক ভূমিকম্প হয়েছে।"

১২. ব্রাকেট বা বন্ধনী চিহ্ন (), {}, []: এই তিনটি চিহ্নই গণিতশাস্ত্রে ব্যবহৃত হয়। তবে প্রথম বন্ধনীটি বিশেষ ব্যাখ্যামূলক অর্থে সাহিত্যে ব্যবহৃত হয়। অতিরিক্ত তথ্য উপস্থাপন ও কাল নির্দেশের ক্ষেত্রে বন্ধনীর ব্যবহার হয়। যেমন: ত্রিপুরায় (বর্তমানে কুমিল্লা) তিনি জন্মগ্রহণ করেন।

১৩. বিন্দু (.): শব্দসংক্ষেপ, ক্রমনির্দেশ ইত্যাদি কাজে বিন্দু ব্যবহৃত হয়। যেমন: ড. মুহম্মদ শহীদুল্লাহ প্রখ্যাত বৈয়াকরণিক।

১৪. ত্রিবিন্দু (...): কোনো অংশ বাদ দিতে চাইলে ত্রিবিন্দুর ব্যবহার হয়। যেমন: তিনি রেগে গিয়ে বললেন, "তার মানে তুমি একটা ...।"

১৫. বিকল্প চিহ্ন (/): একটির বদলে অন্যটির সম্ভাবনা বোঝাতে বিকল্পচিহ্নের ব্যবহার হয়। যেমন: শুদ্ধ/অশুদ্ধ চিহ্নিত করো।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. কোনটি কোলন? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ২৩]*
ক) : খ) ঃ
গ) ; ঘ) = উ. ক

২. সম্বোধনের পর কোন চিহ্ন বসে? *[তিতাস গ্যাস লি. এর টেকনিশিয়ান/ ইলেক্ট্রিশিয়ান/ ড্রাফটসম্যান: ২৩]*
ক) দাঁড়ি খ) কমা
গ) কোন চিহ্ন নয় ঘ) সেমিকোলন উ. খ

৩. বাক্যে কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে কী বসে? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]*
ক) কোলন খ) সেমি কোলন
গ) উদ্ধৃতি চিহ্ন ঘ) হাইফেন উ. খ

৪. 'হাইফেন'কে বাংলায় কী বলে? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর/ মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক) সংকোচ চিহ্ন খ) সংক্ষেপণ চিহ্ন
গ) বিয়োজক চিহ্ন ঘ) সংযোগ চিহ্ন উ. ঘ

৫. কোন যতিচিহ্নটি অল্প বিরতি বোঝাতে ব্যবহৃত হয়? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমএলএস/ নিরাপত্তা প্রহরী: ২৩]*
ক) কমা খ) কোলন
গ) হাইফেন ঘ) সেমিকোলন উ. ক

৬. 'হায় এ আমার কী হল' বাক্যটিতে পর্যায়ক্রমে বিরামচিহ্ন বসবে- *[স্থলবন্দর কর্তৃপক্ষের ওয়ারহাউজ সুপারিনটেনডেন্ট ও ক্যাশিয়ার: ২২]*
ক) বিস্ময়সূচক, প্রশ্নবোধক খ) কমা, বিস্ময়সূচক
গ) বিস্ময়সূচক, দাঁড়ি ঘ) বিস্ময়সূচক, বিস্ময়সূচক উ. গ

৭. একটি অপূর্ণ বাক্যের শেষে অন্য বাক্যের অবতারণা করতে কী চিহ্ন বসে? *[দুদকের কোর্ট পরিদর্শক: ২২]*
ক) ড্যাস খ) কোলন
গ) সেমিকোলন ঘ) কমা উ. খ

৮. কোনটি প্রান্তিক বিরামচিহ্ন নয়? *[পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের পোস্টম্যান: ২২]*
ক) কোলন খ) দাঁড়ি
গ) প্রশ্নচিহ্ন ঘ) বিস্ময়চিহ্ন উ. ক

৯. বিরামচিহ্ন কেন ব্যবহৃত হয়? *[সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যসহকারী: ২২]*
ক) বাক্য সংকোচনের জন্য
খ) বাক্যের অর্থ স্পষ্টীকরণের জন্য
গ) বাক্যের সৌন্দর্যের জন্য
ঘ) বাক্যকে অলংকৃত করার জন্য উ. খ

১০. বাক্যে যতিচিহ্ন দাঁড়ি (।) থাকলে কতক্ষণ থামতে হয়? *[সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী: ২২]*
ক) এক সেকেন্ড খ) এক বলতে যে সময় প্রয়োজন
গ) এক বলার দ্বিগুণ ঘ) থামার প্রয়োজন নেই উ. ক

১১. কোনটি বিরাম চিহ্ন নয়? *[স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নকশাকার: ২২]*
ক) - খ) , গ) ঃ ঘ) ; উ. গ

১২. 'কমা' থাকলে বিরতিকালের পরিমাণ কত? *[মৎস্য অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক: ২১]*
ক) ১ (এক) বলতে যে সময় প্রয়োজন
খ) ১ (এক) বলার দ্বিগুণ সময়
গ) ১ (এক) সেকেন্ড ঘ) থামার প্রয়োজন নেই উ. ক

১৩. হাইফেন (-) এর পর কতক্ষণ থামতে হয়? *[খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]*
ক) ১ সেকেন্ড খ) ২ সেকেন্ড
গ) ১.৫ সেকেন্ড ঘ) থামার প্রয়োজন নেই উ. ঘ

১৪. দুটি বাক্যের মধ্যে অর্থের সম্বন্ধ থাকলে কোন বিরাম চিহ্ন বসে? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটর: ২১]*
ক) সেমিকোলন খ) কোলন
গ) হাইফেন ঘ) কমা উ. ক

১৫. বাংলা গদ্যে প্রথম বিরাম চিহ্ন ব্যবহার করেন কে? *[এলজিইডি'র হিসাব সহকারী: ২১]*
ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ) রবীন্দ্রনাথ ঠাকুর
গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ) সুনীতিকুমার চট্টোপাধ্যায় উ.ক

১৬. নিচের কোন যতি চিহ্নের ক্ষেত্রে কোনো বিরামের প্রয়োজন হয় না? *[এনএসআই এর জুনিয়র ফিল্ড অফিসার: ১৯]*
ক) কমা খ) কোলন
গ) প্রশ্নবোধক চিহ্ন ঘ) ব্রাকেট উ. ঘ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

পারিভাষিক শব্দ

বিদেশি শব্দ	পারিভাষিক শব্দ	বিদেশি শব্দ	পারিভাষিক শব্দ	বিদেশি শব্দ	পারিভাষিক শব্দ
Aboriginal	আদিবাসী	A to Z	সম্পূর্ণভাবে	Assassination	গুপ্তহত্যা
Abbreviation	সংক্ষেপণ	Analogy	উপমা	Autonomous	স্বায়ত্তশাসিত
Anonymous	অনামা	Anarchy	নৈরাজ্য	Amicus Curiae	আদালতের বন্ধু
Affidavit	হলফনামা	Anatomy	শরীরবিদ্যা	Autobiography	আত্মজীবনী
Archetype	আদিরূপ	Allegory	রূপক	Alias	ওরফে
Agora	মুক্তাঞ্চল	Attested	সত্যায়িত	Bail	জামিন
Blue Print	প্রতিচিত্র	Biography	কড়চা	Caretaker	তত্ত্বাবধায়ক
Cancer	কর্কট রোগ	Boycott	বর্জন	Coup	অভ্যুত্থান
Civil Society	সুশীল সমাজ	Chancellor	আচার্য	Cabinet	মন্ত্রিপরিষদ
Current Account	চলতি হিসাব	Circular	প্রচারপত্র	Constipation	কোষ্ঠকাঠিন্য
Co-opted	সহযোজিত	Curfew	সান্ধ্যআইন	Consumer goods	ভোগ্যপণ্য
Deadlock	অচলাবস্থা	Curriculum	পাঠ্যক্রম	Epicurism	ভোগবাদ
Excise Duty	আবগারী শুল্ক	Executive	নির্বাহী	Extension	সম্প্রসারণ
Embassy	দূতাবাস	Epic	মহাকাব্য	Edition	সংস্করণ
Final	সমাপ্তি	Glossary	টীকাপঞ্জি	For Good	চিরতরে
File	নথি	Genocide	গণহত্যা	Forgery	জালিয়াতি
Graduate	স্নাতক	Gazette	ঘোষণাপত্র	Gratuity	পারিতোষিক
Hybrid	সঙ্কর	Intellectual	বুদ্ধিজীবী	Hand bill	প্রচারপত্র
Horizontal	অনুভূমিক	Indigenous	স্বদেশী	Issue	প্রচার
Key-note	মূলভাব	Jail code	কারাবিধি	Loggerheads	দা-কুমড়া সম্পর্ক
Manager	ব্যবস্থাপক	Knavery	প্রতারণা	Lyric	গীতিকবিতা
Nebula	নীহারিকা	Modernism	আধুনিকতাবাদ	Migratory bird	অতিথি পাখি
Null and void	বাতিল	Meteor	উল্কা	Phonology	ভাষার ধ্বনিবিজ্ঞান
Oxygen	অম্লজান	Nationalism	জাতীয়তাবাদ	Payer	দাতা
Post graduate	স্নাতকোত্তর	Pact	চুক্তি	Postage	ডাকমাশুল
Periodical	সাময়িকী	Parole	সাময়িক মুক্তি	Polygamy	বহুবিবাহ
Study Leave	শিক্ষাবকাশ	Review	পুনঃনিরীক্ষণ	Quarterly	ত্রৈমাসিক
Secretariat	সচিবালয়	Referendum	গণভোট	Quorum	গণপূর্তি
Subjudice	বিচারাধীন	Surgeon	শল্য চিকিৎসক	Quotation	মূল্যজ্ঞাপন
Superstitious	কুসংস্কারাচ্ছন্ন	Stigma	লজ্জা বা কলঙ্ক চিহ্ন	sanction	মঞ্জুরি
Transparent	স্বচ্ছ	Sleeping partner	নিষ্ক্রিয় অংশীদার	Script	হস্তলিপি
Trilogy	ত্রয়ী	Sponsor	পৃষ্ঠপোষক	Subconscious	অবচেতন
Unstamped	সিলমোহরবিহীন	Ultimatum	চরমপত্র	Wisdom	প্রজ্ঞা
Worship	পূজা	Whirlpool	ঘূর্ণি	Legal statement	জবানবন্দি

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. 'Quarterly' শব্দের অর্থ কি? *[স্বাস্থ্য যন্ত্রণালয়ের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*

ক ত্রৈমাসিক খ সাপ্তাহিক গ পাক্ষিক ঘ ষান্মাসিক উ. ক

২. 'Basin' পরিভাষাটির বাংলা প্রতিশব্দ কী? *[বন অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*

ক জলধরা খ অববাহিকা
গ উপদ্বীপ ঘ মৈত্রিজোট উ. খ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৩. 'Null and void' এর বাংলা পরিভাষা কোনটি? [নির্বাচন কমিশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]
ক বাতিল খ পালাবদল
গ মামুলি ঘ নিরপেক্ষ উ. ক

৪. 'Amendment' শব্দটির অর্থ- [মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ২৩]
ক সংশোধনী খ পরিবর্তন
গ পরিবর্ধন ঘ কোনটিই নয় উ. ক

৫. পরিভাষার আক্ষরিক অর্থ- [মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ২৩]
ক বিদেশি ভাষা খ বিশেষ ভাষা
গ দেশি ভাষা ঘ উপজাতীয় ভাষা উ.খ

৬. Allocation শব্দের বাংলা পরিভাষা- [স্থলবন্দর কর্তৃপক্ষের ওয়ারহাউজ সুপারিনটেনডেন্ট ও ক্যাশিয়ার: ২২]
ক বরাদ্দ খ বরাদ্দকারী
গ মঞ্জুর ঘ অনুদান উ. ক

৭. 'Keeper' শব্দের বাংলা পরিভাষা- [স্থলবন্দর কর্তৃপক্ষের ওয়ারহাউজ সুপারিনটেনডেন্ট ও ক্যাশিয়ার: ২২]
ক গ্রাহক খ চালক
গ রক্ষক ঘ বাহক উ. গ

৮. A to Z কথাটি কোন অর্থে ব্যবহৃত হয়? [দুদকের কোর্ট পরিদর্শক: ২২]
ক শেষ পর্যন্ত খ সম্পূর্ণভাবে
গ সারাক্ষণ ঘ সবসময় উ. খ

৯. Co-opted এর পরিভাষা কোনটি? [দুদকের কোর্ট পরিদর্শক: ২২]
ক সহযোজিত খ যোজিত
গ সংযোজিত ঘ সংযুক্ত উ. ক

১০. 'Secretary' এর পরিভাষা কোনটি? [পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের পোস্টম্যান: ২২]
ক সম্পাদক খ সচিব
গ সাধারণ ঘ সদস্য উ. খ

১১. Budget শব্দের মূল অর্থ? [বাংলাদেশ রেলওয়ের গার্ড (গ্রেড-২): ২২]
ক মূলধন খ বণ্টন
গ মুনাফা ঘ থলে উ. ঘ

১২. 'Quack' এর পরিভাষা কোনটি? [রাজউক এর ইমারত পরিদর্শক:২২]
ক ভূমিকম্প খ ফাটল
গ হাতুড়ে ঘ দাপুটে উ. গ

১৩. Dialect এর পরিভাষা কোনটি? [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]
ক দলিল খ সংলাপ
গ উপভাষা ঘ রোগ নির্ণয় উ. গ

১৪. 'Ab initio' এর বাংলা পরিভাষা কী? [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ২১]
ক অনুপস্থিত খ অধিহার
গ প্রারম্ভেই ঘ মধ্যবর্তী উ. গ

১৫. 'Corrigendum' শব্দের বাংলা পরিভাষা কী? [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ২১]
ক পূনর্বিন্যাস খ শুদ্ধিপত্র
গ অনুরোধপত্র ঘ পরিশিষ্ট পত্র উ. খ

১৬. 'Editor' শব্দটির সঠিক পরিভাষা কোনটি? [এনএসআই এর ওয়াচার কনস্টেবল/ ফিল্ড স্টাফ: ২১]
ক সম্পাদকীয় খ সম্পাদক
গ নির্বাচক ঘ সাংবাদিক উ. খ

১৭. 'Wisdom' শব্দের বাংলা প্রতিশব্দ? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]
ক জ্ঞান খ বুদ্ধি
গ প্রজ্ঞা ঘ মেধা উ. গ

১৮. 'Vivid' শব্দের বঙ্গানুবাদ কোনটি? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]
ক বিবিধ খ প্রাণবন্ত
গ বিস্তৃত ঘ ব্যাপ্ত উ. খ

১৯. 'Code' শব্দের সঠিক পরিভাষা কোনটি? [এনএসআই এর জুনিয়র ফিল্ড অফিসার: ১৯]
ক নীতি খ নিয়ম
গ সংকেত ঘ বিধি উ. গ,ঘ

২০. Heavenly body-এর বাংলা পরিভাষা কোনটি? [দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ১৯]
ক স্বর্গীয় দেহ খ জ্যোতিষ্ক
গ প্রেরিত দূত ঘ ভারী দেহ উ. খ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

১. নিচের শব্দগুলোর ইংরেজি শব্দ লিখুন: [বাংলাদেশ নৌবাহিনীর বিভিন্ন পদ: ২৩]
ক. দৈনিক - Daily
খ. মামলা - Case
গ. আয় - Income
ঘ. জাতি - Nation
ঙ. অফিস - Office

২. শব্দার্থ লিখুন: [ট্যাকসেস আপীলাত ট্রাইবুনালের অফিস সহায়ক: ২৩]

Delete	মুছে ফেলা
Neighbour	প্রতিবেশি
Depletion	রিক্ততা
Nevertheless	তথাপি
Expansion	প্রসারণ

৩. নিচের শব্দগুলোর পারিভাষিক শব্দ লিখুন: [কাস্টম হাউস চট্টগ্রামের উচ্চমান সহকারী: ২৩]
ক. Axis- অক্ষ
খ. Evolution- বিবর্তন
গ. Hand bill- প্রচার পত্র
ঘ. Mythology- পৌরাণিক কাহিনী
ঙ. Protocol- খসড়া চুক্তি

৪. পারিভাষিক অর্থ লিখুন: [নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]
ক. Acknowledgement- স্বীকৃতি
খ. Compensation- ক্ষতিপূরণ
গ. Deputation- প্রেষণ
ঘ. Annexation- সংযোজন
ঙ. Impeachment- অভিশংসন

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৫. বাংলা পরিভাষা লিখুন: *[কর অঞ্চল-১, চট্টগ্রামের উচ্চমান সহকারী: ২৩]*

ক. Allegiance- আনুগত্য
খ. Bankrupt- দেউলিয়া
গ. Century- শতাব্দী
ঘ. Enforcement- প্রয়োগ
ঙ. Metropolis- মহানগর

৬. যে কোন পাঁচটি পরিভাষা দিয়ে বাক্য রচনা করুন: *[পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের অডিটর: ২০]*

ক. Charter (সনদ): মহানবী (স.) ৬২২ খ্রিষ্টাব্দে মদিনা সনদ প্রণয়ন করেন।
খ. Ombudsman (ন্যায়পাল): গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৭৭ নং অনুচ্ছেদে ন্যায়পাল নিয়োগ সম্পর্কে বলা হয়েছে।
গ. Subjudice (বিচারাধীন): বিচারাধীন বিষয়ে মন্তব্য করা অনুচিত।
ঘ. Referendum (গণভোট): BREXIT প্রসঙ্গে গতকাল ব্রিটিশ পার্লামেন্টে গণভোট অনুষ্ঠিত হয়েছে।
ঙ. Embargo (নিষেধাজ্ঞা বা অবরোধ): অবশেষে চীনের ওপর থেকে দীর্ঘদিনের বাণিজ্যিক নিষেধাজ্ঞা তুলে নিলেন ডোনাল্ড ট্রাম্প।

ছন্দ

সংস্কৃত ভাষায় 'ছন্দ' শব্দের অর্থ কাব্যের মাত্রা। কোনো কিছুর মধ্যে পরিমিত ও শৃঙ্খলার সুষম ও যৌক্তিক বিন্যাসকে ছন্দ বলে। বাংলা ছন্দ তিন প্রকার। যথা: স্বরবৃত্ত, মাত্রাবৃত্ত, ও অক্ষরবৃত্ত।

- **স্বরবৃত্ত ছন্দ:** যে ছন্দ রীতিতে উচ্চারণের গতিবেগ বা লয় দ্রুত অক্ষরমাত্রেই এক মাত্রার হয়, তাঁকে স্বরবৃত্ত ছন্দ বলে। এ ছন্দের মূল পর্বের মাত্রা সংখ্যা চার। এ ছন্দকে দলবৃত্ত বা লৌকিক ছন্দ বা শ্বাসাঘাত ছন্দ বা ছড়ার ছন্দ বলে। যেমন:

বৃষ্টি পড়ে / টাপুর টুপুর / নদেয় এল / বান
(মাত্রা - ৪/৪/৪/১)
শিব ঠাকুরের / বিয়ে হলো / তিন কন্যে / দান
(মাত্রা - ৪/৪/৪/১)।

- **মাত্রাবৃত্ত ছন্দ:** যে কাব্য ছন্দে মূল পর্ব চার, পাঁচ, ছয় বা সাত মাত্রার হয় এবং যা মধ্যম লয়ে পাঠ করা হয়, তাঁকে মাত্রাবৃত্ত ছন্দ বলে। এ ছন্দকে বর্ণবৃত্ত বা ধ্বনিপ্রধান ছন্দ বা কলাবৃত্ত ছন্দ বলে। উদাহরণ:

সোনার পাখি ছিল
সোনার খাঁচাটিতে
বনের পাখি ছিল
বনে

- রবীন্দ্রনাথ ঠাকুর

(মাত্রা - ৭/৭/৭/২)।

- **অক্ষরবৃত্ত ছন্দ:** যে ছন্দে সকল প্রকার মুক্তাক্ষর একমাত্রা বিশিষ্ট এবং বদ্ধাক্ষর শব্দের শেষে দুই মাত্রা, কিন্তু শব্দের আদিতে এবং মধ্যে একমাত্রা ধরা হয়, তাঁকে অক্ষরবৃত্ত ছন্দ বলে। একে যৌগিক বা কলামাত্রিক ছন্দ বলে। যেমন:

মরিতে চাহিনা আমি / সুন্দর ভুবনে (৮+৬)
মানবের মাঝে আমি / বাঁচিবারে চাই (৮+৬)

- রবীন্দ্রনাথ ঠাকুর

- **অমিত্রাক্ষর ছন্দ (Blank Verse):** কবিতার পঙ্‌ক্তির শেষে মিলহীন ছন্দকে অমিত্রাক্ষর ছন্দ বলে। অমিত্রাক্ষর ছন্দের কবিতায় চরণের অন্ত্যমিল থাকে না। এ ছন্দ পয়ারের অপর রূপ। প্রতি পঙ্‌ক্তিতে ১৪ অক্ষর থাকে, যা ৮+৬ পর্বে বিভক্ত। একে প্রবহমান অক্ষরবৃত্ত ছন্দও বলে। উদাহরণ-

সম্মুখ-সমরে পড়ি, বীর চূড়ামণি
বীর বাহু চলি যবে গেলা যমপুরে
অকালে, কহ, হে দেবি অমৃতভাষিণি,
কোন বীরবরে রবি সেনাপতি পদে,
পাঠাইলা, রণে পুনঃ রক্ষঃকুলনিধি
রাঘবারি।

- মাইকেল মধুসূদন দত্ত

- **সনেট বা চতুর্দশপদী কবিতা:** সনেট ইটালিয়ান শব্দ। এর বাংলা অর্থ- চতুর্দশপদী কবিতা। ইতালীয় কবি পেত্রার্ক এ ধারার আদি কবি। একটি মাত্র ভাব বা অনুভূতি যখন ১৪ অক্ষরের চতুর্দশ পঙ্‌ক্তিতে (কখনো কখনো ১৮ অক্ষরও ব্যবহৃত হয়) বিশেষ ছন্দরীতিতে প্রকাশ পায়, তাকেই সনেট বা চতুর্দশপদী কবিতা বলে।সনেটের দুটি অংশ। যথা:

ক. অষ্টক : প্রথম ৮ চরণকে অষ্টক বলে।
খ. ষটক : শেষ ৬ চরণকে ষটক বলে।

বাংলা সাহিত্যে অমিত্রাক্ষর ছন্দের ও সনেটের প্রচলন ঘটান মাইকেল মধুসূদন দত্ত।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. যে ছন্দের মূল পর্বের মাত্রা সংখ্যা চার, তাকে কী বলা হয়? *[এলজিইডি'র কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক স্বরবৃত্ত খ পয়ার
গ মাত্রাবৃত্ত ঘ অপবৃত্ত উ. ক

২. অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক কে? *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক বঙ্কিমচন্দ্র চট্টপাধ্যায় খ অন্নদাশংকর রায়
গ সুকান্ত ভট্টাচার্য ঘ মাইকেল মধুসূদন দত্ত উ. ঘ

৩. বাংলা ভাষায় ছন্দ কত প্রকার? *[বাংলাদেশ রেলওয়ের খালাসী: ২২]*
ক দুই খ চার
গ তিন ঘ পাঁচ উ. গ

৪. ছড়া কোন ছন্দে রচিত হয়? *[খাদ্য অধিদপ্তরের সহকারী খাদ্য পরিদর্শক:২১]*
ক স্বরবৃত্ত খ পয়ার
গ অমিত্রাক্ষর ঘ ত্রিপদী উ. ক

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

পত্র লিখন

'পত্র' শব্দটির আভিধানিক বা ব্যবহারিক অর্থ স্মারক বা চিহ্ন। কোনো বিশেষ উদ্দেশ্যে মানবমনের কোনো ভাব, সংবাদ, তথ্য, আবেদন ইত্যাদি অপরের কাছে লিখিতভাবে জানানো হলে, তাকে সাধারণভাবে পত্র বা চিঠি বলে। সুন্দর, শুদ্ধ চিঠির মাধ্যমে মানুষের শিক্ষা, বুদ্ধিমত্তা, রুচি ও ব্যক্তিত্বের প্রকাশ ঘটে। সুলিখিত চিঠি অনেক সময় উন্নত সাহিত্য হিসেবে বিবেচিত হয়। যেমন: রবীন্দ্রনাথ ঠাকুরের 'ছিন্নপত্র'।

- **চিঠি লিখতে হলে কতকগুলো সাধারণ নিয়ম মেনে চলতে হয়।** যেমন-

ক. চিঠির প্রকাশভঙ্গি আকর্ষণীয় হতে হবে। এর জন্য সহজ-সরল ও প্রাঞ্জল ভাষায় চিঠি লিখতে হবে।
খ. পত্রে কোনো কঠিন শব্দ ব্যবহার করা যাবে না। ভাষা প্রয়োগে শুদ্ধতা বজায় রাখতে হবে।
গ. হাতের লেখা যতটা সম্ভব পরিষ্কার রাখতে হবে।
ঘ. চিঠির বক্তব্য হবে সুস্পষ্ট। পত্রে অনাবশ্যক কিংবা অতিরঞ্জিত কোনোকিছু না লেখাই ভালো।
ঙ. চিঠি লেখার পদ্ধতি মেনে চলতে হবে। খামে নাম ঠিকানা স্পষ্টাক্ষরে লিখতে হবে।

১. দুই দিনের ছুটি চেয়ে কর্তৃপক্ষের নিকট একটি দরখাস্ত লিখুন। *[ভূমি মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২৩]*

১৬ সেপ্টেম্বর, ২০২৩
বরাবর
সচিব
হিসাব নিয়ন্ত্রকের দপ্তর
ভূমি মন্ত্রণালয়, ঢাকা

বিষয়: দুই দিনের ছুটির জন্য আবেদন।

জনাব,
যথাবিহীত সম্মানপূর্বক নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী আপনার অধীনস্ত হিসাব নিয়ন্ত্রকের দপ্তর, ভূমি মন্ত্রণালয়ের অফিস সহায়ক পদে কর্মরত আছি। আগামী ২০.০৬.২০২৩ তারিখে আমার ছোট বোনের বিবাহ অনুষ্ঠিত হবে। যে কারণে ২০.০৬.২০২৩ হতে ২১.০৬.২০২৩ তারিখ পর্যন্ত দুই দিনের ছুটির একান্ত প্রয়োজন।

অতএব, মহোদয়ের নিকট আকুল আবেদন এই যে, উল্লিখিত বিষয়টি বিবেচনা করে দুই দিনের অগ্রিম ছুটি মঞ্জুর করার জন্য সবিনয়ে আবেদন পেশ করছি।

বিনীত নিবেদক
আপনার একান্ত অনুগত
মো. রেজাউল করিম
অফিস সহায়ক
হিসাব নিয়ন্ত্রকের দপ্তর, ভূমি মন্ত্রণালয়, ঢাকা।

২. ধরুন আপনি 'অফিস সহকারী' পদে চাকরি পেয়েছেন। এই পদে একটি যোগদানপত্র লিখুন। *[বাংলা একাডেমির এলডিএ কাম টাইপিস্ট: ২৩]*

তারিখ: ২০.০২.২০২৩ খ্রি.
বরাবর
সচিব
সংস্কৃতি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয়: অফিস সহকারী পদে যোগদান প্রসঙ্গে

সূত্র: সংস্কৃতি মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ নিয়োগ শাখার স্মারক নম্বর ০৫.০০০. ০০০০. ১২৮. ১৯.০২.২২; তারিখ: ১১.০২.২০২৩ খ্রি.।

জনাব,
যথাবিহীত সম্মান প্রদর্শনপূর্বক নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী উপর্যুক্ত বিষয় ও সূত্রের নির্দেশমতে অদ্য ২০ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখ পূর্বাহ্নে অফিস সহকারী পদে যোগদানপত্র দাখিল করলাম।

এমতাবস্থায়, আমার যোগদানপত্র গ্রহণ করতে মহোদয়ের সদয় মর্জি প্রার্থনা করছি।

বিনীত নিবেদক
মো. রেজাউল করিম
মোবাইল: ০১৭৫৫.....
ই-মেইল: rezadu138@gmail.com

৩. শারীরিক অসুস্থতার জন্য ১ দিনের ছুটি চেয়ে জেলা জজ বরাবর দরখাস্ত লিখুন। *[বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের ল্যাব সহকারী:২৩]*

০৬ জানুয়ারি, ২০২৩
বরাবর
জেলা জজ, কুষ্টিয়া

বিষয়: এক দিনের ছুটির জন্য আবেদন

জনাব,
যথাবিহীত সম্মানপূর্বক নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী আপনার অধীনস্ত জেলা জজ আদালত, কুষ্টিয়া এর অফিস সহায়ক পদে কর্মরত আছি। শারীরিক অসুস্থতার কারণে গত ৫.০১.২০২৩ খ্রি. কর্মস্থলে উপস্থিত হতে পরিনি।

অতএব, মহোদয়ের নিকট আকুল আবেদন এই যে, আমাকে উক্ত দিনের ছুটির সুযোগ দানে বাধিত করবেন।

বিনীত নিবেদক
আপনার একান্ত অনুগত
মো. রেজাউল করিম
অফিস সহায়ক, জেলা জজ আদালত, কুষ্টিয়া

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৪. বাংলাদেশ শিশু একাডেমিতে আপনার প্রার্থিত পদে চাকরির জন্য আবেদন লিখুন। *[বাংলাদেশ শিশু একাডেমির কম্পিউটার অপারেটর: ২৩]*

৩১ মার্চ, ২০২৩
বরাবর
সচিব
শিশু একাডেমি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয় : কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে নিয়োগের জন্য আবেদন।

জনাব,
যথাবিহিত সম্মানপূর্বক নিবেদন এই যে, গত ২৫ মার্চ, ২০২৩ তারিখে 'দৈনিক প্রথম আলো' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে জানতে পারলাম, আপনার অধীনে বাংলাদেশ শিশু একাডেমিতে 'কম্পিউটার মুদ্রাক্ষরিক' পদে কিছু সংখ্যক জনবল নিয়োগ দেয়া হবে। উক্ত পদের একজন সৎ, যোগ্য ও আগ্রহী প্রার্থী হিসেবে নিম্নে আমার জীবনবৃত্তান্তসহ প্রয়োজনীয় তথ্যাদি আপনার সদয় বিবেচনার জন্য উপস্থাপন করছি।

১. নাম (বাংলায়) : মো. কামরুল হাসান
(ইংরেজিতে) : Md. Kamrul Hasan
২. পিতার নাম (বাংলায়) : মো. আব্দুল মজিদ
(ইংরেজিতে) : Md. Abdul Majid
৩. মাতার নাম (বাংলায়) : মোছা. রাহেনা বেগম
(ইংরেজিতে) : Mst. Rahena Begum
৪. বর্তমান ঠিকানা : ১২৩/ ছাপড়া মসজিদ, আজিমপুর, ঢাকা
৫. স্থায়ী ঠিকানা : গ্রাম: নয়াবাড়ি; ডাকঘর: কাশীনাথপুর, উপজেলা: কাশীনাথপুর; জেলা: পাবনা
৬. জন্ম তারিখ : ১০.০৬.১৯৯২ খ্রি.
৭. নিজ জেলা : পাবনা
৮. জাতীয়তা : বাংলাদেশি
৯. ভোটার আইডি নং : ১৯৯২৪৮৭৫৮০২১০
১০. মোবাইল নং : ০১৫৭৮০০০০০০
১১. বৈবাহিক অবস্থা : অবিবাহিত
১২. ধর্ম : ইসলাম
১৩. লিঙ্গ : পুরুষ
১৪. শিক্ষাগত যোগ্যতা :

পরীক্ষার নাম	প্রতিষ্ঠানের নাম	বোর্ড/বিশ্ববিদ্যালয়	পাসের সন	বিভাগ	জিপিএ/ সিজিপিএ
এস.এস.সি	চর নরিনা উচ্চ বিদ্যালয়	রাজশাহী	২০০৭	মানবিক	৪.৮১ (৫.০০)
এইচ.এস.সি	সাতবাড়ীয়া ডিগ্রি কলেজ	রাজশাহী	২০০৯	মানবিক	৪.৮০ (৫.০০)
বি.এ (সম্মান)	তিতুমীর জলেজ	জাতীয় বিশ্ববিদ্যালয়	২০১৪	ইতিহাস	৩.২৩ (৪.০০)
এম.এ	তিতুমীর কলেজ	জাতীয় বিশ্ববিদ্যালয়	২০১৫	ইতিহাস	৩.৩০ (৪.০০)

১৫. ই-মেইল : kamrulhasandu12@gmail.com
১৬. পে-অর্ডার নম্বর : Sc-4289

অতএব, মহোদয়ের নিকট বিনীত নিবেদন উপর্যুক্ত তথ্য ও যোগ্যতাবলি বিবেচনা করে আমাকে 'কম্পিউটার মুদ্রাক্ষরিক' পদে নিয়োগ দানে বাধিত করবেন।

নিবেদক,
মো. কামরুল হাসান

সংযুক্তি :
ক. সকল শিক্ষাগত যোগ্যতা সনদের সত্যায়িত ফটোকপি।
খ. সদ্যতোলা ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
গ. ৫০০ টাকার পে-অর্ডার কপি।
ঘ. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
ঙ. স্থানীয় নাগরিক সনদপত্রের সত্যায়িত কপি।

প্রেরক, মো. কামরুল হাসান ১২৩/ ছাপড়া মসজিদ, আজিমপুর, ঢাকা।	প্রাপক সচিব শিশু একাডেমি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা	ডাক টিকেট

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৬. **বাংলা একাডেমিতে আপনার প্রার্থিত কোনো পদে চাকুরির জন্য একটি আবেদনপত্র লিখুন।** *[বাংলা একাডেমির বিভিন্ন পদ: ২৩]*

৪ ফেব্রুয়ারি, ২০২৩

বরাবর
মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা

বিষয় : কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে নিয়োগের জন্য আবেদন।

জনাব,
যথাবিহিত সম্মানপূর্বক নিবেদন এই যে, গত ২০ জানুয়ারি, ২০২৩ তারিখে 'দৈনিক প্রথম আলো' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে জানতে পারলাম, আপনার অধীনে বাংলা একাডেমিতে 'কম্পিউটার মুদ্রাক্ষরিক' পদে কিছু সংখ্যক জনবল নিয়োগ দেয়া হবে। উক্ত পদের একজন সৎ, যোগ্য ও আগ্রহী প্রার্থী হিসেবে নিম্নে আমার জীবনবৃত্তান্তসহ প্রয়োজনীয় তথ্যাদি আপনার সদয় বিবেচনার জন্য উপস্থাপন করছি।

১.	নাম (বাংলায়)	: মো. রেজাউল করিম
	(ইংরেজিতে)	: Md. Rezaul Karim
২.	পিতার নাম (বাংলায়)	: মো. আব্দুল মজিদ
	(ইংরেজিতে)	: Md. Abdul Majid
৩.	মাতার নাম (বাংলায়)	: মোছা. রাহেনা বেগম
	(ইংরেজিতে)	: Mst. Rahena Begum
৪.	বর্তমান ঠিকানা	: ১২৩/ ছাপড়া মসজিদ, আজিমপুর, ঢাকা
৫.	স্থায়ী ঠিকানা	: গ্রাম: নয়াবাড়ি; ডাকঘর: কাশীনাথপুর, উপজেলা: কাশীনাথপুর; জেলা: পাবনা
৬.	জন্ম তারিখ	: ১০.০৬.১৯৯২ খ্রি.
৭.	নিজ জেলা	: পাবনা
৮.	জাতীয়তা	: বাংলাদেশি
৯.	ভোটার আইডি নং	: ১৯৯২৪৮৭৫৮০২১০
১০.	মোবাইল নং	: ০১৫৭৮০০০০০০
১১.	বৈবাহিক অবস্থা	: অবিবাহিত
১২.	ধর্ম	: ইসলাম
১৩.	লিঙ্গ	: পুরুষ
১৪.	শিক্ষাগত যোগ্যতা	:

পরীক্ষার নাম	প্রতিষ্ঠানের নাম	বোর্ড/বিশ্ববিদ্যালয়	পাসের সন	বিভাগ	জিপিএ/ সিজিপিএ
এস.এস.সি	চর নরিনা উচ্চ বিদ্যালয়	রাজশাহী	২০০৭	বিজ্ঞান	৪.৮১ (৫.০০)
এইচ.এস.সি	সাতবাড়ীয়া ডিগ্রি কলেজ	রাজশাহী	২০০৯	বিজ্ঞান	৪.৮০ (৫.০০)
বি.এ (সম্মান)	ঢাকা কলেজ	জাতীয় বিশ্ববিদ্যালয়	২০১৪	বাংলা	৩.২৩ (৪.০০)
এম.এ	ঢাকা কলেজ	জাতীয় বিশ্ববিদ্যালয়	২০১৫	বাংলা	৩.৩০ (৪.০০)

১৫.	ই-মেইল	: rezadu138@gmail.com
১৬.	পে-অর্ডার নম্বর	: Sc-4280

অতএব, মহোদয়ের নিকট বিনীত নিবেদন উপর্যুক্ত তথ্য ও যোগ্যতাবলি বিবেচনা করে আমাকে 'কম্পিউটার মুদ্রাক্ষরিক' পদে নিয়োগ দানে বাধিত করবেন।

নিবেদক,
মো. রেজাউল করিম

সংযুক্তি :
ক. সকল শিক্ষাগত যোগ্যতা সনদের সত্যায়িত ফটোকপি।
খ. সদ্যতোলা ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
গ. ৫০০ টাকার পে-অর্ডার কপি।
ঘ. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
ঙ. স্থানীয় নাগরিক সনদপত্রের সত্যায়িত কপি।

প্রেরক, মো. রেজাউল করিম ১৩৪/ নিউপল্টন, ঢাকা।	প্রাপক মহাপরিচালক বাংলা একাডেমি, ঢাকা	ডাক টিকেট

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ভাব-সম্প্রসারণ

১. ভাব-সম্প্রসারণ লিখুন: *[সুরক্ষা সেবা বিভাগের অফিস সহায়ক: ২৩]*

দুর্জন বিদ্বান হইলেও পরিত্যাজ্য।

বিদ্যা পরম ধন হলেও চরিত্রহীন বিদ্বানের সঙ্গ পরিত্যাগ করা মঙ্গলজনক। দুর্জন সমাজের চোখে নিন্দনীয়।

বিদ্যা মানুষের অমূল্য সম্পদ। বিদ্যা মানবজীবনের কালিমাময় কুসংস্কার ধ্বংস করে, মানব মনের সুপ্ত সুকুমারবৃত্তির প্রকাশ ঘটায়। বিদ্যার হিরণ্ময় দীপ্তিচ্ছটায় মানুষ মহীয়ান হয়ে ওঠে। বিদ্বান ব্যক্তি তাই সর্বত্র মর্যাদাবান ও সম্মানের পাত্ররূপে বিবেচিত হয়। কিন্তু এই বিদ্বান ব্যক্তি চরিত্রহীন হলে তার সব অর্জন ব্যর্থতায় পর্যবসিত হয়। বিদ্যা মূল্যবান কিন্তু চরিত্র তার চেয়েও মূল্যবান। দুর্জন ব্যক্তি প্রাতিষ্ঠানিকভাবে শিক্ষা লাভ করলেও তার মন কখনও শিক্ষিত হয় না। চরিত্র মানুষের সাধনার ফল। সাধনার জন্যে প্রয়োজন তপস্যা। যা মানুষের প্রবৃত্তিকে প্রখর করে, বুদ্ধিকে শাণিত করে, আচরণকে মার্জিত করে, হৃদয়কে প্রশস্ত করে মনকে দৃঢ় ও শক্তিশালী করে তোলে। তাই চরিত্রই হলো মনুষ্যত্বের রক্ষাকবচ। সমাজে এমন অনেক মানুষ আছে যারা বিদ্বান হলেও চরিত্রহীন। বিদ্যাকে মুখোশ হিসেবে ব্যবহার করে তারা তাদের হীন স্বার্থ চরিতার্থ করে। চরিত্রহীন মানুষ বিষধর সাপের মতো। বিষাক্ত সাপের মাথায় মহামূল্যবান মণি থাকলেও তা যেমন বিপজ্জনক, চরিত্রহীন বিদ্বান লোকও তেমনই। এইসব চরিত্রহীন ব্যক্তির সাহচর্যে গেলে মঙ্গলের পরিবর্তে অমঙ্গল হওয়ার সম্ভাবনাই বেশি। বিদ্বানের সংস্পর্শে এলে জ্ঞানের আলোতে মন আলোকিত হয়। কিন্তু চরিত্রহীন বিদ্বান লোকের বিদ্যার কোনো মূল্য থাকে না। নিজের স্বার্থ বা অসৎ উদ্দেশ্য চরিতার্থ করার জন্যে এরা বিদ্যা অর্জন করে থাকে। অর্জিত বিদ্যার অপব্যবহার করে বলেই সর্বদাই তাদের সংস্পর্শ পরিহার করা উচিত।

বিদ্যা মূল্যবান হলেও চরিত্র তার চেয়ে বেশি মূল্যবান। তাই চরিত্রহীন লোক বিদ্বান হলেও তার সঙ্গ ত্যাগ করা উচিত। দুর্নীতিগ্রস্ত বিদ্বান ব্যক্তি জাতির অভিশাপস্বরূপ।

২. ভাব-সম্প্রসারণ করুন: *[ভূমি মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২৩]*

জন্ম হোক যথা তথা, কর্ম হোক ভালো

বংশ পরিচয় মানুষের মর্যাদা বাড়ায় না, মহৎ গুণাবলিই মানুষকে প্রকৃত মর্যাদাবান করে তোলে। কর্মগুণেই মানুষে মানুষে তফাৎ সৃষ্টি হয়।

মানুষ মাত্রই জন্ম-মৃত্যুর শৃঙ্খলে আবদ্ধ। এর উপর কারও হাত নেই। বিধাতার অলঙ্ঘনীয় ইচ্ছায় কেউ উচ্চ বংশে আবার কেউ নিচু বংশে জন্মগ্রহণ করে। জীবন-জগতে চলার পথে বংশ পরিচয় মানুষকে যৎসামান্য সুবিধা প্রদান করলেও মানুষের প্রকৃত পরিচয় নির্ভর করে তার কর্মফলের উপর। কর্মময় জীবনের কাছে বংশ মর্যাদা অর্থহীন। আপন জন্মের ব্যাপারে মানুষের নিজের কোনো ভূমিকা থাকে না। কিন্তু কর্মজীবনে সে সক্রিয় ভূমিকা পালনের মাধ্যমে জগতে চিরস্মরণীয় হয়। কর্মের মাধ্যমেই মানবজীবনের প্রকৃত মূল্য নির্ণীত হয়। সমাজের নীচুতলায় জন্ম নিয়েও মানুষ তার কর্মগুণে বড় হতে পারে। পদ্মফুলের সৌন্দর্য বড়ই মনোরম কিন্তু তার জন্ম পঙ্কে। পঙ্কে জন্মানোর কারণে তার মূল্য বিন্দু পরিমাণ কমে না। মানুষের জীবনও পদ্মফুলের মতোই। মানুষের প্রকৃত পরিচয় তার কর্মে, বংশে নয়। উচ্চ বংশে জন্মগ্রহণ করেও অনেকে তাদের কৃতকর্মের জন্য মানুষের নিকট নিন্দনীয় হয়েছেন, আবার অনেকে নীচু বংশে জন্মগ্রহণ করেও কর্মের মন্ত্রে উজ্জীবিত হয়ে জগতে চিরস্মরণীয় হয়েছেন। সম্রাট নাসিরুদ্দিন প্রথম-জীবনে একজন ক্রীতদাস ছিলেন। জর্জ ওয়াশিংটন কৃষকের ঘরে জন্ম নিয়েও কর্মবলে আমেরিকার প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছিলেন। নেপোলিয়ন বোনাপার্ট, শেরশাহ ছিলেন নিতান্তই সাধারণ ঘরের সন্তান। বিশ্বনন্দিত সাহিত্যিক শেক্সপিয়র, কীট্স নীচু ঘরের জন্মে ছিলেন। ভারতের মহাত্মা গান্ধী, বাংলা সাহিত্যের বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম একেবারেই সাধারণ পরিবারে জন্মেও স্বীয় কর্মগুণে জগৎ জোড়া সুনাম কুড়িয়েছেন।

মানুষের কাজের উপর ভিত্তি করে তাকে মূল্যায়ন করা উচিত, বংশের উপর নয়। কর্মই মানুষকে মহীয়ান করে, বংশগৌরব নয়।

৩. ভাব-সম্প্রসারণ করুন: 'বই কিনে কেউ দেউলিয়া হয় না' *[অর্থ মন্ত্রণালয়ের সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*

বই কিনে কেউ দেউলিয়া হয় না

বই ক্রয়ে সামান্য অর্থ ব্যয় হলেও তা থেকে অর্জিত জ্ঞানের মূল্য অসামান্য। আর্থিক মূল্যে নয়, সাংস্কৃতিক রুচির বিচারে বই কেনা উত্তম কর্ম।

সভ্যতার প্রাগৈতিহাসিক কাল থেকে মানুষ জ্ঞান সাধনার মাধ্যমে পৃথিবীকে বসবাস উপযোগী করে আসছে। জ্ঞান সাধনা একটা নিরন্তর ঘটনা। জ্ঞান মানুষের পরম ধন। আর জ্ঞান অর্জনের একটি অন্যতম উপায় হলো বই পড়া। বই পড়ার মাধ্যমে মানব মনের সুকুমার বৃত্তিসমূহের পরিপূর্ণ বিকাশ ঘটে। পৃথিবীর শ্রেষ্ঠ ব্যক্তিদের মজ্জাগত চেতনা ও সৃষ্টির অবলম্বন হলো বই। সুদূর অতীতের জানা-অজানা বিষয়গুলো পরবর্তী প্রজন্মের কাছে পৌঁছে দেয় বই। তবে এই বইটিকে অবশ্যই সৃজনশীল ও নিরীক্ষাধর্মী হতে হবে। বইয়ের মূল্য এত বেশি যে, পারস্যের কবি ওমর খৈয়াম স্বর্গেও বই নিয়ে যেতে চেয়েছেন। আবার দার্শনিক টলস্টয় বলেছেন, *'জীবনে তিনটি বস্তুই বিশেষভাবে প্রয়োজন তা হচ্ছে বই, বই এবং বই।'* কিন্তু বই কিনতে হলে বিনিময় মূল্য হিসেবে আমাদের অর্থ ব্যয় করতে হয়। অনেকেই একে অপচয় মনে করেন। খেয়ালের বশবর্তী হয়ে মানুষ নানা কাজে অর্থব্যয় করে থাকে, শুধু বই ক্রয়েই তাদের অনাগ্রহ। আমাদের সমাজে এক শ্রেণির মানুষ আছে যারা পোশাক,

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

পরিচ্ছদ ও নানা শৌখিন কাজে অর্থ ব্যয় করে কিন্তু বই ক্রয়ে তাদের অনীহা। প্রকৃত বইপ্রেমী ও প্রকৃত জ্ঞান অর্জনকারী কখনও এমনটি ভাবেন না। জীবনে সাফল্য লাভের জন্য কঠিন সাধনা ও কর্ম সম্পাদন করতে হয়। এ কর্মসাধনের জন্য প্রয়োজন উপযুক্ত মেধা, প্রচেষ্টা ও জ্ঞান। সামান্য অর্থ ব্যয় করে বইয়ের রাজ্য থেকে জ্ঞান অর্জন করে জীবনকে সমৃদ্ধ করা যায়। এক্ষেত্রে ব্যয়িত অর্থের তুলনায় অর্জিত জ্ঞান কয়েকগুণ বেশি মূল্যবান। এ জ্ঞানকে কাজে লাগিয়ে জগতের অন্যান্য সম্পদের সন্ধান করা যায়। তাই বইয়ের জন্য ব্যয়িত অর্থ অপচয় নয়, বরং তা জীবনের সাফল্য লাভের পাথেয়।

আলোকিত জাতি গঠনে বই পড়ার কোনো বিকল্প নেই। বই হতে পারে অতীত, বর্তমান ও ভবিষ্যতের সেতুবন্ধন। তাই বই কিনতে কার্পণ্য করা অনুচিত।

৪. ভাবসম্প্রসারণ করুন: 'অর্থই অনর্থের মূল'। *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের উপজেলা ব্যবস্থাপক: ২৩]*

অর্থই অনর্থের মূল

পৃথিবীতে মানুষের জন্ম থেকে মৃত্যু পর্যন্ত সর্বক্ষেত্রে অর্থের প্রয়োজন। তবে অর্থ সঠিকভাবে সদ্ব্যবহার না করলে তা অনেক সময় অনর্থের কারণ হয়ে দাঁড়ায়।

অর্থ মানবজীবনের জন্যে খুবই প্রয়োজনীয়। কারণ মানবজীবনে প্রতি ক্ষেত্রের কার্যকারিতা অর্থের ওপর নির্ভরশীল। অর্থই আজীবন মানুষের সকল চাওয়া-পাওয়ার প্রয়োজন মেটায়। অর্থ না থাকলে জীবনে দুঃখকষ্টের অন্ত থাকে না। অর্থ না থাকলে অনেক সময় জীবনকে মূল্যহীন বা অর্থহীন বলে মনে হয়। এজন্যেই মানুষ অর্থের পেছনে ছুটে চলেছে নিরন্তর। কী করে অঢেল অর্থ উপার্জন করা যায়, সেই চেষ্টার শেষ নেই। কিন্তু অনেক কষ্ট ও সাধনার এ অর্থই অনেক সময় অনর্থের মূল হয়ে দাঁড়ায়। কারণ বেশি অর্থ মানুষকে অন্যায়ের পথে, অপরাধের পথে ঠেলে দেয়। অর্থকে কেন্দ্র করে পৃথিবীজুড়ে ঘটে চলেছে নানাবিধ ভয়ংকর, জঘন্য, অমানবিক ও অকল্যাণকর ঘটনা। অর্থের কারণে পিতা-পুত্র, ভাই-ভাই, রাজায়-রাজায়, দেশে-দেশে ঘটে চলেছে অনেক অপ্রীতিকর ঘটনা। অর্থের লোভ এমনই ভয়ানক যে মানুষ বিবেক, মনুষ্যত্ব, নীতি বিসর্জন দিতে দ্বিধা করে না।

সামাজিক ও রাষ্ট্রীয় অন্যায়-অনাচার ও দুর্নীতি ইত্যাদির পেছনে অনেক সময় অর্থই প্রধান ভূমিকা পালন করে। তবে অর্থ সকল সময়ই অনর্থের কারণ হয় না। এর ব্যবহার সম্পর্কে সচেতন থাকলে অর্থ অনেক সময় মর্যাদা বৃদ্ধি করে।

৫. ভাবসম্প্রসারণ করুন: 'জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি যেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব। *[পল্লী উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক:২৩]*

জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি যেখানে আড়ষ্ট- মুক্তি সেখানে অসম্ভব।

অবারিত জ্ঞান ও মুক্তবুদ্ধি চর্চার মাধ্যমেই মানবজীবনের প্রকৃত মূল্য অর্জিত হয়। সীমাবদ্ধ জ্ঞান দ্বারা কখনোই মুক্তচিন্তার বিকাশ সম্ভব নয়।

মুক্তি মানবজীবনের পরম আরাধ্য। জন্ম থেকে মৃত্যু পর্যন্ত মানুষ মুক্তিলাভে ব্যতিব্যস্ত থাকলেও সকলের পক্ষে মুক্তির স্বাদ গ্রহণ সম্ভবপর হয় না। মানুষের পরম আকাঙ্ক্ষিত এই মুক্তি আসে জ্ঞান চর্চার মাধ্যমে। জ্ঞান মানুষের সবচেয়ে মূল্যবান সম্পদ। জ্ঞানই অন্যান্য প্রাণীর সাথে মানুষের পার্থক্য সূচিত করে। জ্ঞানহীন মানুষ পশুর সমতুল্য। জ্ঞান মানুষকে ভালো-মন্দ, ন্যায়-অন্যায়, শুভ-অশুভের প্রতি সচেতন করে। জ্ঞানের স্পর্শে মানুষের বিবেক-বুদ্ধি জাগরিত হয়। সে দেশ ও দশের কল্যাণে অবদান রাখে। আর জ্ঞানহীন মানুষ ভোঁতা বিবেক-বুদ্ধির অধিকারী। তাদের কাছ থেকে কল্যাণময় কোনো কিছু প্রত্যাশা করা যায় না। জ্ঞান না থাকলে বুদ্ধি আসে না আর বুদ্ধি ছাড়া মুক্তি আসতে পারে না। তাই যে মানুষ জ্ঞানচর্চা করে না, সমাজের নানা সংস্কার, সংকীর্ণতা ও সীমাবদ্ধতা আঁকড়ে জীবন অতিবাহিত করে, তার পক্ষে উন্নতি করা সম্ভব নয়।

অন্যায়-অবিচার, দুঃখ-দারিদ্র্য, কুসংস্কার-জড়তা থেকে মুক্তির জন্যে আমাদের জ্ঞানচর্চা করা উচিত। বুদ্ধির মুক্তি, চিন্তার মুক্তি, শিক্ষার মুক্তি এবং বিবেকের জাগরণই পার্থিব মহাকল্যাণ সাধনে সক্ষম।

৬. ভাবসম্প্রসারণ করুন: 'ইচ্ছা থাকলে উপায় হয়'। *[জাতীয় মানবাধিকার কমিশনের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

ইচ্ছা থাকলে উপায় হয়

শ্রেষ্ঠ জীব হিসেবে মানুষের ইচ্ছাশক্তি একটি অসাধারণ গুণ। যার মাধ্যমে মানুষ তার কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন করতে পারে।

পৃথিবীতে বসবাস করতে গিয়ে মানুষকে নানা বাধা-বিপত্তির সম্মুখীন হতে হয়। জীবনে বেঁচে থাকার তাগিদে মানুষ এই বাধা-বিপত্তির সাথে সংগ্রাম করে চলে। এজন্য মানুষ নানা ধরনের কাজ করে থাকে। কাজের সাফল্যের জন্য মানুষের ইচ্ছাশক্তির প্রাধান্য সবচেয়ে বেশি। কারণ মানবজীবন সংগ্রামে পরিপূর্ণ। এই সংগ্রাম করতে গিয়ে নিরাশ হয়ে হাত-পা গুটিয়ে বসে থাকলে চলবে না। তাকে অধিক উৎসাহ-উদ্দীপনা নিয়ে কর্মক্ষেত্রে নামতে হবে। সেই কঠিন কাজ সম্পন্ন করার প্রচণ্ড ইচ্ছার প্রকাশ ঘটাতে হবে। তাহলে দেখা যাবে সেই কাজের জন্য কোনো না কোনো উপায় বের হবে। ইচ্ছাশক্তি প্রবল যেকোনো কাজে সফল হওয়ার সম্ভাবনা অনেক বেশি। পৃথিবীতে জ্ঞান-বিজ্ঞানের ক্ষেত্রে যারা সুনাম-সুখ্যাতি অর্জন করেছেন তাদের ইচ্ছাশক্তির প্রবল প্রকাশের পরিচয় পাওয়া যায়। দুর্দমনীয় ইচ্ছার কারণে নেপোলিয়ান বোনাপার্ট ইউরোপ জয়ে সমর্থ হয়েছিলেন, আব্রাহাম লিংকন প্রেসিডেন্ট হতে পেরেছিলেন এবং কলম্বাস আমেরিকা আবিষ্কার করেছিলেন। পৃথিবী সৃষ্টির শুরু থেকে আজ অবধি যা কিছু আবিষ্কার হয়েছে তা সবই মানুষের ইচ্ছাশক্তির ফসল।

ইচ্ছা মানুষের কঠিন কাজকেও অনেকখানি সহজ করে দেয়। লক্ষ্য স্থির করে দৃঢ় মনোবল নিয়ে যে কোনো কাজ শুরু করলে সেটি সফলতার সম্ভাবনা অনেক বেশি বেড়ে যায়। তাই বলা যায়, ইচ্ছাই মানুষের সফলতার প্রধান চাবিকাঠি।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৭. ভাব-সম্প্রসারণ করুন: পরিশ্রম সৌভাগ্যের প্রসূতি। *[জেলা জজ আদালত কুষ্টিয়ার অফিস সহায়ক: ২৩]*

পরিশ্রম সৌভাগ্যের প্রসূতি

কঠোর পরিশ্রম ও একনিষ্ঠ সাধনাই সৌভাগ্যের প্রসূতি। ভাগ্য পরিবর্তনে পরিশ্রমের বিকল্প নেই।

জীবনের উন্নতির জন্য কাঙ্ক্ষিত যে কোনো কিছু অর্জনের জন্য পরিশ্রম প্রয়োজন। নিরলস পরিশ্রমের মাধ্যমে স্বপ্নকে বাস্তবে রূপ দেয়া সম্ভব। 'পরিশ্রম' অর্থ কষ্ট স্বীকার করে কাজ করা, আর 'প্রসূতি' অর্থ জন্মদাত্রী। একটি কারণ এবং অন্যটি ফলাফল। যে ব্যক্তি পরিশ্রম করে, সেই সৌভাগ্যের অধিকারী হয়। কারণ পরিশ্রম তথা নিরলস সাধনার মধ্যেই সৌভাগ্যের বসবাস। কাজের মাধ্যমে মানুষ নিজেই তার সৌভাগ্যকে নির্মাণ করতে পারে। কাজ না করে, যে মানুষ কারো মুখের দিকে তাকিয়ে থাকে, সে তার স্বপ্নকে সফল করতে পারে না। শুধু ভাগ্যে বিশ্বাস করে, নিয়তির হাতে নিজেকে সমর্পণ করে অলস জীবন-যাপন করে কোনো কিছু লাভ করা যায়- এমন দৃষ্টান্ত পৃথিবীতে বিরল। নিজে কোনো কিছু লাভ করতে হলে, মানুষের জন্য কিছু করতে হলে, মৃত্যুর পর পৃথিবীতে স্মরণীয় হয়ে থাকতে হলে পরিশ্রমের বিকল্প নেই। পৃথিবীতে যারা অনুস্মরণীয় আদর্শ স্থাপন করে মহৎ হয়েছেন, মহামানব হয়েছেন, তাঁদের জীবন পর্যালোচনা করলে দেখা যাবে, তাঁদের সমগ্র জীবন কর্মমুখর, ঘর্মাক্ত। পরিশ্রমীর হাত সবচেয়ে পবিত্র হাত এবং সৃষ্টিকতার সবচেয়ে প্রিয় হাত। আধুনিক উন্নত পাশ্চাত্য দুনিয়ায় কাজকে, পরিশ্রম করাকে, ধর্মচর্চার অংশ মনে করা হয়।

জীবনে উন্নতির জন্য পরিশ্রমের বিকল্প নেই। কেননা পরিশ্রম তথা নিরলস সাধনার মধ্যেই সাফল্যের বসবাস।

৮. ভাব-সম্প্রসারণ করুন: দশের লাঠি একের বোঝা। *[জেলা জজ আদালত কুষ্টিয়ার অফিস সহায়ক: ২৩]*

দশের লাঠি একের বোঝা

ঐক্যই সমাজ ও জাতির অগ্রসরের মূল মন্ত্র। একাকী মানুষ বেশি দূর যেতে পারে না। দশে মিলে একত্রে কাজ করলে সহজেই লক্ষ্যে পৌঁছানো সম্ভব।

পার্থিব সকল বস্তু ঐক্যসূত্রে গ্রথিত। ঐক্যের অভাবে মানব সমাজ পিছিয়ে পড়ে এবং ঐক্যের বিপরীতে বিভেদের চেতনা কলের জন্য ধ্বংস বয়ে আনে। দশের লাঠি একের বোঝা লত তাদের ঐক্য ও সংহতির প্রতীক। একাকী মানুষের পক্ষে হুদূর অগ্রসর হওয়া দুঃসাধ্য। অর্থাৎ যে একা সে-ই সামান্য এবং যার ঐক্য নেই সে বেশি দূর যেতে পারে না। ক্ষুদ্র ক্ষুদ্র জলকণার সঞ্চয়ে সৃষ্টি হয় অসীম বারিধির। এভাবেই ছোট ছোট, নগণ্য কিংবা সামান্য জিনিসের মিলনে আমাদের চারপাশের সবকিছু সৃষ্টি হয়েছে। আমাদের সামাজিক জীবনে ঐক্যচেতনার গুরুত্ব অনেক বেশি। বড় কিছু সৃষ্টি করতে চাইলে কিংবা বিশাল কিছু অর্জন করতে চাইলেও আমাদের একক চেষ্টার বদলে সম্মিলিত শক্তিকে কাজে লাগাতে হয়। একক প্রচেষ্টায় তার পক্ষে বড় কোনো অবদান রাখা সত্যিকার অর্থেই দুরূহ। অনেকে মিলে যদি কোনো মহৎ কর্মে প্রবৃত্ত হয় তবে সাফল্য আসতে বাধ্য। কথায় আছে, দশের লাঠি একের বোঝা। একজনের পক্ষে টিকে থাকা কঠিন বলেই প্রাচীনকাল থেকে মানুষ সমাজ গড়ে তুলেছে। হিংস্র প্রাণী ঐক্যবদ্ধ মানুষকে দেখে যেদিন লেজ গুটিয়ে পালিয়ে গিয়েছে, সেদিনই মানুষ বুঝতে পেরেছে একা সামান্য হলেও একতার মাধ্যমে সে সবকিছু জয় করতে পারে। তাই সমাজে টিকে থাকতে ঐক্যবদ্ধতার কোনো বিকল্প নেই।

জাতির অগ্রগতির লক্ষ্যে একতা নিয়ে কাজ করতে হবে, তবেই সুনির্দিষ্ট লক্ষ্যে পৌঁছানো সম্ভব। একতাই পারে পরাজয়ের গ্লানি মুছে দিয়ে জয়ের আনন্দে উদ্ভাসিত করতে।

৯. ভাব সম্প্রসারণ করুন: মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নয়। *[বাংলাদেশ সুপ্রীম কোর্টের ফটোস্ট্যাট মেশিন অপারেটর:২৩]*

মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নয়।

কর্মহীন দীর্ঘজীবনের চেয়ে কর্মময় সংক্ষিপ্ত জীবন বেশি মর্যাদাবান। কর্মই মানুষকে অমরত্ব দান করে।

মানুষ মাত্রই জন্ম-মৃত্যুর অধীন। প্রকৃতিতে বিচরণশীল জীবকুল প্রাকৃতিক নিয়মেই জন্মলাভ করে, বৃদ্ধিপ্রাপ্ত হয়ে ধ্বংসের মুখে পতিত হয়। মৃত্যুর সাথে সাথেই তাদের অস্তিত্ব বিলীন হয়ে যায়। কিন্তু মানুষ এক্ষেত্রে প্রকৃতি রাজ্যের অন্যান্য জীবের তুলনায় ব্যতিক্রম। মানুষের জন্ম-মৃত্যু প্রাকৃতিক নিয়মে হলেও মানুষ কর্মের মাধ্যমে জগতে চিরস্মরণীয় হয়ে থাকে। জন্ম-মৃত্যুর উপর মানুষের হাত নেই, কিন্তু কর্মের উপর মানুষের পরিপূর্ণ হাত রয়েছে। মানুষ চাইলেই ভালো বা মন্দ যেকোনো কাজে নিজেকে নিয়োজিত করতে পারে। কিন্তু কেউ যদি কোন ভালো কাজ না করে তবে সে জীবন অর্থহীন, নিষ্ফল। কেউ তাকে শ্রদ্ধাভরে স্মরণ করে না। পক্ষান্তরে যে মানুষের জীবন কর্মব্যস্ত, নিজেকে যিনি সদা জীবন ও জগতের উপকারার্থে নিয়োজিত রাখেন, তাকে সবাই শ্রদ্ধাভরে স্মরণ করে। মহামানবদের জীবনী পাঠ করলেও আমরা এই প্রবাদের সার্থকতা খুঁজে পাই। হাজী মোহাম্মদ মুহসীন থেকে শুরু করে রবীন্দ্রনাথ ঠাকুর, কাজী নজরুল ইসলাম প্রমুখ মনীষীগণ তাঁদের কর্মের দ্বারাই পৃথিবীতে চির স্মরণীয় হয়ে আছেন। কীর্তিমান ব্যক্তির যেমন মৃত্যু নেই, তেমনি শেষও নেই, কারণ এ পৃথিবীতে সে নিজস্ব কীর্তির মহিমায় লাভ করে অমরত্ব। কীর্তিমানের মৃত্যু হলে তাঁর দেহের ধ্বংস সাধন হয় বটে, কিন্তু তাঁর সৎ কাজ এবং অম্লান কীর্তি তাকে পৃথিবীর মানুষের কাছে যুগ যুগ ধরে বাঁচিয়ে রাখে। তাঁর মৃত্যুর শত শত বছর পরেও মানুষ তাঁকে শ্রদ্ধার সাথে স্মরণ করে। তাই সন্দেহাতীত ভাবে বলা যায়, মানবজীবনের প্রকৃত সার্থকতা কর্ম-সাফল্যের ওপর নির্ভরশীল।

কীর্তিমানের শারীরিক মৃত্যু থাকলেও মানসিক মৃত্যু নেই। কর্মের মহত্ত্বে কীর্তিমানরা মানুষের অন্তরে অনন্তকাল চিরঞ্জীব হয়ে থাকেন।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs
Scanned with CamScanner

অনুচ্ছেদ

১. **'নবায়নযোগ্য জ্বালানি' সম্পর্কে একটি অনুচ্ছেদ লিখুন।** *[বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]*

নবায়নযোগ্য জ্বালানি

নবায়নযোগ্য জ্বালানি এমন এক শক্তির উৎস, যা স্বল্প সময়ের ব্যবধানে পুনরায় ব্যবহার করা যায় এবং এর ফলে জ্বালানির উৎসটি নিঃশেষ হয়ে যায় না। বিভিন্ন প্রাকৃতিক উৎস যেমন: সূর্যের আলো ও তাপ, বায়ুপ্রবাহ, জলপ্রবাহ, জৈবশক্তি, সমুদ্রস্রোত, জোয়ার-ভাটা ও হাইড্রোজেন ফুয়েল সেল নবায়নযোগ্য জ্বালানির উৎস হিসেবে বিবেচিত। বিশ্বের অধিকাংশ দেশ তাদের বিদ্যুৎ চাহিদা মেটাতে নবায়নযোগ্য জ্বালানির দিকে ঝুঁকছে। বাংলাদেশও নবায়নযোগ্য জ্বালানি থেকে পরিবেশবান্ধব বিদ্যুৎ উৎপাদনের জন্য সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ করেছে। বাংলাদেশে নবায়নযোগ্য জ্বালানি উন্নয়নের জন্য নবায়নযোগ্য জ্বালানি নীতিমালা ২০০৮ প্রণয়ন করা হয়। বাংলাদেশ ২০২৫ সালের মধ্যে নবায়নযোগ্য জ্বালানির উৎস থেকে ৪১০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের উচ্চাভিলাষী লক্ষ্যমাত্রা হাতে নিয়েছে। বর্তমানে দেশে নবায়নযোগ্য জ্বালানি থেকে বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ মোট বিদ্যুৎ উৎপাদনের ২.০৮ শতাংশ। বিশ্বে জীবাশ্ম জ্বালানির অধিকাংশই বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে ব্যবহার হচ্ছে। ফলে কার্বন নিঃসরণের মাত্রা বেড়ে যাচ্ছে প্রবলবেগে। এতে জলবায়ুর ওপর নেতিবাচক প্রভাব পড়ে জলবায়ু পরিবর্তন ঘটছে। ইন্টারন্যাশনাল এনার্জি এজেন্সির তথ্যমতে, নবায়নযোগ্য শক্তির উৎসগুলো থেকে বিশ্বে বর্তমানে বিদ্যুতের প্রায় ৩০ শতাংশ তৈরি করা হয়। ২০২৫ সাল নাগাদ এর পরিমাণ হবে ৩৫ শতাংশ।. নবায়নযোগ্য জ্বালানি পরিবেশবান্ধব এবং কার্বনমুক্ত। তাই জলবায়ু পরিবর্তন মোকাবেলা এবং টেকসই জ্বালানি হিসেবে বিশ্বব্যাপী নবায়নযোগ্য জ্বালানির উৎপাদন ও ব্যবহার দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

২. **প্রবন্ধ রচনা লিখুন: বাংলাদেশের উন্নয়নে তথ্য প্রযুক্তির ভূমিকা।** *[সুপ্রীম কোর্টের ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর: ২৩/ পুলিশ হেডকোয়ার্টার্সের সাঁট মুদ্রাক্ষরিক কম্পিউটার অপারেটর: ২৩]*

অর্থনৈতিক উন্নয়নে তথ্য প্রযুক্তির ভূমিকা

অর্থনৈতিক উন্নয়ন বলতে একটি দেশের জীবনযাত্রার মান উন্নয়নকে বোঝায়। তথ্যপ্রযুক্তির অভূতপূর্ব উন্নতির ফলে নাগরিক জীবনের প্রতিটি ক্ষেত্রে উন্নয়নের ছোঁয়া লেগেছে। জীবন আরো বেগবান, সহজ, নিরাপদ এবং স্বাচ্ছন্দ্যময় হয়েছে। সেই সাথে অবাধ তথ্য প্রবাহের জন্য পুরো পৃথিবী একটি গ্লোবাল ভিলেজে পরিণত হয়েছে। বিশেষজ্ঞরা তথ্য প্রযুক্তিভিত্তির এই উন্নয়ন ও অগ্রগতিকে আখ্যায়িত করেছেন ডিজিটাল নবজাগরণ হিসেবে। অর্থনৈতিক উন্নয়নে তথ্য প্রযুক্তিকে কাজে লাগানোর জন্য বাংলাদেশ সরকার ২০২৫ সালের মধ্যে আইসিটি পেশাজীবীর সংখ্যা ২০ লাখে উন্নীত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। আর তথ্য প্রযুক্তি খাতে ৫ বিলিয়ন ডলার আয় এবং জিডিপিতে এ খাতের অবদান ৫ শতাংশ নিশ্চিত করার জন্য কাজ চলমান আছে। এছাড়া তথ্যপ্রযুক্তির সহায়তায় ব্যবসা-বাণিজ্যে অভূতপূর্ব পরিবর্তন সাধিত হয়েছে। এই প্রযুক্তি ব্যবহার করে অনলাইনে বিশাল এক বাণিজ্যের সৃষ্টি হয়েছে। যেখানে বিক্রেতারা ঘরে বসেই তাদের পণ্য দেশের যে কোনো মানুষের কাছে বিক্রয়ের সুবিধা পাচ্ছে, ঠিক তেমনি ক্রেতারাও নিজ ঘরে বসেই তাদের পছন্দের পণ্য ক্রয় করতে পারছে। যা অর্থনৈতিক উন্নয়নে বিশেষ ভূমিকা রেখে চলেছে। ডিজিটাল পেমেন্ট সিস্টেম ব্যবসায়িক ক্ষেত্রে অর্থনৈতিক লেনদেন অনেকটাই সহজ করে দিয়েছে। মোবাইল ব্যাংকিং অ্যাপ ও বিভিন্ন অনলাইন পেমেন্ট গেটওয়ে দ্বারা ব্যবসায়িক কার্যক্রমে প্রয়োজনীয় পেমেন্ট করা সহজ হয়। এর মাধ্যমে মাত্র কয়েক মিনিটেই বিশ্বের যে কোনো প্রান্তে অর্থ আদান-প্রদান করাও সম্ভব হচ্ছে। যা অর্থনৈতিক উন্নয়নে বিশেষ ভূমিকা রাখছে। পুলিশ ও অন্যান্য সুরক্ষা সংস্থা তথ্য প্রযুক্তি ব্যবহার করে দেশ ও জনগণের নিরাপত্তা নিশ্চিতকরণে বিশেষ ভূমিকা রাখছে। প্রযুক্তির এই আশীর্বাদের ফলে অপরাধীকে সহজেই সনাক্ত করে আইনের আওতায় আনা সম্ভব হচ্ছে। ফলে নাগরিক জীবন সুরক্ষা পাওয়ার পাশাপাশি অর্থনৈতিক উন্নয়নও সূচিত হচ্ছে। অর্থনৈতিক উন্নয়নে অত্যন্ত গ্রহণযোগ্য একটি প্রযুক্তি হলো ফ্রিল্যান্সিং। এটি লক্ষ লক্ষ বেকারের কর্মসংস্থান সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ঘরে বসেই দেশ-বিদেশের বড় বড় কোম্পানির অধীনে কাজ করার সুযোগ তৈরি হচ্ছে। যা অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তথ্যপ্রযুক্তি প্রসারের সাথে সাথেই মানুষের জীবনমান হয়েছে সহজ, সুন্দর, আধুনিক ও গতিশীল। তাই বলা যায়, দৈনন্দিন জীবনের প্রায় প্রতিটি ক্ষেত্রেই তথ্যপ্রযুক্তির ভূমিকা অপরিসীম।

৩. **'পদ্মা বহুমুখী সেতুর অর্থনৈতিক অবদান' বিষয়ে একটি অনুচ্ছেদ লিখুন।** *[সুরক্ষা সেবা বিভাগের কম্পিউটার অপারেটর: ২৩/ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*

পদ্মা বহুমুখী সেতুর অর্থনৈতিক অবদান

পদ্মাসেতু বাংলাদেশের অহংকার, মর্যাদা ও অর্থনৈতিক সক্ষমতার প্রতীক। এটি পদ্মা নদীর উপর নির্মিত মাওয়া (মুন্সিগঞ্জ) - জাজিরা (শরীয়তপুর) প্রান্তে অবস্থিত। পদ্মা সেতুর ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয় ৪ জুলাই, ২০০১ সালে এবং মূল কাজের উদ্বোধন করা হয় ১২ ডিসেম্বর, ২০১৫ সালে। পদ্মা সেতুর দৈর্ঘ্য ৬.১৫ কি.মি. এবং প্রস্থ ১৮.১০ মিটার। এতে মোট পিলার আছে ৪২টি এবং স্প্যান আছে ৪১টি। পদ্মা সেতুর নকশা প্রণয়ন করে AECOM. আর এ সেতুর নির্মাণকারী প্রতিষ্ঠান চায়না মেজর

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs
Scanned with CamScanner

ব্রিজ ইঞ্জিনিয়ারিং কোম্পানি। বহুল প্রতীক্ষিত স্বপ্নের পদ্মাসেতু মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৫ জুন, ২০২২ সালে উদ্বোধন করেন। পদ্মা বহুমুখী সেতু প্রকল্প দেশের যোগাযোগ ও পরিবহন ব্যবস্থা উন্নয়নে সরকারের একটি যুগান্তকারী পদক্ষেপ। এটি বাংলাদেশের ইতিহাসে একটি মহিরুহ প্রকল্প। পদ্মা সেতু শুধু সেতু নয়, এটি বাংলাদেশের জনগণের স্বপ্নের নাম। অভ্যন্তরীণ পণ্য পরিবহন, আমদানি-রপ্তানি বাণিজ্য এবং মানুষের দ্রুত যাতায়াতসহ দেশের অর্থনৈতিক উন্নয়নে অপার সম্ভাবনার দ্বার খুলে দিয়েছে স্বপ্নের পদ্মা সেতু। পদ্মা সেতু শুধু ঢাকার সাথে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ২১টি জেলার যোগাযোগ তৈরি করবে না, এটি একই সাথে দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোর সাথে যোগাযোগ স্থাপন করবে। ট্রান্স এশিয়ান রেল ও সড়ক যোগাযোগ পদ্মা সেতুর মাধ্যমে যুক্ত হবে। ফলে এর মাধ্যমে ব্যবসা-বাণিজ্যের এক নতুন সম্ভাবনার দিক উন্মোচিত হবে। পদ্মা সেতু বাস্তবায়নের ফলে দেশের সামগ্রিক অর্থনীতিতে ইতিবাচক প্রভাব পড়বে। দেশের দক্ষিণাঞ্চলের ২১ জেলায় মানুষের আয়- রোজগার ও জীবনের মান বাড়ার প্রভাব জাতীয় অর্থনীতিতে পড়বে। এডিবির প্রতিবেদন অনুযায়ী, এই সেতুর ফলে দেশের জিডিপি ১.২ শতাংশ হারে ও আঞ্চলিক জিডিপি ৩.৫ শতাংশ হারে বৃদ্ধি পাবে। বিশ্বব্যাংকের তথ্যমতে এ সেতু নির্মাণের পর দেশের জিডিপি ১ শতাংশের বেশি হারে বৃদ্ধি পাবে। পরিশেষে বলা যায়, স্বপ্নের এই সেতুকে কেন্দ্র করেই আবর্তিত হবে ভবিষ্যতের বাংলাদেশ।

৪. **'ছয় দফা' সম্পর্কে সংক্ষেপে লিখুন।** *[সুরক্ষা সেবা বিভাগের সাঁট মুদ্রাক্ষরিক: ২৩/ কর অঞ্চল সিলেটের অফিস সহায়ক: ২৩]*

ছয় দফা

পূর্ব বাংলার মুক্তির সনদ 'ছয় দফা' বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ ঘটনা। মূলত ভারত-পাকিস্তান যুদ্ধ অবসানের পর পূর্ব পাকিস্তানের নিরাপত্তার প্রতি পশ্চিম পাকিস্তানি সরকারের চরম অবহেলা ও সীমাহীন বৈষম্যের বিরুদ্ধে বঙ্গবন্ধু সোচ্চার হন। ১৯৬৬ সালের ৫-৬ ফেব্রুয়ারি লাহোরে বিরোধী দলগুলোর এক সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে শেখ মুজিবুর রহমান পূর্ব পাকিস্তানের জনগণের অর্থনৈতিক, রাজনৈতিক, সামরিকসহ সকল অধিকার সম্বলিত ৬ দফাভিত্তিক এক কর্মসূচি ঘোষণা করেন। যা বাঙালির মুক্তির সনদ 'ম্যাগনা কার্টা' বা ৬ দফা নামে পরিচিত। ১৮-২০ মার্চ আওয়ামী লীগের ওয়ার্কিং কমিটিতে 'ছয়দফা' গৃহীত হয়। পরবর্তীতে শেখ মুজিবুর রহমান ২৩ মার্চ, ১৯৬৬ সালে আনুষ্ঠানিকভাবে 'ছয়দফা' ঘোষণা করেন। জাতির জনক একে 'পূর্ব পাকিস্তানের বাঁচার দাবি' বলে অভিহিত করেন। ছয় দফার দফাসমূহ-

১. লাহোর প্রস্তাবের ভিত্তিতে সংবিধান রচনা করে পাকিস্তানকে একটি ফেডারেশনে পরিণত করতে হবে, যেখানে সংসদীয় পদ্ধতির সরকার থাকবে এবং প্রাপ্তবয়স্ক নাগরিকদের ভোটে নির্বাচিত আইন পরিষদ সার্বভৌম হবে।
২. ফেডারেল সরকারের হাতে থাকবে শুধু দুটি বিষয়, প্রতিরক্ষা ও বৈদেশিক সম্পর্ক এবং অপর সব বিষয় ফেডারেশনে অন্তর্ভুক্ত রাজ্যসমূহের হাতে ন্যস্ত থাকবে।
৩. পূর্ব ও পশ্চিম পাকিস্তানের জন্য দুটি পৃথক অথচ সহজে বিনিময়যোগ্য মুদ্রা চালু করতে হবে। যদি তা সম্ভব না হয় তাহলে সমগ্র পাকিস্তানের জন্য ফেডারেল সরকারের নিয়ন্ত্রণাধীন একটিই মুদ্রাব্যবস্থা থাকবে, একটি ফেডারেল রিজার্ভ ব্যাংক ও দুটি আঞ্চলিক রিজার্ভ ব্যাংক থাকবে। তবে এক্ষেত্রে পূর্ব পাকিস্তান থেকে পুঁজি যাতে পশ্চিম পাকিস্তানে পাচার হতে না পারে তার ব্যবস্থা সম্বলিত সুনির্দিষ্ট বিধি সংবিধানে সন্নিবিষ্ট করতে হবে।
৪. দুই অঞ্চলের বৈদেশিক মুদ্রা আয়করের পৃথক হিসাব থাকবে এবং অর্জিত বৈদেশিক মুদ্রা রাজ্যের হাতে থাকবে। তবে ফেডারেল সরকারের জন্য প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রা দুই অঞ্চল থেকে সমানভাবে কিংবা উভয় অঞ্চলের স্বীকৃত অন্য কোনো হারে আদায় করা হবে।
৫. দুই অংশের মধ্যে দেশিয় পণ্য বিনিময়ে কোনো শুল্ক ধার্য করা হবে না এবং রাজ্যগুলো যাতে যেকোন বিদেশি রাষ্ট্রের সঙ্গে বাণিজ্যিক সম্পর্ক স্থাপন করতে পারে সংবিধানে তার বিধান রাখতে হবে।
৬. প্রতিরক্ষায় পূর্ব পাকিস্তানকে স্বাবলম্বী করার লক্ষ্যে আধা-সামরিক রক্ষীবাহিনী গঠন, পূর্ব পাকিস্তানে অস্ত্র কারখানা স্থাপন এবং কেন্দ্রীয় নৌবাহিনীর সদর দফতর পূর্ব পাকিস্তানে স্থাপন করতে হবে।

৫. **স্মার্ট বাংলাদেশ সম্পর্কে একটি অনুচ্ছেদ লিখুন:** *[পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

স্মার্ট বাংলাদেশ

'অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় বাংলাদেশ...
সময় এখন আমাদের, সময় এখন বাংলাদেশের'

টেকসই ও জ্ঞানভিত্তিক উদ্ভাবনী জাতি এবং অর্থনীতির বিকাশ বাংলাদেশের প্রত্যাশা দীর্ঘদিনের। যেখানে অর্থের আধিপত্যের পরিবর্তে জ্ঞান, মেধা ও পরিশ্রমের জয়গান প্রতিষ্ঠিত হবে। তখন শোষণ ও বৈষম্যের জায়গা দখল করবে সাম্য ও স্বাধীনতা। দেশের নাগরিকদের আকাঙ্ক্ষা পূরণ ও ভবিষ্যৎ প্রযুক্তিনির্ভর বিশ্বে নেতৃত্বদান এবং চতুর্থ বিপ্লবে টিকে থাকতে 'স্মার্ট বাংলাদেশ' বর্তমানে একটি স্বপ্নে পরিণত হয়েছে। ২০০৮ সালে জাতীয় সংসদ নির্বাচনের আগে আওয়ামী লীগের নির্বাচনী ইশতেহারে ২০২১ সালের মধ্যে 'ডিজিটাল বাংলাদেশ' গঠনের যে প্রতিশ্রুতি ছিল, তা এখন দৃশ্যমান। এই 'ডিজিটাল বাংলাদেশ' বদলে দিয়েছে দেশের উন্নয়ন অগ্রগতির গতিপথ। ২০৪১ সাল সামনে রেখে এখন নতুন রূপরেখা 'স্মার্ট বাংলাদেশ'। এই স্মার্ট বাংলাদেশ সহজ করবে মানুষের জীবনযাত্রা, হাতের মুঠোয় থাকবে সবকিছু। এবার ডিজিটাল বাংলাদেশের পথ ধরে আসবে এক রূপকথার মতো দেশ 'স্মার্ট বাংলাদেশ'। স্মার্ট বাংলাদেশ বলতে মূলত প্রযুক্তি নির্ভর

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

জীবনব্যবস্থাকে বোঝায়, যেখানে সব ধরনের নাগরিক সেবা থেকে শুরু করে সবকিছুই স্মার্টলি করা যাবে। যেখানে ভোগান্তি ছাড়া প্রতিটি নাগরিক পাবে অধিকারের নিশ্চয়তা এবং কর্তব্য পালনের সুবর্ণ সুযোগ। ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে সরকার ৭ এপ্রিল, ২০২২ সালে ডিজিটাল বাংলাদেশের নাম পরিবর্তন করে 'স্মার্ট বাংলাদেশ' নামকরণ করে। আর এটি বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সভাপতি করে ২১ আগস্ট, ২০২২ সালে ৩০ সদস্যবিশিষ্ট 'স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্স' গঠন করা হয়। এছাড়া এ টাস্কফোর্সের অধীনে একটি নির্বাহী কমিটি গঠন করা হয়, যারা 'স্মার্ট বাংলাদেশ ২০৪১' প্রতিষ্ঠার জন্য নীতিনির্ধাণী সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নে সুপারিশ প্রদান করবে। বাংলাদেশ সরকার দেশের উন্নয়নে যে ভবিষ্যৎ কর্মপরিকল্পনা গ্রহণ করেছে সেই 'স্মার্ট বাংলাদেশ' বাস্তবায়নে ৪টি স্তম্ভের আলোকে রোডম্যাপ তৈরি করা হয়েছে। স্মার্ট বাংলাদেশ চারটি (স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনমি, স্মার্ট গভর্নমেন্ট ও স্মার্ট সোসাইটি) ভিত্তির ওপর গড়ে উঠবে। স্মার্ট সিটিজেন- দেশের প্রতিটি নাগরিক প্রযুক্তি ব্যবহারে দক্ষ হবে। স্মার্ট ইকোনমি- অর্থনীতির সকল কার্যক্রমে প্রযুক্তির ছোঁয়া থাকবে। স্মার্ট গভর্নমেন্ট- সরকারের সকল কার্যক্রমে প্রযুক্তির ব্যবহার। স্মার্ট সোসাইটি- পুরো সমাজব্যবস্থাই পরিচালিত হবে প্রযুক্তির হাত ধরে। তাই বলা যায়, ডিজিটাল বাংলাদেশের পর স্মার্ট বাংলাদেশের পরিকল্পনা বাংলাদেশের ইতিহাসে এক দূরদৃষ্টিসম্পন্ন সিদ্ধান্ত।

৬. বঙ্গবন্ধু স্যাটেলাইট বিষয়ে একটি অনুচ্ছেদ লিখুন।
[গণযোগাযোগ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]

বঙ্গবন্ধু স্যাটেলাইট

বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ বাংলাদেশের প্রথম কৃত্রিম উপগ্রহ। এটি ১১ মে, ২০১৮ সালে যুক্তরাষ্ট্রের কেনেডি স্পেস সেন্টার থেকে ফ্যালকন-৯ রকেট দিয়ে উৎক্ষেপণ করা হয়। এর অবস্থান ১১৯.১ ডিগ্রী পূর্ব দ্রাঘিমাংশে। 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১' এর ৪০টি ট্রান্সপন্ডারের মোট ফ্রিকোয়েন্সি ক্ষমতা হলো ১৬০০ মেগাহার্টজ এবং এর আয়ুষ্কাল ১৫ বছর। বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ নিয়ন্ত্রণ করার জন্য গাজীপুরের জয়দেবপুর ও রাঙামাটির বেতবুনিয়ায় দুটি গ্রাউন্ড স্টেশন নির্মাণ করা হয়েছে। এই প্রকল্প বাস্তবায়নে মোট খরচ ২৯০২ কোটি টাকা। বঙ্গবন্ধু স্যাটেলাইট প্রস্তুতকারক ফ্রান্সের থ্যালেস অ্যালেনিয়া স্পেস কোম্পানি। এটির সার্বিক ব্যবস্থাপনার দায়িত্বে রয়েছে বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিসিএসসিএল)। 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১' উৎক্ষেপণের মধ্যদিয়ে বাংলাদেশ ৫৭তম দেশ হিসেবে নিজস্ব স্যাটেলাইট উৎক্ষেপণকারী দেশের তালিকায় যুক্ত হয়। বঙ্গবন্ধু স্যাটেলাইটের মাধ্যমে সম্প্রচার, টেলিযোগাযোগ ও ডেটা কমিউনিকেশন সেবা পাওয়া যায়। এছাড়াও টেলিভিশন চ্যানেল, ইন্টারনেট সেবাদানকারী প্রতিষ্ঠান, ভি-স্যাট ও বেতারসহ ৪০ ধরনের সেবা পাওয়া যায়। বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে মহাকাশে বাংলাদেশের অগ্রযাত্রা অক্ষুন্ন রাখার মাধ্যমে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ে উঠবে।

৭. মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগের নাম লিখুন।
[কর কমিশনারের কার্যালয়, ঢাকা এর সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]

প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ

"আমার দেশের প্রতিটি মানুষ খাদ্য পাবে,আশ্রয় পাবে, শিক্ষা পাবে, উন্নত জীবনের অধিকারী হবে।"- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন বাস্তবে রূপ দেওয়ার লক্ষ্য নিয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৪ সালে ১০টি বিশেষ উদ্যোগ গ্রহন করেন। এই উদ্যোগসমূহ বাস্তবায়নের মধ্য দিয়ে ২০২১ সালের মধ্যে ক্ষুধামুক্ত মধ্যম আয়ের বাংলাদেশ ও ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ গড়ার লক্ষ্যে দৃঢ় প্রত্যয়ে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ।

প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ হলো:

১. আমার বাড়ি আমার খামার
২. আশ্রয়ণ প্রকল্প
৩. ডিজিটাল বাংলাদেশ
৪. শিক্ষা সহায়তা কর্মসূচি
৫. নারীর ক্ষমতায়ন
৬. ঘরে ঘরে বিদ্যুৎ
৭. কমিউনিটি ক্লিনিক ও মানসিক স্বাস্থ্য
৮. সামাজিক নিরাপত্তা কর্মসূচি
৯. বিনিয়োগ বিকাশ
১০. পরিবেশ সুরক্ষা

এসব উদ্যোগ বাস্তবায়নের মধ্য দিয়ে জাতির পিতার স্বপ্নের 'সোনার বাংলা' বাস্তবে রূপ নেবে।

৮. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সম্পর্কে একটি অনুচ্ছেদ রচনা করুন। *[গণযোগাযোগ অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

স্বাধীনতার মহান স্থপতি, বাঙালি জাতির মুক্তির স্বপ্নদ্রষ্টা, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৭ মার্চ, ১৯২০ সালে গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। শৈশব থেকেই অসীম সাহসীকতা ও বলিষ্ঠ নেতৃত্বের গুণেই 'খোকা' থেকে হয়েছিলেন 'বঙ্গবন্ধু' এবং পরবর্তীতে 'জাতির জনক'। ছাত্রজীবন থেকেই তিনি রাজনীতি ও দেশব্রতে যুক্ত হন। তিনি কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে ইসলামিয়া কলেজ থেকে বিএ ডিগ্রি লাভ করেন এবং ঢাকা বিশ্ববিদ্যালয় এর আইন বিভাগে অধ্যয়ন করেন। ভাষা আন্দোলনসহ বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলনে যোগ দিয়ে তিনি বহুবার কারাবরণ করেছেন। ১৯৫৬ সালে তিনি পূর্ববাংলার প্রাদেশিক মন্ত্রিসভা থেকে পদত্যাগ করে দেশব্যাপী সফরের মাধ্যমে মানুষের মনে বাঙালি জাতীয়তাবোধ ও রাজনৈতিক সচেতনতা সৃষ্টি করেন। ১৯৬৬ সালে বাঙালির মুক্তির সনদ হিসেবে পরিচিত ছয় দফা দাবি উত্থাপন করে এক সর্বাত্মক আন্দোলন গড়ে তুলে তিনি সমগ্র জাতিকে ঐক্যবদ্ধ করেন। তাঁর নেতৃত্বে আওয়ামী লীগ ১৯৭০ সালে তৎকালীন পাকিস্তানের জাতীয় ও প্রাদেশিক নির্বাচনে

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা লাভ করে। কিন্তু পাকিস্তান সরকার ক্ষমতা হস্তান্তর না করে ষড়যন্ত্র শুরু করে। এই পরিস্থিতিতে অসহযোগ আন্দোলনের ডাক দেন তিনি। ১৯৭১ সালের ৭ মার্চ রেসকোর্স ময়দানে এক ঐতিহাসিক ভাষণে তিনি ঘোষণা করেন: 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।' বাঙালির মুক্তিসংগ্রামকে নস্যাৎ করার জন্যে ১৯৭১ এর ২৫ মার্চ মধ্যরাতের পরে পাকিস্তানি বাহিনী বাঙালির এই অবিসংবাদিত নেতাকে তাঁর ধানমন্ডির বাসভবন থেকে গ্রেফতার করে। গ্রেফতারের আগে অর্থাৎ ২৬ মার্চ প্রথম প্রহরে তিনি বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন। বঙ্গবন্ধুর অনুপস্থিতিতে তাঁকে রাষ্ট্রপতি করে গঠিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মুক্তিযুদ্ধ পরিচালনা করে। মুক্তিযুদ্ধে বিজয় অর্জনের পর পাকিস্তানের কারাগার থেকে মুক্ত হয়ে ১৯৭২ সালের ১০ জানুয়ারি তিনি দেশে প্রত্যাবর্তন করেন এবং যুদ্ধবিধ্বস্ত দেশ গড়ার মহান দায়িত্বে ব্রতী হন। বাঙালির অবিসংবাদিত নেতা হিসেবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জীবদ্দশায় কিংবদন্তি হয়ে ওঠেন। ১৯৭৫ সালের ১৫ আগস্ট কিছু বিপথগামী সেনা সদস্যের হাতে এই মহান নেতা স্বপরিবারে নিহত হন।

৯. 'ইন্টারনেট' সম্পর্কে একটি অনুচ্ছেদ লিখুন: *[পুলিশ হেডকোয়ার্টার্সের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

ইন্টারনেট

ইন্টারনেট হলো সারা পৃথিবী জুড়ে বিস্তৃত পরস্পরের সাথে সংযুক্ত অনেকগুলো কম্পিউটার নেটওয়ার্কের সমষ্টি যা জনসাধারণের জন্য উন্মুক্ত এবং যেখানে ইন্টারনেট প্রটোকল (আইপি) ব্যবস্থার মাধ্যমে ডেটা আদান-প্রদান করতে পারে। অর্থাৎ International Network (ইন্টারনেট) টেলিযোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদানের প্রযুক্তি। ইন্টারনেটের প্রথম ভার্সন হলো Advance Research Projects Agency Network (ARPANET), যা ১৯৬৯ যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা দপ্তর চালু করে। ১৯৯৪ সালে ARPANET এর পরিবর্তে Internet শব্দটি ব্যবহৃত হয়। আর ৪ জুন, ১৯৯৬ সালে বাংলাদেশে প্রথম ইন্টারনেট চালু হয়। বর্তমানে ইন্টারনেট মানুষের প্রাত্যহিক জীবনের সাথে মিশে গেছে। ইন্টারনেট মানুষের জীবনযাত্রার মানকে অত্যন্ত সহজ করেছে। বিশ্বের যে কোনো প্রান্তের খবর নিমিষেই হাতের মুঠোয় চলে আসছে। ইন্টারনেট হলো তথ্যের বিশাল ভাণ্ডার। ইন্টারনেটে যুক্ত হয়ে কাঙ্ক্ষিত তথ্যের নাম লিখে সার্চ দিলে বিশ্বের অসংখ্য সার্ভারে থাকা তথ্যগুলো প্রদর্শিত হয়। ইন্টারনেট ব্যবহার করে ঘরে বসে পণ্য কেনা-বেচা করা যায়। তাছাড়াও এটি নতুন নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছে। তাই বলা যায়, ইন্টারনেট মানুষের জীবনমান উন্নয়নের পাশাপাশি যোগাযোগ ব্যবস্থায়ও এক নতুন মাত্রা যোগ করেছে।

১০. 'দুর্নীতি জাতীয় জীবনে সকল উন্নতির অন্তরায়' এর উপর একটি অনুচ্ছেদ লিখুন। *[যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

দুর্নীতি জাতীয় জীবনে সকল উন্নতির অন্তরায়

জাতীয় জীবনের সকল উন্নতির অন্যতম অন্তরায় হলো দুর্নীতি। সমাজ ও রাষ্ট্রের প্রতিটি প্রকোষ্ঠে এই দুর্নীতি এমনভাবে প্রবেশ করেছে যে, আজকাল একে এড়িয়ে চলাই কঠিন। অফিস-আদালত, পেশায়-নেশায়, ঘরে-বাইরে, রাজনীতি কিংবা ধর্মনীতি সর্বক্ষেত্রে দুর্নীতির সর্বগ্রাসী প্রভাব বিদ্যমান। দুর্নীতির এই করাল গ্রাসে জাতীয় উন্নয়ন মুখ থুবড়ে পড়েছে। একদিকে ব্যাপক উন্নয়ন কর্মকাণ্ড দুর্নীতির ক্ষেত্র প্রস্তুত করে, অন্যদিকে ব্যাপক দুর্নীতির ফলে উন্নয়ন বাধাগ্রস্ত হয়। দুর্নীতি অর্থনৈতিক প্রবৃদ্ধির ক্ষেত্রেও অন্তরায়। বিশ্বব্যাংক 'বাংলাদেশে দুর্নীতি' বিষয়ে এক গবেষণা প্রতিবেদনে উল্লেখ করেছে "বাংলাদেশে দুর্নীতির ব্যাপকতা রোধ করা গেলে জিডিপির প্রবৃদ্ধি ২-৩ শতাংশ বেড়ে যেত এবং মাথাপিছু আয় দ্বিগুণ হতো।" দুর্নীতি দেশি-বিদেশি বিনিয়োগের ক্ষেত্রে একটি অন্যতম বাধা। অপরদিকে, দুর্নীতি এবং দারিদ্র্য জাতীয় জীবনের দুটি দুষ্টচক্রের সৃষ্ট সমস্যা। দারিদ্র্য অনেক ক্ষেত্রে দুর্নীতিকে সহায়তা করছে, আবার দুর্নীতির ফলে আমরা দারিদ্র্যের বেড়াজাল থেকে বেরিয়ে আসতে পারছি না। সর্বোপরি স্বাস্থ্য, শিক্ষাসহ মানব উন্নয়নের বিভিন্ন খাতে সরকারি-বেসরকারি পর্যায় থেকে বরাদ্দকৃত অর্থের ৭৫ ভাগই রাজনীতিবিদ, আমলাতন্ত্রবাদী, ও দুর্নীতিবাজরা আত্মসাৎ করছে বলে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল প্রণীত রিপোর্টে উঠে এসেছে। সুতরাং, দুর্নীতি উন্নতির সকল ক্ষেত্রে অভিশাপ হিসেবে বিরাজ করে উন্নতির ক্ষেত্রে মারত্মক অন্তরায় সৃষ্টি করছে। তাই, দেশের সোনালি সুদিন ও সুখী ভবিষ্যৎ সুনিশ্চিত করতে সরকার, রাজনীতিবিদ ও জনগণকে দুর্নীতির বিরুদ্ধে সোচ্চার হতে হবে।

১১. 'কর্মমুখি শিক্ষা' সম্পর্কে সংক্ষেপে লিখুন। *[মন্ত্রিপরিষদ বিভাগের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

কর্মমুখী শিক্ষা

শিক্ষা জাতির মেরুদণ্ড। কিন্তু যে শিক্ষা বাস্তব জীবনে কাজে লাগে না সে শিক্ষা অর্থহীন। তাই জীবনভিত্তিক শিক্ষাই প্রকৃত শিক্ষা। আর বাস্তব জীবনের সাথে সম্পৃক্ত যে শিক্ষা সেটিই কর্মমুখী শিক্ষা। একমাত্র কর্মমুখী শিক্ষাই হলো আমাদের বাস্তব জীবনের সহায়ক।

কর্মমুখী শিক্ষা বলতে সেই শিক্ষাকে বোঝায়, যে শিক্ষাব্যবস্থায় মানুষ নির্দিষ্ট একটি বিষয়ে হাতে-কলমে শিক্ষা লাভ করে জীবিকা নির্বাহের যোগ্যতা অর্জন করে ।

কর্মমুখী শিক্ষাকে সাধারণত দুই ভাগে ভাগ করা হয়। যথা: উচ্চতর কর্মমুখী শিক্ষা- এ শিক্ষায় ডাক্তার, প্রকৌশলী এবং কৃষিবিদ যারা বিভিন্ন কলেজ-বিশ্ববিদ্যালয় থেকে প্রশিক্ষণ নিয়ে উচ্চতর ডিগ্রি লাভ করেন। তাঁরা ইচ্ছেমতো স্বাধীন পেশায় নিয়োজিত হতে পারে। চাকরির আশায় তাদেরকে বসে থাকতে হয় না। অপরটি হলো সাধারণ কর্মমুখী বা বৃত্তিমূলক শিক্ষা- এ শিক্ষার জন্য বিশ্ববিদ্যালয়ের উচ্চতর ডিগ্রির প্রয়োজন হয় না। সাধারণত প্রাথমিক কিংবা মাধ্যমিক শিক্ষাই যথেষ্ট। এর মধ্যে রয়েছে-, সেলাই কাজ, দর্জি কাজ, ছাপাখানার কাজ, বিদ্যুতের কাজ, টেলিভিশন, ফ্রিজ, এসিসহ বিভিন্ন মোটরযানের কাজ, ওয়েল্ডিং, রাজমিস্ত্রি, কাঁঠ মিস্ত্রিসহ হাঁস-মুরগি পালন ইত্যাদি।

CLICK here >>> https://t.me/JOBEXAMSPDFS
Scanned with CamScanner

সর্বোপরি বলা যায় যে, দেশের উন্নয়নের মূল চাবিকাঠি হলো দক্ষ জনশক্তি। আর এই দক্ষ জনশক্তি তৈরি হয় কর্মমুখী শিক্ষার মাধ্যমে। তাই উন্নত দেশ ও জাতি গঠনে কর্মমুখী শিক্ষার কোনো বিকল্প নেই।

১২.মুজিবনগর সরকার ও বাংলাদেশের মুক্তিযুদ্ধ সম্পর্কে লিখুন।
[মন্ত্রিপরিষদ বিভাগের অফিস সহায়ক: ২৩]

মুজিবনগর সরকার ও বাংলাদেশের মুক্তিযুদ্ধ

১৯৭০ সালের ৭ ডিসেম্বর অনুষ্ঠিত জাতীয় পরিষদের নির্বাচনে বিজয়ী সদস্যগণ ভারতের আগরতলায় একত্র হয়ে একটি সরকার গঠন করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্তে উপনীত হয়। এরই ধারাবাহিকতায় ১০ এপ্রিল, ১৯৭১ সালে মেহেপুরের বৈদ্যনাথতলায় (মুজিবনগর) স্বাধীন বাংলা অস্থায়ী সরকার গঠন করে। এ সরকার ১৭ এপ্রিল, ১৯৭১ শপথ গ্রহণ করে। এ সরকার আওয়ামী লীগ সভাপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রাষ্ট্রপতি (পদাধিকার বলে সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক) এবং সৈয়দ নজরুল ইসলাম কে উপ-রাষ্ট্রপতি (বঙ্গবন্ধু অনুপস্থিতে অস্থায়ী রাষ্ট্রপতি, সশস্ত্র ও মুক্তিবাহিনীর সর্বাধিনায়ক) নিযুক্ত করা হয়। তাজউদ্দিন আহমদকে মুজিব নগর সরকারের প্রধানমন্ত্রী ও প্রতিরক্ষামন্ত্রীর দায়িত্ব দেওয়া হয়। ক্যাপ্টেন এম. মনসুর আলী অর্থ-বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয়ের দায়িত্ব দেয়া হয়। পাকিস্তান সামরিক বাহিনী ২৫ মার্চ, ১৯৭১ সালে রাতে পূর্ব পাকিস্তানের নিরস্ত্র জনগণের বিরুদ্ধে অপারেশন সার্চলাইট পরিচালনা করলে বাংলাদেশের মুক্তিযুদ্ধ শুরু হয়। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহবানে ২৬ মার্চ থেকে এদেশের আপামর জনগণ তথা মুক্তিবাহিনী পাকিস্তান সামরিক বাহিনীর বিরুদ্ধে অস্ত্র ধারণ করে। এ যুদ্ধের সময় সমগ্র বাংলাদেশকে ১১টি সেক্টরে ভাগ করা হয়। দীর্ঘ ৯ মাসব্যাপী চলা যুদ্ধে প্রায় ৩০ লক্ষ বাঙালি শহিদ হন। ১৬ ডিসেম্বর, ১৯৭১ সালে পশ্চিম পাকিস্তানের সামরিক বাহিনী আত্মসমর্পণ করলে মুক্তিযুদ্ধের সমাপ্তি ঘটে।

১৩.বাংলাদেশের মুক্তিযুদ্ধকালীন ১১টি সেক্টর সম্পর্কে লিখুন।
[মন্ত্রিপরিষদ বিভাগের অফিস সহায়ক: ২৩]

মুক্তিযুদ্ধকালীন ১১টি সেক্টর

১ নং সেক্টর- চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম এবং ফেনী নদী পর্যন্ত। কমান্ডার- মেজর জিয়াউর রহমান, মেজর মোহাম্মদ রফিকুল ইসলাম। ২ নং সেক্টর- নোয়াখালী জেলা ও কুমিল্লা জেলার আখাউড়া-ভৈরব রেললাইন পর্যন্ত এবং ঢাকা ও ফরিদপুর জেলার অংশবিশেষ। কমান্ডার- মেজর খালেদ মোশাররফ , মেজর এ টি এম হায়দার। ৩ নং সেক্টর- আখাউড়া-ভৈরব রেললাইন থেকে পূর্ব দিকের কুমিল্লা, কিশোরগঞ্জ, সিলেট জেলার হবিগঞ্জ মহকুমা ও ঢাকা জেলার অংশবিশেষ। কমান্ডার- মেজর কে এম শফিউল্লাহ, মেজর এ.এন.এম নুরুজ্জামান। ৪ নং সেক্টর- সিলেট জেলার পূর্বাঞ্চল, খোয়াই-শায়েস্তাগঞ্জ রেললাইন থেকে পূর্ব ও উত্তর দিকে সিলেট-ডাউকি সড়ক। কমান্ডার- মেজর সি আর দত্ত। ৫ নং সেক্টর- সিলেট জেলার পূর্বাঞ্চল এবং সিলেট-ডাউকি সড়ক থেকে সুনামগঞ্জ-ময়মনসিংহ সড়ক পর্যন্ত। কমান্ডার- মেজর মীর শওকত আলী। ৬ নং সেক্টর- ব্রহ্মপুত্র নদের তীরাঞ্চল ছাড়া সমগ্র সড়ক থেকে রংপুর জেলা ও দিনাজপুরের ঠাকুরগাঁও। কমান্ডার- উইং কমান্ডার এম কে বাশার। ৭ নং সেক্টর- সমগ্র রাজশাহী জেলা, ঠাকুরগাঁও মহকুমা ছাড়া দিনাজপুর জেলার বাকি অংশ, ব্রহ্মপুত্র নদের তীরাঞ্চল ছাড়া সমগ্র বগুড়া ও পাবনা জেলা। কমান্ডার- মেজর নাজমুল হক, মেজর কাজী নুরুজ্জামান। ৮ নং সেক্টর- সমগ্র কুষ্টিয়া ও যশোর জেলা এবং ফরিদপুরের অংশবিশেষ ছাড়াও দৌলতপুর-সাতক্ষীরা সড়ক পর্যন্ত খুলনা জেলার কিছু এলাকা। কমান্ডার- মেজর আবু ওসমান চৌধুরী , মেজর এম এ মঞ্জুর। ৯ নং সেক্টর- সাতক্ষীরা দৌলতপুর সড়কসহ খুলনার সমগ্র দক্ষিণাঞ্চল এবং বরিশাল ও পটুয়াখালী জেলা। কমান্ডার- মেজর এম এ জলিল, মেজর জয়নাল আবেদীন। ১০ নং সেক্টর- নৌ সেক্টর; অভ্যন্তরীণ নৌ-পথ এবং সমুদ্র উপকূলীয় এলাকা চট্টগ্রাম ও চালনা। কমান্ডার- নিয়মিত সেক্টর কমান্ডার ছিল না। ১১ নং সেক্টর- কিশোরগঞ্জ ছাড়া সমগ্র ময়মনসিংহ পর্যন্ত, টাঙ্গাইল জেলার অংশ বিশেষ এবং ব্রহ্মপুত্র নদের (যমুনা) উভয় তীরবর্তী এলাকা। কমান্ডার- মেজর আবু তাহের, স্কোয়াড্রন লিডার এম. হামিদুল্লাহ।

১৪.উন্নয়নের মহাসড়কে বাংলাদেশ বিষয়ে অনুচ্ছেদ লিখুন।
[মন্ত্রিপরিষদ বিভাগের অফিস সহায়ক: ২৩]

উন্নয়নের মহাসড়কে বাংলাদেশ

"উন্নয়নের মহাসড়কে এগিয়ে চলেছি দুর্বার,
এখন সময় বাংলাদেশের মাথা উঁচু করে দাঁড়াবার।"

বাংলাদেশ আজ উন্নয়নের বিস্ময়। অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সামাজিক উন্নয়নের যেকোন সূচকের বিচারে বাংলাদেশ অভূতপূর্ব অগ্রগতি অর্জন করেছে। নিম্ন আয়ের দেশের তালিকা থেকে বেরিয়ে বাংলাদেশ এখন নিম্ন-মধ্য আয়ের দেশে পরিণত হয়েছে, এগিয়ে যাচ্ছে উন্নয়নশীল দেশ হওয়ার পথে। অর্থনৈতিক প্রবৃদ্ধি ও উন্নয়নের বর্তমান ধারা অব্যাহত থাকলে ২০২৬ সালের মধ্যে বাংলাদেশ পৌঁছে যাবে উন্নয়নশীল দেশের কাতারে। দেশকে উন্নতির দ্বারপ্রান্তে নিতে সরকার একের পর এক মহাপরিকল্পনা গ্রহণ করেছে। ভৌত অবকাঠামো উন্নয়নে নেওয়া হয়েছে মেগা প্রকল্প। পদ্মা সেতু, পদ্মা সেতুতে রেলসংযোগ, দোহাজারি-ঘুমঘুম রেললাইন, রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র, মেট্রোরেল, রামপাল থার্মাল বিদ্যুৎ কেন্দ্র,মাতারবাড়ী ও পায়রা বিদ্যুৎ কেন্দ্র। এ সব প্রকল্প বাংলাদেশের অর্থনীতিতে আনবে গতিশীলতা। আকাশে উড়ছে নিজস্ব স্যাটেলাইট। নিজস্ব স্যাটেলাইট থেকে প্রাপ্ত ছবি দিয়েই চলছে দেশের সম্প্রচার কার্যক্রম। নারীর ক্ষমতায়নে বিশ্বে বাংলাদেশ এখন রোল মডেল। দেশের অবকাঠামোর পাশাপাশি অর্থনীতির সকল সূচকে আজ উর্ধ্বমুখী। বর্তমানে দেশের মাথাপিছু আয় ২৭৯৩ ডলার। অর্থনৈতিক সমীক্ষা ২০২৩ অনুযায়ী দেশে বর্তমানে উচ্চ দারিদ্র্যের হার ১৮.৭ আর নিম্ন দারিদ্র্যের হার ৫.৬ শতাংশ। দেশের সকল ক্ষেত্রে ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে দেশকে আরো এক ধাপ এগিয়ে নিতে সরকার স্মার্ট বাংলাদেশ প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করেছে। দেশে রেকর্ড পরিমাণ বেড়েছে বাজেটের আকার। বাজেট বাস্তবায়নে পরনির্ভরতাও কমেছে। অবকাঠামোগত উন্নয়ন আজ সকল ক্ষেত্রে দৃশ্যমান। বড় বড়

CLICK here >>> https://t.me/JOBEXAMSPDFS
Scanned with CamScanner

প্রকল্প বাস্তবায়নে বাংলাদেশের সক্ষমতা বাড়ছে। অর্থনীতির সব পরিমণ্ডলে বিস্ময়কর সাফল্যের কারণে আজ উন্নয়নের মহাসড়কে বাংলাদেশ।

১৫.রচনা লিখুন 'একুশে বইমেলা' *[রপ্তানি উন্নয়ন ব্যুরোর কম্পিউটার অপারেটর: ২৩/ মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের কম্পিউটার অপারেটর: ২৩]*

একুশের বইমেলা

বাংলাদেশের সর্ববৃহৎ বইমেলা হলো 'অমর একুশে বইমেলা', যা লেখক, প্রকাশক এবং পাঠকের মিলনমেলা হিসেবেও পরিচিত। প্রতিবছর পুরো ফেব্রুয়ারি মাস জুড়ে এই মেলা বাংলা একাডেমির বর্ধমান হাউজ প্রাঙ্গণে ও বর্ধমান হাউজ ঘিরে অনুষ্ঠিত হয়। তবে বাংলা একাডেমি প্রাঙ্গণে সীমিত জায়গায় মেলায় আগতদের কোণঠাসা অবস্থার নিরসনকল্পে বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যানে মেলার পরিসর বাড়ানো হয়েছে। ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারি মাতৃভাষা বাংলাকে রাষ্ট্রভাষা করার জন্যে আত্মোৎসর্গের যে করুণ ঘটনা ঘটে, সেই স্মৃতিকে অম্লান রাখতেই এই মাসে আয়োজিত এই বইমেলার নামকরণ করা হয় 'অমর একুশে গ্রন্থমেলা'। এ মেলার ইতিহাস স্বাধীন বাংলাদেশের মতোই প্রাচীন। ১৯৭২ সালের ৮ ফেব্রুয়ারি তারিখে চিত্তরঞ্জন সাহা বর্ধমান হাউজ প্রাঙ্গণে বটতলায় চটের ওপর কলকাতা থেকে আনা ৩২টি বই সাজিয়ে একুশে বইমেলার গোড়াপত্তন করেন। ১৯৭৬ পর্যন্ত তিনি একাই এটি চালিয়ে যান। ১৯৮৪ সালে সাড়ম্বরে বর্তমানের অমর একুশে গ্রন্থমেলার সূচনা হয়। কালক্রমে এটি বাংলাদেশের সবচেয়ে স্বনামধন্য বইমেলায় পরিণত হয়েছে। বাংলা একাডেমি চত্বরে স্থান সংকুলান না হওয়ায় ২০১৪ সাল থেকে বইমেলা সোহরাওয়ার্দী উদ্যানে সম্প্রসারণ করা হয়েছে। পূর্বে প্রতিবছর ফেব্রুয়ারি মাসের প্রথম দিন থেকে একুশে ফেব্রুয়ারি পর্যন্ত গ্রন্থমেলা নিয়মিতভাবে অনুষ্ঠিত হতো। তবে বর্তমানে পুরো ফেব্রুয়ারি মাস এই বইমেলা চলে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয় মেলা নিয়ন্ত্রণের যাবতীয় দায়িত্ব পালন করে। প্রকাশনীসমূহের স্টলগুলো প্রকাশক এলাকা, প্রকাশক-বিক্রেতা এলাকা, শিল্পকর্নার, সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান এবং লিটল ম্যাগাজিন ইত্যাদি এলাকায় বিভাজন করে স্থান দেওয়া হয়। মেলায় প্রবেশের জন্য কোনো প্রবেশ মূল্য ধার্য করা হয় না। মেলা চলাকালীন প্রতিদিনই মেলাতে বিভিন্ন আলোচনা সভা, কবিতা পাঠের আসর বসে; প্রতি সন্ধ্যায় থাকে সাংস্কৃতিক অনুষ্ঠান। এছাড়া মেলাতে লেখককুঞ্জ রয়েছে; ফলে বইমেলা পরিণত হয় প্রকাশক-লেখক-পাঠকের মিলনমেলায়। এই মেলার অনেক লেখক তাদের বই প্রকাশের স্থান পান, তেমনি পাঠক বইমেলা থেকে তার কাঙ্ক্ষিত বইটি কেনার জন্য সারাবছর অপেক্ষা করে। বর্তমানে অমর একুশে গ্রন্থমেলা বাঙালি সংস্কৃতির অবিচ্ছেদ্য অংশ হিসেবে পরিগণিত হচ্ছে।

১৬.'বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে রপ্তানির ভূমিকা' এর উপর একটি রচনা লিখুন। *[রপ্তানি উন্নয়ন ব্যুরোর গবেষণা কর্মকর্তা: ২৩]*

অর্থনৈতিক উন্নয়নে রপ্তানির ভূমিকা

রপ্তানি যেকোন দেশের অর্থনীতির অন্যতম প্রধান চালিকাশক্তি। স্বাধীনতার পর বাংলাদেশের অর্থনৈতিক অবস্থা ছিল ভঙ্গুর। বর্তমানে এই অবস্থার ব্যাপক অগ্রগতি সাধিত হয়েছে। দেশের অর্থনৈতিক উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত রাখতে রপ্তানি বাণিজ্য প্রসারের বিকল্প নেই। রপ্তানি বাণিজ্যে টিকে থাকার জন্য পণ্যের মানোন্নয়নের পাশাপাশি নতুন নতুন বাজার সৃষ্টি, বর্তমান বাজারকে সংহত করা এবং নতুন নতুন পণ্য রপ্তানির তালিকায় যুক্ত করতে হবে। রপ্তানি আয় দেশের অর্থনীতিকে গতিশীল করছে। এটি স্বল্পোন্নত দেশ থেকে বাংলাদেশকে উন্নয়নশীল দেশে রূপান্তরে ব্যাপক অবদান রাখছে। রপ্তানি আয় দেশের কর্মসংস্থান বৃদ্ধিতে সাহায্য করছে। এতে দেশের আর্থ-সামাজিক অবস্থার ব্যাপক পরিবর্তন নিয়ে আসছে। বাংলাদেশে প্রতিবছর বিভিন্ন পণ্য বিদেশে রপ্তানি করে বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জন করে। কৃষি ও শিল্পজাত বিভিন্ন পণ্য যেমন: হিমায়িত খাদ্য, চিংড়ি, পাটজাত দ্রব্য, চা, গম, ইক্ষু, আলু, তামাক, ফল, মাংস, দুধ, তৈলবীজ, মসলা, মাছ, তৈরি পোশাক, ওষুধ, চামড়াজাত পণ্য ইত্যাদি বিশ্বের বিভিন্ন দেশের রপ্তানি করে থাকে। এক্ষেত্রে শুধু তৈরি পোশাক থেকেই আসে মোট রপ্তানি আয়ের ৮৪.৫৮ শতাংশ। বর্তমানে পোশাক খাতে সারাবিশ্বে বাংলাদেশের অবস্থান ২য়। ২০২২-২৩ অর্থবছরে মোট রপ্তানির পরিমাণ ৬৪৫৬ কোটি ডলার। বিদেশে দক্ষ মানবসম্পদ প্রেরণ করেও সরকার প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করে থাকে। সর্বোপরি দেশের অর্থনীতির চাকাকে সচল রেখে বাংলাদেশকে ২০৪১ সালে মধ্যে উন্নত দেশে গড়তে রপ্তানি খাতের ভূমিকা অপরিসীম।

১৭.বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের তাৎপর্য সম্পর্কে একটি অনুচ্ছেদ লিখুন। *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ২৩]*

৭ মার্চের ভাষণের তাৎপর্য

১ মার্চ ১৯৭১ সালে ইয়াহিয়া খান পূর্ব ঘোষিত ৩ মার্চ ঢাকায় পাকিস্তান জাতীয় পরিষদের ডাকা অধিবেশন স্থগিত করলে প্রতিবাদে বাঙালি জনতা রাস্তায় নেমে এসে প্রতিবাদ মিছিল শুরু করে। জাতীয় পরিষদের অধিবেশন স্থগিতের প্রেক্ষিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ২ মার্চ ঢাকায় এবং ৩ মার্চ সারাদেশে হরতাল এবং ৭ মার্চ রেসকোর্স (সোহরাওয়ার্দী উদ্যানে) ময়দানে জনসভা আহ্বান করেন। পাকিস্তানি শাসকগোষ্ঠীর রক্তচক্ষু উপেক্ষা করে তৎকালীন রেসকোর্স ময়দানে লক্ষ লক্ষ মুক্তিকামী মানুষের সামনে বজ্রকণ্ঠে মুক্তি সংগ্রামের ঘোষণা দেন হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তেজোদীপ্ত কণ্ঠে তিনি ঘোষণা করেন "এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম"। এই ভাষণই তখন সমগ্র বাঙালি জাতিকে করেছিল উদ্দীপ্ত, অনুপ্রাণিত। ১৮ মিনিটের এই ভাষণে তিনি তুলে ধরেন ১৯৪৮-৭১ সাল পর্যন্ত সকল বঞ্চনা ও বাঙালির মনোবেদনা। বাঙালি জাতিকে এই ভাষণে তিনি অগ্রিম মুক্তিযুদ্ধের দিকনির্দেশনা প্রদান করেন। যদিও বঙ্গবন্ধুর কাছ থেকে মুক্তিযুদ্ধের আনুষ্ঠানিকভাবে

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs
Scanned with CamScanner

ঘোষণাটি এসেছিল ২৬ মার্চ প্রথম প্রহরে। এই ঐতিহাসিক ভাষণকে মার্টিন লুথার কিং এর 'আই হ্যাভ এ ড্রিম', আব্রাহাম লিংকনের 'গেটিসবার্গ ভাষণ' এর সঙ্গে তুলনা করা হয়। এই ভাষণের জন্য ১৯৭১ সালের ৫ এপ্রিল যুক্তরাষ্ট্রের নিউজ উইক ম্যাগাজিন বঙ্গবন্ধুকে 'Poet of politics'নামে আখ্যায়িত করেন। এই ভাষণের জন্যই বাঙালির সর্বস্তরের মানুষ মুক্তিসংগ্রামে ঝাপিয়ে পড়েছিল এবং বিজয় ছিনিয়ে এনেছিল। ভাষণের ঐতিহাসিক গুরুত্ব বিবেচনায় ইউনেস্কো ২০১৭ সালের ৩০ অক্টোবর এটিকে 'ডকুমেন্টারি হেরিটেজ' (বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য) হিসেবে স্বীকৃতি প্রদান করে।

১৮.অনুচ্ছেদ লিখুন: 'কর্ণফুলী টানেল' *[কাস্টম হাউস চট্টগ্রামের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

কর্ণফুলী টানেল

চট্টগ্রাম শহরে নিরবচ্ছিন্ন ও যুগোপযোগী সড়ক যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলা এবং বিদ্যমান যোগাযোগ ব্যবস্থার আধুনিকায়নের জন্য কর্ণফুলী নদীর তলদেশ দিয়ে ৪ লেন বিশিষ্ট বঙ্গবন্ধু সড়ক টানেল (কর্ণফুলী টানেল) নির্মাণ করা হয়েছে। এর দৈর্ঘ্য ৩.৪০ কি.মি.। ২০১৯ সালে টানেলটির নির্মাণ কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। মোট ব্যয় ধরা হয় ৯৮৮০৪০.৩৮ টাকা। আর ২০২৩ সালে এর নির্মাণ কাজ শেষ হয় এবং ২৮ অক্টোবর, ২০২৩ সালে যানচলাচলের জন্য টানেলটি উদ্বোধন করা হয়। বাংলাদেশ তথা দক্ষিণ এশিয়ায় নদীর তলদেশ দিয়ে নির্মিত প্রথম ও দীর্ঘতম এ সুড়ঙ্গপথের নির্মাতা প্রতিষ্ঠান চায়না কমিউনিকেশন্স অ্যান্ড কনস্ট্রাকশন কোম্পানি লি.। এ টানেল নির্মাণ শেষে চীনের সাংহাই নগরীর মতো চট্টগ্রাম হবে 'One city two towns'. কর্ণফুলী টানেল নির্মাণের ফলে ঢাকা-চট্টগ্রাম ও কক্সবাজারের মধ্যে আধুনিক যোগাযোগ গড়ে উঠবে এবং এশিয়ান হাইওয়ের সাথে সংযোগ স্থাপিত হবে। যার ফলে যোগাযোগ ব্যবস্থার ব্যাপক উন্নয়ন সাধিত হবে। এছাড়াও কর্ণফুলী নদীর উভয় পাশে প্রস্তাবিত শিল্প এলাকার উন্নয়ন ত্বরান্বিত হবে। সার্বিকভাবে যোগাযোগ ব্যবস্থার সহজীকরণ, আধুনিকায়ন, শিল্প কারখানার বিকাশ সাধন এবং পর্যটন শিল্পের উন্নয়নের ফলে কর্ণফুলী টানেল নির্মাণ প্রকল্প বেকারত্ব দূরীকরণসহ দেশের অর্থনৈতিক উন্নয়নে ব্যাপক প্রভাব ফেলবে। কর্ণফুলী টানেল এলাকার আশেপাশে শিল্পায়ন, পর্যটন শিল্পের বিকাশ এবং সহজ যোগাযোগ ব্যবস্থার কারণে ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি হবে এবং রপ্তানি বৃদ্ধি পাবে। ফলে দারিদ্র্য দূরীকরণসহ দেশের ব্যাপক আর্থ-সামাজিক উন্নয়ন সাধিত হবে এবং দেশের জিডিপিতে ইতিবাচক প্রভাব ফেলবে।

২০.'বৈশাখী মেলা' বিষয়ে একটি অনুচ্ছেদ লিখুন: *[রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের উচ্চমান সহকারী: ২৩]*

বৈশাখী মেলা

বৈশাখী মেলা বাঙালির ঐতিহ্য ও সম্প্রীতির প্রতীক। সম্রাট আকবরের সময়ে বাংলা সনের প্রবর্তনের পরপরই বৈশাখের প্রথম দিনটি 'নববর্ষ' হিসাবে উদযাপন হয়ে আসছে। নববর্ষ উদ্‌যাপনের অনুষঙ্গ হিসেবে পরবর্তীতে যুক্ত হয় বৈশাখী মেলা। বাংলাদেশে ১৯৭৭ সালে বাংলা একাডেমি প্রাঙ্গণে প্রথম বৈশাখী মেলার আয়োজন করা হয়। ১লা বৈশাখে মঙ্গল শোভাযাত্রা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও নানা পণ্যের সমারোহে সারাদিন ব্যবসা-বাণিজ্য চলে। নববর্ষ উপলক্ষ্যে বৈশাখ মাসের প্রথম দিনে দেশের বিভিন্ন শহরে ও গ্রামের বিভিন্ন স্থানে এ মেলা বসে। পুরো মাসব্যাপী এ মেলা চলে। নতুন বছরে মানুষের আনন্দ-অনুভূতির প্রকাশ ঘটে বৈশাখী মেলার মাধ্যমে। এটি বাঙালির সংস্কৃতির অবিচ্ছেদ্য অংশে পরিণত হয়েছে। আবহমান কাল থেকে আমাদের দেশে বৈশাখী মেলা চলে আসছে। এ মেলা উপলক্ষ্যে বিভিন্ন উৎসব অনুষ্ঠান ও বিভিন্ন প্রতিযোগিতামূলক খেলাধুলার আয়োজন করা হয়। এছাড়াও পণ্য, নানা জাতের কুটির শিল্প, খেলনাসহ হরেক রকমের পণ্যের সমাহার ঘটে। বর্তমানে ১লা বৈশাখ ও বৈশাখী মেলা ধর্ম-বর্ণ নির্বিশেষে বাঙালির প্রাণের উৎসব ও প্রাণের মেলা হিসেবে পরিগণিত হয়েছে। বৈশাখী মেলার মাধ্যমে মানুষের প্রগতিশীল চেতনা জাগ্রত হয়।

২১.অনুচ্ছেদ লিখুন: 'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস' *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অফিস সহায়ক: ২৩]*

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস

২৬ মার্চ বাঙালি জাতির সবচেয়ে গৌরবের দিন। ১৯৭১ সালের এই দিনে পরাধীনতার শৃঙ্খল ভেঙ্গে মাথা উচুঁ করে দাঁড়াতে স্বাধীনতার ডাক দিয়েছিলেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। এই দিনটি জাতীয়ভাবে বিভিন্ন সাংস্কৃতিক কর্মসূচির মাধ্যমে যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। ১৯৭১ সালে ২৬ মার্চ প্রথম প্রহরে পাকিস্তানী সেনাবাহিনীর হাতে গ্রেফতার হওয়ার আগে বঙ্গবন্ধু মাতৃভূমিকে মুক্ত করার লক্ষ্যে ডাক দিয়েছিলেন। এখানে তিনি শেষ রক্ত বিন্দু দিয়ে হলেও বাংলাদেশ স্বাধীন করার কথা বলেন। তৎকালীন ইপিআরের ওয়্যারলেস থেকে বঙ্গবন্ধুর সেই বার্তা সারাদেশে ছড়িয়ে দেওয়া হয়। ২৬ মার্চ দুপুরে আওয়ামীলীগ নেতা আব্দুল হান্নান বঙ্গবন্ধুর ঘোষণা পাঠ করেন। ২৭ মার্চ সন্ধ্যায় বঙ্গবন্ধুর পক্ষে এই ঘোষণাটি পুনরায় পাঠ করেন জিয়াউর রহমান। এই ঐতিহাসিক ঘোষণার মাধ্যমেই শুরু হয় বাঙালি জাতির দীর্ঘ ৯ মাসব্যাপী রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধ। অবশেষে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর অর্জিত হয় একটি পতাকা, একটি স্বাধীন দেশ। বাঙালি জাতির ইতিহাসে এই দিনটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

২২.আপনার নিজ গ্রাম সম্পর্কে একটি অনুচ্ছেদ লিখুন: *[বাংলা একাডেমির এমএলএসএস: ২৩]*

নিজ গ্রাম

আমার গ্রামের নাম বামনাছড়া। গ্রামটি কুড়িগ্রাম জেলায় অবস্থিত। গ্রামের পাশ দিয়ে বয়ে গেছে ব্রহ্মপুত্র নদ। যেদিকেই তাকানো হোক না কেন, সেদিকেই সবুজ আর সবুজ। আম, জাম, কাঁঠাল, জামরুল, বাতাবি, বেল, কুল, পেঁয়ারা, কদম, মেহগনি, শিশুকাঠসহ নানারকমের গাছ গ্রামকে ছায়াময় করে

CLICK here >>> https://t.me/JOBEXAMSPDFS
Scanned with CamScanner

তুলেছে। এছাড়াও জারুল, কনকচাঁপা, কদম, শিউলি, ছাতিম, বকুল, শিমুল, পলাশ, কৃষ্ণচূড়া ইত্যাদি ফুলের গাছ গ্রামের শোভাবর্ধন করেছে। প্রতিটি মৌসুমে নানারকম ফুলের সমারোহে রঙিন হয়ে ওঠে আমার গ্রাম। প্রকৃতি যেন আপন খেয়ালে গ্রামটিকে সুন্দর করে সাজিয়েছে। মাঠভরা শস্যখেতের উপর দিয়ে যখন বাতাস বয়, তখন মনে হয় যেন সবুজ সমুদ্রে ঢেউ উঠেছে। কবিতার ভাষায় বলতে পারি-

আমাদের গ্রামখানি ছবির মতন,
মাটির তলায় এর ছড়ানো রতন।

গ্রামে প্রায় দুই হাজার লোকের বাস। গ্রামের মানুষগুলো খুব সহজ-সরল ও শান্তিপ্রিয়। তারা কেউ কলহ-বিবাদ পছন্দ করে না। এখানে আছে নানা শ্রেণি-পেশার মানুষ। কেউ কৃষি, কেউ ব্যবসা, কেউ বা চাকরি করে জীবিকা নির্বাহ করে। ইদ, পূজো, বড়দিন ও নববর্ষ উৎসবে মেতে ওঠে আমার গ্রাম। গ্রামে একটি প্রাথমিক বিদ্যালয়, একটি মাধ্যমিক বিদ্যালয়, একটি কলেজ একটি লাইব্রেরি, একটি খেলার মাঠ, একটি বাজার, দুটি মসজিদ ও একটি মন্দির আছে। প্রতি সপ্তাহে গ্রামে একদিন হাট বসে। গ্রামের বিস্তীর্ণ মাঠজুড়ে চাষ হয় প্রচুর ধান, পাট, গম, মসুর, সরিষা, আখ ইত্যাদি। বড় বড় পুকুরগুলোতে নানারকম মাছের চাষ হয়। গ্রামের মানুষের নিজেদের খাবারের জন্য যা প্রয়োজন তার প্রায় সবই গ্রামে উৎপন্ন হয়। আমার গ্রাম আমাকে মায়ের মমতায় আগলে রেখেছে আর আমিও আমার গ্রামকে মায়ের মতোই ভালোবাসি। পরিশেষে কবির ভাষায় বলা যায়,

আমাদের ছোট গ্রাম মায়ের সমান,
আলো দিয়ে, বায়ু দিয়ে বাঁচাইছে প্রাণ।

২৩.আশ্রয়ণ প্রকল্প সম্পর্কে একটি অনুচ্ছেদ লিখুন: *[গণযোগাযোগ অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক অপারেটর: ২৩]*

আশ্রয়ণ প্রকল্প

ভূমিহীন-গৃহহীন ও ছিন্নমূল মানুষকে অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের আওতায় আনতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গৃহীত প্রকল্পের নাম 'আশ্রয়ণ প্রকল্প'। ১৯ মে, ১৯৯৭ সালে কক্সবাজার জেলায় সংঘটিত ঘূর্ণিঝড়ে বহু মানুষ গৃহহীন হয়ে পড়ে। তারই প্রেক্ষিতে ১৯৯৭ সালে আশ্রয়ণ নামে একটি প্রকল্প গ্রহণ করা হয়। এরপর ২০০২ সালে এটির কার্যক্রম বর্ধিত করা হয়। এরই ধারাবাহিকতায় ২০১০ সালে আশ্রয়ণ প্রকল্প-২ গ্রহণ করা হয়। বঙ্গবন্ধুর কন্যা ঘোষণা দিয়েছিলেন, 'বাংলাদেশের একজন মানুষও গৃহহীন থাকবে না'। এই নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে দেশের ৬৪ জেলার ভূমিহীন ও গৃহহীনদের তালিকা করা হয়। উপজেলা টাস্কফোর্সের তত্ত্বাবধানে এটি একটি চলমান প্রক্রিয়া। এটি একেবারেই যারা ভূমিহীন ও গৃহহীন এমন ২ লক্ষ ৯৩ হাজার ৩৬১ জন 'ক' শ্রেণিভুক্ত পরিবার ছিল। যার জমি আছে কিন্তু ঘর নেই অথবা জরাজীর্ণ ও ভঙ্গুর ঘর রয়েছে এমন ৫ লক্ষ ৯২ হাজার ২৬১ জন 'খ' শ্রেণিভুক্ত' পরিবারের তালিকা করা হয়। ১৯৯৭-২০২১ সাল পর্যন্ত ৫ লক্ষ ৭ হাজার ২৪৪টি ভূমিহীন ও গৃহহীন পরিবারকে পুর্নবাসন করা হয়। এটি বর্তমানে 'শেখ হাসিনা মডেল' নামেও পরিচিত। স্বাস্থ্যগত ও সামাজিক দিক বিবেচনায় এই প্রকল্প অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। জমি কেনায় স্বল্প সুদে ঋণ দেওয়ার উদাহরণ থাকলেও বিনামূল্যে ঘরসহ জমির মালিকানা প্রদানের ঘটনা বাংলাদেশেই প্রথম।

২৪.আধুনিক কৃষি ব্যবস্থা এর উপর একটি অনুচ্ছেদ লিখুন: *[কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*

আধুনিক কৃষি ব্যবস্থা

প্রযুক্তির যুগে উন্নত নগরায়ণ ও শিল্পায়নের ফলে দিন দিন কৃষিজমির পরিমাণ কমে যাচ্ছে। বর্তমানে আবাদযোগ্য মোট কৃষি জমির পরিমাণ ৮৮.২৯ লক্ষ হেক্টর। বৈজ্ঞানিক নানা উদ্ভাবনের মাধ্যমে এই কৃষিজমিকে কাজে লাগিয়ে কিভাবে সর্বোচ্চ উৎপাদন করা যায় তার চেষ্টা চলছে। গতানুগতিক কৃষি পদ্ধতি বাদ দিয়ে বর্তমানে প্রযুক্তি ব্যবহার করে উচ্চফলনশীল জাতের ধান, আলু-সবজি, আম ইত্যাদি উৎপাদনের দিকে গুরুত্বারোপ করা হচ্ছে। বর্তমানে ফসল ফলানোর জন্য জমি চাষ, বীজ বপণ, নিড়ানি, সার দেওয়া, কাটা, মাড়াই, ফসল ঝাড়া ও বস্তা প্যাকেট পর্যন্ত সবকিছুই আধুনিক কৃষি যন্ত্রের মাধ্যমে করা সম্ভব। মাটির গুণাগুণ পরীক্ষা করে জমিতে সার, কীটনাশক, বালাইনাশক ইত্যাদি ব্যবহার করা হয়। তবে বর্তমানে এগুলোর জন্য মানুষ, মাটি, পরিবেশ, প্রতিবেশের স্বাস্থ্য মারাত্মক হুমকির মুখে থাকায় বিষমুক্ত আধুনিক কৃষি ব্যবস্থা সবার প্রত্যাশা। জীববৈচিত্র্য রক্ষার ক্ষেত্রে আধুনিক কৃষির অন্যতম পদক্ষেপ 'পিস প্যাক্ট উইথ নেচার' চুক্তি। বাংলাদেশেও কৃষিজমির জন্য রয়েছে 'জাতীয় ভূমি ব্যবহার নীতি-২০১০ আইন। টেকসই উন্নয়নের পাশাপাশি উন্নয়নশীল থেকে উন্নত বিশ্বে পদার্পণ করতে আধুনিক কৃষিব্যবস্থার কোন বিকল্প নেই।

২৫.বিশ্ব অর্থনীতিতে ইউক্রেন-রাশিয়া যুদ্ধের প্রভাব সংক্ষেপে লিখুন। *[ইনভেস্টমেন্ট কর্পোরেশনের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

বিশ্ব অর্থনীতিতে ইউক্রেন-রাশিয়া যুদ্ধের প্রভাব

ইউক্রেনের দনবাস অঞ্চলে অবস্থিত লুহানস্ক ও দোনেৎস্ক অঞ্চলের রুশভাষী জনগণকে রক্ষার কথা বলে বিদ্রোহীদের সহায়তা ও দেশটির ন্যাটো জোটে যোগদানকে কেন্দ্র করে ২৪ ফেব্রুয়ারি, ২০২২ সালে রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ইউক্রেনে সামরিক অভিযানের নির্দেশ প্রদান করলে রুশ বাহিনী একযোগে আকাশ, নৌ ও স্থলপথে হামলা চালায়। ফলে শুরু হয় এক অন্তহীন যুদ্ধ। রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে বিশ্বজুড়ে অর্থনীতির পরিস্থিতি আজ টালমাটাল। মহামারি করোনার কারণে বিশ্ব অর্থনীতির যে ক্ষতি হয়েছিল, সেই ক্ষতি নিরাময় তো হয়নি, উল্টো রাশিয়া-ইউক্রেন যুদ্ধ বিশ্ব অর্থনীতিতে গভীর বিপদ তৈরি করছে। রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে বিশ্বে দিন দিন পরমাণু অস্ত্রের ব্যবহারের হুমকি বাড়ছে। এছাড়া জ্বালানি তেলের উৎপাদন হ্রাস ও মূল্যবৃদ্ধিকে কেন্দ্র করে যুক্তরাষ্ট্রের সাথে সৌদি আরবের সম্পর্ক শীতল হতে শুরু করেছে; এতে বৈশ্বিক জ্বালানির বাজার আরো অস্থিতিশীল হয়ে উঠছে, ফলে বিশ্বজুড়ে দেখা দিচ্ছে উচ্চ মূল্যস্ফীতি, কমছে বৈদেশিক মুদ্রার রিজার্ভ। পরিস্থিতি সামলাতে বিশ্বের বিভিন্ন দেশে ব্যয় সংকোচন নীতি

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

গ্রহণ করায় বিশ্বব্যাপী আমদানি-রপ্তানির পরিমাণ কমে গিয়ে মন্দার আশঙ্কাকে আরো তীব্র করছে। বিশ্বের অন্যতম প্রধান খাদ্য ও জ্বালানির ভাণ্ডার রাশিয়া ও ইউক্রেন। কিন্তু দেশ দুটি যুদ্ধে জড়িয়ে পড়ায় জ্বালানির পাশাপাশি বিশ্বের সকল দেশে খাদ্য পণ্যের দামও বৃদ্ধি পাচ্ছে। বিশ্বব্যাংকের সাম্প্রতিক এক প্রতিবেদনে বলা হয়েছে রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে অনেক দেশের খাদ্য বাবদ অতিরিক্ত ব্যয়ের পরিমাণ দাড়াবে দেশগুলির জিডিপির ১ শতাংশের সমান। ইউক্রেনে রুশ আগ্রাসনের জন্য বিশ্বকে চরম মূল্য দিতে হচ্ছে। এ যুদ্ধ যত দীর্ঘায়িত হবে বিশ্বব্যাপী অর্থনৈতিক অস্থিরতা ততই বৃদ্ধি পাবে। আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) সর্বশেষ পূর্বাভাস অনুযায়ী, ২০২২ সালে বৈশ্বিক প্রবৃদ্ধি দাড়াতে পারে ৩.২ শতাংশে, ২০২১ সালে যা ছিল ৬ শতাংশে। এর পর ২০২৩ সালে তা আরো কমে দাড়াবে ২.৭ শতাংশে। বিশ্বব্যাংকের পূর্বাভাস অনুযায়ী ২০২২ সালে বাংলাদেশের মোট দেশজ উৎপাদন (জিডিপি) প্রবৃদ্ধি হয় ৫.২ শতাংশ এবং ২০২৩ সালে হবে ৫.৫ শতাংশ। ফলে বিশ্ব নিম্ন প্রবৃদ্ধির যুগে প্রবেশ করবে। এতে বিশ্বব্যাপী অর্থনীতি আরো সংকুচিত হয়ে পড়বে। এমতাবস্থায় বিশ্বব্যাংক বা আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ) সবারই আশঙ্কা রাশিয়া-ইউক্রেন যুদ্ধ যত দীর্ঘায়িত হবে বিশ্ব অর্থনীতি তত অনিশ্চিত গন্তব্যের দিকে ধাবিত হবে।

২৬.আন্তর্জাতিক মাতৃভাষা দিবস সম্পর্কে লিখুন: *[প্রত্নতত্ত্ব অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২৩ / প্রত্নতত্ত্ব অধিদপ্তরের বুকিং সহকারী/ রেফারেন্স সহকারী: ২৩ / জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুরের হিসাব সহকারী: ২৩ / কর অঞ্চল, রাজশাহীর উচ্চমান সহকারী: ২৩]*

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

একুশে ফেব্রুয়ারি বাঙালির জাতীয় জীবনের এক গৌরবময় ও ঐতিহ্যবাহী দিন। বাঙালির জাতীয় জীবনের সকল চেতনার উৎস হল এই দিনটি। বাংলা ভাষাকে রাষ্ট্রীয় ভাষার মর্যাদায় প্রতিষ্ঠিত করার ঐতিহাসিক দিন হল এটি। ১৯৫২ সালের ভাষা আন্দোলনের স্মৃতিবিজড়িত একুশে ফেব্রুয়ারিকে আমরা 'শহিদ দিবস' হিসেবে পালন করি। একুশে ফেব্রুয়ারি এখন আর শুধু আমাদের মাতৃভাষা দিবস নয়; প্রতি বছর একুশে ফেব্রুয়ারি সারা বিশ্বে পালিত হয় 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে। এ দিবসটির ঐতিহাসিক পটভূমি রয়েছে। ১৯৪৮ সালে পাকিস্তানের গভর্নর জেনারেল মোহাম্মদ আলী জিন্নাহ 'উর্দু ভাষা'কে একমাত্র রাষ্ট্রভাষা হিসেবে ঘোষণা দিলে, বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে গ্রহণ করার দাবিতে শুরু হল তীব্র গণ-আন্দোলন। বাংলাকে রাষ্ট্রভাষার মর্যাদা দানে প্রত্যয়ী ছাত্রসমাজ ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি ১৪৪ ধারা ভঙ্গ করে মিছিল বের করে। মিছিলটি ঢাকা মেডিকেল কলেজের কাছাকাছি এলে সরকারের নির্দেশে পুলিশ মিছিলে নির্বিচারে গুলি চালায়। এতে সালাম, বরকত, রফিক ও জব্বারসহ নাম না জানা অনেকে নিহত হয়। অতঃপর ক্রমাগত আন্দোলনের ফলে পাকিস্তান সরকার বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দিতে বাধ্য হয়। ১৯৫৬ সালের সংবিধানে পাকিস্তান সরকার বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি দেয়। ১৭ নভেম্বর, ১৯৯৯ সালে ইউনেস্কো ৩০তম অধিবেশনে ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করে। ২০০০ সালে বিশ্বের ১৮৮টি দেশ প্রথমবারের মতো ২১ ফেব্রুয়ারি 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে পালন করে। ইউনেস্কোর পর জাতিসংঘ ৫ ডিসেম্বর, ২০০৮ সালে ২১ ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে স্বীকৃতি দেয়। তাই, একুশে ফেব্রুয়ারি বাঙালির জাতীয় জীবনে এক গৌরবদীপ্ত ঐতিহাসিক দিন। বুকের তাজা রক্ত ঝরিয়ে অর্জিত হয়েছে বাঙালির ভাষা ও সংস্কৃতির অধিকার। এ দিবসে, প্রত্যেক ভাষার মানুষ নিজের মাতৃভাষাকে যেমন ভালোবাসবে, তেমনি অন্য জাতির মাতৃভাষাকেও মর্যাদা দেবে। এভাবে, একুশকে চেতনায় ধারণ করে মাতৃভাষাকে ভালোবাসার প্রেরণা পাবে মানুষ।

২৭.'মায়ের ভাষা' সম্পর্কে একটি অনুচ্ছেদ লিখুন: *[বাংলা একাডেমির বিভিন্ন পদ: ২৩]*

মায়ের ভাষা

প্রত্যেক জাতির রয়েছে নিজস্ব ভাষা। মাতৃভাষা বলতে বুঝায় স্বজাতীয় ভাষা। অর্থাৎ মায়ের মুখ থেকে বাল্যকাল হতে যে ভাষা শিক্ষা করা হয় তাকে মাতৃভাষা বলে। মানবজীবনে মাতৃভাষার কোনো বিকল্প নেই। মাতৃভাষা প্রাণ-মনকে দেয় তৃপ্তি আর চিন্তা-চেতনাকে দেয় দীপ্তি। যে মাতৃভাষাকে অবহেলা করে সে মূর্খ ও অধম। এ প্রসেঙ্গে মীর মশাররফ হোসেন বলেছেন, "মাতৃভাষায় যাহার ভক্তি নাই সে মানুষ নহে।" মাতৃভাষায় কথা বলে মনের ভাব প্রকাশ করা যত সহজ অন্য ভাষায় তত সহজ নয়। মাতৃভাষা যেমন প্রাত্যহিক জীবনযাত্রার অবলম্বন তেমনি চিন্তা-চেতনা, জ্ঞান-বিজ্ঞান সাধনার মাধ্যম হিসাবেও এর কোনো বিকল্প নেই। তাই দেখা যায় মাতৃভাষায় জ্ঞানানুশীলন ব্যতীত বিশ্বে কোনো জাতিই উন্নতি লাভ করতে পারেনি। মাতৃভাষাকে আশ্রয় করেই প্রকৃতপক্ষে দেশের মানুষের চিন্তাশক্তি, বুদ্ধিবৃত্তি, সৃষ্টিশক্তি ও কল্পনাশক্তির যথার্থ বিকাশ সম্ভব। এ প্রসঙ্গে রবীন্দ্রনাথ ঠাকুর বলেছেন, "কোনো শিক্ষাকে স্থায়ী করিতে হইলে, গভীর করিতে হইলে, ব্যাপক করিতে হইলে তাহাকে চির পরিচিত মাতৃভাষায় বিগলিত করিয়া দিতে হয়। তাই শিক্ষা যেখানে মানুষের সহজাত অধিকার, সভ্যতার ক্রমপ্রগতির অনিবার্য অঙ্গীকার, সেখানে কৃত্রিমতার কোনো অবকাশ নেই।" মানুষের আবেগ-অনুভূতি, ভাবালাপন, সুখ-দুঃখ, আনন্দ-বেদনার স্বতঃস্ফূর্ত বহিঃপ্রকাশ একমাত্র মাতৃভাষার দ্বারাই সম্ভব। মাতৃভাষা মায়ের সঙ্গে, মাটির সঙ্গে, দেশের সঙ্গে, প্রকৃতির সঙ্গে ব্যক্তির গভীর যোগসূত্র গড়ে তোলে। ব্যক্তির সার্বিক শক্তির জাগরণ ও প্রতিভার বিকাশে মাতৃভাষার ভূমিকা তাই অত্যন্ত গুরুত্বপূর্ণ। সুতরাং, দেশ ও জাতিকে সমৃদ্ধ করতে হলে মাতৃভাষার প্রয়োজনীয়তা অনস্বীকার্য।

২৮.ভাষা আন্দোলন সম্পর্কে একটি অনুচ্ছেদ লিখুন: *[হাইওয়ে পুলিশের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

ভাষা আন্দোলন

ভাষা আন্দোলন বাংলা ভাষার রাষ্ট্রীয় মর্যাদার দাবিতে সংঘটিত গণআন্দোলন। ১৯৪৭ সালে পাকিস্তান সৃষ্টির পর পাকিস্তানের

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

রাজনৈতিক নেতৃবৃন্দ ঘোষণা করে পাকিস্তানের রাষ্ট্রভাষা হবে উর্দু। অন্যদিকে, পূর্ব পাকিস্তান থেকে দাবি ওঠে, বাংলাকেও অন্যতম রাষ্ট্রভাষা করতে হবে। কিন্তু পাকিস্তানের কেন্দ্রীয় সরকার বাংলা ভাষার এ দাবিকে সম্পূর্ণরূপে উপেক্ষা করে। এতে পূর্ব পাকিস্তানের ছাত্র-জনতা ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানায় এবং বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার দাবিতে অধ্যাপক আবুল কাসেম এর নেতৃত্বে সর্বপ্রথম তমদ্দুন মজলিস ১৯৪৭ সালে ভাষা আন্দোলনের সূত্রপাত করেন। ভাষা আন্দোলনের গতি বৃদ্ধি করতে তমদ্দুন মজলিসের উদ্যোগে ১ অক্টোবর, ১৯৪৭ সালে প্রথম 'রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠিত হয়। এ পরিষদের আহবায়ক ছিলেন অধ্যাপক এ.এস.এম নূরুল হক ভূঁইয়া। তারপর ২ মার্চ, ১৯৪৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক মুসলিম হলে কামরুদ্দীন আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত এক যৌথ সভায় 'রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' সম্প্রসারণ করে প্রথম 'সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠন করা হয়। এ পরিষদের সদস্য ছিল ২৮ জন এবং আহ্বায়ক ছিলেন শামসুল আলম। ৩১ জানুয়ারি, ১৯৫২ সালে আওয়ামী মুসলিম লীগ সভাপতি মওলানা আব্দুল হামিদ খান ভাষানীর সভাপতিত্বে ভাষা আন্দোলনের গতিকে আরো তীব্র করার জন্য বিভিন্ন সংগঠনের ৪০ জন প্রতিনিধি নিয়ে 'সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠিত হয়। এর আহ্বায়ক ছিলেন কাজী গোলাম মাহবুব। এসব কমিটি বাংলাকে পাকিস্তানের রাষ্ট্রভাষা করার দাবিতে বিভিন্ন কর্মসূচি পালন করতে থাকেন। এরই প্রেক্ষিতে ২০ ফেব্রুয়ারি, ১৯৫২ সালে সরকার সভা সমাবেশের উপর বিধিনিষেধ আরোপ করেন। কিন্তু পূর্ব পাকিস্তানের ছাত্র-জনতা ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি পাকিস্তান সরকারের জারি করা ১৪৪ ধারা ভেঙ্গে মিছিল বের করে। এ মিছিলে পুলিশের গুলিতে আত্মহুতি দেয় বরকত, সালাম, রফিক, জব্বার প্রমুখ। এরপর জনদাবির মুখে পাকিস্তান গণপরিষদ ৯ মে, ১৯৫৪ সালে বাংলাকে দ্বিতীয় রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়। আর ১৬ ফেব্রুয়ারি পাকিস্তান জাতীয় পরিষদ উর্দুর পাশাপাশি বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়।

২৯.অনুচ্ছেদ লিখুন: চতুর্থ শিল্প বিপ্লব। *[বাংলাদেশ পুলিশ স্পেশাল ব্রাঞ্চের উচ্চমান সহকারী: ২৩ / জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের কম্পিউটার অপারেটর: ২৩ / মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*

চতুর্থ শিল্প বিপ্লব

চতুর্থ শিল্প বিপ্লবের ছোঁয়ায় পৃথিবী বদলে যাচ্ছে। চতুর্থ শিল্প বিপ্লব মূলত প্রযুক্তির বিপ্লব, যার মাধ্যমে পৃথিবীর মানুষ উন্নতির চরম শিখরে পৌঁছে যাবে। বলা হচ্ছে, এ পরিবর্তন সব মানুষের জীবনমান উন্নত করবে, আয় বৃদ্ধি করবে সব শ্রেণির মানুষের। প্রযুক্তির উৎকর্ষ কাজে লাগিয়ে পরিবর্ধিত হবে শিল্প ও অর্থনীতির সব ক্ষেত্র। চতুর্থ শিল্প বিপ্লব পৃথিবীকে আক্ষরিক অর্থেই বিশ্বগ্রামে পরিণত করবে। যোগাযোগ ব্যবস্থা হবে অভাবনীয় উন্নত, আন্তর্জাতিক বাণিজ্য হবে পাড়ার দোকানে কেনাবেচার মতোই সহজ। অনেক ক্ষেত্রেই মানুষের হস্তক্ষেপ ছাড়াই কর্ম সম্পাদন হয়ে যাবে। চতুর্থ শিল্প বিপ্লবের ছোঁয়ায় বিশ্বের সাথে তাল মিলিয়ে বাংলাদেশের শিল্প উৎপাদন, বাজার ও ব্যবসা-বাণিজ্য এবং জীবনযাত্রার গতিপথ পাল্টে যাবে। সময় এখন চতুর্থ শিল্প বিপ্লবের। এ শিল্প বিপ্লবের ভিত্তি হলো প্রযুক্তি। ক্ষুদ্র ও শক্তিশালী সস্তা সেন্সর, মোবাইল ইন্টারনেট, মেশিন লার্নিং বা আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স চতুর্থ শিল্প বিপ্লবের ভরশক্তি। এ বিপ্লবে মেশিনকে বুদ্ধিমান করা হচ্ছে। মূলত কৃত্রিম বুদ্ধিমত্তা ও মেশিন লার্নিং, রোবোটিক্স, অটোমেশন, ইন্টারনেট অব থিংস, ব্লকচেইন প্রযুক্তি, থ্রিডি প্রিন্টিং, কোয়ান্টাম কম্পিউটিং, জিন প্রযুক্তি ও প্রকৌশল ইত্যাদি সমন্বয়ে আজকের বিশ্বে আমরা যে পরিবর্তন লক্ষ্য করছি তাই চতুর্থ শিল্প বিপ্লব। অনেকে এটিকে ডিজিটাল বিপ্লব কিংবা ইন্ডাস্ট্রি ৪.০ হিসেবেও আখ্যা দেন। শিক্ষা, স্বাস্থ্য, চিকিৎসা, ব্যবসা-বাণিজ্য, যোগাযোগ, নিরাপত্তা, গবেষণা সব ক্ষেত্রেই চতুর্থ শিল্প বিপ্লবের সুদূরপ্রসারী প্রভাব থাকবে। World Economic Forum (WEF) এর প্রতিষ্ঠাতা ও নির্বাহী প্রধান ক্লাউস শোয়াব তাঁর 'The Fourth Industrial Revolution' গ্রন্থে ভবিষ্যদ্বাণী করেন, চতুর্থ শিল্পবিপ্লবের আগাম ফসল হিসেবে ২০২৫ সালের মধ্যে বিশ্বের ১০ শতাংশ মানুষের পরিধেয় বস্ত্র ও চশমার সাথে ইন্টারনেট সংযুক্ত থাকবে। এছাড়াও পাওয়া যাবে মানুষের শরীরে স্থাপনযোগ্য মোবাইল ফোন, ৯০ শতাংশ মানুষ স্মার্টফোন ব্যবহার করবে, যুক্তরাষ্ট্রে ১০ শতাংশ গাড়ী হবে চালকবিহীন, ৩০ শতাংশ কর্পোরেট প্রতিষ্ঠানের অডিট হবে কৃত্রিম বুদ্ধিমত্তাসম্পন্ন অডিটর দিয়ে ও মোবাইলে ফাইভ-জি প্রযুক্তির ব্যবহার শুরু হবে। পরিশেষে বলা যায়, সময় এখন চতুর্থ শিল্প বিপ্লবের হলেও বিশ্বের প্রায় ১৭ শতাংশ মানুষ এখনো দ্বিতীয় শিল্প বিপ্লবের নাগাল পায়নি এবং ৪০০ কোটি মানুষ তৃতীয় শিল্প বিপ্লবের সুবিধা ভোগ করতে পারেনি। তারপরও চতুর্থ শিল্প বিপ্লব এখন বাস্তব। চতুর্থ শিল্প বিপ্লবের ছোঁয়ায় দ্রুত সময়ে তীব্র গতিতে পৃথিবী পাল্টে যাচ্ছে। তৈরি হচ্ছে নতুন নতুন সম্ভাবনা ও চ্যালেঞ্জ। চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা করে পৃথিবীর পরিবর্তনের সাথে খাপ খাইয়ে বাংলাদেশও সামনের দিকে এগিয়ে যাবে এই প্রত্যাশা সকলের।

৩১.'বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধ' বিষয়ে একটি অনুচ্ছেদ লিখুন। *[ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের অফিস সহায়ক: ২২]*

বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধ

১৯৪৭ সালে স্বাধীন সার্বভৌম পাকিস্তান রাষ্ট্রের জন্ম হয়। ভৌগোলিক দূরত্ব, ভাষাগত ও সংস্কৃতিগত পার্থক্য থাকা সত্ত্বেও শুধু ধর্মের জন্য পূর্ব বাংলাকে পাকিস্তান রাষ্ট্রের অংশ করা হয়। কিন্তু পূর্ব বাংলার মানুষের মধ্যে শুরু থেকে এক ধরনের দ্বন্দ্ব তৈরি হয়। ১৯৫২ সালে প্রথম ভাষা আন্দোলনের মাধ্যমে বাঙালির মাঝে স্বাধীন চেতনাবোধ ও অসাম্প্রদায়িক বাঙালি জাতীয়তাবোধের উন্মেষ ঘটে। পূর্ব বাংলার সাধারণ মানুষ পাকিস্তানের শাসনকে নব্য ঔপনিবেশিক শাসন মনে করতে থাকে। বাঙালির মনে পাকিস্তানের এরূপ শাসন থেকে মুক্ত হওয়ার স্পৃহা ঘনীভূত হতে থাকে; এর প্রত্যক্ষ প্রকাশ দেখা যায়

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১৯৫৪ সালের প্রাদেশিক নির্বাচনে। কৃষক, শ্রমিক ও সাধারণ মানুষ ঐক্য গড়ে নির্বাচনে একক সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে। এরপর ১৯৫৮ সালের সামরিক আইন, ১৯৬২ সালের শিক্ষা আন্দোলন, ১৯৬৬ সালের ৬ দফা আন্দোলন, ১৯৬৮-৬৯ সালের গণঅভ্যুত্থান; সর্বোপরি ১৯৭০ সালের নির্বাচন এবং নির্বাচিত হয়েও শাসন ক্ষমতায় যেতে না পারার কষ্ট বাঙালির স্বাধীনতার তুসের আগুনে ঘি ঢেলে দেয়। হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পূর্ব পাকিস্তানের উপর শোষণ ও নির্যাতনের বিরুদ্ধে ৭ মার্চ রেসকোর্স ময়দানে স্বাধীনতার আহ্বান জানান। ১৯৭১ সালের ২৫ মার্চ রাতে পাক হানাদার বাহিনীর বর্বর আক্রমণে স্বাধীনতার আকাঙ্খা স্ফুলিঙ্গের মতো ছড়িয়ে পড়ে। এরপর বঙ্গবন্ধুর নেতৃত্বে ২৬ মার্চ, ১৯৭১ সালে পাকিস্তান হানাদার বাহিনীর বিরুদ্ধে মহান মুক্তিযুদ্ধ শুরু হয়। বাংলার আপামর জনগণ বঙ্গবন্ধুর নির্দেশে পাক বাহিনীর বিরুদ্ধে যুদ্ধে ঝাপিয়ে পড়েন। এ যুদ্ধ পরিচালনার জন্য সমগ্র বাংলাদেশকে ১১টি সেক্টরে বিভক্ত করা হয়। ৯মাস ব্যাপী রক্তক্ষয়ী যুদ্ধ চলে। অবশেষে ৩০ লক্ষ শহীদের রক্ত ও ২ লক্ষ মা-বোনের সম্ভ্রমের বিনিময়ে ১৬ ডিসেম্বর, ১৯৭১ সালে বাংলাদেশ স্বাধীন হয়। বিশ্বের মানচিত্রে নতুন একটি স্বাধীন ও সার্বভৌম দেশ বাংলাদেশ অন্তর্ভুক্ত হয়।

৩২.ঢাকা শহরের যানজট অর্থনীতির জন্য কি কি ক্ষতি করছে এবং যানজট নিরসনে আপনার মূল্যবান সময়োপযোগী মতামত দিন। *[জাতীয় ক্রীড়া পরিষদের সাঁট মুদ্রাক্ষরিক: ২২]*

ঢাকা শহরের যানজট ও অর্থনৈতিক ক্ষতি

ঢাকা শহরের দুর্বিষহ যানজটে অতিষ্ট নগরবাসী। প্রতিদিন কর্মস্থলে যাওয়ার পথে নগরবাসীকে পোহাতে হয় অসহনীয় যানজট। অপরিকল্পিত নগরায়ন, দুর্বল ট্রাফিক ব্যবস্থাপনা ও নিবন্ধনহীন যানবাহনের কারণে ঢাকা শহরের যানজট ক্রমেই জটিল আকার ধারণ করছে। আর যানজটের কারণে কর্মজীবী মানুষের উৎপাদনশীলতা কমে যাচ্ছে, যার নেতিবাচক প্রভাব পড়ছে অর্থনীতির উপর। বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) এর বার্ষিক প্রতিবেদন-২০২১ অনুযায়ী, ঢাকা শহরের অসহনীয় যানজটে মানুষের ভোগান্তি ও কর্মঘণ্টা নষ্ট হওয়ার পাশাপাশি প্রতিবছর যে আর্থিক ক্ষতি হচ্ছে তার পরিমাণ ১ লাখ ১ হাজার ৩৬ কোটি টাকা। আর মোট দেশজ উৎপাদন (জিডিপি) এর ক্ষতির পরিমাণ ২.৯ শতাংশ। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এর দুর্ঘটনা ও গবেষণা ইনস্টিটিউট এর এক গবেষণায় বলা হয়েছে, যানজটের কারণে ঢাকা শহরের প্রতিদিন যে কর্মঘণ্টা নষ্ট হচ্ছে তার আর্থিক মূল্য প্রায় ১৪০ কোটি টাকা। এছাড়াও যানজটের কারণে বিপুল পরিমাণ জ্বালানির অপচয় হয়।

√ যানজট নিরসনে যে সকল পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে-

১. অবৈধ দখলদারদের কাছ থেকে ফুটপাত ও অন্যান্য রাস্তা দখলমুক্ত করা।
২. লেভেল ক্রসিংয়ে ওভারব্রিজ তৈরি করা।
৩. যথাযথ ট্রাফিক আইন মেনে চলা।
৪. যত্রতত্র গাড়ি পার্কিং বন্ধ করা।
৫. সৎ, পরিশ্রমী ও সাহসী ট্রাফিক পুলিশ নিয়োগ দেওয়া।
৬. সকলের নাগরিক দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সচেতন হওয়া।
৭. পরিকল্পিত নগরায়ন ও প্রশস্ত রাস্তাঘাট তৈরি।
৮. গণপরিবহনের সংখ্যা বৃদ্ধি করা।

যানজট একটি নীরব দানব। এটি অর্থনীতির ক্ষতির পাশাপাশি মানুষের শারীরিক ও মানসিক ক্ষতি সাধন করছে। কাজেই ঢাকা শহরের যানজট নিরসনে অবিলম্বে সমন্বিত কার্যকর পদক্ষেপ গ্রহণের বিকল্প নেই।

৩৩.রচনা লিখুন: স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং উন্নয়নের সুবর্ণরেখা। *[জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এর কম্পিউটার অপারেটর: ২১]*

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং উন্নয়নের সুবর্ণরেখা

বাংলাদেশ দক্ষিণ এশিয়ার একটি জনবহুল দেশ। দেশটি সম্প্রতি এর স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন করলো। এক সময়ের 'তলাবিহীন ঝুড়ি' খ্যাত দেশটি আজ 'বিশ্ব উন্নয়নের রোল মডেল'। ১৯৭১ সালে স্বাধীনতা লাভ করার পর দারিদ্র্য, উচ্চ জনসংখ্যা বৃদ্ধির হার, বেকারত্ব, সম্পদের অপ্রতুলতা, প্রাকৃতিক বিপর্যয়সহ নানামুখী সমস্যা মোকাবিলা করে বাংলাদেশ মাত্র ৫০ বছরে রাজনীতি, অর্থনীতি, সামাজিক, সাংস্কৃতিক খাতে অভাবনীয় উন্নয়ন সাধন করেছে। নিম্নে স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে উন্নয়নের রূপরেখা তুলে ধরা হলো-

১৯৭০ সালে স্বাধীনতা-পূর্ব সময়ে বাংলাদেশের জিডিপি ছিল মাত্র ৯ মিলিয়ন ডলার। ২০১৯ সালে তা বেড়ে ২৭৫ মিলিয়ন ডলারে দাঁড়ায়। ১৯৭০ সালে মাথাপিছু গড় আয় ছিল ১৪০ ডলার আর বর্তমানে মাথাপিছু আয় ২২২৭ ডলার। অর্থাৎ ১৯৭০-১৯৭১ সালের তুলনায় বিগত ৫০ বছরে বাংলাদেশের মাথাপিছু আয় বেড়েছে প্রায় ১৫ গুণ। ১৯৭২-১৯৭৩ অর্থ বছরে বাংলাদেশের প্রথম জাতীয় বাজেটের পরিমাণ ছিল মাত্র ৭৮৬ কোটি ডলার, আর ২০২০-২১ এ এসে এ বাজেটের পরিমাণ বৃদ্ধি পেয়ে ৫ লাখ ৬৪ হাজার কোটি ডলারে দাঁড়িয়েছে। স্বাধীনতার ৫০ বছরে বাজেটের আকার বেড়েছে প্রায় ৭২২ গুণ। ৮০ শতাংশেরও বেশি দারিদ্র্যের হার নিয়ে যাত্রা করা দেশটির বর্তমান দারিদ্র্যের হার ২০.৫০ শতাংশ। অনুরূপভাবে স্বাক্ষরতার হার, মাথাপিছু গড় আয়ু, স্বাস্থ্যসেবার মান, মানুষের জীবনযাত্রার মান সবকিছুই বৃদ্ধি পেয়েছে কয়েক গুণে। তাছাড়া বাংলাদেশ বর্তমান সরকারের দক্ষ নৈপুণ্যে উন্নয়নের মহাসড়কে হাঁটছে। তথ্য-প্রযুক্তি, যোগাযোগ ও পরিবহন সেবা, অবকাঠামোগত উন্নয়ন, ব্যবসা-বাণিজ্য ও শিল্পে দেশ দিন দিন সাফল্যের চূড়ার দিকে ধাবমান। পরিশেষে বলা যায়, বাংলাদেশ স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে অবিস্মরণীয় সাফল্য লাভ করেছে, এই অর্জনকে সাফল্যমণ্ডিত করতে প্রত্যেকের এগিয়ে আসা উচিত।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৩৪.অনুচ্ছেদ লিখুন: 'যানজট রিসনে মেট্রোরেল' *[বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর: ২০]*

যানজট নিরসনে মেট্রোরেল

যানজট রাজধানীবাসীর জন্যে নতুন কিছু নয়। এক গবেষণায় দেখা গেছে যানজটের কারণে শুধু ঢাকায় দৈনিক ৫০ লাখ কর্মঘণ্টা নষ্ট হচ্ছে, যার আর্থিক মূল্য প্রায় ৩৭ হাজার কোটি টাকা। তাই ঢাকাসহ আশে-পাশের অঞ্চলের যানজট নিরসনের লক্ষ্যে বর্তমান সরকার 'মেট্রোরেল প্রকল্প' গ্রহণ করে। এটি বাংলাদেশ সরকারের অগ্রাধিকারমূলক প্রকল্পগুলোর মধ্যে অন্যতম। উত্তরা থেকে মতিঝিল পর্যন্ত ২০.১ কিলোমিটার দৈর্ঘ্যের মেট্রোরেলটি এমআরটি-৬ নামে পরিচিত। এর মোট স্টেশন সংখ্যা ১৬টি। মেট্রোরেল প্রকল্পের কাজ শুরু হয় ২০১৬ সালে। ২৮ ডিসেম্বর, ২০২২ সালে দিয়াবাড়ি থেকে আগারগাঁও পর্যন্ত মেট্রোরেল চলাচলের জন্য উন্মুক্ত করা হয়.। মেট্রোরেল প্রকল্পের মোট ব্যয় ধরা হয়েছে ২১৯৮৫.০৭২১ কোটি টাকা। এর মধ্যে জাপানের জাইকা প্রদান করবে ১৬ হাজার ৫৯৪ কোটি ৫৯ লাখ ২১ হাজার টাকা, যার পরিমাণ মোট প্রকল্প ব্যয়ের ৮৫ শতাংশ। আর বাংলাদেশ সরকার যোগান দিবে ৫ হাজার ৩৯০ কোটি ৪৮ লাখ টাকা। প্রকল্প পরিকল্পনা অনুয়ায়ী উত্তরা থেকে কমলাপুর পর্যন্ত মেট্রোরেল চালু হলে দুই দিক থেকে ঘণ্টায় ৬০ হাজার যাত্রী পরিবহন করা সম্ভব হবে। মেট্রোরেল পুরো মাত্রায় চালু হলে বর্তমান মটরযান ও সড়কের ওপর চাপ অনেকাংশে কমে যাবে। অর্থাৎ সড়কপথেও পূর্বেকার মতো যানজট থাকবে না। মেট্রোরেল পরিচালিত হবে বিদ্যুৎ দ্বারা তাই পরিবেশ দূষণও অনেকাংশে কমে যাবে। মেট্রোরেল পুরো মাত্রায় চালু হলে ঢাকাবাসীর একদিকে সময় বাঁচবে অন্যদিকে যোগাযোগ ব্যয়ও কমে যাবে। তাই এটা বলা যায় যে, মেট্রোরেল দেশবাসীর জন্যে সর্ববিধ সুফল বয়ে আনবে। যদিও ঢাকার মতো ব্যস্ত ব্যয়বহুল শহরে মেট্রোরেলের মতো যোগাযোগ ব্যবস্থা পরিচালনা ও এর গুণগত মান বজায় রাখা একটি বড় চ্যালেঞ্জ, তারপরও আমরা আশাবাদী যে, রাজধানীর যানজট নিরসনে মেট্রোরেল আর্শীবাদ বয়ে আনবে।

৩৫.'মুজিববর্ষ' সম্পর্কে লিখুন। *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী প্রসিকিউটর: ২০২০]*

মুজিববর্ষ

মুজিববর্ষ হলো বাংলাদেশের জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ পালনের জন্য ঘোষিত বর্ষ। ১২ জানুয়ারি, ২০১৯ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত আওয়ামী লীগের যৌথ সভায় মুজিববর্ষ উদযাপনের ঘোষণা দেয়া হয়। আর প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১০ জানুয়ারি, ২০২০ সালে মুজিববর্ষ উদযাপনের ক্ষণগণনা আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন। মুজিববর্ষের সময়কাল ২০২০ সালের ১৭ মার্চ থেকে ২০২১ সালের ২৬ মার্চ পর্যন্ত। কিন্তু করোনা ভাইরাসের কারণে ১৬ ডিসেম্বর, ২০২১ সাল পর্যন্ত বর্ধিত করা হয়েছে। মহামারি করোনার কারণে মুজিববর্ষের ঘোষিত কর্মসূচি শেষ করতে না পারায় মুজিববর্ষের সময়কাল ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন জাতীয় কমিটি ও জাতীয় বাস্তবায়ন কমিটির মেয়াদ ৩১ মার্চ, ২০২২ সাল পর্যন্ত পুনরায় বর্ধিত করা হয়। জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সাংস্কৃতিক সংগঠন (ইউনেস্কো) বাংলাদেশের সঙ্গে যৌথভাবে মুজিববর্ষ উদ্‌যাপনের ঘোষণা দেয়। এ লক্ষ্যে ২৫ নভেম্বর, ২০১৯ সালে ইউনেস্কোর সদর দপ্তর প্যারিসে ৪০তম সাধারণ পরিষদের পূর্ণাঙ্গ অধিবেশনে সর্বসম্মতভাবে বাংলাদেশের সঙ্গে 'মুজিববর্ষ' উদ্‌যাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। 'মুজিব বর্ষের প্রতিশ্রুতি, আর্থিক খাতের অগ্রগতি, স্লোগান ধারণ করে মুজিব শর্তবর্ষ উদযাপনের জন্য দুটি কমিটি গঠন করা হয়েছিল। একটি জাতীয় কমিটি যাদের- কাজ ছিল মুজিববর্ষের কর্মসূচি বাস্তবায়নে পরিকল্পনা ও নীতি প্রণয়ন করা। আর অন্যটি হলো বাস্তবায়ন কমিটি যাদের-কাজ ছিল বাজেটে প্রণয়ন ও পরিকল্পনা বাস্তবায়ন করা। মুজিববর্ষ পালনের উদ্দেশ্য- জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনাচরণ ও তাঁর কর্মময় জীবনের নানা দিক তুলে ধরে নতুন প্রজন্মকে অনুপ্রাণিত করা; তরুণ প্রজন্মের মধ্যে দেশপ্রেম জাগ্রত করা; জাতির পিতার কর্মময় জীবনের প্রতি বিনম্র শ্রদ্ধাজ্ঞাপন; মুজিববর্ষের নানা আয়োজনের মাধ্যমে নতুন করে তরুণ প্রজন্মের কাছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে পরিচিত করানো; ২০২১ সালে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালন; জমকালো আয়োজনের মধ্য দিয়ে ভিশন-২০২১ এর শেষ বর্ষ পালন ও মুজিববর্ষের মাধ্যমে দিন বদলের শপথ ও নৈতিকতার শিক্ষা গ্রহণ। শেখ মুজিবের দর্শন ছিল শোষণ মুক্তি। তাই বলা যায়, মুজিববর্ষের অঙ্গীকার শোষণ মুক্তি ও সমতা ভিত্তিক সমাজ বিনির্মাণ।

৩৬.বর্তমান সরকারের বিগত ১০ বছরে বাংলাদেশের উল্লেখযোগ্য অর্জন/সাফল্যগুলো লিখুন। *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী প্রসিকিউটর: ২০২০]*

সরকারের বিগত ১০ বছরে উল্লেখযোগ্য সাফল্য

৫. ২, ০, ৮, ২ অংকগুলো দ্বারা গঠিত বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার গড় কত? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অফিস সহায়ক: ২১]*

ক ৪২২৪ খ ৩০৯৬
গ ৫১২৪ ঘ ৪১১০ উ. গ

সমাধান:
২, ০, ৮, ২ সংখ্যা গুলো দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যা = ৮২২০
এবং ক্ষুদ্রতম " = ২০২৮
মোট = ১০২৪৮

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

$\therefore$ গড় $= \frac{১০২৪৮}{২}$

$= ৫১২৪$

Type : 02
মূলদ ও অমূলদ সংখ্যা

- **মূলদ সংখ্যা:**
যে সংখ্যাকে দুইটি পূর্ণ সংখ্যার অনুপাতে প্রকাশ করা যায় তাকে মূলদ সংখ্যা বলে। যেখানে হর শূন্য '0' হবে না।
অথবা, যে সংখ্যাকে $\frac{p}{q}$ আকারে প্রকাশ করা যায় তাকে মূলদ সংখ্যা বলে $(q \neq 0)$।

- **মূলদ সংখ্যা চেনার উপায়:**

i. ....., - 2, -1, 0, 1, 2 ....অর্থাৎ সকল পূর্ণ বা অখণ্ড সংখ্যা মূলদ সংখ্যা।

ii. $\frac{1}{2}, \frac{-3}{2}, \frac{11}{3}$,.... অর্থাৎ সকল ধনাত্মক ও ঋণাত্মক, প্রকৃত ও অপ্রকৃত ভগ্নাংশ মূলদ সংখ্যা।

iii. .5, -2.2, .5078, ... অর্থাৎ সকল সসীম দশমিক সংখ্যা মূলদ সংখ্যা।

iv. $\sqrt{4}, \sqrt{144}$, (2, 12) ..... অর্থাৎ যে সকল সংখ্যার বর্গমূল পূর্ণসংখ্যা সে সকল সংখ্যা মূলদ সংখ্যা।

v. $\sqrt[3]{8}, \sqrt[3]{64}$, (2, 4) ..... অর্থাৎ যে সকল সংখ্যার ঘনমূল পূর্ণসংখ্যা সে সকল সংখ্যা মূলদ সংখ্যা।

(vi) $\dot{.3}, .5\dot{6}$, $(\dot{.3} = \frac{3}{9}, .5\dot{6} = \frac{56 - 5}{90} = \frac{51}{90})$ অর্থাৎ সকল পৌণপুনিক যুক্ত সংখ্যা মূলদ সংখ্যা।

- **অমূলদ সংখ্যা:**
যে সংখ্যাকে $\frac{p}{q}$ আকারে অর্থাৎ ভগ্নাংশ আকারে প্রকাশ করা যায় না তাকে অমূলদ সংখ্যা বলে।

- **অমূলদ সংখ্যা চেনার উপায়:**

i. $\sqrt{2}, \sqrt{3}, \sqrt{5}, \sqrt{7}, \sqrt{11}$, ... অমূলদ সংখ্যা।
কিন্তু $\sqrt{4} = 2$, $\sqrt{16} = 4$ মূলদ সংখ্যা

ii. $\pi = 3.14159$ ..... যা অমূলদ

iii. $e = 2.718281$ ..... যা অমূলদ সংখ্যা

iv. যদি p একটি মৌলিক সংখ্যা হয় তাহলে $\sqrt{p}$ একটি অমূলদ সংখ্যা।

৬. $\sqrt{2}$ সংখ্যাটি কোন জাতীয় সংখ্যা? *[মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের সিনিয়র অ্যাকাউন্টস্ ক্লার্ক: ২২]*

ক স্বাভাবিক সংখ্যা খ মূলদ সংখ্যা
গ পূর্ণ সংখ্যা ঘ অমূলদ সংখ্যা **উ. ঘ**

সমাধান: পূর্ণবর্গ নয় এমন যে কোনো স্বাভাবিক সংখ্যার বর্গমূল অমূলদ সংখ্যা। যেমন- $\sqrt{2}, \sqrt{3}, \sqrt{5}$ ইত্যাদি।
$\therefore$ প্রশ্নে উল্লেখিত $\sqrt{2}$ সংখ্যাটি একটি অমূলদ সংখ্যা।

৭. কোনটি মূলদ সংখ্যা? *[বন অধিদপ্তরের জুনিয়র ওয়াইল্ড লাইফ স্কাউট:২২]*

ক $\sqrt{১৩}$ খ $\sqrt{১১}$
গ $\sqrt{২৫}$ ঘ $\sqrt{৩}$ **উ. গ**

সমাধান: এখানে, $\sqrt{২৫} = ৫$ যা মূলদ সংখ্যা।

৮. নিচের কোনটি অমূলদ সংখ্যা? *[বাংলাদেশ নির্বাচন কমিশনের কম্পিউটার অপারেটর: ২৩]*

ক ০.৩ খ $\sqrt{\frac{১৬}{৯}}$ গ $\sqrt{\frac{৮}{২৭}}$ ঘ $\sqrt{\frac{৫}{৩}}$ **উ. গ,ঘ**

সমাধান: ক) $০.৩ = \frac{৩}{১০}$ যা মূলদ

খ) $\sqrt{\frac{১৬}{৯}} = \sqrt{\frac{৪^২}{৩^২}} = \frac{৪}{৩}$ যা মূলদ

গ) $\sqrt{\frac{৮}{২৭}}$ যা অমূলদ ঘ) $\sqrt{\frac{৫}{৩}}$ যা অমূলদ

Type : 03
বিভাজ্য ও ভাজক সংখ্যা

⇒ Math without Calculator:
কোন সংখ্যা অন্য সংখ্যা দ্বারা বিভাজ্য কিনা তা Calculator ছাড়াই নির্ধারণ করা যায়। নিম্নের টেকনিক গুলো মনে রাখলেই যথেষ্ট:

- **২ দ্বারা বিভাজ্য:** সংখ্যাটি জোড় হলে অথবা একক স্থানীয় অঙ্ক জোড় সংখ্যা অর্থাৎ (০, ২, ৪, ৬, ৮) হলে প্রদত্ত সংখ্যাটি ২ দ্বারা বিভাজ্য হবে। উদাহরণ: ৯৮ সংখ্যাটি ২ দ্বারা বিভাজ্য। কারণ সংখ্যাটি জোড় এবং একক স্থানীয় অংকটিকে জোড় সংখ্যা।

- **৩ দ্বারা বিভাজ্য:** প্রদত্ত সংখ্যাটির অংকগুলোর সমষ্টি ৩ দ্বারা বিভাজ্য হলে, প্রদত্ত সংখ্যাটি ৩ দ্বারা বিভাজ্য হবে। উদাহরণ: ১৪০৪, ৩ দ্বারা বিভাজ্য। কারণ ১ + ৪ + ০ + ৪ = ৯, যা ৩ দ্বারা বিভাজ্য।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

♦ **৪ দ্বারা বিভাজ্য:** প্রদত্ত সংখ্যাটির শেষের একক ও দশক স্থানীয় অংক দুটি দ্বারা গঠিত সংখ্যাটি যদি ৪ দ্বারা বিভাজ্য হয় তাহলে প্রদত্ত সংখ্যাটি ৪ দ্বারা বিভাজ্য হবে। উদাহরণ: ৭২৪, ৪ দ্বারা বিভাজ্য কারণ ২৪, ৪ দ্বারা বিভাজ্য।

♦ **৫ দ্বারা বিভাজ্য:** প্রদত্ত সংখ্যাটির একক স্থানীয় অংক অথবা শেষে ০ কিংবা ৫ থাকলে সংখ্যাটি ৫ দ্বারা বিভাজ্য হবে। উদাহরণ-১: ৯৫০০৫ সংখ্যাটি ৫ দ্বারা বিভাজ্য, কারণ একক স্থানীয় অঙ্কে ৫ রয়েছে। উদাহরণ-২: ৪৮৬২৩৫২০ সংখ্যাটি ৫ দ্বারা বিভাজ্য কারণ একক স্থানীয় অঙ্ক ০ রয়েছে।

♦ **৬ দ্বারা বিভাজ্য:** প্রদত্ত সংখ্যাটি ২ এবং ৩ দ্বারা বিভাজ্য হলে সংখ্যাটি ৬ দ্বারা বিভাজ্য। উদাহরণ: ৩৩০, ৬ দ্বারা বিভাজ্য। কারণ একক স্থানীয় অঙ্ক জোড় সংখ্যা হওয়ায় ২ দ্বারা বিভাজ্য। আবার, ৩৩০ এর অঙ্কগুলোর যোগফল = ৩ + ৩ + ০ = ৬, যা ৩ দ্বারা বিভাজ্য। কাজেই প্রদত্ত সংখ্যাটি ৬ দ্বারাও বিভাজ্য।

♦ **৮ দ্বারা বিভাজ্য:** প্রদত্ত সংখ্যাটির শেষ তিনটি অঙ্ক দ্বারা গঠিত সংখ্যাটি ৮ দ্বারা বিভাজ্য হলে, উক্ত সংখ্যাটি ৮ দ্বারা বিভাজ্য হবে। উদাহরণ: ৩২০৫৯২, ৮ দ্বারা বিভাজ্য। কারণ শেষের তিন অঙ্ক দ্বারা গঠিত সংখ্যা ৫৯২, ৮ দ্বারা বিভাজ্য।

♦ **৯ দ্বারা বিভাজ্য:** প্রদত্ত সংখ্যাটির অঙ্কগুলোর যোগফল ৯ দ্বারা বিভাজ্য হলে, উক্ত সংখ্যাটি ৯ দ্বারা বিভাজ্য। উদাহরণ: ৮৫৫, ৯ দ্বারা বিভাজ্য। কারণ ৮ + ৫ + ৫ = ১৮ যা ৯ দ্বারা বিভাজ্য।

• **ভাজক সংখ্যা:**

প্রদত্ত সংখ্যাটিকে মোট কয়টি সংখ্যা দ্বারা ভাগ করা যায় সেই সংখ্যা গুলোই ভাজক সংখ্যা। যেমন: ১২ কে ১, ২, ৩, ৪, ৬, ১২ দ্বারা ভাগ করা যায়, তাই ভাজক সংখ্যা ৬টি। কিন্তু বড় বড় থেকে নির্ণয় করার জন্য নিম্নের পদ্ধতি অনুসরণ করলে সহজে ভাজক সংখ্যা পাওয়া যাবে।

২ | ১২
২ | ৬
৩

$১২ = ২ \times ২ \times ৩ = ২^২ \times ৩^১$

∴ ভাজক সংখ্যা = $(২ + ১)(১ + ১)$
$= ৩ . ২ = ৬$টি

৯. ভাজক ১০, ভাগফল ১০, ভাগশেষ ১ হলে ভাজ্য কত? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক: ২৩]*

ক ১১ খ ১০১
গ ১০২ ঘ ১০০১ উ. খ

সমাধান: আমরা জানি,
ভাজ্য = ভাজক × ভাগফল + ভাগশেষ
$= ১০ \times ১০ + ১ = ১০০ + ১ = ১০১$

১০. ১০০ থেকে ২০০ এর মধ্যে ৩ দ্বারা বিভাজ্য সংখ্যা কয়টি? *[হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়ের নিরীক্ষক: ২৩]*

ক ৩১ খ ৩২
গ ৩৩ ঘ ৩৪ উ. গ

সমাধান: বিভাজ্য সংখ্যা $= \frac{২০০ - ১০০}{৩}$

$= \frac{১০০}{৩} = ৩৩.৩৩$ অর্থাৎ ৩৩টি

১১. তিনটি ক্রমিক সংখ্যার গুণফল সর্বদাই নিচের কোন সংখ্যার দ্বারা বিভাজ্য হবে? *[মৎস্য অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক: ২১]*

ক ৫ খ ৬
গ ৭ ঘ ১১ উ. খ

সমাধান: মনেকরি, ক্রমিক সংখ্যাত্রয় ৩, ৪ ও ৫
এদের গুণফল = ৩ × ৪ × ৫
= ৬০ যা ৬ দ্বারা বিভাজ্য

[Note: তিনটি ক্রমিক স্বাভাবিক সংখ্যার গুণফল অবশ্যই ২, ৩ এবং ৬ দ্বারা বিভাজ্য হবে]

১২. ১৫ এবং ৩৫ দ্বারা বিভাজ্য চার অঙ্কের বৃহত্তম সংখ্যা কোনটি? *[পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২১]*

ক ৯৯৪০ খ ৯৯৬০
গ ৯৯৭৫ ঘ ৯৯৯০ উ. গ

সমাধান: ৯৯৭৫ ÷ ১৫ = ৬৬৫
৯৯৭৫ ÷ ৩৫ = ২৮৫
এখানে, অপশনগুলোর মধ্যে ৯৯৭৫ সংখ্যাটি বৃহত্তম এবং ১৫ ও ৩৫ উভয় দ্বারা বিভাজ্য।

১৩. কোন লঘিষ্ঠ সংখ্যাকে ১২ ও ১৬ দ্বারা ভাগ করলে অবশিষ্ট যথাক্রমে ৫ ও ৯ হবে? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]*

ক ৫৩ খ ২৯
গ ৮৮ ঘ ৪১ উ. ঘ

সমাধান: অঙ্কটির শর্তানুসারে, অপশন ঘ থেকে পাই-
৪১ ÷ ১২ = ৩ ভাগশেষ ৫
৪১ ÷ ১৬ = ২ " ৯
∴ অঙ্কটির শর্ত পূরণ করায় অপশন ঘ সঠিক।

১৪. ৭২ সংখ্যার মোট ভাজক আছে- *[ডাক অধিদপ্তরের হিসাব সহকারী/কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*

ক ৯টি খ ১০টি
গ ১২টি ঘ ১১টি উ. গ

সমাধান:
২ | ৭২
২ | ৩৬
২ | ১৮
৩ | ৯
৩

এখানে, $৭২ = ২^৩ \times ৩^২$
∴ ভাজক সংখ্যা = $(৩+১) \times (২ + ১) = ৪ \times ৩ = ১২$

১৫. ৩৬ সংখ্যাটির মোট কতগুলো ভাজক রয়েছে? *[জীবন বীমা কর্পোরেশনের কম্পিউটার অপারেটর: ২১]*

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ক ৯টি খ ৩টি
গ ৫টি ঘ ৬টি উ. ক

সমাধান: এখানে
২|৩৬
২|১৮
৩|৯
৩

$\therefore 36 = 2^2 \times 3^2$

$\therefore$ ভাজক সংখ্যা $= (2+1)(2+1) = 9$ টি।

১৬. ৫ এবং ৯৫ এর মধ্যে ৫ এবং ৩ দ্বারা বিভাজ্য সংখ্যা কতটি? *[জনস্বাস্থ্য অধিদপ্তরের ক্লার্ক কাম টাইপিস্ট: ২১]*

ক ৫টি খ ৬টি
গ ১০টি ঘ ১৮টি উ. খ

সমাধান: ৫ ও ৩ দ্বারা বিভাজ্য সংখ্যাগুলো (5×3) বা ১৫ দ্বারাও বিভাজ্য হবে।
৫ এবং ৯৫ এর মধ্যে ১৫ দ্বারা বিভাজ্য সংখ্যা ৬টি। যথা- ১৫, ৩০, ৪৫, ৬০, ৭৫, ৯০।

১৭. ভাজক ভাগফলের ১০ গুণ। ভাজক ০.৫ হলে ভাজ্য কত? *[ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]*

ক ০.০২৫ খ ০.০২০
গ ০.২৫ ঘ ০.৫০ উ. ক

সমাধান: ভাজক = ভাগফল × ১০

$\Rightarrow 0.5 =$ ভাগফল $\times 10$

$\therefore$ ভাগফল $= \frac{0.5}{10} = 0.05$

$\therefore$ ভাজ্য = ভাজক × ভাগফল
$= 0.5 \times 0.05$
$= 0.025$

১৮. নিচের কোন ফলাফলটি ৯ দ্বারা বিভাজ্য? *[বাংলাদেশ নির্বাচন কমিশনের অফিস সহায়ক: ২৩]*

ক ৫২+২৫ খ ৫২৭+৭২৫
গ ৪১২+২৩৪ ঘ ৭৫-৫৭ উ. ঘ

সমাধান: যে কোনো ২ অংক বিশিষ্ট সংখ্যা এবং তার বিপরীত (অর্থাৎ একক এর স্থলে দশক ও দশক এর স্থলে একক) সংখ্যার বিয়োগফল সর্বদা ৯ দ্বারা বিভাজ্য।
এখানে, ৭৫ সংখ্যাটির বিপরীত ৫৭

$$\begin{array}{r} 75 \\ -57 \\ \hline 18 \end{array}$$

আবার, ১৮ ÷ ৯ = ২
$\therefore$ ঘ অপশনটি ৯ দ্বারা বিভাজ্য

১৯. x কে ৭ দ্বারা ভাগ করা হলে ভাগশেষ ১ হয়। যদি y কে ৭ দ্বারা ভাগ করা হয়, তাহলে ভাগশেষ ২ হয়। x + y কে ৭ দ্বারা ভাগ করলে ভাগশেষ কত হবে? *[রাজউক এর ইমারত পরিদর্শক: ২২]*

ক ১ খ ২
গ ৩ ঘ ৪ উ. গ

সমাধান: যেহেতু x কে ৭ দ্বারা ভাগ করলে ভাগশেষ ১ হয়,
সেহেতু $x = 8, 15, 22, \ldots\ldots$ হবে।
আবার, যেহেতু y কে ৭ দ্বারা ভাগ করলে ভাগশেষ ২ হয়,
সেহেতু $y = 9, 16, 23, \ldots\ldots$ হবে।
এখন, $x = 8$ ও $y = 9$ হলে, $x + y = 8 + 9 = 17$

৭)১৭(২
১৪
৩

আবার, $x = 15$ ও $y = 16$ হলে, $x + y = 15 + 16 = 31$

৭)৩১(৪
২৮
৩

$\therefore$ প্রতিক্ষেত্রে ৩ ভাগশেষ।

২০. কোন সংখ্যাকে $\sqrt{0.25}$ দিয়ে ভাগ করলে ভাগফল ২০ হবে? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*

ক ১০ খ ১৫
গ ২০ ঘ কোনোটিই নয় উ. ক

সমাধান: মনেকরি, সংখ্যাটি $= x$

প্রশ্নমতে, $\frac{x}{\sqrt{0.25}} = 20$

$\Rightarrow x = 20 \times \sqrt{0.25}$
$\Rightarrow x = 20 \times 0.5$
$\Rightarrow x = 10$

Type : 04
জোড় ও বিজোড় সংখ্যা

২১. x ও y দুটি ক্রমিক জোড় সংখ্যা হলে নিচের কোনটি বিজোড়? *[সুন্দরবন গ্যাস কো. লি. এর সিনিয়র টেকনিশিয়ান: ২৩]*

ক x^2 খ y^2
গ $x^2 + 1$ ঘ $y^2 + 4$ উ. গ

সমাধান: x জোড় হলে $x^2 + 1$ বিজোড়।

২২. কোনটি বিজোড় সংখ্যা? *[বেসামরিক বিমান কর্তৃপক্ষের কম্পিউটার মুদ্রাক্ষরিক:২১]*

ক ২ক খ ২ক + ১
গ ২ক-২ ঘ ক উ. খ

সমাধান: ক জোড় বা বিজোড় হলে (২ক + ১) সর্বদা বিজোড় সংখ্যা।

২৩. x ও y উভয় বিজোড় সংখ্যা হলে জোড় সংখ্যা কোনটি? *[জীবন বীমা কর্পোরেশনের কম্পিউটার অপারেটর: ২১]*

ক $x + 1 + y$ খ $xy + 4$
গ $x + y$ ঘ xy উ. গ

সমাধান: দুটি বিজোড় সংখ্যার যোগফল সর্বদাই জোড় সংখ্যা। যেমন: $1 + 3 = 4$ যা জোড়।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

২৪.প্রথম ৫টি বিজোড় স্বাভাবিক সংখ্যার যোগফল নিচের কোনটি? [ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন অফিসার: ২২]

ক ৫ খ ৫×২
গ ৫×৫ ঘ $২^৫$ উ. গ

সমাধান: প্রথম ৫টি বিজোড় স্বাভাবিক সংখ্যার যোগফল
$= ১ + ৩ + ৫ + ৭ + ৯ = ২৫ = ৫ \times ৫$

২৫.দুটি ক্রমিক জোড় সংখ্যার বর্গের পার্থক্য নিচের কোন সংখ্যা দ্বারা বিভাজ্য? [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]

ক ৩ খ ৪
গ ৫ ঘ ৬ উ. খ

সমাধান: মনেকরি, সংখ্যাদ্বয় x ও $x + ২$
∴ বর্গের পার্থক্য $= (x + ২)^2 - x^2$
$= x^2 + ৪x + ৪ - x^2$
$= ৪x + ৪$
$= ৪(x + ১)$ যা ৪ দ্বারা বিভাজ্য

২৬.a ও b দুইটি বিজোড় সংখ্যা। নিচের কোন সংখ্যাটি জোড়?
[কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]

ক ab খ b+ 2a + 2
গ a + b +1 ঘ 2a + 4b উ. ঘ

সমাধান: যেহেতু a ও b বিজোড় সংখ্যা,
সেহেতু ধরি, $a = 3, b = 5$
∴ $ab = 3 \times 5 = 15$ যা বিজোড়
$b + 2a + 2 = 5 + 2.3 + 2 = 13$ যা বিজোড়
$a + b + 1 = 3 + 5 + 1 = 9$ যা বিজোড়
$2a + 4b = 2.3 + 4.5 = (26)$ যা জোড়

Type : 05
মৌলিক সংখ্যা

♦ **মৌলিক সংখ্যা (Prime Number):**
১ থেকে বড় যে সকল স্বাভাবিক সংখ্যা কেবলমাত্র ১ এবং ঐ সংখ্যা দ্বারা নিঃশেষে বিভাজ্য তাকে মৌলিক সংখ্যা বলে। যেমন ২,৩,৫,৭ ইত্যাদি।

সীমা	মৌলিক সংখ্যা	মোট	সর্বমোট
১ থেকে ১০	২,৩,৫,৭	৪টি	(১-১০) ৪টি
১১ থেকে ২০	১১,১৩,১৭,১৯	৪টি	(১-২০) ৮টি
২১ থেকে ৩০	২৩,২৯	২টি	(১-৩০) ১০টি
৩১ থেকে ৪০	৩১,৩৭	২টি	(১-৪০) ১২টি
৪১ থেকে ৫০	৪১,৪৩,৪৭	৩টি	(১-৫০) ১৫টি
৫১ থেকে ৬০	৫৩,৫৯	২টি	(১-৬০) ১৭টি
৬১ থেকে ৭০	৬১,৬৭	২টি	(১-৭০) ১৯টি
৭১ থেকে ৮০	৭১,৭৩,৭৯	৩টি	(১-৮০)২২টি
৮১ থেকে ৯০	৮৩,৮৯	২টি	(১-৯০) ২৪টি
৯১ থেকে ১০০	৯৭	১টি	(১-১০০) ২৫টি

২৭. ১ থেকে ২৫ এর মধ্যে মৌলিক সংখ্যা কয়টি? [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]

ক ৭টি খ ৮টি
গ ৯টি ঘ ১০টি উ. গ

সমাধান: ১ থেকে ২৫ পর্যন্ত মৌলিক সংখ্যা ৯টি (২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩)

২৮. ১ হতে ৯৭ পর্যন্ত কতটি মৌলিক সংখ্যা আছে? [বাংলাদেশ ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]

ক ১১টি খ ২৪টি
গ ২৫টি ঘ ২২টি উ. গ

সমাধান: ১ থেকে ৯৭ পর্যন্ত মৌলিক সংখ্যা আছে ২৫টি। যথা: ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯, ৩১, ৩৭, ৪১, ৪৩, ৪৭, ৫৩, ৫৯, ৬১, ৬৭, ৭১, ৭৩, ৭৯, ৮৩, ৮৯, ৯৭।

২৯.১ হতে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যা কয়টি? [প্রাণীসম্পদ অধিদপ্তরের ল্যাবরেটরি টেকনিশিয়ান: ২৩]

ক ২০ খ ২৪
গ ২৫ ঘ ২৬ উ. গ

সমাধান: ১ থেকে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যা ২৫টি। যথা (২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯, ৩১, ৩৭, ৪১, ৪৩, ৪৭, ৫৩, ৫৯, ৬১, ৬৭, ৭১, ৭৩, ৭৯, ৮৩, ৮৯, ৯৭)

৩০. ১ থেকে ১০ পর্যন্ত জোড় মৌলিক সংখ্যা কয়টি? [মৎস্য অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]

ক ২ খ ১
গ ৩ ঘ ৪ উ. খ

সমাধান: সংখ্যা সমূহের মধ্যে ২ একমাত্র জোড় মৌলিক সংখ্যা।
∴ ১ থেকে ১০ পর্যন্ত জোড় মৌলিক সংখ্যা = ১ টি।

৩১.কোন সংখ্যাটি অন্য রকম? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]

ক ৪৩ খ ২৩
গ ১৯ ঘ ১৬ উ. ঘ

সমাধান: এখানে, ১৬ বাদে অন্য তিনটি অপশনই মৌলিক সংখ্যা।

৩২.৬০ থেকে ৮০ এর মধ্যবর্তী বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যার বিয়োগফল হবে? [দুর্নীতি দমন কমিশন এর কোর্ট পরিদর্শক: ২২]

ক ৮ খ ১৮
গ ৫০ ঘ ১৪০ উ. খ

সমাধান:
৬০-৮০ এর মধ্যবর্তী বৃহত্তম মৌলিক সংখ্যা = ৭৯
৬০-৮০ " " ক্ষুদ্রতম " " $\overset{(-)}{=}$ ৬১
∴ পার্থক্য = ১৮

৩৩.কোনটি মৌলিক সংখ্যা? [প্রাণীসম্পদ অধিদপ্তরের অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]

ক ১ খ ৩
গ ৪ ঘ ৯ উ. খ

সমাধান: অপশন গুলোর মধ্যে ৩ মৌলিক সংখ্যা।

৩৪.নিচের কোনটি মৌলিক সংখ্যা? [বন অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]

ক ৯১ খ ১৪৩
গ ৮৭ ঘ ৪৭ উ. ঘ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

সমাধান: এখানে, ৯১ = ৭ × ১৩
১৪৩ = ১১ × ১৩
৮৭ = ৩ × ২৯
∴ অপশন গুলোর মধ্যে ৪৭ মৌলিক সংখ্যা।

৩৫.নিচের কোনটি মৌলিক সংখ্যা নয়? *[হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২২]*

ক ৩১ খ ৪১
গ ৫১ ঘ ৬১ উ. গ

সমাধান: এখানে, ৫১ = ৩ × ১৭ যা মৌলিক সংখ্যা নয়।
∴ অপশন অনুযায়ী ৫১ ব্যতীত বাকি সংখ্যা গুলো মৌলিক।

৩৬.প্রথম ৬টি মৌলিক সংখ্যার যোগফল কত? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক: ২৩]*

ক ৪১ খ ২৮
গ ৫৮ ঘ ২৯ উ. ক

সমাধান: প্রথম ৬টি মৌলিক সংখ্যা ২, ৩, ৫, ৭, ১১, ১৩
এদের যোগফল = ২ + ৩ + ৫ + ৭ + ১১ + ১৩ = ৪১

৩৭.১০ থেকে ৬০ পর্যন্ত যে সকল মৌলিক সংখ্যার একক স্থানীয় অংক ৯ তাদের সমষ্টি কত? *[জীবন বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২১]*

ক ১০৭ খ ১০৫
গ ৯৯ ঘ ১৪৬ উ. ক

সমাধান: ১০ থেকে ৬০ পর্যন্ত যে সকল মৌলিক সংখ্যার একক স্থানীয় অংক ৯ সেগুলো হলো = ১৯, ২৯, ৫৯
এদের সমষ্টি = ১৯ + ২৯ + ৫৯ = ১০৭

Type : 06
সমীকরণের সাহায্যে সংখ্যা নির্ণয়

৩৮.তিনটি ক্রমিক পূর্ণ সংখ্যার যোগফল ৩০ হলে এদের মধ্যে বড় সংখ্যাটি কত? *[ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস সহায়ক: ২২]*

ক ৮ খ ৯
গ ১০ ঘ ১১ উ. ঘ

সমাধান: মনেকরি,
সংখ্যাত্রয় যথাক্রমে, $x, x + ১, x + ২$
∴ $x + x + ১ + x + ২ = ৩০$
⇒ $৩x + ৩ = ৩০$
⇒ $৩x = ২৭$
⇒ $x = ৯$
∴ বড় সংখ্যাটি = ৯ + ২ = ১১

৩৯.একটি সংখ্যার ৪ গুণের সাথে ১০ যোগ করা হলে উত্তর হয় সংখ্যাটি ৫ গুণ অপেক্ষা ৫ কম। সংখ্যাটি কত? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর মেডিকেল টেকনোলজিস্ট ও কম্পিউটার অপারেটর: ২৩]*

ক ১০ খ ২০
গ ১৫ ঘ ২৫ উ. গ

সমাধান: মনেকরি, সংখ্যাটি = x
প্রশ্নমতে, $৪x + ১০ = ৫x - ৫$
⇒ $৪x - ৫x = -৫ - ১০$
⇒ $-x = -১৫$
⇒ $x = ১৫$

৪০.৬টি ক্রমিক পূর্ণ সংখ্যার প্রথম তিনটির যোগফল ৩৯ হলে শেষ তিনটি সংখ্যার যোগফল কত? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের গ্রাউন্ড সার্ভিস অ্যাসিসট্যান্ট: ২২]*

ক ৪৫ খ ৪৮
গ ৫৪ ঘ ৬৪ উ. খ

সমাধান: মনেকরি,
ক্রমিক পূর্ণ সংখ্যা ৬টি যথাক্রমে $x, x + ১, x + ২, x + ৩, x + ৪, x + ৫$
প্রশ্নমতে, $x + x + ১ + x + ২ = ৩৯$
⇒ $৩x + ৩ = ৩৯$
⇒ $৩x = ৩৯ - ৩$
⇒ $৩x = ৩৬$
⇒ $x = ১২$
∴ শেষ ৩টি সংখ্যার যোগফল = $x + ৩ + x + ৪ + x + ৫$
= $৩x + ১২$
= $(৩ \times ১২) + ১২$
= ৩৬ + ১২ = ৪৮

৪১.পর পর ১০টি সংখ্যার প্রথম ৫টি সংখ্যার যোগফল ৫৬০ হলে শেষ ৫টি সংখ্যার যোগফল কত? *[জীবন বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২১]*

ক ৫৮৫ খ ৪৭০
গ ৬৭৫ ঘ ৮৫৫ উ. ক

সমাধান: মনেকরি, পরপর ১০টি সংখ্যা যথাক্রমে $x, x + ১, x + ২, x + ৩, x + ৪, x + ৫, x + ৬, x + ৭, x + ৮, x + ৯$
প্রশ্নমতে,
$x + x + ১ + x + ২ + x + ৩ + x + ৪ = ৫৬০$
⇒ $৫x + ১০ = ৫৬০$
⇒ $৫x = ৫৫০$
⇒ $x = ১১০$
∴ পরবর্তী ৫টি সংখ্যার যোগফল
= $x + ৫ + x + ৬ + x + ৭ + x + ৮ + x + ৯$
= $৫x + ৩৫ = (৫ \times ১১০) + ৩৫$
= ৫৫০ + ৩৫ = ৫৮৫

A/S: $S_1 = ৫৬০, n = ৫, S_2 = ?$
∴ $S_2 = S_1 + n^2 = ৫৬০ + ৫^2$
= ৫৬০ + ২৫ = ৫৮৫

৪২.তিনটি ক্রমিক সংখ্যার গুণফল তাদের যোগফলের ৫ গুণ সংখ্যা তিনটির গড় কত? *[রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২১]*

ক ৫ খ ৩
গ ৪ ঘ ৩ উ. গ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

সমাধান: মনেকরি, তিনটি ক্রমিক সংখ্যা $x - ১, x, x + ১$

প্রশ্নমতে,

$(x - ১)x(x + ১) = ৫(x - ১ + x + x + ১)$

$\Rightarrow (x^২ - ১)x = ১৫x$

$\Rightarrow x^২ - ১ = ১৫$

$\Rightarrow x^২ = ১৬$

$\Rightarrow x = ৪$

$\therefore$ প্রথম সংখ্যাটি $= ৩$

২য় " $= ৪$

তৃতীয় " $= ৫$

$\therefore ৩, ৪, ৫$ এর গড় $= \frac{৩ + ৪ + ৫}{৩} = ৪$

৪৩.তিনটি ক্রমিক সংখ্যার যোগফল ১২৩, ক্ষুদ্রতম দুইটি সংখ্যার গুণফল কত? *[জীবন বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২১]*

ক ১৬০০ খ ১৬৫০

গ ১৬৪০ ঘ ১৬৮০ উ. গ

সমাধান: মনেকরি,

ক্রমিক সংখ্যা তিনটি যথাক্রমে $x, x + ১$ ও $x + ২$

প্রশ্নমতে, $x + x + ১ + x + ২ = ১২৩$

বা, $৩x = ১২৩ - ৩$

বা, $x = \frac{১২০}{৩}$

$\therefore x = ৪০$

$\therefore$ সংখ্যা তিনটি যথাক্রমে $= ৪০, ৪০ + ১ = ৪১$

ও $৪০ + ২ = ৪২$

$\therefore$ ক্ষুদ্রতম সংখ্যা দুইটির গুণফল $= ৪০ \times ৪১ = ১৬৪০$

A/S: মধ্যম সংখ্যাটি $= \frac{১২৩}{৩} = ৪১$

$\therefore$ সংখ্যা তিনটি যথাক্রমে $= ৪০, ৪১, ৪২$

$\therefore$ গুণফল $= ৪০ \times ৪১ = ১৬৪০$

Type : 07
দুইটি সংখ্যার মধ্যে বর্গের অন্তর

দুটি সংখ্যার মধ্যে বর্গের অন্তর কথা উল্লেখ থাকলে

$\therefore$ বৃহত্তম সংখ্যা $= \frac{\text{বর্গের অন্তর} + ১}{২}$

$\therefore$ ক্ষুদ্রতম সংখ্যা $= \frac{\text{বর্গের অন্তর} - ১}{২}$

৪৪.দুটি ক্রমিক পূর্ণ সংখ্যা নির্ণয় করুন যাদের বর্গের অন্তর ৪৯। *[ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]*

ক ২১, ২২ খ ২২, ২৩

গ ২৪, ২৫ ঘ ২০, ২২ উ. গ

সমাধান: বড় সংখ্যাটি $= \frac{৪৯ + ১}{২} = \frac{৫০}{২} = ২৫$

এবং ছোট সংখ্যাটি $= \frac{৪৯ - ১}{২} = \frac{৪৮}{২} = ২৪$

৪৫.দুইটি ক্রমিক স্বাভাবিক সংখ্যার বর্গের অন্তর ৪৫ হলে সংখ্যা দুইটি কত? *খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ২১]*

ক ২০,২১ খ ২১,২২

গ ২২,২৩ ঘ ২৩,২৪ উ. গ

সমাধান: মনেকরি, একটি সংখ্যা $= x$

$\therefore$ অপর " $= x + ১$

প্রশ্নমতে, $(x + ১)^২ - x^২ = ৪৫$

$\Rightarrow x^২ + ২x + ১ - x^২ = ৪৫$

$\Rightarrow ২x = ৪৪$

$\Rightarrow x = ২২$

$\therefore$ অপর সংখ্যা $= ২২ + ১ = ২৩$

$\therefore$ সংখ্যাদ্বয় ২২ ও ২৩

৪৬.দুটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর ৩৭ হলে সংখ্যা দুটি কত? *[পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী: ২১]*

ক ১৯, ২০ খ ১৭, ১৮

গ ১৮, ১৯ ঘ ১৬, ১৭ উ. গ

সমাধান: মনেকরি, ক্রমিক সংখ্যাদ্বয় x ও $x + ১$

প্রশ্নমতে, $(x + ১)^২ - (x)^২ = ৩৭$

$\Rightarrow x^২ + ২x + ১ - x^২ = ৩৭$

$\Rightarrow ২x = ৩৬$

$\Rightarrow x = ১৮$

$\therefore$ অপর সংখ্যা $= ১৮ + ১ = ১৯$

$\therefore$ সংখ্যাদ্বয় $= ১৮$ ও ১৯

৪৭.২টি ক্রমিক পূর্ণ সংখ্যার বর্গের অন্তর ৪৭। সংখ্যা দুটি কি কি? *[হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*

ক ২৩,২৫ খ ২৩,২৪

গ ২১,২৫ ঘ ৩১,১৬ উ. খ

সমাধান: মনেকরি, একটি সংখ্যা x

এবং অপর সংখ্যাটি $x + ১$

শর্তমতে, $(x + ১)^২ - x^২ = ৪৭$

$\Rightarrow x^২ + ২x + ১ - x^২ = ৪৭$

$\Rightarrow ২x = ৪৭ - ১$

$\Rightarrow ২x = ৪৬$

$\therefore x = ২৩$

$\therefore$ একটি সংখ্যা $= ২৩$

এবং অপর সংখ্যাটি $= ২৩ + ১ = ২৪$

A/S: বড় সংখ্যাটি $= \frac{৪৭ + ১}{২} = ২৪$

ছোট সংখ্যাটি $= \frac{৪৭ - ১}{২} = ২৩$

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

Type : 08
যত-তত এর কথা উল্লেখ থাকলে

৪৮.একটি সংখ্যা ৩০১ হতে যত বড় ৩৮১ হতে তত ছোট। সংখ্যাটি কত? *[LGED এর ইলেকট্রিশিয়ান ও সার্ভেয়ার: ২৩]*

ক ৩৪০ খ ৩৪১
গ ৩৪২ ঘ ৩৪৪ উ. খ

সমাধান: সংখ্যাটি $= \frac{৩০১ + ৩৮১}{২} = ৩৪১$

৪৯.একটি সংখ্যা ৩১ থেকে যত বেশি ৫৫ থেকে তত কম, সংখ্যাটি কত? *[খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]*

ক ৪৩ খ ১২
গ ২৪ ঘ ৩০ উ. ক

সমাধান: সংখ্যাটি $= \frac{৫৫ + ৩১}{২} = \frac{৮৬}{২} = ৪৩$

৫০.একটি সংখ্যা ২২০ থেকে যত বড় ৪৯০ থেকে তত ছোট। সংখ্যাটি কত? *[পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২১]*

ক ৩৫৫ খ ৩৬৫
গ ২৪৫ ঘ ৩৫০ উ. ক

সমাধান: সংখ্যাটি $= \frac{৪৯০ + ২২০}{২} = \frac{৭১০}{২} = ৩৫৫$

৫১.একটি সংখ্যা ৭৪২ থেকে যত বড় ৮৩০ থেকে তত ছোট। সংখ্যাটি কত? *[জীবন বীমা কর্পোরেশনের কম্পিউটার অপারেটর: ২১]*

ক ৭৮৬ খ ৫৭০
গ ৮৬৭ ঘ ৬৮৭ উ. ক

সমাধান: মনেকরি, সংখ্যাটি $= x$

শর্তমতে, $x - ৭৪২ = ৮৩০ - x$

$\Rightarrow 2x = ৮৩০ + ৭৪২$

$\Rightarrow 2x = ১৫৭২$

$\therefore x = \frac{১৫৭২}{২} = ৭৮৬$

A/S: সংখ্যাটি $= \frac{৭৪২ + ৮৩০}{২} = ৭৮৬$

৫২.একটি শ্রেণিতে যতজন ছাত্রছাত্রী আছে, তাদের প্রত্যেকে তত পয়সার চেয়ে আরো ২৫ পয়সা করে চাঁদা দেওয়ায় মোট ৭৫ টাকা উঠল। ঐ শ্রেণির ছাত্র-ছাত্রীর সংখ্যা কত? *[হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়ের নিরীক্ষক: ২৩]*

ক ৭০ খ ৮৫
গ ৭৫ ঘ ১০০ উ. গ

সমাধান: মনেকরি, ছাত্র-ছাত্রীর সংখ্যা x জন

$\therefore$ প্রত্যেকে চাঁদা দেয় $(x + 25)$ টাকা

প্রশ্নমতে, $x(x + 25) = 7500$ *[1 টাকা = 100 পয়সা, 75 টাকা = 7500 পয়সা]*

$\Rightarrow x^2 + 25x - 7500 = 0$

$\Rightarrow x^2 + 100x - 75x - 7500 = 0$

$\Rightarrow x(x + 100) - 75(x + 100) = 0$

$\Rightarrow (x + 100)(x - 75) = 0$

$\therefore x = 75 \quad [\because x \neq -100]$

Type : 09
বর্গ ও বর্গমূল, ঘন ও ঘনমূল নির্ণয়

৫৩.১ এর বর্গমূল কোনটি? *[প্রাণীসম্পদ অধিদপ্তরের ল্যাবরেটরি টেকনিশিয়ান: ২৩]*

ক ০.১ খ ১
গ ০.০১ ঘ কোনোটিই নয় উ. খ

সমাধান: ১ এর বর্গমূল $= \sqrt{১} = ১$

৫৪. ০.০১ এর বর্গমূল নিচের কোনটি? *[সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যসহকারী: ২২]*

ক ০.০০১ খ ০.১
গ ০.০০০১ ঘ ০.০০০০১ উ. খ

সমাধান: এখানে, $\sqrt{০.০১} = ০.১$

$\therefore$ ০.০১ এর বর্গমূল ০.১

৫৫.২৫ এর বর্গমূল কত? *[প্রাণীসম্পদ অধিদপ্তরের ল্যাবরেটরি টেকনিশিয়ান: ২৩]*

ক ২৫ খ ± ৫
গ $\pm .৫$ ঘ ৫ উ. ঘ

সমাধান: ২৫ এর বর্গমূল $= \sqrt{২৫} = \sqrt{৫^২} = ৫$

৫৬.১০২৪ এর বর্গমূল কত? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক: ২৩]*

ক ৫২ খ ৪২
গ ৩২ ঘ ২২ উ. গ

সমাধান: ১০২৪ এর বর্গমূল $= \sqrt{১০২৪} = ৩২$

৫৭.$\sqrt{০.০০০৯}$ = কত? *[LGED এর ইলেকট্রিশিয়ান ও সার্ভেয়ার: ২৩]*

ক ০.৩ খ ০.০০৩
গ ০.০৩ ঘ ০.০০০৩ উ. গ

সমাধান: $\sqrt{০.০০০৯} = ০.০৩$

৫৮.একটি সংখ্যার বর্গমূলের সাথে ৯ যোগ করলে যোগফল ১৫ হলে সংখ্যাটি কত? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরে এমএলএস/নিরাপত্তা প্রহরী: ২৩]*

ক ৬ খ ২৫
গ ৩৬ ঘ ২২৫ উ. গ

সমাধান: মনেকরি, সংখ্যাটি $= x$

প্রশ্নমতে, $\sqrt{x} + ৯ = ১৫$

$\Rightarrow \sqrt{x} = ৬ \Rightarrow x = ৩৬$

৫৯.একটি সংখ্যার বর্গ তার বর্গমূলের চেয়ে ৭৮ বেশি হলে সংখ্যাটি *[LGED এর কার্যসহকারী]*

ক ১২ খ ৯
গ ৪ ঘ ৬ উ. খ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

সমাধান: মনেকরি, সংখ্যাটি $= x$

শর্তমতে, $x^2 - \sqrt{x} = ৭৮$

Option test,

(ক) $৬^2 - \sqrt{6} \neq ৭৮$

(খ) $৯^2 - \sqrt{৯} = ৮১ - ৩$

$= ৭৮$ (√)

৬০.কোন সংখ্যার বর্গমূলের সাথে ৪ যোগ করলে ৩ এর বর্গ হবে? *[বাংলাদেশ নির্বাচন কমিশনের কম্পিউটার অপারেটর: ২৩]*

ক ৩৬ খ ২৫

গ ১৬ ঘ ৯ উ. খ

সমাধান: মনেকরি, সংখ্যাটি $= x$

প্রশ্নমতে, $\sqrt{x} + ৪ = ৩^2$

$\Rightarrow \sqrt{x} = ৯ - ৪$

$\Rightarrow \sqrt{x} = ৫$

$\Rightarrow x = (৫)^2$

$\Rightarrow x = ২৫$

৬১.কোনটি বর্গসংখ্যা নয়? *[সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী: ২২]*

ক ১ খ ৪

গ ৫ ঘ ৯ উ. গ

সমাধান: এখানে, $১^2 = ১$

$২^2 = ৪$

$৩^2 = ৯$

∴ অপশন অনুযায়ী ৫ বর্গ সংখ্যা নয়।

৬২. $\sqrt{1} + \sqrt{1}$ এর বর্গ কত? *[রেলওয়ের সহকারী স্টেশন মাস্টার: ২২]*

ক $\sqrt{2}$ খ 2

গ 4 ঘ $\sqrt{4}$ উ. গ

সমাধান: $\sqrt{1} + \sqrt{1}$ এর বর্গ $= (\sqrt{1} + \sqrt{1})^2$

$= (1 + 1)^2 = 2^2 = 4$

৬৩.x, y, z, t চারটি ক্রমিক স্বাভাবিক সংখ্যা হলে নিচের কোনটি পূর্ণবর্গ সংখ্যা? *[বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের ওয়ারহাউজ সুপারিনটেনডেন্ট ও ক্যাশিয়ার: ২২]*

ক xyzt খ xyzt-1

গ xyzt + 1 ঘ xy + zt উ. গ

সমাধান: *4টি ক্রমিক স্বাভাবিক সংখ্যার গুণফলের সাথে 1 যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে।*

উদাহরণ: প্রথম 4টি ক্রমিক স্বাভাবিক সংখ্যার গুণফল

$= 1 \times 2 \times 3 \times 4$ *এর সাথে 1 যোগ করে পাই-*

$= 24 + 1 = 25 = 5^2$ *যা পূর্ণ বর্গ সংখ্যা।*

∴ *xyzt + 1 একটি পূর্ণবর্গ সংখ্যা।*

৬৪.নিচের কোনটি অমূলদ সংখ্যা? *[দুর্নীতি দমন কমিশন এর কোট পরিদর্শক: ২২]*

ক $\sqrt{২}$ খ $\sqrt{১৬}$

গ $\sqrt{৯}$ ঘ $\sqrt{২৫}$ উ. ক

সমাধান: এখানে, $\sqrt{২} = ১.৪১৪২.....$

$\sqrt{১৬} = ৪$

$\sqrt{৯} = ৩$

$\sqrt{২৫} = ৫$ ∴ $\sqrt{২}$ অমূলদ সংখ্যা।

৬৫.কোন ক্ষুদ্রতম সংখ্যা দ্বারা ৭২০ কে ভাগ করলে ভাগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে? *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*

ক ২ খ ৩

গ ৪ ঘ ৫ উ. ঘ

সমাধান: এখানে,

২ | ৭২০

২ | ৩৬০

২ | ১৮০

২ | ৯০

৩ | ৪৫

৩ | ১৫

৫

∴ $৭২০ = (২ \times ২) \times (২ \times ২) \times (৩ \times ৩) \times ৫$

৫ জোড় বিহীন হওয়ায় ৫ দ্বারা ৭২০ কে ভাগ করলে ভাগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে।

৬৬.১৫২১ এর বর্গমূল কত? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক:২১]*

ক ২৯ খ ৩৯

গ ৪৯ ঘ ৫৯ উ. খ

সমাধান:

১৫২১	৩৯
৯	
৬৯ | ৬২১	
৬২১	
০	

∴ ১৫২১ এর বর্গমূল = ৩৯

৬৭.৯৭২ কে কোন ক্ষুদ্রতম সংখ্যা দ্বারা ভাগ করলে ভাগফল পূর্ণবর্গ সংখ্যা হবে? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]*

ক ৩ খ ৪

গ ৬ ঘ ৭ উ. ক

সমাধান: $৯৭২ \div ৩ = ৩২৪$

এখন $\sqrt{৩২৪} = ১৮$ ∴ নির্ণেয় সংখ্যা = ৩

৬৮.০.১ এর বর্গমূল কত? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অফিস সহায়ক:২১]*

ক ০.১ খ ০.০১

গ ১.০ ঘ কোনটিই নয় উ. ঘ

সমাধান: ০.১ এর বর্গমূল নির্ণয়:

০.১০০০০০	০.৩১৬....
৯	
৬১ | ১০০	
৬১	
৬২৬ | ৩৯০০	
৩৭৫৬	
১৪৪	

∴ ০.১ এর বর্গমূল = ০.৩১৬ (প্রায়)।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ল.সা.গু ও গ.সা.গু নির্ণয়

◆ **গ.সা.গু:**

দুই বা ততোধিক সংখ্যার সাধারণ গুণনীয়কগুলোর মধ্যে সবচেয়ে বড় গুণনীয়ককে ঐ সংখ্যাগুলোর গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক বা গ.সা.গু বলে। যেমন: ১২ এবং ৩০ এর গ.সা.গু ৬।

২|১২
২|৬
৩

১২ = ১ × ১২
= ২ × ৬
= ৩ × ৪

২|৩০
৩|১৫
৫

৩০ = ১ × ৩০
= ২ × ১৫
= ৩ × ১০
= ৫ × ৬

১২ এর গুণনীয়কগুলো হলো ১, ২, ৩, ৪, (৬), ১২
৩০ এর গুণনীয়কগুলো হলো ১,২,৩,৫,(৬),১০,১৫,৩০
এখানে, সাধারণ গুণনীয়ক ১, ২, ৩, ৬ কিন্তু এদের মধ্যে গরিষ্ঠ = ৬
∴ ১২ এবং ৩০ এর গ. সা.গু ৬

নিয়ম: ১ (উৎপাদক পদ্ধতি)	নিয়ম: ২ (ইউক্লিড পদ্ধতি)
১২ = [১] × [২] × [৩] × ৪ ৩০ = [১] × [২] × [৩] × ৫ ∴ গ.সা.গু = ১×২×৩ = ৬ ***Note:*** শুধু Common সংখ্যাগুলো নিতে হবে।	১২) ৩০(২ ২৪ ৬)১২(২ ১২ ০ ∴ গ.সা.গু = ৬ ***Note:*** সর্বশেষ ভাজকই নির্ণেয় গ.সা.গু হবে।

◆ **ল.সা.গু:**

দুই বা ততোধিক সংখ্যার সাধারণ গুণিতকগুলোর মধ্যে সবচেয়ে ছোট বা লঘিষ্ঠ গুণিতকটিকে সংখ্যাগুলোর লঘিষ্ঠ সাধারণ গুণিতক বা সংক্ষেপে ল.সা.গু (LCM) বলে।
উদাহরণ: ৬, ১২, ১৮ এর ল.সা.গু = ৩৬।
৬ = ৬, ১২, ১৮, ২৪, ৩০, (৩৬) ৪২, ৪৮, ৫৪, ৬০, ৬৬, (৭২).....
১২ = ১২, ২৪, (৩৬) ৪৮, ৬০, (৭২).....
১৮ = ১৮, (৩৬), ৫৪, (৭২).....
এখানে, সাধারণ গুণিতক = ৩৬, ৭২.....
কিন্তু এদের মধ্যে লঘিষ্ঠ = ৩৬
∴ ল.সা.গু = ৩৬

নিয়ম: ১ (উৎপাদক পদ্ধতি)	নিয়ম: ২ (বিশ্লেষণ পদ্ধতি)
৬ = [২] × [৩] ১২ = [২] × [২] × [৩] ১৮ = [২] × [৩] × [৩] ∴ ল.সা.গু = ২×৩×২×৩ = ৩৬ ***Note:*** Common গুলো নিয়ে Uncommon গুলোও নিতে হবে।	২|৬, ১২, ১৮ ৩|৩, ৬, ৯ ১, ২, ৩ ল.সা.গু = ২×৩×২×৩ = ৩৬

Type: 01 → দুটি সংখ্যার গুণফল = ল.সা.গু × গ.সা.গু
বা, একটি সংখ্যা × অপর সংখ্যা = ল.সা.গু × গ.সা.গু

Type: 02 → দুটি সংখ্যার অনুপাত এবং গ.সা.গু দেওয়া থাকলে,
ল.সা.গু = অনুপাতদ্বয়ের গুণফল × গ.সা.গু
(অর্থাৎ তিনটি সংখ্যায় গুণ করে দিতে হবে)

Type: 03 → দুটি সংখ্যার অনুপাত ও ল.সা.গু দেওয়া থাকলে এবং গ.সা.গু চাওয়া হলে

$$\text{গ.সা.গু} = \frac{\text{ল.সা.গু}}{\text{অনুপাতদুটির গুণফল}}$$

Type: 04 → দুটি সংখ্যার অনুপাত ও ল.সা.গু দেওয়া থাকলে এবং সংখ্যা দুটি কী কী চাওয়া হলে।

$$\text{১ম সংখ্যা} = \frac{\text{ল.সা.গু}}{\text{অনুপাতের ২য় সংখ্যা}}$$

$$\text{২য় সংখ্যা} = \frac{\text{ল.সা.গু}}{\text{অনুপাতের ১ম সংখ্যা}}$$

Type: 05 → ভগ্নাংশের ল.সা.গু + অন্যান্য

$$\text{ভগ্নাংশের ল.সা.গু} = \frac{\text{লব গুলোর ল.সা.গু}}{\text{হর গুলোর গ.সা.গু}}$$

Type: 06 → **ভাজক সংখ্যা নির্ণয়:**
সূত্র: n+1 এখানে n = একই উৎপাদক সংখ্যা যতটি হবে তার power হিসেবে ব্যবহৃত হবে।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১. দুইটি সংখ্যার ল. সা. গু ১০ এবং ল. সা. গু ৩০। একটি সংখ্যা ২০ হলে অপরটি কত? *[বন অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*

ক ১০ খ ১৫
গ ৩০ ঘ ৮৫ উ. খ

সমাধান: অপর সংখ্যা $= \frac{\text{ল.সা.গু} \times \text{গ.সা.গু}}{\text{একটি সংখ্যা}}$

$= \frac{১০ \times ৩০}{২০} = ১৫$

২. দুইটি সংখ্যার গ. সা. গু ১১ এবং ল. সা. গু ৭৭০০। একটি সংখ্যা ২৭৫ হলে, অপর সংখ্যাটি কত? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের অফিস সহকারী: ২৩]*

ক ৩১৮ খ ২৮৩
গ ২৭৯ ঘ ৩০৮ উ. ঘ

সমাধান: মনেকরি, অপর সংখ্যাটি $= x$
আমরা জানি,
দুটি সংখ্যার গুণফল = ল.সা.গু × গ.সা.গু
বা, একটি সংখ্যা × অপর সংখ্যা = ৭৭০০ × ১১
বা, $২৭৫ \times x = ৭৭০০ \times ১১$
বা, $x = \frac{৭৭০০ \times ১১}{২৭৫} = ৩০৮$

৩. দুইটি সংখ্যার গুণফল ১৫৩৬। সংখ্যা দুইটির ল.সা.গু ৯৬ হলে গ.সা.গু কত? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটর:২১]*

ক ১৬ খ ২৪
গ ৩২ ঘ ১২ উ. ক

সমাধান: ল.সা.গু × গ.সা.গু = সংখ্যাদ্বয়ের গুণফল
বা, গ.সা.গু $= \frac{\text{সংখ্যাদ্বয়ের গুণফল}}{\text{ল.সা.গু}} = \frac{১৫৩৬}{৯৬} = ১৬$

৪. দুইটি সংখ্যার গুণফল ৩০৭২ এবং ল. সা. গু ৯৬ হলে,গ. সা. গু কত? *[পল্লী উন্নয়ন বোর্ডের হিসাবরক্ষক: ২২]*

ক ২৪ খ ৬৪
গ ৩২ ঘ ১৬ উ. গ

সমাধান: গ.সা.গু $= \frac{\text{সংখ্যাদ্বয়ের গুণফল}}{\text{ল.সা.গু}} = \frac{৩০৭২}{৯৬} = ৩২$

৫. দুটি সংখ্যার গুণফল ৩৩৮০ এবং গ.সা.গু ১৩। সংখ্যা দুটির ল.সা.গু কত? *[দুর্নীতি দমন কমিশন এর কোর্ট পরিদর্শক: ২২]*

ক ২৬০ খ ৭৮০
গ ৬৮০ ঘ ১৯০ উ. ক

সমাধান: মনেকরি, ল.সা.গু $= x$
আমরা জানি,
দুটি সংখ্যার গুণফল = ল.সা.গু × গ.সা.গু
বা, $৩৩৮০ = x \times ১৩$
বা, $x \times ১৩ = ৩৩৮০$
বা, $x = \frac{৩৩৮০}{১৩}$
$\therefore x = ২৬০$

A/S: সংখ্যা দুটির ল.সা.গু $= \frac{\text{দুটি সংখ্যার গুণফল}}{\text{গ.সা.গু}}$
$= \frac{৩৩৮০}{১৩} = ২৬০$

৬. দুটি সংখ্যার গ.সা.গু ৭ এবং ল.সা.গু ৮৪। একটি সংখ্যা ২১ হলে অন্যটি কত? *[হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক:২১]*

ক ২৮ খ ২৬
গ ২৪ ঘ ৩৮ উ. ক

সমাধান: মনেকরি, অপর সংখ্যাটি $= x$
আমরা জানি,
সংখ্যাদ্বয়ের গুণফল = ল.সা.গু × গ.সা.গু
$\Rightarrow ২১ \times x = ৮৪ \times ৭$
$\Rightarrow x = \frac{৮৪ \times ৭}{২১}$
$\Rightarrow x = ২৮$

৭. দুটি সংখ্যার গ.সা.গু ৮ ও ল.সা.গু ২৪। একটি সংখ্যা ১২ হলে অপর সংখ্যাটি কত? *[বাংলাদেশ রেলওয়ের সহকারী লোকোমটিভ মাস্টার: ২২]*

ক ১৬ খ ১৪
গ ৮ ঘ ১০ উ. ক

সমাধান: আমরা জানি,
সংখ্যাদ্বয়ের গুণফল = ল.সা.গু × গ.সা.গু
$\Rightarrow ১২ \times$ অপর সংখ্যা $= ২৪ \times ৮$
$\Rightarrow$ অপর সংখ্যা $= \frac{২৪ \times ৮}{১২}$
$\therefore$ অপর সংখ্যা $= ১৬$

৮. দুটি সংখ্যার ল. সা. গু ৩৬ এবং গ..সা. গু ৬। একটি সংখ্যা ১২ হলে অপরটি কত? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*

ক ৯ খ ১২
গ ১৫ ঘ ১৮ উ. ঘ

সমাধান: ধরি, অপর সংখ্যা $= x$
আমরা জানি,
সংখ্যাদ্বয়ের গুণফল = ল.সা.গু × গ.সা.গু
$\Rightarrow ১২ \times x = ৩৬ \times ৬$
$\Rightarrow x = ১৮$

৯. দুইটি সংখ্যার অনুপাত ৫ : ৬ এবং তাদের গ. সা. গু ৪ হলে ছোট সংখ্যাটি কত? *[হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়ের নিরীক্ষক: ২৩]*

ক ১০ খ ১৫
গ ২৫ ঘ ২০ উ. ঘ

সমাধান: ধরি, সংখ্যাদ্বয় $৫x$ ও $৬x$
$\therefore$ গ.সা.গু $= x$
প্রশ্নমতে, $x = ৪$
$\therefore$ ছোট সংখ্যা $= ৪ \times ৫ = ২০$

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১০.দুটি সংখ্যার অনুপাত ২ : ৩ এবং তাদের গ. সা. গু ৪ হলে বৃহত্তম সংখ্যাটি কত? *[বন অধিদপ্তরের জুনিয়র ওয়াইল্ড লাইফ স্কাউট: ২২]*

ক ৪ খ ১২
গ ৮ ঘ ১৬ উ. খ

সমাধান: মনেকরি, সংখ্যাদ্বয় যথাক্রমে $2x$ ও $3x$

$\therefore$ গ.সা.গু $= x$

প্রশ্নমতে, $x = 8$

$\therefore$ সংখ্যাদ্বয় $2 \times 8 = 8$

এবং $3 \times 8 = 12$

তাহলে বৃহত্তম সংখ্যা $= 12$

১১.দুইটি সংখ্যার অনুপাত ৩ : ২ এবং এদের গ.সা.গু = ৪ হলে সংখ্যা দুটির ল.সা.গু কত? *[LGED এর কার্যসহকারী]*

ক ৪ খ ৮
গ ১৬ ঘ ২৪ উ. ঘ

সমাধান: ধরি, একটি সংখ্যা $3x$

অপর সংখ্যাটি $2x$

সংখ্যা দুটির ল.সা.গু $= 6x$

এবং সংখ্যা দুটির গ.সা.গু $= x$

শর্তমতে, $x = 4$

$\therefore$ ল.সা.গু $= 6x = 6 \times 4 = 24$

A/S: ল.সা.গু $= 3 \times 2 \times 4 = 24$

Note: অনুপাত ও গ.সা.গু দেয়া থাকলে ল.সা.গু চাইলে সবগুলোই গুণ করতে হবে।

১২.দুটি সংখ্যার অনুপাত ৫ : ৬। তাদের গ.সা.গু. ৪ হলে, ল.সা.গু কত? *[বিটিআরসি'র কন্ডাক্টর-ডিঃ ২২]*

ক ৬০ খ ৭২
গ ৯০ ঘ ১২০ উ. ঘ

সমাধান: মনেকরি,

সংখ্যাদ্বয় $= 5x$ ও $6x$

$\therefore$ গ.সা.গু $= x$

প্রশ্নমতে, $x = 8$

$\therefore$ সংখ্যাদ্বয় $= 5 \times 8$ ও 6×8

$= 20$ ও 24

তাহলে, ল.সা.গু $= 120$

১৩.দুইটি সংখ্যার অনুপাত ৭:৫ এবং তাদের ল.সা.গু ১৪০ হলে সংখ্যা দুইটির গ.সা.গু কত? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ক্যাশিয়ার/স্টোর কিপার: ২১]*

ক ৪ খ ৬
গ ৮ ঘ ৯ উ. ক

সমাধান: ধরি,

একটি সংখ্যা $= 7x$

অপর সংখ্যা $= 5x$

এখন, $7x$ ও $5x$ এর ল.সা.গু $= 35x$

$7x$ ও $5x$ এর গ.সা.গু $= x$

প্রশ্নমতে, $35x = 140$

$\Rightarrow x = \frac{140}{35}$

$\Rightarrow x = 8$

$\therefore$ গ.সা.গু $= 8$

A/S: গ. সা.গু $= \frac{\text{ল.সা.গু}}{\text{অনুপাতদ্বয়ের ল.সা.গু}} = \frac{140}{35} = 8$

১৪.দুটি সংখ্যার অনুপাত ৭ : ৫ এবং তাদের ল. সা. গু ১৪০ হলে সংখ্যা দুটি কত? *[পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের উচ্চমান সহকারী: ২২]*

ক ২৮ ও ২০ খ ৩৫ ও ২৫
গ ২১ ও ১৫ ঘ ৪৯ ও ৩৫ উ. ক

সমাধান: মনেকরি, সংখ্যাদ্বয় $7x$ ও $5x$

$\therefore$ ল.সা.গু $= 35x$

প্রশ্নমতে, $35x = 140$

$\Rightarrow x = 8$

$\therefore$ ১ম সংখ্যা $= 7 \times 8 = 28$

২য় " $= 5 \times 8 = 20$

১৫.দুইটি সংখ্যার অনুপাত ৫ : ৬ এবং তাদের লসাগু ৩৬০ হলে সংখ্যা দুইটি কি কি? *[বাংলাদেশ টেলিভিশনের ক্যাশিয়ার: ২১]*

ক ৪২, ৪৪ খ ৫০, ৮০
গ ৬০, ৭২ ঘ ৭৫, ৯০ উ. গ

১৬.কোন ক্ষুদ্রতম সংখ্যাকে ৩, ৫ ও ৬ দ্বারা ভাগ করলে ভাগশেষ ১ হবে? *[LGED এর ইলেকট্রিশিয়ান ও সার্ভেয়ার: ২৩]*

ক ৩৯ খ ৭১
গ ৪১ ঘ ৩১ উ. ঘ

সমাধান:

৩	৩, ৫, ৬
	১, ৫, ২

$\therefore$ ল. সা. গু $= 3 \times 5 \times 2 = 30$

তাহলে, নির্ণেয় সংখ্যা $= 30 + 1 = 31$

১৭.কোন সংখ্যাকে ৪, ৫, ৬ দ্বারা ভাগ করলে ভাগশেষ ৩ হয়? *[প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিস সহায়ক: ২৩]*

ক ৩৩ খ ৬৩
গ ১২৩ ঘ ২৩৪ উ. খ

সমাধান:

২	৪, ৫, ৬
	২, ৫, ৩

$\therefore$ ল.সা.গু $= 60$

$\therefore$ নির্ণেয় সংখ্যা $= 60 + 3 = 63$

১৮.কোন লঘিষ্ঠ সংখ্যার সাথে ২ যোগ করলে যোগফল ১২, ১৮ এবং ২৪ দ্বারা বিভাজ্য হবে? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের অফিস সহকারী: ২৩]*

ক ৮৯ খ ৭০
গ ১৭০ ঘ ১৪২ উ. খ

সমাধান:

২	১২, ১৮, ২৪
২	৬, ৯, ১২
৩	৩, ৯, ৬
	১, ৩, ২

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

∴ ল.সা.গু = ২ × ২ × ৩ × ৩ × ২ = ৭২
∴ নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = ৭২ - ২ = ৭০

১৯.কোন লঘিষ্ঠ সংখ্যার সাথে ৩ যোগ করলে যোগফল ১২, ১৮ ও ২৪ দ্বারা বিভাজ্য হবে? *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*

ক ৩৯ খ ৬৯
গ ৭০ ঘ ৭২ উ. খ

সমাধান: এখানে, ২|১২, ১৮, ২৪
২|৬, ৯, ১২
৩|৩, ৯, ৬
১, ৩, ২

∴ ল.সা.গু = ২ × ২ × ৩ × ৩ × ২ = ৭২
∴ নির্ণেয় সংখ্যাটি = ৭২ - ৩ = ৬৯

২০.৫টি ঘন্টা একত্রে বেজে যথাক্রমে ৫, ১০, ১৫, ২০ ও ২৫ সেকেন্ড অন্তর আবার বাজতে লাগলো। কতক্ষণ পর ঘন্টাগুলো আবার একত্রে বাজবে। *খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ২১]*

ক ১০ মিনিট খ ৫ ঘণ্টা
গ ৫ মিনিট ঘ ৬ মিনিট উ. গ

সমাধান: এখানে,
৫|৫, ১০, ১৫, ২০, ২৫
২|১, ২, ৩, ৪, ৫
১, ১, ৩, ২, ৫

∴ ল.সা.গু = ৫ × ২ × ৩ × ২ × ৫
= ৩০০ সেকেন্ড = ৫ মিনিট

২১.১৯৭ এর সাথে কত যোগ করলে সংখ্যাটি ৯, ১৫ এবং ২৫ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে? *[LGED এর ইলেকট্রিশিয়ান ও সার্ভেয়ার: ২৩]*

ক ২৭ খ ২৮
গ ২৯ ঘ ২৫ উ. খ

সমাধান: ৩|৯, ১৫, ২৫
৫|৩, ৫, ২৫
৩, ১, ৫

∴ ল. সা. গু = ৩ × ৫ × ৩ × ৫ = ২২৫
তাহলে, নির্ণেয় সংখ্যা = ২২৫ - ১৯৭ = ২৮

২২.একটি রাস্তায় লাল রঙের বাতি ৩০ মিনিট, হলুদ রঙের বাতি ৩৬ মিনিট এবং সবুজ রঙের বাতি ৪৫ মিনিট পর পর জ্বললো। প্রথমে একত্রে জ্বলার পর বাতিগুলো কত ঘন্টা পর পর পুনরায় একত্রে জ্বলবে? *[মন্ত্রিপরিষদ বিভাগের কম্পিউটার অপারেটর ও বিভিন্ন পদ: ২৩]*

ক ৩ ঘণ্টা খ ৫ ঘণ্টা
গ ৭ ঘণ্টা ঘ ২ ঘণ্টা উ. ক

সমাধান: এখানে, ৩|৩০, ৩৬, ৪৫
২|১০, ১২, ১৫
৩|৫, ৬, ১৫
৫|৫, ২, ৫
১, ২, ১

∴ ৩০, ৩৬, ৪৫ এর ল.সা.গু = ৩ × ২ × ৩ × ৫ × ২
= ১৮০ মিনিট = ৩ ঘণ্টা
[∵ ৬০ মিনিট = ১ ঘণ্টা]

২৩.ক্ষুদ্রতম কোন সংখ্যাকে ১৬, ২৪ এবং ৩৬ দ্বারা ভাগ করলে যথাক্রমে ৬, ১৪, ২৬ ভাগশেষ কত থাকবে? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর মেডিকেল টেকনোলজিস্ট ও কম্পিউটার অপারেটর: ২৩]*

ক ১৪৪ খ ১৩৪
গ ১৫৪ ঘ ১৬৪ উ. খ

সমাধান: এখানে,
১৬ - ৬ = ১০
২৪ - ১৪ = ১০
৩৬ - ২৬ = ১০
এখন, ২|১৬, ২৪, ৩৬
২|৮, ১২, ১৮
২|৪, ৬,. ৯
৩|২ ৩, ৯
২, ১, ৩

∴ ২ × ২ × ২ × ৩ × ২ × ৩ = ১৪৪
তাহলে নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = ১৪৪ - ১০ = ১৩৪

২৪.কোন সংখ্যাকে ৪, ৬, ১২, ১৮, ২৪, ৩৬, ৪৮ দ্বারা ভাগ করলে প্রতিবারই ৩ অবশিষ্ট থাকে? *[যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ২২]*

ক ১৭৫ খ ৯৯
গ ১৪৭ ঘ ১৯৯ উ. গ

সমাধান: এখানে, ২|৪, ৬, ১২, ১৮, ২৪, ৩৬, ৪৮
২|২, ৩, ৬, ৯, ১২, ১৮, ২৪
২|১, ৩, ২, ৯, ৬, ৯, ১২
৩|১, ৩, ১, ৯, ৩, ৯, ৬
৩|১, ১, ১, ৩, ১, ৩, ২
১, ১, ১, ১, ১, ১, ২

এদের ল. সা. গু = ১৪৪
∴ নির্ণেয় সংখ্যা = ১৪৪ + ৩ = ১৪৭

২৫.সর্বমোট কত সংখ্যক গাছ হলে একটি বাগানে ৭,১৪,২১,৩৫ ও ৪২ সারিতে গাছ লাগালে একটিও কম বেশি হবে না? *[স্বাস্থ্য অধিদপ্তরের কম্পাউন্ডার: ২২]*

ক ২২০ খ ২৩০
গ ২৬০ ঘ ২১০ উ. ঘ

সমাধান: সংখ্যাটি হবে ৭, ১৪, ২১, ৩৫, ৪২ এর ল.সা.গু
৭|৭, ১৪, ২১, ৩৫, ৪২
২|১, ২, ৩, ৫, ৬
৩|১, ১, ৩, ৫, ৩
১, ১, ১, ৫, ১

∴ ল.সা.গু = ৭ × ২ × ৩ × ৫ = ২১০
∴ নির্ণেয় গাছের সংখ্যা ২১০টি ।

২৬.কোন পূর্ণ সংখ্যাকে ৩, ৪ ও ৫ দ্বারা ভাগ করলে যথাক্রমে ১, ২ ও ৩ অবশিষ্ট থাকবে? *[ডাক অধিদপ্তরের হিসাব সহকারী/ কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*

ক ৪৮ খ ৬০ গ ৫৮ ঘ ৬৬ উ. গ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

সমাধান: এখানে, ৩ - ১ = ২
৪ - ২ = ২
৫ - ৩ = ২
এখন, ৩, ৪, ৫ এর ল.সা.গু = ৩ × ৪ × ৫ = ৬০
∴ নির্ণেয় সংখ্যাটি = ৬০ - ২ = ৫৮

২৭.কোন স্কুলের ছাত্রদেরকে ৫, ৮, ১২ ও ২০ জনের সারিতে দাঁড় করালে প্রতিবারই ৪ জন ছাত্র অবশিষ্ট থাকে। স্কুলের মোট ছাত্র সংখ্যা কত? *[পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী: ২১]*

ক ৯৬ জন খ ১০৪ জন
গ ১১৬ জন ঘ ১২৪ জন **উ. ঘ**

সমাধান: এখানে,
২|৫, ৮, ১২, ২০
২|৫, ৪, ৬, ১০
৫|৫, ২, ৩, ৫
১, ২, ৩, ১
∴ ল.সা.গু = ২ × ২ × ৫ × ২ × ৩ = ১২০
তাহলে নির্ণেয় সংখ্যাটি = ১২০ + ৪ = ১২৪

২৮.নিচের কোন পূর্ণ সংখ্যাকে ৩, ৪, ৫ এবং ৬ দ্বারা ভাগ করলে যথাক্রমে ১, ২, ৩ ও ৪ অবশিষ্ট থাকবে? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ক্যাশিয়ার/স্টোর কিপার: ২১]*

ক ৪৮ খ ৫০
গ ৫৮ ঘ ৬০ **উ. গ**

সমাধান: ৩ - ১ = ২
৪ - ২ = ২
৫ - ৩ = ২
৬ - ৪ = ২
প্রত্যেক ক্ষেত্রে ২ অবশিষ্ট থাকে।

এখন, ২|৩, ৪, ৫, ৬
৩|৩, ২, ৫, ৩
১, ২, ৫, ১
∴ ল.সা.গু = ২ × ৩ × ২ × ৫ = ৬০
∴ নির্ণেয় সংখ্যাটি = ৬০ - ২ = ৫৮

২৯.কতকগুলো ঘণ্টা একসাথে বাজার ১০ সেকেন্ড, ১৫ সেকেন্ড, ২০ সেকেন্ড এবং ২৫ সেকেন্ড পরপর বাজতে লাগল। উহারা আবার কতক্ষণ পরে একত্রে বাজবে? *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের স্টোরম্যান/ডেচপার রাইডার: ২১]*

ক ১ মিনিট খ ১.৫ মিনিট
গ ৫ মিনিট ঘ ২৫ মিনিট **উ. গ**

সমাধান: ২|১০, ১৫, ২০, ২৫
৫|৫, ১৫, ১০, ২৫
১, ৩, ২, ৫
∴ ল.সা.গু = ২ × ৫ × ৩ × ২ × ৫ = ৩০০
∴ তারা পুনরায় একত্রে বাজবে = ৩০০ সেকেন্ড পরে
$= \frac{৩০০}{৬০}$ মিনিট পরে
= ৫ মিনিট পরে

৩০.$\frac{২}{৩}, \frac{৪}{৯}, \frac{১}{৬}$ এর গ. সা. গু কত? *[পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২১]*

ক $\frac{১}{৬}$ খ $\frac{১}{১৮}$ গ $\frac{২}{৩}$ ঘ $\frac{২}{৯}$ **উ. খ**

সমাধান: আমরা জানি,
ভগ্নাংশের গ.সা.গু নির্ণয় = $\frac{\text{লব গুলোর গ.সা.গু}}{\text{হর গুলোর ল.সা.গু}}$
∴ $\frac{২}{৩}, \frac{৪}{৯}, \frac{১}{৬}$ এর ক্ষেত্রে,
লব গুলোর গ.সা.গু = ১ [২, ৪, ১ এর গ.সা.গু]
" " ল.সা.গু = ১৮
∴ নির্ণেয় গ.সা.গু = $\frac{১}{১৮}$

৩১.কোন লঘিষ্ঠ সংখ্যার সাথে ২ যোগ করলে যোগফল ১২, ১৮ এবং ২৪ দ্বারা বিভাজ্য হবে? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ল্যাবরেটরি সহকারী: ২১]*

ক ৮৯ খ ৭০
গ ১৭০ ঘ ১৪২ **উ. খ**

সমাধান: ২|১২, ১৮, ২৪
৩|৬, ৯, ১২
২|২, ৩, ৪
১, ৩, ২
∴ ল.সা.গু = ২ × ৩ × ২ × ৩ × ২ = ৭২
তাহলে নির্ণেয় সংখ্যা = ৭২ - ২ = ৭০

৩২.কোন ক্ষুদ্রতম সংখ্যার সাথে ১০ যোগ করলে যোগফল ১৬, ২৪, ৩২ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে? *এনএসআই এর ওয়াচার কনস্টেবল/ ফিল্ড স্টাফ: ২১]*

ক ৯৬ খ ৯১
গ ৮৬ ঘ ১০৬ **উ. গ**

সমাধান: ২|১৬, ২৪, ৩২
২|৮, ১২, ১৬
২|৪, ৬, ৮
২|২, ৩, ৪
১, ৩, ২
∴ ল.সা.গু= ২×২ × ২ × ২ × ৩× ২= ৯৬
∴ নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = ৯৬ - ১০ = ৮৬

৩৩.কোন সংখ্যাকে ৪ ও ৬ দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে ভাগশেষ ২ থাকে? *[এলজিইডি'র হিসাব সহকারী: ২১]*

ক ৮ খ ১০
গ ১২ ঘ ১৪ **উ. ঘ**

সমাধান: ৪ ও ৬ এর ল.সা.গু. = ১২
তাহলে নির্ণেয় সংখ্যাটি হবে = ১২ + ২ = ১৪

৩৪.কোন বৃহত্তম সংখ্যা দ্বারা ১০২ এবং ১৮৬ কে ভাগ করলে প্রত্যেকবার ৬ অবশিষ্ট থাকবে? *[এনএসআই এর ওয়্যারলেস অপারেটর/ হিসাবরক্ষক: ২১]*

ক ১০ খ ১২ গ ১৪ ঘ ১৬ **উ. খ**

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৩৫.কত জন বালিকাকে ১২৫টি কমলালেবু এবং ১৪৫টি আপেল সমানভাবে ভাগ করে দেয়া যায়? [রেলওয়ের সহকারী স্টেশন মাস্টার:২২]

ক ১৫ খ ২৫
গ ৫ ঘ ৩৫ উ. গ

সমাধান: ১২৫ ও ১৪৫ এর গ.সা.গু -ই হবে নির্ণেয় বালকের সংখ্যা

১২৫)১৪৫(১
১২৫
২০)১২৫(৬
১২০
৫)২০(৪
২০
০

∴ নির্ণেয় বালকের সংখ্যা ৫ জন।

৩৬.৯২২০ জন সৈন্য হতে কমপক্ষে কতজন সরিয়ে রাখলে সৈন্যদলকে বর্গাকারে সাজানো যাবে? [LGED এর কার্যসহকারী]

ক ৬ খ ৩
গ ৪ ঘ ৫ উ. গ

সমাধান:
৯২২০ | ৯৬
৮১
১৮৬ | ১১২০
১১১৬
৪

∴ কমপক্ষে ৪ জন সৈন্য সরিয়ে রাখলে সৈন্য দলকে বর্গাকারে সাজানো যাবে।

৩৭.দুটি সংখ্যার ল.সা.গু ও গ.সা.গুর গুণফল সংখ্যা দুটির- [এনএসআই এর ডেসপার রাইডার ও অফিস সহায়ক: ২১]

ক গড়ের সমান খ ভাগফলের সমান
গ গুণফলের সমান ঘ যোগফলের সমান উ.গ

সমাধান: দুটি সংখ্যার ল.সা.গু ও গ.সা.গু এর গুণফল উক্ত সংখ্যা দুটির গুণফলের সমান।

৩৮.ল.সা.গু এর পূর্ণরূপ কী? [সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী:২২]

ক লঘিষ্ঠ সাধারণ গুণনীয়ক
খ লঘিষ্ঠ সাধারণ গুণফল গ লঘিষ্ঠ সাধারণ গুণিতক
ঘ লঘিষ্ঠ সাধারণ গুণক উ. গ

৩৯.গ.সা.গু এর পূর্ণরূপ কোনটি? [মৎস্য অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক: ২১]

ক গরিষ্ঠ সাধারণ গুণিতক
খ গরিষ্ঠ স্বাভাবিক গুণনীয়ক
গ গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক
ঘ গরিষ্ঠ স্বাভাবিক গুণিতক উ.গ

৪০.৩, ৪ ও ৫ এর ল.সা.গু কোনটি? [মৎস্য অধিদপ্তরের অফিস সহায়ক:২১]

ক ১২ খ ২০
গ ১৫ ঘ ৬০ উ. ঘ

সমাধান: ৩, ৪, ৫ এর ল.সা.গু = ৩ × ৪ × ৫ = ৬০

৪১.৩, ৪ ও ৫ এর গ.সা.গু কোনটি? [মৎস্য অধিদপ্তরের অফিস সহায়ক:২১]

ক ১ খ ৩
গ ৪ ঘ ৫ উ. ক

সমাধান: ৩, ৪, ৫ এর গ.সা.গু = ১

৪২.০, ২, ৩ এর গ.সা.গু কত? [বাংলাদেশ টেলিভিশনের অফিস সহযোগী:২১]

ক ৬ খ ৫
গ ১ ঘ ৪ উ. গ

সমাধান: ০ = ০ × ১
২ = ২ × ১
৩ = ৩ × ১
এখানে প্রত্যেকটি রাশির সাধারণ উৎপাদক ১
∴ এদের গ.সা.গু = ১

৪৩.৮, ১২ ও ১৮ এর গ. সা. গু কত? [বাংলাদেশ নির্বাচন কমিশনের অফিস সহায়ক: ২৩]

ক ২ খ ৩
গ ৬ ঘ ৪ উ. ক

সমাধান: ৮ = (২) × ২ × ২
১২ = (২) × ২ × ৩
১৮ = (২) × ৩ × ৩
∴ গ.সা.গু = ২

৪৪.১৫ ও ২৫ এর গ.সা.গু কত? [এনএসআই এর ডেসপার রাইডার ও অফিস সহায়ক: ২১]

ক ৫ খ ৩০
গ ১৫ ঘ ২০ উ. ক

৪৫.2a ও 6b এর সংখ্যা সহগগুলোর গ.সা.গু. কত? [সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যসহকারী: ২২]

ক 1 খ 2
গ ab ঘ 6ab উ. খ

সমাধান: এখানে,
2a এর সংখ্যা সহগ = 2
6b " " " = 6
∴ 2 ও 6 এর গ.সা.গু = 2

৪৬.২, ৪, ৮ এর ল. সা.গু কত? [এনএসআই এর অফিস সহায়ক: ২১]

ক ২ খ ৪
গ ৮ ঘ ১৬ উ. গ

৪৭.3a ও 5b রাশি দুটির সংখ্যা সহগের গ. সা. গু কত? [মেডিকেল টেকনিশিয়ানের টেকনিশিয়ান: ২৩]

ক ab খ 1
গ 15 ঘ a^2b^2 উ. খ

সমাধান: এখানে, সংখ্যা সহগদ্বয় 3 ও 5। যেহেতু 3 ও 5 এর মধ্যে কোন সাধারণ উৎপাদক নেই। সেহেতু এদের গ.সা.গু = 1

৪৮.$x^3 - 2x^2$, $x^2 - 4$ এবং $xy - 2y$ এর গ.সা.গু নির্ণয় কর? [পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর পরিবার কল্যাণ পরিদর্শিকা: ২৩]

ক x - 2 খ x - 3
গ x - 4 ঘ x - 5 উ. ক

সমাধান: ১ম রাশি = $x^3 - 2x^2 = x^2(x-2)$
২য় রাশি = $x^2 - 4$
$= (x)^2 - (2)^2 = (x + 2)(x - 2)$

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৩য় রাশি $= xy - 2y = y(x - 2)$

$\therefore$ গ.সা.গু $= (x - 2)$

৪৯.x^2-1, x^4-1 ও x^4-x^3+x-1 এর গ. সা. গু কত? *[বাংলাদেশ ব্যাংক বোর্ডের বিভিন্ন পদ: ২২]*

ক x^2+1 খ x^3-1
গ x^2-1 ঘ x^3-1 উ. গ

সমাধান: ১ম রাশি $= x^2 - 1 = (x + 1)(x - 1)$

২য় রাশি $= x^4 - 1$
$= (x^2)^2 - (1)^2$
$= (x^2 - 1)(x^2 + 1)$
$= (x + 1)(x - 1)(x^2 + 1)$

৩য় রাশি $= x^4 - x^3 + x - 1$
$= x^3(x-1) + 1(x - 1)$
$= (x - 1)(x^3 + 1)$
$= (x-1)(x+1)(x^2-x+1)$

$\therefore$ গ.সা.গু $= (x+1)(x-1) = (x^2-1)$

৫০.$4(x + y)$, $10(x - y)$ এবং $12(x^2 - y^2)$ এর গ.সা.গু কত? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*

ক $x - y$ খ $x + y$
গ 2 ঘ $12(x^2 - y^2)$ উ. গ

৫১.$6a^2b^2c$ এবং $9a^4bd^2$ এর ল.সা.গু কত? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]*

ক 3ab খ 36ab
গ $18a^4b^2cd^2$ ঘ $36a^4b^2d^2$ উ. গ

সমাধান: $6a^2b^2c = 2 \times 3 \times a \times a \times b \times b \times c$
$9a^4bd^2 = 3 \times 3 \times a \times a \times a \times a \times b \times d \times d$
$\therefore$ ল.সা.গু $= 2 \times 3 \times 3 \times a \times a \times a \times a \times b \times b \times c \times d \times d = 18a^4b^2cd^2$

৫২.$X + Y$, $X - Y$, $X^2 - Y^2$ এর গ.সা.গু কত? *খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ২১]*

ক 1 খ $X^2 - Y^2$
গ $X - Y$ ঘ 0 উ. ক

সমাধান: ১ম রাশি $= x + y$
২য় রাশি $= x - y$
৩য় রাশি $= x^2 - y^2 = (x + y)(x - y)$
$\therefore$ গ.সা.গু $= 1$

৫৩.$x^2 + 3x + 2$, $x^2 - 1$ এবং $x^2 + x - 2$ এর ল. সা. গু কত? *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের স্টোরম্যান/ডেচপার রাইডার: ২১]*

ক $(x^2 + 1)(x - 2)$ খ $(x^2 + 1)(x + 2)$
গ $(x^2 - 1)(x + 2)$ ঘ $(x^2 - 1)(x - 2)$ উ. গ

৫৪.$\frac{x}{x-y}$, $\frac{y}{x+y}$ এবং $\frac{z}{x(x+y)}$ এর সাধারণ হর কত? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*

ক $x^2 - y^2$ খ $x(x^2 - y^2)$
গ $x^3 - y^3$ ঘ $xyz(x - y)$ উ. খ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

১. দুইটি সংখ্যার গুণফল ৩৭৫ এবং ল. সা. গু ৭৫ হলে সংখ্যা দুইটির গ. সা. গু নির্ণয় করুন। *[নৌ-পরিবহন কর্তৃপক্ষের বিভিন্ন পদ:২৩]*

সমাধান: আমরা জানি,
ল.সা.গু $\times$ গ.সা.গু = সংখ্যাদ্বয়ের গুণফল
$\Rightarrow$ ৭৫ $\times$ গ.সা.গু $= ৩৭৫$
$\Rightarrow$ গ.সা.গু $= \frac{৩৭৫}{৭৫}$
$\Rightarrow$ গ.সা.গু $= ৫$

২. কতগুলো ঘণ্টা এক সাথে বাজার পর ১০, ১৫ ও ২০ সেকেন্ড পর পর বাজতে থাকলো। এগুলো আবার কতক্ষণ পর একত্রে বাজবে? *[প্রত্নতত্ত্ব অধিদপ্তরের ক্যাশ সরকার: ২৩]*

সমাধান:
২ | ১০, ১৫, ২০
৫ | ৫, ১৫, ১০
১, ৩, ৫

$\therefore$ ল. সা. গু $= ২ \times ৫ \times ৩ \times ২ = ৬০$

$\therefore$ ঘণ্টাগুলো পুনরায় একসাথে বাজবে = ৬০ সেকেন্ড পর
= ১ মিনিট *[১ মিনিট = ৬০ সেকেন্ড]*

৩. কতজন বালককে ১২৫টি কলা এবং ১৪৫টি আপেল সমানভাবে ভাগ করে দেয়া যায়? *[বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের অফিস সহায়ক: ২৩]*

সমাধান: নির্ণেয় বালকসংখ্যা হবে ১২৫ ও ১৪৫ এর গ. সা. গু

১২৫)১৪৫(১
১২৫
২০)১২৫(৬
১২০
৫)২০(৪
২০
০

$\therefore$ নির্ণেয় বালকের সংখ্যা ৫ জন।

৪. দুইটি সংখ্যার গ. সা. গু ১১ এবং ল. সা. গু ৭৭০০। একটি সংখ্যা ২৭৫ হলে অপর সংখ্যাটি কত? *[জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুরের হিসাব সহকারী: ২৩]*

সমাধান: ধরি, অপর সংখ্যা $= x$
আমরা জানি, ল. সা. গু $\times$ গ. সা. গু = সংখ্যা দুটির গুণফল
$\Rightarrow 7700 \times 11 = 275 \times x$
$\Rightarrow x = \frac{7700 \times 11}{275} = 308$

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ভগ্নাংশ

♦ দুইটি ভগ্নাংশের কোনটি ক্ষুদ্রতম/ বৃহত্তম তা নির্ণয়:

$\frac{৫}{২১}$, $\frac{৩}{৭}$ এবং $\frac{৬}{২৩}$ ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বড়।

• **নিয়ম- ১:**

যদি দুটি ভগ্নাংশের ১ম টির লব ও ২য় টির হরের গুণফল, ১ম টির হর ও ২য় টির লবের গুণফল থেকে বড় হয়, তবে ১ম ভগ্নাংশটি ২য় ভগ্নাংশ থেকে বড়।

$\frac{৫}{২১}$ ও $\frac{৩}{৭}$ ভগ্নাংশ দুটির মধ্যে কোনটি বৃহত্তম?

$\frac{৩}{৭} \not> \frac{৫}{২১} \Rightarrow ৩ \times ২১ > ৭ \times ৫$

$\Rightarrow ৬৩ > ৩৫$

সুতরাং, $\frac{৩}{৭} > \frac{৫}{২১}$

• **নিয়ম- ২:**

ভগ্নাংশগুলোকে দশমিকে রূপান্তর:

$\frac{৫}{২১} = ০.২৩৮$

$\frac{৩}{৭} = ০.৪৩$

$\frac{৬}{২৩} = ০.২৬$

সুতরাং, $\frac{৩}{৭} > \frac{৬}{২৩} > \frac{৫}{২১}$

• **নিয়ম- ৩:**

'কত' এর স্থানে 'ক' বা 'x' বসিয়ে অজানা রাশি নির্ণয় করা হয়।

Type : 01
বড় ও ছোট ভগ্নাংশ নির্ণয়

১. নীচের কোন ভগ্নাংশটি থেকে $\frac{2}{3}$ ছোট? *খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ২১]*

ক $\frac{3}{5}$ খ $\frac{7}{8}$ গ $\frac{5}{6}$ ঘ $\frac{3}{4}$ উ. ক

সমাধান: এখানে, $\frac{2}{3} \not> \frac{3}{5} \Rightarrow 10 > 9$

$\therefore \frac{3}{5}$ ভগ্নাংশটি $\frac{2}{3}$ ভগ্নাংশ অপেক্ষা ছোট।

২. নিচের কোন ভগ্নাংশটি $\frac{২}{৩}$ থেকে ছোট? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর পরিবার কল্যাণ পরিদর্শিকা: ২৩]*

ক $\frac{৭}{৮}$ খ $\frac{৫}{৬}$ গ $\frac{৩}{৪}$ ঘ $\frac{৩}{৫}$ উ. ঘ

সমাধান: এখানে,

$\frac{২}{৩} \not> \frac{৩}{৫} \Rightarrow ১০ > ৯$

$\therefore \frac{৩}{৫}$ ভগ্নাংশটি $\frac{২}{৩}$ অপেক্ষা ছোট।

৩. কোনটি বড়? *[সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী: ২২]*

ক ০.০৫ খ ০.৫

গ ০.২৫ ঘ ০.৫৫ উ. ঘ

সমাধান: অপশন গুলোর মধ্যে ০.৫৫ বড়।

৪. ০.২৫ × ০.৪ = কত? *[এলজিইডি'র হিসাব সহকারী: ২১]*

ক ১.০ খ ০.১ গ .০১ ঘ .০০১ উ. খ

সমাধান: $.২৫ \times .৪ = .১০০ = .১$

৫. কোন ভগ্নাংশটি ক্ষুদ্রতম? *[LGED এর অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

ক $\frac{৫}{৬}$ খ $\frac{১২}{১৫}$ গ $\frac{১১}{১৪}$ ঘ $\frac{১৭}{২১}$ উ. গ

সমাধান: এখানে,

$\frac{৫}{৬} \not> \frac{১২}{১৫} \Rightarrow ৭৫ > ৭২$ $\therefore \frac{১২}{১৫}$ ছোট

$\frac{১২}{১৫} \not> \frac{১১}{১৪} \Rightarrow ১৬৮ > ১৬৫$ $\therefore \frac{১১}{১৪}$ ছোট

$\frac{১১}{১৪} \not> \frac{১৭}{২১} \Rightarrow ২৩১ < ২৩৮$ $\therefore \frac{১১}{১৪}$ ছোট

$\therefore$ অপশন গুলোর মধ্যে $\frac{১১}{১৪}$ ক্ষুদ্রতম।

৬. নিচের সংখ্যাগুলোর মধ্যে কোনটি ক্ষুদ্রতম? *[প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিস সহায়ক: ২৩]*

ক $\frac{৩}{৫}$ খ $\frac{৭}{১০}$ গ $\frac{৭}{১২}$ ঘ $\frac{৮}{১৫}$ উ. ঘ

সমাধান: এখানে,

$\frac{৩}{৫} \not> \frac{৭}{১০} \Rightarrow ৩০ < ৩৫$ $\therefore \frac{৩}{৫}$ ছোট

$\frac{৩}{৫} \not> \frac{৭}{১২} \Rightarrow ৩৬ > ৩৫$ $\therefore \frac{৭}{১২}$ ছোট

$\frac{৭}{১২} \not> \frac{৮}{১৫} \Rightarrow ১০৫ > ৯৬$ $\therefore \frac{৮}{১৫}$ ছোট

$\therefore \frac{৮}{১৫}$ ক্ষুদ্রতম

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৭. অপ্রকৃত ভগ্নাংশ কোনটি? [ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক: ২৩]

ক) $\frac{৩}{৪}$ খ) $\frac{৯}{১৩}$ গ) $\frac{৭}{৪}$ ঘ) সবগুলো উ. গ

সমাধান: যে ভগ্নাংশের লব > হর, সে ভগ্নাংশটি অপ্রকৃত।

∴ অপশন অনুযায়ী $\frac{৭}{৪}$ অপ্রকৃত ভগ্নাংশ।

৮. কোনটি ক্ষুদ্রতম সংখ্যা? [ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক: ২৩]

ক) $\frac{৪}{২৭}$ খ) $\frac{৭}{৩৬}$ গ) $\frac{১১}{১৫}$ ঘ) $\frac{২}{৯}$ উ. ক

সমাধান: এখানে,

$\frac{৪}{২৭} \not> \frac{৭}{৩৬} \Rightarrow ১৪৪ < ১৮৯$ ∴ $\frac{৪}{২৭}$ ছোট

$\frac{৪}{২৭} \not> \frac{১১}{১৫} \Rightarrow ৬০ < ২৭৯$ ∴ $\frac{৪}{২৭}$ ছোট

$\frac{৪}{২৭} \not> \frac{২}{৯} \Rightarrow ৩৬ < ৫৪$ ∴ $\frac{৪}{২৭}$ ছোট

∴ অপশন অনুযায়ী $\frac{৪}{২৭}$ ক্ষুদ্রতম।

৯. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি ক্ষুদ্রতম? [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]

ক) $\frac{৩}{৪}$ খ) $\frac{৫}{৬}$ গ) $\frac{৭}{৯}$ ঘ) $\frac{১১}{১৮}$ উ. ঘ

১০. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি ক্ষুদ্রতম? [কারা অধিদপ্তরের কারারক্ষী ও মহিলা কারারক্ষী: ২৩]

ক) $\frac{৫}{৬}$ খ) $\frac{১১}{১২}$ গ) $\frac{৭৫}{১০০}$ ঘ) $\frac{৯}{১০}$ উ. গ

১১. নিচের কোনটি বড়? [বাংলাদেশ রেলওয়ের খালাসী: ২২]

ক) ১৫/১৫ খ) ১/১৫

গ) ১.২৫ ঘ) ০.১৫ উ. গ

সমাধান: এখানে,

ক) $\frac{১৫}{১৫}$ খ) $\frac{১}{১৫}$

গ) $১.২৫ = \frac{১২৫}{১০০}$ ঘ) $০.১৫ = \frac{১৫}{১০০}$

∴ অপশন অনুযায়ী (গ) বড়।

১২. $\frac{২}{৩}, \frac{৪}{৫}, \frac{৬}{৭}, \frac{৭}{৯}$ ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বড়? [সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যসহকারী: ২২]

ক) $\frac{২}{৩}$ খ) $\frac{৪}{৫}$ গ) $\frac{৬}{৭}$ ঘ) $\frac{৭}{৯}$ উ. গ

সমাধান: এখানে,

$\frac{২}{৩} \not> \frac{৪}{৫} \Rightarrow ১০ < ১২$ ∴ $\frac{৪}{৫}$ বড়

$\frac{৪}{৫} \not> \frac{৬}{৭} \Rightarrow ২৮ < ৩০$ ∴ $\frac{৬}{৭}$ বড়

$\frac{৬}{৭} \not> \frac{৭}{৯} \Rightarrow ৫৪ > ৪৯$ ∴ $\frac{৬}{৭}$ বড়

সুতরাং অপশন গুলোর মধ্যে $\frac{৬}{৭}$ ভগ্নাংশটি বড়।

১৩. কোনটি বৃহত্তম? [বাংলাদেশ রেলওয়ের পয়েন্টস্‌ম্যান: ২২]

ক) ০.৩ খ) $\frac{১}{৩}$ গ) $\frac{২}{৩}$ ঘ) $\frac{২}{৫}$ উ. গ

১৪. নিচের কোন ভগ্নাংশটি ক্ষুদ্রতর? [স্বাস্থ্য অধিদপ্তরের কম্পিউটার: ২২]

ক) ৬/১১ খ) ৩/৫

গ) ৫/৮ ঘ) ৪/৭ উ. ক

সমাধান:

$\frac{৬}{১১} \not> \frac{৩}{৫} \Rightarrow ৩০ < ৩৩$

$\frac{৬}{১১} \not> \frac{৫}{৮} \Rightarrow ৪৮ < ৫৫$

$\frac{৬}{১১} \not> \frac{৪}{৭} \Rightarrow ৪২ < ৪৪$

∴ ক্ষুদ্রতর ভগ্নাংশটি = $\frac{৬}{১১}$

১৫. কোন ভগ্নাংশটি ক্ষুদ্রতম? [ডাক অধিদপ্তরের হিসাব সহকারী/কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]

ক) $\frac{5}{6}$ খ) $\frac{11}{14}$ গ) $\frac{17}{21}$ ঘ) $\frac{11}{15}$ উ. ঘ

১৬. নিচের ভগ্নাংশগুলোর কোনটি বৃহত্তম? [বন অধিদপ্তরের জুনিয়র ওয়াইল্ড লাইফ স্কাউট: ২২]

ক) $\frac{১}{৪}$ খ) $\frac{১}{১২}$ গ) $\frac{১}{১৬}$ ঘ) $\frac{১}{২০}$ উ. ক

সমাধান: এখানে,

$\frac{১}{৪} \not> \frac{১}{১২} \Rightarrow ১২ > ৪$ ∴ $\frac{১}{৪}$ বৃহত্তম

$\frac{১}{৪} \not> \frac{১}{১৬} \Rightarrow ১৬ > ৪$ ∴ $\frac{১}{৪}$ বৃহত্তম

$\frac{১}{৪} \not> \frac{১}{২০} \Rightarrow ২০ > ৪$ ∴ $\frac{১}{৪}$ বৃহত্তম

সুতরাং ভগ্নাংশ গুলোর মধ্যে $\frac{১}{৪}$ বৃহত্তম।

১৭. নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম? [মৎস্য অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]

ক) $\frac{১}{৪}$ খ) $\frac{১}{১২}$ গ) $\frac{১}{১৬}$ ঘ) $\frac{১}{২০}$ উ. ক

সমাধান: এখানে,

$\frac{১}{৪} \not> \frac{১}{১২} \Rightarrow ১২ > ৪$ ∴ $\frac{১}{৪}$ বড়

$\frac{১}{৪} \not> \frac{১}{১৬} \Rightarrow ১৬ > ৪$ ∴ $\frac{১}{৪}$ বড়

$\frac{১}{৪} \not> \frac{১}{২০} \Rightarrow ২০ > ৪$ ∴ $\frac{১}{৪}$ বড়

∴ $\frac{১}{৪}$ ভগ্নাংশটি বৃহত্তম।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১৮.কোন ভগ্নাংশটি ক্ষুদ্রতম? *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*

ক) $\frac{১১}{১৩}$ খ) $\frac{৫}{২}$ গ) $\frac{১৪}{১৩}$ ঘ) $\frac{১৭}{৫১}$ উ. ঘ

সমাধান: এখানে,

$\frac{১১}{১৩} \times \frac{৫}{২} \Rightarrow ২২ < ৬৫$

$\frac{১১}{১৩} \times \frac{১৪}{১৩} \Rightarrow ১৪৬ < ১৮২$

$\frac{১১}{১৩} \times \frac{১৭}{৫১} \Rightarrow \frac{১১}{১১} \times \frac{১}{৩} \Rightarrow ৩৩ > ১১$

$\therefore$ ক্ষুদ্রতম ভগ্নাংশটি $= \frac{১৭}{৫১}$

১৯.নিচের কোনটি বৃহত্তম? *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের স্টোরম্যান/ডেচপার রাইডার: ২১]*

ক) $\frac{১}{২}$ খ) $\frac{৪}{৫}$ গ) $\frac{৫}{৭}$ ঘ) $\frac{৪}{৯}$ উ. খ

২০.নিচের কোন ভগ্নাংশটি ছোট? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অফিস সহায়ক: ২১]*

ক) $\frac{৪}{১৩}$ খ) $\frac{৫}{১৭}$ গ) $\frac{৭}{১৮}$ ঘ) $\frac{৩}{১১}$ উ. ঘ

সমাধান: এখানে,

$\frac{৪}{১৩} \times \frac{৫}{১৭} \Rightarrow ৬৮ > ৬৫$ $\therefore \frac{৫}{১৭}$ ছোট

$\frac{৫}{১৭} \times \frac{৭}{১৮} \Rightarrow ৯০ < ১১৯$ $\therefore \frac{৫}{১৭}$ ছোট

$\frac{৫}{১৭} \times \frac{৩}{১১} \Rightarrow ৫৫ > ৫১$ $\therefore \frac{৩}{১১}$ ছোট

সুতরাং $\frac{৩}{১১}$ ভগ্নাংশটি ছোট।

২১.নিচের কোনটি ক্ষুদ্রতম সংখ্যা? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*

তাহলে শতকরা ছাত্র $= \frac{৮০}{১২৮} \times ১০০\% = ৬২.৫\%$

১৫.কোন দ্রব্যের মূল্য ৭% বেড়ে গেলে ঐ দ্রব্যের ব্যবহার কী পরিমাণ কমালে কোনো পরিবারের ঐ দ্রব্যের জন্য ব্যয় বৃদ্ধি পাবে না? *[যোগাযোগ অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*

সমাধান: ৭% বৃদ্ধিতে বর্তমান মূল্য = ১০০ + ৭ টাকা

= ১০৭ টাকা

বর্তমান মূল্য ১০৭ টাকা হলে পূর্বমূল্য ১০০ টাকা

" " ১ " " " $\frac{১০০}{১০৭}$ "

$\therefore$ " " ১০০ " " " $\frac{১০০ \times ১০০}{১০৭}$ "

$= ৯৩.৪৫$ টাকা

তাহলে দ্রব্যটির ব্যবহার কমাতে হবে = (১০০ - ৯৩.৪৫)%

= ৬.৫৫%

১৬.কোন একটি জিনিসের প্রকৃত মূল্য ৪৫০ টাকা। উক্ত জিনিসের উপর ৭% ভ্যাট আরোপ করলে জিনিসটি কত দামে কিনতে হবে? *[প্রত্নতত্ত্ব অধিদপ্তরের ক্যাশ সরকার: ২৩]*

সমাধান: দেওয়া আছে,

জিনিসের প্রকৃত মূল্য = ৪৫০ টাকা

জিনিসের উপর ৭% ভ্যাটের পর মূল্য= ৪৫০+৪৫০ এর ৭%

$= ৪৫০+৪৫০ \times \frac{৭}{১০০}$

$= ৪৫০ + \frac{৬৩}{২}$

= ৪৫০+৩১.৫ = ৪৮১.৫ টাকা

১৭.সরকার ২০% টাকা ভর্তুকি দেয়ার পর একটি পণ্যের মূল্য দাঁড়ালো ২৪ টাকা। সরকার পণ্য প্রতি কত টাকা ভর্তুকি দিল? *[ইনভেস্টমেন্ট কর্পোরেশনের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

সমাধান: মনেকরি, পণ্যের প্রকৃত মূল্য = x টাকা

প্রশ্নমতে, x - x এর ২০% = ২৪

$\Rightarrow x - x \times \frac{২০}{১০০} = ২৪$

$\Rightarrow x - \frac{x}{৫} = ২৪$

$\Rightarrow \frac{৫x - x}{৫} = ২৪$

$\Rightarrow \frac{৪x}{৫} = ২৪$

$\Rightarrow x = \frac{২৪ \times ৫}{৪}$

$\Rightarrow x = ৩০$

$\therefore$ সরকার পণ্য প্রতি ভর্তুকি দেয় = ৩০ - ২৪ = ৬ টাকা

১৮.একজন ব্যবসায়ী টাকায় ৫টি কমলা বিক্রয় করার মাধ্যমে ৪০% মুনাফা করেন। তিনি টাকায় কয়টি কমলা ক্রয় করেছিলেন? *[কাস্টম হাউস (আইসিডি, ঢাকা) এর অফিস সহায়ক: ২৩]*

সমাধান:

৪০% লাভে বিক্রয় মূল্য = ১০০+৪০ = ১৪০ টাকা

বিক্রয়মূল্য ১৪০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

" ১ " " " $\frac{১০০}{১৪০} = \frac{৫}{৭}$ টাকা

$\frac{৫}{৭}$ টাকায় ক্রয় করেছিল ৫টি

১ " " " $\frac{৫ \times ৭}{৫} = ৭$টি

১৯.১৫০ টাকায় একটি জিনিস ক্রয় করে কত দামে বিক্রয় করলে ৩০% লাভ হবে? *[বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের অফিস সহায়ক: ২৩]*

সমাধান:

৩০% লাভে বিক্রয়মূল্য = ১০০ + ৩০ = ১৩০ টাকা

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১৩০ টাকা

" ১ " " " $\frac{১৩০}{১০০}$ টাকা

" ১৫০ " " " $\frac{১৩০ \times ১৫০}{১০০} = ১৯৫$ টাকা

২০.নাসির সাহেবের মাসিক মূলবেতন ২৭,৬৫০ টাকা। বার্ষিক মোট আয়ের প্রথম দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকার আয়কর ০ (শূন্য) টাকা। পরবর্তী টাকার উপর আয়করের হার ১০ টাকা হলে, নাসির সাহেব কত টাকা আয়কর দেন? *[বাংলা একাডেমির বিভিন্ন পদ: ২৩]*

সমাধান: নাসির সাহেবের ১ মাসে আয় ২৭৬৫০ টাকা

$\therefore$ " " ১২ " " ২৭৬৫০ × ১২ "

= ৩৩১৮০০ টাকা

তাহলে তিনি আয়কর দেন (৩৩১৮০০ - ২৫০০০০) টাকা

= ৮১৮০০ টাকার উপর

এখন,

তিনি ১০০ টাকার ১ বছরের জন্য আয়কর দেন ১০ টাকা

" ১ " ১ " " " " $\frac{১০}{১০০}$ "

$\therefore$ " ৮১৮০০ " ১ " " " " $\frac{১০ \times ৮১৮০০}{১০০}$

= ৮১৮০ টাকা

২১.ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত ৮ : ১০ হলে লাভের শতকরা পরিমাণ কত? *[জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের অফিস সহায়ক: ২৩]*

সমাধান: দেওয়া আছে, ক্রয়মূল্য : বিক্রয়মূল্য = ৮ : ১০

মনেকরি, ক্রয়মূল্য = ৮ টাকা

এবং বিক্রয়মূল্য = ১০ "

$\therefore$ লাভ = ১০ - ৮ = ২ টাকা

তাহলে শতকরা লাভ = $\frac{২}{৮} \times ১০০\% = ২৫\%$

২২.যদি তেলের দাম ২৫% কমে যায়, তবে একই খরচে তেল কেনা শতকরা কি পরিমাণে বৃদ্ধি করা যাবে? *[বিএডিসির অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক- ২০২২]*

সমাধান: *২৫% মূল্য হ্রাসে ১০০ টাকার তেলের নতুন মূল্য = ১০০ - ২৫ = ৭৫ টাকা*

এখন,

৭৫ টাকায় তেলের ব্যবহার বৃদ্ধি করতে হবে ২৫ টাকা

১ " " " " " " $\frac{২৫}{৭৫}$ "

$\therefore$ ১০০ " " " " " " $\frac{২৫ \times ১০০}{৭৫}$

$= ৩৩\frac{১}{৩}\%$

২৩.একজন বিক্রেতা একটি বই এর বিক্রয়মূল্যের উপর ৫% ছাড় দিয়ে ক্রয়মূল্যের উপর ২৫% লাভ করলো। যদি ঐ বই এর ক্রয়মূল্য ৩৮০ টাকা হয়ে থাকে তবে ঐ বই এর বিক্রয়মূল্য কত লেখা হয়েছিল? *[সুপ্রীম কোর্টের ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর: ২৩]*

সমাধান: দেওয়া আছে, ক্রয়মূল্য = ৩৮০ টাকা

২৫% লাভে বিক্রয়মূল্য = $\frac{১২৫}{১০০} \times ৩৮০$

= ৪৭৫ টাকা

যেহেতু বিক্রয়মূল্যের উপর ৫% ছাড় দেয়, সেহেতু বই এর বিক্রয়মূল্য লেখা ছিল = $\frac{১০০}{৯৫} \times ৪৭৫ = ৫০০$ টাকা

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

লাভ-ক্ষতি

লাভ-ক্ষতির সূত্রাবলি

- লাভ = বিক্রয়মূল্য-ক্রয়মূল্য।
- ক্ষতি = ক্রয়মূল্য - বিক্রয়মূল্য।
- বিক্রয়মূল্য = ক্রয়মূল্য × হরে 100 [অর্থাৎ 100 নিচে বসবে]
- ক্রয়মূল্য = বিক্রয়মূল্য × লবে 100 [অর্থাৎ 100 উপরে বসবে]
- ক্রয়মূল্য = $\frac{\text{কম/ বেশি} \times 100}{\text{শতকরার সমষ্টি}}$
- বিক্রয়মূল্য (S_2)
  = বিক্রয়মূল্য (S_1) × লবে 100× হরে 100
- বিক্রয়সংখ্যা (N_2)
  = বিক্রয়সংখ্যা (N_1) × হরে 100 × লবে 100
- শতকরার হার = $\frac{\text{লাভ/ক্ষতি} \times 100}{\text{ক্রয়মূল্য/মূলধন}}$

Type : 01

বিক্রয়মূল্য ও লাভ/ক্ষতির হার দেওয়া থাকলে

- ক্রয়মূল্য = $\frac{B \times 100}{100 \pm P/L}$
- ক্রয়মূল্য = বিক্রয়মূল্য × লবে 100

১. একটি দ্রব্য ১৮০ টাকায় বিক্রয় করলে ১০% ক্ষতি হলো, দ্রব্যটির ক্রয়মূল্য কত? *[LGED এর ইলেকট্রিশিয়ান ও সার্ভেয়ার: ২৩]*

ক ২০০ টাকা খ ২১০ টাকা
গ ১৬২ টাকা ঘ ১৯৮ টাকা উ.ক

সমাধান: ক্রয়মূল্য = $১৮০ \times \frac{১০০}{৯০} = ২০০$ টাকা

২. একটি ঘড়ি ৫৬০ টাকায় বিক্রয় করায় ২০% ক্ষতি হয়। ঘড়িটির ক্রয়মূল্য কত? *[প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিস সহায়ক: ২৩]*

ক ৪০০ টাকা খ ৫০০ টাকা
গ ৬০০ টাকা ঘ ৭০০ টাকা উ. ঘ

সমাধান: ক্রয়মূল্য = $৫৬০ \times \frac{১০০}{৮০} = ৭০০$ টাকা

৩. একটি পণ্য ৫% ক্ষতিতে ২৩৭৫ টাকায় বিক্রয় করা হলে ক্রয়মূল্য কত? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরে এমএলএস/নিরাপত্তা প্রহরী: ২৩]*

ক ২৪৭৫ খ ২৪৫০
গ ২২৭৫ ঘ ২৫০০ উ. ঘ

সমাধান: ক্রয়মূল্য = $\frac{১০০}{৯৫} \times ২৩৭৫ = ২৫০০$

৪. একটি তরমুজ ৩৮০ টাকায় বিক্রি করে ২০ টাকা ক্ষতি হলো। ক্ষতির হার কত? *[মেডিকেল টেকনিশিয়ানের টেকনিশিয়ান: ২৩]*

ক ৪% খ ৬%
গ ৭% ঘ ৫% উ. ঘ

সমাধান: তরমুজের ক্রয়মূল্য = ৩৮০ + ২০ = ৪০০ টাকা

∴ ক্ষতির শতকরা হার = $\frac{২০}{৪০০} \times ১০০\% = ৫\%$

Type : 02

বিক্রয়মূল্য + ক্ষতি + লাভের হার দেয়া থাকলে

বিক্রয়মূল্য (B_2) = $\frac{\text{বিক্রয়মূল্য}(B_1) \times (১০০ \pm \text{২য় শতকরা})}{১০০ \pm \text{১ম শতকরা}}$

বিক্রয়মূল্য (২) = বিক্রয়মূল্য (১) × হরে ১০০ × লবে ১০০

৫. কোন বই ৪০ টাকায় বিক্রয় করলে ২০% ক্ষতি হয়। কত টাকায় বিক্রয় করলে ৪০% লাভ হবে? *[বন অধিদপ্তরের বন প্রহরী:২৩]*

ক ৬৫ খ ৭০
গ ৪৪ ঘ ৫০ উ. খ

সমাধান: ক্রয়মূল্য = $৪০ \times \frac{১০০}{৮০} = ৫০$ টাকা

∴ ৪০% লাভে বিক্রয়মূল্য = $৫০ \times \frac{১৪০}{১০০} = ৭০$ টাকা

৬. একটি ঘড়ি ৭৫০ টাকায় বিক্রয় করলে ২৫% ক্ষতি হয়। কত টাকায় বিক্রয় করলে ১৫% লাভ হবে? *[বাংলাদেশ নির্বাচন কমিশনের কম্পিউটার অপারেটর: ২৩]*

ক ৯০০ খ ১০০০
গ ১২৫০ ঘ ১১৫০ উ. ঘ

সমাধান: ক্রয়মূল্য = $\frac{১০০}{৭৫} \times ৭৫০ = ১০০০$ টাকা

∴ ১৫% লাভে বিক্রয়মূল্য = $\frac{১১৫}{১০০} \times ১০০০$
= ১১৫০ টাকা

৭. একটি দ্রব্য ৮০০ টাকায় ক্রয় করে ১০% লাভে বিক্রয় করা হলো। দ্রব্যটির ক্রয়মূল্য ১০% কম হলে কত টাকা লাভ হতো? *[পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের উচ্চমান সহকারী: ২২]*

ক ১২০ খ ১৬০
গ ১৫০ ঘ ১৪০ উ. খ

সমাধান:

১০% লাভে বিক্রয়মূল্য = $৮০০ \times \frac{১১০}{১০০} = ৮৮০$ টাকা

আবার, ১০% কমে ক্রয়মূল্য = $৮০০ \times \frac{৯০}{১০০} = ৭২০$ টাকা

∴ লাভ = ৮৮০ - ৭২০ = ১৬০ টাকা

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৮. একটি দ্রব্য ৪৫৫ টাকায় বিক্রয় করায় ৯% ক্ষতি হলো। দ্রব্যটি কত টাকায় বিক্রয় করলে ৮% লাভ হবে? [বাংলাদেশ রেলওয়ের পয়েন্টসম্যান: ২২]

ক ৫৪০ খ ৬৫০
গ ৫০০ ঘ ৪৫০ উ. ক

সমাধান:

৯% ক্ষতিতে ক্রয়মূল্য = $৪৫৫ \times \frac{১০০}{৯১} = ৫০০$ টাকা

আবার, ৮% লাভে বিক্রয়মূল্য= $৫০০ \times \frac{১০৮}{১০০} = ৫৪০$ টাকা

৯. একটি গাড়ি ৩৬০০০ টাকায় বিক্রয় করায় ২০% ক্ষতি হলো। কত টাকাতে বিক্রয় করলে ১৬% লাভ হতো? [খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]

ক ৫২২০০ খ ৫০০০০
গ ৫৫০০০ ঘ ৫৩০০০ উ. ক

সমাধান:

২০% ক্ষতিতে বিক্রয় করায় ক্রয়মূল্য = $\frac{১০০}{৮০} \times ৩৬০০০$

$= ৪৫০০০$ টাকা

∴ ১৬% লাভে বিক্রয়মূল্য = $\frac{১১৬}{১০০} \times ৪৫০০০$

$= ৫২২০০$ টাকা

১০.একটি দ্রব্য ৫০০ টাকায় ক্রয় করে ১০% লাভে বিক্রয় করা হলো। দ্রব্যটির ক্রয়মূল্য ১০% কম হলে কত টাকা লাভ হতো? [কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের প্রধান সহকারী/হিসাব রক্ষক: ২১]

ক ১০০ টাকা খ ১০৫ টাকা
গ ১১০ টাকা ঘ ১২০ টাকা উ. ক

সমাধান:

নির্ণেয় লাভ = $(৫০০ \times \frac{১১০}{১০০}) - (৫০০ \times \frac{৯০}{১০০})$

$= ৫৫০ - ৪৫০ = ১০০$ টাকা

১১.রাশেদ একটি দ্রব্য ১৪০০ টাকায় কিনে ১০% লাভে এক ব্যক্তির কাছে বিক্রয় করল। ঐ ব্যক্তি অপর একটি ব্যক্তির কাছে ১০% ক্ষতিতে বিক্রয় করল। শেষ বিক্রয়মূল্য কত ছিল? [বাংলাদেশ টেলিভিশনের ক্যাশিয়ার: ২১]

ক ১৩৮৬ খ ১৪৪৯
গ ১২৮১ ঘ ১২৮০ উ. ক

সমাধান:

১০% লাভে বিক্রয়মূল্য = $\frac{১১০}{১০০} \times ১৪০০ = ১৫৪০$ টাকা

১০% ক্ষতিতে বিক্রয়মূল্য= $\frac{৯০}{১০০} \times ১৫৪০ = ১৩৮৬$ টাকা

১২.টাকায় ৫টি মার্বেল বিক্রয় করায় ১২% ক্ষতি হয়। ১০% লাভ করতে হলে টাকায় কয়টি মার্বেল বিক্রয় করতে হবে? [স্বাস্থ্য অধিদপ্তরের কম্পাউন্ডার: ২২]

ক ৪টি খ ৩টি
গ ২টি ঘ কোনটি নয় উ. ক

সমাধান:

১২% ক্ষতিতে বিক্রয়মূল্য = (১০০ - ১২) = ৮৮ টাকা

বিক্রয়মূল্য ৮৮ টাকা হলে, ক্রয়মূল্য ১০০ টাকা

∴ " ১ " " " $\frac{১০০}{৮৮}$ "

১০% লাভে বিক্রয়মূল্য = (১০০ + ১০) = ১১০ টাকা

ক্রয়মূল্য ১০০ টাকা হলে, বিক্রয়মূল্য ১১০ টাকা

∴ " ১ " " " $\frac{১১০}{১০০}$ "

∴ " ১০০ " " " $\frac{১১০ \times ১০০}{১০০ \times ৮৮} = \frac{১১০}{৮৮}$ টাকা

৮৮ টাকায় বিক্রয় করতে হবে ৫টি মার্বেল

∴ ১ " " " " $\frac{৫ \times ৮৮}{১১০} = ৪$ টি মার্বেল

A/S: বিক্রির সংখ্যা = $\frac{n(১০০ - r)}{১০০ + s}$

$= \frac{৫(১০০ - ১২)}{১০০ + ১০}$

$= \frac{৫ \times ৮৮}{১১০} = ৪$

Type : 03

শতকরা লাভ নির্ণয়

$$\frac{(\text{বড় সংখ্যা / টি} - \text{ছোট সংখ্যা/ টি}) \times ১০০}{\text{ছোট সংখ্যা / টি}}$$

১৩.৭৫ টাকায় ১৫টি ডিম কিনে ৯০ টাকায় বিক্রি করলে কত শতাংশ লাভ হবে? [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]

ক ১৬% খ ২০%
গ ৩০% ঘ ১৫% উ. খ

সমাধান: লাভ = ৯০ - ৭৫ = ১৫ টাকা

শতকরা লাভ = $\frac{১৫}{৭৫} \times ১০০\% = ২০\%$

১৪.একটি কলম ৫০ টাকায় ক্রয় করে ৪৬ টাকায় বিক্রয় করা হলো। এতে শতকরা কত টাকা ক্ষতি হলো? [মন্ত্রিপরিষদ বিভাগের কম্পিউটার অপারেটর ও বিভিন্ন পদ: ২৩]

ক ৪% খ ৬%
গ ৮% ঘ ১০% উ. গ

সমাধান: ক্ষতি = ৫০ - ৪৬ = ৪ টাকা

তাহলে শতকরা ক্ষতি = $\frac{৪}{৫০} \times ১০০\% = ৮\%$

১৫.একটি ছাতা ৩৭৮ টাকায় বিক্রয় করলে যত ক্ষতি হয় ৪৫০ টাকায় বিক্রয় করলে তার তিনগুণ লাভ হয়। ছাতাটির ক্রয় মূল্য কত? [সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যসহকারী: ২২]

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ক ৩৯৬ টাকা খ ৩৬৯ টাকা
গ ৬৯৩ টাকা ঘ ৬৩৯ টাকা উ. ক

সমাধান: ছাতাটির ক্রয়মূল্য x টাকা হলে,
শর্তমতে, $৩(x - ৩৭৮) = ৪৫০ - x$
বা, $৩x - ১১৩৪ = ৪৫০ - x$
বা, $৪x = ১৫৮৪$
$\therefore x = ৩৯৬$

১৬.টাকায় ৫টি দরে ক্রয় করে ৪টি দরে বিক্রয় করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে? *[ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস সহায়ক: ২২]*

ক লাভ ২৫% খ ক্ষতি ২৫%
গ লাভ ২০% ঘ ক্ষতি ২০% উ. ক

সমাধান: ১টির ক্রয়মূল্য $= \frac{১}{৫}$ টাকা

এবং ১ " বিক্রয়মূল্য $= \frac{১}{৪}$ টাকা

$\therefore$ লাভ $= \frac{১}{৪} - \frac{১}{৫} = \frac{৫ - ৪}{২০} = \frac{১}{২০}$

তাহলে শতকরা লাভ $= \frac{\frac{১}{২০}}{\frac{১}{৫}} \times ১০০\%$

$= \frac{১}{২০} \times ৫ \times ১০০\% = ২৫\%$

১৭.১ ডজন ডিমের বিক্রয়মূল্য ১৫টি ডিমের ক্রয়মূল্যের সমান হলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে? *[বাংলাদেশ ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]*

ক ১০% খ ২০%
গ ২৫% ঘ ১৬% উ. গ

সমাধান: আমরা জানি, ১ ডজন = ১২টি
ধরি,
১২টি ডিমের বিক্রয়মূল্য = ১৫টি ডিমের ক্রয়মূল = x টাকা

$\therefore$ ১ ডিমের বিক্রয়মূল্য $= \frac{x}{১২}$ টাকা

এবং ১ ডিমের ক্রয়মূল্য $= \frac{x}{১৫}$ টাকা

$\therefore$ লাভ $= \frac{x}{১২} - \frac{x}{১৫} = \frac{৫x - ৪x}{৬০} = \frac{x}{৬০}$ টাকা

তাহলে শতকরা লাভ $= \frac{\frac{x}{৬০}}{\frac{x}{১৫}} \times ১০০\%$

$= \frac{x}{৬০} \times \frac{১৫}{x} \times ১০০\% = ২৫\%$

১৮.টাকায় ৫টি দরে লেবু কিনে ডজন প্রতি ৩ টাকায় বিক্রয় করলে লাভ শতকরা কত? *[বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]*

ক ১০% খ ১৫% গ ২৫% ঘ ৩০% উ. গ

সমাধান: ৫টির ক্রয়মূল্য ১ টাকা
$\therefore$ ১ " " $\frac{১}{৫}$ "
আবার, ১২টির বিক্রয়মূল্য ৩ টাকা
১ " " $\frac{৩}{১২} = \frac{১}{৪}$ টাকা

$\therefore$ লাভ $= \frac{১}{৪} - \frac{১}{৫} = \frac{৫ - ৪}{২০} = \frac{১}{২০}$

তাহলে, শতকরা লাভ $= \frac{\frac{১}{২০}}{\frac{১}{৫}} \times ১০০\%$

$= \frac{১}{২০} \times ৫ \times ১০০\% = ২৫\%$

১৯.টাকায় ১০টি ও টাকায় ১৫টি দরে সমান সংখ্যক কলম কিনে সবগুলো কলম টাকায় ১২ টি দরে বিক্রয় করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে? *[বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর কম্পিউটার যুদ্রাক্ষরিক: ২৩]*

ক ২৫% লাভ হবে খ ২৫% ক্ষতি হবে
গ ৩০% লাভ হবে ঘ কোনটিই সঠিক নয় উ. ঘ

সমাধান: ১ টির ক্রয়মূল্য $\frac{১}{১০}$ টাকা
অপর ১ " " $\frac{১}{১৫}$ "

$\therefore$ ২টির ক্রয়মূল্য $= \frac{১}{১০} + \frac{১}{১৫}$
$= \frac{৩ + ২}{৩০} = \frac{৫}{৩০} = \frac{১}{৬}$ টাকা

আবার, ১টির বিক্রয়মূল্য $\frac{১}{১২}$ টাকা
$\therefore$ ২ " " $\frac{১ \times ২}{১২} = \frac{১}{৬}$ টাকা

যেহেতু ২টি ক্রয়মূল্য ও বিক্রয়মূল্য সমান, সেহেতু কোনো লাভ বা ক্ষতি হবে না।

২০.টাকায় ৩টি করে লেবু কিনে টাকায় ২টি করে বিক্রি করলে শতকরা কত লাভ হবে? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের অফিস সহকারী: ২৩]*

ক ৫০% খ ২০%
গ ৩০% ঘ ৩৩% উ. ক

সমাধান: ৩টি লেবুর ক্রয়মূল্য ১ টাকা
$\therefore$ ১ " " " $\frac{১}{৩}$ "
আবার, ২টি লেবুর বিক্রয়মূল্য ১ টাকা
$\therefore$ ১ " " " $\frac{১}{২}$ "

$\therefore$ লাভ = বিক্রয়মূল্য - ক্রয়মূল্য

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

$= (\frac{১}{২} - \frac{১}{৩}) = \frac{৩-২}{৬} = \frac{১}{৬}$ টাকা

$\frac{১}{৩}$ টাকায় লাভ হয় $\frac{১}{৬}$ টাকা

১ " " " $\frac{১ \times ৩}{৬}$ "

১০০ " " " $\frac{৩ \times ১০০}{৬} = ৫০$ টাকা

২১.টাকায় ১৫টি আমলকি ক্রয় করে টাকায় ২০টি আমলকি বিক্রয় করলে শতকরা কত ক্ষতি হবে? *[তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কো. লি. এর টেকনিশিয়ান/ড্রাফটসম্যান: ২৩]*

ক ১০ খ ১৫
গ ২০ ঘ ২৫ উ. ঘ

সমাধান: ১টি আমলকির ক্রয়মূল্য $= \frac{১}{১৫}$ টাকা

আবার, ১ " " বিক্রয়মূল্য $= \frac{১}{২০}$ "

∴ ক্ষতি $= \frac{১}{১৫} - \frac{১}{২০} = \frac{৪-৩}{৬০} = \frac{১}{৬০}$ টাকা

তাহলে শতকরা ক্ষতি $= \frac{\frac{১}{৬০}}{\frac{১}{১৫}} \times ১০০\%$

$= \frac{১}{৬০} \times ১৫ \times ১০০\% = ২৫\%$

২২.একজন মাছ বিক্রেতা প্রতি হালি ইলিশ ১৬০০ টাকায় কিনে প্রতিটি মাছ ৩৫০ টাকায় বিক্রয় করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে? *[পোস্ট মাস্টার জেনারেল (উত্তরাঞ্চল) এর গোস্টম্যান: ২২]*

ক ৬.৫% ক্ষতি খ ৪.৫ লাভ
গ ১২.৫% ক্ষতি ঘ ৭.৫% লাভ উ. গ

সমাধান: আমরা জানি, ১ হালি = ৪টি

∴ ৪টি মাছের ক্রয়মূল্য ১৬০০ টাকা

১ " " " $\frac{১৬০০}{৪} = ৪০০$ টাকা

আবার, ১টি মাছের বিক্রয়মূল্য = ৩৫০ টাকা

ক্ষতি = ৪০০ - ৩৫০ = ৫০ টাকা

তাহলে শতকরা ক্ষতি $= \frac{৫০}{৪০০} \times ১০০\% = ১২.৫\%$

২৩.৩টি ৫ টাকায় কিনে ৫টি ৯ টাকায় বিক্রয় করলে শতকরা কত লাভ হবে? *[সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী: ২২]*

ক ৭% খ ৯%
গ ৮% ঘ ৬% উ. গ

সমাধান: ১টির ক্রয়মূল্য $= \frac{৫}{৩}$ টাকা

১ " বিক্রয়মূল্য $= \frac{৯}{৫}$ "

∴ লাভ $= \frac{৯}{৫} - \frac{৫}{৩} = \frac{২৭-২৫}{১৫} = \frac{২}{১৫}$

শতকরা লাভ $= \frac{\frac{২}{১৫}}{\frac{৫}{৩}} \times ১০০\% = \frac{২}{১৫} \times \frac{৩}{৫} \times ১০০\% = ৮\%$

২৪.টাকায় ৬টি লেবু ক্রয় করে টাকায় ৫টি লেবু বিক্রয় করলে শতকরা কত লাভ হবে? *[ডাক অধিদপ্তরের হিসাব সহকারী/কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*

খ ১৫%
ঘ ১০% উ. ক

১ লেবুর ক্রয়মূল্য ১ টাকা

∴ ১ " " " $\frac{১}{৬}$ "

আবার, ৫টি লেবুর বিক্রয়মূল্য ১ টাকা

∴ ১ " " " $\frac{১}{৫}$ "

∴ লাভ = বিক্রয়মূল্য - ক্রয়মূল্য

$= (\frac{১}{৫} - \frac{১}{৬})$ টাকা

$= \frac{৬-৫}{৩০}$ " *[এখানে ৫ ও ৬ এর ল.সা.গু ৩০]*

$= \frac{১}{৩০}$ টাকা

যেহেতু লাভ ক্রয়মূল্যের উপর হয় সেহেতু

ক্রয়মূল্য $\frac{১}{৬}$ টাকার লাভ $\frac{১}{৩০}$ টাকা

" ১ " " $\frac{১ \times ৬}{১ \times ৩০}$ "

∴ " ১০০ " " $\frac{৬ \times ১০০}{৩০}$ " = ২০ টাকা

বিকল্প সমাধান:

লাভ $= \frac{১০০}{\text{বিক্রয় সংখ্যা}} = \frac{১০০}{৫} = ২০\%$

২৫.২৫ মিটার কাপড় যে মূল্যে ক্রয় করে ২০ মিটার কাপড় সেই মূল্যে বিক্রয় করলে শতকরা কত লাভ হয়? *[বন অধিদপ্তরের জুনিয়র ওয়াইল্ড লাইফ স্কাউট: ২২]*

ক ১০% খ ১৫%
গ ২০% ঘ ২৫% উ. ঘ

সমাধান: মনেকরি,

২৫ মিটার কাপড়ের ক্রয়মূল্য = ২০ মিটার কাপড়ের বিক্রয়মূল্য = x টাকা

∴ ১ মিটার কাপড়ের ক্রয়মূল্য $= \frac{x}{২৫}$ টাকা

এবং ১ " " বিক্রয়মূল্য $= \frac{x}{২০}$ টাকা

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

$\therefore$ লাভ $= \frac{x}{২০} - \frac{x}{২৫} = \frac{৫x - ৪x}{১০০} = \frac{x}{১০০}$

তাহলে শতকরা লাভ $= \frac{\frac{x}{১০০}}{\frac{x}{২৫}} \times ১০০\%$

$= \frac{x}{১০০} \times \frac{২৫}{x} \times ১০০\% = ২৫\%$

২৬.৮টি প্যান্টের বিক্রয়মূল্য ১০টি প্যান্টের ক্রয়মূল্যের সমান হলে শতকরা লাভ কত? *[জীবন বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী:২১]*

ক ৮০% খ ৩৫%
গ ২৫% ঘ ১৫% উ. গ

সমাধান: মনেকরি, ১টি প্যান্টের ক্রয়মূল্য = ৮টি প্যান্টের বিক্রয়মূল্য = x টাকা

$\therefore$ ১টি প্যান্টের ক্রয়মূল্য $= \frac{x}{১০}$ টাকা

এবং ১ " " বিক্রয়মূল্য $= \frac{x}{৮}$ "

$\therefore$ লাভ $= \frac{x}{৮} - \frac{x}{১০} = \frac{৫x - ৪x}{৪০} = \frac{x}{৪০}$

তাহলে শতকরা লাভ $= \frac{\frac{x}{৪০}}{\frac{x}{১০}} \times ১০০\% = ২৫\%$

২৭.একজন দোকানদার ১৬টি কলা বিক্রি করে যে লোকসান করলো তা ৪টি কলার বিক্রয়মূল্যের সমান। ঐ দোকানদারের শতকরা কত লোকসান হলো? *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*

ক ১০% খ ১২.৫%
গ ১৫% ঘ ২০% উ. ঘ

সমাধান: এখানে, ১৬টি কলার ক্রয়মূল্য- ১৬টি কলার বিক্রয়মূল্য = ৪টি কলার বিক্রয়মূল্য

$\Rightarrow$ ১৬টি কলার ক্রয়মূল্য = ৪টি কলার বিক্রয়মূল্য + ১৬টি কলার বিক্রয়মূল্য

$\Rightarrow$ ১৬টি কলার ক্রয়মূল্য = ২০টি কলার বিক্রয়মূল্য

$\Rightarrow$ ১ " " " $= \frac{২০}{১৬}$ " " "

$\Rightarrow$ ১ " " " $= \frac{৫}{৪}$ " " "

ধরি,

১টি কলার ক্রয়মূল্য $= \frac{৫}{৪}$ টি কলার বিক্রয়মূল্য = x টাকা

$\therefore$ ১টি কলার ক্রয়মূল্য = x টাকা

এবং ১ " " বিক্রয়মূল্য $= \frac{৪x}{৫}$ "

$\therefore$ লোকসান $= (x - \frac{৪x}{৫}) = \frac{৫x - ৪x}{৫} = \frac{x}{৫}$ টাকা

$\therefore$ শতকরা লোকসান $= \frac{\frac{x}{৫}}{x} \times ১০০\%$

$= \frac{১}{৫} \times ১০০\% = ২০\%$

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

১. টাকায় ১০টি দরে লেবু ক্রয় করে ৮টি দরে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে? *[বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২৩]*

সমাধান: ১টি লেবুর ক্রয়মূল্য $= \frac{১}{১০}$ টাকা

১ " " বিক্রয়মূল্য $= \frac{১}{৮}$ "

$\therefore$ লাভ $= \frac{১}{৮} - \frac{১}{১০} = \frac{৫ - ৪}{৪০} = \frac{১}{৪০}$ টাকা

তাহলে, শতকরা লাভ $= \frac{\frac{১}{৪০}}{\frac{১}{১০}} \times ১০০\%$

$= \frac{১}{৪০} \times ১০ \times ১০০\% = ২৫\%$

২. একটি খাতা ৩৬ টাকায় বিক্রয় করায় যত ক্ষতি হলো, ৭২ টাকায় বিক্রয় করলে তার দ্বিগুণ লাভ হতো। খাতাটির ক্রয়মূল্য কত? *[শিপিং কর্পোরেশন চট্টগ্রামের কম্পিউটার অপারেটর: ২৩]*

সমাধান: মনেকরি, ক্রয়মূল্য = x টাকা

প্রশ্নমতে, $২(x - ৩৬) = ৭২ - x$

$\Rightarrow ২x - ৭২ = ৭২ - x$

$\Rightarrow ২x + x = ৭২ + ৭২$

$\Rightarrow ৩x = ১৪৪$

$\Rightarrow x = ৪৮$

$\therefore$ ক্রয়মূল্য = ৪৮ টাকা

৩. টাকায় ১০টি কলা বিক্রয় করায় ৪% ক্ষতি হয়। ২০% লাভ করতে হলে টাকায় কয়টি কলা বিক্রয় করতে হবে? *[বাংলাদেশ নৌবাহিনীর বিভিন্ন পদ: ২৩]*

সমাধান: মনেকরি, ক্রয়মূল্য = ১০০ টাকা

৪% ক্ষতিতে বিক্রয়মূল্য = ১০০ - ৪ = ৯৬ টাকা

২০% লাভে বিক্রয়মূল্য = ১০০ + ২০ = ১২০ টাকা

পূর্বের বিক্রয়মূল্য ৯৬ টাকা হলে বিক্রয় করতে হবে ১২০ টাকা

" " ১ " " " " $\frac{১২০}{৯৬} = \frac{৫}{৪}$ টাকা

এখন, $\frac{৫}{৪}$ টাকায় বিক্রয় করতে হবে ১০টি

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

∴ ১ " " " " $\frac{১০ \times ৪}{৫}$ = ৮ টি

৪. একটি ছাগল ৮% ক্ষতিতে বিক্রয় করা হলো। ছাগলটি আরও ৮০০ টাকা বেশি বিক্রয় করলে ৮% লাভ হতো। ছাগলটির ক্রয়মূল্য কত? *[ভূমি মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২৩]*

সমাধান: মনেকরি, ক্রয়মূল্য = ১০০ টাকা
৮% লাভে বিক্রয়মূল্য = ১০০ + ৮ = ১০৮ টাকা
আবার, ৮% ক্ষতিতে বিক্রয়মূল্য = ১০০ - ৮ = ৯২ টাকা
বিক্রয়মূল্য বেশি = ১০৮ - ৯২ = ১৬ টাকা
বিক্রয়মূল্য ১৬ টাকা বেশি হলে ক্রয়মূল্য ১০০ টাকা
" ১ " " " " $\frac{১০০}{১৬}$ "
∴ " ৮০০ " " " " $\frac{১০০ \times ৮০০}{১৬}$ "
= ৫০০০ টাকা

৫. ৩০ টাকায় ১০টি দরে এবং ১৫টি দরে সমান সংখ্যক কলা ক্রয় করে সবগুলো কলা ৩০ টাকায় ১২টি দরে বিক্রয় করলে এতে শতকরা কত লাভ বা ক্ষতি হবে? *[বাণিজ্য মন্ত্রণালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

সমাধান: এখানে,
১০টি কলার ক্রয়মূল্য ৩০ টাকা
∴ ১ " " " $\frac{৩০}{১০}$ = ৩ টাকা
আবার, ১৫টি কলার ক্রয়মূল্য ৩০ টাকা
∴ ১ " " " $\frac{৩০}{১৫}$ = ২ টাকা
∴ ১ + ১ = ২ টি কলার ক্রয়মূল্য = ৩ + ২ = ৫ টাকা
আবার, ১২টি কলার বিক্রয়মূল্য ৩০ টাকা
১ " " " $\frac{৩০}{১২}$ "
∴ ২ " " " $\frac{৩০ \times ২}{১২}$ = ৫ টাকা
যেহেতু ২টি কলার ক্রয়মূল্য ও বিক্রয়মূল্য একই, সেহেতু কোনো লাভ বা ক্ষতি হবে না।

৬. ১০০ টাকায় ২৫টি করে কমলা ক্রয় করে ১০০ টাকায় ২০টি করে কমলা বিক্রয় করলে, শতকরা কত লাভ হবে? *[সুরক্ষা সেবা বিভাগের সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*

সমাধান: ১টি কমলার ক্রয়মূল্য= $\frac{১০০}{২৫}$ = ৪ টাকা
আবার, ১টি " বিক্রয়মূল্য = $\frac{১০০}{২০}$ = ৫ টাকা
তাহলে লাভ = ৫ - ৪ = ১ টাকা
শতকরা লাভ = $\frac{১}{৪} \times ১০০\%$ = ২৫%

৭. ৫ টাকায় ২টি দরে কমলা ক্রয় করে ৩৫ টাকায় কয়টি কমলা বিক্রয় করলে শতকরা ৪০ টাকা লাভ হবে? *[বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]*

সমাধান: ৫ টাকায় ক্রয় করে ২টি কমলা
১ " " " $\frac{২}{৫}$ " "
∴ ১০০ " " " $\frac{২ \times ১০০}{৫}$ = ৪০টি কমলা
৪০% লাভে বিক্রয়মূল্য = (১০০ + ৪০) = ১৪০ টাকা
১৪০ টাকায় বিক্রয় করতে হবে ৪০টি আপেল
১ " " " " $\frac{৪০}{১৪০}$ " "
∴ ৩৫ " " " " $\frac{৪০ \times ৩৫}{১৪০}$ = ১০ টি

৮. ৪ টাকায় ৫টি করে কিনে ৫ টাকায় ৪টি করে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে? *[ফলিত ও পুষ্টি গবেষণা প্রশিক্ষণ ইনস্টিটিউটের মাঠ সহকারী: ২৩]*

সমাধান: ৫টির ক্রয়মূল্য ৪ টাকা
∴ ১ " " $\frac{৪}{৫}$ "
আবার,
৪ টির বিক্রয়মূল্য ৫ টাকা
∴ ১ " " $\frac{৫}{৪}$ "
∴ লাভ = বিক্রয়মূল্য - ক্রয়মূল্য
= $(\frac{৫}{৪} - \frac{৪}{৫})$ টাকা
= $\frac{২৫ - ১৬}{২০} = \frac{৯}{২০}$ টাকা
ক্রয়মূল্য $\frac{৪}{৫}$ টাকায় লাভ হয় $\frac{৯}{২০}$ টাকা
" ১ " " " $\frac{৯ \times ৫}{২০ \times ৪}$ "
∴ " ১০০ " " " $\frac{৯ \times ৫ \times ১০০}{২০ \times ৪}$ "
= $\frac{২২৫}{৪}$ = ৫৬.২৫ টাকা

৯. ১৯০ টাকায় একটি দ্রব্য বিক্রয় করাতে ৫% ক্ষতি হলো। বিক্রয় মূল্য কত হলে ৫% লাভ হতো? *[ফলিত ও পুষ্টি গবেষণা প্রশিক্ষণ ইনস্টিটিউটের মাঠ সহকারী: ২৩]*

সমাধান: ৫% ক্ষতিতে ক্রয়মূল্য = ১৯০ × $\frac{১০০}{৯৫}$
= ২০০ টাকা
আবার, ৫% লাভে বিক্রয়মূল্য = ২০০ × $\frac{১০৫}{১০০}$
= ২১০ টাকা
∴ নির্ণেয় বিক্রয়মূল্য = ২১০ টাকা

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১০.১০০ টাকায় ১০টি লেবু কিনে ২০টি লেবু ২২০ টাকায় বিক্রি করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে? *[গণযোগাযোগ অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*

সমাধান: ১টি লেবুর ক্রয়মূল্য $= \frac{১০০}{১০} = ১০$ টাকা

এবং ১ " " বিক্রয়মূল্য $= \frac{২২০}{২০} = ১১$ টাকা

$\therefore$ লাভ $= ১১ - ১০ = ১$ টাকা

শতকরা লাভ $= \frac{১}{১০} \times ১০০\% = ১০\%$

১১.একটি বই ২৪ টাকায় বিক্রয় করলে যত ক্ষতি হয়, ৪৮ টাকায় বিক্রয় করলে তার দ্বিগুণ লাভ হয়। বইটির ক্রয়মূল্য কত? *[ইসলামিক ফাউন্ডেশনের গবেষণা কর্মকর্তা: ২৩]*

সমাধান: মনে করি, ক্রয়মূল্য $= x$ টাকা

প্রশ্নমতে,

$২(x - ২৪) = ৪৮ - x$

$\Rightarrow ২x - ৪৮ = ৪৮ - x$

$\Rightarrow ৩x = ৯৬$

$\Rightarrow x = ৩২$

$\therefore$ ক্রয়মূল্য $= ৩২$ টাকা।

১২.একজন দোকানদার ৭.৫% ক্ষতিতে একটি দ্রব্য বিক্রয় করল। যদি দ্রব্যটির ক্রয়মূল্য ১০% কম হতো এবং বিক্রয়মূল্য ৩১ টাকা বেশি হতো, তাহলে তার ২০% লাভ হতো। দ্রব্যটির ক্রয়মূল্য কত? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের উপজেলা ব্যবস্থাপক: ২৩]*

সমাধান:

$৭\frac{১}{২}$ বা ৭.৫% ক্ষতিতে বিক্রয়মূল্য $= (১০০ - ৭.৫)$ টাকা

$= ৯২.৫$ টাকা

১০% কমে ক্রয়মূল্য $= (১০০ - ১০) = ৯০$ টাকা

২০% লাভে বিক্রয়মূল্য $= ৯০ + ৯০$ এর ২০%

$= ৯০ + ৯০ \times \frac{২০}{১০০}$

$= ৯০ + ১৮ = ১০৮$ টাকা

$\therefore$ বিক্রয়মূল্য বেশি $= (১০৮ - ৯২.৫) = ১৫.৫$ টাকা

বিক্রয়মূল্য ১৫.৫ টাকা বেশি হলে ক্রয়মূল্য ১০০ টাকা

" ১ " " " " $\frac{১০০}{১৫.৫}$ "

" ৩১ " " " " $\frac{১০০ \times ৩১}{১৫.৫}$ "

$= \frac{১০০ \times ৩১ \times ১০}{১৫৫} = ২০০$ টাকা

১৩.১০০ টাকায় ১০টি কলম বিক্রয় করলে ১২% ক্ষতি হয়। ১০% লাভ করতে হলে ১০০ টাকায় কতটি কলম বিক্রয় করতে হবে? *[যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২৩]*

সমাধান: ১টি কলমের বিক্রয়মূল্য $= \frac{১০০}{১০} = ১০$ টাকা

$\therefore$ ১ " " ক্রয়মূল্য $= \frac{১০০}{৮৮} \times ১০ = \frac{১২৫}{১১}$ টাকা

তাহলে, ১০% লাভে বিক্রয়মূল্য $= \frac{১১০}{১০০} \times \frac{১২৫}{১১}$

$= ১২.৫$ টাকা

এখন, ১২.৫ টাকায় বিক্রয় করতে হবে ১টি

১ " " " " $\frac{১}{১২.৫}$ "

$\therefore$ ১০০ " " " " $\frac{১ \times ১০০}{১২.৫} = ৮$ টি

১৪.একটি জিনিস ৬১১ টাকায় বিক্রি করলে ১৫% ক্ষতি হয়। কত টাকায় বিক্রি করলে ১০% লাভ হবে? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক: ২৩]*

সমাধান: ১৫% ক্ষতিতে ক্রয়মূল্য $= ৬১১ \times \frac{১০০}{৮৫}$

$= ৭১৮.৮২$ টাকা (প্রায়)

আবার, ১০% লাভে বিক্রয়মূল্য $= ৭১৮.৮২ \times \frac{১১০}{১০০}$

$= ৭৯০.৭০$ টাকা

১৫.একজন ফল বিক্রেতার ৫% ফল পঁচে গেল এবং ৫% ফল পরিবহনে নষ্ট হলো। বাকি ফল শতকরা কত লাভে বিক্রয় করলে মোটের উপর তার ২০% লাভ হবে? *[পরিবেশ অধিদপ্তরের নমুনা সংগ্রহকারী: ২৩]*

সমাধান: মোট ক্ষতি হলো $= ৫\% + ৫\% = ১০\%$

অবশিষ্ট $= ১০০ - ১০ = ৯০\%$

মনেকরি, মোট ফলের ক্রয়মূল্য $= ১০০$ টাকা

২০% লাভে বিক্রয়মূল্য $= ১০০ + ২০ = ১২০$ টাকা

এখন, ৯০টি ফলের বিক্রয়মূল্য ১২০ টাকা

১ " " " $\frac{১২০}{৯০}$ "

$\therefore$ ১০০ " " " $\frac{১২০ \times ১০০}{৯০}$ "

$= \frac{৪০০}{৩} = ১৩৩\frac{১}{৩}$ টাকা

$\therefore$ লাভ $= ১৩৩\frac{১}{৩} - ১০০ = ৩৩\frac{১}{৩}$ টাকা

১৬.এক ডজন কলা ৬০ টাকায় কিনে প্রতিটি কলা ৭ টাকায় বিক্রি করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে? *[কর অঞ্চল সিলেটের উচ্চমান সহকারী: ২৩]*

সমাধান: আমরা জানি, ১ ডজন $= ১২$টি

১২টি কলার ক্রয়মূল্য $= ৬০$ টাকা

$\therefore$ ১ " " " $= \frac{৬০}{১২} = ৫$ টাকা

আবার, ১টি কলার বিক্রয়মূল্য $= ৭$ টাকা

$\therefore$ লাভ $= ৭ - ৫ = ২$ টাকা

তাহলে, শতকরা লাভ $= \frac{২}{৫} \times ১০০\% = ৪০\%$

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১৭.টাকায় ৪টি করে ক্রয় করে টাকায় ৫টি দরে বিক্রয় করলে, শতকরা কত লাভ বা ক্ষতি হবে? *[সুনামগঞ্জ ইউনিয়ন পরিষদের সচিব:২৩]*

সমাধান: ৪টির ক্রয়মূল্য = ১ টাকা

$\therefore$ ১ " " $= \frac{১}{৪}$ "

আবার, ৫টি বিক্রয়মূল্য = ১ টাকা

$\therefore$ ১ " " $= \frac{১}{৫}$ "

তাহলে, ক্ষতি $= \frac{১}{৪} - \frac{১}{৫} = \frac{৫ - ৪}{২০} = \frac{১}{২০}$ টাকা

$\therefore$ শতকরা ক্ষতি $= \frac{\frac{১}{২০}}{\frac{১}{৪}} \times ১০০\%$

$= \frac{১}{২০} \times \frac{৪}{১} \times ১০০\% = ২০\%$

১৮.একটি দ্রব্য ১০% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য ৪৫০ টাকা বেশি হলে ৫% লাভ হতো। দ্রব্যটির ক্রয়মূল্য কত? *[বাংলাদেশ শিশু একাডেমির কম্পিউটার অপারেটর: ২৩]*

সমাধান: ১০% ক্ষতিতে বিক্রয়মূল্য = (১০০ - ১০) টাকা
= ৯০ টাকা

৫% লাভে বিক্রয়মূল্য = (১০০ + ৫) = ১০৫ টাকা

বিক্রয়মূল্য বেশি = (১০৫ - ৯০) = ১৫ টাকা

বিক্রয়মূল্য ১৫ টাকা বেশি হলে ক্রয়মূল্য ১০০ টাকা

" ১ " " " " $\frac{১০০}{১৫}$ "

" ৪৫০ " " " " $\frac{১০০ \times ৪৫০}{১৫}$ "

= ৩০০০ টাকা

১৯.৩ হালি কলা ৯৬ টাকায় কিনে ২৫% লাভে বিক্রয় করলে ১টি কলার বিক্রয়মূল্য কত? *[শেখ হাসিনা মেডিকেল কলেজ হাসপাতাল, টাঙ্গাইলের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

সমাধান: আমরা জানি, ১ হালি = ৪টি

$\therefore$ ৩ " $= ৪ \times ৩ = ১২$টি

এখন, ১২টি কলার ক্রয়মূল্য = ৯৬ টাকা

$\therefore$ ১ " " " $= \frac{৯৬}{১২} = ৮$ টাকা

তাহলে, ২৫% লাভে ১টির বিক্রয়মূল্য $= \frac{১২৫}{১০০} \times ৮$

= ১০ টাকা

২০.একজন দোকানি একই মূল্যে দুইটি জামা বিক্রি করেন। একটি জামায় তিনি ১০% লাভ করেন এবং অন্যটি ১০% লোকসান দেন। তার শতকরা লাভ বা ক্ষতি কত? *[তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২৩]*

সমাধান: মনেকরি, উভয়টির বিক্রয়মূল্য = x টাকা

$\therefore$ মোট বিক্রয়মূল্য = x + x = 2x টাকা

১০% লাভ হওয়ায় ১মটির ক্রয়মূল্য $= x \times \frac{১০০}{১১০}$

$= \frac{১০x}{১১}$ টাকা

১০% ক্ষতি হওয়ায় ২য়টির ক্রয়মূল্য $= x \times \frac{১০০}{৯০}$

$= \frac{১০x}{৯}$ টাকা

$\therefore$ মোট ক্রয়মূল্য $= \frac{১০x}{১১} + \frac{১০x}{৯}$

$= \frac{৯০x + ১১০x}{৯৯} = \frac{২০০x}{৯৯}$ টাকা

তাহলে ক্ষতি $= \frac{২০০x}{৯৯} - 2x$

$= \frac{২০০x - ১৯৮x}{৯৯} = \frac{2x}{৯৯}$ টাকা

তাহলে, শতকরা ক্ষতি $= \frac{\frac{2x}{৯৯}}{\frac{২০০x}{৯৯}} \times ১০০\%$

$= \frac{2x}{৯৯} \times \frac{৯৯}{২০০x} \times ১০০\%$

$= ১\%$

$\therefore a^2 + \frac{1}{a^2} = a^4 + \frac{1}{a^4}$ (প্রমাণিত)

২১.একটি পণ্য ১২০০ টাকায় বিক্রয় করায় ২০% ক্ষতি হয়। পণ্যটি কত টাকায় বিক্রয় করলে ৭.৫% লাভ হতো। *[নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*

সমাধান: ক্রয়মূল্য $= \frac{১০০}{৮০} \times ১২০০$

= ১৫০০ টাকা

$\therefore$ ৭.৫% লাভ করতে হলে বিক্রয়মূল্য $= \frac{১০৭.৫}{১০০} \times ১৫০০$

= ১৬১২.৫ টাকা

২২.একজন দোকানদারের প্রতি হালি ডিম ২৫ টাকা দরে ক্রয় করে প্রতি ২ হালি ৫৬ টাকা করে বিক্রয় করলে তার শতকরা কত লাভ হবে? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অফিস সহায়ক:২৩]*

সমাধান: দেওয়া আছে, ১ হালি ডিমের ক্রয়মূল্য ২৫ টাকা

আবার, ২ হালি ডিমের বিক্রয়মূল্য = ৫৬ টাকা

$\therefore$ ১ " " " $= \frac{৫৬}{২} = ২৮$ টাকা

তাহলে লাভ = ২৮ - ২৫ = ৩ টাকা

$\therefore$ শতকরা লাভ $= \frac{৩}{২৫} \times ১০০\% = ১২\%$

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

২৩.একজন ব্যবসায়ী একই দামে দুটি কম্পিউটার বিক্রি করলেন। একটির উপর তিনি ১৫% লাভ করলেন কিন্তু অপরটিতে তার ১৫% ক্ষতি হলো। তার শতকরা কত লাভ বা ক্ষতি হলো? *[রপ্তানি উন্নয়ন ব্যুরোর গবেষণা কর্মকর্তা: ২৩]*

সমাধান: মনেকরি,
প্রত্যেকটি কম্পিউটারের বিক্রয়মূল্য ১০০ টাকা

$\therefore$ মোট বিক্রয়মূল্য = ১০০ + ১০০ = ২০০ টাকা

এখন, ১মটির ক্রয়মূল্য = $১০০ \times \frac{১০০}{১১৫} = \frac{২০০০}{২৩}$ টাকা

২য় টির ক্রয়মূল্য = $১০০ \times \frac{১০০}{৮৫} = \frac{২০০০}{১৭}$ টাকা

$\therefore$ মোট ক্রয়মূল্য = $\frac{২০০০}{২৩} + \frac{২০০০}{১৭}$

$= \frac{৩৪০০০ + ৪৬০০০}{৩৯১} = \frac{৮০০০০}{৩৯১}$

$\therefore$ ক্ষতি = $\frac{৮০০০০}{৩৯১} - ২০০$

$= \frac{৮০০০০ - ৭৮২০০}{৩৯১} = \frac{১৮০০}{৩৯১}$

তাহলে শতকরা ক্ষতি = $\frac{\frac{১৮০০}{৩৯১}}{\frac{৮০০০০}{৩৯১}} \times ১০০\%$

$= \frac{১৮০০}{৩৯১} \times \frac{৩৯১}{৮০০০০} \times ১০০\% = ২.২৫\%$

২৪.১০০ টাকায় ১০টি ডিম কিনে ১০০ টাকায় ২০টি ডিম বিক্রি করলে শতকরা ক্ষতির পরিমাণ নির্ণয় করুন। *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন কর্তৃপক্ষের কারিগরি সহকারী: ২৩]*

সমাধান: ১টি ডিমের ক্রয়মূল্য = $\frac{১০০}{১০} = ১০$ টাকা

আবার, ১ " " বিক্রয়মূল্য = $\frac{১০০}{২০} = ৫$ টাকা

ক্ষতি = ১০ - ৫ = ৫ টাকা

শতকরা ক্ষতি = $\frac{৫}{১০} \times ১০০\% = ৫০\%$

২৫.একজন ক্ষুদ্র ব্যবসায়ী ৫৬০০ টাকা বিনিয়োগ করে এক বছর পর কিছু টাকার উপর ৫% এবং অবশিষ্ট টাকার উপর ৪% লাভ করলেন। মোট ২৫৬ টাকা লাভ করলে, তিনি কত টাকার ৫% লাভ করলেন? *[রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের উচ্চমান সহকারী: ২৩]*

সমাধান: মনেকরি,
তিনি ৫% লাভ করেন x টাকার উপর

$\therefore$ " ৪% " " (৫৬০০-x) " "

প্রশ্নমতে, $\frac{x \times ৫}{১০০} + \frac{(৫৬০০ - x) \times ৪}{১০০} = ২৫৬$

$\Rightarrow ৫x + ২২৪০০ - ৪x = ২৫৬০০$

$\Rightarrow ৫x - ৪x = ২৫৬০০ - ২২৪০০$

$\Rightarrow x = ৩২০০$

$\therefore$ তিনি ৩২০০ টাকার ৫% লাভ করেন

উত্তর: ৩২০০ টাকা

২৬.একজন ব্যবসায়ী ৩৬ টাকায় ১২টি দরে কিছু কলা ক্রয় করে ৩৬ টাকায় ১৫টি বিক্রয় করলেন। তার শতকরা কত লাভ বা ক্ষতি হলো? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অফিস সহায়ক: ২৩]*

সমাধান: ১ টি কলার ক্রয়মূল্য = $\frac{৩৬}{১২} = ৩$ টাকা

আবার, ১ " " বিক্রয়মূল্য = $\frac{৩৬}{১৫} = ২.৪$ টাকা

$\therefore$ ক্ষতি = ৩ - ২.৪ = ০.৬ টাকা

তাহলে, শতকরা ক্ষতি = $\frac{০.৬}{৩} \times ১০০\% = ২০\%$

২৭.একটি দ্রব্য ৩৮০ টাকায় বিক্রয় করায় ২০ টাকা ক্ষতি হলো। ক্ষতির শতকরা হার নির্ণয় করুন। *[নৌ-পরিবহন কর্তৃপক্ষের বিভিন্ন পদ: ২৩]*

সমাধান: ক্রয়মূল্য = ৩৮০ + ২০ = ৪০০ টাকা

$\therefore$ ক্ষতির শতকরা হার = $\frac{২০}{৪০০} \times ১০০\% = ৫\%$

২৮.টাকায় ১২টি লেবু বিক্রয় করায় ৪% ক্ষতি হয়। ৪৪% লাভ করতে হলে টাকায় কতটি লেবু বিক্রি করতে হবে? *[কৃষি বিপণন অধিদপ্তরের মাঠ ও বাজার পরিদর্শক: ২৩]*

সমাধান: ৪% ক্ষতিতে বিক্রয়মূল্য = (১০০ - ৪) টাকা
= ৯৬ টাকা

বিক্রয়মূল্য ৯৬ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

" ১ " " " $\frac{১০০}{৯৬}$ "

আবার, ৪৪% লাভ করলে বিক্রয়মূল্য = ১০০ + ৪৪
= ১৪৪ টাকা

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১৪৪ টাকা

" ১ " " " $\frac{১৪৪}{১০০}$ "

$\therefore$ " $\frac{১০০}{৯৬}$ " " " $\frac{১৪৪ \times ১০০}{১০০ \times ৯৬}$ "

$= \frac{৩}{২}$ টাকা

এখন, $\frac{৩}{২}$ টাকায় বিক্রয় করতে হবে ১২টি লেবু

$\therefore$ ১ " " " " $\frac{১২ \times ২}{৩} = ৮$ টি লেবু

২৯.একটি ঘড়ি ৫৪০ টাকায় বিক্রয় করলে ১০% ক্ষতি হয়। ঘড়িটি ৬৬০ টাকায় বিক্রয় করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে? *[প্রত্নতত্ত্ব অধিদপ্তরের ক্যাশ সরকার: ২৩]*

সমাধান: ক্রয়মূল্য = $\frac{১০০}{৯০} \times ৫৪০ = ৬০০$ টাকা

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ঘড়িটি ৬৬০ টাকায় বিক্রয় করলে লাভ = ৬৬০-৬০০
= ৬০ টাকা

$\therefore$ শতকরা লাভ $= \frac{৬০}{৬০০} \times ১০০\% = ১০\%$

৩০.একজন মাছ বিক্রেতা প্রতি হালি ইলিশ মাছ ১৬০০ টাকায় কিনে প্রতিটি মাছ ৩৫০ টাকায় বিক্রি করেন। এতে তাঁর শতকরা লাভ বা ক্ষতি কত? *[নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

সমাধান: আমরা জানি, ১ হালি = ৪টি
৪টি মাছের ক্রয়মূল্য = ১৬০০ টাকা

$\therefore$ ১ " " " $= \frac{১৬০০}{৪} = ৪০০$ টাকা

আবার, ১টি মাছের বিক্রয়মূল্য = ৩৫০ টাকা
$\therefore$ ক্ষতি = ৪০০ - ৩৫০ = ৫০ টাকা

তাহলে, শতকরা ক্ষতি $= \frac{৫০}{৪০০} \times ১০০\% = ১২.৫\%$

৩১.একজন পাইকারি বিক্রেতা ২০% লাভে খুচরা বিক্রেতার কাছে পণ্য বিক্রয় করেন এবং খুচরা বিক্রেতা ১০% লাভে গ্রাহকের কাছে বিক্রয় করেন। যদি একজন গ্রাহক খুচরা বিক্রেতার কাছ থেকে ৬৬০ টাকায় একটি পণ্য ক্রয় করেন, তাহলে পাইকারি বিক্রেতা কত টাকায় ঐ পণ্য ক্রয় করেছেন। *[বাংলা একাডেমির বিভিন্ন পদ: ২৩]*

সমাধান: খুচরা বিক্রেতার ক্রয়মূল্য $= ৬৬০ \times \frac{১০০}{১১০}$
= ৬০০ টাকা

$\therefore$ পাইকারী বিক্রেতার ক্রয়মূল্য $= ৬০০ \times \frac{১০০}{১২০}$
= ৫০০ টাকা

উত্তর: ৫০০ টাকা

৩২.রবি প্রতি কেজি ৪০ টাকা দরে ৫০ কেজি চাল কিনে ৪৪ টাকা কেজি দরে বিক্রয় করলে কত লাভ বা ক্ষতি হবে? *[বাংলা একাডেমির এলডিএ কাম টাইপিস্ট: ২৩]*

সমাধান:
১ কেজি চালে লাভ = ৪৪ - ৪০ = ৪ টাকা
৫০ " " " $৪ \times ৫০ = ২০০$ টাকা (উ.)

৩৩.এক ডজন ডিম ৭২ টাকায় ক্রয় করে ৮৪ টাকায় বিক্রয় করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে? *[বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের মেকানিক্যাল অ্যাসিস্ট্যান্ট: ২৩]*

সমাধান: শতকরা লাভ $= \frac{৮৪ - ৭২}{৭২} \times ১০০\%$

$= \frac{১২}{৭২} \times ১০০\% = \frac{৫০}{৩} = ১৬\frac{২}{৩}\%$

৩৪.একটি ব্যাগ ৬৯ টাকায় বিক্রি করলে ৮% ক্ষতি হয়। ৭৮ টাকায় বিক্রি করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে? *[বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের বেঞ্চ সহকারী: ২৩]*

সমাধান: ক্রয়মূল্য $= ৬৯ \times \frac{১০০}{৯২} = ৭৫$ টাকা

ব্যাগটি ৭৮ টাকায় বিক্রয় করলে লাভ ৭৮ - ৭৫ = ৩ টাকা

$\therefore$ শতকরা লাভ $= \frac{৩}{৭৫} \times ১০০\% = ৪\%$

৩৫.একজন ফল বিক্রেতার ১৩% ফল পঁচে গেল এবং ৭% ফল পরিবহনে নষ্ট হলো। বাকী ফল শতকরা কত লাভে বিক্রয় করলে মোটের উপর তার ২০% লাভ হবে? *[যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ক্রেডিট সুপারভাইজার: ২৩]*

সমাধান: মনেকরি,
মোট ফল ১০০টি এবং ক্রয়মূল্য ১০০ টাকা
পঁচে গেল ১৩%
পরিবহনে নষ্ট হলো ৭%
মোট ক্ষতি হলো (১৩ + ৭)% = ২০%
অবশিষ্ট থাকে (১০০ - ১০) = ৮০ টি
এখন,
২০% লাভে বিক্রয়মূল্য (১০০ + ২০) = ১২০ টাকা
৮০টি ফল বিক্রয় করতে হবে ১২০ টাকায়

১ " " " " " $\frac{১২০}{৮০}$ "

$\therefore$ ১০০ " " " " " $\frac{১২০ \times ১০০}{৮০} = ১৫০$ টাকা

$\therefore$ লাভ (১৫০ - ১০০) = ৫০ টাকা

৩৬.একটি গরু ১২% ক্ষতিতে বিক্রয় করা হল। গরুটি আরো ১২০০ টাকা বেশী মূল্যে বিক্রয় করতে পারলে ৮% লাভ হত। গরুটির ক্রয়মূল্য কত? *[বাংলাদেশ পুলিশ স্পেশাল ব্রাঞ্চের উচ্চমান সহকারী: ২৩]*

সমাধান: মনেকরি, ক্রয়মূল্য = ১০০ টাকা
$\therefore$ ১২% ক্ষতিতে বিক্রয়মূল্য = ১০০ - ১২ = ৮৮ টাকা
আবার, ৮% লাভে বিক্রয়মূল্য = ১০০ + ৮ = ১০৮ টাকা
$\therefore$ বিক্রয়মূল্য বেশি = ১০৮ - ৮৮ = ২০ টাকা
তাহলে,
বিক্রয়মূল্য ২০ টাকা বেশি হলে ক্রয়মূল্য ১০০ টাকা

" ১ " " " " $\frac{১০০}{২০}$ "

$\therefore$ " ১২০০ " " " " $\frac{১০০ \times ১২০০}{২০}$
= ৬০০০ টাকা

$\therefore$ গরুটির ক্রয়মূল্য = ৬০০০ টাকা

৩৭.একজন কমলা বিক্রেতা প্রতি শত কমলা ১০০০ টাকায় কিনে ১২০০ টাকায় বিক্রয় করলেন। তার কত লাভ হলো? *[পরিবার পরিকল্পনা কার্যালয়, গাইবান্ধার পরিবারকল্যাণ সহকারী: ২৩]*

সমাধান: দেওয়া আছে, ক্রয়মূল্য = ১০০০ টাকা
এবং বিক্রয়মূল্য = ১২০০ টাকা

$\therefore$ লাভ = ১২০০ - ১০০০ = ২০০ টাকা

শতকরা লাভ $= \frac{২০০}{১০০০} \times ১০০\%$
$= ২০\%$

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৮.এক কলা ব্যবসায়ী প্রতিটি ৪ টাকা দরে এবং প্রতিটি ২ টাকা দরে সমান সংখ্যক কলা ক্রয় করে প্রতিটি ৫ টাকা দরে সমস্ত কলা বিক্রয় করেন। এতে তার ১০০০ টাকা লাভ হয়। তিনি মোট কতগুলো কলা ক্রয় করেছিলেন? *[বাংলাদেশ সুপ্রিম কোর্ট এর ফটোস্ট্যাট মেশিন অপারেটর: ২৩]*

সমাধান: এখানে,
১টি কলার ক্রয়মূল্য = ৪ টাকা
আবার, ১ " " " = ২ "
তাহলে,
১ + ১ = ২টি কলার ক্রয়মূল্য = ৪ + ২ = ৬ টাকা
∴ ১ " " " $= \frac{৬}{২} = ৩$ "
আবার, ১টি কলার বিক্রয়মূল্য = ৫ টাকা
তাহলে ১টি কলা বিক্রয়ে লাভ = ৫ - ৩ = ২ টাকা

∴ ২ টাকা লাভ হয় ১টি কলায়
১ " " " $\frac{১}{২}$ " "
∴ ১০০০ " " " $\frac{১ \times ১০০০}{২} = ৫০০$ টি কলায়

উত্তর: ৫০০টি কলা।

১০ টাকায় ১২টি জিনিস ক্রয় করে ৯ টাকায় ৮টি জিনিস বিক্রয় করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে? *[সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ক্যাশিয়ার: ২৩]*

সমাধান: ১টির ক্রয়মূল্য $\frac{১০}{১২} = \frac{৫}{৬}$ টাকা

১ টির বিক্রয়মূল্য $= \frac{৯}{৮}$ টাকা

∴ লাভ $= \frac{৯}{৮} - \frac{৫}{৬} = \frac{২৭ - ২০}{২৪} = \frac{৭}{২৪}$

∴ শতকরা লাভ $= \frac{\frac{৭}{২৪}}{\frac{৫}{৬}} \times ১০০\%$

$= \frac{৭}{২৪} \times \frac{৬}{৫} \times ১০০\% = ৩৫\%$

টাকায় ১০টি কলা বিক্রয় করলে ৪% ক্ষতি হয়। ২০% লাভ করতে হলে টাকায় কয়টি কলা বিক্রয় করতে হবে? *[কর অঞ্চল-১, চট্টগ্রামের উচ্চমান সহকারী: ২৩]*

সমাধান: এখানে,
১০টি কলার বিক্রয়মূল্য ১ টাকা
∴ ৪% ক্ষতিতে ক্রয়মূল্য $= \frac{১০০}{৯৬} \times ১ = \frac{২৫}{২৪}$ টাকা
আবার, ২০% লাভে বিক্রয়মূল্য $= \frac{১২০}{১০০} \times \frac{২৫}{২৪} = \frac{৫}{৪}$ টাকা

এখন, $\frac{৫}{৪}$ টাকায় বিক্রয় করতে হবে ১০টি
∴ ১ " " " " $\frac{১০ \times ৪}{৫} = ৮$টি

৪১.একটি দ্রব্য ৩৭৮ টাকায় বিক্রয় করলে যত ক্ষতি হয়, ৪৫০ টাকায় বিক্রয় করলে তার তিনগুণ লাভ হয়। দ্রব্যটির ক্রয়মূল্য কত? *[কর কমিশনারের কার্যালয় চট্টগ্রামের কম্পিউটার মুদ্রাক্ষরিক:২৩]*

সমাধান: মনেকরি, দ্রব্যটির ক্রয়মূল্য = ৩৭৮ + x টাকা
তাহলে,
৩৭৮ টাকায় বিক্রি করলে ক্ষতি x টাকা
এবং ৪৫০ টাকায় বিক্রি করলে লাভ ৩x টাকা
শর্তানুসারে, ৩৭৮ + x = ৪৫০ - ৩x
$\Rightarrow$ x + ৩x = ৪৫০ - ৩৭৮
$\Rightarrow$ ৪x = ৭২ ∴ x = ১৮
সুতরাং দ্রব্যটির ক্রয়মূল্য = ৩৭৮ + ১৮ টাকা
= ৩৯৬ টাকা (উত্তর)

৪২.একটি গরু ১০% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য ৪৫০ টাকা বেশি হলে ৫% লাভ হতো। গরুটির ক্রয়মূল্য নির্ণয় কর। *[জাতীয় গদমাধ্যম ইনস্টিটিউটের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

সমাধান: ১০% ক্ষতিতে বিক্রয়মূল্য = (১০০ - ১০) টাকা
= ৯০ টাকা
৫% লাভে বিক্রয়মূল্য = (১০০ + ৫) = ১০৫ টাকা
বিক্রয়মূল্য বেশি = (১০৫ - ৯০) = ১৫ টাকা
বিক্রয়মূল্য ১৫ টাকা বেশি হলে ক্রয়মূল্য ১০০ টাকা
" ১ " " " " $\frac{১০০}{১৫}$ "
" ৪৫০ " " " " $\frac{১০০ \times ৪৫০}{১৫}$ "
= ৩০০০ টাকা

৪৩.একটি ছাগল ৮% ক্ষতিতে বিক্রয় করা হলো, ছাগলটি আরো ৮০০ টাকা বেশি মূল্যে বিক্রয় করলে ৮% লাভ হতো। ছাগলটির ক্রয় মূল্য কত? *[ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের অফিস সহায়ক- ২০২২]*

সমাধান: মনেকরি,
ছাগলটির ক্রয়মূল্য = ১০০ টাকা
৮% ক্ষতিতে বিক্রয়মূল্য = ১০০-৮ টাকা
= ৯২ টাকা
আবার, ৮% লাভে বিক্রয়মূল্য = ১০০ + ৮
= ১০৮ টাকা
∴ পার্থক্য = ১০৮ - ৯২ = ১৬ টাকা
বিক্রয়মূল্য ১৬ টাকা বেশি হলে ক্রয়মূল্য ১০০ টাকা
" ১ " " " " $\frac{১০০}{১৬}$ "
" ৮০০ " " " " $\frac{১০০ \times ৮০০}{১৬} = ৫০০০$ টাকা

উত্তর: ৫০০০ টাকা

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

সরল ও চক্রবৃদ্ধি মুনাফা

সরল সুদের সূত্রাবলি

১. সরল সুদের ক্ষেত্রে, $I = \frac{Pnr}{100}$

অথবা

$\text{সুদ} = \frac{\text{আসল} \times \text{সময়} \times \text{সুদের হার}}{১০০}$

যেখানে,
P = আসল
n = সময়
r = সুদের হার
I = সুদ

২. $\text{সুদের হার} = \frac{১০০ \times \text{সুদ}}{\text{আসল} \times \text{সময়}}$

৩. $\text{সময়} = \frac{১০০ \times \text{সুদ}}{\text{আসল} \times \text{সুদের হার}}$

৪. $\text{আসল} = \frac{১০০ \times \text{সুদ}}{\text{সময়} \times \text{সুদের হার}}$

৫. সুদাসল = আসল + সুদ

৬. সুদাসল দেয়া থাকলে-

$\text{আসল} = \frac{১০০ \times \text{সুদাসল}}{১০০ + (\text{সময়} \times \text{সুদের হার})}$

Type : 01

$\text{মুনাফা} = \frac{\text{আসল} \times \text{সময়} \times \text{সুদের হার}}{১০০}$

অথবা, $I = \frac{Pnr}{100}$

১. সরল মুনাফার ক্ষেত্রে 1 = Pnr। এখানে P কি নির্দেশ করে? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের গ্রাউন্ড সার্ভিস অ্যাসিসট্যান্ট: ২২]*

ক মুনাফা খ মুনাফার মূলধন
গ লভ্যাংশ ঘ মূলধন উ. ঘ

সমাধান: সরল মুনাফা, $I = pnr$
যেখানে, p = মূলধন
n = সময়
r = সুদের হার

২. বার্ষিক ৫% হার সরল মুনাফায় ১০০০ টাকায় ২ বছরের সুদ কত? *[ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]*

ক ২০ টাকা খ ১০০ টাকা
গ ২০০ টাকা ঘ ৩৫০ টাকা উ. খ

সমাধান: আমরা জানি,

$I = \frac{pnr}{১০০} = \frac{১০০০ \times ২ \times ৫}{১০০} = ১০০$ টাকা।

৩. বার্ষিক ৭% হার সুদে ১৮০০ টাকার ৬ বছরে সুদ কত? *[প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিস সহায়ক: ২৩]*

ক ৭৫০ টাকা খ ৭৫৬ টাকা
গ ৭৭৬ টাকা ঘ ৬৮৮ টাকা উ. খ

সমাধান: $\text{সুদ} = I = \frac{Pnr}{১০০} = \frac{১৮০০ \times ৬ \times ৭}{১০০}$
$= ৭৫৬$ টাকা

৪. বার্ষিক ১০% সরল মুনাফায় ১২০০ টাকার ৪ বছরের সরল মুনাফা কত? *[বাংলাদেশ নির্বাচন কমিশনের অফিস সহায়ক: ২৩]*

ক ১২০ টাকা খ ২৪০ টাকা
গ ৩৬০ টাকা ঘ ৪৮০ টাকা উ. ঘ

সমাধান: আমরা জানি,

$I = \frac{Pnr}{১০০}$

$= \frac{১২০০ \times ৪ \times ১০}{১০০} = ৪৮০$ টাকা

৫. শতকরা বার্ষিক ৫ টাকা হার সরল সুদে ৬৪০ টাকার ২ বছর ৬ মাসের সুদ কত? *[দুর্নীতি দমন কমিশন এর কোট পরিদর্শক: ২২]*

ক ৭০ টাকা খ ৬০ টাকা
গ ৮০ টাকা ঘ ৫০ টাকা উ. গ

সমাধান: ২ বছর ৬ মাস $= (২ + \frac{৬}{১২})$ বছর

$= (২ + \frac{১}{২}) = \frac{৫}{২}$ বছর

১০০ টাকায় ১ বছরের সুদ ৫ টাকা

১ " ১ " " $\frac{৫}{১০০}$ "

∴ ৬৪০ " $\frac{৫}{২}$ " " $\frac{৫ \times ৫ \times ৬৪০}{১০০ \times ২} = ৮০$ টাকা

৬. ৬% হারে নয় মাসে ১০,০০০/- টাকার উপর সুদ কত হবে? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*

ক ৫০০ টাকা খ ৬০০ টাকা
গ ৪৫০ টাকা ঘ ৬৫০ টাকা উ. গ

সমাধান: দেওয়া আছে, আসল = ১০,০০০ টাকা
সুদের হার = ৬ টাকা
সময় = ৯ মাস $= \frac{৯}{১২}$ বছর
সুদ = কত?

আমরা জানি,

$\text{সুদ} = \frac{\text{আসল} \times \text{সুদের হার} \times \text{সময়}}{১০০}$

$= \frac{১০০০০ \times ৬ \times ৯}{১০০ \times ১২} = ৪৫০$ টাকা

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৭. বার্ষিক শতকরা ১১ টাকা হারে ৬০,০০০ টাকা ১ বছরে পরিশোধ হলে, মাসিক কিস্তির পরিমাণ কত? [ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক: ২৩]

ক ৫৬০০ খ ৫৫৫০
গ ৫৮৬০ ঘ ৬২০০ উ. খ

সমাধান: ৬০,০০০ টাকার জন্য ১ বছরে মোট সুদ দিতে হবে, $I = \frac{Pnr}{১০০} = \frac{৬০০০০ \times ১ \times ১১}{১০০} = ৬৬০০$ টাকা

∴ মোট টাকা দিতে হবে = ৬০,০০০ + ৬৬০০
= ৬৬৬০০

∴ প্রত্যেক মাসে দিতে হবে = $\frac{৬৬৬০০}{১২}$ = ৫৫৫০ টাকা

Type : 02

$$\text{সুদের হার} = \frac{১০০ \times \text{সুদ}}{\text{আসল} \times \text{সময়}}$$

$$\text{অথবা, } r = \frac{১০০ \times I}{P \times n}$$

৮. বার্ষিক কত হারে ৩০০০ টাকার ৪ বছরের মুনাফা ১২০০ টাকা হবে? [বাংলাদেশ নির্বাচন কমিশনের কম্পিউটার অপারেটর: ২৩]

ক ৮% খ ১০%
গ ১২% ঘ ২০% উ. খ

সমাধান: আমরা জানি,

$$I = \frac{Pnr}{১০০}$$

$$\Rightarrow r = \frac{I \times ১০০}{P \times n} = \frac{১২০০ \times ১০০}{৩০০০ \times ৪} = ১০$$

৯. শতকরা বার্ষিক কত মুনাফায় ৩০০০ টাকার ৫ বছরের মুনাফা ১৫০০ টাকা হবে? খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ২১]

ক ৫% খ ১৫%
গ ২০% ঘ ১০% উ. ঘ

সমাধান: আমরা জানি,

$$I = \frac{Pnr}{১০০}$$

$$\Rightarrow r = \frac{I \times ১০০}{P \times n} = \frac{১৫০০ \times ১০০}{৩০০০ \times ৫} = ১০$$

∴ সুদের হার = ১০%

১০. সুদের হার কত হলে ১০০ টাকা সরল সুদে ৮ বছরের দ্বিগুণ হবে? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটর: ২১]

ক ১২.৫% খ ১৬%
গ ১০% ঘ ১০.৫% উ. ক

সমাধান: এখানে, আসল = ১০০ টাকা

∴ ৮ বছর পরে সুদাসল হবে= ২ × ১০০ টাকা
= ২০০ টাকা

∴ সুদ = ২০০ - ১০০ = ১০০ টাকা

আমরা জানি, $I = \frac{pnr}{১০০}$

বা, $১০০ = \frac{১০০ \times ৮ \times r}{১০০}$

বা, ১০০ = ৮ × r

বা, ১২.৫ = r

∴ r = ১২.৫

১১. কোনো আসল সরল সুদে পাঁচ বছরে দ্বিগুণ হলে বার্ষিক সুদের হার কত? [সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী: ২২]

ক ২০% খ ১০%
গ ৫% ঘ ৩০% উ. ক

সমাধান: মনেকরি, আসল = ১০০ টাকা

∴ সুদাসল = ২ × ১০০ = ২০০ টাকা
সুদ = (২০০-১০০) = ১০০ টাকা
সময় = ৫ বছর
হার = ?

আমরা জানি,

$$\text{হার} = \frac{১০০ \times \text{সুদ}}{\text{আসল} \times \text{সময়}}$$

$$= \frac{১০০ \times ১০০}{১০০ \times ৫}$$

= ২০ টাকা বা ২০%

$$A/S: \frac{(\text{গুণ} - ১) \times ১০০}{\text{সময় / হার}} = \frac{(২-১) \times ১০০}{৫} = ২০ \text{ বছর}$$

১২. কোন আসল ৫ বছরের মুনাফা আসলে ৩৫০০ টাকা হয়। মুনাফা আসলের $\frac{২}{৫}$ অংশ হলে মুনাফার হার কত? [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]

ক ১০% খ ১১.৫%
গ ১২.৫% ঘ ৮% উ. ঘ

সমাধান: মনেকরি, আসল = ৫ টাকা
এবং সুদ = ২ টাকা

∴ সুদাসল = ৫ + ২ = ৭ টাকা
সুদাসল ৭ টাকা হলে আসল ৫ টাকা
" ১ " " " $\frac{৫}{৭}$ "

∴ " ৩৫০০ " " " $\frac{৫ \times ৩৫০০}{৭}$ = ২৫০০ টাকা

তাহলে সুদ = ৩৫০০ - ২৫০০ = ১০০০ টাকা

আমরা জানি, $I = \frac{Pnr}{১০০}$

$$\Rightarrow r = \frac{I \times ১০০}{P \times n} = \frac{১০০০ \times ১০০}{২৫০০ \times ৫} = ৮\%$$

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

Type : 03

দুটি আসল, দুটি সময় এবং একত্রিত সুদ থাকলে

$$\text{সুদের হার} = \frac{\text{মোট সুদ} \times ১০০}{P_1n_1 + P_2n_2}$$

এখানে, P_1 = ১ম আসল, n_1 = ১ম সময়
P_2 = ২য় আসল, n_2 = ২য় সময়

১৩.কোনো আসল ৩ বছরে সরল মুনাফাসহ ৪৬০ টাকা এবং ৫ বছরে সরল মুনাফাসহ ৬০০ টাকা হলে শতকরা মুনাফার হার কত? *[রেলওয়ের সহকারী স্টেশন মাস্টার: ২২]*

ক ২৮% খ ২৪%
গ ১৮% ঘ ২২%

উ. ক

সমাধান: আসল + ৫ বছরের সুদ = ৬০০ টাকা
আসল + ৩ " " = ৪৬০ "
∴ ২ বছরের সুদ = ১৪০ টাকা
১ " " = $\frac{১৪০}{২}$ "
∴ ৩ " " = $\frac{১৪০ \times ৩}{২} = ২১০$ টাকা

আসল = ৪৬০ - ২১০ = ২৫০ টাকা
২৫০ টাকায় ১ বছরের সুদ ৭০ টাকা
১ " ১ " " $\frac{৭০}{২৫০}$ "
∴ ১০০ " ১ " " $\frac{৭০ \times ১০০}{২৫০} = ২৮$ টাকা
∴ সুদের হার = ২৮%

Type : 04

সুদে-মূলে গুণের উল্লেখ থাকলে

$$\frac{(\text{গুণ} - ১) \times ১০০}{\text{সময় / হার}}$$

এখানে সময় উত্তর চাইলে হার দ্বারা ভাগ করতে হবে আর হার উত্তর চাইলে সময় দ্বারা ভাগ করতে হবে।

১৪.সরল সুদের হার শতকরা কত টাকা হলে যেকোন মূলধন ৮ বছরে সুদে আসলে তিনগুণ হবে? *[ডাক বিভাগ খুলনা অঞ্চলের অফিস সহায়ক: ২২]*

ক ১২.৫০ টাকা খ ২০ টাকা
গ ২৫ টাকা ঘ ১৫ টাকা

উ. গ

সমাধান: মনেকরি, আসল = ১০০ টাকা
সুদাসল = ৩০০ টাকা
∴ সুদ = ৩০০ - ১০০ = ২০০ টাকা
আমরা জানি,

$$I = \frac{Pnr}{১০০}$$

$$\Rightarrow r = \frac{I \times ১০০}{P \times n} = \frac{২০০ \times ১০০}{১০০ \times ৮} = ২৫ \text{ টাকা}$$

১৫.বার্ষিক শতকরা ৮ টাকা হার সুদে কোন মূলধন কত বছরে সুদে আসলে দ্বিগুণ হবে? *[পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২১]*

ক ৮ বছর খ ১০ বছর
গ ১২ বছর ঘ কোনটিই নয়

উ. ঘ

সমাধান: মনেকরি, আসল = ১০০ টাকা
∴ সুদাসল = ২০০ টাকা
∴ সুদ = ২০০ - ১০০ = ১০০ টাকা
আমরা জানি, $I = \frac{Pnr}{১০০}$

$$\Rightarrow ১০০ = \frac{১০০ \times n \times ৮}{১০০}$$

$$\Rightarrow n = \frac{১০০ \times ১০০}{১০০ \times ৮}$$

$$\Rightarrow n = \frac{২৫}{২}$$

$$\Rightarrow n = ১২.৫ \text{ বছর}$$

Type : 05

$$\text{সময়} = \frac{১০০ \times \text{সুদ}}{\text{আসল} \times \text{হার}}$$

$$\text{অথবা, } n = \frac{১০০ \times I}{P \times r}$$

১৬.শতকরা বার্ষিক ৭ টাকা হার মুনাফায় ৬৫০ টাকার কত বছরের মুনাফা ২৭৩ টাকা। *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি. এর বিভিন্ন পদ: ২৩]*

ক ১ খ ২
গ ৩ ঘ ৬

উ. ঘ

সমাধান: আমরা জানি,

$$I = \frac{Pnr}{১০০}$$

$$\Rightarrow n = \frac{I \times ১০০}{P \times r} = \frac{২৭৩ \times ১০০}{৬৫০ \times ৭} = ৬ \text{ বছর}$$

১৭.বার্ষিক ১২% মুনাফার কত বছরে ১০০০০ টাকার মুনাফা ৪৮০০ টাকা হবে? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর মেডিক্যাল টেকনোলজিস্ট ও কম্পিউটার অপারেটর: ২৩]*

ক ৬ বছর খ ৮ বছর
গ ১০ বছর ঘ ৪ বছর

উ. ঘ

সমাধান: আমরা জানি, $I = \frac{Pnr}{১০০}$

$$\Rightarrow ৪৮০০ = \frac{১০০০০ \times n \times ১২}{১০০}$$

$$\Rightarrow ৪ = n \Rightarrow n = ৪ \text{ বছর}$$

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১৮.বার্ষিক ১২% মুনাফায় কত বছরে ১০,০০০ টাকায় মুনাফা ৪৮০০ টাকা হবে? *[দুদকের কনস্টেবল: ২২]*

ক ৮ বছর খ ৫ বছর
গ ৩ বছর ঘ ৪ বছর উ. ঘ

সমাধান: এখানে, $r = ১২\%$
$P = ১০০০০$
$I = ৪৮০০$
$n = ?$

আমরা জানি, $I = \frac{Pnr}{১০০}$

$$\Rightarrow n = \frac{I \times ১০০}{P \times r} = \frac{৪৮০০ \times ১০০}{১০০০ \times ১২} = ৪ \text{ বছর}$$

১৯.একই মুনাফা হারে কোন আসল ৬ বছরে মুনাফা-আসলে দ্বিগুণ হলে কত বছরে তা মুনাফা-আসলে তিন গুণ হবে? *[জীবন বীমা কর্পোরেশনের কম্পিউটার অপারেটর: ২১]*

ক ৮ বছরে খ ১২ বছরে
গ ১০ বছরে ঘ ৯ বছরে উ. খ

সমাধান:
আসল ১০০ টাকা হলে ৬ বছরে মুনাফা-আসলে $(১০০ \times ২) = ২০০$ টাকা
৬ বছরে মুনাফা $(২০০ - ১০০) = ১০০$ টাকা
মুনাফা-আসলে তিনগুণ হলে মুনাফা $(৩০০ - ১০০)$ টাকা $= ২০০$ টাকা
১০০ টাকা মুনাফা হয় ৬ বছরে
১ " " " $\frac{৬}{১০০}$ "
২০০ " " " $\frac{৬ \times ২০০}{১০০} = ১২$ বছরে

২০.৪৫০ টাকায় বার্ষিক ৬% সুদে কত বছরে সুদ আসলে ৫৫৮ টাকা হবে? *[ডাক বিভাগ খুলনা অঞ্চলের অফিস সহায়ক: ২২]*

ক ৩ বছরে খ ৪ বছরে
গ ৫ বছরে ঘ ৬ বছরে উ. খ

সমাধান: এখানে, $P = ৪৫০$ টাকা
$I = (৫৫৮ - ৪৫০)$ "
$= ১০৮$ টাকা
$r = ৬$
$n = ?$

আমরা জানি,

$$I = \frac{Pnr}{১০০}$$

$$\Rightarrow n = \frac{I \times ১০০}{P \times r}$$

$$= \frac{১০৮ \times ১০০}{৪৫০ \times ৬}$$

$= ৪$ বছর

Type : 06

আসল $= \frac{১০০ \times \text{সুদ}}{\text{হার} \times \text{সময়}}$ অথবা, $P = \frac{১০০ \times I}{n \times r}$

২১.১০% মুনাফায় কত টাকার ৫ বছরের মুনাফা ১৫০০ টাকা হবে? *[পোস্ট মাস্টার জেনারেল (উত্তরাঞ্চল) এর পোস্টম্যান: ২২]*

ক ৩০০০ টাকা খ ৪০০০ টাকা
গ ৫০০০ টাকা ঘ ৩৫০০ টাকা উ. ক

সমাধান: আমরা জানি,

$$I = \frac{Prn}{১০০}$$

$$\Rightarrow P = \frac{I \times ১০০}{rn}$$

$$= \frac{১৫০০ \times ১০০}{১০ \times ৫} = ৩০০০$$

এখানে,
$r = ১০\%$
$n = ৫$
$I = ১৫০০$

২২.৫% বার্ষিক মুনাফায় কত টাকায় ২ বছরের মুনাফা ১২০ টাকা? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অফিস সহায়ক: ২১]*

ক ১২০০ টাকা খ ১২৫০ টাকা
গ ১০০০ টাকা ঘ ১৫০০ টাকা উ. ক

সমাধান: আমরা জানি,

সরল সুদের ক্ষেত্রে, $I = \frac{pnr}{১০০}$

$$\Rightarrow p = \frac{I \times ১০০}{n \times r}$$

$$= \frac{১২০ \times ১০০}{২ \times ৫} = ১২০০ \text{ টাকা}$$

এখানে,
$I = ১২০$ টাকা
$n = ২$ বছর
$r = ৫\%$
$p = ?$

২৩.সুদের হার ৬% থেকে কমে ৪% হওয়ায় এক ব্যক্তির বাৎসরিক আয় ২০ টাকা কমে গেল। আসলের পরিমাণ কত? *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]*

ক ১০০ টাকা খ ২০০ টাকা
গ ১০০০ টাকা ঘ ২০০০ টাকা। উ. গ

সমাধান: এখানে, $৬\% - ৪\% = ২\%$
শর্তমতে, $২\% = ২০$

$$\therefore ১০০\% = \frac{২০ \times ১০০}{২} = ১০০০$$

$\therefore$ আসল $= ১০০০$ টাকা।

২৪.শতকরা বার্ষিক $৮\frac{১}{২}$ টাকা মুনাফায় কত টাকার ৬ বছরের মুনাফা ২৫৫০ টাকা হবে? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর পরিবার কল্যাণ পরিদর্শিকা: ২৩]*

ক ৫০০০ খ ৭৫০০
গ ৬০০০ ঘ ৬৫০০ উ. ক

সমাধান: আমরা জানি,
$I = Pnr$

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

$\Rightarrow Pnr = I$

$\Rightarrow P = \frac{I}{nr}$

$= \frac{২৫৫০}{৬ \times \frac{১৭}{২ \times ১০০}}$

$= \frac{২৫৫০ \times ২ \times ১০০}{৬ \times ১৭}$

$= ৫০০০$ টাকা

এখানে,

$r = ৪\frac{১}{২}\% = \frac{১৭}{২}\% = \frac{১৭}{২ \times ১০০}$

$n = ৬$ বছর

$I = ২৫৫০$ টাকা

$p = ?$

২৫.বার্ষিক সুদের হার ৫% থেকে হ্রাস পেয়ে $৪\frac{৩}{৪}\%$ হওয়ায় এক ব্যক্তির ৪০ টাকা আয় কমে গেল। তাঁর মূলধন কত? *[হিসাব নিরীক্ষকের কার্যালয়ের নিরীক্ষক: ২৩]*

ক ১৬০০ টাকা খ ১৬০০০ টাকা
গ ১৬০০০০ টাকা ঘ ১৬০০০০০ টাকা উ. খ

সমাধান: মনেকরি, মূলধন = ১০০ টাকা

সুদের হার হ্রাস = $৫\% - ৪\frac{৩}{৪}\%$

$= ৫\% - \frac{১৯}{৪}\% = (\frac{২০ - ১৯}{৪})\% = \frac{১}{৪}\%$

এখন, সুদ $\frac{১}{৪}$ টাকা পেলে আসল ১০০ টাকা

" ১ " " " ৪ × ১০০ "

∴ " ৪০ " " " ৪ × ১০০ × ৪০ "

= ১৬০০০ টাকা

∴ আসল ১৬০০০ টাকা

Type : 07

$$\text{আসল} = \frac{১০০ \times \text{সুদ-আসল}}{(\text{হার} \times \text{সময়}) + ১০০} = \frac{100 \times A}{rn + 100}$$

২৬.শতকরা ৫ টাকা হার সুদে ২০ বছরের সুদে আসলে ৫০০০০ টাকা হলে মূলধন কত? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরে এমএলএস/নিরাপত্তা প্রহরী: ২৩]*

ক ২০০০০ টাকা খ ২৫০০০ টাকা
গ ৩০০০০ টাকা ঘ ৩৫০০০ টাকা উ. খ

সমাধান: মনেকরি, আসল = p টাকা

আমরা জানি,

$$\text{সুদ} = I = \frac{Pnr}{১০০} = \frac{P \times ২০ \times ৫}{১০০} = P$$

প্রশ্নমতে, $I + P = ৫০০০০$

$\Rightarrow P + P = ৫০০০০$

$\Rightarrow ২P = ৫০০০০$

$\Rightarrow P = ২৫০০০$

∴ আসল = ২৫০০০ টাকা

২৭.১২% সরল সুদে কত টাকা ৮ বছরে সুদে-আসলে ৪৯০০ টাকা হবে? *[যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ২২]*

ক ২০০০ টাকা খ ২৪০০ টাকা
গ ৩০০০ টাকা ঘ ২৫০০ টাকা উ. ঘ

সমাধান: এখানে,

১০০ টাকায় ১ বছরের সুদ = ১২ টাকা

১০০ " ৮ " " = ১২ × ৮ = ৯৬ টাকা

তাহলে সুদাসল = ১০০ + ৯৬ = ১৯৬ টাকা

সুদাসল ১৯৬ টাকা হলে আসল ১০০ টাকা

" ১ " " " $\frac{১০০}{১৯৬}$ "

∴ " ৪৯০০ " " " $\frac{১০০ \times ৪৯০০}{১৯৬} = ২৫০০$ টাকা

২৮.বার্ষিক $৪\frac{১}{২}\%$ সরল সুদে কত টাকা বিনিয়োগ করলে ৪ বছরে তা সুদে আসলে ৮২৬ টাকা হবে? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ল্যাবরেটরি সহকারী: ২১]*

ক ৪৫৮ টাকা খ ৬৫০ টাকা
গ ৭০০ টাকা ঘ ৭২৫ টাকা উ. গ

সমাধান: এখানে,

১০০ টাকায় ১ বছরের সুদ $৪\frac{১}{২}$ বা $\frac{৯}{২}$ টাকা

∴ ১০০ " ৪ " " $\frac{৯ \times ৪}{২} = ১৮$ টাকা

∴ সুদাসল = ১০০ + ১৮ = ১১৮ টাকা

এখন, সুদাসল ১১৮ টাকা হলে আসল ১০০ টাকা

" ১ " " " $\frac{১০০}{১১৮}$ "

∴ " ৮২৬ " " " $\frac{১০০ \times ৮২৬}{১১৮}$ "

= ৭০০ টাকা

Type : 08

সরল ও যৌগিক মুনাফা

→ *নিম্নোক্ত সূত্রের সাহায্যে আমরা অঙ্কগুলোর সমাধান করব।*

সরল ও যৌগিক মুনাফার সূত্র:		
সরল মুনাফা বা সুদ (I)	$\frac{pnr}{১০০}$	এখানে, P= মূলধন বা আসল, n = সময়, r = হার, A = বৃদ্ধিমূল বা সুদাসল
চক্রবৃদ্ধি মূলধন (C)	$P(1 + \frac{r}{১০০})^n$	
চক্রবৃদ্ধি মুনাফা (A)	$P(1+\frac{r}{১০০})^n - p$	

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

২৯. শতকরা ১০ টাকা মুনাফায় ১০০ টাকার ২ বছর পর চক্রবৃদ্ধি মুনাফা কত? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক: ২৩]*

ক ২২ টাকা খ ২১ টাকা
গ ২০.৫০ টাকা ঘ ২০ টাকা **উ. খ**

সমাধান: আমরা জানি,

$$C = P(১ + \frac{r}{১০০})n$$

$$= ১০০(১ + \frac{১০}{১০০})^২$$

$$= ১০০(১ + \frac{১}{১০})^২$$

২. ১২ জন শ্রমিক ৩ দিনে ৭২০ টাকা আয় করে। ৯ জন শ্রমিক কতদিনে সমপরিমাণ টাকা আয় করে? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর মেডিকেল টেকনোলজিস্ট ও কম্পিউটার অপারেটর: ২৩]*
ক ৬ দিনে খ ৪ দিনে
গ ৮ দিনে ঘ ১০ দিনে উ. খ
সমাধান: ১২ জনে আয় করে ৩ দিনে
১ " " " ৩×১২"
∴ ৯ " " " $\frac{৩ \times ১২}{৯} = ৪$ দিনে

৩. ১০ জন লোক একটি কাজ ২০ দিনে করলে কয়জন লোক সে কাজ ১ দিনে করতে পারবে? *[ডাক অধিদপ্তরের হিসাব সহকারী/কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক ১৫০ জন খ ২০০ জন
গ ৫০ জন ঘ ৩০০ জন উ. খ
সমাধান: ১০ দিনে কাজটি করে ২০ জন লোক
∴ ১ " " " $২০ \times ১০ = ২০০$ জন লোক

৪. ১ মার্কিন ডলার = ১০৩.৫ টাকা হলে ৩০০ মার্কিন ডলার বাংলাদেশি কত টাকার সমান? *[বাংলাদেশ নির্বাচন কমিশনের অফিস সহায়ক: ২৩]*
ক ২০৭০০ খ ৩০৭৫০
গ ৩১৫০ ঘ ৩১০৫০ উ. ঘ
সমাধান: ১ মার্কিন ডলার = ১০৩.৫ টাকা
∴ ৩০০ " " $= ১০৩.৫ \times ৩০০ = ৩১০৫০$ টাকা

৫. রায়হান এক একর জমিতে ধান চাষ করে ৪০০ কেজি ধান পেয়েছে। প্রতি কেজি ধানে ৭০০ গ্রাম চাল পাওয়া গেলে সে কী পরিমাণ চাল পেল? *[বাংলাদেশ নির্বাচন কমিশনের অফিস সহায়ক: ২৩]*
ক ২৮ কেজি খ ২৮০ কেজি
গ ২৮০০ কেজি ঘ ২৮০০০ কেজি উ. খ
সমাধান: ১ কেজি ধানে চাল = ০.৭ কেজি
∴ ৪০০ " " " $= ৪০০ \times ০.৭ = ২৮০$ কেজি

৬. দাপ্তরিক কাজে একটি অফিসের শাখায় প্রতি মাসে কাগজ বাবদ ১০০০ টাকা; কলম বাবদ ১০০ টাকা এবং এবং অন্যান্য খাতে ৪০০ টাকা ব্যয় হলে বছরে মোট কত টাকার প্রয়োজন হবে? *[বাংলাদেশ নির্বাচন কমিশনের অফিস সহায়ক: ২৩]*
ক ১৫০০ টাকা খ ১৮০০ টাকা
গ ১৮০০০ টাকা ঘ ১৫০০০ টাকা উ. গ
সমাধান: ১ম মাসে খরচ হয় $= ১০০০ + ১০০ + ৪০০$
$= ১৫০০$ টাকা
∴ ১ বছর বা ১২ মাসে খরচ $= ১৫০০ \times ১২$
$= ১৮০০০$ টাকা

৭. ১টি গাড়ি ৫ কিলোমিটার যেতে ২ লিটার ডিজেল খরচ হয়, ১০ কিলোমিটার যেতে কত লিটার ডিজেল খরচ হবে? *[বিএডিসির ড্রাইভার: ২৩]*

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ক ১০ লিটার খ ৪ লিটার
গ ১৫ লিটার ঘ ৮ লিটার উ. খ

সমাধান: ৫ কি.মি. যেতে খরচ হয় ২ লিটার

১ " " " " $\frac{২}{৫}$ "

∴ ১০ " " " " $\frac{২ \times ১০}{৫} = ৪$ লিটার

৮. ১৫ কেজি চাল ২৫৫ টাকায় পাওয়া যায়। ৩৪০ টাকায় কত কেজি চাল পাওয়া যাবে? *[LGED এর ইলেকট্রিশিয়ান ও সার্ভেয়ার: ২৩]*

ক ২০ কেজি খ ১০ কেজি
গ ২৫ কেজি ঘ ৩০ কেজি উ. ক

সমাধান: ২৫৫ টাকায় পাওয়া যায় ১৫ কেজি

∴ ১ " " " $\frac{১৫}{২৫৫}$ "

∴ ৩৪০ " " " $\frac{১৫ \times ৩৪০}{২৫৫} = ২০$ কেজি

৯. ১ ডজন ডিমের দাম ৫৪ টাকা হলে ৪৫ টাকায় কয়টি ডিম পাওয়া যাবে? *[প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিস সহায়ক: ২৩]*

ক ১০টি খ ৮টি
গ ৯টি ঘ ১১টি উ. ক

সমাধান: ৫৪ টাকায় পাওয়া যায় ১২টি ডিম

১ " " " $\frac{১২}{৫৪}$ " "

∴ ৪৫ " " " $\frac{১২ \times ৪৫}{৫৪} = ১০$টি

১০. আয়েশা ৭২ টাকা দিয়ে ৩টি খাতা কিনল। ১২টি খাতা কিনতে তার কত টাকা লাগবে? *[বাংলাদেশ নির্বাচন কমিশনের অফিস সহায়ক: ২৩]*

ক ১৪৪ টাকা খ ২১৬ টাকা
গ ২৮৮ টাকা ঘ ৪৩২ টাকা উ. গ

সমাধান: ৩ টি খাতার দাম ৭২ টাকা

১ " " " $\frac{৭২}{৩}$ "

∴ ১২ " " " $\frac{৭২ \times ১২}{৩} = ২৮৮$ টাকা

১১. একটি কলমের দাম ১০ টাকা এবং ১০টি খামের দাম ৩ টাকা। ৩টি কলম ও ১০টি খামের দাম কত? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি. এর বিভিন্ন পদ: ২৩]*

ক ৩৩ টাকা খ ৩৬ টাকা
গ ৩১ টাকা ঘ ১৩ টাকা উ. ক

সমাধান: দেওয়া আছে,
১টি কলমের দাম ১০ টাকা
∴ ৩ " " " ৩ × ১০ = ৩০ টাকা
এবং ১০ টি খামের দাম ৩ টাকা
তাহলে, ৩টি কলম ও ১০টি খামের মোট দাম = ৩০ + ৩
= ৩৩ টাকা

১২. ৬টি গরুর জন্য যা ব্যয় হয় ৪টি মহিষের জন্য তা ব্যয় হয়। ১০টি মহিষ পালন করতে যা ব্যয় হয় তাতে কতটা গরু পালন করা যাবে? *[বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]*

ক ১৫টি খ ৭৫টি
গ ৪৫টি ঘ ২৫টি উ. ক

সমাধান: ৪টি মহিষ = ৬টি গরু

১ " " = $\frac{৬}{৪}$ " "

∴ ১০ " " = $\frac{৬ \times ১০}{৪} = ১৫$ টি গরু

১৩. ১০টি বানর ১ মিনিটে ১০টি কলা খেতে পারে। ৫০টি বানরের ৫০টি কলা খেতে কত সময় লাগবে? *[বাংলাদেশ রেলওয়ের খালাসী: ২২]*

ক ১ মিনিট খ ৫ মিনিট
গ ১০ মিনিট ঘ ৫০ মিনিট উ. ক

সমাধান:
১০টি বানর ১০টি কলা খায় ১ মিনিটে

১০ " " ১ " " " $\frac{১}{১০}$ "

১ " " ১ " " " $\frac{১ \times ১০}{১০}$ "

৫০ " " ১ " " " $\frac{১ \times ১০}{১০ \times ৫০}$ "

∴ ৫০ " " ৫০ " " " $\frac{১ \times ১০ \times ৫০}{১০ \times ৫০} = ১$ মিনিটে

১৪. ১৫টি ছাগলের মূল্য ৩টি গরুর মূল্যের সমান। ২০টি ছাগলের পরিবর্তে কয়টি গরু পাওয়া যাবে? *[বাংলাদেশ রেলওয়ের খালাসী: ২২]*

ক ৪টি খ ৫টি
গ ৬টি ঘ ১০টি উ. ক

সমাধান:
১৫টি ছাগলের মূল্যে পাওয়া যায় ৩ টি গরু

১ " " " " " $\frac{৩}{১৫}$ " "

∴ ২০ " " " " " $\frac{৩ \times ২০}{১৫} = ৪$টি

১৫. ১৮টি ছাগলের দাম ৪টি গরুর দামের সমান হলে, ৪৫টি ছাগলের পরিবর্তে কতটি গরু পাওয়া যাবে? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*

ক ৭টি খ ৮টি
গ ৯টি ঘ ১০টি উ. ঘ

সমাধান:
১৮ টি ছাগলের দামে পাওয়া যায় ৪টি গরু

১ " " " " " $\frac{৪}{১৮}$ " "

∴ ৪৫ " " " " " $\frac{৪ \times ৪৫}{১৮} = ১০$টি গরু

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১৬.যদি ৬টি ঘোড়া ৪ দিনে ৩০ সের ছোলা খায়, তবে কয়টি ঘোড়া ঐ সময়ে ২৫ সের ছোলা খাবে? [এসএসআই এর ওয়্যারলেস অপারেটর/ হিসাবরক্ষক: ২১]

ক) ৬ খ) ৫ উ. খ
গ) ৭ ঘ) ৮

সমাধান: ৩০ সের ছোলা ৪ দিনে খায় ৬ টি ঘোড়া

১ " " ৪ " " $\frac{৬}{৩০}$ " "

∴ ২৫ " " ৪ " " $\frac{৬ \times ২৫}{৩০} = ৫$ টি ঘোড়া

A/S: ঘোড়ার সংখ্যা $= \frac{৬ \times ২৫}{৩০} = ৫$ টি

১৭.একজন দৌড়বিদ ৪০০ মিটার বিশিষ্ট গোলাকার ট্রাকে ২৪ চক্কর দৌড়ালে, সে কত দূরত্ব দৌড়াল? [পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর পরিবার কল্যাণ পরিদর্শিকা: ২৩]

ক) ৯.৬ কি.মি. খ) ৯.৯ কি.মি.
গ) ৯.৭ কি.মি. ঘ) ৯.৮ কি.মি. উ. ক

সমাধান: দৌড়বিদ ১ চক্করে যায় ৪০০ মিটার

∴ " ২৪ " " ২৪×৪০০ "

$= ৯৬০০$ মিটার $= ৯.৬$ কি.মি.

১৮.৫ ডজন কলা ও ২ হালি ডিমের দাম ৬৭২ টাকা ও ১টি ডিমের দাম ৯ টাকা হলে এক হালি কলার দাম কত টাকা? [বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের গ্রাউন্ড সার্ভিস অ্যাসিসট্যান্ট: ২২]

ক) ৫০ খ) ৬০
গ) ৪০ ঘ) ৮০ উ. গ

সমাধান: এখানে, ১টি ডিমের দাম ৯ টাকা

∴ ২ হালি বা ৮টি ডিমের দাম $= ৯ \times ৮ = ৭২$ টাকা

তাহলে ৫ ডজন কলার দাম $= ৬৭২ - ৭২ = ৬০০$ টাকা

আমরা জানি, ১ ডজন $= ১২$টি

∴ ৫ " $= ৫ \times ১২ = ৬০$টি

এখন, ৬০টি কলার দাম ৬০০ টাকা

১ " " " $\frac{৬০০}{৬০}$ "

∴ ৪ " " " $\frac{৬০০ \times ৪}{৬০} = ৪০$ টাকা

১৯.এক কুড়ি কৈ মাছের দাম ৫০.০০ টাকা হলে একটি কৈ মাছের দাম কত? [মৎস্য অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]

ক) ২.০০ টাকা খ) ৩.০০ টাকা
গ) ২.৫০ টাকা ঘ) ৪.০০ টাকা উ. গ

সমাধান: আমরা জানি, ১ কুড়ি $= ২০$ টি

২০টি কৈ মাছের দাম ৫০ টাকা

∴ ১ " " " " $\frac{৫০}{২০} = ২.৫০$ টাকা

২০. ৪ বর্গফুট একটি বর্গাকার জায়গা ঢাকতে ৪ বর্গফুট ক্ষেত্রবিশিষ্ট কয়টি পাথর লাগবে? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ:২১]

ক) ১টি খ) ৬টি
গ) ৩টি ঘ) ৪টি উ. ঘ

সমাধান: নির্ণেয় পাথর সংখ্যা $= \frac{৪}{৪} = ১$টি

২১.সাজিদ ৪০০ কেজি ধান পেয়েছে। প্রতি কেজি ধানে ৭০ গ্রাম চাল হলে, সে কী পরিমাণ চাল পেল? [বাংলাদেশ ব্যাংক সহকারী: ২১]

ক) ৪০০ কেজি খ) ২৫০ কেজি
গ) ২৮০ কেজি ঘ) ২৬০ কেজি উ. গ

সমাধান: আমরা জানি, ১০০০ গ্রাম $= ১$ কেজি

∴ ৭০০ " $= \frac{৭০০}{১০০} = ০.৭$ কেজি

২২.x সংখ্যক আমের দাম y টাকা হলে, x টাকায় কতটি আম পাওয়া যাবে? [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার সুপারভাইজার: ২১]

ক) $\frac{x^3}{y}$ খ) $\frac{x^2}{y}$ গ) $\frac{x}{y}$ ঘ) $\frac{x^4}{y}$ উ. খ

সমাধান: y টাকায় পাওয়া যায় x টি আম

১ " " " $\frac{x}{y}$ " "

∴ x " " " $\frac{x \times x}{y} = \frac{x^2}{y}$ টি আম

২৩.a সংখ্যক আমের দাম b টাকা হলে a টাকায় কতটি আম কেনা যাবে? [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]

ক) a/b খ) a^2/ab
গ) a^2/b ঘ) ab উ. গ

সমাধান: b টাকায় পাওয়া যায় a সংখ্যক আম

১ " " " $\frac{a}{b}$ " "

∴ a " " " $\frac{a \times a}{b} = \frac{a^2}{b}$ সংখ্যক আম

তাহলে, ১ কেজি ধানে চাল হয় ০.৭ কেজি

∴ ৪০০ " " " " $০.৭ \times ৪০০ = ২৮০$ কেজি

Type : 02
বালতি বা পাত্র সম্পর্কিত

২৪.একটি পানি ভর্তি বালতির ওজন ৬০ কেজি। বালতির এক-চতুর্থাংশ পানিপূর্ণ হলে তার ওজন হয় ৩০ কেজি। বালতিটির ওজন কত? [যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ২২]

ক) ২০ কেজি খ) ১৫ কেজি
গ) ২৫ কেজি ঘ) ৩০ কেজি উ. ক

সমাধান: দেওয়া আছে,

বালতি + ১ অংশ পানির ওজন $= ৬০$ কেজি

$\underset{(-)}{\text{বালতি}} + \underset{(-)}{\frac{১}{৪}}$ " " " $= ৩০$ "

$(১ - \frac{১}{৪})$ " " " $= ৩০$ কেজি

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

$\Rightarrow \frac{৩}{৪}$ " " " = ৩০ "

$\Rightarrow ১$ " " " $= \frac{৩০ \times ৪}{৩} = ৪০$ কেজি

এখন, বালতি + ১ অংশ পানির ওজন ৬০ কেজি

$\Rightarrow$ বালতির ওজন + ৪০ কেজি = ৬০ কেজি

$\Rightarrow$ বালতির ওজন = ৬০ কেজি - ৪০ কেজি

$\therefore$ বালতির ওজন = ২০ কেজি

খ. কাজ ও সময়

Type : 01
কাজ ও সময় এর সাধারণ নিয়ম সংক্রান্ত

২৫.যদি একটি কাজ ৯ জন লোক ১২ দিনে করতে পারে, তাহলে ১২ জন লোক ঐ কাজটি কত দিনে করতে পারবে? *[বিএডিসির ড্রাইভার: ২৩]*

ক ৮ দিনে খ ৯ দিনে
গ ১০ দিনে ঘ ১২ দিনে উ. খ

সমাধান: ৯ জন লোকে করে ১২ দিনে

১ " " " ৯ × ১২ "

$\therefore$ ১২ " " " $\frac{৯ \times ১২}{১২} = ৯$ দিনে

২৬.১৫ জন লোক একটি কাজ শেষ করে ৩ ঘণ্টায়। ৫ জন লোক ঐ কাজ করতে কত সময় লাগবে? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি. এর বিভিন্ন পদ: ২৩]*

ক ৫ ঘণ্টায় খ ৭ ঘণ্টায়
গ ৯ ঘণ্টায় ঘ ৪ ঘণ্টায় উ. গ

সমাধান: ১৫ জন লোক কাজটি করে ৩ ঘণ্টায়

১ " " " ৩ × ১৫ "

$\therefore$ ৫ " " " $\frac{৩ \times ১৫}{৫} = ৯$ ঘণ্টায়

২৭.একটি কাজের $\frac{১}{৩}$ অংশ শেষ হয় ৩ দিনে, ঐ কাজের ৩ গুণ কাজ সম্পন্ন করতে কতদিন লাগে? *[বন অধিদপ্তরের জুনিয়র ওয়াইল্ড লাইফ স্কাউট: ২২]*

ক ৯ দিন খ ১৮ দিন
গ ২৭ দিন ঘ ৩৬ দিন উ. ক

সমাধান: কাজটির $\frac{১}{৩}$ অংশ শেষ হয় ১ দিনে

" ১ " " " ৩ "

$\therefore$ " ৩ " " " ৩ × ৩ = ৯ দিনে

২৮.১৫ জন লোক একটি কাজ শেষ করে ৩ ঘণ্টায়। ৫ জন লোক ঐ কাজ কত সময়ে শেষ করবে? *[ডাক ও জীবনবীমা অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক: ২২]*

ক ৫ ঘণ্টায় খ ৭.৫ ঘণ্টায়
গ ৯ ঘণ্টায় ঘ ৪ ঘণ্টায় উ. গ

সমাধান:

১৫ জন লোক কাজটি শেষ করে ৩ ঘণ্টায়

১ " " " " (৩ × ১৫) "

৫ " " " " $\frac{৩ \times ১৫}{৫} = ৯$ ঘণ্টায়

২৯.একটি কাজ ৯ জন লোক ১২ দিনে করতে পারে। অতিরিক্ত ৩ জন লোক নিয়োগ করলে কাজটি কত দিনে শেষ হবে? *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*

ক ১০ খ ১২
গ ৭ ঘ ৯ উ. ঘ

সমাধান: পরিবর্ধিত জনবল (৯ + ৩) = ১২ জন

৯ জন লোকে একটি কাজ করতে পারে ১২ দিনে

১ " " " " " " ১২ × ৯ "

$\therefore$ ১২ " " " " " $\frac{১২ \times ৯}{১২} = ৯$ দিনে

$A/S: D_2 = \frac{M_1 \times D_1}{M_2} = \frac{৯ \times ১২}{১২} = ৯$ দিনে

৩০.১০ জন লোক একটি কাজ ২০ দিনে করতে পারে। ২০ জন লোকের কাজটি করতে কত দিন লাগবে? *[পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২১]*

ক ২৫ দিন খ ২০ দিন
গ ১৫ দিন ঘ ১০ দিন উ. ঘ

সমাধান: ১০ জনে কাজটি করে ২০ দিনে

১ " " " ২০ × ১০ "

$\therefore$ ২০ " " " $\frac{২০ \times ১০}{২০} = ১০$ দিনে

৩১.১৬ জন লোক একটি কাজ ৬ দিনে সম্পন্ন করে। কাজটি ২ দিনে সম্পন্ন করতে কতজন লাগবে? *[বাংলাদেশ টেলিভিশনের ক্যাশিয়ার: ২১]*

ক ২৪ জন খ ১২ জন
গ ৪৮ জন ঘ ১৫ জন উ. গ

সমাধান: ৬ দিনে কাজটি করে ১৬ জনে

১ " " " ১৬ × ৬ "

$\therefore$ ২ " " " $\frac{১৬ \times ৬}{২} = ৪৮$ জনে

৩২.১৫ জন লোক একটি কাজ ১৫ দিনে করলে কতজন লোকে ঐ কাজ ১ দিনে করতে পারবে? *[বাংলাদেশ টেলিভিশনের অফিস সহযোগী: ২১]*

ক ৩০০ খ ২২৫
গ ১৫ ঘ ২০০ উ. খ

সমাধান: ১৫ দিনে কাজটি করে ১৫ জনে

$\therefore$ ১ " " " ১৫ × ১৫ = ২২৫ জনে

৩৩.১২ জন লোক একটি কাজ ৯ দিনে করতে পারে। একই হারে কাজ করলে ১৮ জনে কাজটি কত দিনে করতে পারবে? *[বাংলাদেশ টেলিভিশনের অফিস সহযোগী: ২১]*

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ক ৬ দিন খ ৭ দিন
গ ৫ দিন ঘ ৪ দিন উ. ক

সমাধান: ১২ জনে কাজটি করে ৯ দিনে
১ " " " ৯ × ১২ "
∴ ১৮ " " " $\frac{৯ \times ১২}{১৮}$ = ৬ দিন

৩৪.যদি একটি কাজ ৯ জন লোক ১২ দিনে করতে পারে। অতিরিক্ত ৩ জন লোক নিয়োগ করলে কাজটি কতদিনে শেষ হবে? [কোস্টাল বিমান চলাচল কর্তৃপক্ষের স্টোরম্যান/ডেপুটি রাইডার: ২১]

ক ৭ খ ৯
গ ১০ ঘ ১২ উ. খ

সমাধান: অতিরিক্ত ৩ জন সহ মোট লোক = ৯ + ৩ = ১২
এখন, ৯ জনে কাজটি করে ১২ দিনে
১ " " " ১২ × ৯ "
∴ ১২ " " " $\frac{১২ \times ৯}{১২}$ = ৯ দিনে

৩৫.১০ জন শ্রমিক যে কাজ ২৫ দিনে করতে পারে, সেই কাজ ১০ দিনে সম্পন্ন করতে কতজন শ্রমিক লাগবে? [এনএসআই এর ওয়াচার কনস্টেবল/ ফিল্ড স্টাফ: ২১]

ক ১০ জন খ ২৫ জন
গ ৩০ জন ঘ ৩৫ জন উ. খ

সমাধান: ২৫ দিনে করে ১০ জন শ্রমিক
১ " " ১০ × ২৫ " "
∴ ১০ " " $\frac{১০ \times ২৫}{১০}$ = ২৫ জন শ্রমিক

৩৬.৩ দিনে একটি কাজের ১/৮ অংশ শেষ হয়। ঐ কাজের দ্বিগুণ কাজ সম্পন্ন করতে কতদিন সময় লাগবে? [এনএসআই এর ডেপুটি রাইডার ও অফিস সহায়ক: ২১]

ক ২৪ দিন খ ১২ দিন
গ ৪৮ দিন ঘ ৬০ দিন উ. গ

সমাধান: $\frac{১}{৮}$ অংশ কাজ শেষ হয় ৩ দিনে
১ " " " " ৩ × ৮ "
∴ ২ " " " " ৩ × ৮ × ২ = ৪৮ দিনে

৩৭.রহিম একটি কাজের ১/৫ অংশ করে ১ দিনে। সে ২০ দিনে কত অংশ কাজ করবে? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]

ক ৩ অংশ খ ৪ অংশ
গ ৫ অংশ ঘ ৬ অংশ উ. খ

সমাধান: রহিম ১ দিনে করে $\frac{১}{৫}$ অংশ
∴ " ২০ " " $\frac{২০ \times ১}{৫}$ = ৪ অংশ

৩৮.১০ জনে একটি কাজের অর্ধেক করতে পারে ৭ দিনে, ঐ কাজটি ৫ জনে করতে কতদিন সময় লাগবে? [এলজিইডি'র হিসাব সহকারী: ২১]

ক ৩৫ দিন খ ৪২ দিন
গ ১৪ দিন ঘ ২৮ দিন উ. ঘ

সমাধান: ১০ জনে $\frac{১}{২}$ অংশ করে ৭ দিনে
∴ ১০ " ১ " " ৭ × ২ "
∴ ১ " ১ " " ৭ × ২ × ১০ "
∴ ৫ " ১ " " $\frac{৭ \times ২ \times ১০}{৫}$ = ২৮ দিনে।

৩৯.দৈনিক ৬ ঘণ্টা পরিশ্রম করে ১০ জন লোক একটি কাজ ৭ দিনে করতে পারে। দৈনিক কত ঘণ্টা পরিশ্রম করে ১৪ জনে ৬ দিনে ঐ কাজটি করতে পারবে? [ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক: ২৩]

ক ৫ ঘণ্টা খ ১৫ ঘণ্টা
গ ১০ ঘণ্টা ঘ ৭ ঘণ্টা উ. ক

সমাধান:
১০ জন লোক ৭ দিনে কাজটি করে দৈনিক ৬ ঘণ্টা করে
১ " " ১ " " " " ৬ × ১০ × ৭
∴ ১৪ " " ৬ " " " " $\frac{৬ \times ১০ \times ৭}{৬ \times ১৪}$
= ৫ ঘণ্টা করে

৪০.কোন ছাত্রাবাসের ৪০ জন ছাত্রের ৩০ দিনের খাবার আছে। ৫ দিন পরে আরও ১০ জন ছাত্র আসলে অবশিষ্ট খাদ্যে তাদের কত দিন চলবে? [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]

ক ১৫ দিন খ ২০ দিন
গ ২৪ দিন ঘ ১৮ দিন উ. খ

সমাধান: দিন বাকি থাকে = (৩০ - ৫) = ২৫ দিন
মোট ছাত্র = (৪০ + ১০) = ৫০ জন
৪০ জন ছাত্রের খাবার আছে ২৫ দিনের
১ " " " " ২৫ × ৪০ "
∴ ৫০ " " " " $\frac{২৫ \times ৪০}{৫০}$ = ২০ দিন।

৪১.একটি দুর্গে ১৫০ জন লোকের ৪৫ দিনের খাবার মজুদ ছিল। ১০ দিন পর, ২৫ জন লোক দুর্গ ছেড়ে চলে যায়। অবশিষ্ট খাবার কতদিন চলবে? [বাংলাদেশ তাঁত বোর্ডের বিভিন্ন পদ: ২২]

ক ৪৪ খ ৩৮
গ ৪২ ঘ ৪০ উ. গ

সমাধান:
অবশিষ্ট লোক = ১৫০ - ২৫ = ১২৫ জন
অবশিষ্ট সময় = ৪৫ - ১০ = ৩৫ দিন
১৫০ জনের খাবার আছে ৩৫ দিনের
১ " " " ৩৫ × ১৫০ "
∴ ১২৫ " " " $\frac{৩৫ \times ১৫০}{১২৫}$ = ৪২ দিন

৪২.যদি ৬ জন ছাত্র ৬ মিনিটে ৬ পৃষ্ঠা লিখতে পারে, তবে ১ জন ছাত্রে ১ পৃষ্ঠা লিখতে কত সময় লাগবে? [হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ক ৬ খ ৩
গ ২ ঘ কোনটিই নয় উ. ক

সমাধান: ৬ জন ছাত্র ৬ পৃষ্ঠা লিখে ৬ মিনিটে

∴ ৬ " " ১ " " $\frac{৬}{৬}$ "

∴ ১ " " ১ " " $\frac{৬ \times ৬}{৬}$ = ৬ মিনিটে

৪৩.যদি ১০ জন লোকের ১০ বিঘা জমির ধান কাটতে ১০ দিন লাগে তবে, ১ জন লোকের ১ বিঘা জমির ধান কাটতে কত দিন লাগবে? *[পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী: ২১]*

ক ১০ দিন খ ১ দিন
গ ২দিন ঘ ৩ দিন উ. ক

সমাধান: ১০ জন লোক ১০ বিঘা ধান কাটে ১০ দিনে

১০ " " ১ " " " $\frac{১০}{১০}$ "

∴ ১ " " ১ " " " $\frac{১০ \times ১০}{১০}$ "

= ১০ দিনে

৪৪.একটি গ্রুপে ৭২০ জন সৈন্যের ২০ দিনের খাবার মজুদ আছে। ১০ দিন পর কিছু নতুন সৈন্যের আগমন এর কারণে অবশিষ্ট খাদ্য তাদের ৮ দিন চলে। গ্রুপে কতজন নতুন সৈন্য এসেছে? *[বাংলাদেশ টেলিভিশনের ক্যাশিয়ার: ২১]*

ক ১৭৮ খ ১৮০
গ ২০০ ঘ ১৫০ উ. খ

সমাধান: অবশিষ্ট সময় থাকে (২০ - ১০) = ১০ দিন

১০ দিন পর,

অবশিষ্ট খাদ্য ১০ দিনে খেতে পারে ৭২০ জন সৈন্য

" " ১ " " " ৭২০ × ১০ " "

∴ " " ৮ " " " $\frac{৭২০ \times ১০}{৮}$ " "

= ৯০০ জন সৈন্য

∴ নতুন সৈন্য এসেছেল = (৯০০ - ৭২০) = ১৮০ জন

৪৫.১২ জন শ্রমিক ৩ দিনে ৭২০ টাকা আয় করে। ৯ জন শ্রমিক কত দিনে সম পরিমাণ টাকা আয় করে? *[এনএসআই এর ওয়্যারলেস অপারেটর/ হিসাবরক্ষক: ২১]*

ক ৬ দিনে খ ৪ দিনে
গ ৮ দিনে ঘ ১০ দিনে উ. খ

সমাধান:

১২ জন শ্রমিক ৭২০ টাকা আয় করে ৩ দিনে

১ " " ৭২০ " " " (৩ × ১২) "

∴ ৯ " " ৭২০ " " " $\frac{১২ \times ৩}{৯}$ = ৪ দিনে

A/S: $D_2 = \frac{৩ \times ১২}{৯}$ = ৪ দিনে

৪৬.কোন মেশিনের একটি পণ্য উৎপাদনে ২/৩ মিনিট লাগে। ঐ মেশিনটি ২ ঘণ্টায় কয়টি পণ্য উৎপাদন করবে? *[এনএসআই এর ওয়্যারলেস অপারেটর/ হিসাবরক্ষক: ২১]*

ক ১৮০ খ ২২০
গ ১৯০ ঘ ৪০৫ উ. ক

সমাধান: আমরা জানি, ১ ঘণ্টা = ৬০ মিনিট

∴ ২ " = ২ × ৬০ = ১২০ মিনিট

$\frac{২}{৩}$ মিনিটে পণ্য উৎপাদিত হয় ১টি

১ " " " " $\frac{৩}{২}$ "

∴ ১২০ " " " " $\frac{৩ \times ১২০}{২}$ = ১৮০টি

৪৭.দুজন কম্পিউটার অপারেটর দুই মিনিটে দুই পৃষ্ঠা টাইপ করতে পারে। ৬ মিনিটে ১৮ পৃষ্ঠা টাইপ করতে কত জন কম্পিউটার অপারেটর লাগবে? *[এনএসআই এর কম্পিউটার অপারেটর:২১]*

ক ৩ খ ৪
গ ৬ ঘ ৯ উ. গ

সমাধান:

২ পৃষ্ঠা ২ মিনিটে টাইপ করে ২ জনে

∴ ২ " ১ " " " ২ × ২ "

∴ ১ " ১ " " " $\frac{২ \times ২}{২}$ "

∴ ১৮ " ১ " " " $\frac{২ \times ২ \times ১৮}{২}$

∴ ১৮ " ৬ " " " $\frac{২ \times ২ \times ১৮}{২ \times ৬}$ = ৬ জনে।

৪৮.একটি সেনানিবাসে ১০০০ জন সৈনিকের ৯ মাসের খাবার আছে। ৫ মাস পর সৈন্যদল হতে ৪০০ জন সৈন্য অন্যত্র চলে গেলে বাকি সৈনিকের ঐ খাবার কত দিন চলবে? *[এনএসআই এর কম্পিউটার অপারেটর: ২১]*

ক ১২০ দিন খ ১৪০ দিন
গ ১৮০ দিন ঘ ২০০ দিন উ. ঘ

সমাধান: আমরা জানি, ১ মাস = ৩০ দিন

∴ ৯ মাস = ৯ × ৩ = ২৭০ দিন

এবং ৫ " = ৫ × ৩০ = ১৫০ দিন

∴ অবশিষ্ট সৈনিক = ১০০০ - ৪০০ = ৬০০ জন

" দিন = ২৭০ - ১৫০ = ১২০ দিন

∴ বাকি সৈনিকের ঐ খাবার চলবে, $D_2 = \frac{A \times D_1}{B}$

$= \frac{১০০০ \times ১২০}{৬০০}$ = ২০০ দিন

৪৯.একটি কাজ ৩০ জন লোক ২০ দিনে সম্পন্ন করে। কাজ শুরুর ১০ দিন পর ১০ জন লোক চলে গেলে বাদ বাকী কাজ কত দিনে শেষ হবে? *[বাংলাদেশ রেলওয়ের খালাসী: ২২]*

ক ২০ দিনে খ ১৫ দিনে
গ ১৫ দিনে ঘ ২৪ দিনে উ. গ

সমাধান: ৩০ জনে ২০ দিনে করে ১ অংশ

∴ ৩০ " ১ " " $\frac{১}{২০}$ "

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

∴ ৩০ " ১০ " " $\frac{১ \times ১০}{২০} = \frac{১}{২}$ অংশ

অবশিষ্ট কাজ $= ১ - \frac{১}{২} = \frac{২ - ১}{২} = \frac{১}{২}$ অংশ

" সময় = ২০ - ১০ = ১০ দিন

" মানুষ = ৩০ - ১০ = ২০ জন

এখন, ৩০ জনে ১ অংশ করে ২০ দিনে

৩০ " $\frac{১}{২}$ " " $\frac{২০}{২}$ "

১ " $\frac{১}{২}$ " " $\frac{২০ \times ৩০}{২}$ "

∴ ২০ " $\frac{১}{২}$ " " $\frac{২০ \times ৩০}{২ \times ২০} = ১৫$ দিনে

৫০.একটি কাজ ৩০ জন শ্রমিক ১৫ দিনে সম্পন্ন করতে পারে। ৫ দিন পর ১০ জন শ্রমিক চলে গেলে কাজটি সর্বমোট কত দিনে সম্পন্ন হবে? *[বাংলাদেশ রেলওয়ের পয়েন্টস্‌ম্যান: ২২]*

ক ১৮ খ ১০
গ ২০ ঘ ২৫ উ. গ

৫১.২ জন ব্যক্তির ২ পৃষ্ঠা টাইপ করতে ১ দিন সময় লাগলে ৫ জন ব্যক্তির ৫ পৃষ্ঠা টাইপ করতে কতদিন সময় লাগবে? *[ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস সহায়ক: ২২]*

ক ৫ দিন খ ১০ দিন
গ ১ দিন ঘ ২ দিন উ. গ

Type : 02

A একটি কাজ x দিনে এবং B একটি কাজ y দিনে করতে পারলে তাদের একত্রে কাজটি

করতে মোট সময় লাগে $= \frac{x \times y}{x + y}$

৫২.মিতা একটি কাজ ১০ দিনে করতে পারে। রিতা সে কাজ ১৫ দিনে করতে পারে। তারা একত্রে কত দিনে কাজটি শেষ করতে পারবে? *[রেলওয়ের সহকারী স্টেশন মাস্টার: ২২]*

ক ৬ খ ১২
গ ১৮ ঘ ৮ উ. ক

সমাধান: মিতা ১ দিনে করে কাজটির $\frac{১}{১০}$ অংশ

রিতা ১ " " " $\frac{১}{১৫}$ "

তারা একত্রে ১ দিনে করে কাজটির $= \left(\frac{১}{১০} + \frac{১}{১৫}\right)$ অংশ

$= \frac{৫}{৩০}$ অংশ

তারা একত্রে $\frac{৫}{৩০}$ অংশ কাজ করে ১ দিনে

" " ১ (সম্পূর্ণ) " " " $\frac{৩০}{৫} = ৬$ দিনে

৫৩.রফিক একটি কাজ ১০ দিনে করতে পারে। শফিক ঐ কাজ ১৫ দিনে করতে পারে। তারা একত্রে কাজটি কতদিনে শেষ করতে পারবে? *[খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*

ক ৬ দিন খ ৮ দিন
গ ১২ দিন ঘ ৭ দিন উ. ক

সমাধান:

একত্রে করতে পারবে $= \frac{১০ \times ১৫}{১০ + ১৫} = \frac{১০ \times ১৫}{২৫} = ৬$ দিনে

৫৪.মতি কমলের থেকে দ্বিগুণ দক্ষ এবং একই কাজ কমলের চেয়ে ৬০ দিন কম সময়ে সম্পন্ন করতে পারে। তারা উভয়ে একত্রে কতদিনে কাজটি শেষ করতে পারবে? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*

ক ৩০ দিন খ ৪০ দিন
গ ৫০ দিন ঘ ৬০ দিন উ. খ

সমাধান: মনেকরি, কমল কাজটি করে $২x$ দিনে

∴ মতি " " x "

প্রশ্নমতে, $২x - x = ৬০$

$\Rightarrow x = ৬০$

∴ মতি কাজটি করে ৬০ দিনে

এবং কমল " " $২ \times ৬০ = ১২০$ দিনে

∴ তারা একত্রে কাজটি করে $= \frac{১২০ \times ৬০}{১২০ + ৬০}$

$= \frac{১২০ \times ৬০}{১৮০} = ৪০$ দিনে

৫৫.দুই ব্যক্তি একটি কাজ একত্রে ৮ দিনে করতে পারে। প্রথম ব্যক্তি একা কাজটি ১২ দিনে করতে পারে। দ্বিতীয় ব্যক্তি একা ঐ কাজটি কত দিনে করতে পারবে? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ক্যাশিয়ার/স্টোর কিপার: ২১]*

ক ২০ দিনে খ ২৪ দিনে
গ ২৫ দিনে ঘ ৩০ দিনে উ. খ

সমাধান:

দুই ব্যক্তি একত্রে ১ দিনে করতে পারে $\frac{১}{৮}$ অংশ কাজ

১ম ব্যক্তি একাকী ১ " " " $\frac{১}{১২}$ " "

∴ ২য় " " ১ " " " $\left(\frac{১}{৮} - \frac{১}{১২}\right)$ "

$= \frac{৩ - ২}{২৪} = \frac{১}{২৪}$ অংশ কাজ

২য় ব্যক্তি, $\frac{১}{২৪}$ অংশ কাজ করে ১ দিনে

∴ ১ বা সম্পূর্ণ " " $\frac{১ \times ২৪}{১} = ২৪$ দিনে

A/S: মোট সময় $= \frac{১২ \times ৮}{(১২ - ৮)} = ২৪$ দিনে

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

Type : 03

যদি A ও B একত্রে কাজটি x দিনে এবং A একটি কাজ y দিনে করতে পারে তাহলে B এর একাকী কাজটি করতে মোট সময় লাগে $= \frac{x \times y}{x - y}$ $(x > y)$

৫৬.দুই ব্যক্তি একত্রে একটি কাজ ৮ দিনে করতে পারে। প্রথম ব্যক্তি একাকী ১২ দিনে করতে পারে। দ্বিতীয় ব্যক্তি একাকী ঐ কাজটি কয়দিনে করতে পারবে? *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*

ক ২৪ দিনে খ ২২ দিনে
গ ২০ দিনে ঘ ২৬ দিনে উ. ক

সমাধান: দ্বিতীয় ব্যক্তি কাজটি করতে পারে $= \frac{১২ \times ৮}{১২ - ৮}$

$= \frac{১২ \times ৮}{৪} = ২৪$ দিনে

৫৭.ক ও খ একত্রে একটি কাজ ১২ দিনে করতে পারে। ক একা কাজটি ২০ দিনে করতে পারে, খ একা কাজটি করতে পারবে- *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ল্যাবরেটরি সহকারী: ২১]*

ক ২৫ দিনে খ ৩৫ দিনে
গ ৪০ দিনে ঘ ৩০ দিনে উ. ঘ

সমাধান: 'খ' কাজটি করতে পারবে $= \frac{২০ \times ১২}{২০ - ১২}$ দিনে

$= \frac{২০ \times ১২}{৮} = ৩০$ দিনে

Type : 04

P_1 জন পুরুষ ও M_1 জন স্ত্রীলোক একত্রে একটি কাজ D_1 দিনে করতে পারে তাহলে P_2 জন পুরুষ ও M_2 জন স্ত্রীলোক একত্রে কাজটি করতে সময় লাগবে $D_2 = \frac{P_1 \times M_1 \times D_1}{P_1 \times M_2 + P_2 \times M_1}$

৮.৬ জন লোক ও ৮ জন বালক ১টি কাজ ১০ দিনে শেষ করতে পারে। একই কাজ ২৬ জন লোক ও ৪৮ জন বালক ২ দিনে শেষ করতে পারে। ১৫ জন লোক ও ২০ জন বালক ঐ কাজ কতদিনে করতে পারবে? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*

ক ৪ দিনে খ ৫ দিনে
গ ৬ দিনে ঘ ৭ দিনে উ. ক

সমাধান: $10(6M + 8B) = 2(26M + 48B)$

$\Rightarrow 5(6M + 8B) = 26M + 48B$

$\Rightarrow 30M + 40B = 26M + 48B$

$\Rightarrow 4M = 8B \Rightarrow M = 2B$

এখন, 6 জন লোক + 8 জন বালক $= 6 \times 2B + 8B$
$= 12B + 8B = 20B$

আবার,
15 জন লোক + 20 জন বালক $= 15 \times 2B + 20B$
$= 30B + 20B = 50B$

এখন, 20 জন বালক কাজটি করে 10 দিনে
1 " " " " 10×20"
$\therefore$ 50 " " " " $\frac{10 \times 20}{50} = 4$ দিনে

গ. দুরত্ব ও বেগ

- ♦ দূরত্ব = বেগ × সময়

বা, বেগ $= \frac{\text{দূরত্ব}}{\text{সময়}}$

বা, সময় $= \frac{\text{দূরত্ব}}{\text{বেগ}}$

- ♦ কোনো দূরত্বের প্রথম অংশ M কি.মি/ঘণ্টা বেগে এবং দ্বিতীয় অংশ N কি.মি/ঘণ্টা বেগে চললে সমগ্র যাত্রাপথে মোট সময় T হলে স্থান দুইটির মধ্যবর্তী দূরত্ব-
- যদি একই স্থান থেকে যাত্রা শুরু করে এবং সময়ের পার্থক্য থাকে তাহলে দূরত্ব $d = \frac{MN}{M - N} \times T$; $M > N$
- কোন স্থান থেকে যেয়ে আর সেই স্থানে ফিরে আসলে মোট দূরত্ব $d = \frac{MN}{M + N} \times T$
- দেরি ও আগে পৌছার কথা উল্লেখ্য থাকলে দূরত্ব = $\frac{MN}{M + N} \times \frac{\text{দেরির সময় + আগে পৌছার সময়}}{৬০/৩৬০০/১}$

৫৯.দুজন ব্যক্তি পরস্পরের সাথে ৯০° কোণে একটি বিন্দু হতে যাত্রা করে ১ ঘণ্টা পর যথাক্রমে ৫ কিমি ও ৭ কিমি দূরত্ব অতিক্রম করলে তাদের মধ্যে আড়াআড়ি দূরত্ব কত? *[ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]*

ক ৮.৬০ কিমি খ ৭.৪ কিমি
গ ২৫ কিমি ঘ ৪৯ কিমি উ. ক

সমাধান:

$\therefore$ আড়াআড়ি দূরত্ব $= \sqrt{৫^২ + ৭^২}$
$= \sqrt{২৫ + ৪৯}$
$= \sqrt{৭৪} = ৮.৬$ কিমি।



৬০.দু'জন ব্যক্তি ১টি নির্দিষ্ট বিন্দু হতে শুরু করে ১ম জন সোজা পূর্বে ৪ কিমি গেল, ২য় ব্যক্তি সোজা উত্তরে ৩ কিমি গেল। বর্তমানে তাদের মধ্যবর্তী দূরত্ব কত? *[বাংলাদেশ ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]*

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ক ৭ কিমি খ ২৫ কিমি
গ ৫ কিমি ঘ ৮ কিমি উ. গ

সমাধান:

$\therefore$ মধ্যবর্তী দূরত্ব $= \sqrt{৪^২ + ৩^২}$

$= \sqrt{১৬ + ৯}$

$= \sqrt{২৫}$

$= ৫$ কিমি

৬১.একজন ট্রাক ড্রাইভারকে ৪ ঘণ্টায় ১৮০ মাইল অবশ্যই ভ্রমণ করতে হবে। যদি সে প্রথম ৩ ঘণ্টায় ৫০ মাইল বেগে যায়, তবে শেষ ঘণ্টায় সে কত মাইল বেগে যাবে? *[এনএসআই এর ওয়্যারলেস অপারেটর/ হিসাবরক্ষক: ২১]*

ক ৪০ খ ৫০
গ ৩০ ঘ ৬০ উ. গ

সমাধান: প্রথম ৩ ঘণ্টায় ৫০ মাইল বেগে যায়

$= (৫০ \times ৩) = ১৫০$ মাইল

শেষ ঘণ্টায় যাবে $(১৮০ - ১৫০) = ৩০$ মাইল।

A/S: শেষ ঘণ্টায় যাবে $= (১৮০ - ৫০ \times ৩) = ৩০$ মাইল

৬২.ঢাকা ও চট্টগ্রামের দূরত্ব ৩০০ কি.মি.। ঢাকা হতে একটি ট্রেন সকাল ৭ টায় ছেড়ে বিকাল ৩ টায় চট্টগ্রাম পৌঁছে। ট্রেনটির গড় গতিবেগ ঘণ্টায় কত ছিল? *[এনএসআই এর ওয়্যারলেস অপারেটর/ হিসাবরক্ষক: ২১]*

ক ৩৬ কি.মি. খ ৩৭ কি.মি.
গ ৩৭.৫ কি.মি. ঘ ৪০ কি.মি. উ. গ

সমাধান: সময় লাগে $= ৩pm - ৭\ am = ৮$ ঘণ্টা

$\therefore$ গড় গতিবেগ $= \frac{\text{দূরত্ব}}{\text{সময়}} = \frac{৩০০}{৮} = ৩৭.৫$ কি.মি./ঘণ্টা

৬৩.একটি গাড়ি ঘণ্টায় ১২০ কিমি বেগে চললে ২ মিনিট ৪০ সেকেন্ডে কত দূর যাবে? *[ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]*

ক ৬.৩৫ কিমি খ ৫.৩৩ কিমি
গ ১৩.৭৫ কিমি ঘ ৭.১২ কিমি উ. খ

সমাধান: ২ মিনিট ৪০ সেকেন্ড $= ২$ মি. $+ \frac{৪০}{৬০}$ মিনিট

$= ২ + \frac{২}{৩}$ মিনিট $= \frac{৮}{৩}$ মিনিট $= \frac{৮}{৩ \times ৬০}$ ঘণ্টা $= \frac{২}{৪৫}$ ঘণ্টা

$\therefore$ নির্ণেয় দূরত্ব = বেগ $\times$ সময় $= ১২০ \times \frac{২}{৪৫} = ৫.৩৩$ কিমি

৬৪.একটি গাড়ি ঘণ্টায় ৪৫ মাইল বেগে ২০ মিনিট, ৬০ মাইল বেগে ৪০ মিনিট চলে। সম্পূর্ণ পথে গাড়িটির গতির গড় কত? *[মেডিকেল টেকনোলজিস্ট এর টেকনোলজিস্ট: ২৩]*

ক ৫৫ খ ৫৬
গ ৫৭ ঘ ৫৮ উ. ক

সমাধান: আমরা জানি, ৬০ মিনিট $= ১$ ঘণ্টা

২০ মিনিট $= \frac{২০}{৬০} = \frac{১}{৩}$ ঘণ্টা

এবং ৪০ মিনিট $= \frac{৪০}{৬০} = \frac{২}{৩}$ ঘণ্টা

$\therefore$ গড়বেগ $= \frac{(৪৫ \times \frac{১}{৩}) + (৬০ \times \frac{২}{৩})}{\frac{১}{৩} + \frac{২}{৩}}$

$= \frac{১৫ + ৪০}{\frac{১ + ২}{৩}} = \frac{৫৫}{\frac{৩}{৩}} = \frac{৫৫}{১} = ৫৫$ মাইল/ঘণ্টা

৬৫.ঘণ্টায় ৪ কিমি গতি বৃদ্ধি করায় ৩২ কি.মি পথ অতিক্রম করতে ৪ ঘণ্টা সময় কম লাগে। বৃদ্ধির পূর্বে গতি কত ছিল? *[সুন্দরবন গ্যাস কো. লি. এর সিনিয়র টেকনিশিয়ান: ২৩]*

ক ৮ কিমি খ ১২ কিমি
গ ৪ কিমি ঘ ২ কিমি উ. গ

সমাধান: মনেকরি, পূর্বের বেগ $= x$ কি.মি./ঘণ্টা

প্রশ্নমতে, $\frac{৩২}{x} - \frac{৩২}{x + ৪} = ৪$

$\Rightarrow ৩২(\frac{১}{x} - \frac{১}{x + ৪}) = ৪$

$\Rightarrow \frac{x + ৪ - x}{x(x + ৪)} = \frac{৪}{৩২}$

$\Rightarrow \frac{৪}{x^২ + ৪x} = \frac{৪}{৩২}$

$\Rightarrow \frac{১}{x^২ + ৪x} = \frac{১}{৩২}$

$\Rightarrow x^২ + ৪x = ৩২$

$\Rightarrow x^২ + ৪x - ৩২ = ০$

$\Rightarrow x^২ + ৮x - ৪x - ৩২ = ০$

$\Rightarrow x(x + ৮) - ৪(x + ৮) = ০$

$\Rightarrow (x + ৮)(x - ৪) = ০$

$\Rightarrow x + ৮ = ০$ অথবা $x - ৪ = ০$

$\Rightarrow x \neq -৮$ $\Rightarrow x = ৪$

$\therefore$ পূর্বের গতি ছিল ৪ কি.মি./ঘণ্টা

ঘ. বাস/ ট্রেন সংক্রান্ত

- গতিবেগ $= \frac{\text{দূরত্ব}}{\text{সময়}}$
- সময় $= \frac{\text{দূরত্ব}}{\text{গতিবেগ}}$
- দূরত্ব = গতিবেগ $\times$ সময়
- দুইটি ট্রেনের দৈর্ঘ্য ট্রেনের গতিবেগ কোন একটি স্থানের দৈর্ঘ্য অতিক্রান্ত সময় যেকোনো একটি বের করতে বললে। নিচের সূত্র প্রয়োগ করতে হবে।

সূত্র: $M_1 + M_2 = \frac{5}{18}(V_1 \pm V_2) \times t$

এখানে,

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

M_1 = প্রথম ট্রেন বা বাসের দৈর্ঘ্য।
M_2 = ২য় ট্রেন বা বাসের দৈর্ঘ্য।
V_1 = প্রথম ট্রেন বা বাসের গতিবেগ।
V_2 = ২য় ট্রেন বা বাসের গতিবেগ।

♦ যখন কোন একটি ট্রেন বা বাস কোন একটি নির্দিষ্ট দূরত্ব (প্লাটফর্ম, কালভার্ট, স্টেশন, ব্রীজ, সেতু, কবরস্থান, বাস স্টেশন ইত্যাদি কথা থাকলে) অতিক্রম করলে নিজের দৈর্ঘ্য এবং ঐ স্থানের দৈর্ঘ্যকে অতিক্রম করতে হবে।

মোট অতিক্রান্ত দূরত্ব = প্লাটফর্মের দৈর্ঘ্য + ট্রেনের দৈর্ঘ্য

সূত্র: $D = \frac{5}{18} vt$

৬৬.ঘণ্টায় ৫৪ কিমি বেগে চলা একটি ট্রেন রেল লাইনের পাশের একটি খুঁটিকে ১৭ সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনটির দৈর্ঘ্য কত? *[বন অধিদপ্তরের জুনিয়র ওয়াইল্ড লাইফ স্কাউট: ২২]*

ক ১২০ মিটার খ ১৫৫ মিটার
গ ২২০ মিটার ঘ ২৫৫ মিটার উ. ঘ

সমাধান: ট্রেনের বেগ = ৫৪ কি.মি./ঘণ্টা

$= ৫৪ \times \frac{৫}{১৮}$ মি./সে. = ১৫ মি./সে.

ট্রেনটি ১ সেকেন্ডে যায় ১৫ মিটার
∴ " ১৭ " " ১৭ × ১৫ = ২৫৫ মিটার

৬৭.একটি ট্রেন ঘণ্টায় ৯২.৪ কি.মি. বেগে চলে। ট্রেনটি ১০ মিনিটে কত মিটার অতিক্রম করবে? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটর: ২১]*

ক ১৫৪০ খ ১৫৪০০
গ ১৫৪ ঘ ১৫৪০০০ উ. খ

সমাধান: ১ ঘণ্টা = ৬০ মিনিট
৬০ মিনিটে যায় ৯২.৪ কি.মি.
১ " " $\frac{৯২.৪}{৬০}$ "
∴ ১০ " " $\frac{৯২.৪ \times ১০}{৬০}$ "
= ১৫.৪ কি.মি.
= (১৫.৪ × ১০০০) মি. = ১৫৪০০ মি.

৬৮.১টি ট্রেন ঘণ্টায় ৬০ কিমি বেগে চলে। ১০০ মিটার যেতে ট্রেনটির সময় লাগবে? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি. এর বিভিন্ন পদ: ২৩]*

ক ৬০ সেকেন্ড খ ১ সেকেন্ড
গ ৬ সেকেন্ড ঘ ৩.৫ সেকেন্ড উ. গ

সমাধান: ট্রেনটির বেগ = ৬০ কি.মি./ঘণ্টা

$= ৬০ \times \frac{৫}{১৮}$ মি./সে. $= \frac{৫০}{৩}$ মি./সে.

ট্রেনটি $\frac{৫০}{৩}$ মিটার যায় ১ সেকেন্ডে
" ১ " " $\frac{১ \times ৩}{৫০}$ "
∴ " ১০০ " " $\frac{১ \times ৩ \times ১০০}{৫০}$ = ৬ সেকেন্ড

৬৯.৬০ মিটার দীর্ঘ একটি ট্রেনের গতিবেগ ঘণ্টায় ৪৮ কি.মি.। রেল লাইনের পাশে একটি খুঁটি অতিক্রম করতে ট্রেনটির কত সময় লাগবে? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]*

ক ৪.৫ সেকেন্ড খ ৬ সেকেন্ড
গ ৭.৫ সেকেন্ড ঘ ৯ সেকেন্ড উ. ক

সমাধান: ট্রেনের গতিবেগ = ৪৮ কি.মি./ঘণ্টা

$= ৪৮ \times \frac{৫}{১৮}$ মি/ সে. $= \frac{৪০}{৩}$ মি./ সে.

ট্রেনটি খুটিটি অতিক্রম করতে হলে ট্রেনটি নিজের দৈর্ঘ্য অতিক্রম করবে।

এখন, ট্রেনটি $\frac{৪০}{৩}$ মি. যায় ১ সেকেন্ডে
" ১ " " $\frac{৩}{৪০}$ "
∴ " ৬০ " " $\frac{৩ \times ৬০}{৪০}$ = ৪.৫ সে.

৭০.৮৮০ ফুট দীর্ঘ একটি ট্রেন ৬০ মাইল/ঘণ্টা বেগে চলছে। ২২০ ফুট দীর্ঘ একটি স্টেশন অতিক্রম করতে ট্রেনটির কত সময় লাগবে? *[যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ২২]*

ক ১০ সেকেন্ড খ ১২ সেকেন্ড
গ ১২.৫ সেকেন্ড ঘ ১৫ সেকেন্ড উ. গ

সমাধান: মোট দৈর্ঘ্য = ৮৮০ + ২২০ = ১১০০ ফুট
আমরা জানি, ১ মাইল = ৫২৮০ ফুট
∴ ৬০ মাইল = ৫২৮০ × ৬০ "
আবার, ১ ঘণ্টা = ৬০ × ৬০ সেকেন্ড
∴ ৫২৮০ × ৬০ ফুট যায় ৬০ × ৬০ সেকেন্ডে
১ " " $\frac{৬০ \times ৬০}{৫২৮০ \times ৬০}$ "
∴ ১১০০ " " $\frac{৬০ \times ৬০ \times ১০০০}{৫২৮০ \times ৬০}$ "
= ১২.৫ সেকেন্ড

৭১.একটি ট্রেন ৫০ মাইল/ঘণ্টা বেগে ১০ মাইল ভ্রমণ করে। কত বেগে ফেরত আসলে তার আসা-যাওয়ার মোট সময় ২০ মিনিট হবে? *[রেলওয়ের সহকারী স্টেশন মাস্টার: ২২]*

ক ৫৫ মাইল / ঘণ্টা খ ৭৫ মাইল / ঘণ্টা
গ ৬৫ মাইল / ঘণ্টা ঘ ৬০ মাইল / ঘণ্টা উ. খ

সমাধান: যাওয়ার পথে,
৫০ মাইল যায় = ৬০ মিনিটে
১ " " = $\frac{৬০}{৫০}$ "
∴ ১০ " " = $\frac{৬০ \times ১০}{৫০}$ "
= ১২ মিনিটে

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

∵ ফেরত আসার জন্য বরাদ্দ সময় = (২০-১২) মি.

$= ৮ \text{ মি.} = \frac{৮}{৬০} = \frac{২}{১৫}$ ঘণ্টা

∴ ফেরত আসার সময়,

$\frac{২}{১৫}$ ঘণ্টায় অতিক্রম করে = ১০ মাইল

∴ ১ " " " $= \frac{১০ \times ১৫}{২} = ৭৫$ মাইল

সুতরাং গতিবেগ = ৭৫ মাইল/ঘণ্টা।

৭২.গাড়ি, ট্রেন এবং বাসের গতিবেগের অনুপাত ৫ : ৯ : ৪। ৩টি যানের গড় গতিবেগ ঘণ্টায় ৭২ কিলোমিটার হলে গাড়ি ও ট্রেনের গড় গতিবেগ কত? *[কর্মসংস্থান ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ২২]*

ক ৮২ খ ৭২
গ ৬৭ ঘ ৮৪ উ. ঘ

সমাধান: দেওয়া আছে,

গাড়ির বেগ : ট্রেন এর বেগ : বাসের বেগ = 5 : 9 : 4

এবং এদের গড়বেগ = 72

∴ এদের মোট বেগ = $72 \times 3 = 216$

তাহলে, গাড়ির বেগ $= \frac{5}{5+9+4} \times 216$

$= \frac{5}{18} \times 216 = 60 \text{ km/h}$

ট্রেন এর বেগ $= \frac{9}{5+9+4} \times 216$

$= \frac{9}{18} \times 216 = 108 \text{ km/h}$

∴ গাড়ি ও ট্রেন এর গড় বেগ $= \frac{60+108}{2}$

$= \frac{168}{2} = 84 \text{ km/h}$

ঙ. নল ও চৌবাচ্চা

- দুটি নল দ্বারা পূর্ণ হলে:

∴ সমগ্র ট্যাংকটি পূর্ণহতে সময় লাগে $= \frac{xy}{y+x} \times$ অংশ

- একটি নল দ্বারা পূর্ণ এবং অপর একটি নল দ্বারা খালি হলে:

∴ সমগ্র ট্যাংকটি পূর্ণ হতে সময় লাগে $= \frac{xy}{y-x} \times$ অংশ

যেখানে $y > x$

[বি.দ্র: বড় সংখ্যা থেকে ছোট সংখ্যাটা বিয়োগ করতে হবে।]

- তিনটি নলের মধ্যে দুটি দ্বারা পূর্ণ এবং একটি দ্বারা খালি হলে:

∴ সমগ্র ট্যাংকটি পূর্ণহতে সময় লাগে

$= \frac{xyz}{yz+zx-xy} \times$ অংশ

- তিনটি নল দ্বারা পূর্ণ এবং তিনটি নল দ্বারা খালি হলে:

∴ সমগ্র অংশ পূর্ণ হবে $= \frac{xyz}{xy+yz+zx} \times$ অংশ

৭৩.দুটি নলদ্বারা একটি চৌবাচ্চা যথাক্রমে ১০ ও ১৫ ঘণ্টায় পানি পূর্ণ হয়। নল দুটি একত্রে খোলা রাখলে চৌবাচ্চাটি কতক্ষণে পূর্ণ হবে? *[সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যসহকারী: ২২]*

ক ৬ ঘণ্টায় খ ৩ ঘণ্টায়
গ ৪ ঘণ্টায় ঘ ৫ ঘণ্টায় উ. ক

সমাধান: নির্ণেয় সময় $= \frac{১০ \times ১৫}{১০ + ১৫}$

$= \frac{১০ \times ১৫}{২৫} = ৬$ ঘণ্টা

চ. নৌকা ও স্রোত

- **স্রোতের অনুকূল ও প্রতিকূলের মধ্যে সম্পর্ক:**

i. স্রোতের অনুকূলে গতিবেগ = নৌকার গতিবেগ + স্রোতের গতিবেগ

ii. স্রোতের প্রতিকূলে গতিবেগ = নৌকার গতিবেগ - স্রোতের গতিবেগ।

Shortcut Formula:

- স্থির পানিতে নৌকার গতিবেগ $= \frac{M_1 + M_2}{2}$
- স্থির পানিতে স্রোতের গতিবেগ $= \frac{M_1 - M_2}{2}$

এখানে, M_1 = স্রোতের অনুকূলের গতিবেগ।

M_2 = স্রোতের প্রতিকূলের গতিবেগ।

- স্রোতের অনুকূলে এবং প্রতিকূলে প্রতিঘণ্টায় গড় গতিবেগ $= \frac{2M_1M_2}{M_1+M_2}$.

এখানে,

M_1 = অনুকূলে প্রতিঘণ্টার বেগ।

M_2 = প্রতিকূলে প্রতিঘণ্টার বেগ।

স্রোতের অনুকূলে গিয়ে প্রতিকূলে ফিরে আসলে:

- কোনো স্থানে স্রোতের অনুকূলে গিয়ে এবং প্রতিকূলে ফিরে আসতে মোট t ঘণ্টা সময় লাগলে স্থান দুটির দূরত্ব,

$d = \frac{M_1^2 - M_2^2}{2M_1} \times t$ কি.মি.।

অর্থাৎ, দূরত্ব $= \frac{(\text{নৌকার বেগ})^2 - (\text{স্রোতের বেগ})^2}{২ \times \text{নৌকার বেগ}} \times$ সময়

৭৪.একটি নৌকা স্রোতের প্রতিকূলে যে গতিবেগে চলে, স্রোতের অনুকূলে ঐ গতিবেগের ৫ গুণ গতিবেগে যেতে পারে। স্থির পানিতে নৌকার গতিবেগ ঘণ্টায় ৬ কিমি হলে ঘণ্টায় স্রোতের গতিবেগ কত? *[বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]*

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs
Scanned with CamScanner

ক ৪ কিমি/ঘণ্টা খ ৫ কিমি/ঘণ্টা
গ ৬ কিমি/ঘণ্টা ঘ ৭ কিমি/ঘণ্টা উ. ক

সমাধান: মনেকরি, স্রোতের বেগ = x
প্রশ্নমতে, $৬ + x = ৫(৬ - x)$
$\Rightarrow ৬ + x = ৩০ - ৫x$
$\Rightarrow ৬x = ২৪$
$\Rightarrow x = ৪$

৭৫. লঞ্চ ও স্রোতের গতিবেগ যথাক্রমে ঘণ্টায় ১৫ কিলোমিটার ও ৫ কিলোমিটার। নদীপথে ৩০ কিলোমিটার গিয়ে আবার ফিরে আসতে কত ঘণ্টা সময় লাগবে? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর মেডিকেল টেকনোলজিস্ট ও কম্পিউটার অপারেটর: ২৩]*

ক ৩ খ ৪.৫
গ ৪ ঘ ৫ উ. খ

সমাধান: স্রোতের অনুকূলে, লঞ্চের গতিবেগ
$= (১৫ + ৫)$ কি.মি./ঘ. $= ২০$ কি.মি. / ঘণ্টা

৩০ কি.মি. পথ যেতে প্রয়োজনীয় সময় $= \frac{৩০}{২০} = \frac{৩}{২}$ ঘণ্টা

স্রোতের প্রতিকূলে,
লঞ্চের গতিবেগ $= (১৫ - ৫)$ কি.মি. $= ১০$ কি.মি. / ঘণ্টা

৩০ কি.মি. ফিরে আসতে প্রয়োজনীয় সময় $= \frac{৩০}{১০}$ ঘণ্টা
$= ৩$ ঘণ্টা

নির্ণেয় সময় $= (\frac{৩}{২} + ৩) = \frac{৯}{২} = ৪.৫$ ঘণ্টা।

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

১. ১৮টি ছাগলের দাম ৪টি গরুর দামের সমান হলে ৪৫টি ছাগলের পরিবর্তে কতটি গরু পাওয়া যাবে? *[পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

সমাধান: ১৮টি ছাগলের দামে পাওয়া যায় ৪টি গরু
১ " " " " " $\frac{৪}{১৮}$ " "
∴ ৪৫ " " " " " $\frac{৪ \times ৪৫}{১৮} = ১০$ টি গরু

২. ৩০০ টাকা দরে ৩ কেজি মিষ্টি কিনে ৪ টাকা হারে ভ্যাট দিলে মোট কত টাকা ভ্যাট দিতে হবে? *[নৌ-পরিবহন কর্তৃপক্ষের বিভিন্ন পদ: ২৩]*

সমাধান: ১ কেজি মিষ্টির দাম ৩০০ টাকা
∴ ৩ " " " $৩ \times ৩০০ = ৯০০$ টাকা
এখন, ১০০ টাকায় ভ্যাট দিতে হয় ৪ টাকা
১ " " " " $\frac{৪}{১০০}$ "
∴ ৯০০ " " " " $\frac{৪ \times ৯০০}{১০০} = ৩৬$ টাকা

৩. কামাল, রহিম ও নাসিমা একটি ফলের দোকানে গেল। তারা একত্রে ৬টি কলা, ৩টি কমলা ও ৬টি আম ক্রয় করে প্রত্যেকে সমানভাগে ভাগ করে মূল্য পরিশোধ করল। একটি কলার মূল্য ১০ টাকা, একটি কমলার মূল্য ২৪ টাকা ও একটি আমের মূল্য ১৫ টাকা হলে প্রত্যেকে কত টাকা করে মূল্য পরিশোধ করল? *[বাংলা একাডেমির এমএলএসএস: ২৩]*

সমাধান: দেওয়া আছে, ১টি কমলার মূল্য ১০ টাকা
∴ ৬ " " " $৬ \times ১০ = ৬০$ টাকা
আবার, ১টি কমলার মূল্য ২৪ টাকা
∴ ৩ " " " $৩ \times ২৪ = ৭২$ টাকা
এবং ১টি আমের মূল্য ১৫ টাকা
∴ ৬ " " " $১৫ \times ৬ = ৯০$ টাকা
তাহলে, মোট মূল্য $= ৬০ + ৭২ + ৯০ = ২২২$ টাকা
∴ ৩ জনের প্রত্যেকে পরিশোধ করে $= \frac{২২২}{৩} = ৭৪$ টাকা

৪. একটি বাড়িতে ২০ জনের ৩৫ দিনের খাবার আছে। ৫ দিন পরে ঐ বাড়িতে আরো ১০ জন লোক এলে ঐ খাবার কত দিন চলবে? *[বিভাগীয় কমিশনারের কার্যালয় (রংপুর) এর কম্পিউটার অপারেটর: ২৩]*

সমাধান: দিন বাকি $= ৩৫ - ৫ = ৩০$ দিন
মোট লোক $= ২০ + ১০ = ৩০$ জন
এখন,
২০ জন লোকের খাবার আছে ৩০ দিনের
১ " " " " ২০×৩০ "
∴ ৩০ " " " " $\frac{২০ \times ৩০}{৩০} = ২০$ দিন

৫. ৪ জন পুরুষ বা ৮ জন স্ত্রীলোক একটি কাজ ১০ দিনে করতে পারে। ২ জন পুরুষ ও ১২ জন স্ত্রীলোক ঐ কাজটি কত দিনে করতে পারবে? *[সুরক্ষা সেবা বিভাগের অফিস সহায়ক: ২৩]*

সমাধান: এখানে,
৪ জন পুরুষের কাজ = ৮ জন স্ত্রীলোকের কাজ
১ " " " $= \frac{৮}{৪}$ " " "
$= ২$ জন স্ত্রীলোকের কাজ
∴ ২ জন পুরুষ ও ১২ জন স্ত্রীলোক
$= (২ \times ২)$ জন স্ত্রীলোক + ১২ জন স্ত্রীলোক
$= ৪$ জন স্ত্রীলোক + ১২ জন স্ত্রীলোক
$= ১৬$ জন স্ত্রীলোক
এখন, ৮ জন স্ত্রীলোক কাজটি করে ১০ দিনে
১ " " " ৮×১০ "
∴ ১৬ " " " $\frac{৮ \times ১০}{১৬} = ৫$ দিনে

৬. যে কাজ ৭০ জন শ্রমিক ৩০ দিনে করতে পারে, সে কাজ ১২ দিনে সম্পন্ন করতে প্রতিদিন কতজন শ্রমিক লাগবে? *[কর্নেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ এর মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*

সমাধান: কাজটি ৩০ দিনে করে ৭০ জনে
" ১ " " ৭০×৩০ "

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

∴ " ১২ " " $\frac{৭০ \times ৩০}{১২}$ = ১৭৫ জনে

উত্তর: ১৭৫ জন।

৭. একটি পুকুর খনন করতে ২০০ জন লোকের ২৫ দিন লাগে। পুকুরটি ২০ দিনে খনন করতে চাইলে অতিরিক্ত কতজন লোক নিয়োগ করতে হবে? *[বঙ্গবন্ধু বিজ্ঞান ও ফেলোশিপ ট্রাস্টের অফিস সহায়ক: ২৩]*

সমাধান: ২৫ দিনে কাজটি করে = ২০০ জনে

১ " " " = ২০০ × ২৫ "

∴ ২০ " " " = $\frac{২০০ \times ২৫}{২০}$ = ২৫০ জনে

∴ অতিরিক্ত লোক = ২৫০ - ২০০ = ৫০ জন

৮. করিম একটি কাজের তিন ভাগের এক অংশ ৮ দিনে করে চলে গেল। তারপর রহিম কাজে যোগ দিল এবং ৫ দিন কাজ করে কাজ ত্যাগ করল। বাকি কাজ করিম ১২ দিনে শেষ করল। সম্পূর্ণ কাজটি করতে রহিমের কতদিন সময় লাগত? *[গণযোগাযোগ অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*

সমাধান: করিম ৮ দিনে করে $\frac{১}{৩}$ অংশ

" ১ " " $\frac{১}{৩ \times ৮}$ "

∴ " ১২ " " $\frac{১ \times ১২}{৩ \times ৮} = \frac{১}{২}$ অংশ

∴ করিম মোট করে = $\frac{১}{৩} + \frac{১}{২} = \frac{২ + ৩}{৬} = \frac{৫}{৬}$ অংশ

অবশিষ্ট = $১ - \frac{৫}{৬} = \frac{১}{৬}$ অংশ

এখন, রহিম $\frac{১}{৬}$ অংশ করে ৫ দিনে

∴ " ১ " " ৫ × ৬ = ৩০ দিনে

৯. ৩০ জন লোক একটি কাজ ১৫ দিনে করতে পারে। ঐ কাজটি ১০ দিনে করতে হলে অতিরিক্ত কতজন লোক দরকার হবে? *[কৃষি উন্নয়ন কর্পোরেশনের ড্রাইভার: ২৩]*

সমাধান: ১৫ দিনে করে ৩০ জনে

১ " " ৩০ × ১৫ "

∴ ১০ " " $\frac{৩০ \times ১৫}{১০}$ = ৪৫ জনে

∴ অতিরিক্ত লোক = ৪৫ - ৩০ = ১৫ জন।

১০. ৩০ জন শ্রমিক ২০ দিনে একটি রাস্তা তৈরি করতে পারে। কাজ শুরুর ১০ দিন পর রাস্তা তৈরির সন্ধানের জবাবে ৫ দিন কাজ বন্ধ রাখতে হয়েছে। নির্ধারিত কাজটি শেষ করতে অতিরিক্ত কতজন শ্রমিক লাগবে? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের উপজেলা ব্যবস্থাপক: ২৩]*

সমাধান: ৩০ জনে ২০ দিনে করে ১ অংশ

∴ ৩০ " ১ " " $\frac{১}{২০}$ "

∴ ৩০ " ১০ " " $\frac{১ \times ১০}{২০} = \frac{১}{২}$ অংশ

অবশিষ্ট কাজ = $\left(১ - \frac{১}{২}\right) = \frac{২ - ১}{২} = \frac{১}{২}$ অংশ

অবশিষ্ট দিন = ২০ - ১০ - ৫ = ৫ দিন

এখন,

২০ দিনে ১ অংশ করে ৩০ জনে

∴ ১ " ১ " " ৩০ × ২০ "

∴ ৫ " ১ " " $\frac{৩০ \times ২০}{৫}$ "

∴ ৫ " $\frac{১}{২}$ " " $\frac{৩০ \times ২০}{৫ \times ২}$ = ৬০ জনে

∴ অতিরিক্ত শ্রমিক = ৬০ - ৩০ = ৩০ জন।

১১. রফিক একটি কাজ ১০ দিনে করতে পারে। কাদের ঐ কাজ ১৫ দিনে করতে পারে। তারা একত্রে কত দিনে কাজটি করতে পারবে? *[কাস্টম হাউস রংপুরের সিপাহী: ২৩]*

সমাধান: রফিক ১ দিনে করে কাজটির $\frac{১}{১০}$ অংশ

শফিক ১ " " " $\frac{১}{১৫}$ "

তারা একত্রে ১ দিনে করে কাজটির = $\left(\frac{১}{১০} + \frac{১}{১৫}\right)$ অংশ

= $\frac{৫}{৩০}$ অংশ

তারা একত্রে $\frac{৫}{৩০}$ অংশ কাজ করে ১ দিনে

" " ১ (সম্পূর্ণ) " " " $\frac{৩০}{৫}$ = ৬ দিনে

১২. একটি ছাত্রাবাসে ৭৫ জনের ১৫ দিনের খাদ্য আছে। ঐ পরিমাণ খাদ্যে ২৫ জনের কত দিন চলবে? *[কাস্টম হাউস রংপুরের সিপাহী: ২৩]*

সমাধান: ৭৫ জন ছাত্রের খাবারে যাবে ১৫ দিন

১ " " " " ৭৫ × ১৫ "

∴ ২৫ " " " " $\frac{৭৫ \times ১৫}{২৫}$ = ৪৫ দিন

১৩. ৩০ জন লোক কোন কাজ ২৪ দিনে করতে পারে। কাজ আরম্ভের ১২ দিন পরে ১৫ জন লোক চলে গেলে বাকি লোক কত দিনে অবশিষ্ট কাজ শেষ করতে পারবে? ০৫

সমাধান: ১২ দিন পর, অবশিষ্ট সময় থাকে (২৪ - ১২) = ১২ দিন

" জনবল " (৩০ - ১৫) = ১৫ জন

৩০ জন লোক ১২ দিন কাজ করার পর-

অবশিষ্ট কাজ ৩০ জন লোকে করে ১২ দিনে

" " ১ " " " ১২ × ৩০ "

∴ " " ১৫ " " " $\frac{১২ \times ৩০}{১৫}$ = ২৪ দিনে

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১৪.৩ জন শ্রমিক ১টি কাজ ১২ দিনে করতে পারে। শ্রমিকদের মধ্যে ২ জন প্রত্যেক তৃতীয় শ্রমিকের চেয়ে দ্বিগুণ দ্রুততায় কাজ করতে পারে। ১ম জন শ্রমিক একাকী কাজটি কতদিনে শেষ করতে পারবে? *[পরিবেশ অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

সমাধান: মনেকরি,

১ম শ্রমিকের কাজটি করতে সময় লাগে x দিন

২য় " " " " " x "

তাহলে ৩য় " " " " " 2x "

প্রশ্নমতে, $\frac{১}{x}+\frac{১}{x}+\frac{১}{২x}=\frac{১}{১২}$

$\Rightarrow \frac{২+২+১}{২x}=\frac{১}{১২}$

$\Rightarrow \frac{৫}{২x}=\frac{১}{১২} \Rightarrow ২x = ৬০ \Rightarrow x = ৩০$

∴ ১ম শ্রমিক কাজটি ৩০ দিনে করে।

উত্তর: ৩০ দিন

১৫.৮ জন লোক একটি কাজ ১২ দিনে করতে পারে। ২ জন লোক কমিয়ে কাজটি সমাধা করতে শতকরা কতদিন বেশি লাগবে? *[পরিবেশ অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২৩]*

সমাধান: এখানে, ৮ - ২ = ৬ জন

৮ জন লোকে কাজটি করে ১২ দিনে

১ " " " " ১২ × ৮ "

∴ ৬ " " " " $\frac{১২\times ৮}{৬}$ = ১৬ দিনে

তাহলে, শতকরা বেশি $=\frac{১৬-১২}{১২}\times ১০০\%$

$=\frac{৪}{১২}\times ১০০\% = ৩৩\frac{১}{৩}\%$

∴ শতকরা $৩৩\frac{১}{৩}$ দিন বেশি সময় লাগবে।

১৬.যদি ৩ জন পুরুষ বা ৫ জন বালক একটি কাজ ২০ দিনে করতে পারে তবে ৪ জন পুরুষ ও ১০ জন বালক ঐ কাজটি কতদিনে করতে পারবে? *[পরিবেশ অধিদপ্তরের নমুনা সংগ্রহকারী: ২৩]*

সমাধান:

৫ জন বালকের কাজের সমতুল্য ৩ জন পুরুষের কাজ

১ " " " " $\frac{৩}{৫}$ " " "

১০ " " " " $\frac{৩\times ১০}{৫}$ " "

= ৬ জন পুরুষের কাজ

৪ জন পুরুষ এবং ১০ জন বালকের কাজ সমতুল্য (৪ + ৬) = ১০ জন পুরুষের কাজ

৩ জন পুরুষ কাজটি করতে পারে ২০ দিনে

১ " " " " " ২০ × ৩ "

১০ " " " " " $\frac{২০\times ৩}{১০}$ = ৬ দিনে

১৭.একটি বাড়িতে ২০ জনের ৩৫ দিনের খাবার আছে। ৫ দিন পরে ঐ বাড়িতে আরো ১০ জন লোক এলে ঐ খাবারে কত দিন চলবে? *[কর অঞ্চল সিলেটের অফিস সহায়ক: ২৩]*

সমাধান: অবশিষ্ট দিন = ৩৫ - ৫ = ৩০ দিন

মোট লোক = ২০ + ১০ = ৩০ জন

এখন, ২০ জনের খাবার আছে ৩০ দিনের

১ " " " ২০ × ৩০ "

∴ ৩০ " " " $\frac{২০\times ৩০}{৩০}$ = ২০ দিন

১৮.ক ও খ একটি কাজ ৮ দিনে করতে পারে। ক একাকী কাজটি ১২ দিনে করতে পারলে, খ একাকী কাজটি কত দিনে করতে পারবে? *[তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২৩]*

সমাধান: ক ও খ একত্রে ৮ দিনে করে ১ অংশ

∴ ১ " " $\frac{১}{৮}$ "

আবার, ক একাকী ১২ দিনে করে ১ অংশ

∴ ১ " " $\frac{১}{১২}$ "

∴ খ একাকী ১ দিনে করে $=\frac{১}{৮}-\frac{১}{১২}=\frac{৩-২}{২৪}=\frac{১}{২৪}$ অংশ

তাহলে, খ একাকী $\frac{১}{২৪}$ অংশ করে ১ দিনে

∴ খ " ১ " " $\frac{১\times ২৪}{১}$ = ২৪ দিনে

১৯.১৫ জন লোকের কোনো কাজের অর্ধেক করতে যদি ২০ দিন লাগে, কত দিনে ২০ জন লোক পুরো কাজটি শেষ করতে পারবে? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটর: ২৩]*

সমাধান: ১৫ জনে $\frac{১}{২}$ অংশ করে = ২০ দিনে

১৫ " ১ " " = ২০ × ২ "

১ " ১ " " = ২০ × ২ × ১৫ "

∴ ২০ " ১ " " $=\frac{২০\times ২\times ১৫}{২০}$ = ৩০ দিনে

২০.একটি রাস্তা মেরামত করতে ৩৫ জন শ্রমিকের ১৬ দিন লাগলে, ২৮ জন শ্রমিকের কত দিন লাগবে? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*

সমাধান: ৩৫ জন শ্রমিকের সময় লাগে = ১৬ দিন

১ " " " " = ১৬ × ৩৫ "

∴ ২৮ " " " " $=\frac{১৬\times ৩৫}{২৮}$ = ২০ দিন

২১.ক একটি কাজের $\frac{১}{৩}$ অংশ ৮ দিনে করে চলে যায়। এরপর খ নিয়োগপ্রাপ্ত হয়ে ৫ দিন কাজ করে চলে যায়। ক পুনরায় কাজে যোগ দেয় এবং অসমাপ্ত কাজ ১২ দিনে শেষ করে। খ যদি একা কাজটি করতো তাহলে তার কাজ সমাপ্ত করতে কত দিন লাগতো? *[যোগাযোগ অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

সমাধান:

'ক' কাজটি ৮ দিনে করে $\frac{১}{৩}$ অংশ

১ " " $\frac{১}{৩ \times ৮}$ "

∴ ১২ " " $\frac{১ \times ১২}{৩ \times ৮} = \frac{১}{২}$ অংশ

তাহলে 'ক' কাজটির মোট করে $= \frac{১}{৩} + \frac{১}{২} = \frac{২ + ৩}{৬}$

$= \frac{৫}{৬}$ অংশ

অবশিষ্ট কাজ $= ১ - \frac{৫}{৬} = \frac{৬ - ৫}{৬} = \frac{১}{৬}$ অংশ

এখন, 'খ' কাজটির $\frac{১}{৬}$ অংশ করে ৫ দিনে

১ " " ৫ × ৬ " = ৩০ দিনে

∴ 'খ' কাজটি একা করতে চাইলে ৩০ দিন লাগত।

২২.একটি বাঁধ তৈরি করতে ৩৬০ জন শ্রমিকের ২৫ দিন সময় লাগে। ১৮ দিনে বাঁধটির কাজ শেষ করতে হলে, কতজন অতিরিক্ত শ্রমিক লাগবে? *[প্রত্নতত্ত্ব অধিদপ্তরের বুকিং সহকারী/ রেফারেন্স সহকারী: ২৩]*

সমাধান: ২৫ দিনে করে ৩৬০ জনে

১ " " ৩৬০ × ২৫ "

∴ ১৮ " " $\frac{৩৬০ \times ২৫}{১৮}$ = ৫০০ জন

∴ অতিরিক্ত = ৫০০ - ৩৬০ = ১৫০ জন

২৩.যদি ২০ জন শ্রমিক একটি কাজের অর্ধেক ৩০ দিনে সম্পন্ন করতে পারেন, তাহলে ৪৮ দিনে উক্ত কাজ পুরোপুরি শেষ করতে অতিরিক্ত কতজন শ্রমিক নিয়োগ করতে হবে। *[কাস্টম হাউস (আইসিডি, ঢাকা) এর অফিস সহায়ক: ২৩]*

সমাধান:

৩০ দিনে $\frac{১}{২}$ অংশ করে ২০ জনে

১ " ১ " " ২০×৩০×২ "

৪৮ " ১ " " $\frac{২০ \times ৩০ \times ২}{৪৮}$ = ২৫ জন

∴ অতিরিক্ত শ্রমিক প্রয়োজন ২৫-২০ = ৫ জন (উত্তর)

২৪.২০ জনে যে সময়ে ১টি কাজ করতে পারে, কর্মী সংখ্যা ৬০% কমে যাওয়ায় কাজটি শেষ করতে কতগুণ বেশী সময় লাগবে? *[কাস্টম হাউস, ঢাকা এর অফিস সহকারী: ২৩]*

সমাধান: ৬০% কমে যাওয়ায় কর্মী সংখ্যা = ২০ এর ৪০%

$= ২০ \times \frac{৪০}{১০০}$

= ৮ জন

মনেকরি, ২০ জনে কাজটি ১ দিনে করে

তাহলে, ২০ জনে করে ১ দিনে

১ " " ২০ × ১ "

∴ ৮ " " $\frac{২০ \times ১}{৮} = \frac{৫}{২}$ = ২.৫০ দিন

অতএব, ২.৫০ গুণ বেশি সময় লাগবে।

২৫.একটি কাজ ১০ জন লোক ২০ দিনে করতে পারে। ২০ জন লোকের কাজটি করতে কত দিন লাগবে? *[জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের অফিস সহায়ক: ২৩]*

সমাধান: ১০ জনে কাজটি করে ২০ দিনে

১ " " " ২০ × ১০ "

∴ ২০ " " " $\frac{২০ \times ১০}{২০}$ = ১০ দিনে

উত্তর: ১০ দিনে

২৬.৬০ জন লোক কোনো কাজ ১৮ দিনে করতে পারে। উক্ত কাজ ৩৬ জন লোক কত দিনে সম্পন্ন করতে পারবে? *[বিআইডব্লিউটিএ এর নক্সর- ২০২২]*

সমাধান:

৬০ জন লোক কাজটি করে ১৮ দিনে

১ " " " " ১৮ × ৬০ "

∴ ৩৬ " " " " $\frac{১৮ \times ৬০}{৩৬}$ = ৩০ দিনে

উত্তর: ৩০ দিন

২৭.১২০ মিটার দীর্ঘ একটি ট্রেন ৩৩০ মিটার দীর্ঘ একটি সেতু অতিক্রম করবে। ট্রেনটির গতিবেগ ঘণ্টায় ৩০ কিলোমিটার হলে সেতুটি অতিক্রম করতে ট্রেনটির কত সময় লাগবে? *[নিরাপদ খাদ্য অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

সমাধান: সেতু অতিক্রম করতে হলে ট্রেনটিকে নিজের দৈর্ঘ্য ও সেতুর দৈর্ঘ্য অতিক্রম করতে হবে।

∴ মোট দৈর্ঘ্য = ট্রেনের দৈর্ঘ্য + সেতুর দৈর্ঘ্য

= ১২০ + ৩৩০ = ৪৫০ মিটার

আবার, ট্রেনের গতিবেগ = ৩০ কিমি./ঘণ্টা

$= ৩০ \times \frac{৫}{১৮}$ মি./সে. $= \frac{২৫}{৩}$ মি./সে.

ট্রেনটি $\frac{২৫}{৩}$ মিটার অতিক্রম করে ১ সেকেন্ডে

" ১ " " " $\frac{১ \times ৩}{২৫}$ "

∴ " ৪৫০ " " " $\frac{১ \times ৩ \times ৪৫০}{২৫}$ = ৫৪ সেকেন্ড

২৮.ঘণ্টায় ৭৫ কিলোমিটার বেগে চলমান ৩২০ মিটার দৈর্ঘ্যের ১টি ট্রেনের ১৮০ মিটার দীর্ঘ ১টি প্লাটফর্ম অতিক্রম করতে কত সময় লাগবে? *[যোগাযোগ অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*

সমাধান: দেওয়া আছে, ট্রেনের বেগ = ৭৫ কি.মি./ঘণ্টা

$= ৭৫ \times \frac{৫}{১৮}$ মি./ সে.

১২৫

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

এখানে, ট্রেনের দৈর্ঘ্য + প্লাটফর্মের দৈর্ঘ্য = ৩২০ + ১৮০
= ৫০০ মিটার

ট্রেনটি $\frac{১২৫}{৬}$ মিটার অতিক্রম করে ১ সেকেন্ড

" ১ " " " $\frac{৬}{১২৫}$ "

∴ " ৫০০ " " " $\frac{৬ \times ৫০০}{১২৫}$ = ২৪ সেকেন্ড

২৯.২টি নল দ্বারা ১টি চৌবাচ্চা যথাক্রমে ১০ ও ১৫ ঘণ্টায় পানি পূর্ণ করে। নল ২টি একত্রে খোলা রাখলে চৌবাচ্চাটি কতক্ষণে পূর্ণ হবে? *[পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

সমাধান: ১ম নল দ্বারা ১ ঘণ্টায় পূর্ণ হয় $\frac{১}{১০}$ অংশ

২য় " " ১ " " " $\frac{১}{১৫}$ "

∴ নল দুটি দ্বারা একত্রে ১ ঘণ্টায় পূর্ণ হয় $\left(\frac{১}{১০}+\frac{১}{১৫}\right)$ অংশ

$= \frac{৩+২}{৩০} = \frac{৫}{৩০} = \frac{১}{৬}$ অংশ

$\frac{১}{৬}$ অংশ পূর্ণ হয় ১ ঘণ্টায়

∴ ১ (সম্পূর্ণ) " " $\frac{১}{\frac{১}{৬}}$ = ৬ ঘণ্টায়

৩০.একটি নল ১২ মিনিটে একটি খালি চৌবাচ্চা পূর্ণ করে। অপর একটি নল প্রতি মিনিটে ১৪ লিটার পানি বের করে দেয়। চৌবাচ্চাটি খালি থাকা অবস্থায় নল দুটি খুলে দিলে ৯৬ মিনিটে উহা পূর্ণ হয়। চৌবাচ্চাটিতে কত লিটার পানি ধরে? *[গণযোগাযোগ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]*

সমাধান:

প্রথম নল দ্বারা ১ মিনিটে পানি পূর্ণ হয় $\frac{১}{১২}$ অংশ

দুটি নল দ্বারা ১ " " " " $\frac{১}{৯৬}$ "

২য় নল দ্বারা ১ মিনিটে পানি খালি হয় $\left(\frac{১}{১২}-\frac{১}{৯৬}\right)$ অংশ

$= \frac{৮-১}{৯৬} = \frac{৭}{৯৬}$ অংশ

২য় নল দ্বারা $\frac{৭}{৯৬}$ অংশ খালি হয় ১ মিনিটে

∴ " " " ১ " " " $\frac{১ \times ৯৬}{৭} = \frac{৯৬}{৭}$ "

২য় নল দ্বারা ১ মিনিটে পানি বের হয় ১৪ লিটার

" " " $\frac{৯৬}{৭}$ " " " " $\frac{১৪ \times ৯৬}{৭}$ = ১৯২ "

∴ চৌবাচ্চাটিতে পানি ধরে ১৯২ লিটার।

৩১.সম্পূর্ণ খালি চৌবাচ্চা একটি পাইপ দিয়ে ৫ ঘণ্টায় সম্পূর্ণ ভর্তি করা যায়। দ্বিতীয় একটি পাইপ দিয়ে চৌবাচ্চাটি পূর্ণ করতে ৩ ঘণ্টা সময় লাগে। দুইটি পাইপ একসাথে ব্যবহার করে চৌবাচ্চাটির $\frac{১}{৩}$ অংশ পূর্ণ করতে কত সময় লাগবে? *[ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

সমাধান: ১ম পাইপ দিয়ে ৫ ঘণ্টায় পূর্ণ হয় ১ অংশ

∴ ১ " " " $\frac{১}{৫}$ "

২য় পাইপ দিয়ে ৩ ঘণ্টায় পূর্ণ হয় ১ অংশ

∴ ১ " " " $\frac{১}{৩}$ "

∴ পাইপ ২টি দ্বারা ১ ঘণ্টায় পূর্ণ হয় $= \frac{১}{৫}+\frac{১}{৩}$

$= \frac{৩+৫}{১৫} = \frac{৮}{১৫}$ অংশ

∴ একত্রে $\frac{৮}{১৫}$ অংশ পূর্ণ করে ১ ঘণ্টায়

১ " " " $\frac{১৫}{৮}$ "

∴ $\frac{১}{৩}$ " " " $\frac{১৫}{৮ \times ৩} = \frac{৫}{৮}$ ঘণ্টা (উত্তর)

৩২.একটি নল ১২ মিনিটে একটি খালি চৌবাচ্চা পূর্ণ করতে পারে। অপর একটি নল প্রতি মিনিটে চৌবাচ্চা থেকে ১৪ লিটার পানি বের করে দেয়। চৌবাচ্চাটি খালি থাকা অবস্থায় একসাথে খুলে দেওয়া হলে, চৌবাচ্চাটি ৯৬ মিনিটে পূর্ণ হয়। চৌবাচ্চাটিতে কত লিটার পানি ধরে? *[বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের অফিস সহায়ক: ২৩]*

সমাধান: চৌবাচ্চাটিতে x লিটার পানি ধরলে-

প্রথম নল দ্বারা ১২ মিনিটে পানি পূর্ণ হয় x লিটারের চৌবাচ্চা

" " " ১ " " " " $\frac{x}{১২}$ " "

দুটি নল দ্বারা ৯৬ মিনিটে পানি পূর্ণ হয় x লিটারের চৌবাচ্চা

" " " ১ " " " " $\frac{x}{৯৬}$ " "

শর্তমতে, $\frac{x}{১২} - ১৪ = \frac{x}{৯৬}$

বা, $\frac{x}{১২} - \frac{x}{৯৬} = ১৪$

বা, $\frac{৮x - x}{৯৬} = ১৪$

বা, $৭x = ১৩৪৪$ ∴ $x = ১৯২$

৩৩.দুটি পাইপ A এবং B একযোগে ১২ ঘণ্টায় একটি ট্যাঙ্ক পুরণ করতে পারে। A পাইপ B পাইপের ১০ ঘণ্টা পূর্বে ট্যাঙ্কটি পূরণ করতে পারে। B পাইপ দ্বারা ট্যাঙ্কটি পূরণ করতে কত সময় লাগবে? *[কর অঞ্চল, রাজশাহীর উচ্চমান সহকারী: ২৩]*

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

সমাধান: মনেকরি,
B পাইপ দ্বারা ট্যাংকটি পূর্ণ হতে সময় লাগে = x ঘণ্টা
∴ A এর সময় লাগে = (x - ১০) ঘণ্টা

প্রশ্নমতে, $\frac{১}{x-১০} + \frac{১}{x} = \frac{১}{১২}$

$\Rightarrow \frac{x + x - ১০}{x(x-১০)} = \frac{১}{১২}$

$\Rightarrow ১২(২x - ১০) = x^2 - ১০x$

$\Rightarrow ২৪x - ১২০ - x^2 + ১০x = ০$

$\Rightarrow -x^2 + ৩৪x - ১২০ = ০$

$\Rightarrow x^2 - ৩৪x + ১২০ = ০$

$\Rightarrow x^2 - ৩০x - ৪x + ১২০ = ০$

$\Rightarrow x(x - ৩০) - ৪(x - ৩০) = ০$

$\Rightarrow (x - ৩০)(x - ৪) = ০$

$\therefore x = ৩০ \quad [\because x \neq ৪]$

তাহলে, নির্ণেয় সময় = ৩০ ঘণ্টা

৩৪.একজন মাঝি স্রোতের প্রতিকূলে t_1 ঘণ্টায় a কিমি যেতে পারে। স্রোতের অনুকূলে ঐ পথ যেতে তার t_2 ঘণ্টা লাগে। স্রোতের বেগ ও নৌকার বেগ কত? *[কাস্টম হাউস চট্টগ্রামের উচ্চমান সহকারী: ২৩]*

সমাধান: স্রোতের প্রতিকূলে, t_1 ঘণ্টায় যায় a কি.মি.

$\therefore$ 1 " " $\frac{a}{t_1}$ "

আবার, স্রোতের অনুকূলে t_2 ঘণ্টায় যায় a কি.মি.

$\therefore$ 1 " " $\frac{a}{t_2}$ "

ধরি, নৌকার বেগ = x কি.মি./ঘণ্টা
এবং স্রোতের " = y "

প্রশ্নমতে, $x - y = \frac{a}{t_1}$ ..... (i)

এবং $x + y = \frac{a}{t_2}$ ..... (ii)

(i) + (ii) $\Rightarrow$

$2x = \frac{a}{t_1} + \frac{a}{t_2}$

$\Rightarrow 2x = a(\frac{1}{t_1} + \frac{1}{t_2})$

$\Rightarrow x = \frac{a}{2}(\frac{1}{t_1} + \frac{1}{t_2})$

আবার, (i) - (ii) $\Rightarrow$

$-2y = \frac{a}{t_1} - \frac{a}{t_2}$

$\Rightarrow -2y = -\frac{a}{t_2} + \frac{a}{t_1}$

$\Rightarrow -2y = -a(\frac{1}{t_2} - \frac{1}{t_1})$

$\Rightarrow y = \frac{a}{2}(\frac{1}{t_2} - \frac{1}{t_1})$

$\therefore$ স্রোতের বেগ = $\frac{a}{2}(\frac{1}{t_2} - \frac{1}{t_1})$ কি.মি.

এবং নৌকার বেগ = $\frac{a}{2}(\frac{1}{t_1} + \frac{1}{t_2})$ কি.মি.

৩৫.লঞ্চ ও স্রোতের গতিবেগ যথাক্রমে ঘণ্টায় ১৮ কিমি ও ৬ কিমি। নদীপথে ৪৮ কিমি অতিক্রম করে পুনরায় ফিরে আসতে কত সময় লাগবে? *[পরিবেশ অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর ২৩]*

সমাধান: স্রোতের অনুকূলে লঞ্চের বেগ = (১৮ + ৬) কি.মি.
= ২৪ কি.মি./ঘণ্টা

স্রোতের অনুকূলে, ২৪ কি.মি. যায় ১ ঘণ্টায়

৪৮ " " $\frac{৪৮}{২৪}$ = ২ ঘণ্টায়

স্রোতের প্রতিকূলে লঞ্চের বেগ (১৮ - ৬) = ১২ কি.মি./ ঘণ্টা
স্রোতের প্রতিকূলে, ১২ কি.মি. যায় ১ ঘণ্টায়

৪৮ " " $\frac{৪৮}{১২}$ = ৪ ঘণ্টায়

মোট প্রয়োজনীয় সময় = (২ + ৪) = ৬ ঘণ্টা

৩৬.একজন মাঝি স্রোতের অনুকূলে ২ ঘণ্টায় ৫ মাইল যায় এবং ৪ ঘণ্টায় প্রাথমিক অবস্থানে ফিরে আসে, তার মোট ভ্রমণে প্রতি ঘণ্টায় গড়বেগ কত? *[রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সার্ভেয়র: ২৩]*

সমাধান: এখানে, মোট দুরত্ব = ৫ + ৫ = ১০ মাইল
মোট সময় = ২ + ৪ = ৬ ঘণ্টা

$\therefore$ গড় গতিবেগ = $\frac{১০}{৬}$ মাইল/ঘণ্টা

= $\frac{৫}{৩}$ মাইল/ঘণ্টা

= $১\frac{২}{৩}$ মাইল/ঘণ্টা

৩৭.একটি নৌকা দাড় বেয়ে স্রোতের অনুকূলে ঘণ্টায় ১৫ কি.মি. যায় এবং স্রোতের প্রতিকূলে যায় ঘণ্টায় ৫ কি.মি.। নৌকার বেগ নির্ণয় কর? *[রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের উচ্চমান সহকারী: ২৩]*

সমাধান: মনেকরি,
নৌকার বেগ = x কি.মি./ঘণ্টা
স্রোতের " = y "

প্রশ্নমতে, $x + y = ১৫$ ..... (i)
$x - y = ৫$ ..... (ii)

(i) + (ii) $\Rightarrow$

$২x = ২০$

$\Rightarrow x = ১০$

$\therefore$ নৌকার বেগ = ১০ কি.মি./ঘণ্টা

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

পরিসংখ্যান ও গড়

গড় এর নিয়মাবলি

- গড় = $\frac{\text{রাশি গুলোর যোগফল}}{\text{মোট রাশির সংখ্যা}}$
- রাশিগুলোর যোগফল = গড় × মোট রাশির সংখ্যা।
- রাশির সংখ্যা = $\frac{\text{একই জাতীয় কতকগুলো রাশির সমষ্টি}}{\text{গড়}}$
- ধারাবাহিক সংখ্যার গড় = $\frac{\text{প্রথম সংখ্যা + শেষ সংখ্যা}}{২}$
- দূরত্বের ক্ষেত্রে গড়: যদি প্রতি ঘণ্টায় গতিবেগ দেওয়া থাকে তাহলে গড় গতিবেগ = $\frac{২xy}{x+y}$

Type : 01
সংখ্যাভিত্তিক সংখ্যার গড়

১. ৩টি সংখ্যার গড় ৩৩, দুইটি সংখ্যা ২৪ এবং ৪২ হলে অপর সংখ্যাটি কত? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর মেডিকেল টেকনোলজিস্ট ও কম্পিউটার অপারেটর: ২৩]*

ক ১১ খ ৩৩
গ ২২ ঘ ৪২ উ. খ

সমাধান:
৩টি সংখ্যার সমষ্টি = ৩৩ × ৩ = ৯৯
২ " " " = ২৪ + ৪২ = ৬৬
∴ অপর সংখ্যাটি = ৩৩

২. পাঁচটি সংখ্যার গড় ৪৬। সংখ্যাগুলোর প্রথম চারটি সংখ্যার গড় ৪৫। পঞ্চম সংখ্যাটি কত? *[বাংলাদেশ রেলওয়ের খালাসী: ২২]*

ক ৪৮ খ ৪৯
গ ৫০ ঘ কোনোটিই নয় উ. গ

সমাধান:
পাঁচটি সংখ্যার সমষ্টি (৫ × ৪৬) = ২৩০
চারটি " " (৪ × ৪৫) = ১৮০
∴ পঞ্চম সংখ্যাটি = ৫০ *[বিয়োগ করে]*

গ ৬০ ডিগ্রী ঘ ১৮০ ডিগ্রী উ. খ

সমাধান: একটি সমকোণী ত্রিভুজের সর্ববৃহৎ কোণটি ৯০° বা এক সমকোণ।

৯. সমবাহু ত্রিভুজের কোণগুলি? [এনএসআই এর ডেসপার রাইডার ও অফিস সহায়ক: ২১]
ক ৩০ ডিগ্রী খ ৬০ ডিগ্রী
গ ৯০ ডিগ্রী ঘ ১৮০ ডিগ্রী উ. খ

সমাধান: সমবাহু ত্রিভুজের তিনটি কোণ পরস্পর সমান এবং প্রত্যেকটি কোণের পরিমাণ ৬০°।

১০.যে ত্রিভুজের তিন কোণ সমান তাকে কোন ধরনের ত্রিভুজ বলে? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]
ক সমবাহু খ সমকোণী
গ স্থূলকোণী ঘ বিষমবাহু উ. ক

সমাধান: যে ত্রিভুজের প্রত্যেকটি বাহু এবং কোণ সমান তাকে সমবাহু ত্রিভুজ বলে। সমবাহু ত্রিভুজের প্রত্যেকটি কোণের পরিমাণ ৬০°।

১১.সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণদ্বয়ের সমষ্টি- [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]
ক স্থূলকোণ খ সমকোণ
গ সমকোণ বা স্থূলকোণ ঘ সূক্ষ্মকোণ বা স্থূলকোণ উ. খ

সমাধান: সমকোণী ত্রিভুজের সুক্ষ্মকোণদ্বয়ের সমষ্টি = এক সমকোণ।

১২.কোন ত্রিভুজের একটি বাহু উভয় দিকে বর্ধিত করায় উৎপন্ন বহিস্থঃ কোণগুলো পরস্পর সমান হলে ত্রিভুজটি ... হবে? [বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]
ক বিষমবাহু খ সমবাহু
গ সমকোণী ঘ সমদ্বিবাহু উ. ঘ

সমাধান: শুধুমাত্র সমদ্বিবাহু ত্রিভুজের সমান সমান বাহুদ্বয় ব্যতিত অন্য বাহুটি উভয় দিকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ গুলো পরস্পর সমান।

১৩.নিচের কোন বাহুগুলো নিয়ে ত্রিভুজ আঁকা সম্ভব? [বাংলাদেশ নির্বাচন কমিশনের কম্পিউটার অপারেটর: ২৩]
ক ২, ৪, ৮ খ ৩, ৬, ৯
গ ৪, ৫, ৬ ঘ ২, ৪, ১০ উ. গ

সমাধান: ত্রিভুজের যে কোন দুটি ক্ষুদ্রতম বাহুর যোগফল অবশ্যই তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তম হবে।

এখানে, ৪ + ৫ = ৯ > ৬
∴ অপশন (গ) ৪, ৫, ৬ দ্বারা ত্রিভুজ গঠন করা যাবে।

১৪.ত্রিভুজের তিনটি কোণের অনুপাত ২ : ৩ : ৫ হলে সবচেয়ে ছোট কোণটির মান- [বাংলাদেশ নির্বাচন কমিশনের কম্পিউটার অপারেটর: ২৩]
ক ১৮° খ ৩৬°
গ ৫৪° ঘ ৩০° উ. খ

সমাধান: ক্ষুদ্রতম কোণ $= \frac{২}{২+৩+৫} \times ১৮০^\circ$

$= \frac{২}{১০} \times ১৮০^\circ = ৩৬^\circ$

১৫.কোনো ত্রিভুজের দুইটি কোন ৯০° ও ৪৫° হলে ত্রিভুজটি কোন ধরনের? [মন্ত্রিপরিষদ বিভাগের কম্পিউটার অপারেটর ও বিভিন্ন পদ: ২৩]
ক সমবাহু খ সমদ্বিবাহু
গ সমকোণী ঘ স্থূলকোণী উ. গ

সমাধান: আমরা জানি, যে ত্রিভুজের একটি কোন সমকোণ বা ৯০° তাকে সমকোণী ত্রিভুজ বলে।

∴ ত্রিভুজটি সমকোণী।

১৬.একটি ত্রিভুজাকৃতি জমির ক্ষেত্রফল ১৪৪ বর্গমিটার। এর উচ্চতা ১২ মিটার হলে ভূমির দৈর্ঘ্য কত? [পোস্ট মাস্টার জেনারেল (উত্তরাঞ্চল) এর পোস্টম্যান: ২২]
ক ২৫ মি. খ ২৭ মি.
গ ২৩ মি. ঘ ২৪ মি. উ. ঘ

সমাধান: আমরা জানি,

ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা

$\Rightarrow ১৪৪ = \frac{১}{২} \times$ ভূমি $\times ১২$

$\Rightarrow ২৪ =$ ভূমি

$\Rightarrow$ ভূমি $= ২৪$ মি.

১৭.দুটি ত্রিভুজের মধ্যে কোন উপাদানগুলো সমান হলেও ত্রিভুজ দুটি সর্বসম নাও হতে পারে? [সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যসহকারী: ২২]
ক দুটি বাহু ও এক সমকোণ
খ একবাহু ও দুইকোণ
গ তিনটি বাহু ঘ তিনটি কোণ উ. ঘ

সমাধান: দুইটি ত্রিভুজ পরস্পর সর্বসম হওয়ার শর্ত:
(i) ২ বাহু ও তাদের অন্তর্ভুক্ত কোণ সমান হলে-
(ii) ৩ বাহু সমান হলে-
(iii) ২ কোণ ও ১ বাহু সমান হলে-
(iv) ১টি কোণ সমকোণ এবং অতিভুজ ও ১ বাহু সমান হলে-
∴ তিনটি কোণ সমান হলেও ত্রিভুজটি সর্বসম নাও হতে পারে।

১৮.যে ত্রিভুজের বাহু তিনটির দৈর্ঘ্য ১৭ সে.মি., ১৫ সে.মি. এবং ৮ সে.মি.। সে ত্রিভুজটি হবে- [পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের উচ্চমান সহকারী: ২২]

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ক সমবাহু খ সমকোণী
গ সমদ্বিবাহু ঘ সূক্ষ্মকোণী উ. খ

সমাধান: এখানে, $১৫^২ + ৮^২ = ২২৫ + ৬৪$
$= ২৮৯ = ১৭^২$

∴ ত্রিভুজটি সমকোণী।

১৯.নিচের একটি ত্রিভুজের তিন বাহুর দৈর্ঘ্য দেওয়া আছে। কোন ক্ষেত্রে একটি ত্রিভুজ অংকন করা সম্ভব নয়? *[বাংলাদেশ তাঁত বোর্ডের বিভিন্ন পদ: ২২]*

ক $3.0, 5\sqrt{2}, 4.0$ খ $2.5, 3.5, \sqrt{7}$
গ $7.0, 2.5, 4.0$ ঘ $2.0, 3.0, \sqrt{7}$ উ. গ

সমাধান: আমরা জানি,
কোন ত্রিভুজের যে কোন দুই বাহুর সমষ্টি সর্বদা তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর হবে।
এখানে, 7.0, 2.5, 4.0 বাহুত্রয়ের ক্ষেত্রে
$2.5 + 4.0 = 6.5$ যা তৃতীয় বাহু 7 অপেক্ষা ছোট
∴ এ বাহুত্রয় দ্বারা ত্রিভুজ গঠন করা সম্ভব নয়।

২০.১৭ সে.মি., ১৫ সে.মি. এবং ৮ সে.মি. দৈর্ঘ্য বিশিষ্ট ত্রিভুজটি হবে- *[স্বাস্থ্য অধিদপ্তরের রুপাউভার: ২২]*

ক সমকোণ খ সমকোণী
গ সমদ্বিবাহু ঘ স্থূলকোণী উ. খ

সমাধান: ১৭ সে.মি., ১৫ সে.মি., ৮ সে.মি. বাহু বিশিষ্ট হলে $১৭^২ = ১৫^২ + ৮^২$
যেহেতু পিথাগোরাসের সূত্র মেনে চলে তাই সমকোণী ত্রিভুজ।



২১.একটি ত্রিভুজের দুটি কোণের পরিমাণ ৩৫° ও ৫৫°। ত্রিভুজটি কোন ধরণের? *[রেলওয়ের সহকারী স্টেশন মাস্টার: ২২]*

ক সমবাহু খ সমকোণী
গ স্থূলকোণী ঘ সমদ্বিবাহু উ. খ

সমাধান: ত্রিভুজের তিন কোণের সমষ্টি ১৮০°
∴ ৩৫° + ৫৫° + তৃতীয় কোণ = ১৮০°
বা, তৃতীয় কোণ = ৯০°
সুতরাং ত্রিভুজটি সমকোণী।

২২.ত্রিভুজের তিন বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ৬, ৮ ও ১০ মিটার হলে বৃহত্তম ও ক্ষুদ্রতম বাহুর মধ্যবিন্দু দুটির দূরত্ব কত মিটার? *[খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]*

ক ৬ খ ৭
গ ৪ ঘ ৫ উ. গ

সমাধান: আমরা জানি, ত্রিভুজের যে কোন দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক সরলরেখা তৃতীয় বাহুর সমান্তরাল এবং অর্ধেক।



∴ বৃহত্তম ও ক্ষুদ্রতম বাহুর মধ্যবিন্দু দুইটির দূরত্ব $= \frac{৮}{২}$
$= ৪$

২৩.3cm, 4cm ও 5cm বাহুবিশিষ্ট ত্রিভুজটি হবে- *[অধিদপ্তরের হিসাব সহকারী/কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*

ক সমকোণী খ সূক্ষ্মকোণী
গ সমবাহু ঘ সমদ্বিবাহু উ. ক

সমাধান: যেহেতু $3^2 + 4^2 = 5^2$
সেহেতু ত্রিভুজটি সমকোণী। কারণ সমকোণী ত্রিভুজের ক্ষেত্রেই পীথাগোরাসের ত্রিভুজ সূত্র প্রযোজ্য।

২৪.নিচের চিত্রে ∠BCP এর মান কত? *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*

ক ৪০° খ ৭০°
গ ৯০° ঘ ১১০° উ. খ



সমাধান: $\angle BCP = ৩০° + ৪০° = ৭০°$

২৫.দুটি ত্রিভুজের মধ্যে কোন উপাদানগুলো সমান হওয়া সত্ত্বেও ত্রিভুজ দুটি সর্বসম নাও হতে পারে? *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*

ক তিন কোণ খ তিন বাহু
গ দুই বাহু ও অন্তর্ভুক্ত কোণ
ঘ দুই কোণ ও এক বাহু উ. ক

সমাধান:



এখানে, ত্রিভুজদ্বয় সদৃশ্য হলেও সর্বসম নয়।
∴ দুইটি ত্রিভুজের মধ্যে কোণ তিনটি সমান হলেও ত্রিভুজদ্বয় সর্বসম নাও হতে পারে।

২৬.নিচে ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য দেয়া আছে। কোন ক্ষেত্রে ত্রিভুজটি আঁকা সম্ভব নয়? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাবরক্ষক: ২১]*

ক 2, 3, 5 সেমি. খ 4, 5, 6 সেমি.
গ 3, 5, 7 সেমি. ঘ 5, 6, 8 সেমি. উ. ক

সমাধান: আমরা জানি, ত্রিভুজের যে কোন ২ বাহুর সমষ্টি অবশ্যই ৩য় বাহু অপেক্ষা বৃহত্তম হবে।
এখানে, $2 + 3 = 5$ যা 5 এর সমান। এজন্য 2, 3, 5 বাহুদ্বয় দ্বারা ত্রিভুজ আঁকা সম্ভব নয়।

২৭.কোন ত্রিভুজের বাহুগুলোর অনুপাত নিচের কোনটি হলে একটি সমকোণী ত্রিভুজ অঙ্কন করা সম্ভব? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*

ক ৬ : ৫ : ৪ খ ৩ : ৪ : ৫
গ ১২ : ৮ : ৪ ঘ ৬ : ৪ : ৩ উ. খ

সমাধান: এখানে,
অপশন 'খ' হতে পাই, $৩^২ + ৪^২ = ৯ + ১৬ = ২৫ = ৫^২$
∴ অপশন 'খ' এর সাহায্যে সমকোণী ত্রিভুজ অঙ্কন সম্ভব।

২৮.একটি ত্রিভুজের ভূমি ১০ মিটার এবং উচ্চতা ৪ মিটার হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত? *[এনএসআই এর ওয়্যারলেস অপারেটর/ হিসাবরক্ষক: ২১]*

ক ৩০ খ ২০
গ ২৪ ঘ ১৫ উ. খ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

সমাধান: ত্রিভুজটির ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা

$= \frac{১}{২} \times ১০ \times ৪$

$= ২০$ বর্গ মিটার

Type : 02
সমবাহু ত্রিভুজ (Equilateral Triangle)

যে ত্রিভুজের তিনটি বাহুই সমান, তাকে সমবাহু ত্রিভুজ বলে।

সূত্র:

সমবাহু ত্রিভুজের একটি বাহুর দৈর্ঘ্য a হলে,

→ ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4} a^2$ বর্গ একক,

→ পরিসীমা $= 3a$ একক

→ উচ্চতা, $h = \frac{\sqrt{3}}{2} a$ একক

২৯.সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য যদি a হয় তবে ক্ষেত্রফল হবে- *[LGED এর অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

ক $\frac{\sqrt{3}}{4}a^2$ খ $\frac{\sqrt{3}}{2}a^2$

গ $\frac{3}{2}a^2$ ঘ $\sqrt{\frac{1}{2}a^2}$ উ. ক

সমাধান: সমবাহু ত্রিভুজের একবাহু a হলে,

ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}a^2$



৩০.সমবাহু ত্রিভুজের প্রতিটি কোণের মান কত? *[প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিস সহায়ক: ২৩]*

ক ৪৫ ডিগ্রি খ ৩০ ডিগ্রি

গ ৬০ ডিগ্রি ঘ ৯০ ডিগ্রি উ. গ

সমাধান: একটি সমবাহু ত্রিভুজের প্রত্যেকটি বাহু সমান হওয়ায় প্রত্যেকটি কোণের মানও সমান।

$\therefore$ প্রত্যেকটি কোণ $= \frac{১৮০^\circ}{৩} = ৬০^\circ$

৩১.সমবাহু ত্রিভুজের প্রতিটি কোন কত ডিগ্রি? *[প্রাণীসম্পদ অধিদপ্তরের অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

ক ৯০° খ ৬০°

গ ১৬০° ঘ ৩৬০° উ. খ

সমাধান:

সমবাহু ত্রিভুজের প্রত্যেকটি কোণ ৬০°

৩২.একটি সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল ৫০ বর্গ সেমি.। ত্রিভুজের প্রতিবাহুর দৈর্ঘ্য কত? *[বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের ওয়ারহাউজ সুপারিনটেনডেন্ট ও ক্যাশিয়ার: ২২]*

ক ১০.৭৫ সেমি. খ ১২ সেমি.

গ ১৩.৪৫ সেমি. ঘ ১১.৬৫ সেমি. উ. ক

সমাধান: সমবাহু ত্রিভুজটির প্রতিবাহু a সে.মি. হলে

ক্ষেত্রফল $= \frac{\sqrt{৩}}{৪}a^2$ বর্গ সে.মি.

শর্তমতে, $\frac{\sqrt{৩}}{৪}a^2 = ৫০$

বা, $a^2 = \frac{৫০ \times ৪}{\sqrt{৩}} = \frac{২০০}{\sqrt{৩}} = \frac{২০০}{১.৭৩২} = ১১৫.৪৭$

$\therefore a = \sqrt{১১৫.৪৭}$ সে.মি. $= ১০.৭৫$ সে.মি.

Type : 03
সমদ্বিবাহু ত্রিভুজ (Isosceles Triangle)

যে ত্রিভুজের দুইটি বাহু সমান, তাকে সমদ্বিবাহু ত্রিভুজ বলে। যেমন:



সূত্র:

→ ক্ষেত্রফল $= \frac{b}{4}\sqrt{4a^2 - b^2}$ *[যেখানে, a সমান বাহুদ্বয়ের দৈর্ঘ্য; b = ভূমি]*

৩৩.একটি সমদ্বিবাহু ত্রিভুজের একটি কোণ ৮০° হলে, অপর যেকোনো একটি কোণের মান কত? *[পোস্ট মাস্টার জেনারেল (উত্তরাঞ্চল) এর পোস্টম্যান: ২২]*

ক ৯০° খ ৭০°

গ ৫৫° ঘ ৫০° উ. ঘ

সমাধান: একটি সমদ্বিবাহু ত্রিভুজের একটি কোণ ৮০° হলে অপর কোণদ্বয়ের সমষ্টি $= ১৮০^\circ - ৮০^\circ = ১০০^\circ$

$\therefore$ অপর যে কোন একটি কোণ $= \frac{১০০^\circ}{২}$

$= ৫০^\circ$

৩৪.একটি সমদ্বিবাহু ত্রিভুজের সমান কোণদ্বয়ের একটি ৫০° হলে তৃতীয় কোণটির পরিমাণ কত? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরে এমএলএস/নিরাপত্তা প্রহরী: ২৩]*

ক ৮০° খ ৭০°

গ ১০০° ঘ ৯০° উ. ক

সমাধান: সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহুদ্বয়ের একটি কোণ $= ৫০^\circ$ হলে, অপর কোণ $= ৫০^\circ$

মনেকরি, তৃতীয় কোণ $= x$

প্রশ্নমতে, $৫০^\circ + ৫০^\circ + x = ১৮০^\circ$



CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

$\Rightarrow 100^\circ + x = 180^\circ$

$\Rightarrow x = 80^\circ$

৩৫.একটি সমদ্বিবাহু ত্রিভুজের ভূমি ১৬ একক এবং অপর প্রত্যেক বাহুদ্বয় ১০ একক। ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ একক? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*

ক) ২৪ খ) ৩৬
গ) ৪২ ঘ) ৪৮ **উ. ঘ**

সমাধান: সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{b}{4}\sqrt{4a^2 - b^2}$



$= \frac{16}{4}\sqrt{4.10^2 - 16^2}$

$= 4\sqrt{400 - 256}$

$= 4\sqrt{144}$

৩৬.সমদ্বিবাহু ত্রিভুজের সমান সমান বাহুদ্বয় বর্ধিত করলে উৎপন্ন কোণদ্বয়কে কি বলে? *[জীবন বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২১]*

ক) স্থূলকোণ খ) সূক্ষ্মকোণ
গ) সমকোণ ঘ) বিপ্রতীপকোণ **উ. ক**

সমাধান: *ABC সমদ্বিবাহু ত্রিভুজের AB বাহু = AC বাহু। বাহুদ্বয়কে যথাক্রমে E ও F বিন্দু পর্যন্ত বর্ধিত করা হলো। উৎপন্ন বহিঃস্থ কোণদ্বয় ∠EBC ও ∠FCB যা একসমকোণ অপেক্ষা বড়।*



∴ ∠EBC ও ∠FCB স্থূলকোণ।

৩৭.একটি সমদ্বিবাহু ত্রিভুজের ভূমি ১৬ মি., এবং অপর দুটি বাহুর প্রতিটি ১০ মি. হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত? *[LGED এর অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

ক) ৩৬ ব. মি. খ) ৪২ ব.মি.
গ) ৪৮ ব.মি. ঘ) ৫০ ব.মি. **উ. গ**

সমাধান: *মনেকরি, একটি সমদ্বিবাহু ত্রিভুজের সমান সমান বাহুর দৈর্ঘ্য a একক, ভূমির দৈর্ঘ্য b একক হলে, সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল*

$= \frac{b}{4}\sqrt{4a^2 - b^2}$

$= \frac{16}{4}\sqrt{4(10)^2 - (16)^2}$



$= 4\sqrt{400 - 256} = 4\sqrt{144} = 4 \times 12 = 48$ ব.মি.

৩৮.একটি সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজের অতিভূজের দৈর্ঘ্য ১২ সেন্টিমিটার হলে। ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ সেন্টিমিটার? *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের স্টোরম্যান/ডেচপার রাইডার: ২১]*

ক) ৪৮ খ) ৩৬
গ) ৫৬ ঘ) ৭২ **উ. খ**

সমাধান: *মনেকরি,*

সমদ্বিবাহুদ্বয়ের দৈর্ঘ্য = x সে.মি.

শর্তমতে, $x^2 + x^2 = 12^2$

$\Rightarrow 2x^2 = 144 \Rightarrow x^2 = 72$

সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা



$= \frac{1}{2} \times x \times x$

$= \frac{1}{2} \times x^2$

$= \frac{1}{2} \times 72 = 36$

Type : 04
বিষমবাহু ত্রিভুজ (Scalene Triangle)

যে ত্রিভুজের তিনটি বাহুই অসমান, তাকে বিষমবাহু ত্রিভুজ বলে।

সূত্র:

→ ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$

→ এখানে পরিসীমা, $2s = a+b+c$

এবং অর্ধ-পরিসীমা, $s = \frac{a+b+c}{2}$

৩৯.ত্রিভুজের তিনটি কোণ অসমান হলে ত্রিভুজটি- *[বিটিআরসির কন্ডাক্টর-ডি: ২২]*

ক) সমবাহু খ) সমদ্বিবাহু
গ) বিষমবাহু ঘ) কোনোটিই নয় **উ. গ**

সমাধান: *যে ত্রিভুজের তিনটি বাহু বা তিনটি কোণই অসমান তাকে বিষমবাহু ত্রিভুজ বলে।*



৪০.একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 7 সে.মি., 8 সে.মি. ও 9 সে.মি.। এর ক্ষেত্রফল নির্ণয় কর। *[বাংলাদেশ রেলওয়ের গার্ড (গ্রেড-২): ২২]*

ক) 25.48 বর্গ সেমি খ) 25.98 বর্গ সেমি
গ) 26.83 বর্গ সেমি ঘ) 27.95 বর্গ সেমি **উ. গ**

সমাধান: *দেওয়া আছে,*

ত্রিভুজের বাহু তিনটি যথাক্রমে 7, 8, 9 সে.মি.

৪১.একটি সমবাহু ত্রিভুজের তিন কোণের সমষ্টি ১৮০ ডিগ্রি হলে, যে কোন দুটি বাহুর অর্ন্তগত কোণটি কত? *[এনএসআই এর কম্পিউটার অপারেটর: ২১]*

ক) ৬০ ডিগ্রি খ) ১২০ ডিগ্রি
গ) ১৮০ ডিগ্রি ঘ) ৩০ ডিগ্রি **উ. ক**

সমাধান: *সমবাহু ত্রিভুজের ৩টি কোণের প্রত্যেকটি কোণের মান $= 60^\circ$*

∴ যে কোন ২টি বাহুর অন্তর্গত কোণ $= 60^\circ$ হবে।

৪২.বিষমবাহু ত্রিভুজের জন্য কোনটি সঠিক? *[বাংলাদেশ রেলওয়ের সহকারী লোকোমটিভ মাস্টার: ২২]*

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ক তিনটি বাহু সমান খ তিনটি কোণ সমান
গ তিনটি কোণের সমষ্টি দুই সমকোণ
ঘ কোনটিই নয় উ. গ

সমাধান: যে ত্রিভুজের তিনটি বাহু অসমান এবং তিনটি কোণই ভিন্ন ভিন্ন তাকে বিষমবাহু ত্রিভুজ বলে। আবার, যে কোন ত্রিভুজের তিন কোণের সমষ্টি ২ সমকোণ। ∴ অপশন অনুযায়ী সঠিক উত্তর (গ)।

৪৩.ত্রিভুজের তিন বাহুর দৈর্ঘ্য ৪, ৫ ও ৩ হলে এর ক্ষেত্রফল কত? *[প্রাণীসম্পদ অধিদপ্তরের ল্যাবরেটরি টেকনিশিয়ান: ২৩]*

ক ২০ খ ১২
গ ৮ ঘ ৬ উ. ঘ

সমাধান: ত্রিভুজটির পরিসীমা, $2s = (৪ + ৫ + ৩)$ ফুট
$= ১২$ ফুট *Note:* $s = \frac{a+b+c}{2}$
$\therefore s = ৬$ ফুট

ত্রিভুজটির ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$
$= \sqrt{৬(৬-৪)(৬-৫)(৬-৩)}$
$= \sqrt{৬ \times ২ \times ১ \times ৩}$ বর্গফুট
$= ৬$ বর্গফুট

৪৪.একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য ২৬ সেমি, ২৪ সেমি ও ১০ সেমি হলে, ত্রিভুজের যোগফল কত? *[ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন অফিসার: ২২]*

ক ১২০ খ ১৪০
গ ১৬৬ ঘ ২৪০ উ. ক

সমাধান: দেওয়া আছে,
ত্রিভুজের ১ম বাহু, $a = ২৬$ সে.মি.
২য় " $b = ২৪$ "
৩য় " $c = ১০$ "

∴ অর্ধ-পরিসীমা, $S = \frac{a+b+c}{২}$



$= \frac{২৬ + ২৪ + ১০}{২}$
$= \frac{৬০}{২} = ৩০$ সে.মি.

∴ ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$
$= \sqrt{৩০(৩০-২৬)(৩০-২৪)(৩০-১০)}$
$= \sqrt{৩০.৪.৬.২০} = \sqrt{১৪৪০০} = ১২০$ বর্গ সে.মি.

৪৫.একটি ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 20m, 21m ও 29m হলে, ক্ষেত্রফল কত? *[কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের প্রধান সহকারী/হিসাব রক্ষক: ২১]*

ক $200m^2$ খ $210m^2$
গ $290m^2$ ঘ $300m^2$ উ. খ

সমাধান: দেওয়া আছে, ত্রিভুজের বাহুগুলোর দৈর্ঘ্য যথাক্রমে $a = 20$ মি, $b = 21$ মি. এবং $c = 29$ মি.

∴ অর্ধপরিসীমা $s = \frac{a+b+c}{2}$
$= \frac{20 + 21 + 29}{2} = 35$

আমরা জানি, ত্রিভুজের ক্ষেত্রফল
$= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$
$= \sqrt{35(35-20)(35-21)(35-29)}$
$= \sqrt{35 \times 15 \times 14 \times 6} = \sqrt{44100} = 210$ বর্গ মিটার

Type : 05
সমকোণী ত্রিভুজ (Right Angled Triangle)

যে ত্রিভুজের একটি কোণের পরিমাণ ৯০° তাকে সমকোণী ত্রিভুজ বলে।

সূত্র:

→ ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ (সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের গুণফল) বর্গ একক।

→ $(\text{অতিভুজ})^২ = (\text{লম্ব})^২ + (\text{ভূমি})^২$

৪৬.একটি সমকোণী ত্রিভুজের তিন কোণের সমষ্টি কত? *[LGED এর কার্যসহকারী]*

ক ১৮০ ডিগ্রি খ ৯০ ডিগ্রি
গ ১২০ ডিগ্রি ঘ ১৯০ ডিগ্রি উ. ক

সমাধান: যে কোনো ত্রিভুজের তিনকোণের সমষ্টি ১৮০°

৪৭.সমকোণী ত্রিভুজের বাহুগুলোর অনুপাত কোনটি? *[বাংলাদেশ নির্বাচন কমিশনের কম্পিউটার অপারেটর: ২৩]*

ক ৬ : ৪ : ৩ খ ৬ : ৫ : ৪
গ ১৩ : ১২ : ৫ ঘ ৫ : ৪ : ২ উ. গ

সমাধান: এখানে, $১২^২ + ৫^২ = ১৪৪ + ২৫$
$= ১৬৯ = ১৩^২$
যা পীথাগোরাসের উপপাদ্য সিদ্ধ করে।
∴ অপশন 'গ' এর বাহু গুলো সমকোণী ত্রিভুজের।

৪৮.সমকোণী ত্রিভুজের বাহুর অনুপাত কোনটি? *[বাংলাদেশ রেলওয়ের খালাসী: ২২]*

ক ৬ : ৪ : ৩ খ ৬ : ৫ : ৩
গ ১২ : ৮ : ৪ ঘ ১৩ : ১২ : ৫ উ. ঘ

সমাধান: এখানে, $১২^২ + ৫^২ = ১৪৪ + ২৫ = ১৬৯ = ১৩^২$

৪৯.একটি সমকোণী ত্রিভুজের সমকোণ ছাড়া অন্য দুটি কোণ- *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরে এমএলএস/নিরাপত্তা প্রহরী: ২৩]*

ক সন্নিহিত কোণ খ সূক্ষ্ম কোণ
গ সরল কোণ ঘ পূরক কোণ উ. খ

সমাধান:



চিত্র হতে একটি সমকোণী ত্রিভুজের সমকোণ ছাড়া অন্য দুইটি কোণ সূক্ষ্ম কোণ।

৫০.কোনো ত্রিভুজের একটি কোণ অপর দুইটি কোণের সমষ্টির সমান হলে এটি কোন ধরনের ত্রিভুজ? *[সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী: ২২]*

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

আপডেট Confirm Job

ক সমবাহু খ সূক্ষ্মকোণী
গ সমকোণী ঘ স্থূলকোণী উ. গ

সমাধান: আমরা জানি, ত্রিভুজের দুই কোণের সমষ্টি ২ সমকোণ।

∴ কোনো ত্রিভুজের একটি কোণ অপর দুইটি কোণের সমষ্টির সমান হলে ত্রিভুজটি সমকোণী ত্রিভুজ।

৫১.সমকোণী ত্রিভুজের সমকোণ ব্যতীত অপর দুইটি কোণের পরিমাণ কোনটি? *[তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কো. লি. এর টেকনিশিয়ান/ড্রাফ্টসম্যান: ২৩]*

ক ৬৩°, ৩৬° খ ৩০°, ৭০°
গ ৪০°, ৫০° ঘ ৮০°, ১২০° উ. গ

সমাধান:

সমকোণী ত্রিভুজের সমকোণ হলো = ৯০°

∴ অপর দুটি কোণের সমষ্টি = ১৮০° - ৯০° = ৯০°

∴ অপশন অনুযায়ী (গ) ৪০°, ৫০° সঠিক।

৫২.একটি সমকোণী ত্রিভুজের ভূমি ও লম্ব যথাক্রমে ১২ সে.মি ও ৫ সেমি। উহার অতিভুজের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত? *[বাংলাদেশ রেলওয়ের গার্ড (গ্রেড-২): ২২]*

ক ২২৫ বর্গ সেমি খ ১৪৪ বর্গ সেমি
গ ১২১ বর্গ সেমি ঘ ১৬৯ বর্গ সেমি উ. ঘ

সমাধান: অতিভুজ^2 = লম্ব^2 + ভূমি^{2}

$\Rightarrow$ অতিভুজ^2 = ৫^2 + ১২^2

$\Rightarrow$ অতিভুজ^2 = ২৫ + ১৪৪

∴ অতিভুজ^2 = ১৬৯

সুতরাং অতিভুজের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = ১৬৯ বর্গ সেমি

৫৩.ΔABC এর $\angle A = 70^0$, $\angle B = 20^0$ হলে ত্রিভুজটি কোন প্রকৃতির? *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের স্টোরম্যান/ডেচপার রাইডার: ২১]*

ক সমকোণী খ সমদ্বিবাহু
গ সূক্ষ্মকোণী ঘ সমবাহু উ. ক

সমাধান:



∴ অপর কোণটি = 180° - (70° + 20°)
= 180° - 90° = 90°

∴ ত্রিভুজটি সমকোণী।

৫৪.একটি সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল ৫০ বর্গ সে.মি.। ত্রিভুজটির প্রতি বাহুর দৈর্ঘ্য কত? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]*

ক ১৫.২ সে.মি. খ ১০.৫ সে.মি.
গ ১০.৭ সে.মি. ঘ ১৭.১ সে.মি. উ. গ

সমাধান: সমবাহু ত্রিভুজটির প্রতিবাহু a সে.মি. হলে

ক্ষেত্রফল = $\frac{\sqrt{৩}}{৪}a^2$ বর্গ সে.মি.

শর্তমতে, $\frac{\sqrt{৩}}{৪}a^2 = ৫০$

বা, $a^2 = \frac{৫০ \times ৪}{\sqrt{৩}} = \frac{২০০}{\sqrt{৩}} = \frac{২০০}{১.৭৩২} = ১১৫.৪৭$

∴ $a = \sqrt{১১৫.৪৭} = ১০.৭৫$ সে.মি.

৫৫.একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ 13 cm ও ভূমি 12 cm হলে ত্রিভুজের ক্ষেত্রফল কত? *[বাংলাদেশ রেলওয়ের পয়েন্টসম্যান: ২১]*

ক 25 cm^2 খ 30 cm^2
গ 36 cm^2 ঘ 24 cm^2 উ. ঘ

সমাধান: দেওয়া আছে,

সমকোণী ত্রিভুজটির অতিভুজ = 13 cm

এবং ভূমি = 12 cm

∴ লম্ব = $\sqrt{(\text{অতিভুজ})^2 - (\text{ভূমি})^2}$

$= \sqrt{(13)^2 - (12)^2}$

$= \sqrt{169 - 144} = \sqrt{25} = 5$

∴ ত্রিভুজটির ক্ষেত্রফল = $\frac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা



$= \frac{1}{2} \times 12 \times 5$

= 30 cm

∴ অর্ধ-পরিসীমা, $S = \frac{7 + 8 + 9}{2} = \frac{24}{2}$

= 12 সে.মি.

তাহলে ক্ষেত্রফল = $\sqrt{s(s-a)(s-b)(s-c)}$

$= \sqrt{12(12-7)(12-8)(12-9)}$

$= \sqrt{12.5.4.3}$

= 26.83 বর্গ মি. (প্রায়)

Type : 06

ত্রিভুজের কোণের পরিমাপ ও বাহুর দৈর্ঘ্য নির্ণয়

৫৬.কোনো ত্রিভুজের দুই বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ৪ সেমি. ও ৫ সেমি. এবং এদের অর্ন্তভুক্ত কোণ ৩০° হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ সে.মি.? *[বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের ওয়ারহাউস সুপারিনটেনডেন্ট ও ক্যাশিয়ার: ২২]*

ক ১০ খ ২০
গ ৫ ঘ ১০$\sqrt{৩}$ উ. গ

সমাধান:

ত্রিভুজটির ক্ষেত্রফল = $\frac{১}{২} \times a \times b \times \sin$

$= \frac{১}{২} \times ৪ \times ৫ \times \sin ৩০^\circ = ৫$ বর্গ সে.মি.

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৫৭.কোন সমকোণী ত্রিভুজের কোণদ্বয়ের পার্থক্য ৬° হলে ক্ষুদ্রতম কোণের মান কত? *[হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*

ক) ৪৬° খ) ৪১°
গ) ৪৯° ঘ) ৪২° উ. ঘ

সমাধান: মনেকরি, একটি কোণ $= x$
$\therefore$ অপর কোণ $= x + ৬°$

প্রশ্নমতে, $৯০° + x + x + ৬° = ১৮০°$
$\Rightarrow 2x + ৯৬° = ১৮০°$
$\Rightarrow 2x = ৮৪°$
$\Rightarrow x = ৪২°$
$\therefore$ ক্ষুদ্রতম কোণটি $= ৪২°$

৫৮.একটি সমকোণী ত্রিভুজের সমকোণ ব্যতীত অপর দুটি কোণের পার্থক্য ৫° হলে ক্ষুদ্রতম কোণটির মান কত? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*

ক) ৪০° খ) ৪২.৫°
গ) ৪৪° ঘ) ৪৭.৫° উ. খ

সমাধান: মনেকরি, একটি কোণ $= x$
$\therefore$ অপর " $= x + ৫°$

প্রশ্নমতে, $৯০° + x + x + ৫° = ১৮০°$
$\Rightarrow 2x = ৮৫°$
$\Rightarrow x = ৪২.৫°$

৫৯.যে সমকোণী ত্রিভুজের সূক্ষ্ম কোনদ্বয়ের অন্তর ৮°। তার ক্ষুদ্রতম কোণ কত ডিগ্রী? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাবরক্ষক: ২১]*

ক) ৩৮° খ) ৩৯°
গ) ৪০° ঘ) ৪১° উ. ঘ

সমাধান: মনেকরি,
সমকোণী ত্রিভুজের সূক্ষ্ম কোণদ্বয়ের মধ্যে ক্ষুদ্রতম কোণ $= x$
" " " " " বৃহত্তম " $= x + ৮°$

প্রশ্নমতে, $x + x + ৮° + ৯০° = ১৮০°$
$\Rightarrow 2x = ১৮০° - ৯৮°$
$\Rightarrow 2x = ৮২°$
$\Rightarrow x = ৪১°$

৬০.একটি সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজের অতিভুজ ১২ সে.মি. হলে ক্ষেত্রফল কত? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর পরিবার কল্যাণ পরিদর্শিকা: ২৩]*

ক) ৩৬ খ) ৪৮
গ) ৫৬ ঘ) ৭২ উ. ক

সমাধান: মনেকরি, সমান বাহুদ্বয়ের দৈর্ঘ্য x সে.মি.
তাহলে, পীথাগোরাসের সূত্রের সাহায্যে পাই,
$x^2 + x^2 = ১২^2$ [লম্ব^2 + ভূমি^{2} = অতিভুজ^2]
$\Rightarrow 2x^2 = ১৪৪$
$\Rightarrow x^2 = ৭২$
এখন,



ত্রিভুজটির ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা
$= \frac{১}{২} \times x \times x = \frac{১}{২} \times x^2 = \frac{১}{২} \times ৭২ = ৩৬$ বর্গ সে.মি.

৬১.একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে ১০ সে.মি. ও ২০ সে.মি. হলে উহার সমান ক্ষেত্রফল বিশিষ্ট একটি বর্গক্ষেত্রের পরিসীমা কত? *[বাংলাদেশ রেলওয়ের খালাসী: ২২]*

ক) ৬০ সে.মি. খ) ৩০ সে.মি.
গ) ৪০ সে.মি. ঘ) ৫২ সে.মি. উ. গ

সমাধান:



ত্রিভুজটির ক্ষেত্রফল $= \frac{১}{২} \times ১০ \times ২০ = ১০০$ বর্গ সে.মি.

তাহলে বর্গক্ষেত্রের ক্ষেত্রফল $= ১০০$
" একবাহু $= \sqrt{১০০} = ১০$
$\therefore$ " পরিসীমা $= ৪ \times$ একবাহু
$= ৪ \times ১০ = ৪০$ সে.মি.

৬২.ΔABC এর $AB = AC$, $\angle A = 80^0$ $\angle B =$ কত? *[ডাক অধিদপ্তরের হিসাব সহকারী/কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*

ক) 60^0 খ) 70^0
গ) 50^0 ঘ) 80^0 উ. গ

সমাধান: যেহেতু $AB = AC$ সেহেতু $\angle B = \angle C$
ধরি, $\angle B = \angle C = x$
প্রশ্নমতে, $\angle A + \angle B + \angle C = 180°$
$\Rightarrow 80° + x + x = 180°$
$\Rightarrow 2x = 100°$
$\Rightarrow x = 50°$
$\therefore \angle B = 50°$



৬৩.ত্রিভুজ ABC এর $A = ৪৫°$, $B = ৪৫°$ হলে ত্রিভুজ ABC হলো- *[দুদকের কনস্টেবল: ২২]*

ক) সমবাহু ত্রিভুজ খ) সমদ্বিবাহু ত্রিভুজ
গ) সমকোণী ত্রিভুজ ঘ) খ ও গ উভয়ই উ. ঘ

সমাধান: এখানে,
ABC ত্রিভুজের $\angle A = ৪৫°$, $\angle B = ৪৫°$
$\therefore \angle C = ১৮০° - (৪৫° + ৪৫°)$
$= ১৮০° - ৯০° = ৯০°$
$\therefore$ ত্রিভুজটি সমকোণী ত্রিভুজ।



আবার, $\angle A = ৪৫°$ ও $\angle B = ৪৫°$ হওয়ায় $AC = BC$
$\therefore$ ত্রিভুজটি সমদ্বিবাহু
সুতরাং ABC সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজ।

৬৪.ত্রিভুজের দুইটি কোণের অনুপাত ২ : ৩। একটি কোণ ৭৫° হলে, অন্য দুইটি কোণের পরিমাণ কত? *[হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*

ক) ৪০, ৬০ খ) ৪২, ৬৩
গ) ৪১, ৬৩ ঘ) কোনটিই নয় উ. খ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

সমাধান: যেহেতু ত্রিভুজের তিন কোণের সমষ্টি $= ১৮০^\circ$
সেহেতু একটি কোণ ৭৫% হলে অপর দুইটি কোণের সমষ্টি হবে $= ১৮০^\circ - ৭৫^\circ = ১০৫^\circ$
মনেকরি, কোণদ্বয় যথাক্রমে $২x$ ও $৩x$
প্রশ্নমতে, $২x + ৩x = ১০৫^\circ$
$\Rightarrow ৫x = ১০৫^\circ$
$\Rightarrow x = ২১^\circ$
$\therefore$ কোণদ্বয় $= ২ \times ২১^\circ$ ও $৩ \times ২১^\circ = ৪২^\circ$ ও ৬৩°

৬৫.কোন ত্রিভুজের তিনটি বাহুকে একইভাবে বর্ধিত করলে উৎপন্ন কোণ তিনটির সমষ্টি- *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*

ক ৩৬০ ডিগ্রী খ ৫৪০ ডিগ্রী
গ ১৮০ ডিগ্রী ঘ ২৭০ ডিগ্রী উ. ক

ব্যাখ্যা: কোন ত্রিভুজ সমকোণী, সুক্ষ্মকোণী বা স্থুলকোণী হোক না কেন উৎপন্ন বহিঃস্থ কোণের মোট পরিমাণ $= ৩৬০^\circ$



সমকোণী সুক্ষ্মকোণী স্থুলকোণী

৬৬.সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহুর দৈর্ঘ্য ৫০ সে. মি. এবং ক্ষেত্রফল ১২০০ বর্গ সে. মি. হলে বাহুদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ = কত? *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*

ক ৭৪.৭৩ ডিগ্রী খ ৬৩.৭৪ ডিগ্রী
গ ৬৫.৭৪ ডিগ্রী ঘ ৭৩.৭৪ ডিগ্রী উ. ঘ

সমাধান: আমরা জানি,

$$\text{ত্রিভুজের ক্ষেত্রফল} = \frac{১}{২} \times b \times c \times \sin A$$
$$= \frac{১}{২} \times ৫০ \times ৫০ \times \sin A$$
$$= ১২৫০ \times \sin A$$

প্রশ্নমতে, $১২৫০ \times \sin A = ১২০০$
$\Rightarrow \sin A = \frac{১২০০}{১২৫০}$
$\Rightarrow \sin A = ০.৯৬$
$\Rightarrow \sin A = \sin(৭৩.৭৪^\circ)$
$\Rightarrow A = ৭৩.৭৪^\circ$

৬৭.একটি ত্রিভুজের ভূমি তার উচ্চতার দ্বিগুণ অপেক্ষা ৬ সে. মি. বেশি। ত্রিভুজ ক্ষেত্রটির ক্ষেত্রফল ৮১০ বর্গ সে. মি. হলে এর উচ্চতা কত? *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*

ক ২০ সে. মি. খ ২৫ সে. মি.
গ ২৭ সে. মি. ঘ ৩০ সে. মি. উ. গ

সমাধান: মনেকরি, ত্রিভুজটির উচ্চতা $= x$
$\therefore$ " ভূমি $= ২x + ৬$
প্রশ্নমতে, $\frac{১}{২} \times (২x + ৬) \times x = ৮১০$
$\Rightarrow \frac{১}{২} \times ২(x + ৩) \times x = ৮১০$
$\Rightarrow x^2 + ৩x = ৮১০$
$\Rightarrow x^2 + ৩x - ৮১০ = ০$
$\Rightarrow x^2 + ৩০x - ২৭x - ৮১০ = ০$
$\Rightarrow x(x + ৩০) - ২৭(x + ৩০) = ০$
$\Rightarrow (x + ৩০)(x - ২৭) = ০$
$\therefore x - ২৭ = ০ \quad [\because x + ৩০ \neq ০]$
$\Rightarrow x = ২৭$

৬৮.একটি ত্রিভুজ এবং একটি বৃত্ত ন্যূনতম কয়টি বিন্দুতে ছেদ করতে পারে? *[খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]*

ক ২ খ ৩
গ ৪ ঘ ১ উ. ক

সমাধান:

$\therefore$ একটি ত্রিভুজ ও একটি বৃত্ত নূন্যতম ২টি বিন্দুতে ছেদ করতে পারে।

৬৯.একটি সূক্ষ্মকোণী ত্রিভুজের ক্ষেত্রে নিচের কোন তথ্যটি সঠিক? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]*

ক তিনটি কোণই সূক্ষ্মকোণ
খ একটি কোণ স্থুলকোণ ও অপর দু'টি সূক্ষ্মকোণ
গ একটি কোণ সমকোণ ও অপর দু'টি সূক্ষ্মকোণ
ঘ একটি কোণ সমকোণ বা স্থুলকোণ, অপর দু'টি সূক্ষ্মকোণ
উ. ক

সমাধান: যে ত্রিভুজের তিনটি কোণই সুক্ষ্মকোণ তাকে সুক্ষ্মকোণী ত্রিভুজ বলে।

৭০.একটি সমকোণী ত্রিভুজের লম্ব ভূমি অপেক্ষা ২ সেন্টেমিটার ছোট, কিন্তু অতিভূজ ভূমি অপেক্ষা ২ সেন্টিমিটার বড়। অতিভূজের দৈর্ঘ্য কত? *খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ২১]*

ক ৬ সেন্টিমিটার খ ১০ সেন্টিমিটার
গ ৮ সেন্টিমিটার ঘ ৪ সেন্টিমিটার উ. খ

সমাধান: মনেকরি,
সমকোণী ত্রিভুজটির লম্ব $= x$
$\therefore$ " " ভূমি $= x + ২$
$\therefore$ " " অতিভুজ $= x + ২ + ২$
$= x + ৪$
প্রশ্নমতে, $(x + ৪)^2 = x^2 + (x + ২)^2$
$\Rightarrow x^2 + ৮x + ১৬ = x^2 + x^2 + ৪x + ৪$
$\Rightarrow x^2 - ৪x - ১২ = ০$
$\Rightarrow x^2 - ৬x + ২x - ১২ = ০$
$\Rightarrow x(x - ৬) + ২(x - ৬) = ০$
$\Rightarrow (x - ৬)(x + ২) = ০$
$\therefore x - ৬ = ০ \quad [\because x + ২ \neq ০]$
$\Rightarrow x = ৬$
$\therefore$ অতিভুজের দৈর্ঘ্য $= ৬ + ৪ = ১০$ সেন্টিমিটার

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

১. সূক্ষ্মকোণী ত্রিভুজের কয়টি কোণ সূক্ষ্মকোণ? *[বিভাগীয় কমিশনারের কার্যালয় (রংপুর) এর কম্পিউটার অপারেটর: ২৩]*

সমাধান: ৩টি কোণই সূক্ষ্মকোণ।

২. একটি ত্রিভুজের দুইটি বাহুর দৈর্ঘ্য ২৫ সে.মি. ও ২৭ সে.মি. এবং পরিসীমা ৮৪ সে.মি.। ত্রিভুজটির ক্ষেত্রফল কত? *[বিভাগীয় কমিশনারের কার্যালয় (রংপুর) এর কম্পিউটার অপারেটর: ২৩]*

সমাধান: মনেকরি, অপর বাহু = x

প্রশ্নমতে, ২৫ + ২৭ + x = ৮৪

$\Rightarrow$ ৫২ + x = ৮৪

$\Rightarrow$ x = ৩২

আবার, অর্ধ পরিসীমা, $S = \frac{৮৪}{২} = ৪২$

$\therefore$ ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$

$= \sqrt{৪২(৪২-২৫)(৪২-২৭)(৪২-৩২)}$

$= \sqrt{৪২ \times ১৭ \times ১৫ \times ১০}$

= ৩২৭.২৬ বর্গ সে.মি. (প্রায়)

৩. একটি সমকোণী ত্রিভুজের অতিভূজ ১৩ ফুট এবং ভূমি ১২ ফুট। ত্রিভুজটির ক্ষেত্রফল কত? *[ট্যাকসেস আপীলাত ট্রাইবুনালের অফিস সহায়ক: ২৩]*

সমাধান: $\therefore$ লম্ব $= \sqrt{১৩^২ - ১২^২}$

$= \sqrt{১৬৯ - ১৪৪}$

$= \sqrt{২৫} = ৫$



এখানে, লম্ব বা উচ্চতা = ৫ ফুট

$\therefore$ ত্রিভুজটির ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা

$= \frac{১}{২} \times ১২ \times ৫ = ৩০$ বর্গ ফুট

৪. বিষমবাহু ত্রিভুজ *[ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক:২৩]*

সমাধান: যে ত্রিভুজের একটি বাহুও একে অপরের সমান নয় তাকে বিষমবাহু ত্রিভুজ বলে।



বিষমবাহু

৫. পিথাগোরাসের সূত্রটি চিত্রসহ লিখুন: *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের উপজেলা ব্যবস্থাপক: ২৩]*

সমাধান:



পিথাগোরাসের সূত্র: কোনো সমকোণী ত্রিভুজের অতিভুজের উপর অংকিত বর্গের ক্ষেত্রফল অপর দুই বাহুর উপর অংকিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের সমষ্টির সমান।

৬. একটি সমকোণী ত্রিভুজের লম্ব ভূমি অপেক্ষা ২ সেমি ছোট, কিন্তু অতিভুজ ভূমি অপেক্ষা ২ সেমি বড়। অতিভুজের দৈর্ঘ্য কত? *[বিআরডিবি এর অফিস সহায়ক: ২৩]*

সমাধান: মনেকরি, লম্ব = x সে.মি.

ভূমি = (x + ২) সে.মি.

এবং অতিভুজ = (x + ২ + ২) সে.মি.

= (x + ৪) সে.মি.

সমকোণী ত্রিভুজের ক্ষেত্রে, $(\text{অতিভুজ})^২ = (\text{লম্ব})^২ + (\text{ভূমি})^২$

$\Rightarrow (x+৪)^২ = x^২ + (x+২)^২$

$\Rightarrow x^২ + ৮x + ১৬ = x^২ + x^২ + ৪x + ৪$

$\Rightarrow x^২ + ৮x + ১৬ - x^২ - x^২ - ৪x - ৪ = ০$

$\Rightarrow -x^২ + ৪x + ১২ = ০$

$\Rightarrow x^২ - ৪x - ১২ = ০$

$\Rightarrow x^২ - ৬x + ২x - ১২ = ০$

$\Rightarrow x(x-৬) + ২(x-৬) = ০$

$\Rightarrow (x-৬)(x+২) = ০$

$\therefore x = ৬ \quad [\because x \neq -২]$

তাহলে অতিভূজ = (x + ৪) সে.মি.

= (৬ + ৪) = ১০ সে.মি.

৭. একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ বাদে অপর দুই বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ৮ মিটার ও ৬ মিটার। ত্রিভুজটির ক্ষেত্রফল কত? *[বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের অফিস সহায়ক: ২৩]*

সমাধান: আমরা জানি,

সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ দৈর্ঘ্য

$= \frac{১}{২} \times ৬ \times ৮$ বর্গ সে.মি.

= ২৪ বর্গ মি.

৮. একটি ত্রিভুজাকৃতির জমির ক্ষেত্রফল ১৪৪ বর্গ মিটার। এর উচ্চতা ১২ মিটার হলে ভূমির দৈর্ঘ্য নির্ণয় করুন। *[পরিবেশ অধিদপ্তরের গবেষণাগার সহকারী: ২৩]*

সমাধান: আমরা জানি,

ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা

$\Rightarrow ১৪৪ = \frac{১}{২} \times$ ভূমি $\times ১২$

$\Rightarrow \frac{১৪৪ \times ২}{১২} =$ ভূমি

$\Rightarrow ২৪ =$ ভূমি $\Rightarrow$ ভূমি = ২৪

৯. একটি ত্রিভুজাকৃতি জমির ক্ষেত্রফল ২৬৪ বর্গমিটার। এর ভূমি ২২ মিটার হলে, উচ্চতা নির্ণয় করুন। *[বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

সমাধান: ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা

$= \frac{১}{২} \times ২২ \times$ উচ্চতা

$= ১১ \times$ উচ্চতা

শর্তমতে, ১১ $\times$ উচ্চতা = ২৬৪

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

$\therefore$ উচ্চতা $= \frac{২৬৪}{১১} = ২৪$ মিটার

১০.একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত 3:7:10 হলে বৃহত্তম ও ক্ষুদ্রতম কোণের পার্থক্য কত? *[রপ্তানি উন্নয়ন ব্যুরোর গবেষণা কর্মকর্তা: ২৩]*

সমাধান: মনেকরি, কোণ তিনটি যথাক্রমে 3x, 7x ও 10x

প্রশ্নমতে, $3x + 7x + 10 = 180°$

$\Rightarrow 20x = 180° \quad \Rightarrow x = 9°$

$\therefore$ ১ম কোণ $= 3 \times 9° = 27°$

২য় " $= 7 \times 9° = 63°$

৩য় " $= 10 \times 9° = 90°$

$\therefore$ বৃহত্তম ও ক্ষুদ্রতম কোণের পার্থক্য $= 90° - 27° = 63°$

১১.ABC ত্রিভুজের AC এবং BC বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ৫ ফুট এবং ১৩ ফুট হলে, AB বাহুর দৈর্ঘ্য কত? *[শিল্প মন্ত্রণালয়ের সাঁট মুদ্রাক্ষরিক অপারেটর: ২৩]*

সমাধান: এখানে,

AC = ৫ ফুট

BC = ১৩ ফুট



চিত্র হতে ত্রিভুজটি একটি সমকোণী ত্রিভুজ

$\therefore BC^2 = AC^2 + AB^2$

$\Rightarrow AC^2 + AB^2 = BC^2$

$\Rightarrow AB^2 = BC^2 - AC^2$

$\Rightarrow AB = \sqrt{BC^2 - AC^2}$

$\Rightarrow AB = \sqrt{(১৩)^2 - (৫)^2}$

$\Rightarrow AB = \sqrt{১৬৯ - ২৫}$

$\Rightarrow AB = \sqrt{১৪৪}$

$\Rightarrow AB = ১২$

$\therefore$ AB বাহুর দৈর্ঘ্য ১২ ফুট

১২.একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত ৩ : ৪ : ৫ হলে, ক্ষুদ্রতম কোণের পরিমাণ কত? *[রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সার্ভেয়ার:২৩]*

সমাধান: মনেকরি,

ত্রিভুজের কোণ তিনটি যথাক্রমে ৩x, ৪x ও ৫x

প্রশ্নমতে, $3x + 4x + 5x = ১৮০°$

$\Rightarrow ১২x = ১৮০°$

$\Rightarrow x = ১৫°$

$\therefore$ ক্ষুদ্রতম কোণ $= ৩ \times ১৫° = ৪৫°$

১৩.সমকোণী ত্রিভুজ কাকে বলে? *[কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শকের অফিস সহায়ক: ২৩]*

সমাধান: যে ত্রিভুজের একটি কোণ সমকোণ বা ৯০° তাকে সমকোণী ত্রিভুজ বলে। চিত্রে ABC একটি সমকোণী ত্রিভুজ। যেখানে $\angle B = ৯০°$



১৪.একটি সমকোণী ত্রিভুজের সমকোণ ব্যতীত অপর দু'টি কোণের সমষ্টি কত ডিগ্রি? *[প্রবাসী কল্যাণ ব্যাংকের নিরাপত্তা প্রহরী:২৩]*

সমাধান: আমরা জানি, যে কোনো ত্রিভুজের তিন কোণের সমষ্টি ১৮০°

সমকোণী ত্রিভুজের একটি কোণ ৯০°

$\therefore$ অপর কোণ দ্বয়ের সমষ্টি $= ১৮০° - ৯০° = ৯০°$

১৫.একটি সমবাহু ত্রিভুজের পরিসীমা $6\sqrt{3}$ একক হলে ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় করুন। *[নৌ-পরিবহন কর্তৃপক্ষের বিভিন্ন পদ: ২৩]*

সমাধান: সমবাহু ত্রিভুজের একবাহু হলে ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}x^2$

এবং পরিসীমা $= 3x$

প্রশ্নমতে, $3x = 6\sqrt{3}$

$\Rightarrow x = \frac{6\sqrt{3}}{3}$

$\Rightarrow x = 2\sqrt{3}$



$\therefore$ ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4} \times (2\sqrt{3})^2$

$= \frac{\sqrt{3}}{4} \times 4 \times 3 = 3\sqrt{3}$ বর্গ একক

১৬.একটি ত্রিভুজের ভূমি তার উচ্চতার দ্বিগুণ অপেক্ষা ৬ সেমি বেশি। ত্রিভুজ ক্ষেত্রটির ক্ষেত্রফল ৮১০ বর্গ সেমি হলে এর উচ্চতা কত? *[কৃষি বিপণন অধিদপ্তরের মাঠ ও বাজার পরিদর্শক: ২৩]*

সমাধান: মনেকরি, ত্রিভুজটির উচ্চতা = x সে.মি.

$\therefore$ " ভূমি $= (2x - ৬)$ "

প্রশ্নমতে, $\frac{১}{২} \times (2x - ৬) \times x = ৮১০$

$\Rightarrow 2x^2 - ৬x = ১৬২০$

$\Rightarrow 2x^2 - ৬x - ১৬২০ = ০$

$\Rightarrow 2(x^2 - ৩x - ৮১০) = ০$

$\Rightarrow x^2 - ৩x - ৮১০ = ০$

$\Rightarrow x^2 - ৩x - ৮১০ = ০$

$\Rightarrow x^2 - ৩০x + ২৭x - ৮১০ = ০$

$\Rightarrow x(x - ৩০) + ২৭(x - ৩০) = ০$

$\Rightarrow (x - ৩০)(x + ২৭) = ০$

$\therefore x = ৩০ \quad [\because x \neq -২৭]$

$\therefore$ ত্রিভুজটির উচ্চতা = ৩০ সে.মি.

১৭.একটি ত্রিভুজাকৃতি জমির ক্ষেত্রফল ২১৬ বর্গমিটার। এর ভূমি ১৮ মিটার হলে উচ্চতা নির্ণয় করুন। *[বাংলা একাডেমির এলডিএ কাম টাইপিস্ট: ২৩]*

সমাধান: আমরা জানি,

ত্রিভুজাকৃতির জমির ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা

বা, $২১৬ = \frac{১}{২} \times ১৮ \times$ উচ্চতা

বা, $৯ \times$ উচ্চতা $= ২১৬$

বা, উচ্চতা $= \frac{২১৬}{৯} = ২৪$ মিটার

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১৮.একটি ত্রিভুজের তিনটি কোণের পরিমাণ যথাক্রমে x/3, x/3, 4x/3 হলে বৃহত্তম কোনটির মান হবে- *[ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন অফিসার: ২৩]*

ক 60° খ 160°
গ 120° ঘ 90° উ. গ

সমাধান: প্রশ্নমতে, $\frac{x}{3}+\frac{x}{3}+\frac{4x}{3}=180°$

$\Rightarrow \frac{x+x+4x}{3}=180°$

$\Rightarrow 6x=180°\times 3$

$\Rightarrow x=90°$

$\therefore$ বৃহত্তম কোণটির মান $=\frac{4\times 90°}{3}=120°$

১৯.সমদ্বিবাহু ত্রিভুজের তিন কোণের সমষ্টি কত?

সমাধান: যে কোন ত্রিভুজের ৩ কোণের সমষ্টি সর্বদা ১৮০°

$\therefore$ সমদ্বিবাহু ত্রিভুজের ৩ কোণের সমষ্টি ১৮০°

২০.সমকোণী ত্রিভুজের সমকোণের বিপরীত বাহুকে কী বলে? *[সমাজসেবা অধিদপ্তরের অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২০২১]*

সমাধান: সমকোণী ত্রিভুজের সমকোণের বিপরীত বাহুকে অতিভুজ বলে।

২১.একটি সমকোণী ত্রিভুজের লম্ব ভূমি অপেক্ষা ২ সেমি ছোট; কিন্তু অতিভুজ ভূমি অপেক্ষা ২ সেমি বড়। অতিভুজের দৈর্ঘ্য কত? *[ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের কম্পিউটার মুদ্রাক্ষরিক:২৩]*

সমাধান: মনেকরি, লম্ব = x সে.মি.

ভূমি = (x + ২) সে.মি.

এবং অতিভূজ = (x + ২ + ২) সে.মি.

= (x + ৪) সে.মি.

সমকোণী ত্রিভুজের ক্ষেত্রে, $(\text{অতিভূজ})^২=(\text{লম্ব})^২+(\text{ভূমি})^২$

$\Rightarrow (x+৪)^২=x^২+(x+২)^২$

$\Rightarrow x^২+৮x+১৬=x^২+x^২+৪x+৪$

$\Rightarrow x^২+৮x+১৬-x^২-x^২-৪x-৪=০$

$\Rightarrow -x^২+৪x+১২=০$

$\Rightarrow x^২-৪x-১২=০$

$\Rightarrow x^২-৬x+২x-১২=০$

$\Rightarrow x(x-৬)+২(x-৬)=০$

$\Rightarrow (x-৬)(x+২)=০$

$\therefore x=৬ \quad [\because x\neq -২]$

তাহলে অতিভূজ = (x + ৪) সে.মি.

= (৬ + ৪) = ১০ সে.মি.

২২.প্রমাণ করুন যে, সমদ্বিবাহু ত্রিভুজের শীর্ষবিন্দু হতে ভূমির উপর অঙ্কিত লম্ব ভূমিকে সমদ্বিখণ্ডিত করে। *[মন্ত্রিপরিষদ বিভাগের অফিস সহায়ক: ২৩]*

সমাধান: মনেকরি, ΔABC এর সমান দুটি বাহু AB ও AC এবং ভূমি BC

প্রমাণ করতে হবে যে, BD = CD



অঙ্কন : A শীর্ষবিন্দু হতে BC এর উপর অঙ্কিত লম্ব AD আঁকি।

প্রমাণ: ΔABD এবং ΔACD এর সাধারণ বাহু AD এবং অতিভুজ AB = AC

আমরা জানি, দুটি সমকোণী ত্রিভুজের অতিভুজদ্বয় সমান হলে একটির এক বাহু অপরটির এক বাহুর সমান হলে ত্রিভুজ দুটি সর্বসম।

সুতরাং, $\Delta ABC \cong \Delta ACD$

এবং BD বাহু = CD বাহু

$\therefore$ ABC সমদ্বিবাহু ত্রিভুজের শীর্ষবিন্দু A হতে অঙ্কিত লম্ব D বিন্দুতে ভূমি BC বাহুকে BD ও CD রেখায় সমদ্বিখণ্ডিত করে। (প্রমাণিত)

২৩.প্রমাণ করুন যে, কোনো ত্রিভুজের একটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ, অন্তঃস্থ বিপরীত কোণদ্বয়ের সমষ্টির সমান। *[মন্ত্রিপরিষদ বিভাগের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

সমাধান: প্রমাণ করতে হবে যে, ত্রিভুজের একটি বাহু বর্ধিত করলে যে বহিঃস্থ কোণ উৎপন্ন হয়, তা বিপরীত অন্তঃস্থ কোণদ্বয়ের সমষ্টির সমান।

মনেকরি, ΔABC এর BC বাহুকে D পর্যন্ত বর্ধিত করা হলো। প্রমাণ করতে হবে যে, বহিঃস্থ $\angle ACD$ = অন্তঃস্থ $\angle ABC$ + অন্তঃস্থ $\angle BAC$.



অংকন.

C বিন্দু দিয়ে BA এর সমান্তরাল CE অঙ্কন করি।

প্রমাণ:

BA এবং CE সমান্তরাল, AC তাদের ছেদক,

$\therefore \angle BAC=\angle ACE$ (একান্তর কোণ) ..... (i)

আবার, BA ও CE সমান্তরাল এবং BCD তাদের ছেদক,

$\angle ABC=\angle ECD$ (অনুরূপ কোণ) ..... (ii)

(i) নং এবং (ii) নং যোগ করে পাই,

$\angle BAC+\angle ABC=\angle ACE+\angle ECD=\angle ACD$

$\therefore$ বহিঃস্থ $\angle ACD$ = অন্তঃস্থ $\angle ABC$ + অন্তঃস্থ $\angle BAC$ (প্রমাণিত)

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

চতুর্ভুজ

◆ **চতুর্ভুজ:** চারটি রেখাংশ দ্বারা আবদ্ধ চিত্রকে চতুর্ভুজ বলে।

বৈশিষ্ট্য:

→ প্রতিটি চতুর্ভুজের ৪টি বাহু।
→ প্রতিটি চতুর্ভুজের ৪টি কোণ।
→ প্রতিটি চতুর্ভুজের ৪টি শীর্ষবিন্দু।
→ প্রতিটি চতুর্ভুজের ২টি কর্ণ রয়েছে।
→ প্রতিটি চতুর্ভুজের ৩ বাহুর সমষ্টি ৪র্থ বাহু অপেক্ষা সর্বদাই বড় হবে।

Type : 01
আয়তক্ষেত্র (Rectangle)

যে চতুর্ভুজের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান ও সমান্তরাল এবং প্রত্যেকটি কোণ এক সমকোণ, তাকে আয়তক্ষেত্র বলে।

সূত্র:

→ ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ
→ পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ)
→ কর্ণ = $\sqrt{(\text{দৈর্ঘ্য})^2 + (\text{প্রস্থ})^2}$



১. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ৫% বৃদ্ধি করলে তার ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে? *[LGED এর অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

ⓚ ৫% ⓛ ২৫%
ⓜ ২০% ⓝ ১০% উ. ক

সমাধান: যেহেতু দৈর্ঘ্য ৫% বৃদ্ধি পায় এবং প্রস্থে ০% বৃদ্ধি পায়, সেহেতু ক্ষেত্রফল বৃদ্ধি $= ৫\% + ০\% + \frac{৫ \times ০}{১০০}\%$

$= ৫\% + ০\% + ০\% = ৫\%$

২. জ্যামিতিতে আয়তক্ষেত্র, বর্গক্ষেত্র ও রম্বস আসলে বিভিন্ন ধরনের- *[মেডিকেল টেকনোলজিস্ট এর টেকনোলজিস্ট: ২৩]*

ⓚ চতুর্ভুজ ⓛ সামান্তরিক
ⓜ বহুভুজ ⓝ ট্রাপিজিয়াম উ. ক

সমাধান:



এগুলো প্রত্যেকটি চতুর্ভুজ।

৩. চতুর্ভুজের চার কোণের যোগফল কত? *[বন অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*

ⓚ ৩৬০° ⓛ ১৮০° ⓜ ৯০° ⓝ ৪৫° উ. ক

সমাধান: যে কোনো চতুর্ভুজের ৪ কোণের সমষ্টি = ৩৬০°

৪. আয়তক্ষেত্রের দুই বাহু যথাক্রমে ৪ ও ৩ মি. হলে, কর্ণের দৈর্ঘ্য কত মিটার? *[প্রাণীসম্পদ অধিদপ্তরের অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

ⓚ ২৫ ⓛ ৩৫
ⓜ ৫ ⓝ ১৬ উ. গ

সমাধান:



$\therefore$ কর্ণ $= \sqrt{৪^২ + ৩^২} = \sqrt{১৬ + ৯}$

$= \sqrt{২৫} = ৫$

৫. একটি আয়তাকার জমির ক্ষেত্রফল ৭২৯ বর্গমিটার। এর প্রস্থ ২২.৫ মিটার হলে দৈর্ঘ্য কত? *[মন্ত্রিপরিষদ বিভাগের কম্পিউটার অপারেটর ও বিভিন্ন পদ: ২৩]*

ⓚ ২৪.৫ মিটার ⓛ ৩২.৪ মিটার
ⓜ ১৮.৬ মিটার ⓝ ৩৬.২ মিটার উ. খ

সমাধান: দৈর্ঘ্য $= \frac{\text{ক্ষেত্রফল}}{\text{প্রস্থ}} = \frac{৭২৯}{২২.৫} = ৩২.৪$ মিটার

৬. আয়তক্ষেত্রের সন্নিহিত বাহুর মধ্যবিন্দুসমূহের যোগে যে চতুর্ভুজ হয় তা একটি- *[সুন্দরবন গ্যাস কো. লি. এর সিনিয়র টেকনিশিয়ান: ২৩]*

ⓚ আয়তক্ষেত্র ⓛ বর্গক্ষেত্র
ⓜ রম্বস ⓝ সামান্তরিক উ. গ

সমাধান: আয়তক্ষেত্রের সন্নিহিত বাহুর মধ্যবিন্দু সমূহ যোগ করলে যে চতুর্ভুজ হয় তা রম্বস। চিত্রে, ABCD একটি রম্বস।



৭. এক খণ্ড জমির দৈর্ঘ্য ১৫০ ফুট এবং প্রস্থ ৭২ ফুট। ঐ জমির ক্ষেত্রফল কত কাঠা? *[পল্লী উন্নয়ন বোর্ডের হিসাবরক্ষক: ২২]*

ⓚ ৩ কাঠা ⓛ ১৫ কাঠা
ⓜ ১৮ কাঠা ⓝ ১২ কাঠা উ. খ

সমাধান: দেওয়া আছে,
জমিটির দৈর্ঘ্য = ১৫০ ফুট
এবং প্রস্থ = ৭২ ফুট

$\therefore$ ক্ষেত্রফল = ১৫০ × ৭২
= ১০৮০০ বর্গ ফুট
$= \frac{১০৮০০}{৭২০}$ [$\because$ ১ কাঠা = ৭২০ বর্গফুট]
= ১৫ কাঠা

৮. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য বিস্তারের দ্বিগুন। এর ক্ষেত্রফল ৫১২ বর্গমিটার হলে পরিসীমা কত? *[হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২২]*

ⓚ ৯৪ ⓛ ৯৮
ⓜ ৯৬ ⓝ ৯২ উ. গ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

সমাধান: আয়তাকার ঘরের বিস্তার x মিটার হলে দৈর্ঘ্য $2x$ মিটার।

ক্ষেত্রফল $= (2x \times x)$ বর্গমিটার
$= 2x^2$ বর্গ মিটার

পরিসীমা $= 2(2x + x) = 6x$ মিটার

শর্তমতে, $2x^2 = ৫১২$

$\therefore x = ১৬$

নির্ণেয় পরিসীমা $= (৬ \times ১৬) = ৯৬$ মিটার।

৯. একটি চতুর্ভুজের ৪ কোণের সমষ্টি কত? *[হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২২]*

ক ১৮০° খ ২৭০°
গ ৩৬০° ঘ ৯০° উ. গ

সমাধান: ৬ প্রকার চতুর্ভুজের মধ্যে যে কোন চতুর্ভুজের ৪টি কোণের সমষ্টি $= ৩৬০°$

১০. একটি চতুর্ভুজের তিন কোণের সমষ্টি ২৮০° হলে চতুর্থ কোণটি কত? *[পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের উচ্চমান সহকারী: ২২]*

ক ৭০° খ ৮০°
গ ৯০° ঘ ১২০° উ. খ

সমাধান: চতুর্থ কোণ $= (৩৬০° - ২৮০°) = ৮০°$

১১. একটি আয়তাকার জমির দৈর্ঘ্য প্রস্থের দেড়গুণ। জমিটির ক্ষেত্রফল ২১৬ বর্গমিটার হলে পরিসীমা কত মিটার? *[বাংলাদেশ রেলওয়ের পয়েন্টস্‌ম্যান: ২২]*

ক ৭২ মিটার খ ৬০ মিটার
গ ৬৪ মিটার ঘ ৮০ মিটার উ. খ

সমাধান:

জমিটির প্রস্থ $2x$ মিটার হলে দৈর্ঘ্য হবে $= (2x \times \frac{৩}{২})$ মিটার
$= ৩x$ মিটার

ক্ষেত্রফল $= (2x \times ৩x) = ৬x^2$ বর্গমিটার

পরিসীমা $= ২(\text{দৈর্ঘ্য} + \text{প্রস্থ})$
$= ২(৩x + 2x)$ মিটার $= ১০x$ মি.

শর্তমতে, $৬x^2 = ২১৬$

বা, $x^2 = ৩৬$

$\therefore x = ৬$

পরিসীমা $= (১০ \times ৬)$ মিটার $= ৬০$ মিটার।

১২. একটি আয়তকার ঘরের দৈর্ঘ্য প্রস্থের $\frac{3}{2}$ গুণ। এর ক্ষেত্রফল 384 বর্গমিটার হলে পরিসীমা কত? *খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ২১]*

ক 60 metre খ 50 metre
গ 70 metre ঘ 80 metre উ. ঘ

সমাধান: মনেকরি,
আয়তক্ষেত্রটির প্রস্থ $= x$ মিটার
$\therefore$ " দৈর্ঘ্য $= \frac{3x}{2}$ "
$\therefore$ " ক্ষেত্রফল $= \frac{3x}{2} \times x = \frac{3x^2}{2}$ "

প্রশ্নমতে, $\frac{3x^2}{2} = 384$

$\Rightarrow x^2 = \frac{384 \times 2}{3}$

$\Rightarrow x^2 = 128 \times 2$

$\Rightarrow x^2 = 256$

$\Rightarrow x = 16$

$\therefore$ প্রস্থ $= 16$

এবং দৈর্ঘ্য $= \frac{3 \times 16}{2} = 24$

$\therefore$ পরিসীমা $= 2(24 + 16) = 2 \times 40 = 80$ মিটার

১৩. বৃত্তস্থ চতুর্ভুজের একটি কোণ ৮০° হলে তার বিপরীত কোণের মান কত? *[পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী: ২১]*

ক ১০° খ ১২০°
গ ১৩৫° ঘ ১০০° উ. ঘ

সমাধান: আমরা জানি,



বৃত্তস্থ চতুর্ভুজের বিপরীত দুইটি কোণের সমষ্টি ১৮০°

$\therefore$ একটি কোণ ৮০° হলে অপর কোণটি $= ১৮০° - ৮০°$
$= ১০০°$

১৪. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ। আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল ১২৫০ বর্গমিটার হলে এর দৈর্ঘ্য কত? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*

ক ৩০ মিটার খ ৪০ মিটার
গ ৫০ মিটার ঘ ৬০ মিটার উ. গ

সমাধান: মনেকরি, আয়তক্ষেত্রটির প্রস্থ $= x$ মিটার
$\therefore$ " দৈর্ঘ্য $= ২x$ "

প্রশ্নমতে, $২x \times x = ১২৫০$

$\Rightarrow ২x^2 = ১২৫০$

$\Rightarrow x^2 = ৬২৫$

$\Rightarrow x = ২৫$

$\therefore$ আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য $= ২ \times ২৫ = ৫০$ মিটার

১৫. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ। আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল ৩০০ বর্গমিটার হলে উহার পরিসীমা কত? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*

ক ৭০ মিটার খ ৭৫ মিটার
গ ৮০ মিটার ঘ ৯০ মিটার উ. গ

সমাধান: আয়তক্ষেত্রটির প্রস্থ x মিটার হলে দৈর্ঘ্য $৩x$ মিটার

ক্ষেত্রফল $= (x \times ৩x) = ৩x^2$ বর্গমিটার

পরিসীমা $= ২(\text{দৈর্ঘ্য} + \text{প্রস্থ})$
$= ২(৩x + x)$ মিটার $= ৮x$ মিটার

শর্তমতে, $৩x^2 = ৩০০$

বা, $x^2 = ১০০$ $\therefore x = ১০$

আয়তক্ষেত্রটির পরিসীমা $= (৮ \times ১০) = ৮০$ মিটার।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১৬.একটি আয়তক্ষেত্রের ক্ষেত্রফল ১৬০ বর্গমিটার। এর প্রস্থ দৈর্ঘ্য অপেক্ষা ৬ মিটার কম। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য কত? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর চেইনম্যান: ২১]*

ক ১০ মিটার খ ১৬ মিটার
গ ২০ মিটার ঘ ২৬ মিটার উ. খ

সমাধান: মনেকরি, আয়তক্ষেত্রের প্রস্থ $= x$ মিটার
$\therefore$ " দৈর্ঘ্য $= (x + ৬)$ "

প্রশ্নমতে, $(x + ৬) \times x = ১৬০$
$\Rightarrow x^2 + ৬x = ১৬০$
$\Rightarrow x^2 + ৬x - ১৬০$
$\Rightarrow x^2 + ১৬x - ১০x - ১৬০ = ০$
$\Rightarrow x(x + ১৬) - ১০(x + ১৬) = ০$
$\Rightarrow (x + ১৬)(x - ১০) = ০$
$\therefore x + ১৬ = ০$ | অথবা, $x - ১০ = ০$
$\Rightarrow x = -১৬$ | $\Rightarrow x = ১০$
কিন্তু $x \neq -১৬$

$\therefore$ দৈর্ঘ্য $= ১০ + ৬ = ১৬$ মিটার

১৭.একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য বিস্তারের ২ গুণ, ক্ষেত্রফল ৫১২ বর্গমিটার হলে পরিসীমা কত? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]*

ক ৯৬ মিটার খ ১০০ মিটার
গ ২৫৬ মিটার ঘ ৪৮ মিটার উ. ক

সমাধান: ধরি, প্রস্থ $= x$, দৈর্ঘ্য $= 2x$
শর্তমতে, $2x \times x = 512$
$\Rightarrow 2x^2 = 512$
$\Rightarrow x^2 = 256 \quad \Rightarrow x = 16$
$\therefore$ দৈর্ঘ্য $= 2 \times 16 = 32$ মিটার
$\therefore$ পরিসীমা $= 2(32 + 16) = 96$ মিটার

১৮.একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ৯ একক ও ক্ষেত্রফল ৫৪ বর্গ একক হলে, তার পরিধি কত হবে? *এনএসআই এর ওয়াচার কনস্টেবল/ ফিল্ড স্টাফ: ২১]*

ক ২৫ একক খ ৩০ একক
গ ৩৫ একক ঘ ৪০ একক উ. খ

সমাধান: দেওয়া আছে, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য $= ৯$ একক
এবং ক্ষেত্রফল $= ৫৪$ বর্গ একক
$\therefore$ আয়তক্ষেত্রটির প্রস্থ $= \frac{৫৪}{৯} = ৬$ একক
পরিসীমা বা পরিধি $= ২$ (দৈর্ঘ্য + প্রস্থ)
$= ২ (৯ + ৬) = ২ \times ১৫ = ৩০$ একক
[বিদ্র: আয়তক্ষেত্রের পরিসীমাই হলো পরিধি]

১৯.আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = ? *[এনএসআই এর ডেসপার রাইডার ও অফিস সহায়ক: ২১]*

ক দৈর্ঘ্য^২ খ দৈর্ঘ্য $\times$ প্রস্থ
গ প্রস্থ^২ ঘ কোনটিই নয় উ. খ

সমাধান: আয়তক্ষেত্রের ক্ষেত্রফল $=$ দৈর্ঘ্য $\times$ প্রস্থ

২০.বৃত্তস্থ চতুর্ভুজের বিপরীত কোণদ্বয়ের যোগফল কত? *[জীবন বীমা কর্পোরেশনের কম্পিউটার অপারেটর: ২১]*

ক ৩৬০ ডিগ্রি খ ১৮০ ডিগ্রি
গ ৯০ ডিগ্রি ঘ ১০০ ডিগ্রি উ. খ

সমাধান: বৃত্তস্থ চতুর্ভুজের বিপরীত কোণদ্বয়ের সমষ্টি ২ সমকোণ বা ১৮০°। চিত্রে, $ABCD$ একটি বৃত্তস্থ চতুর্ভুজ। $\angle A$ এর বিপরীত কোণ $\angle C$ এবং $\angle B$ এর বিপরীত কোণ $\angle D$।



$\therefore \angle A + \angle C = ১৮০°$
এবং $\angle B + \angle D = ১৮০°$

২১.একটি আয়তাকার জমির ক্ষেত্রফল ৪২৫০ বর্গমিটার এবং প্রস্থ ৫০ মিটার। জমিটির দৈর্ঘ্য কত? *[এলজিইডি'র হিসাব সহকারী: ২১]*

ক ৭৫ মি. খ ৮৫ মি.
গ ৯৫ মি. ঘ ৬৫ মি. উ. খ

সমাধান: জমিটির দৈর্ঘ্য $= \frac{\text{ক্ষেত্রফল}}{\text{প্রস্থ}} = \frac{৪২৫০}{৫০} = ৮৫$ মি.

২২.আয়তক্ষেত্রের ক্ষেত্রফল কোনটি? *[মৎস্য অধিদপ্তরের নাইট গার্ড কাম ড্রাইভার: ২১]*

ক দৈর্ঘ্য $\times$ প্রস্থ খ $\frac{১}{২} \times$ দৈর্ঘ্য $\times$ প্রস্থ
গ ২ (দৈর্ঘ্য + প্রস্থ) ঘ $\frac{১}{২}$ (দৈর্ঘ্য + প্রস্থ) উ. ক

সমাধান: আয়তক্ষেত্রের ক্ষেত্রফল $=$ দৈর্ঘ্য $\times$ প্রস্থ

২৩.একটি চতুর্ভুজের তিন কোণের সমষ্টি ২৮০° হলে চতুর্থ কোণটি কত? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ক্যাশিয়ার/স্টোর কিপার: ২১]*

ক ৬০° খ ৮০°
গ ৯০° ঘ ১০০° উ. খ

সমাধান: আমরা জানি, চতুর্ভুজের চারকোণের সমষ্টি $= ৩৬০°$
$\therefore$ চতুর্থ কোণের মান $= (৩৬০ - ২৮০)° = ৮০°$

২৪.আয়তাকার একটি ঘরের দৈর্ঘ্য প্রস্থের দেড়গুণ। এর ক্ষেত্রফল ৬০০ বর্গমিটার হলে উহার পরিসীমা কত? *[বাংলাদেশ রেলওয়ের গার্ড (গ্রেড-২): ২২]*

ক ১০০ মিটার খ ১২০ মিটার
গ ৯০ মিটার ঘ ১৪০ মিটার উ. ক

সমাধান: মনেকরি, প্রস্থ $= x$
দৈর্ঘ্য $= x$ এর $১\frac{১}{২} = x \times \frac{৩}{২} = \frac{৩x}{২}$

প্রশ্নমতে, $\frac{৩x}{২} \times x = ৬০০$
$\Rightarrow x^2 = \frac{৬০০ \times ২}{৩}$
$\Rightarrow x^2 = ৪০০$
$\Rightarrow x = ২০$
$\therefore$ প্রস্থ $= ২০$

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

দৈর্ঘ্য $= \frac{৩০ \times ২০}{২} = ৩০$

$\therefore$ পরিসীমা $= ২(৩০ + ২০) = ২ \times ৫০ = ১০০$ মি.

২৫.একটি আয়তাকার জমির দৈর্ঘ্য ৪০ মিটার এবং প্রস্থ ৩০ মিটার হলে এর ক্ষেত্রফল কত? *[ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস সহায়ক: ২২]*

ক ২৪০০ বর্গমিটার খ ৯০০ বর্গমিটার
গ ১৬০০ বর্গমিটার ঘ ১২০০ বর্গমিটার উ. ঘ

সমাধান: ক্ষেত্রফল $= ৪০ \times ৩০ = ১২০০$ বর্গ মিটার

২৬.সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পর সমান হলে সামান্তরিকটি হবে? *খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ২১]*

ক ট্রাপিজিয়াম খ আয়তক্ষেত্র
গ বর্গক্ষেত্র ঘ রম্বস উ. খ

সমাধান: সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পর সমান এবং বিপরীত বাহু গুলো পরস্পর সমান ও সমান্তরাল হলে তাকে আয়তক্ষেত্র বলে।



চিত্রে, $ABCD$ আয়তক্ষেত্রের কর্ণ $AC = BD$

Type : 02
বর্গক্ষেত্র (Square)

চারটি সমকোণ এবং চারটি সমান বাহু দ্বারা সীমাবদ্ধ চতুর্ভুজকে বর্গক্ষেত্র বলে।

সূত্র:



- বর্গের একটি বাহুর দৈর্ঘ্য a হলে,
- → ক্ষেত্রফল $= a^2$ বর্গএকক
- → পরিসীমা $= 4a$ "
- → কর্ণ $= \sqrt{2}a$

২৭.একটি বর্গক্ষেত্রের পরিসীমা ৪০০ মিটার। এর ক্ষেত্রেফল কত বর্গ কিলোমিটার? *[মেডিকেল টেকনোলজিস্ট এর টেকনোলজিস্ট: ২৩]*

ক ০.২০ খ ১.০০
গ ০.১০ ঘ ০.০১ উ. ঘ

সমাধান: মনেকরি, বর্গক্ষেত্রটির একবাহু $= a$



$\therefore$ " পরিসীমা $= 4a$

প্রশ্নমতে, $4a = ৪০০$

$\Rightarrow a = ১০০$

$\therefore$ বর্গক্ষেত্রের পরিসীমা $= (১০০)^২$

$= ১০০০০$ বর্গমি.

$= \frac{১০০০০}{১০০০ \times ১০০০}$ বর্গ কি. মি.

$= ০.০১$ বর্গ কি.মি.

২৮.বর্গের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য ৩ সেমি হলে এর ক্ষেত্রফল কত? *[বন অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*

ক ৯ বর্গ সেমি খ ৬ বর্গ সেমি
গ ১০ বর্গ সেমি ঘ ১৮ বর্গ সেমি উ. ক

সমাধান: বর্গটির ক্ষেত্রফল $= (\text{বাহু})^২ = ৩^২ = ৯$

২৯.কোন বর্গক্ষেত্রের এক বাহুর পরিমাণ ১০% বৃদ্ধি পেলে ক্ষেত্রফল বৃদ্ধি পাবে- *[বাংলাদেশ নির্বাচন কমিশনের কম্পিউটার অপারেটর:২৩]*

ক ১০% খ ১০০%
গ ২১% ঘ ২০% উ. গ

সমাধান: ক্ষেত্রফল বৃদ্ধি $= ১০\% + ১০\% + \frac{১০ \times ১০}{১০০}\%$

$= ২১\%$

৩০.একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ৯০০ বর্গ মিটার। এর পরিসীমা কত? *[বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

ক ৩০ মি. খ ৬০ মি.
গ ১২০ মি. ঘ ৯০ মি. উ. গ

সমাধান: বর্গ ক্ষেত্রটির একবাহু $= \sqrt{৯০০} = ৩০$ মি.

$\therefore$ " " পরিসীমা $= ৪ \times ৩০ = ১২০$ মি

৩১.একটি বর্গক্ষেত্রের বাহু ৩০% বৃদ্ধি পেলে ক্ষেত্রফল থেকে শতকরা কত বৃদ্ধি পাবে? *[মন্ত্রিপরিষদ বিভাগের কম্পিউটার অপারেটর ও বিভিন্ন পদ: ২৩]*

ক ৩০% খ ৯০%
গ ৬৯% ঘ ৮৯% উ. গ

সমাধান:

ক্ষেত্রফল বৃদ্ধি পাবে $= ৩০\% + ৩০\% + \frac{৩০ \times ৩০}{১০০}\%$

$= ৩০\% + ৩০\% + ৯\% = ৬৯\%$

৩২.যদি কোনো বর্গক্ষেত্রের প্রত্যেক বাহুর পরিমাণ ২০% বৃদ্ধি পায়, তবে ঐ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে? *[পোস্ট মাস্টার জেনারেল (উত্তরাঞ্চল) এর পোস্টম্যান: ২২]*

ক ২১% খ ৪৪%
গ ২৪% ঘ ১৪৪% উ. খ

সমাধান:

ক্ষেত্রফল বৃদ্ধি $= ২০\% + ২০\% + \frac{২০ \times ২০}{১০০}\%$

$= ২০\% + ২০\% + ৪\% = ৪৪\%$

৩৩.কোনো বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ৪ বর্গমিটার হলে এর পরিসীমা কত? *[সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী: ২২]*

ক ৮ মিটার খ ১০ মিটার
গ ১২ মিটার ঘ ২ মিটার উ. ক

সমাধান: মনেকরি,



বর্গক্ষেত্রটির একবাহু $= x$

$\therefore$ " ক্ষেত্রফল $= x^2$

প্রশ্নমতে, $x^2 = ৪$

$\Rightarrow x = ২$

$\therefore$ পরিসীমা $= ৪ \times$ একবাহু $= ৪ \times ২ = ৮$ মি.

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৩৪.কোন বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ১০ একর। এর একবাহুর দৈর্ঘ্য কত গজ? *[হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২২]*

ক ৩১৬ খ ১০০
গ ৪০০ ঘ ২২০ উ. ঘ

সমাধান: আমরা জানি,
১ একর = ৪৮৪০ বর্গ গজ
∴ ১০ " = ৪৮৪০ × ১০ = ৪৮৪০০ বর্গগজ
মনেকরি, বর্গক্ষেত্রের একবাহু = x গজ
∴ " ক্ষেত্রফল = x^2 বর্গ গজ
প্রশ্নমতে, $x^2 = ৪৮৪০০$
$\Rightarrow x = \sqrt{৪৮৪০০}$
$\Rightarrow x = ২২০$

৩৫.একটি মাত্র বাহুর দৈর্ঘ্য জানা থাকলে নিচের কোনটি আঁকা সম্ভব? *[বাংলাদেশ রেলওয়ের পয়েন্টস্‌ম্যান: ২২]*

ক ট্রাপিজিয়াম খ আয়তক্ষেত্র
গ সামান্তরিক ঘ বর্গক্ষেত্র উ. ঘ

সমাধান: বর্গক্ষেত্রের প্রতিটি বাহু সমান হওয়ায় শুধুমাত্র একটি বাহুর দৈর্ঘ্য জানা থাকলে বর্গক্ষেত্র আঁকা সম্ভব।



৩৬.একটি বর্গের বাহুর দৈর্ঘ্য দ্বিগুণ হলে তার ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে? *[রেলওয়ের সহকারী স্টেশন মাস্টার: ২২]*

ক ২ খ ৪
গ ৮ ঘ ৬ উ. খ

সমাধান: মনেকরি,



বর্গক্ষেত্রের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য a
∴ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = a^2 বর্গ একক
বর্গের বাহুর দৈর্ঘ্য দ্বিগুণ করলে,
নতুন বর্গের বাহুর দৈর্ঘ্য = $২a$
∴ " " " ক্ষেত্রফল $(২a)^2$ বর্গ একক
$= ৪a^2$ বর্গ একক
একটি বর্গের বাহুর দৈর্ঘ্য দ্বিগুণ করা হলে,
উহার ক্ষেত্রফল = $\frac{৪a^2}{a^2}$ গুণ বৃদ্ধি পাবে
= ৪ গুণ বৃদ্ধি পাবে।

৩৭.যদি কোন বর্গক্ষেত্রের প্রত্যেক বাহুর পরিমাণ 10% বৃদ্ধি পায়, তবে তার ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে? *[বাংলাদেশ রেলওয়ের গার্ড (গ্রেড-২): ২২]*

ক 21% খ 25%
গ 28% ঘ 18% উ. ক

সমাধান: ধরি, বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য a একক
∴ " ক্ষেত্রফল a^2 বর্গ একক
10% বৃদ্ধিতে বর্তমানে এক বাহুর দৈর্ঘ্য বৃদ্ধি = a এর 10%
$= a \times \frac{10}{100} = \frac{a}{10}$ একক
∴ বাহুর পরিমাণ বৃদ্ধি পায় = $(a + \frac{a}{10})$ একক
$= \frac{10a + a}{10} = \frac{11a}{10}$ একক
∴ নতুন ক্ষেত্রফল = $(\frac{11a}{10})^2 = \frac{121a^2}{100}$ বর্গ একক
∴ নতুন করে বৃদ্ধি পায় = $(\frac{121a^2}{100} - a^2)$ বর্গ একক
$= \frac{121a^2 - 100a^2}{100} = \frac{21a^2}{100}$ বর্গ একক
a^2 বর্গ এককে বৃদ্ধি পায় $\frac{21a^2}{100}$ বর্গ একক
1 " " " " $\frac{21a^2}{100 \times a^2}$ "
∴ 100 " " " " $\frac{21a^2 \times 100}{100 \times a^2} = 21$ বর্গ একক

A/S: ক্ষেত্রফল বৃদ্ধি পাবে
$= 10\% + 10\% + \frac{10 \times 10}{100} = 21\%$

৩৮.যদি কোন বর্গক্ষেত্রের বাহুর পরিমাণ ৩০% বৃদ্ধি পায়, তবে ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে? *[ডাক অধিদপ্তরের হিসাব সহকারী/কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*

ক ৬৭% খ ৬৮%
গ ৬৯% ঘ ৭০% উ. গ

সমাধান:
ক্ষেত্রফল বৃদ্ধি = $৩০\% + ৩০\% + \frac{৩০ \times ৩০}{১০০}\% = ৬৯\%$

৩৯.একটি সরলরেখার উপর অঙ্কিত বর্গ ঐ সরল রেখার অর্ধেকের উপর অঙ্কিত বর্গের কতগুণ? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*

ক ২ গুণ খ ৩ গুণ
গ ৪ গুণ ঘ ৫ গুণ উ. গ

সমাধান: মনেকরি,
১ম বর্গক্ষেত্রের একবাহু = x



∴ ২য় " " = $\frac{x}{২}$
∴ ১ম বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = x^2
এবং ২য় " " = $(\frac{x}{২})^2 = \frac{x^2}{৪}$
∴ $\frac{\text{১ম বর্গের ক্ষেত্রের ক্ষেত্রফল}}{\text{২য় বর্গক্ষেত্রের ক্ষেত্রফল}} = \frac{x^2}{\frac{x^2}{৪}} = x^2 \times \frac{৪}{x^2} = ৪$
$\Rightarrow$ ১ম বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = ৪ × ২য় বর্গক্ষেত্রের ক্ষেত্রফল

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৪০.একটি বর্গাকৃতি ক্ষেত্রের পরিসীমা ৪৪ মিটার হলে, এর ক্ষেত্রফল কত? [এনএসআই এর ওয়্যারলেস অপারেটর/ হিসাবরক্ষক: ২১]

ক ১২১ বর্গমিটার খ ১২২ বর্গমিটার
গ ১২৪ বর্গমিটার ঘ ১২৫ বর্গমিটার উ. ক

সমাধান:

বর্গক্ষেত্রটির একবাহুর দৈর্ঘ্য $= \frac{\text{বর্গক্ষেত্রটির পরিসীমা}}{৪}$

$= \frac{৪৪}{৪} = ১১$ মিটার

বর্গক্ষেত্রটির ক্ষেত্রফল = (এক বাহুর দৈর্ঘ্য)^২

$= ১১^২ = ১২১$ বর্গমিটার।

৪১.একটি বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য a মিটার হলে, এর ক্ষেত্রফল কত? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]

ক a × a মিটার খ a বর্গমিটার
গ a^2 বর্গমিটার ঘ 2a মিটার উ. গ

সমাধান: মনেকরি, ABCD বর্গক্ষেত্রের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য a মিটার



∴ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল $= a^2$ বর্গমিটার

৪২.একটিমাত্র বাহুর দৈর্ঘ্য জানা থাকলে নিচের কোনটি অংকন সম্ভব হবে? [এলজিইডি'র হিসাব সহকারী: ২১]

ক ট্রাপিজিয়াম খ আয়ত
গ সামান্তরিক ঘ বর্গ উ. ঘ

সমাধান:



প্রত্যেকটা বাহুর দৈর্ঘ্য = x

বর্গের প্রত্যেকটা বাহুর দৈর্ঘ্য সমান হওয়ায়, যেকোনো এক বাহুর দৈর্ঘ্য দেওয়া থাকলে বর্গ আঁকা সম্ভব।

৪৩.যদি কোনো বর্গক্ষেত্রের প্রত্যেক বাহুর পরিমাণ ১০% বৃদ্ধি পায় তবে ক্ষেত্রফল কত বৃদ্ধি পাবে? [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]

ক ২০% খ ২১%
গ ২১ ঘ ৪০% উ. খ

সমাধান:

ক্ষেত্রফল বৃদ্ধি $= ১০\% + ১০\% + \frac{১০ \times ১০}{১০০} = ২১\%$

Type : 03
সামান্তরিক (Parallelogram)

যে চতুর্ভুজের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান ও সমান্তরাল এবং বিপরীত কোণগুলোও সমান কিন্তু কোণগুলোর একটিও সমকোণ নয়, তাকে সামান্তরিক বলে।

সূত্র:

→ সামান্তরিকের ক্ষেত্রফল = ভূমি × উচ্চতা
→ সামান্তরিকের পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ)
→ সামান্তরিকের দুটি সন্নিহিত কোণের সমষ্টি ১৮০°

৪৪.কোনটি সামান্তরিকের ক্ষেত্রফল? [ডাক ও জীবনবীমা অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক: ২২]

ক $\frac{১}{২}$ (দৈর্ঘ্য × উচ্চতা) খ দৈর্ঘ্য × প্রস্থ
গ ২ (দৈর্ঘ্য × উচ্চতা) ঘ ভূমি × উচ্চতা উ. ঘ

সমাধান: যে চতুর্ভূজের বিপরীত বাহুগুলো পরস্পর সমান ও সমান্তরাল তাকে সামান্তরিক বলে। সামান্তরিক হলো সাধারণ চতুর্ভূজের একটি বিশেষ রূপ।



∴ সামান্তরিকের ক্ষেত্রফল = ভূমি × উচ্চতা
$= (b \times h)$ বর্গএকক

৪৫.কোন সামান্তরিকের সন্নিহিত বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ১০ সে.মি.ও ৮সে.মি. এবং এদের অন্তর্ভুক্ত কোণ ৩০ ডিগ্রি হলে সামান্তরিকটির ক্ষেত্রফল নিচের কোনটি হবে? [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]

ক ২০ খ ৪০
গ ৮০ ঘ ১০০ উ. খ

সমাধান: কোন সামন্তরিকের সন্নিহিত বাহুর দৈর্ঘ্য এবং এদের অন্তর্ভুক্ত কোণ দেওয়া থাকলে,

সামন্তরিকটির ক্ষেত্রফল $= ab\sin\theta$
$= ১০ \times ৮ \times \sin ৩০^\circ$
$= ১০ \times ৮ \times \frac{১}{২} = ৪০$

৪৬.নিচের কোনটি সামন্তরিক নয়? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]

ক আয়তক্ষেত্র খ বর্গক্ষেত্র
গ রম্বস ঘ ট্রাপিজিয়াম উ. ঘ

সমাধান: আয়তক্ষেত্র, বর্গক্ষেত্র, রম্বস প্রত্যেকেই সামন্তরিক কিন্তু ট্রাপিজিয়াম সামন্তরিক নয়।

Type : 04
রম্বস (Rhombus)

যে চতুর্ভুজের চারটি বাহুই সমান ও সমান্তরাল এবং বিপরীত কোণগুলো সমান কিন্তু কোণগুলোর একটিও সমকোণ নয় তাকে রম্বস বলে।

সূত্র:

→ রম্বসের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ (কর্ণদ্বয়ের দৈর্ঘ্যের গুণফল)
→ রম্বসের পরিসীমা = 4 × একটি বাহুর দৈর্ঘ্য

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৪৭.রম্বসের ৪ কোণের সমষ্টি- *[বাংলাদেশ ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]*

ক ৩ সমকোণ খ ২ সমকোণ
গ ১ সমকোণ ঘ ৪ সমকোণ উ. ঘ

সমাধান: *আমরা জানি,*

চতুর্ভুজের চার কোণের সমষ্টি = ৩৬০°।

∴ রম্বসের চার কোণের সমষ্টিও = ৩৬০°।

অর্থাৎ, ৪ সমকোণ।

৪৮.কোন চতুর্ভুজের বিপরীত বাহুদ্বয় সমান ও সমান্তরাল এবং কোণগুলি সমকোণ নয় তাকে কি বলে? *[প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিস সহায়ক: ২৩]*

ক আয়তক্ষেত্র খ বর্গক্ষেত্র
গ রম্বস ঘ ট্রাপিজিয়াম উ. গ

সমাধান: *রম্বসের বিপরীত বাহুগুলো সমান ও সমান্তরাল কিন্তু কোণগুলো সমান নয়।*

৪৯.৪টি সমান বাহু দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্র যার একটি কোণও সমকোণ নয়, এ চিত্র- *[মেডিকেল টেকনিশিয়ানের টেকনিশিয়ান: ২৩]*

ক বর্গক্ষেত্র খ চতুর্ভুজ
গ সামান্তরিক ঘ রম্বস উ. ঘ

সমাধান: *রম্বসের একটি কোণও সমকোণ নয়।*

রম্বস

৫০.যে চতুর্ভুজের কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে তাকে কী বলে? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক: ২৩]*

ক সামান্তরিক খ রম্বস
গ আয়তক্ষেত্র ঘ ট্রাপিজিয়াম উ. খ

সমাধান: *রম্বসের কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে।*

রম্বস

৫১.রম্বসের কর্ণদুটি ৭ সেমি ও ৪ সেমি হলে ক্ষেত্রফল কত? *[বন অধিদপ্তরের জুনিয়র ওয়াইল্ড লাইফ স্কাউট: ২২]*

ক ২৮ বর্গ সেমি খ ১১ বর্গ সেমি
গ ১৪ বর্গ সেমি ঘ ১৮ বর্গ সেমি উ. গ

সমাধান: *রম্বসের ক্ষেত্রফল* $= \frac{১}{২} \times$ *কর্ণদ্বয়ের গুণফল*

$= \frac{১}{২} \times ৭ \times ৪ = ১৪$ *বর্গ সে.মি.*

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

১. একটি আয়তকার ঘরের দৈর্ঘ্য প্রস্থের দেড় গুণ। তার ক্ষেত্রফল ২১৬ বর্গমিটার হলে এর পরিসীমা কত? *[সুরক্ষা সেবা বিভাগের অফিস সহায়ক: ২৩]*

সমাধান: ঘরটির প্রস্থ ২x মিটার হলে দৈর্ঘ্য হবে

$= (২x \times \frac{৩}{২}) = ৩x$ মিটার

ক্ষেত্রফল $= (২x \times ৩x) = ৬x^2$ বর্গমিটার

পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ)

$= ২(৩x + ২x)$ মিটার $= ১০x$ মিটার।

শর্তমতে, $৬x^2 = ২১৬$

বা, $x^2 = ৩৬$

$\therefore x = ৬$

পরিসীমা = (১০ × ৬) মিটার = ৬০ মিটার।

২. একটি আয়তাকার বাগানের ক্ষেত্রফল ৮৪০ বর্গমিটার এবং এর প্রস্থ ২১ মিটার হলে, দৈর্ঘ্য কত? *[সুরক্ষা সেবা বিভাগের সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*

সমাধান: আমরা জানি,

আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ

$\Rightarrow$ ৮৪০ = দৈর্ঘ্য × ২১

$\Rightarrow$ দৈর্ঘ্য $= \frac{৮৪০}{২১}$

$\Rightarrow$ দৈর্ঘ্য = ৪০ মি.

৩. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ। ক্ষেত্রফল ৩২ বর্গমিটার হলে বড় বাহুটির দৈর্ঘ্য কত? *[অর্থ মন্ত্রণালয়ের সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*

সমাধান: মনেকরি, আয়তক্ষেত্রটির প্রস্থ = x মি.

" দৈর্ঘ্য = ২x "

∴ " ক্ষেত্রফল = ২x × x

$= ২x^2$ বর্গমি.

প্রশ্নমতে, $২x^2 = ৩২$

$\Rightarrow x^2 = ১৬$

$\Rightarrow x^2 = ৪^২$

$\Rightarrow x = ৪$

∴ দৈর্ঘ্য = ২ × ৪ = ৮ মি.

৪. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য প্রস্থের দেড়গুণ। ঘরটির ক্ষেত্রফল ৩৮৪ বর্গমিটার হলে পরিসীমা কত? *[গণযোগাযোগ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]*

সমাধান: ধরি,

আয়তকার ঘরটির প্রস্থ = x মি.

∴ " " দৈর্ঘ্য $= ১\frac{১}{২} \times x = \frac{৩x}{২}$ "

∴ " " ক্ষেত্রফল $= \frac{৩x}{২} \times x = \frac{৩x^2}{২}$ বর্গমি.

প্রশ্নমতে, $\frac{৩x^2}{২} = ৩৮৪$

$\Rightarrow ৩x^2 = ৩৮৪ \times ২$

$\Rightarrow x^2 = \frac{৩৮৪ \times ২}{৩}$

$\Rightarrow x^2 = ১২৮ \times ২$

$\Rightarrow x^2 = ২৫৬$

$\Rightarrow (x)^2 = (১৬)^২$

$\Rightarrow x = ১৬$

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

∴ প্রস্থ = ১৬ মি.

এবং দৈর্ঘ্য = $\frac{৩ \times ১৬}{২}$ = ২৪ মি.

∴ পরিসীমা = ২(২৪ + ১৬) = ৮০ মি.

৫. ট্রাপিজিয়াম *[ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

সমাধান: যে চতুর্ভুজের একজোড়া বাহু পরস্পর সমান্তরাল তাকে ট্রাপিজিয়াম বলে।



ট্রাপিজিয়াম

৬. একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থ অপেক্ষা ৬ মিটার বেশি। আয়তাকারটির দৈর্ঘ্য ও প্রস্থ ২ মিটার করে বৃদ্ধি করলে ক্ষেত্রফল ৬৪ বর্গ মিটার বৃদ্ধি পায়। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য ও প্রস্থ কত? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের উপজেলা ব্যবস্থাপক:২৩]*

সমাধান: মনে করি,

আয়তক্ষেত্রটির প্রস্থ = x মি.

∴ " দৈর্ঘ্য = x + ৬ মি.

∴ " ক্ষেত্রফল = x(x + ৬) মি.

প্রশ্নমতে, $x(x + ৬) + ৬৪ = (x + ২)(x + ৬ + ২)$

$\Rightarrow x^2 + ৬x + ৬৪ = (x + ২)(x + ৮)$

$\Rightarrow x^2 + ৬x + ৬৪ = x^2 + ২x + ৮x + ১৬$

$\Rightarrow x^2 + ৬x + ৬৪ - x^2 - ১০x - ১৬ = ০$

$\Rightarrow -৪x + ৪৮ = ০$

$\Rightarrow x = ১২$

∴ দৈর্ঘ্য = ১২ + ৬ = ১৮ মি.

এবং প্রস্থ = ১২ মি.

৭. চিত্রসহ সংজ্ঞা লিখুন: রম্বস, সূক্ষ্মকোণ *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের উপজেলা ব্যবস্থাপক: ২৩]*

সমাধান: **রম্বস:** যে চতুর্ভুজের চারটি বাহুই সমান ও সমান্তরাল এবং বিপরীত কোণগুলো সমান কিন্তু কোণগুলোর একটিও সমকোণ নয় তাকে রম্বস বলে।

সূক্ষ্মকোণ: যে কোণ ৯০° থেকে ছোট তাকে সূক্ষ্মকোণ বলে।

৮. একটি আয়তাকার জমির দৈর্ঘ্য প্রস্থের দেড়গুণ। জমিটির ক্ষেত্রফল ২১৬ বর্গমিটার হলে পরিসীমা কত? *[কর অঞ্চল সিলেটের উচ্চমান সহকারী: ২৩]*

সমাধান:

ঘরটির প্রস্থ ২x মিটার হলে দৈর্ঘ্য হবে = $(২x \times \frac{৩}{২})$ মিটার

= ৩x মিটার

ক্ষেত্রফল = $(২x \times ৩x) = ৬x^2$ বর্গমিটার

পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ)

= ২(৩x + ২x) মিটার = ১০x মিটার।

শর্তমতে, $৬x^2 = ২১৬$

বা, $x^2 = ৩৬$ ∴ x = ৬

পরিসীমা = (১০ × ৬) মিটার = ৬০ মিটার।

৯. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে ১৬ মিটার ও ৯ মিটার। আয়তক্ষেত্রটির ক্ষেত্রফলের সমান ক্ষেত্রফল বিশিষ্ট একটি বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য বের করুন। *[সুনামগঞ্জ ইউনিয়ন পরিষদের সচিব: ২৩]*

সমাধান: দেওয়া আছে,

আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য = ১৬ মি.

" প্রস্থ = ৯ মি.

∴ " ক্ষেত্রফল = ১৬ × ৯ = ১৪৪ বর্গ মি.

তাহলে, বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = ১৪৪ বর্গমি.

∴ " একবাহু = $\sqrt{১৪৪}$ = ১২ মি.

১০. ক্ষেত্রফলের সূত্র লিখুন: *[শেখ হাসিনা মেডিকেল কলেজ হাসপাতাল, টাঙ্গাইলের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

ক. সামান্তরিক

সমাধান: যে চতুর্ভুজের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান ও সমান্তরাল এবং বিপরীত কোণগুলোও সমান কিন্তু কোণগুলোর একটিও সমকোণ নয়, তাকে সামান্তরিক বলে।

সামন্তরিকের ক্ষেত্রফল = ভূমি × উচ্চতা

খ. রম্বস

সমাধান: যে চতুর্ভুজের চারটি বাহুই সমান ও সমান্তরাল এবং বিপরীত কোণগুলো সমান কিন্তু কোণগুলোর একটিও সমকোণ নয় তাকে রম্বস বলে।

রম্বস

রম্বসের ক্ষেত্রফল = $\frac{১}{২}$ × কর্ণদ্বয়ের গুণফল।

১১. একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের ৫ গুণ। ঐ আয়তাকার ক্ষেত্রের ক্ষেত্রফল ২০০০ বর্গমিটার হলে, ক্ষেত্রটির পরিসীমা কত? *[নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*

সমাধান: মনেকরি, আয়তক্ষেত্রটির প্রস্থ = x

∴ " দৈর্ঘ্য = ৫x

∴ ক্ষেত্রফল = $৫x \times x = ৫x^2$

এবং পরিসীমা = ২(৫x + x) = ১২x

প্রশ্নমতে, $৫x^2 = ২০০০$

$\Rightarrow x^2 = ৪০০$

$\Rightarrow x = ২০$

∴ পরিসীমা = ১২ × ২০ = ২৪০ মি.

১২. ৫০ মিটার দীর্ঘ ও ৪০ মিটার প্রস্থ একটি আয়তাকার বাগানের ভিতরের চারদিকে সমান চওড়া একটি রাস্তা আছে। রাস্তা বাদে বাগানের ক্ষেত্রফল ১২০০ বর্গমিটার হলে, রাস্তাটি কত মিটার চওড়া? *[তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*

সমাধান: মনেকরি,

রাস্তাটি x মি. চওড়া



এখন,

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

রাস্তাবাদে বাগানটির দৈর্ঘ্য = ৫০ - (x+x) = ৫০ - ২x
" " প্রস্থ = ৪০ - (x+x) = ৪০ - ২x
∴ " " ক্ষেত্রফল = (৫০ - ২x)(৪০ - ২x)
প্রশ্নমতে, (৫০ - ২x)(৪০ - ২x) = ১২০০
⇒ ২০০০ - ৮০x - ১০০x + ৪x² = ১২০০
⇒ ৪x² - ১৮০x + ২০০০ - ১২০০ = ০
⇒ ৪x² - ১৮০x + ৮০০ = ০
⇒ x² - ৪৫x + ২০০ = ০
⇒ x² - ৪০x - ৫x + ২০০ = ০
⇒ x(x - ৪০) - ৫(x - ৪০) = ০
⇒ (x - ৪০)(x - ৫) = ০
∴ x - ৪০ = ০ অথবা x - ৫ = ০
⇒ x = ৪০ ⇒ x = ৫
কিন্তু x ≠ ৪০
কারণ x = ৪০ হলে রাস্তাটি, বাগানটির প্রস্থের সমান হয়ে যায়।
∴ বাগানটি ৫ মি. চওড়া।

১৩.একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য বিস্তারের দ্বিগুণ। ঘরের ক্ষেত্রফল ৫১২ মিটার হলে পরিসীমা কত? *[রপ্তানি উন্নয়ন ব্যুরোর কম্পিউটার অপারেটর: ২৩]*

সমাধান:



মনেকরি,
আয়তাকার ঘরটির বিস্তার = x
∴ দৈর্ঘ্য = 2x
∴ ক্ষেত্রফল = 2x × x = 2x²
এবং পরিসীমা = 2(2x + x) = 2 × 3x = 6x
প্রশ্নমতে, 2x² = 512
⇒ x² = 256
⇒ (x)² = (16)²
⇒ x = 16
∴ পরিসীমা = 6 × 16 = 96 মি.

১৪.ABCD চতুর্ভুজটি একটি বর্গক্ষেত্র। ABCD চতুর্ভুজের বৃত্তের ব্যাসার্ধ ২ মিটার হলে চতুর্ভুজটির ক্ষেত্রফল কত? *[শিল্প মন্ত্রণালয়ের সাঁট মুদ্রাক্ষরিক অপারেটর: ২৩]*

সমাধান:



এখানে,
বৃত্তের অন্তঃস্থ ABCD একটি বর্গক্ষেত্র।
দেওয়া আছে, বৃত্তের ব্যাসার্ধ = ২মি.
∴ " ব্যাস = ২ × ২ = ৪ মি.
মনেকরি, বর্গ একবাহু = x
∴ " কর্ণ = √২x
প্রশ্নমতে, √২x = ৪
⇒ x = ২√২
∴ বর্গের ক্ষেত্রফল = (একবাহু)² = (২√২)²
= ৪ × ২ = ৮ বর্গ মি.

১৫.একটি আয়তাকার জমির প্রস্থ তার দৈর্ঘ্যের অর্ধেক। জমিটির ক্ষেত্রফল ৩২০০ বর্গমিটার। জমির পরিসীমা কত? *[কাস্টম হাউস চট্টগ্রামের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

সমাধান: মনেকরি, আয়তকার জমির প্রস্থ = x মি.



∴ " " দৈর্ঘ্য = ২x "
∴ " " ক্ষেত্রফল = ২x × x = ২x²
প্রশ্নমতে, ২x² = ৩২০০
⇒ x² = ১৬০০
⇒ x = ৪০
∴ জমির প্রস্থ = ৪০ মি.
এবং " দৈর্ঘ্য = ২ × ৪০ = ৮০ মি.
∴ জমির পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ)
= ২(৮০ + ৪০)
= ২ × ১২০ = ২৪০ মি.

১৬.একটি আয়তাকার বাগানের প্রস্থের দ্বিগুণ, দৈর্ঘ্য অপেক্ষা ১০ মিটার বেশি এবং বাগানটির পরিসীমা ১০০ মিটার। বাগানটির সীমানার বাইরে চারদিকে ২ মিটার চওড়া রাস্তা আছে। রাস্তাটি ইট দিয়ে তৈরি করতে প্রতি বর্গ মিটারে ১১০ টাকা খরচ হয়। রাস্তাটি ইট দিয়ে তৈরি করতে মোট কত খরচ হবে? *[জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের কম্পিউটার অপারেটর: ২৩]*

সমাধান: মনেকরি, দৈর্ঘ্য = x মি.
এবং প্রস্থ = y "
শর্তমতে, ২y = x + ১০ ..... (i)
এবং ২(x+y) = ১০০
⇒ ২x + ২y = ১০০
⇒ ২x + x + ১০ = ১০০
⇒ ৩x = ৯০
⇒ x = ৩০
∴ (i) ⇒
২y = ৩০ + ১০
⇒ ২y = ৪০
⇒ y = ২০
∴ ক্ষেত্রফল = ৩০ × ২০ = ৬০০ বর্গমি.
তাহলে,
রাস্তাসহ বাগানটির দৈর্ঘ্য = ৩০ + (২+২) মি.
= ৩৪ মি.
রাস্তাসহ বাগানটির প্রস্থ = ২০ + (২ + ২) মি.
= ২৪ মি.
∴ রাস্তাসহ বাগানের ক্ষেত্রফল = ৩৪ × ২৪
= ৮১৬ বর্গমি.
তাহলে রাস্তাটির ক্ষেত্রফল = ৮১৬ - ৬০০
= ২১৬ বর্গমি.
এখন,

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১ বর্গমিটারে ইট দিতে খরচ হয় ১১০ টাকা
∴ ২১৬ " " " " " ২১৬ × ১১০
= ২৩৭৬০ টাকা

১৭.একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য বিস্তারের ৩ গুণ। দৈর্ঘ্য ৪৮ মিটার হলে ক্ষেত্রটির পরিসীমা কত? *[বন অধিদপ্তরের (বরিশাল) ফরেস্ট গার্ড: ২৩]*

সমাধান: আয়তক্ষেত্রটির বিস্তার = $\frac{\text{দৈর্ঘ্য}}{৩} = \frac{৪৮}{৩}$ মিটার
= ১৬ মিটার
∴ আয়তক্ষেত্রটির পরিসীমা = ২(দৈর্ঘ্য + বিস্তার)
= ২(৪৮ + ১৬) = ১২৮ মিটার।

১৮.একটি আয়তাকার কক্ষের পরিসীমা ৪৪ ফুট, ক্ষেত্রফল ১২০ বর্গফুট। কক্ষটির দৈর্ঘ্য ও প্রস্থ কত? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের কম্পিউটার অপারেটর: ২৩]*

সমাধান: মনেকরি, আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য = x ফুট
" প্রস্থ = y "

প্রশ্নমতে, ২(x + y) = ৪৪
⇒ x + y = ২২
⇒ x = ২২ - y ..... (i)

আবার, xy = ১২০
⇒ (২২-y)y = ১২০
⇒ ২২y - y^2 = ১২০
⇒ -y^2 + ২২y - ১২০ = ০
⇒ -(y^2 - ২২y + ১২০) = ০
⇒ y^2 - ২২y + ১২০ = ০
⇒ y^2 - ১২y - ১০y + ১২০ = ০
⇒ y(y - ১২) - ১০(y - ১২) = ০
⇒ (y - ১২)(y - ১০) = ০
∴ y - ১২ = ০ অথবা, y - ১০ = ০
⇒ y = ১২ ⇒ y = ১০

∴ (i) ⇒
x = ২২ - ১২ = ১০ [যখন y = ১২]
এবং x = ২২ - ১০ = ১২ [যখন y = ১০]

যেহেতু x < y হতে পারে না, সেহেতু y ≠ ১২
∴ x = ১২ ও y = ১০
∴ দৈর্ঘ্য ১২ ফুট এবং প্রস্থ ১০ ফুট

১৯.বর্গক্ষেত্র কাকে বলে? *[প্রবাসী কল্যাণ ব্যাংকের নিরাপত্তা প্রহরী: ২৩]*

সমাধান: যে চতুর্ভুজের প্রত্যেকটি বাহু সমান এবং প্রত্যেকটি কোণ সমকোণ তাকে বর্গক্ষেত্র বলে।

বর্গক্ষেত্র

২০.একটি জমির ক্ষেত্রফল ৪০০ বর্গমিটার। যার দৈর্ঘ্য প্রস্থের ৪ গুণ। জমিটির চার দেয়ালের মোট দৈর্ঘ্য (পরিসীমা) কত? *[বাংলা একাডেমির এমএলএসএস: ২৩]*

সমাধান: মনেকরি,
জমিটির প্রস্থ = x মি.
∴ " দৈর্ঘ্য = ৪x "



∴ ক্ষেত্রফল = ৪x × x = $৪x^2$ বর্গমি.
এবং পরিসীমা = ২(৪x + x) = ২ × ৫x = ১০x মি.
প্রশ্নমতে, $৪x^2$ = ৪০০
⇒ x^2 = ১০০ ⇒ x = ১০
∴ পরিসীমা = ১০ × ১০ = ১০০ মি.

২১.একটি আয়তাকার বাগানের প্রস্থ অপেক্ষা দৈর্ঘ্য ৩ মিটার বেশি। বাগানটির পরিসীমা ৩৮ মিটার হলে বাগানের ক্ষেত্রফল কত? *[বাংলা একাডেমির বিভিন্ন পদ: ২৩]*

সমাধান: ধরি,
আয়তাকার বাগানের প্রস্থ = ক মিটার
" " দৈর্ঘ্য = ক + ৩ মিটার
আমরা জানি, আয়তক্ষেত্রের পরিসীমা = ২(দৈর্ঘ্য+প্রস্থ)
প্রশ্নমতে, ২(দৈর্ঘ্য+প্রস্থ) = ৩৮
বা, (ক+ক+৩) = ৩৮
বা, ২(২ক+৩) = ৩৮
বা, ৪ক + ৬ = ৩৮
বা, ৪ক = ৩২
বা, ক = ৮
∴ প্রস্থ = ৮ মি. এবং দৈর্ঘ্য = ৮ + ৩ = ১১ মিটার
∴ ক্ষেত্রফল = ১১ × ৮ = ৮৮ বর্গমিটার।
উত্তর: ৮৮ বর্গমিটার।

২২.একটি আয়তাকার ক্ষেত্রফল ২০০০ বর্গমিটার। যদি এর দৈর্ঘ্য ১০ মিটার কত হত তাহলে এটি একটি বর্গক্ষেত্র হত। আয়ক্ষেত্রটির পরিসীমা নির্ণয় করুন। *[কাস্টম হাউস, ঢাকা এর সিপাহী: ২৩]*

সমাধান: মনেকরি,
আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য x মিটার এবং প্রস্থ y মিটার
∴ আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল = xy বর্গমিটার
প্রশ্নানুসারে, xy = 2000 ..... (i)
এবং x - 10 = y ..... (ii)
সমীকরণ (i) এ y = x - 10 বসিয়ে পাই,
x(x - 10) = 2000
⇒ x^2 - 10x - 2000 = 0
⇒ x^2 - 50x + 40x - 2000 = 0
⇒ (x - 50) (x + 40) = 0
∴ x = 50 অথবা, x = - 40 [কিন্তু x ≠ -40]
∴ x = 50
এখন, সমীকরণ (ii) এ x এর মান বসিয়ে পাই y=50-10 =40
আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য 50 মিটার এবং প্রস্থ 40 মিটার।
সুতরাং আয়ক্ষেত্রটির পরিসীমা = 2(50+40)
= 180 মিটার (উত্তর)

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বহুভুজ

◆ **সুষম বহুভুজের এর ক্ষেত্রে-**

(i) সুষম বহুভুজের ক্ষেত্রে কোণগুলোর সমষ্টি
$= (2n - 4) \times$ সমকোণ [যেখানে n হলো বাহু সংখ্যা]
$= (n - 2) \times 180°$

(ii) প্রতিটি কোণের মান $= \frac{n-2}{n} \times 180°$

(iii) সুষম বহুভুজের যে কোন অন্তঃকোণ $= \frac{2n-4}{n} \times 90°$

(iv) সুষম বহুভুজের যেকোনো বহিস্থকোণ $= \frac{360°}{n}$

(v) বাহু সংখ্যা $= \frac{360°}{\text{বহিঃস্থকোণ}}$

(vi) অন্তঃকোণ + বহিঃস্থকোণ = 180°

১. একটি ষড়ভুজের বাহু সংখ্যা কত? *[বাংলাদেশ নির্বাচন কমিশনের অফিস সহায়ক: ২৩]*

ক ৫টি খ ৪টি
গ ৬টি ঘ ৭টি **উ. গ**

সমাধান: *একটি ষড়ভুজের বাহুর সংখ্যা = ৬টি।*

২. একটি পঞ্চভুজের সমষ্টি- *[ডাক বিভাগ খুলনা অঞ্চলের অফিস সহায়ক:২২]*

ক ৪ সমকোণ খ ৬ সমকোণ
গ ৮ সমকোণ ঘ ১০ সমকোণ **উ. খ**

সমাধান: *আমরা জানি,*
একটি সুষম বহুভূজের অন্তঃস্থ কোণের সমষ্টি
$= (n - ২) \times ১৮০°$
$= (৫ - ২) \times ১৮০°$
$= ৩ \times ২ \times ৯০°$
$= ৬ \times ৯০°$
$= ৬$ সমকোণ।

৩. সুষম বহুভুজের একটি বহিঃস্থ কোণের পরিমাণ ৪৫° হলে এর বাহুর সংখ্যা হবে- *[হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*

ক ১৬ খ ১০
গ ৮ ঘ কোনোটিই নয় **উ. গ**

সমাধান: *বাহুর সংখ্যা* $\frac{৩৬০°}{৪৫°} = ৮$

৪. একটি সুষম ষড়ভুজের একটি অন্তঃকোণের পরিমাণ হবে- *[মৎস্য অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]*

ক ৬০° খ ১২০°
গ ৯০° ঘ ৩৬০° **উ. খ**

সমাধান: *সুষম ষড়ভুজটির প্রতিটি বহিঃস্থকোণের পরিমাণ*
$= \frac{৩৬০°}{৬} = ৬০°$

প্রতিটি অন্তঃকোণের পরিমাণ $= (১৮০ - ৬০)° = ১২০°$

৫. একই সুষম পেন্টাগনের প্রতিটি অন্তঃকোণের মান কত? *[পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী: ২১]*

ক ১০৮° খ ১১৮°
গ ১২০° ঘ ১১৫° **উ. ক**

সমাধান: *আমরা জানি,*
সুষম বহুভুজের প্রতিটি অন্তঃকোণের মান $= \frac{n-2}{n} \times ১৮০°$
$\therefore$ *সুষম পেন্টাগন এর " " " * $= \frac{৫-২}{৫} \times ১৮০°$
$= \frac{৩}{৫} \times ১৮০°$
$= ৩ \times ৩৬°$
$= ১০৮°$

৬. একটি ষড়ভূজের ছয়টি কোণের সমষ্টি কত? *[জনস্বাস্থ্য অধিদপ্তরে ক্লার্ক কাম টাইপিস্ট: ২১]*

ক ৫ সমকোণ খ ৬ সমকোণ
গ ৮ সমকোণ ঘ ৩ সমকোণ **উ. গ**

সমাধান: *আমরা জানি,*
n ভুজের কোণ গুলোর সমষ্টি $= (2n - 8)$ সমকোণ
$\therefore$ ৬ " " " " $= (২.৬ - ৪)$ "
$= (১২ - ৪)$ "
$= ৮$ সমকোণ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বৃত্ত

- **বৃত্ত:** একটি বিন্দুকে কেন্দ্র করে সমান দূরত্ব বজায় রেখে অন্য একটি বিন্দু তার চারদিকে একবার ঘুরে আসলে যে ক্ষেত্রের সৃষ্টি হয়, তাকে বৃত্ত বলে।



চিত্র: বৃত্ত

- **কেন্দ্র (Centre):** যে নির্দিষ্ট বিন্দুর চারিদিকে একটি বিন্দু ঘুরে বৃত্ত তৈরি হয় সেই নির্দিষ্ট বিন্দুকে কেন্দ্র বলে। চিত্রে O বৃত্তের কেন্দ্র।

- **ব্যাস (Diameter):** বৃত্তের কেন্দ্রগামী সকল জ্যা কেই ব্যাস বলে। চিত্রে AB একটি ব্যাস।



- **ব্যাসার্ধ (Radius):** বৃত্তের কেন্দ্র হতে পরিধি পর্যন্ত দূরত্বকে ব্যাসার্ধ বলে। ব্যাসার্ধ হচ্ছে ব্যাসের অর্ধেক। চিত্রে OB একটি ব্যাসার্ধ।



- **পরিধি (Circumference):** বৃত্তের কেন্দ্র হতে সমান দূরত্ব বজায় রেখে কোন বিন্দুর চলার পথকে পরিধি বলে। বৃত্তের পরিধির সূত্র $= 2\pi r$



- **চাপ (Arc):** বৃত্তের পরিধির যে কোন অংশকে চাপ বলে। চিত্রে BC বৃত্তের একটি চাপ।



- **জ্যা (Chord):** পরিধির যে কোন দুই বিন্দুর সংযোজন রেখাংশকে জ্যা বলে। উল্লেখ্য যে: বৃত্তের ব্যাসই হচ্ছে বৃত্তের বৃহত্তম জ্যা। চিত্রে AB একটি জ্যা।



বৃত্ত সম্পর্কীত অনুসিদ্ধান্তসমূহ:

- বৃত্তের কোনো বিন্দুতে একটি মাত্র স্পর্শক অংকন করা যায়।
- দুটি পরস্পরছেদী বৃত্তে দুইটি সাধারণ স্পর্শক আঁকা যায়।
- অর্ধবৃত্তস্থ কোণ এক সমকোণ।
- একই চাপের উপর দণ্ডায়মান বৃত্তস্থ কোণগুলো পরস্পর সমান।
- বৃত্তের একই চাপের উপর দন্ডায়মান কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ।
- বৃত্তের একই চাপের উপর দন্ডায়মান বৃত্তস্থ কোণ কেন্দ্রস্থ কোণের অর্ধেক।
- বৃত্তের কেন্দ্র হতে সমদূরবর্তী সকল জ্যা পরস্পর সমান।
- বৃত্তের দুটি জ্যা এর মধ্যে কেন্দ্রের নিকটতম জ্যা-টি অপর জ্যা অপেক্ষা বৃহত্তর।
- বৃত্তের স্পর্শ বিন্দু থেকে কেন্দ্র পর্যন্ত একটি রেখা টানলে স্পর্শক ও রেখার মধ্যে সমকোণ সৃষ্টি হয়।
- বৃত্তের দুটি জ্যা পরস্পরকে সমদ্বিখণ্ডিত করলে তাদের ছেদবিন্দু বৃত্তটির কেন্দ্র এবং জ্যা দুটি বৃত্তের ব্যাস।
- বৃত্তের পরিধি $= 2\pi r$ (এখানে r ব্যাসার্ধ)।
- বৃত্ত ক্ষেত্রের ক্ষেত্রফল $= \pi r^2$ বর্গ একক।

Type : 01
বৃত্তের ধারণা

১. বৃত্তের কেন্দ্রে কোণের পরিমাণ কত? *[প্রাণীসম্পদ অধিদপ্তরের অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

ⓚ ৩৬০ ⓛ ১৮০
ⓜ ৯০ ⓝ ২৭০

উ. ক

সমাধান:
বৃত্তের কেন্দ্রে কোণের পরিমাণ $= ৩৬০^\circ$

২. একটি গাড়ির চাকা প্রতি মিনিটে ৯০ বার ঘুরে। এক সেকেন্ডে চাকাটি কত ডিগ্রি ঘুরে? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরে এমএলএস/নিরাপত্তা প্রহরী: ২৩]*

ⓚ ১৮০° ⓛ ২৭০°
ⓜ ৩৬০° ⓝ ৫৪০°

উ. ঘ

সমাধান: *আমরা জানি, ১ মিনিট = ৬০ সেকেন্ড*

∴ ৬০ সেকেন্ডে ঘোরে ৯০ বার

১ " " $\frac{৯০}{৬০} = \frac{৩}{২}$ বার

আবার, ১ বার ঘোরে চাকাটি যায় ৩৬০°

∴ $\frac{৩}{২}$ " " " " $\frac{৩৬০^\circ \times ৩}{২} = ৫৪০^\circ$

৩. একটি গাড়ির চাকা প্রতি সেকেন্ডে ৪৫০° ঘুরে। চাকাটি প্রতি মিনিটে কতবার ঘুরবে? *[যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ২২]*

ⓚ ৬০ বার ⓛ ৭৫ বার
ⓜ ৯০ বার ⓝ ১২০ বার

উ. খ

সমাধান: *আমরা জানি, ১ মিনিট = ৬০ সেকেন্ড*

চাকাটি ১ সেকেন্ডে ঘোরে $= ৪৫০^\circ$

∴ ৬০ " " $= ৪৫০^\circ \times ৬০^\circ = ২৭০০০^\circ$

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

আবার, ৩৬০° যায় ১ বার ঘুরে

১ " $\frac{১}{৩৬০°}$ "

∴ ২৭০০০° " $\frac{১ \times ২৭০০০°}{৩৬০°}$ = ৭৫ বার ঘুরে

৪. একটি গাড়ির চাকা ১ মিনিটে ৬০ বার ঘোরে। ১ সেকেন্ডে চাকাটি কত ডিগ্রি ঘুরবে? *[পল্লী উন্নয়ন বোর্ডের হিসাবরক্ষক: ২২]*

ক ৬০ ডিগ্রি খ ১৮০ ডিগ্রি
গ ২৭০ ডিগ্রি ঘ ৩৬০ ডিগ্রি উ. ঘ

সমাধান: আমরা জানি,

১ মিনিট = ৬০ সেকেন্ড

চাকাটি ৬০ সেকেন্ডে ঘুরে ৬০ বার

∴ " ১ " " $\frac{৬০}{৬০}$ = ১ বার

আবার, চাকাটি ১ বার ঘুরে যায় ৩৬০°

∴ চাকাটি ১ সেকেন্ডে ৩৬০° ঘুরে।

৫. বৃত্তের দৈর্ঘ্যকে কী বলে? *[সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী:২২]*

ক জ্যা খ ব্যাস
গ পরিধি ঘ বৃত্তচাপ উ. গ

সমাধান: বৃত্তের দৈর্ঘ্যকে পরিধি বলে।

৬. 'π' এর মান কত? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের গ্রাউন্ড সার্ভিস অ্যাসিসট্যান্ট: ২২]*

ক বৃত্তের পরিধি/ব্যাসার্ধ খ বৃত্তের পরিধি/জ্যা
গ বৃত্তের পরিধি/ব্যাস ঘ ব্যাস/বৃত্তের পরিধি উ. গ

সমাধান: π এর মান = $\frac{\text{বৃত্তের পরিধি}}{\text{ব্যাস}}$

৭. একটি গাড়ির চাকা প্রতি মিনিটে ৯০ বার ঘোরে। এক সেকেন্ডে চাকাটি কত ডিগ্রি ঘুরবে? *[খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]*

ক ১৮০ ডিগ্রি খ ৩৬০ ডিগ্রি
গ ৫৪০ ডিগ্রি ঘ ৫১০ ডিগ্রি উ. গ

সমাধান: ৬০ সেকেন্ডে ঘোরে ৯০ বার

∴ ১ " " $\frac{৯০}{৬০} = \frac{৩}{২}$ "

আবার, ১ বার ঘুরে যায় ৩৬০°

৮. সমতলস্থ তিনটি বিন্দু দিয়ে কখন বৃত্ত আঁকা যায়? *[খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*

ক যদি ১টি অন্য ২টি বিন্দুর সংযোজক রেখার মধ্যবিন্দু হয়
খ যদি বিন্দুগুলো সমরেখ হয়
গ যদি বিন্দুগুলো সমরেখ না হয়
ঘ যদি বিন্দুগুলোর মধ্যবর্তী দূরত্ব সমান হয় উ. গ

সমাধান: তিনটি বিন্দু সমরেখ হলে কখনই বিন্দু তিনটি দিয়ে একটি ত্রিভুজ গঠন করা সম্ভব নয়, বরং ঐ সমরেখ বিন্দু তিনটি দিয়ে সরল রেখা আঁকা যাবে।



৯. একটি বৃত্তের যেকোনো দুইটি বিন্দুর সংযোজক রেখাকে বলে- *[বাংলাদেশ টেলিভিশনের অফিস সহযোগী: ২১]*

ক জ্যা খ ব্যাস
গ ব্যাসার্ধ ঘ চাপ উ. ক

সমাধান: একটি বৃত্তের যে কোন দুইটি বিন্দুর সংযোজক রেখাকে জ্যা বলে।

Type : 02
ব্যাস ও জ্যা সম্পর্কিত

১০. বৃত্তের কেন্দ্রগামী জ্যা কে কি বলে? *[প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিস সহায়ক: ২৩]*

ক ব্যাস খ পরিধি
গ বৃত্তচাপ ঘ ব্যাসার্ধ উ. ক

সমাধান: বৃত্তের কেন্দ্রগামী বৃহত্তম জ্যা হলো ব্যাস।

১১. বৃত্তের ব্যাসই ... জ্যা। *[বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]*

ক ক্ষুদ্রতম খ বৃহত্তম
গ দ্বিখণ্ডক ঘ লম্ব উ. খ

সমাধান: কোনো বৃত্তের ব্যাসই বৃহত্তম জ্যা।

১২. বৃত্তের সর্ববৃহৎ জ্যা কে কি বলে? *[তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কো. লি. এর টেকনিশিয়ান/ড্রাফটসম্যান: ২৩]*

ক ব্যাস খ ব্যাসার্ধ
গ কেন্দ্র ঘ পরিধি উ. ক

সমাধান: বৃত্তের বৃহত্তম জ্যা কে ব্যাস বলে।

১৩. ১৪ সেমি ব্যাসার্ধ বিশিষ্ট একটি বৃত্তের ক্ষেত্রফল কত বর্গ সেমি (প্রায়)? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরে এমএলএস/নিরাপত্তা প্রহরী: ২৩]*

ক ১৫৪ সেমি খ ৬১৬ সেমি
গ ৫৭৪ সেমি ঘ ২৬৪ সেমি উ. খ

সমাধান: দেওয়া আছে, ব্যাসার্ধ, $r = ১৪$ cm

∴ ক্ষেত্রফল = πr^2

$= \frac{২২}{৭} \times (১৪)^২ = \frac{২২}{৭} \times ১৪ \times ১৪ = ৬১৬$

১৪. একটি বৃত্তের ব্যাস 20 সেমি হলে উহার ক্ষেত্রফল কত? *[বাংলাদেশ রেলওয়ের খালাসী: ২২]*

ক 314 বর্গ সেমি খ 326 বর্গ সেমি
গ 400 বর্গ সেমি ঘ 324 বর্গ সেমি উ. ক

সমাধান: দেওয়া আছে,

বৃত্তের ব্যাস = 20 সে.মি.

∴ ব্যাসার্ধ, $r = \frac{20}{2} = 10$ সে.মি.

তাহলে ক্ষেত্রফল = $\pi r^2 = 3.14 \times 10^2 = 314$ বর্গ সে.মি.

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১৫.কোন বৃত্তের 10 সে.মি. দীর্ঘ একটি জ্যা কেন্দ্র হতে 12 সে.মি. দূরে অবস্থিত। বৃত্তটির ব্যাসার্ধ কত সেন্টিমিটার? [সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যসহকারী: ২২]

ক 13 সে.মি. খ 14.5 সে.মি.
গ 15 সে.মি. ঘ 9 সে.মি. উ. ক

সমাধান: মনেকরি,
O কেন্দ্র বিশিষ্ট বৃত্তের AB জ্যা এর $OC \perp AB$. OA বৃত্তের ব্যাসার্ধ এবং AB জ্যা।

$OC = ১২$ সে.মি.
$AB = ১০$ সে.মি.



$\therefore AC = \frac{১০}{২}$ সে.মি. $= ৫$ সে.মি.

ΔOAC-এ
$OA^2 = AC^2 + OC^2$
$= ৫^২ + ১২^২ = ২৫ + ১৪৪ = ১৬৯$
$\therefore OA = ১৩$ সে.মি.

১৬.৫ সেমি ব্যাসার্ধবিশিষ্ট একটি বৃত্তের কেন্দ্র থেকে ৮ সে.মি জ্যা এর দূরত্ব কত? [বাংলাদেশ তাঁত বোর্ডের বিভিন্ন পদ: ২২]

ক ৫ সেমি খ ৪ সেমি
গ ৩ সেমি ঘ ২ সেমি উ. গ

সমাধান: মনেকরি,
O কেন্দ্র বিশিষ্ট বৃত্তের AB জ্যা এর উপর OC লম্ব অর্থাৎ $OC \perp AB$.

$\therefore AC = BC$
এখানে,
$AB = ৮$ সে.মি.



$AC = \frac{৮}{২} = ৪$ সে.মি.

দেওয়া আছে, বৃত্তের ব্যাসার্ধ, $OA = ৫$ সে.মি.
$\therefore \Delta OAC$ হতে পাই,
$OA^2 = AC^2 + OC^2$
$\Rightarrow ৫^২ = ৪^২ + OC^2$
$\Rightarrow ২৫ = ১৬ + OC^2$
$\Rightarrow ২৫ - ১৬ = OC^2$
$\Rightarrow ৯ = OC^2$
$\Rightarrow (৩)^২ = (OC)^2$
$\Rightarrow ৩ = OC$
$\Rightarrow OC = ৩$
$\therefore$ কেন্দ্র থেকে জ্যা এর দূরত্ব $= ৩$ সে.মি.

১৭.একটি বৃত্তের ব্যাসার্ধ 6 সেমি এবং একটি বৃত্তচাপ কেন্দ্র 30^0 কোণ উৎপন্ন করলে বৃত্তচাপের দৈর্ঘ্য কত সেমি? [বাংলাদেশ তাঁত বোর্ডের বিভিন্ন পদ: ২২]

ক 2x খ 6x
গ x ঘ 3x উ. গ

সমাধান: আমরা জানি,

$S = r\theta$ | এখানে,
$= 6 \times \frac{\pi}{6}$ | $r = 6$ সে.মি.
$= \pi$ | $\theta = 30^\circ = \frac{\pi}{6}$

১৮.একটি চাকার ব্যাসার্ধ ২২.৪ সেমি। চাকাটি ৫০০ বার ঘুরলে কত মিটার দূরত্ব অতিক্রম করবে? [ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন অফিসার: ২২]

ক ২২৪ খ ৪৪৮
গ ৬০৪ ঘ ৭০৪ উ. ঘ

সমাধান: দেওয়া আছে,
চাকার ব্যাসার্ধ, $r = ২২.৪$ সে.মি.
$\therefore$ " পরিধি $= ২\pi r$
$= ২ \times \frac{২২}{৭} \times ২২.৪ = ১৪০.৮$ সে.মি.

তাহলে,
চাকাটি ১ বার ঘুরে যায় ১৪০.৮ সে.মি.
$\therefore$ " ৫০০ " " " ৫০০×১৪০.৮ "
$= ৭০৪০০$ সে.মি. $= ৭০৪$ মি.
[$\because ১$ মি $= ১০০$ সে.মি.]

১৯.একটি বৃত্তের ক্ষেত্রফল ৩১৪ বর্গ সেমি হলে উহার ব্যাস কত? [বাংলাদেশ রেলওয়ের গার্ড (গ্রেড-২): ২২]

ক ২০ সেমি খ ২৫ সেমি
গ ১২ সেমি ঘ ১৫ সেমি উ. ক

সমাধান: মনেকরি, বৃত্তের ব্যাসার্ধ $= r$
প্রশ্নমতে, $\pi r^2 = ৩১৪$
$\Rightarrow ৩.১৪ \times r^2 = ৩১৪$
$\Rightarrow r^2 = \frac{৩১৪}{৩.১৪}$
$\Rightarrow r^2 = ১০০$
$\Rightarrow r = ১০$
$\therefore$ ব্যাস $= ২ \times r = ২ \times ১০ = ২০$ সে.মি.

২০.দুটি বৃত্তের পরিসীমার অনুপাত ১ : ২ হলে তাদের ক্ষেত্রফলের অনুপাত কত? [বাংলাদেশ রেলওয়ের সহকারী লোকোমটিভ মাস্টার: ২২]

ক ২ : ৩ খ ৩ : ৪
গ ৪ : ১ ঘ ১ : ৪ উ. ঘ

সমাধান: মনেকরি, বৃত্তদ্বয়ের ব্যাসার্ধদ্বয় যথাক্রমে r_1 ও r_2
প্রশ্নমতে,
$2\pi r_1 : 2\pi r_2 = ১ : ২$ [বৃত্তের পরিধি হলো, বৃত্তের পরিসীমা]
$\Rightarrow r_1 : r_2 = ১ : ২$
$\Rightarrow \frac{r_1}{r_2} = \frac{১}{২}$
$\Rightarrow (\frac{r_1}{r_2})^২ = (\frac{১}{২})^২$

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

$\Rightarrow \frac{r_1^2}{r_2^2} = \frac{১}{৪}$

$\Rightarrow \frac{\pi r_1^2}{\pi r_2^2} = \frac{১}{৪}$

$\Rightarrow \pi r_1^2 : \pi r_2^2 = \frac{১}{৪}$

∴ ১ম বৃত্তের ক্ষেত্রফল : ২য় বৃত্তের ক্ষেত্রফল = ১ : ৪

২১.একটি বৃত্তের ব্যাস ৫০% কমে গেলে, বৃত্তের ক্ষেত্রফল কত শতাংশ কমে যাবে? *[রাজউক এর ইমারত পরিদর্শক: ২২]*

ক ৮০% খ ১০০%
গ ৪০০% ঘ কোনোটিই নয় উ. ঘ

সমাধান: $A + B + \frac{A \times B}{১০০}$

$= -৫০ - ৫০ + \frac{৫০ \times ৫০}{১০০} = -১০০ + ২৫ = -৭৫\%$

২২.১৩ সে.মি. ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের একটি জ্যা-এর দৈর্ঘ্য ২৪ সে.মি. হলে কেন্দ্র থেকে উক্ত জ্যা-এর লম্ব দূরত্ব কত সে.মি.? *[মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের সিনিয়র অ্যাকাউন্টস্ ক্লার্ক: ২২]*

ক ৫ খ ৩
গ ৬ ঘ ৪ উ. ক

সমাধান:

$OC = \sqrt{(১৩)^২ - (\frac{২৪}{২})^২}$

$= \sqrt{১৬৯ - (১২)^২}$

$= \sqrt{১৬৯ - ১৪৪}$

$= \sqrt{২৫} = ৫$ সে.মি.

২৩.দুইটি বৃত্তের ব্যাসের অনুপাত ৩ : ২ হলে বৃত্ত দুইটির ক্ষেত্রফলের অনুপাত কত? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*

ক ৯ : ৪ খ ২ : ৩
গ ৬ : ৪ ঘ ৪ : ৯ উ. ক

সমাধান: প্রথম বৃত্তের ব্যাসার্ধ ৩r হলে ক্ষেত্রফল

$= \pi(৩r)^2 = ৯\pi r^2$

দ্বিতীয় বৃত্তের ব্যাসার্ধ ২r হলে ক্ষেত্রফল

$= \pi(২r)^2 = ৪\pi r^2$

$\frac{\text{প্রথম বৃত্তের ক্ষেত্রফল}}{\text{দ্বিতীয় বৃত্তের ক্ষেত্রফল}} = \frac{৯\pi r^2}{৪\pi r^2} = \frac{৯}{৪}$

প্রথম বৃত্তের ক্ষেত্রফল : দ্বিতীয় বৃত্তের ক্ষেত্রফল = ৯ : ৪

২৪.১টি বৃত্তের ব্যাস ২ মি. হলে বৃত্তের ক্ষেত্রফল কত বর্গসেন্টিমিটার? *[কর্মসংস্থান ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ২২]*

ক πr^2 খ π
গ π^2 ঘ π^3 উ. খ

সমাধান: এখানে,

বৃত্তের ব্যাস = ২ সে.মি.

∴ " ব্যাসার্ধ, $r = \frac{২}{২} = ১$ সে.মি.

তাহলে, বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2$

$= \pi \times (১)^২$

$= \pi \times ১ = \pi$ বর্গ সে.মি.

২৫.একটি চাকার ব্যাস ৪.৫ মিটার। চাকাটি ১৬০ মিটার পথ অতিক্রম করতে কত বার ঘুরবে? *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*

ক ৬০ বার খ ২০ বার
গ ৩০ বার ঘ ২৫ বার উ. ঘ

সমাধান: দেওয়া আছে, চাকার ব্যাস = ৪.৫

∴ " ব্যাসার্ধ, $r = \frac{৪.৫}{২} = ২.২৫$

∴ পরিধি $= ২\pi r$

$= ২ \times \frac{২২}{৭} \times ২.২৫ = \frac{৯৯}{৭}$

তাহলে, চাকাটি $\frac{৯৯}{৭}$ মিটার যায় ১ বার ঘুরে

∴ " ১ " " $\frac{৭}{৯৯}$ " "

∴ " ৩৬০ " " $\frac{৭ \times ৩৬০}{৯৯}$ " $\approx$ ২৫ বার

২৬.দুইটি বৃত্ত বহিঃস্থভাবে স্পর্শ করেছে, এদের কেন্দ্রদ্বয়ের মধ্যে দূরত্ব ৭ সে.মি.। একটি বৃত্তের ব্যাসার্ধ ৪ সে.মি. হলে অপর বৃত্তের ব্যাসার্ধ কত সে.মি.? *[খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]*

ক ৮ খ ৩
গ ৪ ঘ ৭ উ. খ

সমাধান:



∴ অপর বৃত্তের ব্যাসার্ধ = ৭ - ৪ = ৩ সে.মি.

২৭.দুইটি চাকার পরিধি যথাক্রমে ৩১.৪১৬ সে.মি. ও ৬২.৮৩২ সে.মি.হলে তাদের ব্যাসার্ধের অনুপাত কত? *[খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]*

ক ৪ : ৫ খ ১ : ২
গ ২ : ৩ ঘ ৩ : ৪ উ. খ

সমাধান: প্রশ্নমতে, $2\pi r_1 : 2\pi r_2 = ৩১.৪১৬ : ৬২.৮৩২$

$\Rightarrow r_1 : r_2 = ১ : ২$

২৮.একটি বৃত্তের পরিধি ১৩২ সে. মি. হলে এর বৃহত্তম জ্যা এর দৈর্ঘ্য কত? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*

ক ৩৪ সে. মি. খ ৪২ সে. মি.
গ ৩৬ সে. মি. ঘ ৪৮ সে. মি. উ. খ

সমাধান: এখানে,

বৃত্তের পরিধি, $2\pi r = ১৩২$

$\Rightarrow ২ \times \frac{২২}{৭} \times r = ১৩২$

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

$\Rightarrow 2r = \frac{১৩২ \times ৭}{২২}$

$\Rightarrow 2r = \frac{৮৪}{২}$

$\Rightarrow 2r = ৪২$

$\therefore$ বৃহত্তম জ্যা অর্থাৎ ব্যাস = ৪২ সে.মি.

২৯.একটি চাকার ব্যাস ১.৬৭ মিটার। ২১ কিলোমিটার পথ যেতে চাকাটি কত বার ঘুরবে? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার যুগ্মকারিক: ২১]*

ক ৫০০০ খ ৮০০০
গ ৬০০০ ঘ ৪০০০ উ. ঘ

সমাধান: চাকাটির ব্যাস = ১.৬৭ মি.

$\therefore$ " ব্যাসার্ধ $= \frac{১.৬৭}{২} = ০.৮৩৫$

$\therefore$ পরিধি $= 2\pi r$

$= ২ \times ৩.১৪১৬ \times ০.৮৩৫ = ৫.২৪৬৫$

এখন, ৫.২৪৬৫ মি. যেতে চাকাটি ঘোরে ১ বার

১ " " " " $\frac{১}{৫.২৪৬৫}$ "

$\therefore$ ২১০০০ " " " " $\frac{১ \times ২১০০০}{৫.২৪৬৫}$ "

$\approx$ ৪০০০ বার

৩০.একজন দৌড়বিদ ৪০০ মিটার বিশিষ্ট গোলাকার ট্র্যাকে ২৪ চক্কর দৌড়ালে, সে কত দূরত্ব দৌড়াল? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*

ক ৯.৫ কি. মি. খ ৯.৬ কি. মি.
গ ১০ কি. মি. ঘ ৮.৮ কি. মি. উ. খ

সমাধান: অতিক্রান্ত দূরত্ব $= ২৪ \times ৪০০$

$= ৯৬০০$ মিটার $= ৯.৬$ কি.মি.

৩১.একটি গাড়ির চাকার পরিধি ৫ মিটার। ১ কি. মি. ৫০০ মিটার পথ যেতে চাকাটি কতবার ঘুরবে? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*

ক ২০০ বার খ ২৫০ বার
গ ৩০০ বার ঘ ৩৫০ বার উ. গ

সমাধান: এখানে, গাড়ির চাকার পরিধি = ৫

$\therefore$ ১ কি.মি. ৫০০ মি. = (১০০০ + ৫০০) মি.

= ১৫০০ মি.

চাকাটি ৫ মিটার যায় ১ বার ঘুরে

" ১ " " $\frac{১}{৫}$ " "

$\therefore$ " ১৫০০ " " $\frac{১ \times ১৫০০}{৫} = ৩০০$ বার ঘুরে

৩২.একটি বৃত্তাকার শিটের পরিধি 154 সে. মি. হলে এর ব্যাসার্ধ কত? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*

ক 25 সে. মি. খ 24.5 সে. মি.
গ 38.5 সে. মি. ঘ 38 সে. মি. উ. খ

সমাধান: ধরি, ব্যাসার্ধ $= r$

প্রশ্নমতে, $2\pi r = 154$

$\Rightarrow 2 \times \frac{22}{7} \times r = 154$

$\Rightarrow r = \frac{154 \times 7}{2 \times 22} = 24.5$ কি.মি.

৩৩.৫ সে.মি. ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের কেন্দ্র হতে ৩ সে.মি. দূরত্বে অবস্থিত জ্যা এর দৈর্ঘ্য কত? *[পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী: ২১]*

ক ৪ সে.মি. খ ১০ সে.মি.
গ ৬ সে.মি. ঘ ৮ সে.মি. উ. ঘ

সমাধান: এখানে,

$BD^2 = AB^2 - AD^2$

$= ৫^2 - ৩^2 = ২৫ - ৯$

$\Rightarrow BD^2 = ১৬$

$\Rightarrow BD = ৪$

$\therefore BC = ২ \times BD = ২ \times ৪ = ৮$ সে.মি.



৩৪.দুইটি বৃত্তের বৃহত্তম জ্যা সমান হলে বৃত্ত দুইটি কেমন হবে? *[খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*

ক ভিন্ন পরিধি বিশিষ্ট খ অসমান
গ সমান ঘ সমকেন্দ্রিক উ. গ

সমাধান: যেহেতু বৃত্তদ্বয়ের বৃহত্তম জ্যা অর্থাৎ ব্যাসদ্বয় সমান, সেহেতু বৃত্তদ্বয় সমান হবে।

৩৫.কোন বৃত্তের ১০ সে. মি. দীর্ঘ একটি জ্যা কেন্দ্র হতে ১২ সে. মি. দূরে অবস্থিত। বৃত্তটির ব্যাসার্ধ কত সেন্টিমিটার? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*

ক ১৩ খ ১৪.৫
গ ৯ ঘ ১৫ উ. ক

সমাধান:

$\therefore$ ব্যাসার্ধ, $r = \sqrt{১২^2 + ৫^2}$

$= \sqrt{১৪৪ + ২৫}$

$= \sqrt{১৬৯} = ১৩$



৩৬.একটি চাকার ব্যাস ৭০ সেমি। চাকাটি ১০ বার ঘুরে কত পথ অতিক্রম করবে? *[জনস্বাস্থ্য অধিদপ্তরের ক্লার্ক কাম টাইপিস্ট: ২১]*

ক ১৪ মিটার খ ২১ মিটার
গ ২২ মিটার ঘ ২৪ মিটার উ. গ

সমাধান: এখানে, চাকাটির ব্যাস = ৭০ সে.মি.

$\therefore$ " ব্যাসার্ধ $r = \frac{৭০}{২} = ৩৫$ সে.মি.

$\therefore$ " পরিধি $= 2\pi r$

$= ২ \times \frac{২২}{৭} \times ৩৫$

$= ২২০$ সে.মি.

চাকাটি একবার ঘুরে পরিধির সমান পথ অতিক্রম করে।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs
Scanned with CamScanner

এখন, চাকাটি ১ বার ঘুরে যায় ২২০ সে.মি.

∴ " ১০ " " " ২২০ × ১০ "

= ২২০০ সে.মি. = ২২ মিটার

৩৭.একটি গাড়ির চাকা প্রতি মিনিটে ১২ বার ঘোরে। চাকাটি পাঁচ সেকেন্ডে কত ডিগ্রী ঘোরে? *[বাংলাদেশ টেলিভিশনের ক্যাশিয়ার:২১]*

ক ৩৬০° খ ৩০০°

গ ১৮০° ঘ ৩০° উ. ক

সমাধান: আমরা জানি, ১ মিনিট = ৬০ সেকেন্ড

∴ চাকাটি ৬০ সেকেন্ডে ঘোরে ১২ বার

" ১ " " $\frac{১২}{৬০}$ "

∴ " ৫ " " $\frac{১২ \times ৫}{৬০} = ১$ বার

আবার, চাকাটি ১ বার ঘুরে যায় ৩৬০°

∴ চাকাটি ৫ সেকেন্ডে ৩৬০° ঘোরে।

৩৮.১৩ সেমি ব্যাসার্ধের বৃত্তের কেন্দ্র হতে ৫ সেমি দূরত্বে অবস্থিত জ্যা এর দৈর্ঘ্য কত? *[বাংলাদেশ টেলিভিশনের ক্যাশিয়ার: ২১]*

ক ২৪ সেমি খ ১৮ সেমি

গ ১৬ সেমি ঘ ১২ সেমি উ. ক

সমাধান: মনেকরি,

O কেন্দ্র বিশিষ্ট বৃত্তের AB জ্যা এর উপর OC লম্ব।

∴ OB = 13 cm

∴ OC = 5 cm



ΔOCB -সমকোণী ত্রিভুজ হতে পাই, $OB^2 = OC^2 + BC^2$

$\Rightarrow 13^2 = 5^2 + BC^2$

$\Rightarrow BC^2 = 169 - 25$

$\Rightarrow BC^2 = 144$

∴ BC = 12

∴ AB জ্যা এর দৈর্ঘ্য = 2 × BC

= 2 × 12 cm = 24 cm

৩৯.বৃত্তের ব্যাস তিনগুণ বৃদ্ধি করলে ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*

ক ৪ খ ১৬

গ ১২ ঘ ৯ উ. ঘ

সমাধান: বৃত্তের ব্যাস বা ব্যাসার্ধ যত গুণ বৃদ্ধি পাবে, ক্ষেত্রফলও $(তত)^২$ গুণ বৃদ্ধি পাবে।

∴ বৃত্তের ব্যাস ৩ গুণ বৃদ্ধি করলে ক্ষেত্রফল $(৩)^২ = ৯$ গুণ বৃদ্ধি পাবে।

আবার, চাকাটি ১ বার ঘুরে যায় ৩৬০°

∴ " $\frac{৩}{২}$ " " " $\frac{৩৬০° \times ৩}{২} = ৫৪০°$

৪০.বৃত্তের পরিধি = ? *[এনএসআই এর ডেসপার রাইটার ও অফিস সহায়ক:২১]*

ক πr খ 2πr গ 2r ঘ 2π উ. খ

সমাধান: মনেকরি,



O কেন্দ্রবিশিষ্ট ABC একটি বৃত্ত। যার কেন্দ্র O ব্যাস AB এবং ব্যাসার্ধ OC একটি বদ্ধ বক্ররেখার সীমান্ত বরাবর দৈর্ঘ্যকে তার পরিধি বলে। বৃত্তের ব্যাসার্ধ যদি r হয় তাহলে বৃত্তের পরিধি 2πr।

৪১.একটি চাকার ব্যাস ১.৬৭ মিটার, ৪২ কিলোমিটার পথ যেতে চাকাটি কতবার ঘুরবে? *[জীবন বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২১]*

ক ১০০০ বার খ ৩০০০ বার

গ ২৫০০ বার ঘ ৮০০০ বার উ. ঘ

সমাধান: আমরা জানি, ১ কিলোমিটার = ১০০০ মিটার

∴ ৪২ " = ৪২ × ১০০০

= ৪২০০০ মিটার

এখানে, চাকার ব্যাস = ১.৬৭ মিটার

∴ চাকার ব্যাসার্ধ, $r = \frac{১.৬৭}{২}$ মিটার

∴ চাকার পরিধি = $2\pi r = ২ \times \frac{২২}{৭} \times \frac{১.৬৭}{২} = ৫.২৪$

∴ নির্ণেয় ঘূর্ণন সংখ্যা = $\frac{৪২০০০}{৫.২৪}$

= ৮০১৫.২৬ বার ≈ ৮০০০ বার

৪২.বৃত্তের যেকোনো দুইটি বিন্দুর সংযোজক রেখাংশকে কি বলা হয়? *[জীবন বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২১]*

ক ব্যাসার্ধ খ জ্যা

গ ব্যাস ঘ পরিধি উ. খ

সমাধান: একটি বৃত্তের যেকোনো দুটি বিন্দুর সংযোজক রেখাকে জ্যা বলে। বৃত্তের কেন্দ্র দিয়ে যায় এমন রেখাকে ব্যাস বলে আর ব্যাসের অর্ধেককে ব্যাসার্ধ বলা হয়।



৪৩.বৃত্তের কেন্দ্র থেকে পরিধির যে কোনো বিন্দুর সংযোজক সরলরেখাকে কি বলে? *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]*

ক ব্যাস খ জ্যা

গ ব্যাসার্ধ ঘ চাপ উ. গ

সমাধান: বৃত্তের কেন্দ্র হতে পরিধি পর্যন্ত দূরত্বকে বৃত্তের ব্যাসার্ধ বলে। ব্যাসার্ধকে r দ্বারা প্রকাশ করা হয়।

৪৪. ৪ সে. মি. ব্যাসবিশিষ্ট বৃত্ত আঁকলে কেন্দ্র হতে পরিধির দূরত্ব কত হবে? *[এলজিইডি'র হিসাব সহকারী: ২১]*

ক ১ সে.মি. খ ২ সে.মি .

গ ৪ সে.মি. ঘ ৮ সে.মি. উ. খ

সমাধান: এখানে,

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ব্যাস = ৪ সে. মি.

$\therefore$ ব্যাসার্ধ $= \frac{৪}{২} = ২$ সে. মি.

তাহলে ৪ সে. মি. ব্যাসবিশিষ্ট বৃত্ত আঁকলে কেন্দ্র হতে পরিধির দূরত্ব হবে ব্যাসার্ধ এর সমান অর্থাৎ ২ সে. মি.

Type : 03
চাপ সম্পর্কিত

৪৫.একটি বৃত্তের একটি চাপের উপর অংকিত কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের কত অংশ? *[কারা অধিদপ্তরের কারারক্ষী ও মহিলা কারারক্ষী: ২৩]*

ক তিনগুণ খ অর্ধেক
গ চারগুণ ঘ দ্বিগুণ উ. ঘ

সমাধান:



কেন্দ্রস্থ কোণ = ২ × বৃত্তস্থ কোণ।

৪৬.বৃত্তের কোন জ্যা এর উপর অঙ্কিত বৃত্তস্থ কোণ কেন্দ্রস্থ কোণের কত ভাগ? *[যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ২২]*

ক দ্বিগুণ খ অর্ধেক
গ সমান ঘ কোনোটিই নয় উ. খ

সমাধান:

আমরা জানি,

$$\text{বৃত্তস্থ কোণ} = \frac{\text{কেন্দ্রস্থ কোণ}}{২}$$



$\therefore$ বৃত্তস্থ কোণ কেন্দ্রস্থ কোণের অর্ধেক

৪৭.একটি বৃত্তের কেন্দ্রস্থ কোণ ১২০° হলে, ঐ বৃত্তের পরিধিস্থ কোণ কত হবে? *[রেলওয়ের সহকারী স্টেশন মাস্টার: ২২]*

ক ১২০° খ ২৪০°
গ ৬০° ঘ ৯০° উ. গ

সমাধান: পরিধিস্থ কোণ $= \frac{১}{২} \times$ কেন্দ্রস্থ কোণ

$= (\frac{১}{২} \times ১২০)° = ৬০°$

Type : 04
ঘড়ি

ঘড়ির কাটার মধ্যবর্তী কোণ নির্ণয়:

♦ মধ্যবর্তী কোণ, $\theta = \left|\frac{১১ \times M - ৬০ \times H}{২}\right|°$

যেখানে M হচ্ছে মিনিট এবং H হচ্ছে ঘণ্টা।

[*Note:* ১৮০° এর বেশি কোণ উৎপন্ন করলে ৩৬০° হতে বিয়োগ করতে হবে।]

৪৮.ঘড়িতে যখন ৮টা বাজে, ঘণ্টার কাঁটা ও মিনিটের কাটার মধ্যকার কোণটি হলো- *[মেডিকেল টেকনোলজিস্ট এর টেকনোলজিস্ট: ২৩]*

ক ১৫০° খ ১৬০°
গ ৯° ঘ ১২০° উ. ঘ

সমাধান: আমরা জানি, ঘণ্টার কাঁটা ও মিনিটের কাঁটার

$$\text{মধ্যবর্তী কোণ} = \left|\frac{11M - 60H}{2}\right|°$$

$$= \left|\frac{0 - 60 \times 8}{2}\right|°$$

$$= \left|-\frac{480}{2}\right|°$$

$$= ২৪০°$$

$\therefore$ নির্ণেয় কোণ = ৩৬০° - ২৪০° = ১২০°

৪৯.ঘড়ির ঘণ্টার কাঁটা এবং মিনিটের কাঁটার মধ্যে যখন ১২০° কোণ উৎপন্ন হয় তখন কটা বাজে? *[মেডিকেল টেকনিশিয়ানের টেকনিশিয়ান: ২৩]*

ক ৮.২০ খ ৯.০০
গ ৮.০০ ঘ ৭.৪০ উ. গ

সমাধান: অপশন অনুযায়ী ৮ : ০০ এর ক্ষেত্রে,

আমরা জানি, ঘণ্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যবর্তী কোণ

$$= \left|\frac{১১M - ৬০H}{২}\right|°$$

$$= \left|\frac{০ - ৬০ \times ৮}{২}\right|°$$

$$= \left|-\frac{৪৮০}{২}\right|°$$

$$= ২৪০°$$

$\therefore$ নির্ণেয় কোণ = ৩৬০° - ২৪০° = ১২০°

সুতরাং ৮.০০ এ ঘড়ির ঘণ্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যবর্তী কোণ ১২০°

Note: ঘণ্টার কাঁটা ও মিনিটের মধ্যবর্তী কোণ ১৮০° এর চেয়ে বেশি হলে ৩৬০° থেকে বিয়োগ করলে নির্ণেয় মধ্যবর্তী কোণ পাওয়া যাবে।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

১. বৃত্তের ব্যাসার্ধ ৭ সেমি হলে বৃত্তের পরিধি কত? *[রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

সমাধান: আমরা জানি,

বৃত্তের ব্যাসার্ধ, r হলে পরিধী $= 2\pi r$

$\therefore$ " " ৭ সে.মি. $= 2 \times \frac{২২}{৭} \times ৭ \left[\because \pi = \frac{২২}{৭}\right]$

$= ৪৪$ সে.মি.

২. জ্যা *[ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

সমাধান: পরিধির উপর যে কোন দুইটি বিন্দুর সংযোগ রেখাংশকে জ্যা বলে।

চিত্রে: AB জ্যা

৩. একটি গাড়ির চাকা প্রতি মিনিটে ৬০ বার ঘোরে। ১ সেকেন্ডে চাকাটি কত ডিগ্রি ঘুরবে? *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন কর্তৃপক্ষের কারিগরি সহকারী: ২৩]*

সমাধান: আমরা জানি, ১ মিনিট = ৬০ সেকেন্ড

চাকাটি ৬০ সেকেন্ডে ঘোরো ৬০ বার

$\therefore$ " ১ " " $\frac{৬০}{৬০} = ১$ বার

আবার, চাকাটি ১ বার ঘুরে ৩৬০° অতিক্রম করে

$\therefore$ নির্ণেয় কোণ = ৩৬০°

৪. ব্যাসার্ধ কাকে বলে? *[প্রবাসী কল্যাণ ব্যাংকের নিরাপত্তা প্রহরী: ২৩]*

সমাধান: বৃত্তের কেন্দ্র হতে পরিধী পর্যন্ত দুরত্বকে ব্যাসার্ধ বলে। চিত্রে r হলো ব্যাসার্ধ।

৫. দুইটি বৃত্ত পরস্পরকে অন্তঃস্পর্শ করেছে। একটি বৃত্তের ব্যাসার্ধ ৫ ফুট এবং কেন্দ্রদ্বয়ের দূরত্ব ৯ ফুট হলে, অপর বৃত্তের পরিধি কত? *[কাস্টম হাউস, ঢাকা এর অফিস সহকারী: ২৩]*

সমাধান: দেওয়া আছে,

অন্তস্থবৃত্তের ব্যাসার্ধ = ৫ ফুট

এবং কেন্দ্রদ্বয়ের দূরত্ব = ৯ ফুট



$\therefore$ বড় বৃত্তের ব্যাসার্ধ = ৫ + ৯ = ১৪ ফুট

$\therefore$ " " পরিধী $= 2\pi r$

$= 2 \times \frac{২২}{৭} \times ১৪ = ৮৮$ ফুট

৬. 9.8 মিটার ব্যাসের বৃত্তাকার একটি বাগানের ক্ষেত্রফল কত? *[জাতীয় মানবাধিকার কমিশনের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

সমাধান: বৃত্তাকার বাগানের ব্যাস, $2r = 9.8$ মি.

" " ব্যাসার্ধ, $r = 9.8/2$ মি.

$= 4.9$ মি.

" " ক্ষেত্রফল, $\pi r^2 = 3.14 \times (4.9)^2$

$= 75.39$ বর্গ মি.

৭. একটি বৃত্তাকার মাঠ কে ঘিরে একটি রাস্তা আছে। রাস্তাটির ভিতরের পরিধি অপেক্ষা বাইরের পরিধি ৪৪ মিটার বড়। রাস্তাটির বিস্তার নির্ণয় করুন। *[জাতীয় ক্রীড়া পরিষদের সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর: ২০২২]*

সমাধান:



ধরি,

রাস্তাটির ভিতরের পরিধি $= 2\pi r_১$

এবং " বাইরের " $= 2\pi r_২$

শর্তমতে, $2\pi r_২ - 2\pi r_১ = ৪৪$

$\Rightarrow 2\pi(r_২ - r_১) = ৪৪$

$\Rightarrow r_২ - r_১ = \frac{৪৪}{2\pi}$

$\Rightarrow r_২ - r_১ = \frac{৪৪}{2 \times ৩.১৪১৬} [\pi = ৩.১৪১৬]$

$\therefore r_২ - r_১ = ৭.০০৩$

সুতরাং রাস্তাটির বিস্তার ৭.০০৩ মিটার

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

পরিমিতি

Type : 01
ত্রিভুজ সংক্রান্ত

- ত্রিভুজের যে কোন ক্ষুদ্রতম দুইটি বাহুর যোগফল তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তম এবং যে কোন দুইটি বাহুর অন্তর তৃতীয় বাহু অপেক্ষা ক্ষুদ্রতম।
- ত্রিভুজের তিন কোণের সমষ্টি $= 180°$

(i) সাধারণত ত্রিভুজের ভূমি ও উচ্চতা দেওয়া থাকলে,

ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা

(ii) সমবাহু ত্রিভুজের ক্ষেত্রে, ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}a^2$

এবং উচ্চতা, $h = \frac{\sqrt{3}}{2}a$



(iii) সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রে, ক্ষেত্রফল $= \frac{b}{4}\sqrt{4a^2 - b^2}$

যেখানে, a = সমান বাহুদ্বয়ের দৈর্ঘ্য
b = ভূমি



(iv) বিষমবাহু ত্রিভুজের ক্ষেত্রে, ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$ যেখানে, S হলো অর্ধপরিসীমা এবং $S = \frac{a+b+c}{2}$



(v) সমকোণী ত্রিভুজের ক্ষেত্রে, ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা



১. **একটি সমকোণী ত্রিভুজের লম্ব ভূমি অপেক্ষা ২ সেমি কম। কিন্তু অতিভুজ ভূমি অপেক্ষা ২ সেমি বেশি। অতিভুজের দৈর্ঘ্য কত?** *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের অফিস সহকারী: ২৩]*

ক ৪ সেমি খ ৬ সেমি
গ ১০ সেমি ঘ ৮ সেমি

উ. গ

সমাধান: মনেকরি, লম্ব $= x$ সে.মি.
ভূমি $= (x + 2)$ সে.মি.
এবং অতিভূজ $= (x + 2 + 2)$ সে.মি.
$= (x + 4)$ সে.মি.

সমকোণী ত্রিভুজের ক্ষেত্রে,

$(\text{অতিভূজ})^2 = (\text{লম্ব})^2 + (\text{ভূমি})^2$
$\Rightarrow (x + 8)^2 = x^2 + (x + 2)^2$
$\Rightarrow x^2 + 8x + 16 = x^2 + x^2 + 4x + 4$
$\Rightarrow x^2 + 8x + 16 - x^2 - x^2 - 4x - 4 = 0$
$\Rightarrow -x^2 + 4x + 12 = 0$
$\Rightarrow x^2 - 4x - 12 = 0$
$\Rightarrow x^2 - 6x + 2x - 12 = 0$
$\Rightarrow x(x - 6) + 2(x - 6) = 0$
$\Rightarrow (x - 6)(x + 2) = 0$
$\therefore x = 6 \quad [\because x \neq -2]$

তাহলে অতিভূজ $= (x + 8)$ সে.মি.
$= (6 + 8) = 14$ সে.মি.

২. **একটি সমবাহু ত্রিভুজের তিনটি কৌণিক বিন্দু দিয়ে অঙ্কিত বৃত্তের অর্ধবৃত্তস্থ কোণের মান কত?** *[যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ২২]*

ক $180°$ খ $90°$
গ $60°$ ঘ কোনোটিই নয়

উ. খ

সমাধান: অর্ধবৃত্তস্থ কোণের মান সর্বদা $= 90°$

৩. **চিত্রে ABCD একটি আয়তক্ষেত্র এবং BDE একটি সমদ্বিবাহু ত্রিভুজ। চিত্রটির ক্ষেত্রফল কত?** *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*

ক ab
খ $ab^2 + \frac{1}{b}b^2$
গ $ab + b^2$
ঘ $b(a + \frac{b}{2})$



উ. ঘ

সমাধান: $ABCD$ চতুর্ভুজটির ক্ষেত্রফল $= ab$

এবং BDE ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times b \times b$
$= \frac{1}{2}b^2$



$\therefore$ মোট ক্ষেত্রফল $= ab + \frac{1}{2}b^2 = b(a + \frac{b}{2})$

Type : 02
আয়তক্ষেত্র সম্পর্কিত

- আয়তক্ষেত্রের দৈর্ঘ্য a একক এবং প্রস্থ b একক হলে,

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

(i) ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ
= a × b বর্গ একক

(ii) পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ)
= ২(a + b) একক



(iii) কর্ণের দৈর্ঘ্য = $\sqrt{a^2 + b^2}$

৪. একটি আয়তকার ক্ষেত্রের দৈর্ঘ্য বিস্তারের ৩ গুণ, দৈর্ঘ্য ৪৮ মিটার হলে ক্ষেত্রটির পরিসীমা কত মিটার? *[LGED এর অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

ক ১২৮ মিটার খ ১৪৪ মিটার
গ ৬৪ মিটার ঘ ৯৬ মিটার উ. ক

সমাধান: আয়তক্ষেত্রটির বিস্তার = $\frac{\text{দৈর্ঘ্য}}{৩} = \frac{৪৮}{৩}$ = ১৬ মিটার

∴ আয়তক্ষেত্রটির পরিসীমা = ২(দৈর্ঘ্য + বিস্তার)
= ২(৪৮ + ১৬) = ১২৮ মিটার।

৫. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ। আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল ৩০০ বর্গ মিটার হলে তার পরিসীমা কত? *[LGED এর ইলেকট্রিশিয়ান ও সার্ভেয়ার: ২৩]*

ক ৭০ মিটার খ ৭৫ মিটার
গ ৮০ মিটার ঘ ৯০ মিটার উ. গ

সমাধান আয়তক্ষেত্রটির প্রস্থ x মিটার হলে দৈর্ঘ্য $৩x$ মিটার
ক্ষেত্রফল = $(x \times ৩x) = ৩x^২$ বর্গমিটার
পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ)
= ২(৩x + x) মিটার = ৮x মিটার
শর্তমতে, $৩x^২ = ৩০০$
বা, $x^২ = ১০০$
∴ $x = ১০$
আয়তক্ষেত্রটির পরিসীমা = (৮ × ১০) = ৮০ মিটার।

৬. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য বিস্তারের ১.৫ গুণ। এর ক্ষেত্রফল ২১৬ বর্গমিটার হলে এর পরিসীমা কত? *[বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]*

ক ৪৮ মিটার খ ৩০ মিটার
গ ৬০ মিটার ঘ ৪২ মিটার উ. গ

সমাধান:

ঘরটির প্রস্থ ২x মিটার হলে দৈর্ঘ্য হবে $(২x \times \frac{৩}{২})$ মিটার
= ৩x মিটার
ক্ষেত্রফল = $(২x \times ৩x) = ৬x^২$ বর্গমিটার
পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ)
= ২(৩x + ২x) মিটার = ১০x মিটার।
শর্তমতে, $৬x^২ = ২১৬$
বা, $x^২ = ৩৬$ ∴ $x = ৬$
পরিসীমা = (১০ × ৬) মিটার = ৬০ মিটার।

৭. একটি আয়তাকার বাগানের প্রস্থ উহার দৈর্ঘ্য অপেক্ষা ৪ মিটার কম। এর পরিসীমা ৪৮ মিটার হলে প্রস্থ কত? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি. এর ট্রাফিক/কার্গো হেলপার: ২৩]*

ক ১৮ মিটার খ ১৪ মিটার
গ ১০ মিটার ঘ ৬ মিটার উ. গ

সমাধান: মনেকরি, প্রস্থ = x
∴ দৈর্ঘ্য = $x + ৪$
প্রশ্নমতে, ২(x + ৪ + x) = ৪৮
⇒ ২(২x + ৪) = ৪৮
⇒ ২x + ৪ = ২৪
⇒ ২x = ২০
⇒ x = ১০
∴ প্রস্থ = ১০ মি.

৮. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ। আয়তক্ষেত্রের ক্ষেত্রফল ১২৫০ বর্গমিটার হলে এর দৈর্ঘ্য কত? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের অফিস সহকারী: ২৩]*

ক ৩০ মিটার খ ৪০ মিটার
গ ৫০ মিটার ঘ ৬০ মিটার উ. গ

সমাধান: মনেকরি, আয়তক্ষেত্রটির প্রস্থ = x
∴ " দৈর্ঘ্য = $২x$
প্রশ্নমতে, $২x \times x = ১২৫০$
⇒ $২x^২ = ১২৫০$
⇒ $x^২ = ৬২৫$ ⇒ $x = ২৫$
∴ দৈর্ঘ্য = ২ × ২৫ = ৫০ মি.

৯. একটি আয়তাকার জমির ক্ষেত্রফল ৪২৫০ বর্গমিটার এবং প্রস্থ ৫০ মিটার। জমিটির দৈর্ঘ্য কত? *[তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কো. লি. এর টেকনিশিয়ান/ড্রাফটসম্যান: ২৩]*

ক ৭৫ মিটার খ ৮৫ মিটার
গ ৯৫ মিটার ঘ ৬৫ মিটার উ. খ

সমাধান: দৈর্ঘ্য = $\frac{৪২৫০}{৫০}$ = ৮৫ মিটার

১০. একটি আয়তক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য ১৫ মিটার এবং প্রস্থ ১০ মিটার হলে আয়তক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গমিটার? *[LGED এর কার্যসহকারী]*

ক $৩৫\sqrt{৫}$ খ $৪০\sqrt{৫}$
গ $৪৫\sqrt{৫}$ ঘ $৫০\sqrt{৫}$ উ. ঘ

সমাধান: মনেকরি, ABCD একটি আয়তক্ষেত্র,
যার দৈর্ঘ্য = AB = CD = x
দেওয়া আছে, কর্ণ, AC = ১৫ মি.
এবং প্রস্থ, BC = AD = ১০ মি.



এখন, ABC সমকোণী ত্রিভুজে-
$AC^২ = AB^২ + BC^২$
বা, $১৫^২ = x^২ + ১০^২$
বা, $x^২ = ১৫^২ - ১০^২$
বা, $x^২ = ২২৫ - ১০০$
বা, $x^২ = ১২৫$
বা, $x = \sqrt{২৫ \times ৫}$ ∴ $x = ৫\sqrt{৫}$
∴ আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল = $১০ \times ৫\sqrt{৫} = ৫০\sqrt{৫}$

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১১.একটি আয়তক্ষেত্র ও একটি বর্গক্ষেত্রের পরিসীমা পরস্পর সমান। যদি আয়তক্ষেত্রের প্রস্থ তার দৈর্ঘ্যের অর্ধেক হয়, তবে বর্গক্ষেত্র ও আয়তক্ষেত্রের ক্ষেত্রফলের অনুপাত কত? *[বাংলাদেশ মৃদবন্দর কর্তৃপক্ষের ওয়ারহাউজ সুপারিনটেনডেন্ট ও ক্যাশিয়ার: ২২]*

ক ১ : ৪ খ ৯ : ৮
গ ২ : ৩ ঘ ৩ : ৭ **উ. খ**

সমাধান: আয়তক্ষেত্রের দৈর্ঘ্য $2x$ একক হলে প্রস্থ হবে x একক
আয়তক্ষেত্রের পরিসীমা $= 2(2x + x)$ একক
$= 6x$ একক = বর্গক্ষেত্রের পরিসীমা

বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য $= \frac{6x}{4} = \frac{3x}{2}$ একক

বর্গক্ষেত্রের ক্ষেত্রফল $= (\frac{3x}{2})^2 = \frac{9x^2}{4}$ বর্গএকক

আয়তক্ষেত্রের ক্ষেত্রফল $= (2x \times x) = 2x^2$ বর্গএকক
বর্গক্ষেত্র ও আয়তক্ষেত্রের ক্ষেত্রফলের অনুপাত

$= \frac{9x^2}{4} : 2x^2 = \frac{9}{4} \times 4 : 2 \times 4 = 9 : 8$

১২.৩.৭ মিটার প্রস্থ বিশিষ্ট এক কিলোমিটার সড়ক সার্ফেসের ক্ষেত্রফল কত? *[সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যসহকারী: ২২]*

ক ৩৭০ বর্গ মিটার খ ৩৭০ বর্গগজ
গ ৩৭০০ বর্গমিটার ঘ ৩৭ বর্গকিলোমিটার **উ. গ**

সমাধান: আমরা জানি, ১ কি.মি. = ১০০০ মি.
দেওয়া আছে,
কি.মি. সার্ফেসের প্রস্থ = ৩.৭ মি.
এবং " দৈর্ঘ্য = ১০০০ মি.
∴ ক্ষেত্রফল = ১০০০ × ৩.৭ = ৩৭০০ বর্গ মি.

১৩.একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ২০ মিটার ও প্রস্থ ১৬ মিটার। উহার চারপাশে ২ মিটার প্রশস্থ রাস্তা থাকলে রাস্তার ক্ষেত্রফল কত? *[বাংলাদেশ রেলওয়ের সহকারী লোকোমটিভ মাস্টার: ২২]*

ক ১২০ খ ১৮০
গ ১৬০ ঘ ১৩৫ **উ. গ**

সমাধান: দেওয়া আছে,
আয়তকার বাগানের দৈর্ঘ্য = ২০ মিটার
" " প্রস্থ = ১৬ "
∴ ক্ষেত্রফল = ২০ × ১৬ = ৩২০ বর্গ মিটার
আবার,
রাস্তাসহ বাগানের দৈর্ঘ্য = ২০ + (২ + ২)
= ২০ + ৪ = ২৪ মি.
" " প্রস্থ = ১৬ + (২ + ২)
= ১৬ + ৪ = ২০ মি.
" " ক্ষেত্রফল = ২৪ × ২০ = ৪৮০ বর্গ মি.
তাহলে রাস্তার ক্ষেত্রফল = ৪৮০ - ৩২০ = ১৬০ বর্গ মি.

১৪.একটি আয়তক্ষেত্রাকার জমির প্লটের চার পাশের তিনটি বরাবর একটি বেড়া রয়েছে। বেড়াবিহীন দিক এবং বেড়াবিহীন দিকের বিপরীত দিকের দৈর্ঘ্য অন্য দুটি বাহুর দৈর্ঘ্যের তিনগুণ। প্লটের ক্ষেত্রফল ৪৩২ বর্গফুট হলে বেড়ার মোট দৈর্ঘ্য কত ফুট? *[রাজউক এর ইমারত পরিদর্শক: ২২]*

ক ৬০ খ ৭২ গ ৮০ ঘ ৯০ **উ. ক**

সমাধান: মনেকরি, বেড়াবিহীন পাশটির দৈর্ঘ্য বরাবর এবং যার দৈর্ঘ্য = ৩x মিটার
এবং প্রস্থ = x মিটার



প্রশ্নমতে, $3x \times x = 432$
$\Rightarrow 3x^2 = 432$
$\Rightarrow x^2 = 144$
$\Rightarrow x = 12$
∴ দৈর্ঘ্য = ৩ × ১২ = ৩৬ মি.
এবং প্রস্থ = ১২ মিটার
তাহলে বেড়ার মোট দৈর্ঘ্য = ১২ + ৩৬ + ১২ = ৬০ মিটার

১৫.একটি আয়তকার ক্ষেত্রের পরিসীমা ১৮ মিটার ক্ষেত্রফল ২০ বর্গমিটার হলে, এর দৈর্ঘ্য ও প্রস্থ কত? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*

ক ১২ মিটার ও ৬ মিটার
খ ৫ মিটার ও ৪ মিটার
গ ৯ মিটার ও ২ মিটার
ঘ ১০ মিটার ও ২ মিটার **উ. খ**

সমাধান: মনেকরি, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = x
" প্রস্থ = y
প্রশ্নমতে, $2(x + y) = 18$
$\Rightarrow x + y = 9$ ..... (i)
এবং $xy = 20$
এখন, $(x - y)^2 = (x + y)^2 - 4xy$
$= 9^2 - 4.20 = 81 - 80$
$\Rightarrow (x - y)^2 = 1$
$\Rightarrow x - y = 1$ ..... (ii)
(i) + (ii) $\Rightarrow 2x = 10$
$\Rightarrow x = 5$
∴ (i) $\Rightarrow 5 + y = 9$
$\Rightarrow y = 4$
∴ দৈর্ঘ্য ৫ মি. ও প্রস্থ ৪ মি.

১৬.একটি ঘরের দৈর্ঘ্য বিস্তারের ৩ গুণ। প্রতি বর্গমিটার ৭.৫০ টাকা দরে ঘরে মেঝে কার্পেট দিয়ে মুড়তে ১১০২.৫০ টাকা ব্যয় হয়। ঘরের দৈর্ঘ্য কত? *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*

ক ৭ মি. খ ১৪ মি.
গ ২১ মি. ঘ ২৮ মি. **উ. গ**

সমাধান: মনেকরি, ঘরের বিস্তার = x মি.
∴ দৈর্ঘ্য = ৩x "
∴ ক্ষেত্রফল = ৩$x \times x = 3x^2$ বর্গ মিটার
প্রশ্নমতে, $7.50 \times 3x^2 = 1102.50$
$\Rightarrow x^2 = \frac{1102.50}{3 \times 7.50}$
$\Rightarrow x^2 = 49 \quad \Rightarrow x = 7$
∴ ঘরটির দৈর্ঘ্য = ৩ × ৭ = ২১ মিটার

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১৭.একটি জমির দৈর্ঘ্য ৯০ ফুট এবং প্রস্থ ৮০ ফুট। ঐ জমির পরিমাণ কত? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর চেইনম্যান: ২১]*

ক ৫ কাঠা খ ৮ কাঠা
গ ১০ কাঠা ঘ ১২ কাঠা উ. গ

সমাধান: জমির ক্ষেত্রফল = ৯০ × ৮০ = ৭২০০ বর্গফুট

$= \frac{৭২০০}{৭২০}$ কাঠা [∵ ১ কাঠা = ৭২ বর্গফুট] = ১০ কাঠা

১৮.৮০ ফুট দীর্ঘ এবং ৭০ ফুট প্রস্থ একটি বাগানের বাহিরের চতুর্দিকে ৫ ফুট প্রস্থ একটি রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত হবে? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]*

ক ১৬০০ বর্গফুট খ ১২০০ বর্গফুট
গ ৮৫৫ বর্গফুট ঘ ৭৫৫ বর্গফুট উ. ক

সমাধান:



বাগানটির ক্ষেত্রফল = (৮০ × ৭০) = ৫৬০০ বর্গফুট
রাস্তাসহ বাগানের দৈর্ঘ্য = {৮০ + (৫ × ২)} = ৯০ ফুট
রাস্তাসহ বাগানের প্রস্থ = {৭০ + (৫ × ২)} = ৮০ ফুট
রাস্তাসহ বাগানের ক্ষেত্রফল = (৯০ × ৮০) = ৭২০০ বর্গফুট
রাস্তার ক্ষেত্রফল = (৭২০০ - ৫৬০০) = ১৬০০ বর্গফুট

১৯.বৃত্তস্থ সামান্তরিক একটি.....? *[জীবন বীমা কর্পোরেশনের কম্পিউটার অপারেটর: ২১]*

ক বর্গক্ষেত্র খ রম্বস
গ আয়তক্ষেত্র ঘ ট্রাপিজিয়াম উ. গ

সমাধান: মনেকরি, O কেন্দ্র বিশিষ্ট বৃত্তে $ABCD$ একটি বৃত্তস্থ সামান্তরিক।



যেহেতু $ABCD$ একটি বৃত্তস্থ সামান্তরিক,
সেহেতু $\angle A + \angle C = 180^0$
আমরা জানি,
সামান্তরিকের বিপরীত কোণ গুলো পরস্পর সমান।
$\therefore \angle A = \angle C$ এবং $\angle B = \angle D$
(i) নং সমীকরণ থেকে পাই $\angle A + \angle C = 180^0$
$\Rightarrow \angle A + \angle A = 180^0$
$\Rightarrow 2\angle A = 180^0 \therefore \angle A = 90^0$
যেহেতু $ABCD$ সামান্তরিকের প্রত্যেকটি কোণের পরিমাণ 90^0 তাই একটি আয়তক্ষেত্র।

Type : 03
বর্গক্ষেত্র সম্পর্কিত

- **বর্গের একবাহু a হলে-**

(i) বর্গের কর্ণের দৈর্ঘ্য = $a\sqrt{2}$

(ii) এক বাহুর দৈর্ঘ্য, $a = \frac{\text{কর্ণের দৈর্ঘ্য}}{\sqrt{2}}$



(iii) বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = a^2
(iv) বর্গক্ষেত্রের পরিসীমা = $4a = 4\sqrt{a^2} = 4\sqrt{\text{ক্ষেত্রফল}}$
(v) বর্গক্ষেত্রের পরিসীমা = $2\sqrt{2} \times$ কর্ণ
(vi) বর্গক্ষেত্রের কর্ণ = $\frac{\text{পরিসীমা}}{2\sqrt{2}}$

২০.১০ সেমি ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের অন্তর্লিখিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত? *[ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]*

ক ১০০ খ ২০০
গ ৪০০ ঘ ৯৮ উ. খ

সমাধান: দেওয়া আছে, বৃত্তের ব্যাসার্ধ = ১০ সেমি
$\therefore$ বৃত্তের ব্যাস = ২ × ১০ সেমি = ২০ সেমি
$\therefore$ বর্গের কর্ণ = ২০ সেমি



ধরি, বর্গক্ষেত্রটির একবাহু = a সেমি
$\therefore$ " কর্ণ = $\sqrt{2}a$ সেমি
শর্তমতে, $\sqrt{2}a = ২০$
$\Rightarrow a = \frac{২০}{\sqrt{২}}$

$\therefore$ ক্ষেত্রফল = $(a)^2 = \left(\frac{২০}{\sqrt{২}}\right)^2 = \frac{৪০০}{২} = ২০০$

২১.একটি সরল রেখার উপর অংকিত বর্গের ক্ষেত্রফল ঐ সরলরেখার এক চতুর্থাংশের উপর অংকিত বর্গের ক্ষেত্রফলের কত গুণ? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

ক ২ খ ৪
গ ৮ ঘ ১৬ উ. ঘ

সমাধান: মনেকরি, রেখার দৈর্ঘ্য = a
$\therefore$ বর্গের ক্ষেত্রফল = a^2
র‍্যামন ম্যাগসেসে পুরস্কার বিজয়ী বাংলাদেশি

বিজয়ীর নাম	ক্ষেত্র	সাল
তাহরুন্নেসা আহমেদ আব্দুল্লাহ	নারী-পুরুষ সমতা	১৯৭৮
ফজলে হাসান আবেদ	সামাজিক নেতৃত্ব	১৯৮০
ড. মুহাম্মদ ইউনুস	সামাজিক নেতৃত্ব	১৯৮৪
ডা. জাফরুল্লাহ চৌধুরী	সামাজিক নেতৃত্ব	১৯৮৫
রিচার্ড উইলিয়াম টিম	আন্তর্জাতিক সমন্বয়	১৯৮৭
মোহাম্মদ ইয়াসিন	সামাজিক নেতৃত্ব	১৯৮৮
অ্যাঞ্জেলা গোমেজ	সামাজিক নেতৃত্ব	১৯৯৯
আব্দুল্লাহ আবু সায়ীদ	সামাজিক নেতৃত্ব	২০০৪
মতিউর রহমান	সৃজনশীল যোগাযোগ	২০০৫
এএইএম নোমান খান	সামাজিক নেতৃত্ব	২০১০
সৈয়দা রিজওয়ানা হাসান	সামাজিক নেতৃত্ব	২০১২
ড. ফেরদৌসী কাদরী	সামাজিক উন্নয়ন	২০২১
করভী রাখসান্দ	সামাজিক নেতৃত্ব	২০২৩

শাখারভ পুরস্কার

প্রবর্তন	রাশিয়ার বিশিষ্ট পরমাণু বিজ্ঞানী আন্দ্রে শাখারভের নামানুসারে শাখারভ প্রাইজ ফর ফ্রিডম অব থট বা মুক্ত চিন্তায় ১৯৮৮ সালে এ পুরস্কার প্রবর্তন করা হয়।
ক্ষেত্র	মানবাধিকার ও মুক্ত চিন্তার মৌলিক বিকাশে অবদানের জন্য এ পুরস্কার প্রদান করা হয়।
২০২২ সালে শাখারভ পুরস্কার লাভ করেন ইউক্রেনের জনগণ।	

ম্যান বুকার পুরস্কার

প্রবর্তন	১৯৬৯ সালে।
ক্ষেত্র	ইংরেজি সাহিত্যে বিশেষ অবদানের জন্য সর্বাধিক মর্যাদাপূর্ণ পুরস্কার প্রতিবছর বিগত এক বছরের শ্রেষ্ঠ পূর্ণদৈর্ঘ্যের উপন্যাসকে প্রদান করা হয়।
পুরস্কার প্রাপ্তির শর্তাবলি	ক. লেখককে অবশ্যই কমনওয়েলথ, জিম্বাবুয়ে অথবা আয়ারল্যান্ডের নাগরিক হতে হবে। খ. উপন্যাসটি ইংরেজি ভাষায় রচিত হতে হবে।

বুকার পুরস্কার / ম্যান বুকার পুরস্কার- ২০২২

নাম	দেশ	বিখ্যাত গ্রন্থ
শিহান করুনাতিলকা	শ্রীলংকা	দ্য সেভেন মুনস অব মালি আলমেদা (উপন্যাস)

ম্যান বুকার আন্তর্জাতিক পুরস্কার

প্রবর্তন	২০০৫ সালে।
ক্ষেত্র	বিশ্বের যেকোনো দেশের জীবিত লেখককে এ পুরস্কার প্রদান করা হয়। এ পুরস্কারের জন্য লেখকের নির্দিষ্ট কোনো সাহিত্যকর্ম বিবেচনা করা হয় না।
প্রদান	২ বছর পরপর এ পুরস্কার প্রদান করা হয়।
২০২৩ সালে 'টাইম শেল্টার' উপন্যাসের জন্য ম্যান বুকার আন্তর্জাতিক পুরস্কার যৌথভাবে লাভ করেন বুলগেরিয়ান নাগরিক জর্জি গোসপোদিনভ ও অ্যাঞ্জেলা রোদেল।	

পুলিৎজার পুরস্কার

প্রবর্তন	১৯১৭ সালে।
নামকরণ	যুক্তরাষ্ট্রের সাংবাদিক জোসেফ পুলিৎজারের নামানুসারে এর নামকরণ করা হয়।
ক্ষেত্র	সাংবাদিকতা, সাহিত্য ও সংগীত বিষয়ে অনন্য অবদানের জন্য এ পুরস্কার প্রদান করা হয়।
প্রদানকারী	কলম্বিয়া বিশ্ববিদ্যালয়, যুক্তরাষ্ট্র।

১০৭তম পুলিৎজার পুরস্কার- ২০২৩

শাখা	বিজয়ী
জনসেবা	অ্যাসোসিয়েটেড প্রেস (এপি)
ব্রেকিং নিউজ রিপোর্টিং	লস অ্যাঞ্জেলস টাইমস
অনুসন্ধানী প্রতিবেদন	ওয়াল স্ট্রিট জার্নাল
জাতীয় প্রতিবেদন	ওয়াশিংটন পোস্ট
আন্তর্জাতিক প্রতিবেদন	নিউইয়র্ক টাইমস
ব্যাখ্যামূলক প্রতিবেদন	দ্য আটলান্টিক
ফিচার লেখা	ওয়াশিংটন পোস্ট
ফিচার ফটোগ্রাফ	লস অ্যাঞ্জেলস টাইমস

Presidential Gold Medal of Freedom

প্রবর্তন	১৯৬৩ সালে।
ধরন	মার্কিন প্রেসিডেন্ট কর্তৃক প্রদত্ত যুক্তরাষ্ট্রের সর্বোচ্চ বেসামরিক সম্মাননা।
ক্ষেত্র	বিশ্বশান্তি, রাজনীতি, সংস্কৃতি, যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তায় অবদান, সাংবাদিকতা ইত্যাদি ক্ষেত্রে অবদানের স্বীকৃতি হিসেবে এ পদক প্রদান করা হয়।

অস্কার পুরস্কার

ধরন	বিশ্ব চলচ্চিত্রের সবচেয়ে মর্যাদাপূর্ণ পুরস্কার।
প্রবর্তন	১৯২৯ সালে যুক্তরাষ্ট্রের Academy of Motion Picture Arts and Science এ পুরস্কার প্রবর্তন করে।
ভেন্যু	ডলবি থিয়েটার, যুক্তরাষ্ট্র।
পরিচিতি	একাডেমি অ্যাওয়ার্ড।
ক্যাটাগরি	রূপালি জগতে বিশেষ অবদানের জন্য প্রতি বছর পরিচালক, অভিনেতা এবং লেখকদের ২৪টি ক্যাটাগরিতে পুরস্কার প্রদান করা হয়।

৯৫তম একাডেমি অ্যাওয়ার্ড (অস্কার পুরস্কার)- ২০২৩

ক্যাটাগরি	বিজয়ী
সেরা চলচ্চিত্র	এভরিথিং এভরিহোয়্যার অল অ্যাট ওয়ান্স

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

সেরা পরিচালক	ড্যানিয়েল কোয়ান ও ড্যানিয়েল শেইনার্ট (এভরিথিং এভরিহোয়্যার অল অ্যাট ওয়ান্স)
সেরা অভিনেতা	ব্রেন্ডন ফ্রেজার (দ্য হোয়েল)
সেরা অভিনেত্রী	মিশেল ইয়ো (এভরিথিং এভরিহোয়্যার অল অ্যাট ওয়ান্স)
সেরা আন্তর্জাতিক চলচ্চিত্র	অল কোয়ায়েট অন দ্য ওয়েস্টার্ন ফ্রন্ট (জার্মানি)
সেরা মৌলিক চিত্রনাট্য	এভরিথিং এভরিহোয়্যার অল অ্যাট ওয়ান্স
সেরা তথ্যচিত্র	নাভালনি
সেরা মৌলিক গান	নাটু নাটু (আরআরআর)
সেরা স্বল্পদৈর্ঘ্য তথ্যচিত্র	দ্য এলিফ্যান্ট হুইসপারস (ভারত)
সেরা এনিমেশন স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র	দ্য বয়, দ্য মোল, দ্য ফক্স অ্যান্ড দ্য হর্স

কান চলচ্চিত্র উৎসব

প্রবর্তন	১৯৩৯ সালে
ভেন্যু	কান শহর, ফ্রান্স।
পরিচিতি	Festival de Kannes

৭৬তম কান চলচ্চিত্র উৎসব- ২০২৩

পাম ডি'অর	অ্যানাটমি অব অ্যা ফল (ফ্রান্স)

গুরুত্বপূর্ণ পুরস্কার

পুরস্কারের নাম	প্রবর্তন
জাতিসংঘ মানবাধিকার পুরস্কার	১৯৬৬ সালে
কিয়োটা পুরস্কার	১৯৮৪ সালে
সিউল শান্তি পুরস্কার	১৯৯০ সালে

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. নোবেল বিজয়ী মালালা ইউসুফজাই কোন দেশের নাগরিক? *[ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]*
ক ভারত খ পাকিস্তান
গ বাংলাদেশ ঘ নেপাল উ. খ

২. ২০২২ সালে চিকিৎসা বিজ্ঞানে নোবেল পুরস্কার লাভ করেন কে? *[প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিস সহায়ক: ২৩]*
ক ডেভিস জুলিয়াস খ আরডেম পাটাপুটিয়ান
গ অ্যান্টন জেলিঙ্গার ঘ সোয়ান্তে প্যাবো উ. ঘ

৩. অস্কার পুরস্কার কি? *[ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন অফিসার: ২২]*
ক শিশু সাহিত্য পুরস্কার খ সাহিত্য পুরস্কার
গ চলচ্চিত্র পুরস্কার ঘ নাট্য পুরস্কার উ. গ

৪. নোবেল পুরস্কার কয়টি ক্ষেত্রে প্রদান করা হয়? *[বিটিআরসি'র কন্ট্রাক্টর-ডি: ২২]*
ক ৪টি খ ৫টি
গ ৬টি ঘ ৭টি উ. গ

৫. চিকিৎসা বিজ্ঞানে নোবেল পুরস্কার ঘোষণাকারী প্রতিষ্ঠান কোনটি? *[বাংলাদেশ রেলওয়ের গার্ড (গ্রেড-২): ২২]*
ক সুইডিশ একাডেমি
খ নরওয়েজিয়ান নোবেল কমিটি
গ ক্যারোলিনস্কা ইনস্টিটিউট
ঘ রয়েল সুইডিস একাডেমি অব সায়েন্সস উ. গ

৬. ডেসমন্ড টুটু কত সালে, কি বিষয়ে নোবেল পুরস্কার লাভ করেছিলেন? *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*
ক ১৯৮৪ সালে, শান্তিতে খ ১৯৯৬ সালে, রসায়নে
গ ১৯৮৫ সালে, অর্থনীতিতে ঘ ১৯৮৪ সালে, সাহিত্যে উ. ক

৭. কোন আন্তর্জাতিক সাহায্য সংস্থা ২০২০ সালে শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছে? *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*
ক UNESCO খ WFP
গ FAO ঘ UNICEF উ. খ

৮. ২০২১ সালের ম্যাগসাইসাই পুরস্কার লাভ করেন কে? *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*
ক সেলিনা হোসেন খ ফকরুল আলম
গ মতিউর রহমান ঘ ফেরদৌসী কাদরী উ. ঘ

৯. ম্যাগসেসে পুরস্কারটি কোন দেশ থেকে দেয়া হয়? *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]*
ক বাংলাদেশ খ ভারত
গ ইন্দোনেশিয়া ঘ মায়ানমার

১০. ২০২০ সালে শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছে কোন সংস্থা? *[বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ২০]*
ক UNHCR খ FAW
গ WFP ঘ Red Cross উ. গ

১১. আলফ্রেড নোবেল কী আবিষ্কার করেন? *[আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২০]*
ক বিদ্যুৎ খ পলিও টিকা
গ ডিনামাইট ঘ কয়লা উ. গ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. সাহিত্যে নোবেল বিজয়ী প্রথম মুসলিম কে? *[জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের হাউজকিপার: ২৩]*
উ. নাগিব মাগফুজ (মিশর)।

প্র. কোন রাজনীতিবিদ সাহিত্যে নোবেল পুরস্কার পান? *[জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের কম্পিউটার অপারেটর: ২৩]*
উ. উইনস্টন চার্চিল।

প্র. ২০২২ সালে সাহিত্যে নোবেল পুরস্কার পান কে? *[জন অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
উ. অ্যানি এরনো।

প্র. শান্তিতে প্রথম নোবেল পুরস্কার পান কে? *[বাংলা একাডেমির এমএলএসএস: ২৩]*
উ. আঁরি দ্যুন (হেনরি ডুনান্ট) ও ফ্রেদেরিক পাসি।

প্র. প্রথম কোন মুসলমান নোবেল পুরস্কার পান? *[জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের ক্যাশিয়ার: ২৩]*
উ. আনোয়ার সাদাত (মিশর)।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

কম্পিউটার ও তথ্য প্রযুক্তি

(প্রিলিমিনারি + লিখিত)

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

কম্পিউটারের প্রাথমিক ধারণা

কম্পিউটার	কম্পিউটার দিয়ে মূলত গাণিতিক যুক্তি ও সিদ্ধান্তমূলক কাজ করা যায়। অর্থাৎ কম্পিউটার হলো গাণিতিক ও যুক্তিমূলক সমস্যা সমাধানের জন্য তৈরি একটি ইলেকট্রনিক যন্ত্র। কম্পিউটারের সাথে মানুষের মৌলিক পার্থক্য হলো মানুষের মতো কম্পিউটারের নিজস্ব কোন বুদ্ধি বা চিন্তা করার ক্ষমতা নেই।
GIGO	কম্পিউটারে ভুল ফলাফল দেওয়াকে Garbage in garbage out বলে।
FIFO	কম্পিউটার ইনপুট হিসেবে যে ডেটা আগে প্রবেশ করবে, সেই ডেটার আউটপুট প্রথমে বের হবে। কম্পিউটারের এ প্রক্রিয়াকে FIFO (First In First Out) বলে।
Looping	কম্পিউটার প্রোগ্রামে একই নির্দেশনা বার বার সম্পন্ন করার প্রক্রিয়াকে Looping বলে।

কম্পিউটারের ইতিহাস

অ্যাবাকাস	খ্রিষ্টপূর্ব ৩০০০ সালে ব্যাবিলনে এটি আবিষ্কৃত হয়। এটি দিয়ে যোগ, বিয়োগ, গুণ, ভাগ, বর্গ ও বর্গমূল নির্ণয় করা যায়। এটিকে কম্পিউটারের ইতিহাসে প্রথম গণনা যন্ত্র হিসেবে ধরা হয়।
নেপিয়ারের হাড়	স্কটল্যান্ডের গণিতবিদ জন নেপিয়ার ১৬১৭ সালে দাগকাটা এবং সংখ্যা বসানো এক প্রকার কাঠি ব্যবহার করে এক ধরনের গণনা যন্ত্র আবিষ্কার করেন, যা নেপিয়ারের হাড় নামে পরিচিত। এ যন্ত্র দিয়ে গুণ, ভাগ, বর্গমূল ইত্যাদি নির্ণয় করা যেত।
প্যাস্কালেন	১৬৪২ সালে ফরাসি গণিতবিদ ব্লেইজ প্যাসকেল গিয়ার চালিত একটি যোগযন্ত্র উদ্ভাবন করেন, যাকে সর্বপ্রথম যান্ত্রিক যোগযন্ত্র হিসেবে গণ্য করা হয়।
যান্ত্রিক ক্যালকুলেটর	১৬৭২ সালে জার্মানির গণিতবিদ গটফ্রিড লিবনিজ সিলিন্ডার আকৃতি বিশিষ্ট গিয়ার ব্যবহার করে একটি যান্ত্রিক ক্যালকুলেটর তৈরি করেন। এ হিসাবযন্ত্রটির সাহায্যে পৌনঃপুনিক যোগ, গুণ এবং ভাগ করা যেতো।
পাঞ্চকার্ড	পাঞ্চকার্ড হলো এক প্রকার শক্ত কাগজের তৈরি কার্ড, যা এর উপরের ছিদ্রের উপস্থিতি বা অনুপস্থিতির ভিত্তিতে ডিজিটাল তথ্য প্রকাশ করে। ১৮০১ সালে ফ্রান্সের জোসেফ মেরি জেকার্ড তাঁতশিল্পে পাঞ্চকার্ডের ব্যবহার শুরু করেন।
Analytical Engine	ব্যাবেজ ১৮৩৩ সালে জটিল হিসাবের জন্য একটি হিসাবকারী যন্ত্র তৈরির কাজে আত্মনিয়োগ করেন। তিনি আধুনিক কম্পিউটারের মত নিয়ন্ত্রণ অংশ, গাণিতিক অংশ, স্মৃতি অংশ এবং অন্যান্য উন্নত বৈশিষ্ট্য সম্বলিত একটি মেকানিক্যাল কম্পিউটারের পরিকল্পনা করেন এবং এর নাম দেন Analytical Engine. এই মেশিন আধুনিক কম্পিউটারের পূর্বসূরী হয়ে আছে বলে চার্লস ব্যাবেজকে কম্পিউটারের জনক বলা হয়।
টেবুলেটিং মেশিন	১৮৮০ সালে যুক্তরাষ্ট্রের প্রকৌশলী ড. হারম্যান হলিরিথ 'টেবুলেটিং মেশিন' নামে একটি গণনা যন্ত্র আবিষ্কার করেন।
টুরিং মেশিন	ইংরেজ গণিতবিদ অ্যালান ম্যাথিসন টুরিং ১৯৩৬ সালে টুরিং মেশিন এর মাধ্যমে গণনা এবং অ্যালগরিদমের ধারণা প্রবর্তন করেন।
ইলেকট্রো মেকানিক্যাল কম্পিউটার	হাওয়ার্ড আইকেনের তত্ত্বাবধানে ১৯৪৪ সালে ইলেকট্রো মেকানিক্যাল কম্পিউটার নির্মিত হয়। এটি ছিল পৃথিবীর প্রথম স্বয়ংক্রিয় হিসাবকারী যন্ত্র।
ইলেকট্রনিক কম্পিউটার	অধ্যাপক জন এটানাসফ ভ্যাকুয়াম টিউব ব্যবহার করে বাইনারি গণিতভিত্তিক একটি ইলেকট্রনিক কম্পিউটার নির্মাণ করেন। এটি পৃথিবীর প্রথম স্বয়ংক্রিয় ইলেকট্রনিক / ডিজিটাল কম্পিউটার।
ENIAC	ড. জন মাউসলি ও প্রেসপার একার্ট ১৯৪৬ সালে ENIAC (Electronic Numerical Integrator and Computer) নামের কম্পিউটার আবিষ্কার করেন। এটি পৃথিবীর প্রথম পূর্ণাঙ্গ বা সফল ইলেকট্রনিক কম্পিউটার।
EDVAC	১৯৪৬ সালে মাউসলি ও ইকার্ট EDVAC (Electronic Descrete Variable Automatic Computer) নামে একটি কম্পিউটার তৈরি করেন। এই কম্পিউটারে প্রোগ্রাম সংরক্ষণ এবং রক্ষিত প্রোগ্রাম পুনর্বার নির্বাহের ব্যবস্থা ছিল।
EDSAC	১৯৪৯ সালে মরিস উইকিন্স EDSAC (Electronic Delay Storaged Automatic Calculator) তৈরি করেন। এটি প্রথম সংরক্ষিত প্রোগ্রাম বিশিষ্ট ইলেকট্রনিক কম্পিউটার।
UNIVAC	ড. জন মাউসলি এবং প্রেসপার একার্ট ১৯৫১ সালে UNIVAC (Universal Automatic Computer) কম্পিউটার উদ্ভাবন করেন। এটি বাণিজ্যিক ভিত্তিতে বিক্রিত প্রথম ডিজিটাল কম্পিউটার।

Scanned with CamScanner
CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs

♦ **কম্পিউটার জাদুঘর:**
যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার মাউন্টেন ভিউতে অবস্থিত Computer History Museum (CHM) হলো বিশ্বের প্রথম ও বৃহত্তম কম্পিউটার জাদুঘর। এটি ১৯৯৬ সালে প্রতিষ্ঠিত হয়।

বিভিন্ন ধরনের কম্পিউটারের ক্রমবিকাশ	
প্রথম স্বয়ংক্রিয় গণনাযন্ত্র/ইলেকট্রনিক ডিজিটাল কম্পিউটার	Mark-1
প্রথম বাইনারি গণিতভিত্তিক ইলেকট্রনিক কম্পিউটার	ABC
প্রথম পূর্ণাঙ্গ ইলেকট্রনিক কম্পিউটার	ENIAC-1
প্রথম প্রোগ্রাম নিয়ন্ত্রিত ইলেকট্রনিক কম্পিউটার	Zero-3 (Z3)
প্রথম পূর্ণাঙ্গ সংরক্ষিত প্রোগ্রামবিশিষ্ট কম্পিউটার	EDSAC
প্রথম বাণিজ্যিক ভিত্তিতে তৈরি ইলেকট্রনিক কম্পিউটার	UNIVAC-1
বাণিজ্যিকভাবে তৈরি প্রথম সফল সুপার কম্পিউটার	CDC-6600

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. পৃথিবীর প্রথম সংরক্ষিত প্রোগ্রাম বিশিষ্ট ইলেকট্রনিক কম্পিউটারের নাম কী? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক Z-3 খ UNIVAC-1
গ EDSAC ঘ Mark-1
উ. গ

২. কম্পিউটারের জনক বলা হয় কাকে? *[এনএসআই এর ওয়্যারলেস অপারেটর/ হিসাবরক্ষক: ২১]*
ক চার্লস ব্যাবেজ খ স্টিফেন হকিন্স
গ জর্জ বুল ঘ ডর ফেল্ট
উ. ক

৩. আধুনিক কম্পিউটারের জনক বলা হয় কাকে? *[এনএসআই এর ডেসপার রাইডার ও অফিস সহায়ক: ২১]*
ক চার্লস ব্যাবেজ খ স্টিফেন হকিন্স
গ জর্জ বুশ ঘ ডর ফেল্ট
উ. ক

৪. বাংলাদেশে স্থাপিত প্রথম কম্পিউটারের নাম কী? *[ডাক বিভাগের মেইল অপারেটর: ১৯]*
ক আইবিএম-৩৬০ সিরিজ
খ আইবিএম-১৬২০ সিরিজ
গ আইবিএম-১৬০০ সিরিজ
ঘ আইবিএম-৪৩০০ সিরিজ
উ. খ

৫. বিশ্বের প্রথম মিনি কম্পিউটারের নাম কী? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক পিপিডি-১ খ ডিটিপি-১
গ পিডিপি-১ ঘ ডিপিপি-১
উ. গ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. কম্পিউটারের জনক কে? *[নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*
উ. চার্লস ব্যাবেজ

প্র. কম্পিউটার কে আবিষ্কার করেন? *[বিভাগীয় কমিশনারের কার্যালয় (রংপুর) এর কম্পিউটার অপারেটর: ২৩]*
উ. হাওয়ার্ড আইকেন (যুক্তরাষ্ট্র)।

প্র. বিশ্বের সর্বপ্রথম ইলেকট্রিক কম্পিউটারের নাম কী? *[অর্থ মন্ত্রণালয়ের সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*
উ. ENIAC (Electronic Numerical Integrator and Computer).

প্র. কম্পিউটারের সঙ্গে সম্পর্কিত প্রাচীনতম গণনা যন্ত্রের নাম কী? *[পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*
উ. অ্যাবাকাস।

প্র. কম্পিউটারের কাজের গতি কী দ্বারা প্রকাশ পায়? *[পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*
উ. ন্যানোসেকেন্ড।

প্র. ন্যানো সেকেন্ড বলতে কী বোঝায়? *[পরিবেশ অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*
উ. ১ সেকেন্ডের ১০০ কোটি ভাগের এক ভাগ।

প্র. পূর্ণরূপ লিখুন: UNIVAC *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*
উ. UNIVAC- Universal Automatic Computer.

কম্পিউটারের প্রজন্ম

সময়ের সাথে সাথে কম্পিউটারের গতি, তথ্য ধারণক্ষমতা ও হিসাব করার ক্ষমতা বৃদ্ধি পেতে থাকে। কম্পিউটারের এই অগ্রগতির পর্যায়গুলোকে কয়েকটি ধাপে ভাগ করা হয়েছে। এ ধাপগুলোকে প্রজন্ম বলা হয়। প্রজন্মের ভিত্তিতে কম্পিউটারকে পাঁচটি ভাগে ভাগ করা যায়। যথা:

প্রথম প্রজন্ম (১৯৪২-১৯৫৯)	১৯৪২ হতে ১৯৫৯ পর্যন্ত আবিষ্কৃত কম্পিউটারকে প্রথম প্রজন্মের কম্পিউটার বলা হয়। এই সময় কম্পিউটারের মূল যন্ত্রাংশ ছিল বায়ুশূন্য ভালব। এ কম্পিউটারে প্রোগ্রামের জন্য মেশিন ও অ্যাসেম্বলি ভাষা ব্যবহার করা হতো। যেমন: ABC, ENIAC, UNIVAC, Mark-1, EDSAC, IBM-650, IBM-704, IBM-709 ইত্যাদি এই পর্যায়ভুক্ত।
দ্বিতীয় প্রজন্ম (১৯৫৯-১৯৬৫)	এই প্রজন্মের কম্পিউটারের সার্কিটে বায়ুশূন্য টিউব এর পরিবর্তে ট্রানজিস্টর ব্যবহৃত হয়। এ প্রজন্মের কম্পিউটারেই প্রথম উচ্চতর প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ যেমন FORTRAN, COBOL ইত্যাদির উদ্ভব ও প্রচলন শুরু হয়। IBM-1400, IBM 1600, IMB 1620, Honeywell 200 ইত্যাদি দ্বিতীয় প্রজন্মের কম্পিউটার।

Scanned with CamScanner
CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs

ট্রানজিস্টর	১৯৪৭ সালে জন বারডিন, উইলিয়াম শকলে এবং ওয়াল্টার ব্রাটেন ট্রানজিস্টর উদ্ভাবন করেন। ট্রানজিস্টর তৈরিতে একটি অর্ধ-পরিবাহী (Semi-conductor) এর প্রয়োজন হয়। ট্রানজিস্টর মূলত অ্যামপ্লিফায়ার (বিবর্ধক) হিসেবে ব্যবহৃত হয়।
TX-O	MIT কর্তৃক উদ্ভাবিত TX-O ছিল প্রথম ট্রানজিস্টরভিত্তিক কম্পিউটার।
PDP-8	Digital Equipment Corporation) ১৯৬৫ সালে 'PDP-8' নামক ট্রানজিস্টর ভিত্তিক মিনি কম্পিউটার (প্রথম) উদ্ভাবন করেন।
তৃতীয় প্রজন্ম (১৯৬৫-১৯৭১)	১৯৬৫ সাল হতে ১৯৭১ সাল পর্যন্ত আবিষ্কৃত কম্পিউটারকে তৃতীয় প্রজন্মের কম্পিউটার হিসেবে ধরা হয়। একীভূত বর্তনী (Integrated Circuit), অর্ধপরিবাহী স্মৃতি, উন্নত কার্যকারিতা, নির্ভরশীলতা এই প্রজন্মের কম্পিউটারের প্রধান বৈশিষ্ট্য। IBM 360, IBM 370, GE 600, PDP-2, PDP-8 ইত্যাদি তৃতীয় প্রজন্মের কম্পিউটার।
সমন্বিত বর্তনী বা IC	১৯৫৮ সালে জ্যাক কিলবি ও রবার্ট নয়েস ইন্টিগ্রেটেড সার্কিট (Integrated Circuit) আবিষ্কার করেন।
চতুর্থ প্রজন্ম (১৯৭১-১৯৮১)	এ প্রজন্মে VLSI (Very Large Seale Integration) চিপের ব্যাপক ব্যবহার ও বিকাশ সাধন হয়। মাইক্রোপ্রসেসর ও মাইক্রোকম্পিউটারের আবির্ভাব ও বিকাশ ঘটে। এ সময়ই উপাত্ত সংরক্ষণের জন্য Compact Disc তৈরি হয়। এই প্রজন্মের বিশেষ আবিষ্কারের মধ্যে রয়েছে WWW, HTML, iPod। চতুর্থ প্রজন্মের কম্পিউটার IBM PS/2, Apple Macintosh, IBM 3033, Sharp PC-1211, IBM PC ইত্যাদি।
মাইক্রো প্রসেসর	ইন্টিগ্রেটেড সার্কিট প্রযুক্তির উত্তরোত্তর উন্নতির সঙ্গে ক্রমশ কম্পিউটারের সম্পূর্ণ কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ অংশকে একটি মাত্র চিপের মাঝে বাস্তবায়ন সম্ভব হয়। এই চিপকে মাইক্রোপ্রসেসর (Microprocessor) বলা হয়। ১৯৭১ সালে ড. টেড হফ 'ইনটেল-৪০০৪' নামে একটি মাইক্রোপ্রসেসর তৈরি করেন।
মাইক্রো কম্পিউটার	এইচ. এডওয়ার্ড রবার্টস কর্তৃক ১৯৭৫ সালে ডিজাইনকৃত Altair-8800-কে প্রথম মাইক্রোপ্রসেসরভিত্তিক কম্পিউটার বা মাইক্রো কম্পিউটার হিসেবে গণ্য করা হয়। এজন্য তাকে মাইক্রোকম্পিউটারের জনক বলা হয়। ১৯৮১ সালে আইবিএম কোম্পানি ব্যবসায়িক উদ্দেশ্যে প্রথম মাইক্রোকম্পিউটার তৈরি করেন।
পঞ্চম প্রজন্ম (১৯৮১-বর্তমান)	পঞ্চম প্রজন্মের কম্পিউটার বলতে বর্তমান প্রজন্মের কম্পিউটারকে বোঝানো হয়। Super VLSI (Very Large Scale Integration) চিপ ও অপটিক্যাল ফাইবারের সমন্বয়ে পঞ্চম প্রজন্মের কম্পিউটারের অবতারণা করা হয়েছে। এ পঞ্চম প্রজন্মের কম্পিউটারের বৈশিষ্ট্য কৃত্রিম বুদ্ধিমত্তাসম্পন্ন।

বিভিন্ন প্রজন্মে যন্ত্রাংশের ব্যবহার

প্রজন্ম	যন্ত্রাংশের ব্যবহার	সাল
প্রথম	বায়ুশূন্য টিউব	১৯০৪
দ্বিতীয়	ট্রানজিস্টর	১৯৪৭
তৃতীয়	সমন্বিত বর্তনী	১৯৫৮
চতুর্থ	মাইক্রোপ্রসেসর	১৯৭১

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. কম্পিউটার প্রজন্মগুলোর মধ্যে **HTML, DVD, IPod** ইত্যাদি কোন প্রজন্মের জনপ্রিয় আবিষ্কার? *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*
ⓚ 4^{th} ⓛ 5^{th}
ⓜ 6^{th} ⓝ 3rd **উ. ক**

২. **VLSI** এর পূর্ণরূপ কী? *[শিক্ষা প্রকৌশলের কম্পিউটার অপারেটর: ২১]*
ⓚ Very Large System Integration
ⓛ Very Large Scale Integration
ⓜ Very Long System Integration
ⓝ Very Long System Input **উ. খ**

৩. **Mark-1** কোন প্রজন্মের কম্পিউটার? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ⓚ First ⓛ Second
ⓜ Third ⓝ Fourth **উ. ক**

৪. পঞ্চম প্রজন্মের কম্পিউটারের ভিত্তি কী? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*
ⓚ System Knowledge ⓛ Programming
ⓜ Artificial Intelligence ⓝ VVLS **উ. গ**

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. IC উদ্ভাবন করেন কে? *[পরিবেশ অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*
উ. জে. এস কিলবি।

প্র. IBM মাইক্রোকম্পিউটার বাজারে প্রথম আসে কোন সালে? *[যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
উ. ১৯৮১ সালে।

প্র. বাংলাদেশে প্রথম কম্পিউটার আসে কত সালে? *[পরিবেশ অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*
উ. ১৯৬৪ সালে।

প্র. সর্বপ্রথম তৈরি মাইক্রোপ্রসেসরের নাম কী? *[কাস্টম হাউস চট্টগ্রামের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
উ. Intel- 4004

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

কম্পিউটারের শ্রেণিবিভাগ

কাজের ধরন ও প্রয়োগ অনুসারে কম্পিউটারের দুটি শ্রেণি-	
সাধারণ কম্পিউটার	অফিস, আদালত, প্রকাশনা, ব্যবসা প্রতিষ্ঠান, বিভিন্ন কোম্পানি, ব্যাংক, বীমা ইত্যাদি কাজে সধারণ কম্পিউটার ব্যবহৃত হচ্ছে।
বিশেষ কম্পিউটার	আবহাওয়া, ভূমিকম্প, ক্ষেপণাস্ত্র নিয়ন্ত্রণ, আল্ট্রাসনোগ্রাফি, ভিডিও গেমস, রকেটের গতি নিয়ন্ত্রণ, বিভিন্ন রোগের চিকিৎসার জন্য ব্যবহৃত কম্পিউটারগুলোই হলো বিশেষ ধরনের কম্পিউটার।
গঠন ও কাজের প্রকৃতি অনুসারে কম্পিউটারের ৩টি শ্রেণি-	
অ্যানালগ কম্পিউটার	যেসব কম্পিউটার বৈদ্যুতিক সংকেতের ওপর নির্ভর করে ইনপুট গ্রহণ করে প্রক্রিয়াকরণের কাজ সম্পাদিত করে, সেসব কম্পিউটারকে অ্যানালগ কম্পিউটার বলে। চাপ, তাপ, তরল পদার্থের প্রবাহ ইত্যাদির উঠা-নামা বা হ্রাস-বৃদ্ধি পরিমাপ, গাড়ি, উড়োজাহাজ, মহাকাশযান ইত্যাদির গতিবেগ বায়ু পরিমাপের জন্য অ্যানালগ কম্পিউটার ব্যবহার করা হয়।
ডিজিটাল কম্পিউটার	যেসব কম্পিউটার বাইনারি পদ্ধতিতে অর্থাৎ ডিজিটাল পদ্ধতিতে ক্রিয়া সম্পন্ন করে, সেসব কম্পিউটারকে ডিজিটাল কম্পিউটার বলে। তথ্য প্রক্রিয়াকরণ ও হিসাবের জন্য ডিজিটাল কম্পিউটার বৈদ্যুতিক সিগন্যালের পরিবর্তে ডিজিট (0/1) ব্যবহার করে। মাইক্রো কম্পিউটার, মিনি কম্পিউটার, সুপার কম্পিউটার হচ্ছে ডিজিটাল কম্পিউটারের উদাহরণ। গবেষণামূলক কাজ থেকে শুরু করে অফিস-আদালত, ব্যাংক, বীমা, খেলাধুলা প্রভৃতি কাজে ডিজিটাল কম্পিউটার ব্যবহৃত হয়।
হাইব্রিড কম্পিউটার	অ্যানালগ ও ডিজিটাল উভয় কম্পিউটারের নীতির সমন্বয়ে যে কম্পিউটার গঠিত, তাকে হাইব্রিড কম্পিউটার বলে। মিসাইল নিক্ষেপ, সমরাস্ত্র তৈরি, বৈজ্ঞানিক গবেষণা, নভোযান, রাসায়নিক দ্রব্যের গুণাগুণ নির্ণয়, পরীক্ষাগারের ওষুধের মান নির্ণয়, হাসপাতালের ইনটেনসিভ কেয়ার, শরীরের তাপমাত্রা, রোগীর রক্তচাপ, হৃদযন্ত্রের ক্রিয়া ইত্যাদি ক্ষেত্রে এ ধরনের কম্পিউটার ব্যবহৃত হয়।
আকার, আয়তন, কাজ করার ক্ষমতা, স্মৃতি ও কার্যকারিতার ওপর ভিত্তি করে ডিজিটাল কম্পিউটারের ৪টি শ্রেণি-	
সুপার কম্পিউটার	সুপার কম্পিউটারে একসাথে একাধিক ব্যবহারকারী ব্যবহার করতে পারে। সূক্ষ্ম বৈজ্ঞানিক গবেষণা, নভোযান, ক্ষেপণাস্ত্র নিয়ন্ত্রণ, মহাকাশ গবেষণা, পারমাণবিক চুল্লির নিয়ন্ত্রণ ইত্যাদি কাজে সুপার কম্পিউটার ব্যবহৃত হয়।
মেইনফ্রেম কম্পিউটার	এটি এমন একটি কম্পিউটার, যার সঙ্গে অনেক ছোট ছোট কম্পিউটার যুক্ত করে এক সঙ্গে অনেক ব্যবহারকারী কাজ করতে পারে। এ ধরনের কম্পিউটারে এক বা একাধিক কেন্দ্রীয় প্রসেসর সংযুক্ত থাকায় দ্রুতগতিসম্পন্ন ও তথ্য সংরক্ষণ ক্ষমতা অনেক বেশি। রপ্তানি উন্নয়ন ব্যুরো, ব্যাংক, বীমা, ব্যবসায়ী প্রতিষ্ঠান এবং গবেষণা প্রতিষ্ঠানে বিপুল তথ্য আদান-প্রদান, সংরক্ষণ, বিশ্লেষণ ও মূল্যায়নের জন্য মেইনফ্রেম কম্পিউটার ব্যবহৃত হয়। বাংলাদেশে ১৯৬৪ সালে স্থাপিত আইবিএম ১৬২০ কম্পিউটারটি ছিল মেইনফ্রেম কম্পিউটার। UNIVAC 1100, NCR 8000, IBM 4300, Cyber 170 ইত্যাদি মেইনফ্রেম কম্পিউটারের ইদাহরণ।
মিনি কম্পিউটার	মেইনফ্রেম কম্পিউটারের চেয়ে আকারে ছোট কিন্তু মাইক্রো কম্পিউটারের চেয়ে কিছুটা বড় আকারের কম্পিউটারকে বলা হয় মিনি কম্পিউটার। এ ধরনের কম্পিউটারে গতি, মেমোরি এবং কাজ করার ক্ষমতা মাইক্রোকম্পিউটারের তুলনায় অনেক বেশি। শিক্ষা প্রতিষ্ঠান, ক্লিনিক, হাসপাতাল, বড় বড় কারখানা, বহুজাতিক কোম্পানি, প্রযুক্তিগত গবেষণায় মিনি কম্পিউটার ব্যবহৃত হয়। PDP-1, PDP-11, IBM S/34, NCR S/9290 ইত্যাদি মিনি কম্পিউটারের উদাহরণ।
মাইক্রো কম্পিউটার	ক্ষুদ্রাকৃতির মাইক্রোপ্রসেসর চিপ দিয়ে যে কম্পিউটার গঠিত হয় তাকে বলে মাইক্রো কম্পিউটার। মাইক্রোকম্পিউটারকে পার্সোনাল কম্পিউটার বা সংক্ষেপে পিসি বলা হয়।
মাইক্রোকম্পিউটার ২ ধরনের হয়ে থাকে। যথা:	
পোর্টেবল কম্পিউটার	**Palmtop Computer:** এ ধরনের কম্পিউটার ক্ষুদ্রাকৃতির, যা হাতের তালুর মধ্যে রেখে ব্যবহার করা যায়। এটি হেল্ড বা পকেট কম্পিউটার নামেও পরিচিত। ১৯৮১ সালে IBM কর্তৃক তৈরিকৃত বিশ্বের প্রথম পামটপ কম্পিউটার হলো DIP Pocket PC. **ল্যাপটপ কম্পিউটার:** ১৯৮১ সালে এপসম কোম্পানি প্রথম ল্যাপটপ কম্পিউটার Epson HX-20 প্রবর্তন করে। ল্যাপটপ কম্পিউটার দেখতে অনেকটা ছোট ব্রিফকেসের মতো যার ওপরের অংশে থাকে একটি সমতল এলডিসি বা এলইডি স্ক্রিন এবং নিচের অংশে থাকে কি-বোর্ড পাওয়ার বাটন এবং ট্যাপ প্যাড। **নোটবুক:** নোটবুক কম্পিউটার সাধারণত ল্যাপটপ কম্পিউটারের চেয়ে আকারে ছোট এবং ওজন কম হওয়ায় সহজে বহনযোগ্য। এটি দেখতে অনেকটা নোটবুকের মতো হওয়ায় এর নামকরণ করা হয়েছে নোটবুক।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ডেস্কটপ কম্পিউটার	এ জাতীয় কম্পিউটার ডেস্কে বা টেবিলে স্থাপন করে ব্যবহার করা যায় বলে এরূপ নামকরণ করা হয়েছে। বিশ্বের প্রথম ডেস্কটপ কম্পিউটার MITS Altair 8800 (১৯৭৫ সালে)। **পিসি বা ট্যাব:** ট্যাবলেট পিসি হলো লেটার সাইজের স্লেটের অনুরূপ এক ধরনের কম্পিউটার যন্ত্র। অ্যাপলের iPod ও অ্যামাজনের Fire tablet হচ্ছে দুটি জনপ্রিয় ট্যাবলেট পিসি। **এমবেডেড কম্পিউটার:** এটি একটি মাইক্রো প্রসেসরভিত্তিক কম্পিউটার হার্ডওয়্যার সিস্টেম যা বিশেষভাবে একটি নির্দিষ্ট ফাংশন সম্পাদনা করার জন্য ডিজাইন করা হয়। ১৯৬৫ সালে ড. চার্লস স্টার্ক ড্রপার MIT-তে প্রথম এমবেডেড- কম্পিউটার তৈরি করেন। এটি ওয়াশিং মেশিন, এয়ার কন্ডিশনারে, মোবাইল ফোন, ডিভিডি প্লেয়ার ইত্যাদি প্রযুক্তিতে, এটিএম, সিডিএম মেশিনে, ইসিজি, এক্সরে মেশিন, ইটিটি, স্টেথোস্কোপ, এমআরআই, সিটি স্ক্যানারে, জিপিএস রিসিভার, ডিসি মোটর, ইন্ডাকশন মোটর প্রভৃতি কাজে ব্যবহৃত হয়।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. **পামটপ কী?** *[কর্মসংস্থান ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ২২]*
ক ছোট কুকুর খ পর্বতারোহণ সামগ্রী
গ বাদ্য যন্ত্র ঘ ছোট কম্পিউটার **উ. ঘ**

২. **কোন কম্পিউটার পরিমাপের ভিত্তিতে কাজ করে?** *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক এনালগ খ ডিজিটাল
গ হাইব্রিড ঘ কোনটিই নয় **উ. ক**

৩. **এনালগ কম্পিউটারের ব্যবহারের ক্ষেত্র নয় কোনটি?** *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক রাসায়নিক শিল্প খ পেট্রোলিয়াম শিল্প
গ মুদ্রণ শিল্প ঘ খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প **উ. ঘ**

৪. **কোন কম্পিউটারের আবিষ্কারের ফলে অন্যান্য স্বল্প মূল্যের কম্পিউটারের বাজারজাত শুরু হয়েছে?** *[রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২১]*
ক মেইনফ্রেম খ মাইক্রো কম্পিউটার
গ মাইক্রোপ্রসেসর ঘ সুপার কম্পিউটার **উ.খ**

৫. **পার্সোনাল কম্পিউটারের কারিগরি নাম কী?** *[পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী: ১৯]*
ক পিসি খ মেইনফ্রেম কম্পিউটার
গ আই বি এম ঘ মাইক্রো কম্পিউটার **উ. ঘ**

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. আধুনিক ল্যাপটপের জনক কে? *[শিপিং কর্পোরেশন চট্টগ্রামের কম্পিউটার অপারেটর: ২৩]*
উ. বিল মোগরিজ।

প্র. ল্যাপটপ প্রথম উদ্ভাবন করে কোন প্রতিষ্ঠান? *[পরিবেশ অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*
উ. এপসন কোম্পানি (১৯৮১)।

প্র. 'দোয়েল' ল্যাপটপ প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নাম লিখুন। *[যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
উ. বাংলাদেশ টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেসিস)

প্র. ল্যাপটপ ও পামটপের মধ্যে পার্থক্য কী? *[বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ডাটা এন্ট্রি: ২০]*
উ. ল্যাপটপ ও পামটপের মধ্যে পার্থক্য নিম্নে দেয়া হলো-

ল্যাপটপ	পামটপ
ল্যাপটপ (Lap) অর্থাৎ কোলের উপর স্থাপন করে কাজ করা যায়, এমন ছোট আকারের কম্পিউটারকে ল্যাপটপ বলে।	পামটপ (Palm) অর্থাৎ হাতের তালুর মধ্যে রেখে কাজ করা যায়, এমন সাইজের কম্পিউটারকে পামপট বলে।
ল্যাপটপ কম্পিউটার নোট বুক বা পাওয়ার বুক নামেও পরিচিত।	একে পকেট পিসি বা পিডিএ (Personal Digital Assistance) ও বলা হয়।

কম্পিউটার সংগঠন

কম্পিউটার সিস্টেমের প্রধান অংশ দুটি। যথা: হার্ডওয়্যার ও সফটওয়্যার।

◆ **কম্পিউটারের সংগঠন:**
কম্পিউটারের সংগঠন বলতে মূলত হার্ডওয়্যারের সংগঠনকেই বোঝানো হয়। কম্পিউটার বিভিন্ন প্রকার যন্ত্র বা যন্ত্রাংশের সমন্বয়ে গঠিত। কম্পিউটারের বিভিন্ন যন্ত্র ও যন্ত্রাংশকে পারস্পরিক সংযোগ দ্বারা সংযুক্ত করা অবস্থাকেই কম্পিউটার সংগঠন বলা হয়। কম্পিউটার সংগঠনের প্রধান অংশ ৫টি। যথা:

ইনপুট অংশ (Input)	ইনপুট অংশের কাজ হলো ব্যবহারকারী বা বিভিন্ন উৎস থেকে ডেটা বা নির্দেশ গ্রহণ করে কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ অংশে প্রেরণ করা।
নিয়ন্ত্রণ অংশ (Control Unit)	কন্ট্রোল বা নিয়ন্ত্রণ ইউনিট কম্পিউটারের সকল অংশকে নিয়ন্ত্রণের ও পরিচালনার কাজে নিয়োজিত থাকে। এটি কম্পিউটারের প্রতিটি নির্দেশ পরীক্ষা করে এবং কার্যকর করার জন্য প্রয়োজনীয় সংকেত তৈরি করে।
গাণিতিক যুক্তি অংশ (ALU)	নিয়ন্ত্রণ অংশের তত্ত্বাবধানে গাণিতিক যুক্তি অংশ বিভিন্ন ধরনের গাণিতিক বা লজিক্যাল অপারেশনের কাজ সম্পাদন করে। বেশিরভাগ গাণিতিক অপারেশন হলো যোগ, বিয়োগ, গুণ, ভাগ এবং লজিক্যাল অপারেশনগুলো হলো তুলনা, সত্য-মিথ্যা যাচাই ইত্যাদি।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

স্মৃতি অংশ (Memory Unit)	কোন সমস্যা সমাধান করার জন্য কম্পিউটারে যে সমস্ত উপাত্ত বা নির্দেশনাবলি ইনপুট ডিভাইসের সাহায্যে দেওয়া হয় তা কম্পিউটারের স্মৃতি অংশে জমা হয়।
আউটপুট অংশ (Output Unit)	আউটপুট ইউনিট কম্পিউটারের প্রক্রিয়াকরণের ফলাফল ব্যবহারকারীর কাছে উপস্থাপন করে। যখন কোন আউটপুট কাগজে ছাপা হয় তখন তাকে হার্ডকপি বলে এবং যখন মনিটরে দেখা হয় তাকে সফটকপি বলে।

♦ CPU (Central Processing Unit)

কম্পিউটারের যে অংশে ডেটা প্রক্রিয়াকরণের কাজ করে তাকে সেন্ট্রাল প্রসেসিং ইউনিট বা সিপিইউ বলে। সিপিইউ কম্পিউটারের মস্তিষ্ক বা ব্রেইনস্বরূপ। সিপিইউ সাধারণত ৩টি অংশ নিয়ে গঠিত হয়ে থাকে। যথা: গাণিতিক যুক্তি অংশ, নিয়ন্ত্রণ অংশ ও স্মৃতি অংশ।

- **CPU এর কাজ:** কম্পিউটারের ইনপুট ডিভাইস ডেটা গ্রহণ করে CPU-তে পাঠায়, সিপিইউ সেই ডেটার ভিত্তিতে প্রক্রিয়াকরণের পর ফলাফল প্রস্তুত করে আউটপুট ডিভাইসে পাঠায়। মাইক্রোকম্পিউটারের কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ ইউনিট হিসেবে মাইক্রাপ্রসেসর ব্যবহার করা হয়।

♦ কম্পিউটার হার্ডওয়্যার

কম্পিউটার তৈরিতে ব্যবহৃত বিভিন্ন ধরনের ডিভাইস বা যন্ত্র এবং যন্ত্রাংশসমূহকে বলা হয় কম্পিউটার হার্ডওয়্যার। সাধারণত কম্পিউটার হার্ডওয়্যারকে আমরা দেখতে পারি এবং স্পর্শ করতে পারি। কী-বোর্ড, মনিটর, মাউস, হার্ডডিস্ক, মাদারবোর্ড ইত্যাদি হার্ডওয়্যার। কম্পিউটারের হার্ডওয়্যারকে চারটি ভাগে ভাগ করা যায়। যথা: ইনপুট হার্ডওয়্যার, আউটপুট হার্ডওয়্যার, প্রসেসিং হার্ডওয়্যার ও স্টোরেজ হার্ডওয়্যার।

- **প্রসেসিং হার্ডওয়্যার:**

প্রসেসিং বা প্রক্রিয়াকরণ কাজের সাথে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পর্কযুক্ত হার্ডওয়্যারসমূহকে বলা হয় প্রসেসিং হার্ডওয়্যার। প্রসেসিং হার্ডওয়্যারগুলো হলো: মাইক্রো প্রসেসর, মাদারবোর্ড, বাস, পোর্ট, পাওয়ার সাপ্লাই, এক্সপানশন স্লট, ভিয়্যাম, মেমোরি ও রম।

- **মাইক্রোপ্রসেসর:**

মাইক্রোপ্রসেসর হলো এক ধরনের VLSI সিলিকন চিপ, যা মানুষের মস্তিষ্কের মতো কাজ করে। এটি যাবতীয় প্রক্রিয়াকরণের কাজ সম্পাদন করে এবং সমস্ত কম্পিউটারকে নিয়ন্ত্রণ ও পরিচালনা করে। মাইক্রোপ্রসেসর মাইক্রোকম্পিউটারের কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ অংশ হিসেবে কাজ করে। তাই, একে মাইক্রোকম্পিউটারের মস্তিষ্ক বা ব্রেইন বলা হয়। ইনটেল কর্পোরেশন, মটোরোলা, আইবিএম প্রভৃতি প্রতিষ্ঠান মাইক্রোপ্রসেসর তৈরি করে। বিটের সংখ্যার উপর ভিত্তি করে মাইক্রোপ্রসেসর নামকরণ করা হয়। যেমন:

বিট	মাইক্রোপ্রসেসর
৪ বিট	Intel 4004, Intel 4040
৮ বিট	Intel (8008, 8080, 8085) Motorolla 68000
১৬ বিট	Intel (8086, 8088, 80186, 80286)
৩২ বিট	Intel (80376, 80386, 80486) Intel Pentium, AMD K6, AMD Athlon
৬৪ বিট	Intel Core (i2, i3, i7), Intel ITANIUM, Xeon.

- **মাইক্রোপ্রসেসরের সংগঠন:** মাইক্রোপ্রসেসর প্রধানত তিনটি অংশে বিভক্ত। যথা:

নিয়ন্ত্রণ অংশ	নিয়ন্ত্রণ ইউনিট কম্পিউটারের সকল অংশকে নিয়ন্ত্রণ ও পরিচালনা করে থাকে। CU মানবদেহের স্নায়ু (Nerve) হিসেবে সকল তথ্য নিয়ন্ত্রণ করে। এটি কম্পিউটারের প্রতিটি নির্দেশ পরীক্ষা করে এবং কার্যকর করার জন্য প্রয়োজনীয় সংকেত তৈরি করে।
গাণিতিক যুক্তি অংশ	কন্ট্রোল ইউনিটের তত্ত্বাবধানে গাণিতিক যুক্তি অংশ বিভিন্ন গাণিতিক বা লজিক্যাল অপারেশনের কাজ সম্পাদন করে। এটি কম্পিউটারের স্নায়ুকেন্দ্র হিসেবে পরিচিত।
রেজিস্টার	মাইক্রোপ্রসেসরে অস্থায়ী মেমোরি রেজিস্টার হিসেবে কাজ করে। ফ্লিপ-ফ্লপের সাহায্যে রেজিস্টার তৈরি হয়। মাইক্রোপ্রসেসর যখন হিসাব নিকাশের কার্যাবলি সম্পাদন করে তখন ডেটাকে সাময়িকভাবে জমা রাখার জন্য রেজিস্টারসমূহ ব্যবহৃত হয়।

মানবদেহের বিভিন্ন অঙ্গের সাথে কম্পিউটারের তুলনা	
পেরিফেরালস	মানবদেহের অঙ্গ
CPU, ALU, Microprocessor, Memory	Brain
CU (Control Unit)	Nerve
ALU	Nerve Centre

♦ মাদারবোর্ড

কম্পিউটারের সমস্ত যন্ত্রাংশের সংযোগ স্থানকে মাদারবোর্ড বলে। এটি সিস্টেম বোর্ড বা মেইনবোর্ড হিসেবেও পরিচিত। মাদারবোর্ডের মধ্যে কম্পিউটারের বিভিন্ন ডিভাইস যেমন- কি-বোর্ড, মাউস, মনিটর, প্রিন্টার, হার্ডডিস্ক ড্রাইভ, ফ্লপি ডিস্ক ড্রাইভ, পেনড্রাইভ ইত্যাদি লাগানোর ব্যবস্থা থাকে। বিশ্বের প্রথম মাদারবোর্ড 'প্ল্যানার' যা ১৯৮১ সালে IBM PC-তে ব্যবহার করা হয়েছিল।

♦ পোর্ট

কম্পিউটারের সিস্টেম ইউনিটের মাদারবোর্ডের সাথে বিভিন্ন ধরনের ইনপুট, আউটপুট কিংবা কমিউনিকেশন হার্ডওয়্যার সংযুক্ত করার জন্য বিভিন্ন ধরনের সংযোগ পয়েন্ট থাকে। এ ধরনের সংযোগ পয়েন্টকে পোর্ট বলে। কম্পিউটারে বিভিন্ন

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

পোর্ট ব্যবহৃত হয়। যেমন: সিরিয়াল পোর্ট, প্যারালাল পোর্ট, পিএসটু পোর্ট, ইউএসবি পোর্ট, অডিও পোর্ট, ল্যানপোর্ট, গেম পোর্ট, MIDI (Musical Instrument Digital Interface) Port, VGA (Video Graphics Array) Port, DVI (Digital Video Interface) Port, HDMI (High Definition Multimedia Interface) Port.

◆ **পাওয়ার সাপ্লাই ইউনিট**

পাওয়ার সাপ্লাই ইউনিট এমন একটি ডিভাইস যা কম্পিউটারের শক্তি জোগায়। কম্পিউটারের সাথে সংশ্লিষ্ট কম্পোনেন্টগুলো যথাযথভাবে কাজ করছে কি না তা নিশ্চিত করার জন্য সরবরাহ করা ভোল্টেজকে রেগুলেট করে।

◆ **এক্সপানশন স্লট**

এক্সপানশন স্লট বাস স্লট নামেও পরিচিত। এক্সপানশন স্লট হচ্ছে মাদারবোর্ডের একটি সকেট যা একটি সম্প্রসারণ কার্ড (সার্কিট বোর্ড) সন্নিবেশ করতে ব্যবহৃত হয়।

◆ **এক্সপানশন কার্ড**

এক্সপানশন কার্ড এক ধরনের প্রিন্টেড সার্কিট বোর্ড যা সিস্টেম ইউনিটের এক্সপানশন স্লটে যুক্ত করে মাদারবোর্ডের সাথে সংযোগ করা হয়। একে Adapter Card বা Accessory Cardও বলা হয়।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. কম্পিউটার Heart বলা হয় কোনটিকে? *[ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]*
ক Memory খ Monitor
গ CPU ঘ Disc
উ. গ

২. CPU এর পূর্ণরূপ কী? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক:২৩]*
ক Computer Processing Unit.
খ Computer Power Unit.
গ Central Processing Unit.
ঘ Central Power Unit.
উ. গ

৩. কম্পিউটারের ব্রেন কোনটি? *[হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২২]*
ক মেমোরি খ হার্ডডিস্ক
গ বায়োস ঘ মাইক্রোপ্রসেসর
উ. ঘ

৪. প্রসেসর যা পাটিগণিত এবং লজিক্যাল অপারেশন সম্পাদন করে তাকে ... বলা হয়। *[বাংলাদেশ রেলওয়ের গার্ড (গ্রেড-২): ২২]*
ক কন্ট্রোল খ এএলইউ
গ সিপিইউ ঘ র‍্যাম
উ. খ

৫. কম্পিউটারের যন্ত্র বা যন্ত্রাংশকে কী বলে? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*
ক মনিটর খ আউটপুট
গ হার্ডওয়্যার ঘ সফটওয়্যার
উ. গ

৬. নিম্নের কোনটি হার্ডওয়্যার নয়? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*
ক মাউস খ মনিটর
গ সিপিইউ ঘ উইন্ডোজ
উ. ঘ

৭. Memory এবং ALU এর মধ্যে সংযোগ স্থাপন করে কোনটি? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*
ক কিবোর্ড খ র‍্যাম
গ কন্ট্রোল ইউনিট ঘ মাউস
উ. গ

৮. কম্পিউটার সিস্টেমে কয়টি অংশ থাকে? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*
ক ২টি খ ৪টি
গ ৬টি ঘ ৮টি
উ. ক

৯. Pentium কোনটির সাথে সম্পর্কিত? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*
ক Mouse খ Microprocessor
গ Hard Disk ঘ DVD
উ. খ

১০. কম্পিউটার হার্ডওয়্যারের মধ্যে থাকে- *[রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২১]*
ক ৩টি অংশ খ ৪টি অংশ
গ ৫টি অংশ ঘ ৬টি অংশ
উ. ক

১১. ৮০৮৬ কত বিটের মাইক্রোপ্রসেসর? *[রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২১]*
ক ৩২ খ ১৬
গ ১৮ ঘ ২৪
উ. খ

১২. কোনটিকে কম্পিউটারের মস্তিষ্ক বলা হয়? *[যুব উন্নয়ন অধিদপ্তরের ক্রেডিট সুপারভাইজার/সাঁট মুদ্রাক্ষরিক অপারেটর: ১৯]*
ক RAM খ ROM
গ CPU ঘ Software
উ. গ

১৩. CPU কে কত ভাগে ভাগ করা যায়? *[ডাক বিভাগের মেইল অপারেটর: ১৯]*
ক ৩ খ ৪
গ ৫ ঘ ৬
উ. ক

১৪. মাইক্রোপ্রসেসরের কোন অংশটি ডাটা প্রসেসিং-এ ব্যবহৃত হয়? *[ডাক বিভাগের মেইল অপারেটর: ১৯]*
ক Control Unit খ Register Array
গ Accumulator ঘ ALU
উ. ঘ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. USB এর পূর্ণরূপ কী? *[বিভাগীয় কমিশনারের কার্যালয় (রংপুর) এর কম্পিউটার অপারেটর: ২৩]*
উ. USB- Universal Serial Bus.
প্র. পূর্ণরূপ লিখুন: MIDI *[পরিবেশ অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*
উ. Musical Instrument Digital Interface.
প্র. কম্পিউটারের সকল কার্যক্রম নিয়ন্ত্রণ করে কোনটি? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের উপজেলা ব্যবস্থাপক: ২৩]*
উ. Central Processing Unit (CPU).
প্র. কম্পিউটার হার্ডওয়্যার প্রধানত কত ভাগে বিভক্ত? *[পরিবেশ অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*
উ. ২ ভাগে।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs
Scanned with CamScanner

মেমোরি ডিভাইস

♦ কম্পিউটারের স্মৃতি (Computer Memory)

কম্পিউটারে ডেটা, তথ্য, প্রোগ্রাম ইত্যাদি স্থায়ী বা অস্থায়ীভাবে সংরক্ষণের জন্য ব্যবহৃত ডিভাইসকে বলা হয় কম্পিউটার মেমোরি বা স্মৃতি। কম্পিউটারের অভ্যন্তরে যে অংশে তথ্যসমূহ স্থায়ী বা অস্থায়ীভাবে জমা থাকে তাকে কম্পিউটারের মেমোরি বলা হয়। কম্পিউটারের মেমোরি অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র সেল নিয়ে গঠিত এবং সেলগুলোকে শনাক্তকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা হলো মেমোরি অ্যাড্রেস। তথ্যসমূহ অস্থায়ীভাবে সংরক্ষণের জন্য প্রাইমারি মেমোরি এবং স্থায়ীভাবে সংরক্ষণের জন্য সহায়ক মেমোরি ব্যবহৃত হয়।

♦ মেমোরি

মেমোরি লক্ষ লক্ষ স্মৃতি কোষ নিয়ে গঠিত, যেখানে একটি বিট ০ বা ১ সংরক্ষণ করা যায়।

বিট (Bit)	বাইনারি সংখ্যা ০ এবং ১ কে বলা হয় বিট। ইংরেজি Binary শব্দের 'Bi' এবং Digit শব্দের t নিয়ে Bit শব্দটি গঠিত। ইংরেজি ছোট হাতের অক্ষর 'b' দ্বারা একে প্রকাশ করা হয়। জন উইন্ডার টুকি ১৯৪০ সালে Bit আবিষ্কার করেন। যেমন: Mbps- Mega bit per second.
বাইট (Byte)	ড. ওয়ার্নার বুখোল্ড ১৯৫৬ সালে 'বাইট' শব্দটি ব্যবহার করেন। একে ইংরেজি বড় হাতের অক্ষর 'B' দ্বারা প্রকাশ করা হয়। যেমন: MBPS- Mega Byte Per Second

কম্পিউটারের মেমোরির ধারণক্ষমতা পরিমাপের একক	বিট
কম্পিউটারের তথ্যের দৈর্ঘ্য পরিমাপের একক	
ডেটা কমিউনিকেশনের মৌলিক একক	
কম্পিউটিং তথ্য ও টেলিযোগাযোগের মৌলিক একক	
ডেটা আদান-প্রদানের হার হিসাব নিকাশের একক	
বাইনারি পদ্ধতিতে তথ্য প্রকাশের মৌলিক একক	বাইট
মেমোরির ধারণক্ষমতার একক	
স্টোরেজ বা ফাইলের আকারের হিসাব-নিকাশে ব্যবহৃত	

♦ কম্পিউটার শব্দ

শব্দ গঠন (1 Character 8 bit or 1 Bytes)	
1 Word	16 bits (2 Bytes)
1 Doubleword	32 bits (4 Bytes)
1 Quadword	64 bits (8 Bytes)

শব্দ দৈর্ঘ্য	কোন শব্দে যতগুলো বিট থাকে সেই বিটের সংখ্যাকে বলে শব্দ দৈর্ঘ্য। যেমন: কোন শব্দ ৮ বিটের হলে, তার শব্দ দৈর্ঘ্য হবে ৮।

মেমোরি সেল	মেমোরির প্রতিটি সুনির্দিষ্ট স্থানকে মেমোরি সেল বলে। প্রতিটি মেমোরি সেলে একটি বিট (০ বা ১) জমা রাখা যায়।
মেমোরি অ্যাড্রেস	ডেটা রাখার জন্য মেমোরিতে অনেকগুলো সুনির্দিষ্ট স্থান বা সেল থাকে এবং সেলগুলো শনাক্ত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা থাকে। এ ধরনের ব্যবস্থাকে মেমোরি অ্যাড্রেস বলে।
Access Time	মেমোরি হতে ডেটার রিড বা রাইট অপারেশনে যে সময় লাগে তাকে অ্যাকসেস টাইম বলে। অ্যাকসেস সময় যত কম হয়, কম্পিউটার তত দ্রুত গতিতে কাজ করে।
র‍্যান্ডম Access	যে কোনো মেমোরি সেলের বিট বা শব্দকে যদি সরাসরি অ্যাকসেস করা যায় তাহলে তাকে র‍্যান্ডম অ্যাকসেস বলা হয়। অর্ধপরিবাহী মেমোরি RAM, ROM র‍্যান্ডম অ্যাকসেস ব্যবস্থার মেমোরি।
Volatile Memory	বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে গেলে যে মেমোরির তথ্য মুছে যায় তাকে ভোলাটাইল মেমোরি বা উদ্বায়ী স্মৃতি বলে। যেমন: RAM.
Non-Volatile Memory	বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে গেলে যে মেমোরির তথ্য মুছে যায় না তাকে অনুদ্বায়ী স্মৃতি বা নন-ভোলাটাইল মেমোরি বলে। যেমন: ROM.

● মেমোরির ধারণক্ষমতা

কম্পিউটারের মেমোরির ধারণক্ষমতা বলতে কম্পিউটার তার স্মৃতি স্থানে কতকগুলো বিট বা বাইট সংরক্ষণ করতে পারে তা বোঝায়। মেমোরির ধারণক্ষমতার ক্ষুদ্রতম একক হচ্ছে বিট। যেমন: ৮ বিটের ১০২৪টি শব্দ ধারণে সক্ষম মেমোরির ধারণক্ষমতা হলো (১০২৪ × ৮) টি বিট = ৮১৯২ বিট। মেমোরির ধারণক্ষমতা প্রকাশ করা হয় বিট, বাইট, কিলোবাইট, মেগাবাইট, গিগাবাইট, টেরাবাইট, পেটাবাইট ইত্যাদি দ্বারা।

মেমোরি পরিমাপের এককগুলোর মধ্যে সম্পর্ক	
১ নিবল বা অর্ধবাইট	৪ বিট
১ বাইট বা ১ অক্ষর	৮ বিট
$২^{১০}$ বাইট বা ১০২৪ বাইট	১ কিলোবাইট (1 KB)
$২^{২০}$ বাইট বা ১০২৪ কিলোবাইট	১ মেগাবাইট (1 MB)
$২^{৩০}$ বাইট বা ১০২৪ মেগাবাইট	১ গিগাবাইট (1 GB)
$২^{৪০}$ বাইট বা ১০২৪ গিগাবাইট	১ টেরাবাইট (1 TB)
$২^{৫০}$ বাইট বা ১০২৪ টেরাবাইট	১ পেটাবাইট (1 PB)
$২^{৬০}$ বাইট বা ১০২৪ পেটাবাইট	১ এক্সাবাইট (1 EB)
$২^{৭০}$ বাইট বা ১০২৪ এক্সাবাইট	১ জেটাবাইট (1 ZB)
$২^{৮০}$ বাইট বা ১০২৪ জেটাবাইট	১ ইয়োটাবাইট (1 YB)
$২^{৯০}$ বাইট বা ১০২৪ ইয়োটাবাইট	১ ব্রন্টোবাইট (1 BB)
$২^{১০০}$ বাইট বা ১০২৪ ব্রন্টোবাইট	১ জিওপবাইট

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

দশমিক পদ্ধতিতে মেমোরি পরিমাপের একক	
১ কিলোবাইট (KB)	10^3 বাইট
১ মেগাবাইট (MB)	10^6 বাইট
১ গিগাবাইট (GB)	10^9 বাইট
১ টেরাবাইট (TB)	10^{12} বাইট
১ পিটাবাইট (PB)	10^{15} বাইট
১ এক্সাবাইট (EB)	10^{18} বাইট
১ জেটাবাইট (ZB)	10^{21} বাইট
১ ইয়োটাবাইট (YB)	10^{24} বাইট

♦ মেমোরির শ্রেণিবিভাগ

কম্পিউটার সিস্টেমে ব্যবহৃত মেমোরিকে প্রধানত তিনটি ভাগে ভাগ করা যায়। যথা: প্রধান মেমোরি বা ইন্টারনাল মেমোরি, সহায়ক মেমোরি ও ক্যাশ মেমোরি।

১. প্রধান মেমোরি (Main Memory)

কম্পিউটারের কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ অংশের (CPU) ও যুক্তি অংশের সাথে সংযুক্ত মেমোরিকে প্রধান মেমোরি বলে। এ ধরনের মেমোরিতে তথ্য ও নির্দেশাবলি অস্থায়ীভাবে সংরক্ষিত থাকে। প্রধান মেমোরিকে প্রাথমিক মেমোরিও বলা হয়। র‍্যাম (RAM) ও রম (ROM) হলো এ ধরনের মেমোরির উদাহরণ।

২. সহায়ক মেমোরি (Secondary Memory)

ব্যবহারকারী প্রোগ্রাম ও তথ্য দীর্ঘ সময় সংরক্ষণ রাখার জন্য অধিক ধারণক্ষমতাসম্পন্ন কম গতিবিশিষ্ট বিশেষ ধরনের মেমোরিকে সহায়ক মেমোরি বা সেকেন্ডারি মেমোরি বলে। এই মেমোরিতে বিভিন্ন তথ্য, নির্দেশাবলি, অডিও-ভিডিও ইমেজ স্থায়ীভাবে সংরক্ষণ করা যায়। বিদ্যুৎ চলে গেলে বা কম্পিউটার বন্ধ করলেও তথ্য বা প্রোগ্রাম হারিয়ে বা মুছে যায় না। হার্ডডিস্ক, সিডি, ডিভিডি, পেনড্রাইভ, অপটিক্যাল ডিস্ক, ম্যাগনেটিক টেপ সহায়ক মেমোরির উদাহরণ।

৩. ক্যাশ মেমোরি (Cache Memory)

কাজের গতি বৃদ্ধির জন্য প্রসেসর এবং প্রধান মেমোরির মাঝে স্থাপিত অতি উচ্চ গতির ও কম ধারণক্ষমতা সম্পন্ন মেমোরিকে ক্যাশ মেমোরি বলে। একে সিপিইউ মেমোরিও বলা হয়। যেসব নির্দেশ ও ডেটা সবচেয়ে বেশি প্রয়োজন তাদেরকে ক্যাশ মেমোরিতে রাখা হয়। এর ধারণক্ষমতা ২৫৬ কিলোবাইট হতে কয়েক মেগাবাইট পর্যন্ত হয়ে থাকে।

♦ অর্ধপরিবাহী মেমোরি (Semiconductor Memory)

যে পরিবাহীর মধ্য দিয়ে বিদ্যুৎ বা চার্জ আংশিকভাবে চলাচল করতে পারে তাকে অর্ধপরিবাহী বা সেমিকন্ডাক্টর বলে। আর অর্ধপরিবাহী বস্তু দিয়ে তৈরি মেমোরি হলো অর্ধপরিবাহী মেমোরি। এ ধরনের মেমোরির মূলে রয়েছে ফ্লিপ ফ্লপ নামক যুক্তি বর্তনী, যা ০ বা ১ সংরক্ষণ করতে পারে। অর্ধপরিবাহী মেমোরি বা তথ্য সংরক্ষণ ও পুনরুদ্ধারের জন্য কম্পিউটারে ব্যবহৃত প্রধান মেমোরিকে দুই ভাগে ভাগ করা যায়। যথা: র‍্যাম (RAM) ও রম (ROM)।

১. র‍্যাম (RAM- Random Access Memory)

তথ্য পড়া ও লেখা উভয় প্রকার কাজই র‍্যামে সম্পাদন করা যায় বলে র‍্যামকে লিখন/পঠন (Read/Write Memory) বলা হয়। RAM একটি উদ্বায়ী মেমোরি অর্থাৎ বিদ্যুৎ সরবরাহ বন্ধ করলে মেমোরিতে রক্ষিত ডেটা মুছে যায়। তাই একে ভোলাটাইল স্মৃতি বা অস্থায়ী স্মৃতিও বলা হয়। অপারেটিং মোড অনুসারে র‍্যাম ২ প্রকার। যথা: DRAM (Dynamic Random Access Memory) ও SRAM (Static Random Access Memory).

২. রম (ROM- Read Only Memory)

রম স্থায়ীভাবে ডেটা ও নির্দেশ সংরক্ষণের জন্য ব্যবহৃত অ-উদ্বায়ী অর্ধপরিবাহী মেমোরি। বিদ্যুৎ সরবরাহ বন্ধ করলেও রমে সংরক্ষিত তথ্য মুছে যায় না। সংরক্ষিত তথ্য শুধু পড়া যায়, লেখা যায় না। তাই একে Read Only Memory (ROM) বলা হয়। এটি সরাসরি সিপিইউয়ের সাথে সংযোগ থাকে। রম বিভিন্ন ধরনের হয়ে থাকে। যথা: MROM (Mask Programmable Read Only Memory), PROM (Programmable Read Only Memory), EPROM (Erasable Programmable Read Only Memory), EAPROM (Electrically Alterable Programmable Read Only Memory), EEPROM (Electrically Erasable Programmable Read Only Memory).

♦ স্টোরেজ ডিভাইস (Storage Device)

স্টোরেজ ডিভাইস বা স্টোরেজ হার্ডওয়্যারে বিভিন্ন তথ্য, নির্দেশাবলি, অডিও, ভিডিও, ইমেজ স্থায়ী বা অস্থায়ীভাবে সংরক্ষণ করা যায়। স্টোরেজ ডিভাইসকে প্রধানত ২ ভাগে ভাগ করা যায়। যথা: প্রাইমারি স্টোরেজ ডিভাইস (র‍্যাম) ও সেকেন্ডারি স্টোরেজ ডিভাইস (হার্ডডিস্ক, সিডি, ডিভিডি, পেনড্রাইভ, জিপ ড্রাইভ, ম্যাগনেটিক টেপ)।

♦ সেকেন্ডারি মেমোরি (Secondary Memory)

কম্পিউটারে অধিক পরিমাণ তথ্য স্থায়ীভাবে সংরক্ষণের জন্য ব্যবহৃত ডিভাইসসমূহকে বলা হয় সেকেন্ডারি মেমোরি। ফ্লপি ডিস্ক, হার্ডডিস্ক, অপটিক্যাল স্টোরেজ সিস্টেম, সিডি-রম, ম্যাগনেটিক টেপ ইত্যাদি সেকেন্ডারি মেমোরি।

ফ্লপি ডিস্ক	এটি এক ধরনের সহায়ক মেমোরি, যা পাতলা প্লাস্টিকের চাকতির ওপর ম্যাগনেটিক অক্সাইডের প্রলেপ দিয়ে তৈরি। ১৯৬৭ সালে আইবিএম এর প্রকৌশলী অ্যালন শুগার্ট ফ্লপি ডিস্ক আবিষ্কার করেন।
হার্ড ডিস্ক	১৯৫৬ সালে আইবিএম প্রথম হার্ডডিস্ক উদ্ভাবন করে। হার্ডডিস্ক হচ্ছে পাতলা-গোলাকার ধাতব পাতের সমন্বয়ে গঠিত সহায়ক স্মৃতি। এ ডিস্ককে চুম্বকীয় ডিস্ক (Magnetic Disk) বলা হয়। হার্ডডিস্কের ধারণক্ষমতা নির্ভর করে মোট ব্যবহৃত ডিস্কের সংখ্যার ওপর।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

Optical Disk	যে সমস্ত ডিস্কে Optical Storage Technology এর মাধ্যমে ডেটা সংরক্ষণ করা হয়, তাকে Optical Disk বলা হয়। যেমন: CD-ROM Disk, DVD, Memory Card.
CD-ROM	CD-ROM (Compact Disk Read Only Memory) অপটিক্যাল ডিভাইস। এতে ডেটা, ছবি, শব্দ শুধুমাত্র পড়া ও দেখা যায় কিন্তু লেখা যায় না।
DVD	১৯৯৬ সালে অধিক ক্ষমতাসম্পন্ন অপটিক্যাল ডিস্কের উন্নতমানের সংস্করণ ডিভিডির (DVD-Digital Versatile Disk) উদ্ভব হয়। প্রথম দিকে DVD চলচ্চিত্র বা সিনেমার জন্য উন্নয়ন করা হলেও পরবর্তী টেক্সট, বিভিন্ন ধরনের কম্পিউটার সফটওয়্যার, তথ্যাবলি, ছবি, শব্দ ইত্যাদি সংরক্ষণে ব্যাপক সুবিধা পাওয়া যায়।
Magnetic Tape	ম্যাগনেটিক টেপ সাধারণত অডিও বা ভিডিও টেপের মতোই যা আয়রন অক্সাইডের প্রলেপযুক্ত এক ধরনের প্লাস্টিকের ফিতা। এ ধরনের টেপের ডেটা সংরক্ষণ পদ্ধতি হার্ডডিস্কের সংরক্ষণ পদ্ধতির অনুরূপ।
বাবল মেমোরি	বাবল মেমোরি সেমিকন্ডাক্টরে তৈরি এক ধরনের সহায়ক মেমোরি। বাবলের উপস্থিতি বাইনারি ১ এবং অনুপস্থিতিতে বাইনারি ০ হিসেবে বিবেচিত হয়। এটি এক ধরনের নন-ভোলাটাইল মেমোরি। এ ধরনের মেমোরি সাধারণত টেলিফোন সিস্টেম, রোবট, সামরিক ইত্যাদি কাজের জন্য কম্পিউটারে ব্যবহৃত হয়।
ফ্ল্যাশ মেমোরি	১৯৮৪ সালে জাপানের Tashiba কোম্পানি ফ্ল্যাশ মেমোরির সূচনা করে। এটি ইইপিরম থেকে উদ্ভাবন করা হয়। ফ্ল্যাশ মেমোরি হলো একটি ইলেকট্রনিক অপরিবর্তনীয় কম্পিউটার স্টোরেজ মাধ্যম যা বৈদ্যুতিকভাবে মুছা এবং পুনরায় প্রোগ্রাম করা যায়।
USB Flash Drives	ইউএসবি ফ্ল্যাশ ড্রাইভ একটি ডেটা স্টোরেজ ডিভাইস এবং ইউএসবি ইন্টারফেস এর সমন্বয়ে গঠিত। এটি সাধারণত সিস্টেম থেকে বিচ্ছিন্নকরণযোগ্য এবং এতে পুনরায় ডেটা লেখা যায়। এর আরেক নাম পেন ড্রাইভ।
মেমোরি কার্ড	মেমোরি কার্ড এক ধরনের ফ্ল্যাশ মেমোরি যা তথ্য এক ডিভাইস থেকে অন্য ডিভাইসে স্থানান্তর করে। এটি সাধারণত পোর্টেবল ইলেকট্রনিক ডিভাইস যেমন: ডিজিটাল ক্যামেরা, ল্যাপটপ ইত্যাদিতে ব্যবহৃত হয়।
ভার্চুয়াল মেমোরি	এক সঙ্গে অনেকগুলো প্রোগ্রাম চালালে কম্পিউটার র‍্যাম নিজের মেমোরি ছাড়াও প্রয়োজন মতো হার্ডডিস্কের জায়গা ব্যবহার করে। এটাকে কম্পিউটারের ভার্চুয়াল মেমোরি বলে, যা সোয়্যাপ ফাইল নামেও পরিচিত।
ক্লিপ বোর্ড	ক্লিপবোর্ড হলো র‍্যাম (RAM) এর একটি বিশেষ ফাইল বা মেমোরি। কম্পিউটারে কোন ডেটা বা ফাইল কাট বা কপি করে অন্য কোন স্থানে পেস্ট করার পূর্বে সেই ডেটা বা ফাইল যে মেমোরিতে অস্থায়ীভাবে জমা হয় তাকে ক্লিপবোর্ড বলে। ক্লিপবোর্ডে কমান্ড ৩টি- কাট, কপি ও পেস্ট।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. **কম্পিউটারের অস্থায়ী মেমোরি কোনটি?** *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক ROM খ RAM
গ Hard Disc ঘ কোনোটিই নয় উ. খ

২. **RAM শব্দের অর্থ কি?** *[এলজিইডি'র কার্যসহকারী: ২৩]*
ক Read Access Memory
খ Random Access Memory
গ Readable Access Memory
ঘ Read Access Move উ. খ

৩. **প্রোগ্রাম থেকে কপি করা ডাটা কোথায় থাকে?** *[এলজিইডি'র কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক RAM খ Clipboard
গ Terminal ঘ Hard Disk উ. খ

৪. **১ জিবি = কত?** *[প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিস সহায়ক: ২৩]*
ক ৫১২ কেবি খ ১০২৪ এমবি
গ ১০২৪ কেবি ঘ ৫১২ এমবি উ. খ

৫. **Which is equivalent of 1GB?** *[কর্মসংস্থান ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ২২]*
ক 10^4G খ 10^6B
গ 10^8B ঘ 10^9B উ. ঘ

৬. **১ নিবল = কত বিট?** *[দুদকের কোট পরিদর্শক: ২২]*
ক ৪ খ ৮
গ ১৬ ঘ ৩২ উ. ক

৭. **কম্পিউটারে ব্যবহৃত Solid State Drive (SSD) কী?** *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক মেমোরি খ সাউন্ড কার্ড
গ আউটপুট ডিভাইস ঘ ইনপুট ডিভাইস উ. ক

৮. **কম্পিউটারের স্থায়ী স্মৃতিশক্তিকে কী বলে?** *[পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের উচ্চমান সহকারী: ২২]*
ক RAM খ ROM
গ Software ঘ Internet উ. খ

৯. **Which of the following memory is non-volatile?** *[খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]*
ক None of these খ ROM
গ SDRAM ঘ RAM উ. খ

১০. **RAM কী?** *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*
ক Extra memory খ Secret information store
গ Hard disk device
ঘ Fast memory used for data উ. গ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১১.কম্পিউটারের মূল Memory তৈরি হয় কী দিয়ে? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*

ক) অ্যালুমিনিয়াম খ) গ্রাফাইট
গ) সোডিয়াম ক্লোরাইড ঘ) সিলিকন **উ. ঘ**

১২.নিচের কোনটি ডেটা (Data) সংরক্ষণ ও হস্তান্তরে ব্যবহৃত হয় না? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*

ক) পেন ড্রাইভ খ) ফ্লপি ডিস্ক
গ) ভিজিএ ঘ) মেমোরি কার্ড **উ. গ**

১৩.Which type of ROM is used in pen drive? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*

ক) Mask ROM খ) PROM
গ) CD ROM ঘ) EE PROM **উ. ঘ**

১৪.নিম্নের কোনটির Memory Capacity সর্বোচ্চ? *[এনএসআই এর ওয়্যারলেস অপারেটর/ হিসাবরক্ষক: ২১]*

ক) Kilo byte খ) Megabyte
গ) Tera byte ঘ) None of them **উ. গ**

১৫.How many bits are there in Unicode? *[বাংলাদেশ ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ২০]*

ক) 8 খ) 12
গ) 16 ঘ) 20 **উ. গ**

১৬.1 terabyte ... gigabytes in the decimal system. *[বাংলাদেশ ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ২০]*

ক) 1000 খ) 720
গ) 1084 ঘ) 1614 **উ. ক**

১৭.কম্পিউটারের কোন অংশ তথ্য সংরক্ষণ করতে সাহায্য করে? *[ক্রীড়া পরিদপ্তরের কম্পিউটার অপারেটর: ১৯]*

ক) ডিস্ক ড্রাইভ খ) কী-বোর্ড
গ) মনিটর ঘ) প্রিন্টার **উ. ক**

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. কম্পিউটারের RAM বলতে কি বোঝায়? *[বাণিজ্য মন্ত্রণালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

উ. RAM (Random Access Memory) হচ্ছে কম্পিউটারের অস্থায়ী মেমোরি।

প্র. কম্পিউটারের স্থায়ী স্মৃতিশক্তিকে কি বলে? *[শিপিং কর্পোরেশন চট্টগ্রামের কম্পিউটার অপারেটর: ২৩]*

উ. Read Only Memory (ROM).

প্র. কম্পিউটারের অস্থায়ী মেমোরিকে কি বলে? *[পরিবেশ অধিদপ্তরের হিসাবরক্ষক: ২৩]*

উ. র‍্যাম।

প্র. ২ মেগাবাইট = কত কিলোবাইট? *[যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

উ. ২০৪৮ কিলোবাইট।

প্র. ১ মেগাবাইট কত বাইট? *[কাস্টম হাউস (আইসিডি, ঢাকা) এর কম্পিউটার অপারেটর: ২৩]*

উ. ১০২৪ × ১০২৪ বাইট।

প্র. ১ গিগাবাইট = কত মেগাবাইট? *[বিভাগীয় কমিশনারের কার্যালয় (রংপুর) এর কম্পিউটার অপারেটর: ২৩]*

উ. ১ গিগাবাইট = ১০২৪ মেগাবাইট।

প্র. সর্বপ্রথম কোন কোম্পানি হার্ডডিস্ক তৈরি করে? *[ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

উ. আইবিএম কোম্পানি।

প্র. কম্পিউটার মেমোরির ক্ষুদ্রতম এককের নাম কী? *[মন্ত্রিপরিষদ বিভাগের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

উ. বিট।

প্র. কম্পিউটারে গণনার একক কোনটি? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের উপজেলা ব্যবস্থাপক: ২৩]*

উ. বাইট

প্র. কম্পিউটারের স্মৃতিকে প্রধানত কত ভাগে ভাগ করা যায়? *[পরিবেশ অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

উ. দুই ভাগে।

প্র. কম্পিউটারের মেমোরি কত প্রকার ও কী কী? *[বাংলা একাডেমির এলডিএ কাম টাইপিস্ট: ২৩]*

উ. কম্পিউটার মেমোরি প্রধানত ৩ প্রকার। যথা: প্রধান মেমোরি বা ইন্টারনাল মেমোরি, সহায়ক মেমোরি বা গৌণ মেমোরি ও ক্যাশ মেমোরি।

প্র. পূর্ণরূপ লিখুন HDD: *[বাংলা একাডেমির বিভিন্ন পদ: ২৩]*

উ. HDD- Hard Disk Drive.

প্র. RAM এবং ROM এর পূর্ণরূপ কী? *[গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*

উ. RAM এর পূর্ণরূপ- Random Access Memory এবং ROM এর পূর্ণরূপ- Read Only Memory.

পেরিফেরাল ডিভাইস

◆ পেরিফেরালস

সাধারণত কম্পিউটারের সঙ্গে সংযুক্ত ইনপুট আউটপুট ডিভাইসগুলোকে বলা হয় কম্পিউটার পেরিফেরালস। তথ্যপ্রবাহের দিক বিবেচনা করে কম্পিউটার পেরিফেরালকে সাধারণত ৩ ভাগে ভাগ করা যায়। যথা: ইনপুট পেরিফেরালস, আউটপুট পেরিফরালস এবং ইনপুট ও আউটপুট পেরিফেরালস।

◆ ইনপুট ডিভাইস

কম্পিউটার বিভিন্ন ধরনের হার্ডওয়্যার বা ডিভাইসের মাধ্যমে ব্যবহারকারীর কাছ থেকে বিভিন্ন ধরনের ডেটা গ্রহণ করে। কম্পিউটার প্রক্রিয়াকরণের কাজে ডেটা প্রদানে নিয়োজিত হার্ডওয়্যারসমূহ হলো ইনপুট ডিভাইস। ইনপুট ডিভাইসসমূহ হলো: কী-বোর্ড, মাউস, ট্যাকবল, জয়স্টিক, টাচ স্ক্রিন, বার কোড রিডার, পয়েন্ট অফ সেল, ওএমআর, ওসিআর, স্ক্যানার, ডিজিটাইজার, লাইটপেন, গ্রাফিক্স প্যাড, ডিজিটাল ক্যামেরা ইত্যাদি।

• কী-বোর্ড

কম্পিউটারে ইনপুট ডিভাইসগুলোর মধ্যে বহুল ব্যবহৃত ইনপুট ডিভাইসটি হলো কী-বোর্ড। কম্পিউটারে বিভিন্ন তথ্য বা নির্দেশনা প্রদান, প্রচলিত ভাষার বর্ণ, অংক বা বিশেষ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

চিহ্ন প্রদান করার অন্যতম মাধ্যম হিসেবে কী-বোর্ড ব্যবহৃত হয়। একটি আদর্শ কী বোর্ডের কী সংখ্যা ১০৫টি। কী-বোর্ডের বামপ্রান্তের উপরের প্রথম ৬টি বর্ণের ক্রমের আলোকে কী-বোর্ড লে-আউট (কী-বোর্ড বিন্যাস) নামকরণ করা হয়। যেমন: QWERTY, QWERTZ, AZERTY, ইত্যাদি। QWERTY হলো আদর্শ কী-বোর্ড বিন্যাস। এর আবিষ্কারক যুক্তরাষ্ট্রের ক্রিস্টোফার লাথাম সোলস।

- **ফাংশন কী**

তথ্য সংযোজন-বিয়োজন বা নির্দেশ প্রদানের জন্য ফাংশন কী ব্যবহার করা হয়। F1 থেকে F12 পর্যন্ত মোট ১২টি ফাংশন কী রয়েছে।

Key	ব্যবহার
F1	উইন্ডোজের সব জায়গায় Help মেনু হিসেবে কাজ করে থাকে।
F2	ফাইল বা ফোল্ডারের নাম Rename করার ক্ষেত্রে। Ctrl+F2 চেপে Print Preview দেখা যায়।
F3	কম্পিউটারের কাজ করার সময় কোন তথ্য খুঁজে নিতে F3 চাপতে হয়।
F4	Shift +F4 চেপে যেকোনো কিছু খোঁজা যায়।
F5	পাওয়ার পয়েন্টের স্লাইড শো শুরু কিংবা বন্ধ করা যায়।
F6	F6 চেপে কার্সর ইন্টারনেট ব্রাউজারের ঠিকানা লেখার জায়গায় (অ্যাড্রেস বার) যাওয়া যায়।
F7	MS Word-এ Shift+F7 চেপে অভিধান থেকে সমার্থক শব্দ খুঁজে নেয়া যায়।
F8	Safe Mode এ উইন্ডোজ চালাতে ব্যবহৃত হয়।
F9	F9 চেপে উইন্ডোজ মিডিয়া প্লেয়ারের আওয়াজ (ভলিউম) বাড়ানো যায়।
F10	F10 চেপে উইন্ডোজ মিডিয়া প্লেয়ারের ভলিউম কমানো যায় এবং অধিকাংশ প্রোগ্রামের মেনুবার নির্বাচন করা যায়।
F11	Full Screen স্ক্রিন প্রদর্শনে ব্যবহৃত হয়।
F12	F12 চেপে অভ্র বাংলা কী বোর্ড/ ইংরেজি লেখা যায়।

- **মাল্টিমিডিয়া কী-বোর্ড**

অন্যান্য কী-বোর্ডের চেয়ে মাল্টিমিডিয়া কী-বোর্ডের কিছু বিশেষ সুবিধা রয়েছে। যেমন: মিউজিক প্লেয়ার চালু করা, চলমান গানকে থামানো, ভলিউম বাড়ানো-কমানো, ওয়েব ব্রাউজার চালু করা, সরাসরি বাটন চেপে My Computer বা My Document যাওয়া, সার্চ অপশন আনা ক্যালকুলেটর সক্রিয় করাসহ বিভিন্ন ধরনের কার্য সম্পাদন করা যায়।

- **মাউস**

সাধারণত কম্পিউটারকে নির্দেশনা দেবার জন্য দুই অথবা তিনটি বোতামে সমন্বিত ইনপুট ডিভাইসটিকে মাউস নামে অভিহিত করা হয়। ১৯৬৪ সালে ডগলাস এঙ্গেলবার্ট প্রথম মাউস আবিষ্কার করেন। আর ১৯৮৪ সালে মেকিন্টোস কম্পিউটারে সর্বপ্রথম মাউস ব্যবহৃত হয়।

- **ট্র্যাকবল (Trackball)**

ট্র্যাকবল হলো মাউস ছাড়া মাউসের কাজ করার জন্য ব্যবহৃত একটি বিশেষ ইনপুট যন্ত্র। সাধারণত হাতের আঙ্গুল দিয়ে এটি নিয়ন্ত্রণ ও পরিচালনা করা হয়।

- **জয়স্টিক (Joystick)**

জয়স্টিক একটি হাতলযুক্ত ইনপুট ডিভাইস, যার হাতলটি সাধারণত গোলক আকৃতির বলের ওপর বসানো থাকে। আর হাতলটির চারপাশে কতিপয় বাটন বিদ্যমান থাকে। এটি মাউসের মতোই ডেটা ইনপুটের জন্য ব্যবহৃত হয়।

- **বারকোড রিডার (Bar Code Reader)**

বারকোড বলতে লম্বা আকারের সরু মোটা এবং তার সাথে নম্বর সংযুক্ত পর্যায়ক্রমে কতকগুলো বার বা রেখার সমষ্টিকে বোঝায়। বারকোড সাধারণত যে কোন ধরনের বই, পণ্য, পোস্টাল প্যাকেট ইত্যাদির পরিচিতি শনাক্তকরণে ব্যবহৃত হয়। এ ধরনের বারকোডসমূহ পড়ার জন্য বিশেষায়িত যন্ত্র ব্যবহৃত হয় যা বারকোড রিডার নামে পরিচিত।

- **ওএমআর (OMR- Optical Mark Reader)**

এটি এক ধরনের আলোক সংবেদনশীল স্ক্যানার যন্ত্র যা পেন্সিল বা কালির দাগ বুঝতে পারে। সাধারণত নৈর্ব্যক্তিক পরীক্ষার উত্তরপত্র, পণ্যের বাজার জরিপ, জনমত পরীক্ষা, ইত্যাদি ক্ষেত্রে OMR ব্যবহৃত হয়।

- **ওসিআর (OCR- Optical Character Reader)**

এটি একটি ইনপুট ডিভাইস হিসেবে ব্যবহৃত হয়। সাধারণত OCR বিভিন্ন আকারের দাগ, চিহ্ন এবং সব ধরনের আলফানিউমেরিক ক্যারেক্টার পড়তে পারে।

- **স্ক্যানার (Scanner)**

স্ক্যানার একটি আধুনিক ইনপুট ডিভাইস যার সাহায্যে যে কোন ধরনের ইমেজ বা ছবি, টেক্সট ইত্যাদি কম্পিউটারে ইনপুট করা যায়। এটির সাহায্যে যে কোন ধরনের লেখা বা ইমেজ কম্পিউটারে ইনপুট করে প্রয়োজন অনুসারে পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, বিভিন্ন রঙের ব্যবহার, একাধিক ইমেজ সংযোগ ইত্যাদি কার্যাবলি সম্পাদন করা যায়।

- **ডিজিটাইজার (Digitizer)**

ডিজিটাইজার হচ্ছে এক ধরনর ইনপুট ডিভাইস। ডিজিটাইজার বোর্ডের সাথে একটি বিশেষ ধরনের কলম বা স্টাইলাস ব্যবহার করা হয়। স্টাইলাস দিয়ে যদি ডিজিটাইজার বোর্ডে কোনো কিছু লেখা বা আঁকা হয়, তবে তা মনিটরে দেখা যায়।

- **এমআইসিআর (MICR- Magnetic Ink Character Reader)**

চৌম্বক কালি বা ফেরোসোফেরিক অক্সাইডযুক্ত কালির সাহায্যে MICR লেখার হয়। ব্যাংকের চেকের চেক নাম্বার, গ্রাহক এর অ্যাকাউন্ট নম্বর লেখা ও পড়ার জন্য এটি ব্যবহৃত হয়।

- **লাইটপেন (Lightpen)**

লাইটপেন এক ধরনের ইনপুট ডিভাইস যা সাধারণত অফিসিয়াল কাজে ব্যবহৃত হয়। লাইটপেনের সাহায্যে

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বিভিন্ন ধরনের ছবি আঁকা যায়, মনিটরের পর্দায় ডিজাইনের কাজ ও মাউসের মতো মেনু কমান্ড সিলেক্ট করা যায়।

- **সেন্সর (Sensor)**
সেন্সর হলো এক ধরনের Converter যা কোন সংকেতকে শনাক্ত করে ডিজিটাল সিগন্যালে পরিণত করে।
- **মাইক্রোফোন (Microphone)**
মাইক্রোফোন হলো একটি ইনপুট ডিভাইস যা শব্দ রেকর্ড এবং ডিজিটাল ফরমেটে পরিণত করে মেমোরিতে রাখে।
- **ওয়েবক্যাম (Webcam)**
ওয়েবক্যাম হলো একটি ইনপুট ডিভাইস। এর মাধ্যমে ইন্টারনেটে ভিডিও চ্যাটিং করা যায়।

♦ আউটপুট ডিভাইস (Output Device)

যে সকল ডিভাইসের সাহায্যে ইনপুট ডেটা প্রসেসিং হওয়ার পর আউটপুট ডেটা দেখা বা শোনা যায় সেই সকল ডিভাইসকে আউটপুট ডিভাইস বলে। আউটপুট ডিভাইস: মনিটর, প্রিন্টার, প্লটার, স্পিকার, মাল্টিমিডিয়া প্রজেক্টর, ইমেজসেটার, ফিল্ম রেকর্ডার, হেডফোন ইত্যাদি।

- **মনিটর (Monitor)**
মনিটর হলো একটি সফটকপি আউটপুট হার্ডওয়্যার, যা দেখতে সাধারণত টেলিভিশনের পর্দার মতো। টিভির মতো সমস্ত, লেখা বা তথ্য ভেসে উঠে যে পর্দায় তাকে মনিটর বা Video Display Unit (VDU) বলে। প্রযুক্তির ওপর ভিত্তি করে মনিটরকে ২ ভাগে ভাগ করা যায়। যথা:

ক. ক্যাথোড রশ্মির মনিটর (সিআরটি)

সিআরটি মনিটরের প্রধান উপকরণ হলো পিকচার টিউব। টিউবের ভেতর দিয়ে লাল, সবুজ ও আসমানি- এ তিনটি মৌলিক বর্ণের ফসফরের আবরণের প্রলেপ থাকে। ইলেকট্রন বিম ফসফরের ওপরে পতিত হলে ফসফরের উজ্জ্বল আলো নির্গত করে। ফসফরের ধরনের ভিত্তিতে মনিটরের পর্দায় প্রদর্শিত বিষয় এক রঙের বা বহু রঙের হতে পারে। সিআরটি মনিটরের ডিসপ্লের উজ্জ্বলতা কম।

খ. ফ্ল্যাট প্যানেল মনিটর

এ ধরনের মনিটরগুলোতে সাধারণত ক্যাথোড রশ্মি টিউবের পরিবর্তে LCD (Liquid Crystal Display) বা LED (Light Emitting Diode) প্রযুক্তি ব্যবহার করা হয়। বর্তমানে ডেস্কটপ, নোটবুক, ল্যাপটপ ইত্যাদিতে ক্যাথোড রশ্মি টিউবের পরিবর্তে এলসিডি প্রযুক্তি ব্যবহার করা হয়।

কম্পিউটারে তথ্য প্রদর্শনের ক্ষুদ্রতম একক	পিক্সেল
ডিসপ্লে স্ক্রিনে প্রদর্শিত ছবির সূক্ষ্মতা	রেজুলেশন
প্রিন্টারের রেজুলেশন পরিমাপক একক	DPI

♦ প্রিন্টার (Printer)

প্রিন্টার কম্পিউটারের একটি আউটপুট ডিভাইস। যে যন্ত্রের সাহায্যে কম্পিউটারে প্রাপ্ত ফলাফল কাগজে ছাপানো যায়, তাকে প্রিন্টার বলে।

- **প্লটার (Plotter)**
প্লটার বিশেষ ধরনের আউটপুট ডিভাইস যা প্রিন্টারের মতোই কাজ করে। মূলত বৃহৎ আকারের ছবি, প্রতীক, মানচিত্র, আর্কিটেকচারাল ডিজাইন, ভবনের নকশা, মানচিত্র ইত্যাদির মুদ্রণ কাজে প্লটার ব্যবহৃত হয়।
- **হেডফোন (Headphone)**
হেডফোন এক ধরনের আউটপুট ডিভাইস। হেডফোনকে ইয়ারস্পিকার, স্টেরিওফোন, ইয়ারফোন বা কথোপকথন ক্যান নামেও অভিহিত করা হয়।
- **স্পিকার (Speaker)**
স্পিকার কম্পিউটারের একটি আউটপুট যন্ত্র যা ইলেকট্রিক সিগন্যালকে শব্দ তরঙ্গে পরিণত করে।
- **মাল্টিমিডিয়া প্রজেক্টর**
প্রজেক্টর একটি ইলেকট্রো-অপটিক্যাল যন্ত্র যার সাহায্যে কম্পিউটারের কোন তথ্য, ছবি, ভিডিও বড় স্ক্রিনে উপস্থাপন করা যায়। বিভিন্ন সভা, সেমিনার, ওয়ার্কশপ, ক্লাশরুম ইত্যাদি ক্ষেত্রে মাল্টিমিডিয়া প্রজেক্টরের ব্যবহার করা হয়।

♦ ইনপুট-আউটপুট পেরিফেরালস

মানুষের ভাষায় উপস্থাপিত তথ্য সংগ্রহ করে কম্পিউটারের ভাষাকে প্রক্রিয়াধীন করে পুনরায় মানুষের ভাষায় উপস্থাপন করার জন্যে যে সকল ডিভাইস ব্যবহার করা হয়, তাদেরকে ইনপুট-আউটপুট পেরিফেরালস বলে। উল্লেখযোগ্য ইনপুট-আউটপুট ডিভাই: টাচস্ক্রিন, টিভি, ডিজিটাল ক্যামেরা, টেপ রেকর্ডার, ভিসিআর, নেটওয়ার্ক কার্ড, মডেম, পাঞ্চকার্ড, ফ্যাক্স, সিডি, ডিভিডি, পেনড্রাইভ।

- **টাচস্ক্রিন (Touch Screen)**
টাচস্ক্রিন একটি Electronic Visual Display যা Display এলাকায় উপস্থিতি শনাক্ত করতে পারে। টাচস্ক্রিন প্রযুক্তির জনক জর্জ স্যামুয়েল হাস্ট।
- **মডেম (Modem):**
কম্পিউটারকে ইন্টারনেটের সংযোগ করার জন্য অথবা কম্পিউটার ও টেলিফোন লাইনের মধ্যে সংযোগ স্থাপন করার জন্য যে যন্ত্রটি ব্যবহৃত হয় তাকে মডেম বলে। Modem শব্দটি Modulator (Mo) ও Demodulator (Dem) নিয়ে গঠিত। ডিজিটাল সিগন্যালকে অ্যানালগ সিগন্যালে রূপান্তর করাকে Modulation এবং অ্যানালগ সিগন্যালকে ডিজিটাল সিগন্যালে রূপান্তর করাকে Demodulation বলে।
- **ডিজিটাল ক্যামেরা (Digital Camera)**
ডিজিটাল ক্যামেরা হলো এমন এক ধরনের ক্যামেরা, যেখানে ফিল্মের পরিবর্তে ইলেকট্রনিক্স ফরম্যাটে ছবি ও ভিডিও সংরক্ষণ করা যায়। এরপর ক্যামেরার সাথে ক্যাবলের মাধ্যমে কম্পিউটারের সংযোগ দিয়ে ধারণকৃত ছবি ও ভিডিও মনিটরের পর্দায় দেখা যায় এবং ইচ্ছামতো সম্পাদনা করা যায়।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. কোনটি আউটপুট ডিভাইস? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক মনিটর খ কীবোর্ড
গ ইউপিএস ঘ প্রিন্টার
উ. ঘ

২. Input device কোনটি? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক মনিটর খ প্রিন্টার
গ মাউস ঘ প্রসেসর
উ. গ

৩. কম্পিউটারের কি-বোর্ড একটি- *[নির্বাচন কমিশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক ইনপুট ডিভাইস খ আউটপুট ডিভাইস
গ ইন্টারনাল ডিভাইস ঘ কোনটিই নয়
উ. ক

৪. কী বোর্ডে কতটি ফাংশন কী থাকে? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক ১০টি খ ১২টি
গ ১৮টি ঘ ৪টি
উ. খ

৫. কোনটি ইনপুট ডিভাইস নয়? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক মাউস খ ওয়েবক্যাম
গ প্রিন্টার ঘ কোনোটিই নয়
উ. গ

৬. প্লটার (Plotter) কোন ধরনের ডিভাইস? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিভিন্ন পদ: ২৩]*
ক ইনপুট খ আউটপুট
গ মেমরি ঘ কোনোটিই নয়
উ. খ

৭. কোনটি ইনপুট ডিভাইস? *[দুদকের কোর্ট পরিদর্শক: ২২]*
ক MICR খ PRINTER
গ PLOTTER ঘ MONITOR
উ. ক

৮. কোনটি আউটপুট ডিভাইসের উদাহরণ? *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক মাউস খ প্রিন্টার
গ হার্ডডিস্ক ঘ পেনড্রাইভ
উ. খ

৯. মুদ্রিত লেখা সরাসরি ইনপুট নেয়ার জন্য ব্যবহৃত হয়? *[হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক OMR খ OCR
গ MICR ঘ Scanner
উ. খ

১০. কোনটি Input Device? *[মৎস্য অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক: ২১]*
ক OMR খ COM
গ Plotter ঘ Monitor
উ. ক

১১. Dot Matrix is a- *[মৎস্য অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক: ২১]*
ক Printer খ Scanner
গ Mouse ঘ Key-board
উ. ক

১২. কোনটি Input Device নয়- *[মৎস্য অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক: ২১]*
ক Mouse খ Key-board
গ Joystick ঘ Monitor
উ. ঘ

১৩. নিচের কোনটি Input device নয়? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*
ক Keyboard খ Mouse
গ Speaker ঘ Scanner
উ. গ

১৪. Webcam কী কাজে লাগে? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*
ক ওয়েবপেজ এ ক্যামেরার ডিজাইন করতে
খ ভিডিও কল করতে
গ Webpage এ ক্যামেরা সার্চ করতে
ঘ কম্পিউটারের সকল যন্ত্র সচল রাখতে
উ. খ

১৫. টাচস্ক্রিন কোন ধরনের ডিভাইস? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক ইনপুট ডিভাইস খ আউটপুট ডিভাইস
গ ইনপুট ও আউটপুট ডিভাইস ঘ কোনটিই নয়
উ. গ

১৬. Who invented QWERTY keyboard? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক Steve Jobs খ Christopher Latham Sholes
গ Brain Sams ঘ Anderson Palimar
উ. খ

১৭. ডট পিচ (Dot Pitch) কে নিচের কোন এককে প্রকাশ করা হয়? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক মিলিমিটার খ সেন্টিমিটার
গ হার্টজ ঘ পিক্সেল
উ. ক

১৮. প্লটার কয় ধরনের? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর:২১]*
ক পাঁচ ধরনের খ তিন ধরনের
গ চার ধরনের ঘ দুই ধরনের
উ. ঘ

১৯. কোন ধরনের প্রিন্টার কাগজের উপর কালি স্প্রে করে? *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*
ক Laser খ Dot Matrix
গ Ink-jet ঘ সবগুলোই
উ. গ

২০. Optical Mark Reader (OMR) আলোর কোন নীতির ভিত্তিতে কাজ করে? *[পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২১]*
ক প্রতিসরণ খ প্রতিফলন
গ প্রতিবিম্ব ঘ ব্যাতিচার
উ. খ

২১. MICR এর পূর্ণরূপ কি? *[মাউশির অফিস সহায়ক: ২১]*
ক Magnetic Ink Character Reader
খ Magnetic Ink Code Reader
গ Magnetic Ink Case Reader ঘ কোনটিই নয় উ. ক

২২. নিচের কোনটি ইনপুট এবং আউটপুট দুটোই? *[রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২১]*
ক মনিটর খ ওয়েব ক্যাস
গ জয় স্টিক ঘ নেটওয়ার্ক কার্ড
উ. ঘ

২৩. বর্তমানে বাংলাদেশে নিচের কোনটিতে MICR Technology ব্যবহৃত হচ্ছে? *[রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২১]*
ক জাতীয় পরিচয় পত্র খ পাসপোর্ট
গ ব্যাংকের চেকবই ঘ সবগুলো
উ. গ

২৪. সরাসরি মুদ্রিত পাঠ্য ইনপুট করতে নিম্নের কোন ডিভাইসটি ব্যবহার করা যেতে পারে? *[রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর:২১]*
ক OCR খ OMR
গ MICR ঘ OEMC
উ. ক

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

২৫.নিচের কোনটি ইনপুট ডিভাইস? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটর: ২১]*

ক OMR খ COM
গ plotter ঘ Monitor **উ. ক**

২৬.মাউস কী রকম ডিভাইস? *[ক্রীড়া পরিদপ্তরের কম্পিউটার অপারেটর: ১৯]*

ক ইনপুট ডিভাইস খ আউটপুট ডিভাইস
গ অভ্যন্তরীণ ডিভাইস ঘ বহিরাগত ডিভাইস **উ. ক**

২৭.কম্পিউটারের হার্ড ডিস্ক কি ধরনের মেমোরি? *[পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী: ১৯]*

ক প্রাথমিক মেমোরি খ চার্য কাপল মেমোরি
গ প্রধান মেমোরি ঘ সহায়ক মেমোরি **উ. ঘ**

২৮.The printed output from a computer is called- *[কর্মসংস্থান ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ২২]*

ক Copy খ Soft copy
গ Hard Copy ঘ Paper **উ. গ**

২৯.কোনগুলো ইনপুট ডিভাইসের উদাহরণ? *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*

ক মাউস, ওয়েবক্যাম খ কী-বোর্ড, প্রসেসর
গ মাউস, প্রিন্টার ঘ কী-বোর্ড, স্পিকার **উ. ক**

৩০.সাধারণত হার্ডডিস্ক ড্রাইভ নির্দেশ করা হয়- *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*

ক C বর্ণ দ্বারা খ B বর্ণ দ্বারা
গ C^{++} বর্ণ দ্বারা ঘ কোনটিই নয় **উ. ক**

৩১.নিচের কোনটি স্ক্যান করা টেক্সটকে এডিটেবল টেক্সটে রূপান্তর করতে পারে? *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*

ক Image Scanner খ OCR
গ OMR ঘ সবগুলোই **উ. খ**

৩২.পিকচার ইলিমেন্টের সংক্ষিপ্ত রূপ- *[রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২১]*

ক পিকমেন্ট খ আইকন
গ পিক্সেল ঘ কার্সর **উ. গ**

৩৩.নিচের কোনটি ইনপুট ডিভাইস? *[সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ১৯]*

ক মনিটর খ প্রিন্টার
গ সিপিইউ ঘ কীবোর্ড **উ. ঘ**

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. কম্পিউটারের ২টি ইনপুট ও ২টি আউটপুট ডিভাইসের নাম লিখুন। *[পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

উ. ইনপুট: কী-বোর্ড, মাউস; আউটপুট: মনিটর, প্রিন্টার।

প্র. ল্যাপটপের কোন অংশটি মাউসের কাজ করে? *[ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

উ. টাচ প্যাড।

প্র. দুটি ইনপুট ডিভাইসের নাম লিখুন: *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের উপজেলা ব্যবস্থাপক: ২৩]*

উ. মাউস, কী-বোর্ড

প্র. প্রিন্টারের রেজুলেশন পরিমাপের একক কি? *[পরিবেশ অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

উ. Dots Per Inch (DPI)।

প্র. একটি কী-বোর্ডে কয়টি ফাংশন কী থাকে? *[পরিবেশ অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

উ. ১২টি।

প্র. কী-বোর্ডে কয়টি অল্টার কী থাকে? *[তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

উ. ২টি।

প্র. পূর্ণরূপ লিখুন: OMR, LED *[বাংলাদেশ শিশু একাডেমির কম্পিউটার অপারেটর: ২৩]*

উ. **OMR**- Optical Mark Recognition/Reader.
LED- Light Emitting Diode.

প্র. OCR এর পূর্ণরূপ লিখুন। *[রপ্তানি উন্নয়ন ব্যুরোর কম্পিউটার অপারেটর:২৩]*

উ. Optical Character Recognition.

প্র. কম্পিউটারের দুইটি হার্ডওয়্যারের নাম লিখুন। *[বন অধিদপ্তরের (বরিশাল) ফরেস্ট গার্ড: ২৩]*

উ. কী-বোর্ড, মাউস

প্র. কম্পিউটার প্রিন্টার কি ধরনের ডিভাইস? *[নৌ-পরিবহন কর্তৃপক্ষের বিভিন্ন পদ: ২৩]*

উ. আউটপুট ডিভাইস।

প্র. কোন কম্পিউটার ডিভাইস একই সাথে ইনপুট ও আউটপুট হিসেবে কাজ করতে পারে? *[বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ডাটা এন্ট্রি:২০]*

উ. টাচ স্ক্রিন

প্র. তিনটি আউটপুট ডিভাইসের নাম লিখো। *[জাতীয় নদী রক্ষা কমিশনের কম্পিউটার অপারেটর: ১৯]*

উ. তিনটি আউটপুট ডিভাইসের নাম-
১. মনিটর ২. প্রিন্টার ৩. প্লটার।

সফটওয়্যার

♦ সফটওয়্যার

সফটওয়্যার হলো কতকগুলো প্রোগ্রাম বা প্রোগ্রামের সমষ্টি, যা হার্ডওয়্যারকে কর্মক্ষম করে প্রক্রিয়াকরণের মাধ্যমে ব্যবহারকারীর কাঙ্ক্ষিত ফলাফল প্রদান করে। সফটওয়্যার ছাড়া প্রোগ্রাম পরিচালনা করা অসম্ভব। ১৯৫৮ সালে John W. Tukey সফটওয়্যার শব্দটি প্রথম ব্যবহার করেন। DOS, Windows, MS Office, Adobe Photoshop, Video Player, Pagemaker ইত্যাদি সফটওয়্যারের উদাহরণ।

• কম্পিউটার প্রোগ্রাম (Computer Program)

কোন সমস্যাকে কম্পিউটারের ভাষায় সমাধানের উদ্দেশ্যে সম্পাদনের ধারাবাহিক সাজানো কমান্ড বা নির্দেশকে কম্পিউটার প্রোগ্রাম বলে।

• হার্ডওয়্যার ও সফটওয়্যারের সম্পর্ক

সমস্যা সমাধান বা কার্য সম্পাদনের উদ্দেশ্যে কম্পিউটারের ভাষায় ধারাবাহিকভাবে সাজানো নির্দেশমালাকে প্রোগ্রাম বলে। প্রোগ্রাম বা প্রোগ্রাম সমষ্টি যা কম্পিউটারের

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

হার্ডওয়্যার ব্যবহারকারীর মধ্যে সম্পর্ক সৃষ্টির মাধ্যমে হার্ডওয়্যারকে কর্মক্ষম রাখে, তাকে সফটওয়্যার বলে। হার্ডওয়্যার হলো কম্পিউটারের দেহ আর সফটওয়্যার হলো কম্পিউটারর প্রাণ। সফটওয়্যার অদৃশ্য শক্তি এবং একে ধরা বা ছোঁয়া যায় না। অন্যদিকে হার্ডওয়্যার হলো কম্পিউটারের ভৌত কাঠামো। কম্পিউটারের সফটওয়্যারকে মূলত ২ ভাগে ভাগ করা যায়। যথা: সিস্টেম সফটওয়্যার ও অ্যাপ্লিকেশন সফটওয়্যার।

- **সিস্টেম সফটওয়্যার (System Software)**

কম্পিউটারকে সঠিকভাবে পরিচালনা ও নিয়ন্ত্রণের জন্য যে সকল প্রোগ্রাম বা প্রোগ্রাম সমষ্টি দরকার তাদেরকে সিস্টেম সফটওয়্যার বলে। সিস্টেম সফটওয়্যার কম্পিউটারের বিভিন্ন ইনপুট-আউটপুট ডিভাইসের মধ্যে কাজের সমন্বয় রক্ষা করে ব্যবহারিক প্রোগ্রাম চালনার জন্য কম্পিউটারকে তৈরি রাখে। DOS, Linux, Unix, Windows XP, Mac OS, Solaries ইত্যাদি সিস্টেম সফটওয়্যার।

- **অ্যাপ্লিকেশন সফটওয়্যার**

ব্যবহারকারী যে সকল সফটওয়্যার ব্যবহার করে ব্যবহারিক সমস্যা সমাধান বা ডেটা প্রক্রিয়াকরণের কাজ করতে পারে তাকে অ্যাপ্লিকেশন প্রোগ্রাম বা ব্যবহারিক সফটওয়্যার বলা হয়। যেমন: ওয়ার্ড প্রসেসিং সফটওয়্যার (Word Star, Word Perfect, Ms-Word, Word Note); স্প্রেডসিট অ্যানালাইসিস সফটওয়্যার (MS Excel, Quattro Pro, Lotus 1-2-3); ডেটাবেস সফটওয়্যার (Foxpro, Oracle, Informix, MS Access, dBase); গ্রাফিক্স সফটওয়্যার (Adobe Photoshop, MS Power Point, CorelDRAW, Adobe Illustrator); ফাইল কমপ্রেশন সফটওয়্যার (WinZip, WinRAR, 7 Zip, Pea Zip); মাল্টিমিডিয়া সফটওয়্যার: MS Power Point, Windows Media Player, VLC Player, KM player)।

- **অপারেটিং সিস্টেম (Operating System)**

কম্পিউটারকে স্বয়ংক্রিয়ভাবে পরিচালনা ও নিয়ন্ত্রণের জন্য যে প্রোগ্রাম বা প্রোগ্রাম সমষ্টি ব্যবহার করা হয় তাকে অপারেটিং সিস্টেম বলে। ১৯৫১ সালে জেনারেল মটর রিসার্চ ল্যাবরেটরি কর্তৃক IBM কর্পোরেশনের জন্য সর্বপ্রথম অপারেটিং সিস্টেম আবিষ্কৃত হয়। এটি তখন 'ইউনিভ্যাক-১' নামের মেইনফ্রেম কম্পিউটারে ব্যবহার করা হতো। কয়েকটি অপারেটিং সিস্টেম হলো: MS DOS, PC DOS, MS Windows, Unix, Linux, OS/2, Mac Os, Ms Window NT, Be Os, Android, Symbian, AIX, XENIX, Sunsolaries.

- **ডস (DOS- Disk Operating System)**

ডস একটি বর্ণভিত্তিক অপারেটিং সিস্টেম। যুক্তরাষ্ট্রের মাইক্রোসফট কর্পোরেশন ১৯৮১ সালে DOS অপারেটিং সিস্টেম উদ্ভাবন করে। মাইক্রোসফট কর্পোরেশন MS DOS এবং আইবিএম কোম্পানি PC DOS তৈরি করেন। এ দুটি ছিল ১৬ বিটের অপারেটিং সিস্টেম।

- **উইন্ডোজ (Windows)**

উইন্ডোজ আমেরিকার মাইক্রোসফট কর্পোরেশন এর তৈরি অপারেটিং সিস্টেম। ১৯৮৫ সালে সর্বপ্রথম Windows তৈরি হয়।

- **ইউনিক্স (UNIX)**

মাল্টি টাস্কিং টাইম শেয়ারিং ও মাল্টি ইউজার অ্যাপ্লিকেশনের জন্য ইউনিক্স একটি কার্যকরী অপারেটিং সিস্টেম। এটি ১৯৭০ সালের শুরুর দিকে কেন থমসন ও ডেনিস রিসি বেল ল্যাবরেটরিতে হাই লেভেল ল্যাঙ্গুয়েজ সি (C) ভাষার মাধ্যমে তৈরি করেন।

- **লিনাক্স (LINUX)**

লিনাক্স ওপেন সোর্স কোডভিত্তিক ওপেন সোর্স অপারেটিং সিস্টেম। ১৯৯০ সালে লিনাস টারভোভাস লিনাক্স তৈরি করেন।

- **ম্যাক ওএস (Mac OS- Macintosh Operating System)**

১৯৮৪ সালে অ্যাপল (Apple) কোম্পানি তাদের অ্যাপল মেকিনটোশ কম্পিউটারসমূহে ব্যবহারের জন্য Mac OS তৈরি করেন। এটি চিত্রভিত্তিক অপারেটিং সিস্টেম।

- **ওএস/২ (OS/2)**

ওএস/২ অপারেটিং সিস্টেম আইবিএম ও মাইক্রোসফটের যৌথ উদ্যোগে তৈরি হয়। প্রথম সংস্করণ আসে ১৯৮৭ সালে।

কয়েকটি ওপেন সোর্স অপারেটিং সিস্টেমের নির্মাতা প্রতিষ্ঠান	
প্রতিষ্ঠান/ব্যক্তি	অপারেটিং সিস্টেম
Canonical Ltd	Ubuntu
Apple	Lisa
Linus Torvalds	Linux
Sun Microsystems	OpenSolaris
Berkeley Software Distribution (BSD)	FreeBSD
Haiku Inc	Haiku

কয়েকটি Closed Source Operating System এর স্বত্ত্বাধিকারী প্রতিষ্ঠান	
স্বত্বাধিকারী	অপারেটিং সিস্টেম
Microsoft Corporation	MS DOS, WINDOS 95/98/XP/Vista, 7/10
IBM	AIX-UNIX
Hewlett-Packard (HP)	HP-UNIX
Bell labs	UNIX
Sun Microsystems	Solaris
IBM & Microsoft	OS2
Apple	Mac OS
Be Inc.	BeOS

কয়েকটি স্মার্টফোন অপারেটিং সিস্টেমের মালিকানা প্রতিষ্ঠান		
প্রতিষ্ঠান	অপারেটিং সিস্টেম	ধরন
Palm Inc.	Palm OS	Closed Source
Google Corp.	Android	Open Source
Apple Inc.	iOS	Closed Source

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

Microsoft Corporation	Windows Phone	Closed Source
Black Berry	Blackberry OS	Closed Source
Nokia	Symbian	Closed Source
Samsung	Bada	Mixed (open+closed)
Huawei	Harmony OS	Open

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. নিচের কোনটি System Software নয়? *[এলজিইডি'র কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক Linux খ Android
গ Mozilla Firefox ঘ Apple IOS উ. গ

২. কোনটি মাইক্রোসফটের প্রথম প্রোগ্রাম? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের হিসাবরক্ষক: ২২]*
ক Windows XP খ Windows 98
গ Windows 7 ঘ MS DOS উ. ঘ

৩. নিচের কোনটি বাংলা টাইপ ও কম্পোজ সফটওয়্যার? *[কর্মসংস্থান ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ২২]*
ক হিরো খ বিজয়
গ রাখি ঘ আনন্দ উ. খ

৪. অফিস ব্যবস্থাপনা সফটওয়্যার হিসেবে আমরা মাইক্রোসফট অফিস ব্যবহার করি। এটি কোন ধরনের সফটওয়্যার? *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক সিস্টেম সফটওয়্যার খ ওয়েবসাইট সফটওয়্যার
গ অ্যাপ্লিকেশন সফটওয়্যার ঘ ডেটাবেজ সফটওয়্যার উ. গ

৫. কোনটি অপারেটিং সিস্টেম নয়- *[মৎস্য অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক: ২১]*
ক MS word খ DOS
গ CP/M ঘ XENIX উ. ক

৬. নিচের কোনটি Application package? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*
ক DOS খ LOTUS
গ LINUS ঘ UBUNTU উ. খ

৭. Which one is an application package? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক DOS খ Lotus
গ Linux ঘ Ubuntu উ. খ

৮. নিচের কোন সিস্টেমটি IMB তৈরি করেছে? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক OS-2 খ Windows
গ Dos ঘ UNIX উ. ক

৯. এমএস ওয়ার্ড কি ধরনের সফটওয়্যার? *[জনস্বাস্থ্য অধিদপ্তরের ক্লার্ক কাম টাইপিস্ট: ২১]*
ক Application Software খ System Software
গ Database Software ঘ OS উ. ক

১০. GUI এর পূর্ণরূপ কী? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের ল্যাবরেটরি সহকারী: ২১]*
ক Graphical User Instrument
খ Graphical Unified Interface
গ Graphical User Interface
ঘ Graphical United Instrument উ. গ

১১. Mail merge কোন ধরনের সফটওয়্যার দিয়ে করা যায়? *[পেট্রোবাংলার হিসাব সহকারী: ১৯]*
ক MS Word খ MS Excel
গ MS PowerPoint ঘ MS Outlook উ.ক

১২. নিচের কোনটি অ্যাপ্লিকেশন সফটওয়্যার নয়? *[সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ১৯]*
ক Windows NT খ Page Maker
গ Photoshop ঘ Paint উ. ঘ

১৩. কোন কম্পিউটার সফটওয়্যার কোম্পানি স্প্রেডশিট, ওয়ার্ড, এবং পাওয়ার পয়েন্টের মতো প্রোগ্রামগুলোকে তৈরি করেছে? *[ক্রীড়া পরিদপ্তরের কম্পিউটার অপারেটর: ১৯]*
ক IBM খ Apple
গ Dell ঘ Microsoft উ. ঘ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. সফটওয়্যার কাকে বলে? কত প্রকার ও কী কী? *[মন্ত্রিপরিষদ বিভাগের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*
উ. সফটওয়্যার হলো কতকগুলো প্রোগ্রাম বা প্রোগ্রামের সমষ্টি, যা হার্ডওয়্যারকে কর্মক্ষম করে প্রক্রিয়াকরণের মাধ্যমে ব্যবহারকারীর কাঙ্ক্ষিত ফলাফল প্রদান করে। কম্পিউটারের সফটওয়্যারকে প্রধানত ২ ভাগে ভাগ করা যায়। যথা: সিস্টেম সফটওয়্যার (System Software) ও অ্যাপ্লিকেশন সফটওয়্যার (Application Software)।

প্র. কম্পিউটার পরিভাষায় GUI শব্দটির পূর্ণরূপ কী? *[যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
উ. Graphical User Interface.

প্র. পূর্ণরূপ লিখুন: DOS *[পরিবেশ অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*
উ. Disk Operating System.

প্র. লিনাক্স (LINUX) কী? *[পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা এন্ট্রি অপারেটর:২৩]*
উ. মাল্টি টাস্কিং ওপেন সোর্স অপারেটিং সিস্টেম সফটওয়্যার।

প্র. UNIX কি? *[বিভাগীয় কমিশনারের কার্যালয় (রংপুর) এর কম্পিউটার অপারেটর: ২৩]*
উ. মাল্টি টাস্কিং টাইম শেয়ারিং ও মাল্টি ইউজার অপারেটিং সিস্টেম।

প্র. ৪টি অপারেটিং সিস্টেমের নাম লিখুন। *[পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*
উ. Windows, Linux, MacOS, Unix.

প্র. হার্ডওয়্যার ও সফটওয়্যার কী? *[পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*
উ. হার্ডওয়্যার: কম্পিউটারের বিভিন্ন যন্ত্রাংশকে হার্ডওয়্যার বলে। যেমন: মাউস, প্রসেসর, মনিটর, কী-বোর্ড প্রভৃতি।
সফটওয়্যার: কম্পিউটারের বিভিন্ন প্রোগ্রামের সমষ্টিকে সফটওয়্যার বলে।

প্র. কম্পিউটারে বহুল ব্যবহৃত ৩টি অ্যান্টিভাইরাস সফটওয়্যারের নাম লিখুন। *[বাংলাদেশ শিশু একাডেমির কম্পিউটার অপারেটর: ২৩]*
উ. Norton, McAfee, Avast.

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

প্র. BIOS এর পূর্ণরূপ কী? *[কাস্টম হাউস (আইসিডি, ঢাকা) এর কম্পিউটার অপারেটর: ২৩]*

উ. Basic Input Output System.

প্র. কম্পিউটার বায়োস (BIOS) কী? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের উপজেলা ব্যবস্থাপক: ২৩]*

উ. BIOS রম চীপের ফার্মওয়্যার যাতে কম্পিউটার বুট হওয়ার জন্য নির্দেশনাগুলো দেওয়া থাকে। কম্পিউটার চালু হওয়ার সাথে সাথে প্রথম চালু হয় BIOS.

প্র. ডিবাগিং (Debugging) কী? *[পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

উ. প্রোগ্রামের ত্রুটিকে বলা হয় বাগ। ত্রুটি খুঁজে বের করে তা দূর করাকে বলে ডিবাগিং।

প্র. দুইটি কম্পিউটার অপারেটিং সিস্টেম এর নাম লিখুন। *[কাস্টম হাউস (আইসিডি, ঢাকা) এর অফিস সহায়ক: ২৩]*

উ. MS-DOS, MacOS

প্র. 'Ubuntu' কী? *[জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এর কম্পিউটার অপারেটর: ২১]*

উ. Ubuntu হচ্ছে একটি ওপেন সোর্স অপারেটিং সিস্টেম।

প্র. ওরাকল কোন ধরনের প্রোগ্রাম? *[বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ডাটা এন্ট্রি: ২০]*

উ. ডাটাবেস প্রোগ্রাম।

প্র. MS Power Point কোন ধরনের Software? *[বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ডাটা এন্ট্রি: ২০]*

উ. প্রেজেনটেশন সফটওয়্যার।

প্র. দুটি সফটওয়্যারের নাম লিখো। *[বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ডাটা এন্ট্রি: ২০]*

উ. দুটি সফটওয়্যারের নাম- Linux, Adobe Photoshop.

উইন্ডোজ

♦ উইন্ডোজ (Windows)

মাইক্রোসফট কর্পোরেশনের উইন্ডোজ একটি অপারেটিং সিস্টেম। কম্পিউটারের সি ড্রাইভে এর অবস্থান। সি ড্রাইভ এক ধরনের ড্রাইভ যেখানে By Default অপারেটিং সিস্টেম ইন্সটল হয়।

♦ ডেস্কটপ (Desktop)

কম্পিউটার চালু করার পর উইন্ডোজে যে প্রাথমিক স্ক্রিন প্রদর্শিত হয় তাকে ডেস্কটপ বলে। ডেস্কটপের বিভিন্ন অবজেক্ট-

- **My Document (অবস্থান সি ড্রাইভ)**
  ডিফল্ট সেটিং অনুসারে এ ফোল্ডারে ডকুমেন্ট এবং অন্যান্য ফাইল সংরক্ষিত হয়।
- **My Computer (অবস্থান সি ড্রাইভ)**
  My Computer আইকনে ডাবল ক্লিক করলে মাই কম্পিউটার ফোল্ডার খুলে যায়। এ ফোল্ডারে বিভিন্ন ধরনের ড্রাইভ (যেমন ফ্লপি ডিস্ক, হার্ড ডিস্ক, সিডি ড্রাইভ, ডিভিডি ইত্যাদি) থাকে।
- **Control Panel (অবস্থান সি ড্রাইভ)**
  Control Panel হলো উইন্ডোজ অপারেটিং সিস্টেমের একটি অপশন যার মাধ্যমে ব্যবহারকারী নিজের সুবিধামত সিস্টেম সেটিং এবং কন্ট্রোল সেটিং পরিবর্তন করতে পারে।
- **Hard Disk (অবস্থান সি ড্রাইভ)**
  হার্ডডিস্কে সাধারণত কম্পিউটারের অপারেটিং সিস্টেম ইনস্টল করা হয়। এটি ইংরেজি অক্ষর C দ্বারা নির্দেশিত হয়। একটি কম্পিউটারে একাধিক হার্ডডিস্ক থাকতে পারে।
- **Task bar and Start menu**
  উইন্ডোজ অপারেটিং সিস্টেমের গুরুত্বপূর্ণ সংযোজন হচ্ছে Task bar। এটি ডেস্কটপের একেবারে নিচের একটি সারিতে অবস্থিত। টাস্কবারের প্রধান বা একেবারে বাম প্রান্তে অবস্থিত স্টার্ট (Start) বাটনটি হচ্ছে ডেস্কটপ থেকে সরাসরি কোন কাজ শুরু করার প্রধান কৌশল।
- **রিসাইকেল বিন (Recycle Bin)**
  রিসাইকেল বিনে প্রাথমিকভাবে কম্পিউটারে মুছে ফেলা সব ফাইল ও ফোল্ডার থাকে। কম্পিউটারের কোন কিছু মুছে ফেললে প্রাথমিকভাবে তা রিসাইকেল বিনে জমা থাকে। প্রয়োজনবোধে এখান থেকে আবার ফাইলগুলো আগের অবস্থানে ফেরত পাঠানো (Restore) যায়।

♦ ওয়ার্ড প্রসেসিং সফটওয়্যার

কম্পিউটারের সফটওয়্যারের সাহায্যে কোন ডকুমেন্ট লেখালেখি, সম্পাদনা, সংরক্ষণ করে প্রয়োজনানুযায়ী সুসজ্জিত করে প্রিন্ট করাকে ওয়ার্ড প্রসেসিং বলে। যে সব সফটওয়্যার বা প্রোগ্রামের মাধ্যমে ওয়ার্ড প্রসেসিংয়ের কাজ হয়, তাদের ওয়ার্ড প্রসেসর প্রোগ্রাম বলে। বহুল ব্যবহৃত কয়েকটি ওয়ার্ড প্রসেসর প্যাকেজের নাম-

১. মাইক্রোসফট ওয়ার্ড (Microsoft Word)
২. ওয়ার্ড পারফেক্ট (Word Perfect)
৩. ওয়ার্ড স্টার (Word Star)
৪. ল্যাটেক্স (Latex)
৫. পিএফএস রাইট (PFS Write)
৬. নোট প্যাড (Note Pad)
৭. ম্যাক রাইট (Mac Write)
৮. ওয়ার্ড প্যাড (Word Pad)
৭. লোটাস ওয়ার্ডপ্রো (Lotus Wordpro)
৮. ডক্স রাইটার (Dox Writer)
৯. ডিসপ্লে রাইটার (Display Writer)
১০. ওপেন অফিস রাইটার (Open Office Writer)

♦ বাংলা ওয়ার্ড প্রসেসিং

উল্লেখযোগ্য কিছু বাংলা ইন্টারফেস হচ্ছে বিজয়, লেখনী, প্রশিকা, প্রবর্তন ইত্যাদি।

- **বিজয় কী বোর্ড**
  বিজয় কী বোর্ড হলো প্রযুক্তি উদ্যোক্তা মোস্তফা জব্বার কর্তৃক উদ্ভাবনকৃত উইন্ডোজ, ম্যাকওএস এবং লিনাক্সে ইউনিকোড ও এএনএসআই সমর্থিত বাংলা লেখার

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

সফটওয়্যার। এটি সবচেয়ে বেশি ব্যবহৃত বাংলা লেখার সফটওয়্যার। বিজয় কী-বোর্ডের প্রথম সংস্করণ প্রকাশিত হয় ১৬ ডিসেম্বর ১৯৮৮ সালে।

- **অভ্র কী-বোর্ড**

অভ্র কী-বোর্ড হলো মাইক্রোসসফট উইন্ডোজ, ম্যাকওএস, লিনাক্স, অ্যান্ড্রয়েড এর জন্য গ্রাফিক্যাল কী-বোর্ড সফটওয়্যার। এটি ইউনিকোড ও এএনএসআই সমর্থিত বাংলা লেখার জন্য বিনামূল্যের ও মুক্ত সফটওয়্যার। ময়মনসিংহ মেডিকেল কলেজের ছাত্র মেহেদী হাসান খান ২০০৩ সালে অভ্র কী-বোর্ড তৈরির কাজ শুরু করেন। ২০০৭ সালে অভ্র কী বোর্ড পোর্টেবল এডিশন বিনামূল্যের ব্যবহারের জন্য উন্মুক্ত হয়।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. কোনটি ওয়ার্ড প্রসেসিং সফটওয়্যার নয়? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*

ক MS Word খ MS Excel
গ Word Star ঘ Latex

উ. খ

২. Windows System এর সহিত কার নাম জড়িত? *[এনএসআই এর ওয়্যারলেস অপারেটর/ হিসাবরক্ষক: ২১]*

ক Steve Wonder খ Steve Job
গ Bill Gate ঘ Darwin

উ. গ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. বাংলা ফন্টের উদ্ভাবক কে? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের উপজেলা ব্যবস্থাপক: ২৩]*

উ. মোস্তফা জব্বার।

প্র. দুটি ইংরেজি ফন্ট ও দুটি বাংলা ইউনিকোড ফন্টের নাম লিখুন। *[মন্ত্রিপরিষদ বিভাগের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

উ. ডকুমেন্টের বর্ণ বা অক্ষর, যতি চিহ্ন, সংখ্যা, গাণিতিক চিহ্ন লেখার ধরন বা স্টাইলকে ফন্ট বলে। দুটি ইংরেজি ফন্ট- Times New Roman, Sans Serif ও দুটি বাংলা ইউনিকোড ফন্ট- Ekushey Bangla, Ekushey Saraswatii

প্র. বাংলা টাইপিং এর জন্য প্রচলিত সফটওয়্যারের নাম লিখুন। *[জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুরের হিসাব সহকারী: ২৩]*

উ. বিজয়, অভ্র।

এমএস ওয়ার্ড উইন্ডো

◆ **এমএস ওয়ার্ড**

এমএস ওয়ার্ড ২০০০ চালু করার পর মনিটরের পর্দায় একটি উইন্ডো দেখা যায়। এটিকে এমএস ওয়ার্ড ডকুমেন্ট উইন্ডো বলে। এমএস ওয়ার্ডের বিভিন্ন Bar সমূহ:

- **টাইটেল বার (Title Bar)**

এমএস ওয়ার্ড ডকুমেন্টে উইন্ডোজের সর্ব শীর্ষে এই বার অবস্থান করে। এমএস ওয়ার্ডের টাইটেল বারে সব সময় Microsoft Word লেখা থাকে এবং এই লেখার বাম দিকে ফাইলের নাম লেখা থাকে।

- **মেনু বার (Menu Bar)**

টাইটেল বারের নিচের লাইনে যেখানে File, Edit, View, Insert, Format, Tools, Table, Window, Help ইত্যাদি লেখা থাকে তাকে মেনু বার বলে।

- **টুল বার (Toolbar)**

মেনুবারের নিচের দিকে কতগুলো ছোট ছোট আইকন দেখা যায়। এরূপ কতগুলো আইকন একত্রে টুল বারে প্রদর্শিত হয়। টুলবারের সাহায্য নিয়ে এমএস ওয়ার্ডের অধিকাংশ কাজ অনায়াসে সম্পন্ন করা যায়। এম এস ওয়ার্ড ২০০০-এ বিভিন্ন রকম টুলবার আছে।

- **স্ক্রলবার (Scroll Bar)**

এম এস ওয়ার্ড উইন্ডোর নিচে এবং ডান পার্শ্বে দুইটি বার থাকে। এই বার দুইটিকে স্ক্রলবার বলে।

◆ **ডকুমেন্ট (Document)**

ডকুমেন্ট শব্দের সাধারণ অর্থ প্রমাণ-দলিল, প্রমাণপত্র, দলিলপত্র ইত্যাদি। টাইম সেটিং করে বা টাইপিং এর মাধ্যমে কাগজ কিংবা মনিটরের পর্দায় উপস্থাপন করা যায় এমন সবকিছুকে ডকুমেন্ট বলে। চিঠিপত্র, বায়োডেটা, রিপোর্ট, বই, মেমো, নথিপত্র ইত্যাদি সবই ডকুমেন্টের আওতায় পড়ে।

অ্যালাইনমেন্ট	তথ্য প্রবাহ
Left Alignment	ক্লিক করলে স্ক্রিনে প্রদর্শিত টেক্সটগুলো বামদিকে সমান হলেও ডানদিক অসমান হয়।
Right Alignment	ক্লিক করলে স্ক্রিনের প্রদর্শিত টেক্সটগুলো ডানদিকে সমান হলেও বামদিকে অসমান হয়।
Center Alignment	ক্লিক করলে স্ক্রিনে প্রদর্শিত টেক্সটগুলো মাঝে অবস্থান করে এবং ডানে ও বামে সমান ফাঁকা থাকে।
Justify Alignment	ক্লিক করলে স্ক্রিনে প্রদর্শিত টেক্সটগুলো ডানে ও বামে সমান হয়ে যায়।

এম এস ওয়ার্ডে লেখা ডিলিট করার নিয়ম	
কী (Key)	লেখা মুছার দিক
Backspace	কার্সরের বামদিক থেকে
Delete	কার্সরের ডানদিক থেকে
Insert	কার্সরের ডানের লেখা

◆ **পেজ সেটআপ (Page Setup)**

কাগজের মাপ কি হবে, মার্জিন কতটুকু ছেড়ে হবে, কাগজে কিভাবে লেখা উপস্থিত হবে তা Page Setup-এ নির্ধারণ করা হয়। ডকুমেন্টের লেখা শুরু করার পূর্বে প্রথমে পেজ সেটআপ করে নিতে হয়।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

- **পেজ লেআউট (Page Layout)**
পেজ লেআউট একটি পেজের মধ্যে থাকা টেক্সট, ইমেজ, পেজ মার্জিন ও অন্যান্য অবজেক্টের সাজানো অবস্থানকে নির্দেশ করে।

- **পেজ ওরিয়েন্টেশন (Page Orientation)**
ডকুমেন্ট আড়াআড়ি কিংবা লম্বালম্বি হবে কি না তা নির্ধারণ করে পেজ ওরিয়েন্টেশন। পেজ ওরিয়েন্টেশন সাধারণ দুই ধরনের হয়। যথা: Portrait ও Landscape.

- **নতুন পৃষ্ঠা তৈরি (Page Break)**
ডকুমেন্টের যেখানে নতুন পৃষ্ঠা তৈরি করতে হবে কার্সর সে স্থানে নিয়ে মেনু বারের Insert→ Break→ Page Break নির্দেশ দিলে কার্সরের অবস্থানে নতুন পৃষ্ঠা তৈরি হয়।

- **পৃষ্ঠা নম্বর (Page Number) দেয়া**
বড় কোন ডকুমেন্টে পৃষ্ঠা নম্বর দিতে হলে ডকুমেন্ট ওপেন করে ইনসার্ট ট্যাবের হেডার (Header) এবং ফুটার (Footer) প্যানেল কিংবা গ্রুপের পেজ নম্বরের ডানে অবস্থিত ড্রপ ডাউন অ্যারো ক্লিক করতে হয়।

- **মেনু (Menu)**
মেনু ইন্টারফেসে ব্যবহৃত গ্রাফিক্যাল নিয়ন্ত্রণ উপাদান। মাইক্রোসফট ওয়ার্ডে মেনুর সংখ্যা ৯টি। যথা:
১. ফাইল মেনু (File Menu)
২. এডিট মেনু (Edit Menu)
৩. ইনসার্ট মেনু (Insert Menu)
৪. টেবিল মেনু (Table Menu)
৫. ভিউ মেনু (View Menu)
৬. ফরমেট মেনু (Format Menu)
৭. টুলস মেনু (Tools Menu)
৮. উইন্ডো মেনু (Window Menu)
৯. হেল্প মেনু (Help Menu)

ফাইল মেনুর অন্তর্ভুক্ত বিভিন্ন সাব-মেনুর ব্যবহার		
সাব মেনু	শর্টকাট	ব্যবহার
New	Ctrl + N	নতুন পেজ তৈরি
Open	Ctrl + O	নতুন ডকুমেন্ট খোলা
Close	Ctrl + W	সচল ফাইল বন্ধ করা
Print	Ctrl + P	ডকুমেন্ট প্রিন্ট করা
Exit	Alt + F4	মাইক্রোসফট ওয়ার্ড থেকে বের হওয়া

এডিট মেনুর অন্তর্ভুক্ত বিভিন্ন সাব-মেনুর ব্যবহার		
সাব মেনু	শর্টকাট	ব্যবহার
Undo	Ctrl + Z	পূর্বের অবস্থায় ফিরে যেতে
Redo	Ctrl + Y	ভুলবশত আনডু করে পনুরায় পূর্বের অবস্থায় ফিরে আসতে।
Cut	Ctrl + X	লেখাকে কাট করা
Copy	Ctrl + C	কপি করা
Paste	Ctrl + V	পেস্ট করা
Find	Ctrl + F	লেখা খোঁজা
Select All	Ctrl + A	সবগুলো লেখা বা ছবি সিলেক্ট করা
Go To	Ctrl + G	ডকুমেন্টের এক স্থান থেকে অন্য স্থানে যেতে।

- **ফন্ট (Font)**
ডকুমেন্টের বর্ণ বা অক্ষর, যতি চিহ্ন, সংখ্যা, গাণিতিক চিহ্ন লেখার ধরন বা স্টাইলকে ফন্ট বলে। Times New Roman, SutonnyMJ, Arial, Bookman Old Style, Impact, Courier New ইত্যাদি বিভিন্ন ধরনের ফন্ট।

√ কোন পেজের উপরের মার্জিনের ফাঁকা জায়গাকে Header নিচের মার্জিনের ফাঁকা জায়গাকে Footer বলে।

- **মেইল মার্জ (Mail Merge)**
মাইক্রোসফট ওয়ার্ডে একই চিঠিকে চাহিদানুযায়ী কয়েকটি ঠিকানায় একসাথে পাঠানোর উপযোগী করাকে মেইল মার্জ বলে। মেইল মার্জ করতে বা একই চিঠি বিভিন্ন ঠিকানায় কপি সংযুক্ত করে পাঠাতে এ মেইল মার্জ (Mail Merge) মেনু ব্যবহার করা হয়ে থাকে।

Shortcut Commands (Word, Excel)	
শর্টকাট কী	ব্যবহার
Ctrl + A	ডকুমেন্টের সব ডেটা সিলেক্ট করতে
Ctrl + B	লেখাকে বোল্ড করতে
Ctrl + C	কপি (Copy) করতে
Ctrl + D	ফন্ট পরিবর্তনে ডায়ালগ বক্স প্রদর্শন
Ctrl + E	Center Alignment
Ctrl + F	শব্দ খুঁজতে
Ctrl + G	ডকুমেন্টের এক স্থান থেকে অন্য স্থানে যেতে
Ctrl + H	শব্দ প্রতিস্থাপন করতে
Ctrl + I	লেখাকে ইটালিক করতে
Ctrl + J	Justify Alignment
Ctrl + K	ওয়েব এড্রেস যোগ করতে
Ctrl + L	Left Alignment
Ctrl + M	ইনডেন্ট দেয়ার জন্য
Ctrl + N	নতুন ডকুমেন্ট তৈরি
Ctrl + O	নতুন ডকুমেন্ট খোলা
Ctrl + P	ডকুমেন্ট প্রিন্ট
Ctrl + Q	প্যারাগ্রাফের মাঝে স্পেস তৈরি
Ctrl + R	Right Alignment
Ctrl + S	ডকুমেন্ট সংরক্ষণ
Ctrl + T	নতুন ট্যাব খুলতে
Ctrl + U	Underline the selected text
Ctrl + V	পেস্ট (Paste)
Ctrl + W	ডকুমেন্ট বন্ধকরণ
Ctrl + X	কাট (Cut)
Ctrl + Y	রিডু (Redo)
Ctrl + Z	আনডু (Undo)

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

Ctrl+Shift + (+)	Superscript
Ctrl + (+)	Subscript
Ctrl + Enter	Page break
Shift + Enter	Line break
Shift+Ctrl+ E	Track Changing

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. কোন ফাইল স্থায়ীভাবে Delete করার জন্য কোন বাটন চাপতে হবে? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক Alt+Delete খ Shift+Delete
গ Ctrl+Delete ঘ Enter+Delete উ. খ

২. কম্পিউটারে টাইপ করার সময় কোন লেখা মুছে গেলে তা কোন বাটন চেপে পুনরায় আনা যায়? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক Shift +A খ Shift+C
গ Ctrl+Z ঘ Alt+Z উ. গ

৩. কোন মেনুতে প্রিন্ট কমান্ড থাকে? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক View খ Insert
গ File ঘ কোনোটিই নয় উ. গ

৪. ইংরেজিতে সব অক্ষর ক্যাপিটাল লেটারে লেখার জন্য কোন বাটন চাপতে হবে? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক Ctrl খ Alt
গ Caps lock ঘ Enter উ. গ

৫. কোন মেনুতে Header ও Footer পাওয়া যায়? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক File খ Insert
গ View ঘ কোনোটিই নয় উ. খ

৬. কোন কিছু খোঁজার জন্য Find option টি কোন বাটন চেপে আনা যায়? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক Ctrl+O খ Ctrl+F
গ Ctrl+Z ঘ Alt+F উ. খ

৭. একটি ফাইল কোন Drive-এ Save করার জন্য কোন অপশনটিতে যেতে হবে? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক Save খ Save As
গ Close ঘ কোনোটিই নয় উ. খ

৮. কোন একটি ফাইল এর সাইজ কত তা কোন টির মাধ্যমে জানা যায়? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক File size খ File menu
গ Properties ঘ Open উ. গ

৯. এমএস ওয়ার্ড এ কোনো কিছু কপি করতে হলে কি বোর্ড কমান্ড বাটন হচ্ছে- *[তিতাস গ্যাস লি. এর টেকনিশিয়ান/ ইলেক্ট্রিশিয়ান/ ড্রাফটসম্যান: ২৩]*
ক Shift+copy খ Shift+Alter+c
গ Alt+C ঘ Ctrl+C উ. ঘ

১০. কোনো ডকুমেন্টের শেষে যাওয়ার কমান্ড কোনটি? *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক Shift + End খ Control + End
গ Caps Lock + End ঘ Enter + End উ. খ

১১. লেখা বোল্ড করতে কী কমান্ড ব্যবহৃত হয়? *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক Control + I খ Control + V
গ Control + B ঘ Control + D উ. গ

১২. নথি প্রিন্ট হওয়ার লিগ্যাল অপশন? *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক ল্যান্ডস্কেপ মোড খ পোর্ট্রেট মোড
গ পেইজ সেটআপ মোড ঘ প্রিন্ট ভিউ মোড উ. ঘ

১৩. MS Windows এর একটি page select করতে হলে control চেপে কী চাপতে হবে? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*
ক A খ B
গ C ঘ D উ. ক

১৪. Ctrl+P কোন সময় ব্যবহার করা হয়? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*
ক page open করতে খ print করতে
গ paste করতে ঘ cut-paste করতে উ. খ

১৫. Save এবং Save As এর মধ্যে পার্থক্য কী? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*
ক Save নতুন স্থানে সংরক্ষণ করে।
খ Save As নতুন স্থানে সংরক্ষণ করে।
গ Save এবং Save As একই বিষয়।
ঘ Save As মূলত কম্পিউটারের যন্ত্রাংশ সচল রাখে। উ. খ

১৬. Portrait ও Landscape কোন কাজে লাগে? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*
ক page setup করতে খ জমি মাপতে
গ ছবি আঁকতে ঘ স্কিপিং করতে উ. ক

১৭. MS Word এর কোন মেন্যুতে প্রিন্ট কমান্ড থাকে? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*
ক File খ Format
গ Insert ঘ Edit উ. ক

১৮. Portrait and Landscape are- *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক Page orientation খ Paper Size
গ Page Layout ঘ All of the above উ. ক

১৯. এমএস ওয়ার্ড এর Save Option কোন মেন্যুতে পাওয়া যায়? *[জনস্বাস্থ্য অধিদপ্তরের ক্লার্ক কাম টাইপিস্ট: ২১]*
ক File খ Insert
গ Format ঘ Design উ. ক

২০. কি বোর্ডের কোন দুটি কি'র সমন্বয়ে সেন্টার এলাইনমেন্ট করা যাবে? *[এনএসআই এর ওয়াচার কনস্টেবল/ ফিল্ড স্টাফ: ২১]*
ক CTRL+E খ CTRL+L
গ CTRL+J ঘ CTRL+R উ. ক

২১. MS Word এ Copy করার শর্টকাট কমান্ড কোনটি? *[পেট্রোবাংলার হিসাব সহকারী: ১৯]*
ক Ctrl+P খ Ctrl+V
গ Ctrl+C ঘ Alt+C উ. গ

২২. প্রিন্ট করার শর্টকাট কমান্ড কোনটি? *[সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ১৯]*

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ক Ctrl+Shift খ Ctrl+P
গ Shift+P ঘ Alt+P উ. খ

২৩.Ctrl+I কী-বোর্ড কমান্ড দিয়ে কী করা হয়? *[ক্রীড়া পরিদপ্তরের কম্পিউটার অপারেটর: ১৯]*
ক Font সাইজ ছোট করা হয় খ Centering করা হয়
গ Font সাইজ বড় করা হয় ঘ Copy করা হয়

২৪.Ctrl+B কী-বোর্ড কমান্ড দিয়ে কী করা হয়? *[ক্রীড়া পরিদপ্তরের কম্পিউটার অপারেটর: ১৯]*
ক Font সাইজ ছোট করা হয়
খ Bold করা হয় গ Font সাইজ বড় করা হয়
ঘ Copy করা হয় উ. খ

২৫.Ctrl+C কী-বোর্ড কমান্ড দিয়ে কী করা হয়? *[ক্রীড়া পরিদপ্তরের কম্পিউটার অপারেটর: ১৯]*
ক Font সাইজ ছোট করা হয়
খ Ctrl+C করা হয় গ Font সাইজ বড় করা হয়
ঘ Copy করা হয় উ. ঘ

২৬.MS Word এর কোন মেনুতে Mail merge কমান্ড থাকে? *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ১৯]*
ক View খ Review
গ Mailings ঘ Page Layout উ. গ

২৭.পেস্ট করার কী-বোর্ড কমান্ড কোনটি? *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ১৯]*
ক Ctrl+p খ Ctrl+v
গ Ctrl+c ঘ Ctrl+s উ. খ

২৮.প্রিন্ট করার শর্টকার্ট কমান্ড কোনটি? *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ১৯]*
ক Ctrl+shift খ Ctrl+p
গ shift+p ঘ Alt+p উ. খ

২৯.MS Word এ ডকুমেন্টের File, Edit, View ইত্যাদি শব্দবিশিষ্ট লাইনটিকে বলা হয়? *[পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী: ১৯]*
ক টাইটেল বার খ স্ক্রল বার
গ মেনু বার ঘ টুল বার উ. গ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. Find কমান্ড কোন মেন্যুতে থাকে? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের উপজেলা ব্যবস্থাপক: ২৩]*
উ. Edit menu.

প্র. মাইক্রোসফট অফিসের ক্ষেত্রে কী-বোর্ডে Ctrl+v কমান্ড দিলে কী হবে? *[যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
উ. পেস্ট হবে।

প্র. কমান্ডসমূহের ব্যবহার লিখুন: Ctrl + O, Ctrl + C, Ctrl + X, Ctrl + P. *[পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*
উ. Ctrl + O = Open an existing word document.
Ctrl + C = Copy text.
Ctrl + X = Cut text
Ctrl + P = Print Document.

প্র. MS Word-এ Text Alignment কী? Text Alignment কত প্রকার ও কী কী? *[মন্ত্রিপরিষদ বিভাগের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*
উ. MS Word-এ Text Alignment দ্বারা ডকুমেন্টের Text সমূহকে বিভিন্ন অবস্থানে সাজানো। Text Alignment চার প্রকার- Left Alignment, Right Alignment, Center Alignment ও Justify Alignment.

প্র. Replace word এর Short Cut key লিখুন? *[কাস্টম হাউস চট্টগ্রামের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
উ. Ctrl+H

প্র. কি-বোর্ড কমান্ড লিখুন: *[বাংলা একাডেমির এলডিএ কাম টাইপিস্ট: ২৩]*
ক. কপি- Ctrl+C
খ. পেস্ট- Ctrl+V
গ. নতুন ফাইল খোলা- Ctrl+N
ঘ. সিলেক্ট অল- Ctrl+A

প্র. MS Word ফাইল সেইভ ও নতুন ডকুমেন্ট তৈরির কমান্ড লিখুন। *[জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুরের হিসাব সহকারী: ২৩]*
উ. ফাইল সেইভ Ctrl+S এবং নতুন ডকুমেন্ট তৈরির কমান্ড Ctrl+N.

প্র. MS Word -এ নতুন Window চালু করার জন্য কীবোর্ড এর কোন শর্টকাট Key ব্যবহৃত হয়? *[বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ডাটা এন্ট্রি: ২০]*
উ. Ctrl + N

স্প্রেডশিট

◆ স্প্রেডশিট

গ্রাফ কাগজের ন্যায় X অক্ষ এবং Y অক্ষ বরাবর খোপ খোপ ঘরের ন্যায় অনেক ঘর সম্বলিত বড় শিটকে স্প্রেডশিট বলা হয়। যে প্যাকেজ প্রোগ্রামের সাহায্যে রো এবং কলাম ব্যবহার করে হিসাব নিকাশের কাজ করা হয় তাকে স্প্রেডশিট বিশ্লেষণ প্যাকেজ প্রোগ্রাম বলে। বাজেট, ব্যালান্সশিট, স্কুল-কলেজের ফলাফল তৈরি ইত্যাদি বিভিন্ন গাণিতিক কাজে স্প্রেডশিট সফটওয়্যার ব্যবহার করা হয়। প্রথম বাণিজ্যিক স্প্রেডশিট প্রোগ্রামের নাম ভিসিক্যাল (Visi calc), যা ১৯৭৮ সালে বাজারে আসে। কয়েকটি স্প্রেডশিট সফটওয়্যার- Lotus-1-2-3, Calc, SuperCalc, Lotus Symphony, Quattro Pro, Multiplan, Sorcim, Apple Numbers, EtherCalc, Zoho sheets, Google sheets, Quip, Libre office, Airtable.

◆ এমএস এক্সেল (MS Excel)

মাইক্রোসফট এক্সেল যুক্তরাষ্ট্রের মাইক্রোসফট কর্তৃক বাজারজাতকৃত একটি স্প্রেডশীট প্যাকেজ প্রোগ্রাম। এক্সেলের পৃষ্ঠাটি কলাম ও সারিভিত্তিক সেলে বিভক্ত হওয়ায় এতে বিভিন্ন তথ্য সন্নিবেশ করে তথ্য বিশ্লেষণ করা যায়। তাই একে স্প্রেডশীট অ্যানালাইসিস সফটওয়্যার বলে।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

সংখ্যার হিসাব-নিকাশ সম্পর্কিত বিভিন্ন কাজ যেমন- রেজাল্ট শীট তৈরি, Salary শীট তৈরিতে MS Excel প্রোগ্রামের ব্যবহার জনপ্রিয়। এমএস এক্সেল এর বিভিন্ন টার্ম:

- **ওয়ার্কশীট**
Excel এর সুবিশাল পাতার যে অংশে কাজ করা হয় তাকে ওয়ার্কশীট বলে। মূলত স্প্রেডশীটই হলো ওয়ার্কশীট।
- **ঘর (Cell)**
ওয়ার্কশীটের প্রতিটি আয়তাকার অংশই একটি ঘর (Cell) হিসেবে পরিচিত। সেল ফরমেটের মাধ্যমে ওয়ার্কশীটের কনটেন্ট সম্পর্কে ধারণা করা যায়।
- **ওয়ার্কবুক (Workbook)**
এক্সেলের ফাইলকে ওয়ার্কবুক বলে। এটি একাধিক ওয়ার্কশীটের সমষ্টি। সর্বোচ্চ কতটি ওয়ার্কবুক খোলা যায় তা কম্পিউটার মেমোরির উপর নির্ভর করে।
- **সারি (Row)**
ওয়ার্কশীটের বাম দিক থেকে ডান দিকে পাশাপাশি বিস্তৃত ঘরসমূহকে এক একটি সারি বলা হয়। প্রত্যেক সারিকে ইংরেজি সংখ্যা 1, 2, 3 ইত্যাদি দ্বারা চিহ্নিত করা হয়।
- **কলাম (Column)**
এমএস এক্সেলের ওয়ার্কশীটের উলম্ব সারিগুলোকে কলাম বলে। প্রত্যেকটি কলামকে একটি করে ইংরেজি বর্ণ দিয়ে চিহ্নিত করা হয়। যেমন: A কলাম, B কলাম, C কলাম।
- **ফর্মুলা (Formula)**
ফর্মুলা হলো গাণিতিক হিসাব তৈরির মূল উপাদান। Excel ওয়ার্কশীটে কোন ডকুমেন্টের গাণিতিক সমস্যা সমাধান করতে ফর্মুলা বা সূত্র ব্যবহার করতে হয়। Equation (=) চিহ্ন দিয়ে সূত্রের ব্যবহার শুরু হয়।
- **ফাংশন (Function)**
মাইক্রোসফট এক্সেলে ফর্মুলার সংক্ষিপ্ত রূপকে বলা হয় ফাংশন। যেমন- ৩টি সংখ্যার যোগফল ফর্মুলা = A1 + A2 + A3 এবং ফাংশন= Sum (A1 : A3)।
- **বিভিন্ন ধরনের ফাংশন:**
মাইক্রোসফট এক্সেলে ব্যবহৃত ফাংশনগুলো হচ্ছে-

১. গাণিতিক ফাংশন (Mathematical Function)
২. পরিসংখ্যানিক ফাংশন (Statistical Function)
৩. যুক্তিমূলক ফাংশন (Logical Function)
৪. ডেটাবেজ ফাংশন (Database Function)
৫. অর্থ সংক্রান্ত ফাংশন (Financial Function)
৬. তথ্য সংক্রান্ত ফাংশন (Information Function)
৭. তারিখ ও সময় ফাংশন (Data and Time Function)
৮. টেক্সট ফাংশন (Text Function)
৯. লুকআপ এবং রেফারেন্স ফাংশন

- **ম্যাক্রো (Macro)**
ম্যাক্রো হলো স্বয়ংক্রিয়ভাবে একাধিক ধারাবাহিক নির্দেশাবলী যা এক্সেলে ফাংশন বা ফর্মুলা সংরক্ষণ করে। একাধিক কমান্ডের ক্ষেত্রে ম্যাক্রো ব্যবহার করা হয়।
- **পেস্ট স্পেশাল (Paste Special)**
কার্ট বা কপি করা ক্লিপবোর্ডে সংরক্ষিত ডেটা বা কপি পেস্ট করতে পেস্ট স্পেশাল ব্যবহার করা হয়।
- **বিভিন্ন ধরনের পেস্ট স্পেশাল:**

√ হুবহু : Copy, Paste Special, All.
√ শুধু মান : Copy, Paste Special, Value.
√ শুধু ফর্মুলা : Copy, Paste Special, Formula.
√ শুধু ফরমেট : Copy, Paste Special, Formats.
√ শুধু কমেন্ট : Copy, Paste Special, Comments.

- **চার্ট বা গ্রাফ (Graph)**
সংখ্যাকে চিত্রের মাধ্যমে উপস্থাপনই হচ্ছে গ্রাফ। MS Excel-এ গাণিতিক তথ্যকে চিত্রের মাধ্যমে সহজবোধ্য উপস্থাপন করার জন্য গ্রাফ ব্যবহার করা হয়। যেমন: কলাম গ্রাফ (Column Graph), পিরামিড গ্রাফ (Pyramid Graph), পাই গ্রাফ (Pie Graph), লাইন গ্রাফ (Line Graph), স্টক গ্রাফ (Stock Graph), এরিয়া গ্রাফ (Area Graph), XY গ্রাফ (XY Graph), রাডার (Radar), বার গ্রাফ (Bar graph), সিলিন্ডার (Cylinder) ইত্যাদি। কোন পূর্ণাঙ্গ বিষয়ের অংশ বিশেষ প্রদর্শনের জন্য সর্বোত্তম হলো Pie Chart.

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. Insert Table এ by default কতটি Column এবং Row থাকে? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক 5 column 2 row খ 2 column 5 row
গ 3 column 5 row ঘ 5 column 3 row **উ. ক**

২. এক্সেল C_9C_{10} ও C_{12} সেল ৪টির সংখ্যাগুলোকে যোগ করার ফরমুলা কী? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক SUM (C9:C12) খ =SUM(C9:C12)
গ SUM(C9+C12) ঘ SUM=(C9+C12) **উ. খ**

৩. Excel Workbook is a collection of- *[কর্মসংস্থান ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ২২]*
ক Chart খ Worksheet
গ Work Book ঘ None of these **উ. খ**

৪. মনে করুন, আপনি একজন হিসাব রক্ষণ কর্মকর্তা। অফিসের সবার বেতন ও অন্যান্য সুবিধা প্রাপ্তির হিসাব রাখা আপনার কাজ। এ কাজে নিচের কোন প্রোগ্রামটি সবচেয়ে সহায়ক হতে পারে? *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক মাইক্রোসফট ওয়ার্ড খ মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট
গ মাইক্রোসফট এক্সেল ঘ গুগল ড্রাইভ **উ. গ**

৫. একটি স্প্রেডশিট ওয়ার্কশিটের গ্রিড "E10" দিয়ে কী বুঝানো হয়েছে? *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক 'E' কলাম এর ১০ নম্বর রো তে অবস্থানকালীন সেল
খ 'E' রো-এর ১০ নম্বর কলাম-এ অবস্থানকালীন সেল

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

(গ) 'E' কলাম এর ১০ নম্বর সেল
(ঘ) 'E' রো-এর ১০ নম্বর কলাম
উ. ক

৬. একটি স্প্রেডশিটের A1, B1, C1 এবং D1 এর ডেটাগুলোর যোগফল বের করার জন্য সূত্র কোনটি? [বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার ম্যাগাফরিক: ২২]
(ক) = sum (A1 + D1)
(খ) = sum (A1 : D1)
(গ) = sum (A1-D1)
(ঘ) = sum (A1, B1, C1, D1)
উ. খ

৭. একসাথে অনেক পরীক্ষার্থীর ফলাফল প্রস্তুতে সবচেয়ে কার্যকরী মাধ্যম কোনটি? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]
(ক) MS Power Point (খ) MS Excel
(গ) MS Word (ঘ) MS DOS
উ. খ

৮. স্প্রেডশীট প্রোগ্রাম দিয়ে কী কাজ করা হয়? [জনস্বাস্থ্য অধিদপ্তরের ক্লার্ক কাম টাইপিস্ট: ২১]
(ক) ডিজাইন (খ) হিসাব নিকাশ
(গ) তথ্য ব্যবস্থাপনা (ঘ) ওয়ার্ড প্রসেসিং
উ. খ

৯. নিচের কোনটি স্প্রেডশিট সফটওয়্যার? [সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ১৯]
(ক) Excel (খ) SQL
(গ) PowerPoint (ঘ) Visual Studio
উ. ক

১০. কোনটি স্প্রেডশিট সফটওয়্যার? [ক্রীড়া পরিদপ্তরের কম্পিউটার অপারেটর: ১৯]
(ক) Excel (খ) SQL
(গ) Power Point (ঘ) Visual Studio
উ. ক

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. Microsoft Excel-এ ব্যবহৃত Σ চিহ্নটি কি? এটি কিভাবে কাজ করে? [বাংলা একাডেমির এলডিএ কাম টাইপিস্ট: ২৩]

উ. MS Excel এ Σ হলো summation symbol যা যোগ করতে ব্যবহার করা হয়। একে Sigma ও বলা হয়।

প্র. MS Excel-এ Split কোন মেনুর অধীনে থাকে? [বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ডাটা এন্ট্রি: ২০]

উ. view মেনুর অধীনে থাকে।

মাল্টিমিডিয়া ও মাইক্রোসফট

♦ মাল্টিমিডিয়া (Multimedia)

মাল্টিমিডিয়া হচ্ছে মানুষের মনের ভাব প্রকাশের বিভিন্ন মাধ্যমের সমন্বয়। এটি টেক্সট, গ্রাফিক্স, অডিও, ভিডিও এনিমেশন এর সমন্বয়ে তৈরি বহুমাত্রিক মিডিয়া যা ব্যবহারকারীর কাছে মনের ভাব বা তথ্য প্রকাশ করে। রেডিও, টেলিভিশন, ভিডিও সিনেমা, ভিডিও গেমস, শিক্ষামূলক সফটওয়্যার, ওয়েবপেজ ইত্যাদি মাল্টিমিডিয়া নামে পরিচিত।

- **মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট**

মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট হলো একটি প্রেজেন্টেশন প্রোগ্রাম যার সাহায্যে লেখা, অডিও, ভিডিও, গ্রাফ ইত্যাদির সমন্বয় করে আকর্ষণীয়ভাবে তথ্যাদি উপস্থাপন করা যায়। সভা, সেমিনার, সিম্পোজিয়ান, কর্মশালা ইত্যাদিতে কার্যকরভাবে তথ্য উপস্থাপনের জন্য পাওয়ার পয়েন্ট সফটওয়্যারটি ব্যবহার করা হয়।

♦ মাইক্রোসফট পাওয়ার পয়েন্টের বিভিন্ন টার্ম:

- **প্রেজেন্টেশন**

পাওয়ার পয়েন্টের ফাইলকে প্রেজেন্টেশন বলা হয়। একটি ফাইলে যেমন অনেকগুলো পৃষ্ঠা থাকে তেমনি পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশনে অনেকগুলো স্লাইড থাকে।

- **স্লাইড**

প্রেজেন্টেশনের এক একটি অংশ বা খণ্ডের নাম স্লাইড। কোন প্রেজেন্টেশনে কয়টি স্লাইড আছে তা জানা যায় Window এর স্ট্যাটাস বারে লক্ষ করলে।

- **স্লাইড প্রদর্শন**

প্রেজেন্টেশন তৈরি করে পর্দায় প্রদর্শন করাকে Slide Show বলে। কী-বোর্ডের F5 বাটন চাপ দিলে বা View menu হতে slide show সিলেক্ট করলে প্রথম স্লাইডটি প্রদর্শিত হবে।

- **স্লাইডে ছবি যোগ**

Insert Menu > Picture হতে স্লাইডে ছবি যুক্ত করা যায়।

- **ভিডিও যুক্ত**

Insert Menu > Clip Art হতে স্লাইডে অডিও-ভিডিও ফাইল যোগ করা হয়।

- **স্লাইডে টেক্সট এফেক্ট:**

Format Menu > Word Art Style হতে স্লাইডের টেক্সট বিভিন্ন এফেক্টে দেয়া যায়।

- **এনিমেশন ও ট্রানজিশন যুক্ত করা**

মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট স্লাইডে ব্যবহারকারী ইচ্ছা করলেই এনিমেশন, ট্রানজিশন যুক্ত করতে পারেন। এনিমেশন চলমান/স্থির, দ্বিমাত্রিক বা ত্রিমাত্রিক হতে পারে।

♦ গ্রাফিক্স সফটওয়্যার (Graphics Software)

ছবি সম্পাদনা যেমন বইয়ের কভার, লিফলেট, ব্যানার ইত্যাদি তৈরি করতে গ্রাফিক্স সফটওয়্যার ব্যবহার করা হয়। Super Paint (1973) হলো বিশ্বের প্রথম গ্রাফিক্স সফটওয়্যার। বর্তমান বিশ্বে জনপ্রিয় ও বহুল ব্যবহৃত গ্রাফিক্স সফটওয়্যার হলো Adobe Photoshop (1990). GIMP, Corel DRAW, PiZap, Microsoft Publisher, Blender, Crello, Adobe Illustrator, Picasa, Snapseed, Autodesk, 3ds Max প্রভৃতি।

- **CAD (Computer Aided Design/Drafting)**

2D ও 3D নকশা প্রণয়ন, সম্পাদনা বিশ্লেষণের কাজে ব্যবহৃত একক সফটওয়্যার বা সফটওয়্যারের সমষ্টি হলো

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

CAD. Auto CAD, AutoDesk, CATIA, Autodesk Revit, SOLIDWORKS, Opens CAD, Solid Edge ইত্যাদি CAD সফটওয়্যারের উদাহরণ।

- **ডেস্কটপ পাবলিকেশন্স সফটওয়্যার**
উন্নতমানের টাইপোগ্রাফিক টেক্সট (যেমন পত্রিকা, ম্যাগাজিনের টেক্সট) তৈরি করতে প্রিন্টিং পাবলিকেশন্স সফটওয়্যার ব্যবহার করা হয়। Page Maker (Adobe) হলো বিশ্বের প্রথম ডেস্কটপ পাবলিকেশন্স সফটওয়্যার। Adobe Page Maker, Foxit PDF Editor, Quark, Adobe InDesign, Microsoft Publisher হলো ডেস্কটপ পাবলিকেশন্স সফটওয়্যারের উদাহরণ।

- **প্রেজেন্টেশন সফটওয়্যার (Presentation Software)**
শিক্ষা প্রতিষ্ঠান ও অফিসিয়াল প্রোগ্রামে স্লাইড শো উপস্থাপন করার জন্য Presentation Software ব্যবহার করা হয়। VCN Execu Vision (1982) হলো বিশ্বের প্রথম প্রেজেন্টেশন সফটওয়্যার। বর্তমানে জনপ্রিয় Presentation Software হলো: Microsoft PowerPoint, Harvard Graphics, Corel Presentation, Adobe Premiere ইত্যাদি।

- **মাল্টিমিডিয়া সফটওয়্যার**
সিনেমা, নাটকসহ বিভিন্ন ডিজিটাল কনটেন্টে বিভিন্ন ইফেক্ট তৈরি করতে মাল্টিমিডিয়া সফটওয়্যার ব্যবহার করা হয়। মাল্টিমিডিয়া সফটওয়্যারের মধ্যে রয়েছে Windows Media Player, VLC Media Player প্রভৃতি।

- **ফাইল কমপ্রেশন সফটওয়্যার**
যে ধরনের সফটওয়্যার একটি বৃহত্তর ফাইলকে ছোট ফাইলে পরিণত করে এবং সেই ফাইলটিকে ইন্টারনেটের সাহায্যে দ্রুত স্থানান্তরিত করা যায়, তাকে কমপ্রেশন বলে। WinRAR, ALzip, PeaZip, Zipware, WinZip, 7-Zip, Peazip ইত্যাদি কমপ্রেশন সফটওয়্যারের উদাহরণ।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. **কোন বিষয় দর্শকদের সামনে উপস্থাপনের জন্য ব্যবহার করা হয়?** *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: '২৩]*
ক MS word খ Excel
গ Power Point ঘ Outlook উ. গ

২. **ছবি নকশা ও লোগো তৈরিতে ব্যবহৃত প্রোগ্রাম কোনটি?** *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক মাইক খ ইলাস্ট্রেটর
গ টার্গেট লেয়ার ঘ মাইক্রোসফট উ. খ

৩. **কোনটি মাল্টিমিডিয়া সফটওয়্যার?** *[পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২১]*
ক MS Word খ MS Access
গ MS PowerPoint ঘ MS Excel উ. গ

৪. **কোনটি ডিজাইন সম্পাদন করার সফটওয়্যারের নাম নয়?** *[বাংলাদেশ টেলিভিশনের ক্যাশিয়ার: ২১]*
ক Adobe Aerobai খ Adobe InDesign
গ Adobe Photoshop ঘ Adobe Illustrate উ. ক

কম্পিউটার প্রোগ্রামিং

- **প্রোগ্রামিং ভাষা (Programming Language)**
কম্পিউটারের ভাষা হচ্ছে প্রোগ্রামের ভাষা। কম্পিউটার ব্যবহার করে কোন সমস্যা সমাধানের জন্য যে সব ভাষা ব্যবহার করে প্রোগ্রাম রচনা করা হয় সে সকল ভাষাকে প্রোগ্রামের ভাষা বলে। বৈশিষ্ট্য অনুযায়ী এ সকল ভাষাকে ৫টি স্তরে বা প্রজন্মে ভাগ করা যায়। যথা:

প্রজন্ম	সাল	বৈশিষ্ট্য
প্রথম	১৯৪৫	মেশিন ভাষা (কম্পিউটারের ভাষা)
দ্বিতীয়	১৯৫০	অ্যাসেম্বলি ভাষা (সাংকেতিক ভাষা)
তৃতীয়	১৯৬০	উচ্চতর ভাষা (ইংরেজির মতো)
চতুর্থ	১৯৭০	অতি উচ্চতর ভাষা (ইংরেজির মতো)
পঞ্চম	১৯৮০	স্বাভাবিক ভাষা (মানুষের ভাষা)

প্রথম প্রজন্মের ভাষা বা মেশিন ভাষা	কম্পিউটারে সবচেয়ে নিচের স্তরের ভাষা হলো মেশিন ভাষা। এ ভাষায় বাইনারি (1 এবং 0) অথবা হেক্সাডেসিম্যাল পদ্ধতি ব্যবহার করে সবকিছু লেখা হয়। কম্পিউটার শুধুমাত্র মেশিন ভাষাই বুঝতে পারে।
দ্বিতীয় প্রজন্মের ভাষা	অ্যাসেম্বলি ভাষা হচ্ছে দ্বিতীয় প্রজন্মের ভাষা। মেশিনের ভাষার সীমাবদ্ধতা দূর করার জন্য পঞ্চাশের দশকে অ্যাসেম্বলি ভাষার প্রচলন শুরু হয়। অ্যাসেম্বলি ভাষা বিভিন্ন সংকেতের সমন্বয়ে লেখা হয়ে থাকে। এজন্য অ্যাসেম্বলি ভাষাকে সাংকেতিক ভাষাও বলা হয়।
তৃতীয় প্রজন্মের ভাষা বা উচ্চতর ভাষা	হাই লেভেল বা উচ্চ স্তরের ভাষা কোন সংকেত বা সাংকেতিক কোড নির্ভর নয়। এটি ইংরেজি ভাষার মতই। এই স্তরের ভাষায় লিখিত প্রোগ্রাম বিভিন্ন ধরনের মেশিনে ব্যবহার করা সম্ভব। প্রোগ্রাম রচনার জন্য সবচেয়ে বোধগম্য সার্বজনীন ভাষাকে উচ্চ স্তরের ভাষা বলা হয়। FORTRAN, ALGOL, JAVA, PYTHO), VISUAL BASIC, COBOL, PASCAL), JAVASCRIPT, C^{++} ইত্যাদি তৃতীয় প্রজন্মের ভাষা।
চতুর্থ প্রজন্মের ভাষা	রিপোর্ট তৈরি, ডেটাবেজের সাথে সংযোগ স্থাপন এবং সহজেই ডেটা আদান-প্রদান করতে চতুর্থ প্রজন্মের ভাষা বেশ উপযোগী। সহজেই অ্যাপ্লিকেশন তৈরি করা যায় তাই, চতুর্থ প্রজন্মের ভাষাকে RAD (Rapid Application Development) বলে। বিস্তারিতভাবে প্রক্রিয়াকরণের বর্ণনা করতে হয় না, তাই একে ননপ্রসিডিউলার ল্যাঙ্গুয়েজও বলা হয়। SQL, NOMAD, RPGII, FOCUS, INTELLECT, CSL, Rubby, PHP, Python প্রভৃতি এই প্রজন্মের উদাহরণ।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

পঞ্চম প্রজন্মের ভাষা	পঞ্চম প্রজন্মের প্রোগ্রামের ভাষা হিসেবে মানুষের স্বাভাবিক ভাষা বা ন্যাচারাল ল্যাংগুয়েজ ব্যবহারের চেষ্টা চলছে। কৃত্রিম বুদ্ধিমত্তা গবেষণায় ব্যবহার করা হয়। Prolog, OPS5, LISP, Mercury প্রভৃতি পঞ্চম প্রজন্মের ভাষার উদাহরণ।

Programming Language এর ক্রমবিকাশ

সাল	ভাষা
১৯৪৫	Machine Language
১৯৫০	EDSAC assembly language
১৯৫৪	FORTRAN
১৯৫৮	ALGOL-58
	LISP
১৯৬০	COBOL
১৯৬৪	RPG
	PL/1
১৯৬৫	BASIC
১৯৬৭	Logo
	Simula
১৯৬৮	APL
১৯৭০	Pascal
	Smalltalk
১৯৭১	FORTH
১৯৭২	C
	PROLOG
১৯৭৯	Ada
১৯৮১	Modula-2
১৯৮২	dBase
১৯৮৩	C++
১৯৮৪	Turbo Pascal
১৯৮৭	HyperCard
১৯৯৫	Java
	Javascript
২০০০	C#
২০০৬	CSL

♦ **অনুবাদক প্রোগ্রাম (Translator Program)**
অ্যাসেম্বলি বা উচ্চতর ভাষায় লিখিত প্রোগ্রামকে সোর্স প্রোগ্রাম এবং মেশিনের ভাষায় অনুবাদ করা প্রোগ্রামকে অবজেক্ট প্রোগ্রাম বলা হয়। সোর্স প্রোগ্রামকে অবজেক্ট প্রোগ্রামে পরিণত করার জন্য যে প্রোগ্রাম ব্যবহার করা হয় তাকে অনুবাদক প্রোগ্রাম বলে। সোর্স প্রোগ্রামকে অনুবাদ করার জন্য ৩ ধরনের অনুবাদক প্রোগ্রাম রয়েছে। যথা: অ্যাসেম্বলার, কম্পাইলার ও ইন্টারপ্রেটার।

♦ **অ্যাসেম্বলার (Assembler)**
যে অনুবাদক প্রোগ্রাম অ্যাসেম্বলি ভাষায় লিখিত প্রোগ্রামকে মেশিন ভাষায় রূপান্তর করে, তাকে অ্যাসেম্বলার বলে। এ ভাষার প্রত্যেকটি নির্দেশকে অ্যাসেম্বলার মেশিন ভাষার নির্দেশে পরিণত করে। ভুল সংশোধনের পর ভাষা পুনরায় প্রথম নির্দেশ থেকে অনুবাদের কাজ করে।

♦ **কম্পাইলার (Compiler)**
কম্পাইলার হলো এমন একটি অনুবাদক যা সোর্স প্রোগ্রামকে একসাথে সম্পূর্ণরূপে মেশিনের ভাষায় অনুবাদ করে একটি অবজেক্ট প্রোগ্রাম তৈরি করে। ভিন্ন ভিন্ন উচ্চতর ভাষার প্রোগ্রামের জন্য ভিন্ন ভিন্ন কম্পাইলার ব্যবহৃত হয়।

♦ **ইন্টারপ্রেটার (Interpreter)**
ইন্টারপ্রেটারও কম্পাইলারের মতো উচ্চতর ভাষাকে মেশিন ভাষায় রূপান্তর করে। যে অনুবাদক প্রোগ্রাম উৎস প্রোগ্রামকে বস্তু প্রোগ্রামে অর্থাৎ High Level Programming ভাষায় লিখিত সম্পূর্ণ প্রোগ্রামকে এক লাইন করে পড়ে এবং এক লাইন করে মেশিন ভাষায় রূপান্তর করে, তাকে ইন্টারপ্রেটার বলে। ইন্টারপ্রেটারের মাধ্যমে প্রোগ্রামের ভুল-ত্রুটি শনাক্ত ও সংশোধন করার ক্ষেত্রে সময় কম লাগে।

♦ **প্রোগ্রামের সংগঠন**
প্রোগ্রামের ভিতরের ছোট ছোট অংশগুলোর গঠন এবং একটির সাথে অপরটির পারস্পরিক সম্পর্ককে প্রোগ্রামের সংগঠন বলে। যে কোন প্রোগ্রাম তৈরি করতে হলে বুঝতে হবে প্রোগ্রামে কি কি ইনপুট দিতে হবে, কিভাবে ইনপুট প্রসেস হবে এবং ফলাফল কি কি আসতে পারে। একটি প্রোগ্রাম প্রধানত তিনটি অংশের সমন্বয়ে গঠিত। যথা:

ইনপুট	যে সকল তথ্য, ডেটা বা নির্দেশ কম্পিউটারে প্রবেশ করানো হয়।
প্রক্রিয়া	ইনপুট অনুযায়ী প্রক্রিয়াকরণ করা।
আউটপুট	প্রক্রিয়াকরণের পর যে ফলাফল পাওয়া যায়।

♦ **প্রোগ্রাম তৈরির ধাপসমূহ**
সুষ্ঠুভাবে প্রোগ্রাম তৈরি করতে না পারলে প্রোগ্রামের ফলাফল পাওয়া যায় না। এ জন্য প্রোগ্রাম তৈরির সময় পরিকল্পিত কিছু ধাপ অনুসরণ করতে হয়। এই ধাপগুলো হলো: সমস্যা নির্দিষ্টকরণ, সমস্যা বিশ্লেষণ, প্রোগ্রাম ডিজাইন, প্রোগ্রাম উন্নয়ন, প্রোগ্রাম বাস্তবায়ন, প্রোগ্রাম ডকুমেন্টেশন ও প্রোগ্রাম রক্ষণাবেক্ষণ।

• **অ্যালগরিদম (Algorithm)**
অ্যালগরিদম অর্থ ধাপে ধাপে সমস্যা সমাধান। যে পদ্ধতিতে ধাপে ধাপে অগ্রসর হয়ে কোন একটি নির্দিষ্ট সমস্যার সমাধান করা হয়, তাকে অ্যালগরিদম বলা হয়।

• **ফ্লোচার্ট বা প্রবাহচিত্র (Flowchart)**
অ্যালগরিদমের চিত্ররূপ হলো ফ্লোচার্ট বা প্রবাহচিত্র। ফ্লোচার্ট প্রোগ্রামের প্রকৃতি ও ধারাবাহিকতা বুঝতে সাহায্যে করে।

• **Error**
প্রোগ্রামের কোডিং এ কোন ভুল হলে তাকে Error বলে। প্রোগ্রামে কোন Error থাকলে প্রোগ্রাম রান করা যায় না। কম্পিউটার নিজ থেকে ভুলের বার্তা প্রদান করে, ফলে

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

প্রোগ্রামের সহজেই ভুল ধরতে পারে। প্রোগ্রামের ভুলকে ৩ ভাগে ভাগ করা যায়। যথা: Syntax Error, Logical Error ও Execution Error।

- **ডিবাগিং (Debugging)**

প্রোগ্রাম তৈরির সময় প্রোগ্রামে কিছু না কিছু ভুল থেকে যায়। প্রোগ্রামের ভুলকে বলে বাগ (Bug)। প্রোগ্রামের ভুল-ত্রুটি খুঁজে বের করে তা দূর করাকে বলে ডিবাগিং।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. কৃত্রিম বুদ্ধিমত্তা প্রয়োগ করার জন্য কোন প্রোগ্রামিং ব্যবহার করা হয়? *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক LOTUS খ Python
গ LISP ঘ Both খ ও গ — উ. ঘ

২. কম্পিউটারের ভাষাকে কি বলা হয়? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা: ২৩]*
ক সাধুভাষা খ লেখ্য ভাষা
গ প্রমিত ভাষা ঘ যান্ত্রিক ভাষা — উ. ঘ

৩. নিচের কোনটি ডাটাবেজ ল্যাঙ্গুয়েজ? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিভিন্ন পদ: ২৩]*
ক Oracle খ C
গ MS Word ঘ Power Point — উ. ক

৫. Python প্রোগ্রাম তৈরি করেন কে? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক Python Van Rossum
খ Guido Van Rossum
গ Dennis Ritchie
ঘ Martin Cooper — উ. খ

৬. C++ কোন প্রজন্মের ভাষা? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*
ক প্রথম খ দ্বিতীয়
গ তৃতীয় ঘ চতুর্থ — উ. গ

৭. প্রকৌশলগত সমস্যা সমাধানের ভাষা কোনটি? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*
ক PYTHON খ HTML
গ BASIC ঘ FORTRAN — উ. ঘ

৮. কম্পিউটার নিচের কোন ভাষাটি ব্যবহার করে? *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ১৯]*
ক প্রসেসিং খ বাইনারি
গ প্রতিনিধিত্বমূলক ঘ কিলোবাইট — উ. খ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. জাভা (Java) কী? পাইথন প্রোগ্রাম কে তৈরি করেন? *[পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

উ. জাভা একটি প্রোগ্রামিং ভাষা। পাইথন প্রোগ্রাম তৈরি করেন গুইডো ভ্যান রসম।

সংখ্যা পদ্ধতি

- **সংখ্যা পদ্ধতি (Number System)**

গণনার জন্য মূলত বাইনারি, অক্টাল, দশমিক ও হেক্সাডেসিমেল ইত্যাদি সংখ্যা পদ্ধতি ব্যবহৃত হয়ে থাকে। তবে সাধারণত কোন সংখ্যা লেখা বা প্রকাশ করার পদ্ধতিকে সংখ্যা পদ্ধতি বলা হয়। সংখ্যা তৈরি করার বিভিন্ন প্রতীকই হচ্ছে অংক। যেমন: দশমিক পদ্ধতিতে ১২৩ সংখ্যাটি ১, ২ ও ৩ আলাদা তিনটি অংকের দ্বারা গঠিত হয়েছে। সংখ্যা পদ্ধতিকে মূলত ২ ভাগে ভাগ করা যায়। যথা: নন-পজিশনাল সংখ্যা পদ্ধতি ও পজিশনাল সংখ্যা পদ্ধতি।

- **সংখ্যা পদ্ধতির ভিত্তি**

কোন সংখ্যা পদ্ধতির ভিত্তি বা বেজ হলো ঐ পদ্ধতিতে ব্যবহৃত মৌলিক চিহ্নসমূহের বা সাংকেতিক চিহ্নগুলোর মোট সংখ্যা। আমাদের অতি পরিচিত দশমিক পদ্ধতিতে মোট দশটি মৌলিক চিহ্ন বা প্রতীক রয়েছে। যথা: 0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8 ও 9। এ কারণে দশমিক পদ্ধতির ভিত্তি হলো 10। আবার বাইনারি সংখ্যা পদ্ধতিতে মোট মৌলিক চিহ্ন আছে দুইটি (0 এবং 1)। তাই বাইনারি সংখ্যা পদ্ধতির ভিত্তি হলো 2।

- **সংখ্যা পদ্ধতির প্রকারভেদ**

সংখ্যা পদ্ধতির বেজ বা ভিত্তির উপর নির্ভর করে চার ধরনের সংখ্যা পদ্ধতির প্রচলন লক্ষ্য করা যায়। যথা:

১. **দশমিক সংখ্যা পদ্ধতি (Decimal Number System)**

মানুষ দৈনন্দিন জীবনে গণনা কিংবা হিসাব নিকাশের জন্য যে সংখ্যা পদ্ধতি ব্যবহার করে তাই দশমিক সংখ্যা পদ্ধতি। এর বেজ বা ভিত্তি হচ্ছে ১০। এ পদ্ধতিতে মোট ১০টি মৌলিক চিহ্ন ব্যবহার করা হয়। যথা: 0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8 ও 9। $(101)_{10}$, $(123)_{10}$, $(98.73)_{10}$ ইত্যাদি।

২. **বাইনারি সংখ্যা পদ্ধতি (Binary Number System)**

যে সংখ্যা পদ্ধতিতে 0 এবং 1 এ দুটি মাত্র সংখ্যা বা অঙ্ক ব্যবহার করা হয়, তাকে বাইনারি সংখ্যা পদ্ধতি বলে। মোট ২টি অঙ্ক ব্যবহারের কারণে এই সংখ্যা পদ্ধতির (বেজ বা ভিত্তি হচ্ছে ২। যেমন $(101)_2$, $(10001)_2$ $(1000.111)_2$ ইত্যাদি বাইনারি সংখ্যা পদ্ধতির উদাহরণ।

৩. **অক্টাল সংখ্যা পদ্ধতি**

অক্টাল সংখ্যা পদ্ধতির ভিত্তি হচ্ছে ৮। এ পদ্ধতিতে 0, 1, 2, 3, 4, 5, 6 এবং 7 এই ৪টি মৌলিক অংক ব্যবহৃত হয়। $(১০১)_৮$, $(৭৩১)_৮$, $(৬৪৫.১০৩)_৮$ ইত্যাদি হলো অক্টাল সংখ্যার উদাহরণ।

৪. **হেক্সাডেসিমেল সংখ্যা পদ্ধতি**

এ পদ্ধতির ভিত্তি ১৬। অর্থাৎ এ পদ্ধতিতে ১৬টি মৌলিক অংক রয়েছে। এ সংখ্যাসমূহ 0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9, A, B, C, D, E এবং F. বর্ণ (Alphabet) এবং সংখ্যা

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

(Number) উভয়ের ব্যবহার থাকার কারণে হেক্সাডেসিমেল সংখ্যা পদ্ধতির আরেক নাম আলফানিউমেরিক সংখ্যা পদ্ধতি।

- **দশমিক সংখ্যা পদ্ধতি থেকে অন্য যে কোন সংখ্যা পদ্ধতিতে রূপান্তরের সাধারণ নিয়ম:**

ক. দশমিক থেকে বাইনারিতে রূপান্তর

- **পূর্ণাংশের ক্ষেত্রে:** দশমিক পূর্ণ সংখ্যাকে বাইনারিতে রূপান্তরের জন্য ভাগফল ০ না হওয়া পর্যন্ত সংখ্যাটিকে অনবরত ২ দিয়ে ভাগ করার পর ভাগশেষগুলোকে সাজিয়ে সংখ্যাটির সমকক্ষ বাইনারি মান পাওয়া যায়। যেমন- $(৯৯)_{১০} = (?)_{২}$

		ভাগশেষ	
২	৯৯	১	সর্বনিম্ন গুরুত্বের অংক (LSB)
২	৪৯	১	
২	২৪	০	
২	১২	০	
২	৬	০	
২	৩	০	
২	১	১	
২	০	১	সর্বোচ্চ গুরুত্বের অংক (MSB)

$\therefore (৯৯)_{১০} = (১১০০০১১)_{২}$

- **ভগ্নাংশের ক্ষেত্রে**

দশমিক ভগ্নাংশকে বাইনারিতে রূপান্তরের জন্য গুণফল ০ না হওয়া পর্যন্ত সংখ্যাটিকে অনবরত ২ দিয়ে গুণ করতে হবে।

পূর্ণাংশ	ভগ্নাংশ
	.৩৭৫
	× ২
০	.৭৫০
	× ২
১	.৫০
	× ২
১	.০

খ. দশমিক থেকে অকট্যালে রূপান্তর

দশমিক সংখ্যাকে পর্যায়ক্রমে ৮ দিয়ে ভাগ করে ভাগশেষগুলোকে একত্র করে দশমিক সংখ্যাটির অকট্যাল সমকক্ষ সংখ্যা পাওয়া যায়। প্রথম এবং শেষ ভাগশেষ দুটি সংখ্যাকে যথাক্রমে অকট্যাল সংখ্যার সর্বনিম্ন ও সর্বোচ্চ গুরুত্বপূর্ণ স্থানে বসাতে হয়।

		ভাগশেষ	
৮	৪৬৯		
৮	৫৮ - ৫		সর্বনিম্ন গুরুত্বের অংক (LSB)
৮	৭ - ২		
৮	০ - ৭		সর্বোচ্চ গুরুত্বের অংক (MSB)

$\therefore (৪৬৯)_{১০} = (৭২৫)_{৮}$

- **ভগ্নাংশের ক্ষেত্রে**

দশমিক ভগ্নাংশকে অকট্যালে রূপান্তরের গুণফল ০ না হওয়া পর্যন্ত সংখ্যাটিকে অনবরত ৮ দিয়ে গুণ করতে হবে। উদাহরণস্বরূপ $(০.০৪৬৮৭৫)_{১০}$ কে অকট্যালে রূপান্তর করার পদ্ধতি নিচে দেখানো হল-

পূর্ণাংশ	ভগ্নাংশ
	.০৪৬৮৭৫
	× ৮
০	.৩৭৫
	× ৮
৩	.০০

$\therefore (০.০৪৬৮৭৫)_{১০} = (.০৩)_{৮}$

গ. দশমিক থেকে হেক্সাডেসিমেলে রূপান্তর

দশমিক থেকে হেক্সাডেসিমেলে রূপান্তরের প্রক্রিয়ায় দশমিক পূর্ণসংখ্যাকে পর্যায়ক্রমে ১৬ দ্বারা ভাগ এবং ভগ্নাংশকে ১৬ দ্বারা গুণ করতে হয়। যেমন: $(৮৫০)_{১০}$ কে হেক্সাডেসিমেলে রূপান্তর প্রক্রিয়া-

		ভাগশেষ	
১৬	৮৫০		
১৬	৫৩ - ২		সর্বনিম্ন গুরুত্বের অংক (LSB)
১৬	৩ - ৫		
১৬	০ - ৩		সর্বোচ্চ গুরুত্বের অংক (MSB)

$\therefore (৮৫০)_{১০} = (৩৫২)_{১৬}$

- **বাইনারি যোগ**

দশমিক পদ্ধতির মত একই উপায়ে বাইনারি যোগ করা হয়। দুটি বাইনারি অংক যোগের চারটি অবস্থায় সম্পন্ন হয়। যেমন:

০ + ০ = ০
০ + ১ = ১
১ + ০ = ১
১ + ১ = ০

এবং এর সাথে হাতে ১ থাকবে। *[হাতে থাকাকে ক্যারি বলে]*

উদাহরণ:

১ ১ ০ ০ ১ ০ ১
১ ০ ১ ০ ১ ০ ১
১ ০ ১ ১ ১ ০ ১ ০

- **বাইনারি বিয়োগ**

বাইনারি সংখ্যা পদ্ধতিতে বিয়োগের নিয়ম দশমিক পদ্ধতির অনুরূপ। দুটি বাইনারি অংক বিয়োগের জন্য চারটি অবস্থার সৃষ্টি হয়। যেমন:

০ - ০ = ০
১ - ১ = ০
১ - ০ = ১
০ - ১ = ১ এবং ক্যারি থাকছে ১।

- **বাইনারি গুণ**

বাইনারি পদ্ধতিতে খুব সহজে গুণ করা যায়। দশমিক পদ্ধতিতে গুণ করার জন্য নামতা মনে রাখতে হয়। কিন্তু বাইনারি মাত্র চারটি গুণফল জানলেই যথেষ্ট। যেমন:

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

০ × ০ = ০ ১ × ০ = ০
০ × ১ = ০ ১ × ১ = ১

♦ বাইনারি ভাগ

দশমিক পদ্ধতির ভাগের নিয়মেই বাইনারিতে ভাগ করা হয়। এখানে কোন জটিলতা নেই। বাইনারি পদ্ধতিতে ০ দিয়ে ভাগ করাকে অর্থহীন বলে। এই ভাগ পদ্ধতি মূলত চারটি অবস্থায় সম্পন্ন হয়।
যেমন:

০ ÷ ০ = অর্থহীন ১ ÷ ০ = অর্থহীন
০ ÷ ১ = ০ ১ ÷ ১ = ১

♦ কোড (Code)

গাণিতিক সংখ্যা বা অক্ষরকে বিশেষ চিহ্নের সমষ্টির সাহায্যে প্রকাশ করা হলে সেই চিহ্ন সমষ্টিকে কোড বলে। BCD, Octal, Unicode, ASCII, EBCDIC, Hexadecimal, Alphaneumeric, Gray, Morse প্রভৃতি কম্পিউটারে ব্যবহৃত বিভিন্ন ধরনের কোড। এদের মধ্যে Unicode, ASCII Code বহুল ব্যবহৃত।

- **বিসিডি কোড (BCD Code-** Binary Coded Decimal)
  দশমিক সংখ্যার প্রতিটি অংককে সমতুল্য বাইনারি সংখ্যা দ্বারা প্রকাশ করাকে বিসিডি কোড বলে। দশমিক পদ্ধতির সংখ্যাকে বাইনারি সংখ্যায় প্রকাশের নিমিত্তে এই কোড ব্যবহৃত হয়। এই পদ্ধতিতে দশমিক সংখ্যা ০ থেকে ৯ এ দশটি অংকের প্রতিটিকে নির্দেশের জন্য ৪টি বাইনারি অংক প্রয়োজন। ৪টি বিট দ্বারা $২^৪$ অর্থাৎ ১৬টি ভিন্ন অবস্থা নির্দেশ করা যায়।
- **আলফানিউমেরিক কোড**
  অক্ষর (a-z, A-Z), অংক (0-9) এবং বিভিন্ন গাণিতিক চিহ্নসহ (+, -, =, × ইত্যাদি) আরও কতকগুলো বিশেষ চিহ্নের (!, @, #, $, %, *, / ইত্যাদি) জন্য ব্যবহৃত কোডকে আলফা নিউমেরিক কোড বলা হয়। কতগুলো জনপ্রিয় আলফা নিউমেরিক কোড হলো অ্যাসকি, ইবিসিডিক ও ইউনিকোড।
- **অ্যাসকি কোড (ASCII Code-** American Standard Code for Information Interchange):
  ১৯৬৫ সালে রবার্ট বিমার সাত বিটের অ্যাসকি কোড উদ্ভাবন করেন। ASCII-7 ৭টি বিট নিয়ে গঠিত হয়। যার বামদিকের তিনটি বিটকে জোন এবং ডানদিকের চারটি বিটকে সংখ্যাসূচক বিট হিসেবে ধরা হয়।
- **ইবিসিডিক কোড (EBCDIC-** Extended Binary Coded Decimal Information Code):
  এটি ৮ বিটের কোড। এ কোড দ্বারা $২^৮$ বা ২৫৬টি বর্ণ, সংখ্যা ও বিশেষ চিহ্ন প্রকাশ করা যায়। ইবিসিডিক কোডে ০ থেকে ৯ সংখ্যার জন্য ১১১১, A থেকে Z বর্ণের জন্য ১১০০, ১১০১ ও ১১১০ এবং বিশেষ চিহ্নের জন্য ০১০০, ০১০১, ০১১০ ও ০১১১ জোন বিট হিসেবে ব্যবহার করা হয়।
- **ইউনিকোড (Unicode)**
  ১৯৮৭ সালে Apple Computer Corporation এবং Xerox Corporation এর যৌথ একদল প্রকৌশলী ইউনিকোড উদ্ভাবন করেন। বিশ্বের ছোট বড় সকল ভাষাকে কম্পিউটারে কোডভুক্ত করার জন্য ইউনিকোড ব্যবহৃত হয়। ইউনিকোড মূলত ২ বাইট বা ১৬ বিটের কোড।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. বাইনারি সংখ্যা পদ্ধতির বেইজ কত? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের কার্গো হেলপার/ট্রাফিক: ২৩]*
ক ১৬ খ ১০
গ ৮ ঘ ২ উ. ঘ

২. The step by steps instructions that solve a problem are called- *[কর্মসংস্থান ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ২২]*
ক An algorithm খ A list
গ A plan ঘ None উ. ক

৩. কম্পিউটারে ব্যবহৃত দুটি অংক- *[কর্মসংস্থান ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ২২]*
ক ১ ও ২ খ ১ ও ৩
গ ০ ও ১ ঘ ০ ও ২ উ. গ

৪ Octal সংখ্যা পদ্ধতির ভিত্তি কত? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*
ক ২ খ ৮
গ ১০ ঘ ১১ উ. খ

৫. The ASCII Code of 'B' is- *[রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২১]*
ক ৬৬ খ ২৬
গ ৫৬ ঘ ৯৬ উ. ক

৬. ১০১০১ বাইনারি সংখ্যাটির দশমিক মান কত? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক ১৯ খ ২৩
গ ২২ ঘ ২১ উ. ঘ

৭. BCD এর পূর্ণরূপ কোনটি? *[জনস্বাস্থ্য অধিদপ্তরের ক্লার্ক কাম টাইপিস্ট:২১]*
ক Binary Code Decimal
খ Binary Coded Decimal
গ Binary Card Decimal
ঘ Binary Code Defecbc উ. খ

৮. Binary পদ্ধতিতে কয়টি প্রতীক ব্যবহার করা হয়? *[এনএসআই এর ওয়্যারলেস অপারেটর/ হিসাবরক্ষক: ২১]*
ক ১টি খ ২টি
গ ৩টি ঘ ৪টি উ. খ

৯. ইউনিকোড কত বিটের? *[রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২১]*
ক ৮ খ ১৬
গ ৩২ ঘ ৬৪ উ. খ

১০. কম্পিউটার নিচের কোন ভাষাটি ব্যবহার করে? *[সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ১৯]*
ক প্রসেসিং খ বাইনারি
গ কিলোবাইট ঘ প্রতিনিধিত্বমূলক উ. খ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. কম্পিউটারের ডিজিটাল পদ্ধতির অভ্যন্তরে সাধারণত যে সংখ্যা পদ্ধতি ব্যবহার করা হয় তাকে কি বলে? *[পানি উন্নয়ন বোর্ডের উপ-সহকারী প্রকৌশলী: ২৩]*

উ. বাইনারি।

প্র. সমস্ত বাইনারি সংখ্যার প্রতিনিধিকারী সংখ্যাগুলো কী কী? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের উপজেলা ব্যবস্থাপক: ২৩]*

উ. ০, ১

প্র. কম্পিউটার প্রোগ্রামিংয়ে কত ধরনের সংখ্যা পদ্ধতি ব্যবহার হয়? *[পরিবেশ অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

উ. ৪ ধরনের।

প্র. বাইনারি ডিজিটকে সংক্ষেপে কী বলা হয়? *[পরিবেশ অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

উ. বিট।

প্র. ইউনিকোড কত বিটের হয়? *[পরিবেশ অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

উ. ১৬ বিটের।

প্র. বাংলা বর্ণমালা কোন কোডের অন্তর্ভুক্ত? *[পরিবেশ অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

উ. ইউনিকোড।

প্র. বাইনারি সংখ্যা পদ্ধতি কাকে বলে? এর অংক কয়টি ও কি কি? *[মন্ত্রিপরিষদ বিভাগের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

উ. যে সংখ্যা পদ্ধতিতে 0 এবং 1 এ দুটি মাত্র সংখ্যা বা অঙ্ক ব্যবহার করা হয়, তাকে বাইনারি সংখ্যা পদ্ধতি বলে। মোট ২টি অঙ্ক ব্যবহারের কারণে এই সংখ্যা পদ্ধতির (বেজ বা ভিত্তি হচ্ছে ২।

প্র. পূর্ণরূপ লিখুন: BCD, ASCII *[মন্ত্রিপরিষদ বিভাগের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

উ. **BCD-** Binary Coded Decimal
ASCII- American Standard Code for Information Interchange.

ফাইল এক্সটেনশন

Audio Files Extension	
.aif	Audio Interchange File Format
.mp3	MP3 Audio File
.m4a	MPEG-4 Audio File
.mpa	MPEG-2 Audio File
.mid	MIDI File
.m3u	Media Playlist File
.wav	WAVE Audio File

Video Files Extension	
.mp4	MPEG-4 Video File
.mpg	MPEG Vedeo File
.avi	Audio Video Interleave File
.flv	Flash Video File
.mov	Apple Quick Time Movie
.wmv	Windows Media Video File
.3gp	3GPP Multimedia File
.3g2	3GPP2 Multimedia File

Image Files Extension	
.jpg, .jpeg	Joint Photographic Experts Group Image
.png	Portable Network Graphic
.psd	Adobe Photoshop Document
.bmp	Bitmap Image File
.thm	Thumbnail Image File
.tif	Tagged Image File
.gif	Graphical Interchange Format File

3D Image Files Extension	
.3ds	3D Studio Scene
.3dm	Rhino 3D Model
.max	3ds Max Scene File
.obj	Wavefront 3D Object File

Vector Image Files Extension	
.ps	PostScript File
.eps	Encapsulated PostScript File
.ai	Adobe Illustrator File

Text Files Extension	
.doc	Microsoft Word Document
.docx	Microsoft Word Open XML Document
.log	Log File
.msg	Outlook Mail Message
.pages	Pages Document
.rtf	Rich Text Format File
.tex	Plain Text File
.wpd	Word Perfect Document

Database Files Extension	
.mdb	Microsoft Access Database
.pdb	Program Database
.db	Database File
.dbf	Database File

Data Files Extension	
.pps	PowerPoint Slide Show
.ppt	PowerPoint Presentation
.pptx	PowerPoint Open XML Presentation
.dat	Data File
.csv	Comma Separated Values File
.efx	eFax Document
.gbr	Gerber File
.ged	GEDCOM Genealogy Data File
.key	Keynote Presentation
.sdf	Standard Data File
.xml	XML File

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

Spreadsheet Files Extension	
.xls	Excel Spreadsheet
.xlr	Works Spreadsheet

Executable Files Extension	
.vb	VBScript File
.app	Mac OS X Application
.apk	Android Package File
.com	DOS Command File
.bat	DOS Batch File
.cgi	Common Gateway Interface Script
.exe	Windows Executable File
.gadget	Windows Gadget

Game Files Extension	
.rom	N64 Game ROM File
.nes	Nintendo (NES) ROM File
.sav	Saved Game
.gam	Saved Game File

CAD Files Extension	
.dwg	AutoCAD Drawing Database File
.dxf	Drawing Exchange Format File

Web Files Extension	
.html	Hypertxt Markup Language File
.htm	Hypertext Markup Language File
.cfm	ColdFusion Markup File
.asp	Active Server Page
.aspx	Active Server Page Extended File
.js	JavaScript File
.jsp	Java Server Page
.php	PHP Source Code File
.rss	Rich Site Summary
.xhtml	Extensible Hypertext Markup Language File

Page Layout Files Extension	
.pdf	Portable Document Format File
.pct	Picture File
.indd	Adobe Indesign Document

Font Files Extension	
.fon	Generic Font File
.fnt	Windows Font File
.bdf	Bitmap Distribution Format
.ttf	True Type Font
.otf	Open Type Font
.ttc	Trup Type Font Collection

Compressed Files Extension	
.zip	Zipped File
.gz	Gnu Zipped Archive
.7z	7-Zip Compressed File
.rar	WinRAR Compressed Archive
.tar, .gz	Compressed Tarball File
.cbr	Comic Book RAR Archive
.deb	Debian Software Package
.pkg	Mac OS X Installer Package
.rpm	Red Hat Package Manager File
.sit	StuffIt Archive
.sitx	StuffIt X Archive
.zipx	Extended Zip File

System Files Extension	
.lnk	Windows File Shortcut
.ico	Icon File
.icns	Mac OS X Icon Resource File
.dmp	Windows Memory Dump
.drv	Device Driver
.sys	Windows System File
.ini, .inf	System file

Setting Files Extension	
.prf	Outlook Profile File
.cfg	Configuration File

Bacl Up Files Extension	
.bak	Backup files
.tmp	Temporary files

Plugin Files Extension	
.plugin	Mac OS X Plug-in
.crx	Chrome Extension

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. 'INI' এক্সটেনশন সাধারণত কোন ধরনের ফাইলে ব্যবহৃত হয়? *[নিরাপদ খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ১৯]*

ক ইমেজ ফাইল
খ সিস্টেম ফাইল
গ হাইপারটেক্সট সম্পর্কিত ফাইল
ঘ ইমেজ কালার ম্যাচিং ফাইল

উ. খ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. পূর্ণরূপ লিখুন: PDF- *[তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সাঁট মুদ্রাক্ষরিক:২৩]*

উ. PDF- Portable Document Format.

প্র. পূর্ণরূপ লিখুন: e-GP, JPEG *[তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

উ. e-GP- Electronic Government Procurement.
JPEG- Joint Photographic Experts Group.

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

তথ্য প্রযুক্তি

- **তথ্য প্রযুক্তি**

তথ্য প্রযুক্তি বলতে তথ্য সংরক্ষণ প্রক্রিয়াকরণ এবং প্রয়োগ করার প্রযুক্তিকে বুঝায়। একে Information Technology বা IT বলা হয়ে থাকে। টেলিযোগাযোগ, স্যাটেলাইট যোগাযোগ, অডিও ভিডিও সম্প্রচার, ডেটাবেস ব্যবস্থাপনা, সফটওয়্যার উন্নয়ন, নেটওয়ার্ক, মুদ্রণ প্রযুক্তি, বিনোদন প্রযুক্তি, শিক্ষণ-প্রশিক্ষণ ব্যবস্থা, তথ্য ভান্ডার সবগুলোকে তথ্য প্রযুক্তি বলা যেতে পারে।

- **যোগাযোগ প্রযুক্তি (Communication Technology)**

কম্পিউটার কিংবা অন্য কোন যন্ত্রের মাধ্যমে ডেটাকে একস্থান হতে অন্য স্থানে কিংবা এক ডিভাইস হতে অন্য ডিভাইসকে স্থানান্তরের প্রক্রিয়া হচ্ছে ডেটা কমিউনিকেশন। ডেটা কমিউনিকেশন ব্যবস্থার সাথে সংশ্লিষ্ট প্রযুক্তিকে যোগাযোগ প্রযুক্তি বা কমিউনিকেশন টেকনোলজি বলে।

- **ই-মেইল (E-mail-** Electronic Mail)

ই-মেইল হলো কম্পিউটার নেটওয়ার্ক ব্যবহার করে এক কম্পিউটার থেকে অন্য কম্পিউটারে তথ আদান-প্রদান ব্যবস্থা। প্রতিটি ই-মেইল ব্যবহারকারীদের একটি ই-মেইল ঠিকানা (Address) থাকে। ই-মেইল ঠিকানা User name @ Domain name এ দুটি অংশ নিয়ে গঠিত হয়। যেমন: alom@gmail.com এখানে alom হলো user name আর gmail.com হলো domain name. ১৯৭২ সালে রে টমলিনশন (Ray Tomlinson) কম্পিউটার থেকে কম্পিউটারে ই-মেইল প্রেরণের জন্য প্রথম সফটওয়্যার তৈরি করেন। রে টোমলিনশন ১৯৭২ সালে @ চিহ্ন ব্যবহার করেন যা এখন পর্যন্ত ই-মেইল address এ ব্যবহার হয়ে আসছে।

- **ওয়েব মেইল**

ওয়েব মেইল হচ্ছে ইন্টারনেটের মাধ্যমে মেসেজসমূহ তৈরি, প্রেরণ ও গ্রহণ করার একটি সুবিধা। ওয়েব মেইল বিভিন্ন ধরনের ই-মেইল সফটওয়্যার যেমন: Microsoft Outlook, eM client, Mozilla Thunderbird, Spike, Postbox ইত্যাদি ব্যবহারের একটি বিকল্প উপায় সরবরাহ করে। ফ্রি ই-মেইল অ্যাড্রেস তৈরি করার জন্য gmail.com, Yahoo.com, hotmail.com, outlook.com প্রভৃতি ডোমেইন ব্যবহার করা হয়। G-mail বর্তমান সময়ের সবচেয়ে জনপ্রিয় ওয়েবমেইল সেবা। ২০০৪ সালে গুগল এ সেবা চালু করে। ১৯৯৬ সালে সাবীর ভাটিয়া ও জ্যাক স্মিথ যৌথভাবে Hotmail চালু করে।

জনপ্রিয় ই-মেইল সার্ভিস প্রোভাইডার		
নাম	প্রতিষ্ঠান	সাল
Out look.com	Microsoft	4th July, 1996
Outlook express	Microsoft	13 August, 1996
Eudora	Qualcomm	1988
Yahoo! mail	Verizon	8 October 1997
Apple Mail	Apple	24 October, 2003
Mozilla Thunderbird	Mozilla Foundation	28 July, 2003
Netscape Messenger	Netscape	September, 1995
Opera mail	Opera Software	2013
Gmail	Google	1 April, 2004
Foxmail	Tencent Holdings	2005

ই-মেইল উইন্ডোর বিভিন্ন অংশ:	
To	এখানে যার কাছে ই-মেইল পাঠানো হবে তার ই-মেইল ঠিকানা লিখতে হবে। তবে একই মেইল একাধিক ঠিকানায় পাঠাতে হলে প্রতিটি ঠিকানা কমা (,) দিয়ে আলাদা করে লিখতে হবে।
CC (Carbon Copy)	CC এর ঘরে সে সমস্ত ঠিকানা Type করতে হয়। যাদের বরাবর প্রেরক একই ই-মেইল পাঠাতে চায়। ই-মেইল ঠিকানাগুলো কমা দিয়ে লিখতে হয়।
BCC (Blind Carbon Copy)	BCC এর ঘরে যে সমস্ত ঠিকানা টাইপ করতে হয় যাদেরকে প্রেরক একই ই-মেইল কপি পাঠাতে চায় কিন্তু প্রাপকদের জানাতে চান না।
অ্যাটাচমেন্ট	ই-মেইল এর মেসেজের অংশবিশেষ হিসেবে ই-মেইলের সাথে সংযুক্ত ফাইল বা ডকুমেন্টকে (ওয়ার্ডফাইল, ছবি, পাওয়ার পয়েন্ট ফাইল, অডিও-ভিডিও) অ্যাটাচ ফাইল বা অ্যাটাচমেন্ট বলে। ওয়েবভিত্তিক মেইলে সাধারণত 25 mb পর্যন্ত সাইজের ডকুমেন্ট অ্যাটাচ করে পাঠানো যায়।

- **Mail Server**

মেইল সার্ভার হলো নেটওয়ার্কের একটি কম্পিউটার যা ভার্চুয়াল পোস্ট অফিস হিসেবে কাজ করে। মেইল সার্ভার হতে Incoming mail গ্রহণের জন্য ব্যবহৃত প্রটোকল হলো POP3 (Post Office Protocol 3) এবং এর অধিক ব্যবহৃত পোর্ট হলো 110, 995, IMAP (Internet Mail Access Protocol). মেইল পাঠানোর জন্য ব্যবহৃত প্রটোকল হলো SMTP (Simple Mail Transfer Protocol)।

- **ফ্যাক্স (Fax-** Facsimile):

স্কটল্যান্ড বিজ্ঞানী ১৮৪২ সালে আলেকজান্ডার বেইন ফ্যাক্স আবিষ্কার করেন। ফ্যাক্স একটি ইলেকট্রনিক যন্ত্র যা কোন কাগজ বা দলিলের ছবি ডিজিটাল পদ্ধতির টেলিফোনে তারের সহায়তায় দূর মুদ্রণে সক্ষম।

- **টেলেক্স (Telex-** Teleprinter Exchange):

এটি এক বিশেষ ধরনের টেলিফোন ব্যবস্থা যার সাহায্যে সংবাদ বা বার্তা টাইপ হয়ে বের হয়। অর্থাৎ এ যন্ত্রে প্রেরিত শব্দ বা কথাবার্তা টেলিপ্রিন্টারের সাহায্যে টাইপ হয়ে প্রাপকের নিকট পৌঁছায়।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. ই-মেইলের ক্ষেত্রে সিসি (CC) এর অর্থ কি? *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক close circuit খ carbon copy
গ close contact ঘ close copy
উ. খ

২. Gmail এর ইনবক্স হতে কোন মেইল ডিলিট করলে কোথায় খুঁজে পাওয়া যায়? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক Spam খ Trash
গ Delete ঘ Starred
উ. খ

৩. ই-মেইল সিস্টেম কে চালু করেন? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিভিন্ন পদ: ২৩]*
ক মার্কনি খ বিল গেটস
গ ম্যাক্সওয়েল ঘ রেমন্ড টমলিনসন
উ. ঘ

৪. কোন ই-মেইল BCC এর অর্থ কি? *[রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২১]*
ক Blind carbon copy
খ Blank carbon
গ Bold carbon copy
ঘ Bright carbon copy
উ. ক

৫. কোন সালে '@' কে ই-মেইল ঠিকানায় ব্যবহারের জন্য বেছে নেওয়া হয়? *[রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২১]*
ক ১৯৭২ খ ১৯৭৬
গ ১৯৮০ ঘ ১৯৮৪
উ. ক

৬. E-mail কবে আবিষ্কৃত হয়? *[রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২১]*
ক ১৯৪৯ খ ১৯৫৯
গ ১৯৭১ ঘ ১৯৮৯
উ. গ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. ই-মেইলের জনক কে? *[নিরাপদ খাদ্য অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক:২৩]*
উ. রেমন্ড স্যামুয়েল টমলিনসন (যুক্তরাষ্ট্র)

প্র. ই-মেইল অ্যাড্রেসে @ দ্বারা কী বোঝানো হয়? *[শিপিং কর্পোরেশন চট্টগ্রামের কম্পিউটার অপারেটর: ২৩]*
উ. At the rate/At sign.

প্র. ইমেইল ঠিকানায় @ এর পরের অংশটিকে কী বলে? *[বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ডাটা এন্ট্রি: ২০]*
উ. @ চিহ্নের পরের অংশটি হলো Domain name.

প্র. ICT এর পূর্ণরূপ কী? *[ইনভেস্টমেন্ট কর্পোরেশনের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*
উ. Information and Communications Technology.

প্র. IOT-এর পূর্ণরূপ কী? *[বিভাগীয় কমিশনারের কার্যালয় (রংপুর) এর কম্পিউটার অপারেটর: ২৩]*
উ. Internet of Things.

ঘ. SMTP এর পূর্ণরূপ- *[স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ এর সাঁট মুদ্রাক্ষরিক:২১]*
উ. Simple Mail Transfer Protocl.

দৈনন্দিন জীবনে প্রযুক্তির ভূমিকা

- **ই-তথ্যকোষ**
সরকারের বিভিন্ন সেবা ডিজিটাল প্রযুক্তির সাহায্যে জনগণের কাছে সহজে পৌঁছে দিতে এবং জীবন-জীবিকাভিত্তিক তথ্য এক জায়গায় সহজে খুঁজে পেতে চালু হয় বাংলা ভাষার সবচেয়ে বড় তথ্যভান্ডার জাতীয় ই তথ্যকোষ। ২৭ ফেব্রুয়ারি, ২০১১ জাতীয় ই-তথ্যকোষ উদ্বোধন করা হয়। বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়ন (www.bangladesh.gov.bd) হলো বিশ্বের সবচেয়ে বড় ওয়েব পোর্টাল।

- **OTT (Over-The-Top) Media Service**
অনলাইন স্ট্রিমিং প্ল্যাটফর্ম বা অ্যাপসভিত্তিক ভিডিও স্ট্রিমিং সেবা হচ্ছে OTT Media Service. অ্যাপ ডাউনলোড করে একটা নির্দিষ্ট ফি দিয়ে সাবস্ক্রিপশনের পর সেটি দেখতে হয়। বায়োস্কোপ, বঙ্গ বিডি, সিনেমেটিক সিনস্পট, বাংলাফ্লিক্স, টেলিফ্লিক্স ইত্যাদি বাংলাদেশি OTT প্ল্যাটফর্ম।

Netflix	মার্কিন বিনোদনধর্মী প্রতিষ্ঠান নেটফ্লিক্স ১৯৯৭ সালের ২৯ আগস্ট রিড হ্যাস্টিংস এবং মার্ক রেন্ডোল্ফ দ্বারা প্রতিষ্ঠিত হয়। যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া রাজ্যের স্কটস ভ্যালি শহরে এর সদর দপ্তর অবস্থিত।
Prime Video	প্রাইম ভিডিও ই-মার্কিন প্রতিষ্ঠান আমাজন.কম কর্তৃক প্রতিষ্ঠিত হয়। ২৯ আগস্ট ২০০৬ সালে এটি যাত্রা শুরু করে।
Disney Plus	ডিজনি প্লাস হলো মার্কিন চলচ্চিত্র নির্মাতা প্রতিষ্ঠান ডিজনির OTT প্লাটফর্ম। ১২ নভেম্বর, ২০১৯ সালে এটি যাত্রা শুরু করে।
Iflix	মালয়েশিয়াভিত্তিক অনলাইন ভিডিও স্ট্রিমিং সাইট হচ্ছে iflix। ক্যাচাফ্রুপের সিইও প্যাট্রিক গ্রোভ, মার্ক ব্রিট আইফ্লিক্স এর প্রতিষ্ঠাতা। এটি ২০১৪ সালে যাত্রা শুরু করে।
চরকি	বাংলাদেশের ওটিটি ভিডিও স্ট্রিমিং প্লাটফর্ম হচ্ছে চরকি। ১২ জুলাই, ২০২১ সালে এটি চালু হয়। এটি ট্রান্সকম গ্রুপের মিডিয়া স্টার লিমিটেডের অধীনে প্রথম আলোর মাধ্যমে পরিচালিত হয়।

Skype	স্কাইপির মাধ্যমে ব্যবহারকারীরা ইন্টারনেটে যুক্ত হয়ে পরস্পরের সাথে ভয়েস, ভিডিও এবং তাৎক্ষণিক বার্তার মাধ্যমে যোগাযোগ করতে পারে। ২০০৩ সালে ডেনমার্কের ধমিজা, জানুজ ফ্রিজ ও সুইডেনের নিকোলাস জেনস্ট্রম সম্মিলিতভাবে স্কাইপি প্রতিষ্ঠা করেন।
Whats App	হোয়াটসঅ্যাপ মেসেজিং অ্যাপ ও ভয়েস ওভার ইন্টারনেট প্রোটোকল পরিষেবা। এটি ২০০৯ সালে জ্যান কউম (Jan Koum) ও ব্রায়ান এক্টন (Brain Acton কর্তৃক প্রতিষ্ঠিত হয়।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

জুম	জুম ক্লাউড মিটিং হলো একটি ভিডিও টেলিকনফারেন্সিং সফটওয়্যার প্রোগ্রাম। এটি ২১ এপ্রিল, ২০১১ সালে প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার সানজোসে অবস্থিত। এর প্রতিষ্ঠাতা এরিক ইয়ান।
ইমো	ইমো হলো একটি অ্যাপ যা দ্বারা মোবাইলের (Contact) লিস্টের যাদের ইমো আইডি আছে তাদের সাথে ডেটা ব্যবহার করে ভয়েস কল, ভিডিও কল ও ম্যাসেজ আদান-প্রদান করা যায়। এটি ২০০৬ সালে প্রতিষ্ঠিত হয় এবং এর সদর দপ্তর Palo Alto, California.
Viber	ভাইবার হলো একটি তাৎক্ষণিক বার্তা প্রেরক এবং ভিওআইপি স্মার্টফোনের জন্য অ্যাপ্লিকেশন যা মিডিয়া দ্বারা বিকশিত হয়েছে। এতে ব্যবহারকারী ছবি, ভিডিও এবং অডিও মিডিয়া বার্তা বিনিময় করতে পারেন। ২ ডিসেম্বর, ২০১০ সালে এটি প্রথম অবমুক্ত হয়।
VoIP	VoIP (Voice Over Internet Protocol) হলো ইন্টারনেটের মাধ্যমে কথা বলার এক ধরনের মাধ্যম। ইন্টারনেট টেকনোলজি এবং মাল্টিমিডিয়া অ্যাপ্লিকেশন ব্যবহার করে ভয়েস, ডেটা এবং ভিডিও আদান-প্রদান করার পদ্ধতিকে VoIP বলে।
ই লার্নিং	ইলেকট্রনিক প্রযুক্তি নির্ভর শিক্ষাব্যবস্থা হলো ই লার্নিং। ই লার্নিং ব্যবস্থায় অনলাইনের মাধ্যমে কোর্স, প্রোগ্রাম, ডিগ্রি প্রদান করা হয়।
ই-বুক রিডার	একটি বহনসক্ষম বৈদ্যুতিক যন্ত্র দিয়ে ইলেকট্রনিক বই এবং সাময়িক পত্র পড়ার জন্য যে ডিজিটাল মাধ্যম তৈরি করা হয়েছে তাকে ই-বুক রিডার বলে। Kindle, Nook, Sony Reader, Kobo Reader ই-বুক রিডারের উদাহরণ। যুক্তরাষ্ট্রের নাগরিক মাইকেল স্টার্ন হার্ট হলেন ই-বুকের জনক।

♦ **ই-কমার্স (E-Commerce-** Electronic Commerce)
ইন্টারনেট প্রযুক্তিতে কম্পিউটার নেটওয়ার্ক ও অন্যান্য ইলেকট্রনিক প্রযুক্তি ব্যবহার করে পণ্য, সেবা ও তথ্য ক্রয়-বিক্রয় বিনিময় কার্যকে ই-কমার্স বলে। সেবা ও পণ্য লেনদেনের ভিত্তিতে ই-কমার্সকে সাধারণত ৪টি ক্যাটাগরিতে বিভক্ত করা হয়। যথা:

১. **ব্যবসা থেকে ব্যবসা (B2B- Business to Business)**
যে পদ্ধতিতে দুটি ব্যবসা প্রতিষ্ঠানের মধ্যে পাইকারি বা খুচরা ক্রয়-বিক্রয় হয় তাকে B2B E-commerce বলে। B2B ই-কমার্স সিস্টেমে পক্ষগুলোর মধ্যে ব্যবসায়িক প্রতিষ্ঠান, সরবরাহকারী কিংবা পণ্য উৎপাদনকারী হতে পারে। বর্তমানে অধিকাংশ ই-কমার্স আইওএস (Inter Organization Information System) এবং ইলেকট্রনিক মার্কেটের লেনদেনসমূহ B2B এর আওতায় পড়ে। যেমন Alibaba.com, IndiaMART ইত্যাদি।

২. **ব্যবসা থেকে ভোক্তা (B2C- Business to Consumer)**
যে পদ্ধতিতে ভোক্তা সরাসরি বিক্রেতার কাছ থেকে ইন্টারনেটের মাধ্যমে পণ্য ক্রয় বা লেনদেন করে তাকে B2C ই-কমার্স বলে। এ ধরনের ই-কমার্স সিস্টেমে কোন ভোক্তা সরাসরি কোন ব্যবসায়ী বা উৎপাদনকারী থেকে পণ্য ক্রয় করে থাকে। Amazon.com, Walmart.com প্রভৃতি এ ধরনের প্রতিষ্ঠান।

৩. **ভোক্তা থেকে ব্যবসা (C2B- Consumer to Business)**
যখন কোন ভোক্তা এককভাবে অন্য কোন ব্যবসায়িক প্রতিষ্ঠানের সাথে সরাসরি লেনদেন করে তখন তাকে C2B ই-কমার্স বলে। যেমন: Fiverr.com, Monster.com, Priceline.com ইত্যাদি।

৪. **ভোক্তা থেকে ভোক্তা (Consumer to Consumer)**
এ জাতীয় ব্যবসায়ে কোন ব্যবহারকারী থেকে অন্য কোন ব্যবহারকারীর মধ্যে লেনদেন সম্পাদিত হয়। এ ধরনের ই-কমার্স ব্যবসায় কোন বিজনেস মিডলম্যান থাকে না। যেমন: eBay, Etsy, Ali Express ইত্যাদি C2C-এর উদাহরণ।

♦ **আন্তর্জাতিক অনলাইনভিত্তিক ব্যবসায়িক প্রতিষ্ঠান**
১৯৭৯ সালে Michael Aldrich বিশ্বে প্রথম Online Shopping System এর ধারণা ব্যক্ত করেন। কিছু অনলাইন শপিং সেন্টার হলো:

অ্যামাজন.কম	এটি বিশ্বের সবচেয়ে বড় অনলাইন খুচরা পণ্য বিক্রেতা কোম্পানি। এর সদর দপ্তর মার্কিন যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন অঙ্গরাজ্যের সিয়াটলে অবস্থিত। ৫ জুলাই, ১৯৯৪ সালে জেফ বেজোস এটি প্রতিষ্ঠা করেন।
eBay	১৯৯৫ সালে মোরাদ ওমিদিয়র কর্তৃক eBay প্রতিষ্ঠিত হয়। এটি সাধারণত C2C এবং B2C ই-কমার্স সেবা প্রদান করে। যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যের সানজোসে এর সদর দপ্তর অবস্থিত।
Alibaba.com	এটি বহুজাতিক ই-কমার্স পাইকারি, প্রযুক্তি বিক্রয়কারী প্রতিষ্ঠান। ১৯৯৯ সালে জ্যাক মা কর্তৃক আলীবাবা প্রতিষ্ঠিত হয়। চীনের চচিয়াং প্রদেশের হাংচৌ শহরে এর সদর দপ্তর অবস্থিত।
OLX.com	Fabrice Grinda কর্তৃক ২০০৬ সালে OLX (OnLine eXchange) প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর নেদারল্যান্ডসের আমস্টারডামে অবস্থিত।
Walmart	স্যাম ওয়াল্টন ২০০৭ সালে Walmart প্রতিষ্ঠা করেন। এটি যুক্তরাষ্ট্রের সবচেয়ে বড় খুচরা বিক্রেতা প্রতিষ্ঠান।
আরো কয়েকটি অনলাইনভিত্তিক ব্যবসায়িক প্রতিষ্ঠান হলো- Flipkart, IndiaMART, Best Buy, Rakuten, Otto Group, Cnova N.V, Tesco ইত্যাদি।	

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বাংলাদেশের অনলাইনভিত্তিক ব্যবসায়িক প্রতিষ্ঠান	
অনলাইন প্রতিষ্ঠান	প্রতিষ্ঠা সাল
Bikroy.com	২০১২
Daraz.com	২০১২
Rokomari.com (Book Shop)	২০১২
Chaldal.com (Grocer Shop)	২০১৩
Priyoshop.com	২০১৩
Pickabo	২০১৬
Sellbazar Ekhanei.com (বর্তমান নাম)	২০০৬ ২০১৪
Foodpanda	২০১৪
Bangla Shoppers	২০০৭ (কার্যক্রম- ২০১৩)

♦ **ই-ব্যাংকিং (Electronic Banking)**

E-Banking-কে অনলাইন ব্যাংকিং বা Net Banking নামেও অভিহিত করা হয়। এর মাধ্যমে গ্রাহক ইন্টারনেটের সাহায্যে নিজেরাই নিজের হিসেবের জের, লেনদেন এর প্রকৃতি ও পরিমাণ এবং হিসাব বিবরণী দেখতে পারেন। ই-ব্যাংকিং এর পদ্ধতি:

- **ইন্টারনেট ব্যাংকিং**
  ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে গ্রাহক ব্যাংকের একটি নিরাপদ ওয়েবসাইট এ নাম এবং পাসওয়ার্ড দ্বারা নিবন্ধিত হয়ে থাকে। যথযথ তথ্য প্রদানের পর গ্রাহক পৃথিবীর যে কোন প্রান্ত থেকে যে কোন সময় তার হিসাবের বিবরণী গ্রহণ, তহবিল স্থানান্তর, বিল প্রদানসহ অন্যান্য লেনদেন ইন্টারনেটের মাধ্যমে করতে পারে।
- **এসএমএস ব্যাংকিং**
  মোবাইলে এসএমএসের মাধ্যমে বিভিন্ন ব্যাংকিং সেবা আদান-প্রদান করাকে এসএমএস ব্যাংকিং বলে। যেমন: হিসাবের স্থিতি, চেক বইয়ের জন্য অনুরোধ ইত্যাদি।
- **এটিএম (ATM- Automated Teller Machine)**
  ATM এক ধরনের ইলেকট্রনিক যন্ত্র যার সাহায্যে (২৪/৭) ব্যাংকের কর্মচারির উপস্থিতি ছাড়া ব্যাংক কর্তৃক সরবরাহকৃত এটিএম কার্ডের মাধ্যমে প্রাথমিক কিছু লেনদেন করতে পারে। যেমন: টাকা উত্তোলন, হিসাবের বিবরণী গ্রহণ ইত্যাদি।
- **ফোন ব্যাংকিং (Phone Banking)**
  টেলিফোন ব্যাংকিং এক ধরনের ব্যাংকিং সেবা যার মাধ্যমে গ্রাহক ব্যাংকিং লেনদেন ফোনের মাধ্যমে সম্পন্ন করতে পারে। এক্ষেত্রে গ্রাহকের পরিচয় সত্যতা পাওয়ার পর এ ধরনের সেবা দেয়া হয়।
- **মোবাইল ব্যাংকিং (Mobile Banking)**
  মোবাইল ফোনে প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে গ্রাহককে ব্যাংকিং ও আর্থিক সেবা তথা অর্থ জমাদান, উত্তোলন, মূল্য ও বিল পরিশোধ, বেতন-ভাতা প্রদান ইত্যাদি কার্যক্রম প্রদান করাই মোবাইল ব্যাংকিং। বাংলাদেশে ২০১১ সালে মোবাইল ব্যাংকিং চালু হয়।

বিভিন্ন ব্যাংকের মোবাইল ব্যাংকিং সেবাসমূহ	
মোবাইল ব্যাংকিং	সেবার নাম
ডাচ্ বাংলা ব্যাংক	রকেট
ব্র্যাক ব্যাংক	বিকাশ
ডাক বিভাগ	নগদ
ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক	উপায়
রূপালি ব্যাংক, ফার্স্ট সিকিউরিটি ব্যাংক, বাংলাদেশ কমার্স ব্যাংক, এনসিসি ব্যাংক ও যমুনা ব্যাংকের যৌথ সেবা	শিওরক্যাশ
ইসলামি ব্যাংক বাংলাদেশ লিমিটেড	এম ক্যাশ
মার্কেন্টাইল ব্যাংক	মাইক্যাশ
ট্রাস্ট ব্যাংক	টি ক্যাশ
পল্লী সঞ্চয় ব্যাংকের ডিজিটাল আর্থিক সেবা	পল্লী লেনদেন

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. কোন প্রযুক্তির মাধ্যমে ২৪ ঘণ্টা সুবিধা পাওয়া যায়? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিভিন্ন পদ: ২৩]*
ক EVM খ ATM
গ Fast Cash ঘ MTS
উ. খ

২. ইন্টারনেটের সাথে কেনাবেচাকে বলা হয়- *[বিটিআরসি'র কন্ট্রাক্টর-ডি: ২২]*
ক E-ticketing খ E-mailing
গ E-registration ঘ E-commerce
উ. ঘ

৩. B2C প্রথম ইন্টারনেট ব্যবহার করে ব্যবসা শুরু করে কোন সালে? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক ১৯৯১ খ ১৯৯২
গ ১৯৯৩ ঘ ১৯৯৪
উ. ঘ

৪. ই-কমার্স কী? *[জনস্বাস্থ্য অধিদপ্তরের ক্লার্ক কাম টাইপিস্ট: ২১]*
ক প্রেষণা দানের নতুন পদ্ধতি
খ নতুন বাজারজাতকরণ পদ্ধতি
গ পরিবহন ব্যবস্থা ঘ বাণিজ্যিক ব্যাংকিং
উ. খ

৫. ই-কমার্সকে কত ভাগে ভাগ করা যায়? *[রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২১]*
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫
উ. গ

৬. 'মাইকেল এস হার্ট' কিসের জনক? *[রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২১]*
ক ই-বুক খ মাউস
গ পেনড্রাইভ ঘ মনিটর
উ. ক

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. AI এর পূর্ণরূপ কী? *[বিভাগীয় কমিশনারের কার্যালয় (রংপুর) এর কম্পিউটার অপারেটর: ২৩]*
উ. Artificial Intelligence.

প্র. Blockchain ও Artificial Intelligence (AI) বলতে কী বোঝায়? *[গণযোগাযোগ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]*

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

উ. Block chain প্রযুক্তিতে অনেক ডাটা ব্লক থাকে। এই সমস্ত ডেটা ব্লকে ক্রিপ্টোগ্রাফি প্রযুক্তি ব্যবহার করে ডেটা এনকোড করা হয় এবং ব্লকগুলি একে অপরের সাথে সংযুক্ত হয়ে একটি দীর্ঘ চেইন তৈরি করে। প্রতিটি ব্লকে রয়েছে তার ঠিক আগের ব্লকের একটি ক্রিপ্টোগ্রাফিক হ্যাশ, একটি Time Stamp ও List of transaction বা লেনদেন তথ্য। এইভাবে প্রতিটি ব্লকের সাথে সম্পর্কিত ডেটা তার পাশের ব্লকে সংরক্ষিত থাকে।

Artificial Intelligence: *[গণযোগাযোগ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]*

কৃত্রিম বুদ্ধিমত্তা হচ্ছে বিজ্ঞান এবং প্রযুক্তির সমন্বয়। মানুষ যেভাবে চিন্তা করে তেমনি কৃত্রিম উপায়ে কম্পিউটারে সেভাবে চিন্তা ভাবনার রূপদান করাকে কৃত্রিম বুদ্ধিমত্তা বলে। ১৯৫৬ সালে যুক্তরাষ্ট্রের MIT এর John McCarthy সর্বপ্রথম আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স শব্দটির সাথে পরিচয় করিয়ে দেন। তবে কৃত্রিম বুদ্ধিমত্তার জনক হলেন ব্রিটিশ বিজ্ঞানী ও গণিতবিদ অ্যালান টুরিং (Alan Mathison Turing)।

প্র. **ই-বুক ব্যবহারের ৫টি সুবিধা লিখুন:** *[পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

উ. ই-বুক ব্যবহারের ৫টি সুবিধা হলো-

১. ই-বুকে তথ্য অনুসন্ধান সহজতর।

২. ই-বুকে ডাইনলোডের মাধ্যমে তাৎক্ষণিকভাবে তথ্য পাওয়া সম্ভব।

৩. ই-বুক সহজে বিতরণযোগ্য ও বিক্রয়যোগ্য।

৪. ই-বুক সহজে সংরক্ষণ করা যায়।

৫. ই-বুক সহজে মুদ্রণযোগ্য বলে চাহিদা অনুযায়ী প্রিন্ট করা সম্ভব, ফলে আর্থিক সাশ্রয় হয়।

প্র. **ভার্চুয়াল রিয়েলিটিতে কোন ধরনের ইমেজ ব্যবহৃত হয়?** *[পরিবেশ অধিদপ্তরের সাঁট মুদ্রাক্ষরিক অপারেটর: ২৩]*

উ. ত্রিমাত্রিক (3D) ইমেজ।

প্র. **পূর্ণরূপ লিখুন: VoIP-** *[তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সাঁট মুদ্রাক্ষরিক:২৩]*

উ. VoIP- Voice over Internet Protocol.

ডেটা কমিউনিকেশন মাধ্যম

♦ সাবমেরিন ক্যাবল

সাবমেরিন ক্যাবল হলো অপটিক্যাল ফাইবারের বৃহদাকার সংযোগ যা সমুদ্র তলদেশে ক্যাবল তারের মাধ্যমে বিভিন্ন দেশ ও মহাদেশের টেলিকমিউনিকেশনের মাধ্যমে সংযোগ স্থাপন করেছে। সমুদ্রের তলদেশে স্থাপিত হওয়ায় এর নামকরণ করা হয়েছে সাবমেরিন ক্যাবল।

বাংলাদেশের জন্য নির্ধারিত সাবমেরিন ক্যাবল

ডিস্তি	SEA-ME-WE-4	SEA-ME-WE-5	SEA-ME-WE-6
পূর্ণরূপ	South East Asia Middle East-West Europe-4	South East Asia Middle East-West Europe-5	South East Asia Middle East-West Europe-6
চালু	২০০৬	২০১৭	২০২৪
গতি	২০০ Gbps	১৩০০ Gbps	১২ টেরাবাইট
দৈর্ঘ্য	২০,০০০ কিমি.	২৫০০০ কিমি.	১৩,২৭৫ কিমি.
যুক্ত দেশ	১৪টি	১৭টি	১৯টি
ল্যান্ডিং স্টেশন	ঝিলংঝা, কক্সবাজার	কলাপাড়া, কুয়াকাটা, পটুয়াখালী	কক্সবাজার

♦ তারবিহীন মাধ্যম

Wireless শব্দটির অর্থ তারবিহীন। কোন প্রকার তার ব্যবহার না করে একাধিক সিস্টেমে ডেটা আদান-প্রদান করার পদ্ধতিকে Wireless Communication বলে। এটি তরঙ্গ ইলেক্ট্রিক সিগন্যাল আকারে মুক্ত স্থানের মাধ্যমে পরিচালিত হয়। ওয়্যারলেস কমিউনিকেশন মাধ্যমকে ৩ ভাগে ভাগ করা যায়। যথা:

১. রেডিও ওয়েভ বা বেতার তরঙ্গ

৩ কিলোহার্টজ থেকে ১ গিগাহার্টজের মধ্যে সীমিত ইলেকট্রোম্যাগনেটিক স্পেকট্রামকে রেডিও ওয়েভ বলে। রেডিও যন্ত্রপাতি যেমন- রেডিও ট্রান্সমিটার, এন্টেনা এবং উপযুক্ত টার্মিনাল যন্ত্রপাতি ব্যবহার করে এক স্থান থেকে অন্য স্থানে বৈদ্যুতিক সংকেত বা সিগন্যাল পাঠানো হয়।

২. মাইক্রোওয়েভ

৩০০ মেগাহার্টজ থেকে ৩০০ গিগাহার্টজের মধ্যে সীমিত ইলেক্ট্রোম্যাগনেটিক স্পেকট্রামকে মাইক্রোওয়েভ বলে। টেলিযোগাযোগ ও স্যাটেলাইটে মাইক্রোওয়েভ ব্যবহার করা হয়। এতে ডেটা, ছবি এবং কথা দ্রুত স্থানান্তর করা সম্ভব।

৩. অবলোহিত রশ্মি (Infrared Wave)

এটি এক ধরনের ওয়েভ যার ফ্রিকোয়েন্সি সীমা 300 GHz থেকে 400 THz হয়ে থাকে। খুব কাছাকাছি অবস্থিত দুইটি ডিভাইসের মধ্যে যোগাযোগের ক্ষেত্রে ইনফ্রারেড ব্যবহার করা হয়। এ ধরনের যোগাযোগে দুই প্রান্তে ট্রান্সমিটার ও রিসিভার থাকে। টেলিভিশন, ভিসিআর এ ব্যবহৃত রিমোট কন্ট্রোল, বিভিন্ন ডিভাইস যেমন: কী বোর্ড, মাউস, প্রিন্টার ইত্যাদির ওয়্যারলেস কমিউনিকেশনে ব্যবহৃত হয়।

তারহীন মাধ্যমে ডেটা ট্রান্সফার রেটের তুলনা

মাধ্যম	সাব-ক্যাটাগরি	ডেটা ট্রান্সফার রেট
ওয়্যারলেস	রেডিও ওয়েভ	9600 bps-2Mbps
	মাইক্রোওয়েভ	50 Mbps
	ইনফ্রারেড	1-4 Mbps

- **হটস্পট (Hotspot)**

হটস্পট এক ধরনের ওয়্যারলেস নেটওয়ার্ক যা মোবাইল, কম্পিউটার ও ডিভাইসে (যেমন মোবাইল, ল্যাপটপ, নোটবুক, ট্যাব) ইন্টারনেট সংযোগে ব্যবহার করা হয়। ব্লুটুথ, ওয়াই-ফাই, ওয়াই-ম্যাক্স হলো জনপ্রিয় হটস্পট।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

◆ **ব্লুটুথ (Bluetooth)**
স্বল্প দূরত্বের ভেতর ফিক্সড ও মোবাইল ডিভাইসসমূহ থেকে তথ্য বিনিময়ের জন্য একটি প্রোপ্রায়েটরি ওপেন ওয়্যারলেস প্রযুক্তি স্ট্যান্ডার্ড হলো ব্লুটুথ। এর মাধ্যমে একটি পার্সোনাল এরিয়া নেটওয়ার্ক (PAN) সৃষ্টি হয় যেখানে উঁচু মানের নিরাপত্তা বজায় থাকে। Dr. Japp Haartsen ১৯৯৪ সালে ব্লুটুথ আবিষ্কার করেন। কাছাকাছি দুইটি ডিভাইসের মধ্যে ডেটা স্থানান্তরে ব্লুটুথ রেডিও ওয়েভ ব্যবহার করে। এটি ১০-১০০ মিটারের মধ্যে অবস্থানকারী ডিভাইসের সাথে যোগাযোগ স্থাপন করতে পারে।

◆ **ওয়াই-ফাই (WiFi- Wireless Fidelity)**
বৈদ্যুতিক যন্ত্রপাতিগুলোকে তারবিহীন উপায়ে সংযুক্ত করার একটি কৌশল হলো ওয়াই-ফাই। ২১ সেপ্টেম্বর, ১৯৯৮ সালে ভিক্টর ভিক হেইয়েস ওয়াইফাই আবিষ্কার করেন। এটি হলো জনপ্রিয় একটি ওয়্যারলেস নেটওয়ার্কিং প্রযুক্তি যা তারবিহীন উচ্চগতির ইন্টারনেট ও নেটওয়ার্ক সংযোগ সমূহ সরবরাহের জন্য বেতার তরঙ্গকে ব্যবহার করে থাকে। এর স্ট্যান্ডার্ড হলো IEE802.11। ওয়াই-ফাই ৩ প্রকার। যথা: Hotspot Wi-fi, IEE802.11 ও Light Fidelity.

◆ **ওয়াইম্যাক্স (Wi MAX):**
Wi MAX (Worldwide Interoperability for Microwave Access) এর IEEE নাম 802.16। ওয়াইম্যাক্স নামটি দিয়েছে ওয়াইম্যাক্স ফোরাম, যা ২০০১ সালে গঠিত হয়েছিল। ওয়াইম্যাক্স এর মাধ্যমে উচ্চ গতির ব্রডব্যান্ড সেবা, তারবিহীন ব্যবস্থা বিস্তৃত এলাকাজুড়ে ইন্টারনেট অ্যাকসেস করার সুযোগ পাওয়া যায়।

◆ **ব্লুটুথ, ওয়াই-ফাই, ওয়াইম্যাক্স এর বিভিন্ন ক্ষেত্র:**

ব্লুটুথ (Bluetooth)	
IEEE স্ট্যান্ডার্ড	IEEE 802.15.1
ফ্রিকোয়েন্সি	2.45 GHz
রেঞ্জ বা দূরত্ব	1 মি.- 100 মি.
ব্যান্ডউইথ	1 Mbps
নিরাপত্তা	কম
নেটওয়ার্ক	Wireless PAN (WPAN)
ওয়াই-ফাই (Wi-fi)	
IEEE স্ট্যান্ডার্ড	IEEE 802.11 [দ্রুততম সংস্করণ IEEE 802.11G]
ফ্রিকোয়েন্সি	2.45 GHz- 5 GHz
রেঞ্জ বা দূরত্ব	50 মি. - 200 মি.
ব্যান্ডউইথ	11 Mbps- 300 Mbps
নিরাপত্তা	ব্লুটুথ থেকেও কম
নেটওয়ার্ক	Wireless LAN (WLAN)
ওয়াইম্যাক্স (WiMAX)	
IEEE স্ট্যান্ডার্ড	IEEE 802.16
ফ্রিকোয়েন্সি	2 GHz- 66 GHz
রেঞ্জ বা দূরত্ব	প্রায় 50 কিলোমিটার
ব্যান্ডউইথ	800 Mbps- 1 Gbps
নিরাপত্তা	বেশি
নেটওয়ার্ক	Wireless MAN (WMAN)

◆ **গ্লোবাল পজিশনিং সিস্টেম বা জিপিএস**
Global Positioning System একটি মহাকাশ ভিত্তিক রেডিও নেভিগেশন সিস্টেম, যেখানে কৃত্রিম উপগ্রহের মাধ্যমে পৃথিবীর যেকোন স্থানের ভৌগোলিক অবস্থান ও সময় সম্পর্কে অতি দ্রুত এবং নিখুঁতভাবে তথ্য সরবরাহ করে। এটি এক ধরনের একমুখী যোগাযোগ ব্যবস্থা যেখানে ব্যবহারকারী উপগ্রহ থেকে পাঠানো সংকেত শুধুমাত্র গ্রহণ করতে পারে কিন্তু নিজেরা উপগ্রহে সংকেত পাঠাতে পারে না। মোবাইল, জাহাজে গতিবিধি, উড়োজাহাজের অবস্থান, দিক নির্ণয়ে, রাইড শেয়ারিংয়ে এটি ব্যবহার করা হয়।

◆ **জিআইএস (Geographical Information Systems)**
GIS একটি স্বয়ংক্রিয় কম্পিউটার সিস্টেম যা ভৌগোলিকভাবে যেকোন স্থাপনার পরিবর্তন ও অন্যান্য সংশ্লিষ্ট তথ্য বিশ্লেষণের মাধ্যমে ঐ স্থানের ভারসাম্য পরিচালনা করে।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. **'Hotspot' কী?** *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক তারযুক্ত ইন্টারনেট ব্যবস্থা খ নির্দিষ্ট দূরত্ব এলাকা
গ তারবিহীন ইন্টারনেট ব্যবস্থা
ঘ বিশ্বব্যাপী নেটওয়ার্ক ব্যবস্থা **উ. গ**

২. **ব্লুটুথের মাধ্যমে কোন ধরনের ওয়্যারলেস নেটওয়ার্ক তৈরি করা হয়?** *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক LAN খ MAN
গ PAN ঘ WAN **উ. গ**

৩. **ফাইবার অপটিক ক্যাবলে কি ধরনের সিগন্যাল ট্রান্সমিট করে?** *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের কার্গো হেলপার/ট্রাফিক: ২৩]*
ক ইলেকট্রিক্যাল সিগন্যাল খ লাইট সিগন্যাল
গ রেডিও সিগন্যাল ঘ ম্যাগনেটিক সিগন্যাল **উ. খ**

৪. **Bandwidth কী?** *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিভিন্ন পদ: ২৩]*
ক ডেটার পরিমাণ খ ডেটা প্রবাহের গতির হার
গ তথ্য ডাউনলোডের উপাত্ত
ঘ তথ্য ডাউনলোডের পরিমাণ **উ. খ**

৫. **ব্লুটুথ কিসের উদাহরণ?** *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিভিন্ন পদ: ২৩]*
ক Local Area Network
খ Personal Area Network
গ Virtual Private Network
ঘ কোনোটিই নয় **উ. খ**

৬. **অপটিক্যাল ফাইবার কী?** *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পিউটার/পোল্ট্রি টেকনিশিয়ান: ২০]*
ক সরু তার খ ধাতব তার
গ সরু কাচ তন্তু ঘ সরু ধাতব তার **উ. গ**

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

ক. পূর্ণরূপ লিখুন: WIFI. /ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের উপজেলা ব্যবস্থাপক: ২৩/
উ. WiFi- Wireless Fidelity.

ক. ব্যান্ডউইথ কী? /ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের উপজেলা ব্যবস্থাপক: ২৩/
উ. এক কম্পিউটার থেকে অন্য কম্পিউটারে ডাটা স্থানান্তরের হারকে ব্যান্ডউইথ বলে।

ক. ডাটা ট্রান্সমিশন স্পিডকে কী বলা হয়? /তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩/
উ. ব্যান্ডউইথ।

ক. পূর্ণরূপ লিখুন: GIS /পরিবেশ অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩/
উ. Geographic Information System.

ক. Hotspot কি? Hotspot তৈরির জন্য তিনটি জনপ্রিয় প্রযুক্তির নাম লিখুন। /মন্ত্রিপরিষদ বিভাগের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩/
উ. হটস্পট এক ধরনের ওয়্যারলেস নেটওয়ার্ক যা মোবাইল, কম্পিউটার ও ডিভাইসে (যেমন মোবাইল, ল্যাপটপ, নোটবুক, ট্যাব) ইন্টারনেট সংযোগে ব্যবহার করা হয়। ব্লুটুথ, ওয়াই-ফাই, ওয়াই-ম্যাক্স হলো জনপ্রিয় হটস্পট।

মোবাইল প্রযুক্তি

১৯৪০ সালের দিকে যুক্তরাষ্ট্রে সর্বপ্রথম মোবাইল ফোন চালু হয়। তারবিহীন দুটি ডিভাইসের মধ্যে ডেটা ও তথ্য আদান-প্রদানের জন্য যে সিস্টেম ব্যবহৃত হয় তাকে মোবাইল যোগাযোগ বলে। বর্তমানে প্রচলিত মোবাইল ফোন প্রযুক্তিকে ২ ভাগে ভাগ করা হয়েছে। যথা:

১. জিএসএম

GSM (Global System for Mobile Communication) হলো মোবাইল টেলিফোন সিস্টেমের সবচেয়ে জনপ্রিয় স্ট্যান্ডার্ড। এটি বিশ্বের সবচেয়ে জনপ্রিয় মোবাইল নেটওয়ার্ক, যা বিশ্বে প্রায় সকল দেশে ব্যবহৃত হয়। ১৯৯১ সালে মোবাইল ফোনে জিএসএম প্রযুক্তি ব্যবহার শুরু হয়।

২. সিডিএমএ

আমেরিকান ওয়্যারলেস কমিউনিকেশন গবেষণা ও উন্নয়ন প্রতিষ্ঠান 'কোয়ালকম' (Qualcom) ১৯৯৩ সালে CDMA (Code Division Multiple Access) আবিষ্কার করেন। এটি একটি চ্যানেল অ্যাকসেস পদ্ধতি যা কি না বিভিন্ন ধরনের রেডিও কমিউনিকেশন প্রযুক্তি দ্বারা বাস্তবায়িত হয়। সিডিএমএ প্রযুক্তিতে ভয়েস এবং ডেটা অ্যাপ্লিকেশনে অনেক ব্যান্ডউইথ পাওয়া যায়।

- **GPRS (General Packet Radio Service)**
  GPRS হলো তারবিহীন মোবাইল টেলিযোগাযোগ সংক্রান্ত এক ধরনের ব্যবস্থা। এটি ইউরোপীয় টেলিযোগাযোগ স্ট্যান্ডার্ড ইনস্টিটিউট (ETSI) দ্বারা প্রমিত হয়।
- **SIM Card**
  GSM সার্ভিস প্রোভাইডার মোবাইল ফোনের ব্যবহারকারীকে SIM (Subscriber Identity/ Identification Module) কার্ড সরবরাহ করে। আর CDMA ডিভাইসে SIM কার্ডের মতো কার্ডকে R-UIM বলা হয়।
- **IMEI**
  IMEI (International Mobile Equipment Identify) নম্বর দ্বারা স্যাটেলাইট ফোন ডিভাইসকে এককভাবে চিহ্নিত করা হয়।

♦ বর্তমানে বাংলাদেশের মোবাইল ফোন অপারেটর ৪টি-

মোবাইল অপারেটর	ডিজিট (প্রথম ৩টি)
গ্রামীণফোন	০১৭, ০১৩
বাংলালিংক	০১৯, ০১৪
রবি	০১৮, ০১৬
টেলিটক (রাষ্ট্রীয় মালিকানা)	০১৫

♦ বিভিন্ন প্রজন্মের মোবাইল ফোন

মোবাইলের পরিবর্তন বা বিকাশের একেকটি ধাপকে বলা হয় মোবাইল প্রজন্ম। এ পর্যন্ত আবিষ্কৃত মোবাইল প্রযুক্তিকে ৫টি ভাগে ভাগ করা যায়। যথা:

প্রথম প্রজন্ম (১৯৫০-১৯৮৯)	১৯৭৩ সালে আমেরিকার নিউইয়র্কে মার্টিন কুপার প্রথম প্রজন্মের মোবাইল ফোন আবিষ্কার করেন। এজন্য তাকে মোবাইল ফোনের জনক বলা হয়। ১৯৭৯ সালে এশিয়ার সর্ববৃহৎ টেলিকমিউনিকেশন কোম্পানি জাপানের NTTC সেলুলার টেলিফোন উৎপাদন শুরু করে।
দ্বিতীয় প্রজন্ম (১৯৯১-২০০০)	১৯৯১ সালে CDMA স্ট্যান্ডার্ড ব্যবহার করার মাধ্যমে দ্বিতীয় প্রজন্মের যাত্রা শুরু হয়। ট্রান্সমিশন কোয়ালিটি, সিস্টেম ক্যাপাসিটি এবং বিশাল এলাকাজুড়ে নেটওয়ার্ক গড়ে তোলার লক্ষ্যে দ্বিতীয় প্রজন্মের মোবাইল সিস্টেম চালু করা হয়।
তৃতীয় প্রজন্ম (২০০১-২০০৮)	২০০১ সালে জাপানের টোকিওতে NTT DoCoMo সর্বপ্রথম পরীক্ষামূলকভাবে তৃতীয় প্রজন্মের মোবাইল ফোন অবাণিজ্যিকভাবে ব্যবহার শুরু করে। দ্বিতীয় প্রজন্ম থেকে তৃতীয় প্রজন্মের মোবাইল ফোনের প্রধান প্রযুক্তিগত পার্থক্য হচ্ছে সার্কিট সুইচিং ডেটা ট্রান্সমিশনের পরিবর্তে প্যাকেট সুইচিং ডেটা ট্রান্সমিশনের ব্যবহার।
চতুর্থ প্রজন্ম (২০০৯-২০২০	চতুর্থ প্রজন্মের মোবাইলে সুইচিংয়ের পরিবর্তে ইন্টারনেট প্রটোকল (IP) ভিত্তিক নেটওয়ার্কের ব্যবহার করা হয়। ইন্টারনেট প্রটোকল ব্যবহারের ফলে LAN, WAN, VOIP, Internet ইত্যাদি সিস্টেমে প্যাকেট সুইচিংয়ের পরিবর্তে প্রটোকল ভিত্তিক ভয়েস ডেটা ট্রান্সফার করা সম্ভব হচ্ছে। এটি 2-G ও 3-G এর চেয়ে অধিক উন্নত প্রযুক্তি।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

পঞ্চম প্রজন্ম (২০২০-বর্তমান)	চতুর্থ প্রজন্মের তুলনায় পঞ্চম প্রজন্মের মোবাইল অধিক শক্তিশালী। পূর্বের তুলনায় ১০-২০ গুণ বেশি গতি সম্পন্ন হবে এই নেটওয়ার্ক। এ ফোনে Super VLSI (Very Large Scale Integration) চিপ এর ব্যবহার শুরু হয়েছে। দক্ষিণ কোরিয়া ২০১৮ সালে শীতকালীন অলিম্পিকে পরীক্ষামূলকভাবে 5-G চালু করে। আর বিশ্বের প্রথম দেশ হিসেবে বাহরাইন পুরো দেশে 5-G নেটওয়ার্ক নিশ্চিত করে।

বিভিন্ন জেনারেশন

প্রজন্ম	বিশ্বে	বাংলাদেশে
প্রথম প্রজন্ম	১ ডিসেম্বর, ১৯৭৯, জাপান	১৯৯৩
দ্বিতীয় প্রজন্ম	১ জুলাই, ১৯৯১, ফিনল্যান্ড	১৯৯৭
তৃতীয় প্রজন্ম	১ অক্টোবর, ২০০১, জাপান	২০১২
চতুর্থ প্রজন্ম	এপ্রিল, ২০০৬, দক্ষিণ কোরিয়া	২০১৮
পঞ্চম প্রজন্ম	৯ ফেব্রুয়ারি, ২০১৮, দক্ষিণ কোরিয়া	২০২১

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. **টাচস্ক্রিন প্রযুক্তির জনক কে?** *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*
ক মার্টিন কুপার খ স্টিভ জবস
গ বিল গেটস ঘ ড. স্যামুয়েল হার্স্ট উ. ঘ

২. **SIM এর পূর্ণরূপ হচ্ছে-** *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*
ক Subscriber Identity Method.
খ Standard Identity Module.
গ Subscriber Identification Method.
ঘ Subscriber Identity Module. উ. ঘ

৩. **বিশ্বে সর্বপ্রথম ৫জি মোবাইল কমিউনিকেশন ব্যবহার চালু করে কোন দেশ?** *[রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২১]*
ক দক্ষিণ কোরিয়া খ চীন
গ জাপান ঘ রাশিয়া উ. ক

৪. **মোবাইল ফোনের জনক কে?** *[কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কম্পিউটার অপারেটর: ২১]*
ক স্টিভ জবস খ আলফ্রেড নোবেল
গ মার্টিন কুপার ঘ জন ডাল্টন উ. গ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. SIM এর পূর্ণরূপ কি? *[কর্নেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ এর মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
উ. SIM- Subscriber Identify Module.

প্র. MMS- এর পূর্ণরূপ লিখুন: *[পরিবেশ অধিদপ্তরের নমুনা সংগ্রহকারী: ২৩]*
উ. Multimedia Messaging Service.

প্র. স্মার্ট ফোনের ২টি অপারেটিং সিস্টেমের নাম লিখুন: *[পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*
উ. Android, iOS

প্র. মোবাইল ফোনের ক্ষেত্রে ব্যবহৃত IMEI এর পূর্ণরূপ কী? *[বিস্ফোরক পরিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]*
উ. International Mobile Equipment Identity.

প্র. পূর্ণরূপ লিখুন: GPRS. *[পুলি সংগ্রহাগার অধিদপ্তরের নিম্ন মুদ্রাক্ষরিক ২৩]*
উ. GPRS- General Packet Radio Service.

১২. পূর্ণরূপ লিখুন: *[জাতীয় মানবাধিকার কমিশনের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*
ক. GSM- Global System for Mobile Communication.
খ. SSL- Secure Sockets Layer.

প্র. এন্ড্রয়েড (Android) এর উদ্ভাবক কে? *[কর অঞ্চল-১, উচ্চমান সহকারী: ২৩]*
উ. অ্যান্ডি রুবিন, রিচ মিনার ও নিক সিয়ার্স এন্ড্রয়েড এর উদ্ভাবক।

প্র. Fourth Generation (4G) ইন্টারনেট সর্বপ্রথম চালু হয় কোন দেশে? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ২৩]*
উ. দক্ষিণ কোরিয়া।

কম্পিউটার নেটওয়ার্কিং ডিভাইস

◆ কম্পিউটার নেটওয়ার্ক

কম্পিউটার নেটওয়ার্ক বলতে দুই বা ততোধিক কম্পিউটারের সংযোগকে বুঝায়। এ বিশেষ ব্যবস্থায় মডেম, ক্যাবল বা স্যাটেলাইটের মাধ্যমে এক কম্পিউটারের সাথে অন্য কম্পিউটারের সংযোগ স্থাপন করা হয়। ভৌগোলিক বিস্তৃতি অনুসারে কম্পিউটার নেটওয়ার্কের প্রকারভেদ-

- **PAN (Personal Area Network)**
কোন ব্যক্তির নিকটবর্তী ব্যক্তিগত ডিভাইসগুলোর (ল্যাপটপ, পিডিএ, মোবাইল ইত্যাদি) মধ্যে সংযোগ স্থাপন করে তথ্য আদান-প্রদানের নেটওয়ার্ক সিস্টেমকে প্যান বলে। প্যান এর বিস্তৃতি সাধারণত ১০ মিটার পর্যন্ত হয়ে থাকে।
- **LAN (Local Area Network)**
সাধারণত একটি নির্দিষ্ট দূরত্বে ক্যাবল এর মাধ্যমে এক কম্পিউটারে যে যোগাযোগ তাকে ল্যান বলে। একই ভবনের বিভিন্ন তলায়, পাশাপাশি ভবনের বিভিন্ন তলায়, অফিস-আদালত, স্কুল-কলেজ, ছোট-বড় ব্যবসা প্রতিষ্ঠানের কম্পিউটারগুলোর সংযোগের ফলে যে নেটওয়ার্ক গড়ে উঠেছে তার নাম লোকাল এরিয়া নেটওয়ার্ক। ১ কিলোমিটারের মধ্যে এই নেটওয়ার্ক ভালো কাজ করে। LAN এর স্ট্যান্ডার্ড হলো IEEE 802।
- **CAN (Campus Area Network)**
অনেকগুলো LAN এর সমন্বয়ে CAN গঠিত হয়। একটি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন, একাডেমিক ভবন, আবাসিক হলসমূহ, লাইব্রেরি ভবন এবং অন্যান্য ব্যবহৃত ভবনে স্থাপিত LAN গুলোকে সংযুক্ত করতে CAN ব্যবহার করা হয়। CAN এর বিস্তৃতি ১-৫ কিলোমিটার পর্যন্ত হতে পারে। যেমন: Googleplex এবং Microsoft এর নেটওয়ার্ক।
- **MAN (Metropoliton Area Network)**
একটি শহরে বিভিন্ন স্থানের কম্পিউটারের মধ্যে যে সংযোগ, তাকে MAN বলে। এই ধরনের নেটওয়ার্কের জন্য মিডিয়া

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

হিসেবে টেলিফোন লাইন, মডেম ও আনুষঙ্গিক যন্ত্রপাতির প্রয়োজন হয়। সাধারণত কোন ব্যাংক, শিক্ষা প্রতিষ্ঠান বা শিল্প প্রতিষ্ঠানের বিভিন্ন শাখা অফিসের মধ্যে যোগাযোগ এর জন্য এই ধরনের নেটওয়ার্ক পদ্ধতি ব্যবহার করা হয়। প্রায় ৫০ কিলোমিটার পর্যন্ত MAN এর নেটওয়ার্ক থাকতে পারে।

- **WAN (Wide Area Network)**

এই ধরনের নেটওয়ার্কে কম্পিউটারগুলো বিশাল জায়গা জুড়ে যেমন- একই দেশের বিভিন্ন শহরের এবং এক দেশ থেকে অন্য দেশ পর্যন্ত বিস্তৃত থাকে। এ ধরনের নেটওয়ার্কে একাধিক LAN, MAN সংযুক্ত থাকতে পারে। WAN-কে ইন্টারনেট বলা হয়। এই ধরনের নেটওয়ার্কে টেলিফোন, স্যাটেলাইট, মাইক্রোওয়েভ, মডেম, বেতার তরঙ্গ ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ব্যবহার করা হয়। WAN ১০০ মাইলের অধিক দূরত্বের নেটওয়ার্কে তথ্য প্রেরণ করতে পারে।

নেটওয়ার্ক ডিভাইস (Network Device)

কম্পিউটার নেটওয়ার্কের ক্ষেত্রে একটি কম্পিউটারের সাথে অন্য এক বা একাধিক কম্পিউটারের সংযোগ করার জন্য যে ডিভাইসগুলো ব্যবহার করা হয়, তাদেরকে নেটওয়ার্কিং ডিভাইস বলা হয়। নেটওয়ার্ক ডিভাইস হিসেবে নেটওয়ার্ক ইন্টারফেস কার্ড, মডেম, হাব, সুইচ, রাউটার, গেটওয়ে ইত্যাদি ব্যবহৃত হয়।

- **LAN কার্ড বা NIC**

কোন কম্পিউটারকে নেটওয়ার্ক মিডিয়ার সাথে সংযোগ দেয়ার জন্য বিশেষ ইন্টারফেসের দরকার হয়। Network Interface Card (NIC) এই ইন্টারফেসের কাজ করে। NIC এ ৪৮ বিটের একটি ক্রমিক নম্বর (MAC Address) থাকে যা এই কার্ডের রমে সংরক্ষিত হয়। LAN (Local Area Network) তৈরিতে ব্যবহৃত হয়।

- **মডেম (Modem)**

মডেম একটি ইলেকট্রনিক্স ডিভাইস। মডেম এক কম্পিউটার থেকে আরেক কম্পিউটারে তথ্য আদান-প্রদানে সহায়তা করে। এটি কম্পিউটারের কমিউনিকেশন পোর্টে সংযুক্ত থাকে। মডেমের দুটি অংশ থাকে। যথা:

ক. **মডুলেটর (Modulator)**

মডুলেটর ডিজিটাল সংকেতকে এনালগ সংকেতে রূপান্তর করে। এই রূপান্তরের ক্রিয়াকে বলা হয় মডুলেশন।

খ. **ডি-মডুলেটর (De-modulator)**

এটি এনালগ সংকেতকে ডিজিটাল সংকেতে রূপান্তর করে। এই রূপান্তরের প্রক্রিয়াকে বলা হয় ডি-মডুলেশন। বাজারে বিভিন্ন গতি সম্পন্ন মডেম পাওয়া যায়। যেমন: 600 kbps, 1200 kbps, 2400 kbps ইত্যাদি।

- **হাব (HUB)**

এটি একটি কানেক্টিভিটি ডিভাইস যা কম্পিউটার নেটওয়ার্কের আওতায় সকল ডিভাইসকে কানেক্ট করে। যেমন- LAN নেটওয়ার্কের আওতাধীন ডিভাইসগুলোকে একত্রে কানেক্ট করে। হাবের মাধ্যমে কম্পিউটার সমূহ পরস্পরের সাথে যুক্ত থাকে। এর ক্ষমতার উপর নির্ভর করে কম্পিউটারের সংযোগ সংখ্যা।

- **সুইচ (Switch)**

সুইচ একটি ডিভাইস যা নেটওয়ার্কের ডেটাকে বিভক্ত করে নেটওয়ার্কের সকল সিস্টেম না পাঠিয়ে নির্দিষ্ট গন্তব্যে পাঠিয়ে দেয়। হাব এবং সুইচ এর কাজ প্রায় একই। তবে হাব প্রেরিত সিগন্যাল গ্রহণ করার পর একই সাথে প্রত্যেকটি কম্পিউটারে পাঠায় কিন্তু সুইচ প্রেরিত সিগন্যাল গ্রহণ করার পর টার্গেট কম্পিউটারে পাঠায়।

- **রাউটার (Router)**

এটি একটি Intelligent ইন্টারনেটওয়ার্ক কানেক্টিভিটি ডিভাইস যা লজিক্যাল এবং ফিজিক্যাল অ্যাড্রেস ব্যবহার করে দুই বা ততোধিক নেটওয়ার্ক সেগমেন্টের মধ্যে ডেটা আদান-প্রদানের ব্যবস্থা করে। রাউটার ব্যবহার করে নেটওয়ার্ক সম্প্রসারণের কাজ করা হয়। ছোট ছোট নেটওয়ার্ক রাউটারের মাধ্যমে সংযুক্ত করে বড় ধরনের নেটওয়ার্ক গড়ে তোলা হয়।

- **ব্রিজ (Bridge)**

নেটওয়ার্ক ব্রিজ OSI মডেলের ডেটালিংক লেয়ারে একাধিক নেটওয়ার্ককে একত্রে সংযুক্ত করার কাজ করে। একাধিক LAN সংযুক্ত করার মাধ্যমে WAN গঠনের জন্য Bridge ব্যবহার করা হয়। দুইটি ভিন্ন নেটওয়ার্ক আইডির ইথারনেট ল্যান সেগমেন্ট সংযুক্ত করতে ব্রিজের প্রয়োজন হয়।

- **ডায়াল-আপ (Dial Up)**

টেলিফোন লাইন থেকে মডেমের মাধ্যমে যে ইন্টারনেট সংযোগ পাওয়া যায়, তাকে ডায়াল-আপ বলে। এখানে মডেম কম্পিউটারকে ফোন লাইনের সাথে সংযুক্ত করে এবং ডেটা আদান-প্রদানের মাধ্যমে হিসেবে কাজ করে। যখন একজন ইউজার ডায়াল-আপ কানেকশন চালু করতে চান তখন মডেম Internet Service Provider (ISP) এর ফোন নম্বরে ডায়াল করে এবং ISP স্বয়ংক্রিয়ভাবে রিসিভ করে। এতে সর্বোচ্চ 56 Kilobits Per Second (Kbps) এ তথ্য আদান-প্রদান করে।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. কোন ডিভাইসের সাহায্যে প্রেরক কম্পিউটার থেকে সিগন্যাল নির্দিষ্ট প্রাপক কম্পিউটারে প্রেরণ করা যায়? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

ক হাব খ সুইচ
গ রিপিটার ঘ ব্রিজ উ. খ

২. কোনটিতে অনেকগুলো কম্পিউটার একটি সার্ভারে যুক্ত হয়ে প্রোগ্রাম এবং স্টোরেজ শেয়ার করে? *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*

ক নেটওয়ার্ক খ গ্রুপিং
গ লাইব্রেরি ঘ ইন্টিগ্রেটেড সিস্টেম উ. ক

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৩. **LAN কার্ডের অন্য নাম কী?** *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*

ক Internet Card খ Net Connector
গ NCI ঘ NIC

উ. ঘ

৪. **In data communication, which device converts digital data to analogue signal?** *[খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]*

ক Router খ Modem
গ Switch ঘ Hub

উ. খ

৫. **LAN এর পূর্ণরূপ কী?** *[ক্রীড়া পরিদপ্তরের কম্পিউটার অপারেটর: ১৯]*

ক Local Area Network
খ Local Action Network
গ Local Active Network
ঘ Local Auction Network

উ. ক

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. কোন ডিভাইসটি ডিজিটাল সিগন্যালকে অ্যানালগ সিগন্যালে পরিণত করে? *[শিপিং কর্পোরেশন চট্টগ্রামের কম্পিউটার অপারেটর: ২৩]*

উ. মডেম।

প্র. MODEM কাকে বলে? এর পূর্ণরূপ লিখুন। *[মন্ত্রিপরিষদ বিভাগের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

উ. MODEM শব্দটি Modulator ও Demodulator এর সংক্ষিপ্ত রূপ। Modulator ডিজিটাল সিগনালকে এনালগে ডেটায় রূপান্তর করে আর Demodulator এর এনালগ সিগনালকে ডিজিটাল ডেটায় রূপান্তর করে। Modem এর মাধ্যমে কোন Data-কে স্থানান্তরের কাজ করা হয়।

প্র. পূর্ণরূপ লিখুন WAN: *[পরিবেশ অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২৩]*

উ. Wide Area Network.

প্র. LAN এর পূর্ণরূপ কি? *[নিরাপদ খাদ্য অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

উ. LAN- Local Area Network.

প্র. LAN কার্ডের অন্য নাম কী? *[বঙ্গবন্ধু বিজ্ঞান ও ফেলোশিপ ট্রাস্টের অফিস সহায়ক: ২৩]*

উ. Network Interface Card (NIC).

খ. নেটওয়ার্কিং রাউটারের কাজ কী? *[জাতীয় মানবাধিকার কমিশনের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*

উ. রাউটার একটি নেটওয়ার্ক ডিভাইস, যা একই প্রটোকল বিশিষ্ট দুই বা ততোধিক নেটওয়ার্ককে (LAN, MAN ও WAN) সংযুক্ত করে WAN তৈরি করে। এটিকে WAN ডিভাইসও বলা হয়।

প্র. LAN এর দুইটি সুবিধা লিখুন। *[বীমা উন্নয়ন কর্তৃপক্ষের ডাটা এন্ট্রি: ২০]*

উ. সাধারণত ১০ কি.মি. বা তার কম এলাকার মধ্যে বেশ কিছু কম্পিউটার বা অন্য কোন পেরিফেরাল ডিভাইস সংযুক্ত করে যে নেটওর্য়াক তৈরি করা হয় তাকে LAN বলে। LAN এর দুটি সুবিধা হলো-

→ বিভিন্ন অফিসের কাজে নেটওর্য়াক তৈরির জন্য LAN সব থেকে ভালো সমাধান।

→ নেটওর্য়াক স্থাপন এবং রক্ষণাবেক্ষণ খুব সহজ।

নেটওয়ার্কিং টপোলজি

দুই বা ততোধিক কম্পিউটারকে ক্যাবল, হাব বা সুইচ দ্বারা নেটওয়ার্কের আওতাভুক্ত করার জন্য যুক্তিনির্ভর পথের ডিজাইন এবং ব্যবস্থাপনাকে নেটওয়ার্ক টপোলজি বলা হয়। কম্পিউটার নেটওয়ার্কিংয়ের জন্য ৬ ধরনের টপোলজি ব্যবহার করা হয়। যথা: বাস টপোলজি, রিং টপোলজি, স্টার টপোলজি, ট্রি টপোলজি, মেশ টপোলজি ও হাইব্রিড টপোলজি।

♦ ক্লাউড কম্পিউটিং (Cloud Computing)

ক্লাউড অর্থ হচ্ছে মেঘ। আকাশে সর্বত্র যেমন মেঘ ছড়িয়ে আছে, ইন্টারনেটও ঠিক তেমনিভাবে সর্বত্র জালের মত জড়িয়ে আছে। ইন্টারনেটের মেঘ থেকে সর্বনিম্ন খরচে সর্বোচ্চ সুবিধা পাওয়ার উপায় বের করতে 'ক্লাউড কম্পিউটিং' এর জন্ম হয়। ক্লাউড কম্পিউটিং এর মূল বিষয়টি হলো নিজের ব্যবহৃত কম্পিউটারের হার্ড ড্রাইভের পরিবর্তে ইন্টারনেট সেবা প্রদানকারী কোন প্রতিষ্ঠানের নিকট হতে সার্ভিস বা হার্ডওয়্যার ভাড়া নেওয়া। ইন্টারনেট নির্ভর কম্পিউটিং হচ্ছে ক্লাউড কম্পিউটিং। ২০০৬ সালে বিশ্ব বিখ্যাত অ্যামাজন ওয়েব সার্ভিস বাণিজ্যিকভাবে ক্লাউড কম্পিউটিং এর ব্যবহার শুরু করে। ২০১০ সালে The Rackspace Cloud এবং NASA মুক্ত অ্যাপ্লিকেশন প্রোগ্রামিং ইন্টারফেস শুরু করে। জনপ্রিয় ক্লাউড স্টোরেজ হলো- Google Drive, Microsoft OneDrive, Apple's icloud, Dropbox, iDrive, Pcloud, Mega প্রভৃতি।

♦ প্রটোকল

যে পদ্ধতির মাধ্যমে কমিউনিকেশন সিস্টেমে কম্পিউটার এবং বিভিন্ন ডিভাইস বা ডেটা ট্রান্সমিট পদ্ধতি সফটওয়্যারের মাধ্যমে নিয়ন্ত্রণ করা হয় তাকে প্রটোকল বলে। কতকগুলো জনপ্রিয় প্রটোকল-

FTP	FTP (File Transfer Protocol) হচ্ছে স্ট্যান্ডার্ড নেটওয়ার্ক প্রোটোকল যা একজন ক্লায়েন্ট ও কম্পিউটার নেটওয়ার্কের সার্ভারের এর মধ্যে কম্পিউটার ফাইল স্থানান্তরের জন্য ব্যবহার করা হয়। ক্লায়েন্ট কম্পিউটার হতে সার্ভারের ফাইল স্থানান্তর করাকে আপলোড এবং সার্ভার হতে ক্লায়েন্টের কম্পিউটারে ফাইল স্থানান্তর করাকে ডাউনলোড বলে।
TCP	ইন্টারনেটে ব্যবহৃত প্রটোকল হচ্ছে TCP (Transmission Control Protocol)। বব কাহন ও ভিন্ট কার্ফ এর উদ্ভাবক। ১৯৮৩ সালে ARPANET-এ TCP/IP প্রটোকল প্রথম ব্যবহার করা হয়। এটি ব্রাউজারের সাথে 'www' এবং 'server' এর সংযোগ স্থাপন করে।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

HTTP	HTTP (Hyper Text Transfer Protocol) হলো একটি অ্যাপ্লিকেশন স্তর প্রোটোকল যা মূলত ওয়ার্ল্ড ওয়াইড ওয়েবে ব্যবহৃত হয়। ১৯৮৯ সালে টিম বার্নার্স লি এটি উদ্ভাবন করেন। এইচটিটিপির প্রথম সংরস্করণ হলো HTTP/1.1 যা ১৯৯৭ সালে RFC 2068 নামে প্রথম ব্যবহৃত হয়।
HTTPS	ওয়েব ব্রাউজার এবং ওয়েব সার্ভারের মধ্যে নিরাপদ (Secure) যোগাযোগ (Communication) করতে HTTPS (Hyper Text Transfer Protocol Secure) প্রোটোকল ব্যবহৃত হয়। যেমন- বিভিন্ন স্পর্শকাতর তথ্য (ক্রেডিট কার্ড, অনলাইন ব্যাংকিং ইত্যাদি) ক্ষেত্রে নিরাপদ ডেটা ট্রান্সমিট করতে HTTPS প্রোটোকল ব্যবহৃত হয়।
DHCP	DHCP (Dynamic Host Configuration Protocol) নেটওয়ার্কে সংযুক্ত কম্পিউটারগুলোকে Dynamic IP অ্যাড্রেস বণ্টন করতে ব্যবহার করা হয়। DHCP প্রটোকল অ্যাকটিভ থাকলে এর মাধ্যমে IP Address না বসিয়েও একটি IP Address পাওয়া যায়। DHCP সার্ভার নেটওয়ার্কের আইপি ঠিক করে।
VoIP	VoIP (Voice Over Internet Protocol) বলতে বুঝায় কম্পিউটার ব্যবহার করে ইন্টারনেটের মাধ্যমে টেলিফোন কল তৈরি করা। VoIP এর অন্তর্ভুক্ত প্রটোকলগুলো- H/323, MGCP, GCP, RTCP, SRTP, SDP, IAEP, Skype Protocol ইত্যাদি। আর VoIP সফটওয়্যার হলো IMO, WhatsApp, Messenger, Wechat, Viber, Skype, Tango ইত্যাদি।
Telnet	Telnet (Telecommunication Network) একটি নেটওয়ার্ক প্রোটোকল যার সাহায্যে Virtually Computer এ অ্যাক্সেস করা যায়। অর্থাৎ Telnet এর সাহায্যে একজন কম্পিউটার ব্যবহারকারী বহু দূরে অবস্থিত অন্য একটি Computer এ Access করতে সক্ষম হয়।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. **HTTP এর পূর্ণরূপ কী?** *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের গ্রাউন্ড সার্ভিস অ্যাসিসট্যান্ট: ২২]*
ক High Transfer Protocol
খ Highpertext Transfer Protocol
গ High Definition Protocol
ঘ Hypertext Transition Protocol
উ. খ

২. **FTP stands for?** *[খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ২১]*
ক File Text Protocol
খ File Transfer Protocol
গ Folder Transfer Protocol
ঘ File Transfer Process
উ. খ

৩. **ভিওআইপি কী?** *[ডাক বিভাগের মেইল অপারেটর: ১৯]*
ক ভয়েস ওভার ইন্টারনেট প্রোগ্রাম
খ ভয়েস ওভাব ইন্টারনেট প্রটোকল
গ ভয়েস ওভার ইন্ট্রানেট প্রটোকল
ঘ ভিডিও ওভার ইন্টারনেট প্রটোকল
উ. খ

ইন্টারনেটের মৌলিক ধারণা

♦ ইন্টারনেট (Internet)

ইন্টারনেট অর্থ পৃথিবীর বিভিন্ন দেশের কম্পিউটারগুলোর নেটওয়ার্কের নেটওয়ার্ক। বিশ্বের বিভিন্ন নেটওয়ার্ককে সংযুক্ত করলে যে নেটওয়ার্ক গড়ে ওঠে তাকে ইন্টারনেট বলে। ১৯৬৮ সালের ARPANET (The Advanced Research Projects Agency Network) ছিল ইন্টারনেটের প্রাথমিক পর্যায়। ১৯৬৯ সালের ৫ ডিসেম্বর ARPANET এর মাধ্যমে চারটি কম্পিউটারের মধ্যে যোগাযোগ স্থাপিত হয়। ১৯৮২ সালে বিভিন্ন নেটওয়ার্কের মধ্যে সংযোগের জন্য TCP/IP উদ্ভাবনের মাধ্যমে ইন্টারনেটের প্রাথমিক যাত্রা শুরু। ১৯৯০ সাল থেকে ইন্টারনেটের ব্যাপক ব্যবহার শুরু হয়। ১৯৯৪ সালে 'ইন্টারনেট' শব্দটি ব্যবহৃত হয়। ৪ জুন, ১৯৯৬ বাংলাদেশে প্রথম ইন্টারনেট চালু হয়। ভিনটন গ্রে সার্ফকে ইন্টারনেটের জনক বলা হয়।

● ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার (ISP)

ইন্টারনেট সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে (ISP) বলে। এটি সাধারণত গ্রাহককে ইন্টারনেট সংযোগ এবং এ সংক্রান্ত সকল সেবা প্রদান করে। কম্পিউটারে ইন্টারনেটের সংযোগের জন্য টেলিফোনের সাহায্যে সরাসরি যেকোন সার্ভিস প্রোভাইডারের সাথে সংযোগ প্রক্রিয়াকে Online Connection বলে। আর কম্পিউটার ব্যবহারকারীগণ নিকটবর্তী কোন সার্ভারকে মাধ্যম হিসেবে ধরে কম্পিউটার নেটওয়ার্কে বিচরণ করার প্রক্রিয়াকে Offline Connection বলে।

♦ ইন্টারনেট সংযোগ পদ্ধতি

বর্তমানে ইন্টারনেটের সাথে সংযুক্ত হওয়ার ক্ষেত্রে অনেক ধরনের পদ্ধতি রয়েছে। বহুল প্রচলিত পদ্ধতিগুলো হলো-

ISDN	ISDN (Integrated Service Digital Network) নিয়মিত টেলিফোনের বিকল্প এক ধরনের টেলিফোন সার্ভিস। এর সুবিধা হচ্ছে এটি নিয়মিত টেলিফোন লাইনের তুলনায় কয়েক গুণ বেশি দ্রুত ডেটা আদান-প্রদান করতে পারে। তবে এটি সাধারণত টেলিফোন লাইনের তুলনায় অনেক বেশি ব্যয়বহুল।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ডায়াল আপ সিস্টেম	এ ধরনের পদ্ধতিতে কম্পিউটারের সাথে টেলিফোন লাইন ও মডেম সংযুক্ত থাকে। কম্পিউটার মডেমের সাথে টেলিফোন লাইনের নির্দিষ্ট আইএসপি (Internet Service Provider) এর সংযোগ স্থাপন করে। একজন ইউজার যখন ডায়ালআপ কানেকশন চালু করতে চায় তখন মডেম প্রচলিত টেলিফোন লাইন থেকে ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এ নম্বরে ডায়াল করে এবং আইএসপি স্বয়ংক্রিয়ভাবে রিসিভ করে ইন্টারনেট কানেকশন করে।
ব্রডব্যান্ড	এ ধরনের সার্ভিস সিস্টেম ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার প্রদান করে থাকে। ব্রডব্যান্ড সিস্টেমে ডেটা আদান-প্রদানের হার অনেক বেশি। তবে তুলনামূলক ব্যয়বহুল।
Wi-Fi	Wi-Fi (Wireless Fidelity) এর অপর নাম ওয়্যারলেস ইন্টারনেট এক্সেস। অর্থাৎ Wi-Fi হলো তারবিহীন এক ধরনের প্রযুক্তি যা রেডিও ওয়েব ব্যবহার করে একটি নির্দিষ্ট সীমার মধ্যে ইন্টারনেট সেবা প্রদান করে।
ওয়াইম্যাক্স	বহনযোগ্য কম্পিউটারে এবং মোবাইল ফোনে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ দেওয়ার সুবিধাকে WiMAX (World Wide Interoperability for Microwave Access) বলে।
ইন্ট্রানেট	এটি একটি কম্পিউটার নেটওয়ার্ক যা ইন্টারনেট প্রটোকল প্রযুক্তি ব্যবহার করে একটি প্রতিষ্ঠানের মধ্যে তথ্য, কর্মক্ষম সিস্টেম অথবা কম্পিউটিং সেবা শেয়ার করে।
এক্সট্রানেট	কোন কোম্পানির Wide Area Network এর একটি নির্দিষ্ট অংশ বা রিসোর্স যেমন কোম্পানির প্রোফাইল, প্রজেক্ট এবং প্রোগ্রাম, শেয়ার স্ট্যাটাস, বাৎসরিক প্রতিবেদন ইত্যাদি সকলের জন্য উন্মুক্ত থাকতে পারে। এ ধরনের উন্মুক্ত অংশকে এক্সট্রানেট বলে। দুই বা ততোধিক ইন্ট্রানেটের পারস্পরিক সংযোগের মাধ্যমে তৈরি নেটওয়ার্ককে এক্সট্রানেট বলে। এতে ইন্টারনেট এবং ইন্ট্রানেট উভয়ভাবে ব্যবহার করা যায়। নির্দিষ্ট গ্রুপের ভেতরের এবং বাইরের সকলেই ব্যবহার করতে পারে।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. বাংলাদেশে ইন্টারনেট ব্যবহার সবার জন্য উন্মুক্ত করা হয়- *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক ১৯৯০ সালে খ ১৯৯৬ সালে
গ ১৯৯৮ সালে ঘ ২০০১ সালে **উ. খ**

২. কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদানের প্রযুক্তিকে বলা হয়? *[কর্মসংস্থান ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ২২]*
ক ইন্টারকম খ ইন্টারনেট
গ ই-মেইল ঘ ইন্টারসীড **উ. খ**

৩. কম্পিউটারে ইন্টারনেট সংযোগের জন্য কীসের প্রয়োজন? *[কর্মসংস্থান ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ২২]*
ক পেন ড্রাইভ খ ডিভিডি রম ড্রাইভ
গ মডেম ঘ কোনটিই নয় **উ. গ**

৪. সার্ভারের সাথে সংযুক্ত কম্পিউটারকে কী বলা হয়? *[দুদকের কোর্ট পরিদর্শক: ২২]*
ক হোস্ট খ পিসি
গ ওয়ার্ক স্টেশন ঘ ক্লায়েন্ট **উ. গ**

৫. ইন্টারনেট কত সালে চালু হয়? *[ডাক বিভাগের মেইল অপারেটর: ১৯]*
ক ১৯৮১ খ ১৯৭০
গ ১৯৬০ ঘ ১৯৬৯ **উ. ঘ**

ওয়েবসাইট

◆ ওয়েবসাইট

একটি ডোমেইনের অধীনে একাধিক ওয়েবপেইজের সমষ্টিকে ওয়েবসাইট বলে। অর্থাৎ কোন ওয়েব সার্ভারে রাখা ওয়েব পৃষ্ঠা, ছবি, অডিও, ভিডিও ও অন্যান্য ডিজিটাল তথ্যের সমষ্টিকে একত্রে ওয়েবসাইট বলে। টিম বার্নার্স লি ও তার কোম্পানি নেক্সট কম্পিউটারের উদ্যোগে ৬ আগস্ট, ১৯৯১ সালে ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব প্রজেক্টরের অংশ হিসেবে বিশ্বে প্রথম ওয়েব সাইট চালু হয়। World Wide Web এর সংক্ষিপ্ত রূপ (www)। একে ওয়েবও বলা হয়। ওয়েব হলো এমন একটি বৃহৎ সিস্টেম, যা অনেকগুলো ওয়েব সার্ভারের মধ্যকার সংযুক্তির মাধ্যমে গঠিত হয়। ওয়েব ক্লায়েন্ট সার্ভার আর্কিটেকচার অনুযায়ী এটি গড়ে উঠেছে। ১৯৮৯ সালে টিম বার্নার্স লি হাইপারটেক্সট ট্রান্সফার প্রটোকল (http) এর মাধ্যমে প্রথম ইন্টারনেট ওয়েব সাইট তৈরি করেন, যা World Wide Web নামে পরিচিত।

• ওয়েবপেজ (Webpage)

ইন্টারনেটের সাথে সংযুক্ত বিভিন্ন সার্ভারে রক্ষিত ফাইলকে ওয়েবপেজ বলে, যা ইন্টারনেট ব্যবহারকারীদের দেখার উপযোগী। এটি সাধারণত HTML (Hyper Text Markup Language) দিয়ে লেখা হলেও বর্তমান XML, DHTML, STML ইত্যাদি ব্যবহার হচ্ছে। প্রতিটি ওয়েবপেজের ওয়েব অ্যাড্রেস থাকে। ওয়েবপেজের সাথে শব্দ বা অডিও-ভিডিও ছবি, অ্যানিমেশন, ডেটা ইত্যাদি যুক্ত থাকতে পারে। এরকম এক বা একাধিক ওয়েবপেজের সমন্বয়ে তৈরি হয় ওয়েবসাইট।

• ওয়েবসাইট এর কাঠামো

একটি ওয়েবসাইট মূলত কতগুলো ওয়েব পেইজের সমষ্টি। ওয়েবসাইটের অন্তর্গত বিভিন্ন পেজগুলো কিভাবে সাজানো থাকে তাই হলো ওয়েব সাইটের কাঠামো। সাধারণত একটি ওয়েবসাইটের কাঠামোতে তিনটি অংশ থাকে। যথা:

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৪. হোমপেজ (Home Page)
হোমপেজ হলো ওয়েবসাইটে প্রবেশের প্লাটফর্ম। ওয়েব ব্রাউজার শুরুতে এই পেজটি লোড করে। এখানে ওয়েব সাইটের অন্যান্য সকল পেইজের তথ্য সংক্ষিপ্ত আকারে দেওয়া থাকে। একটি ওয়েবসাইট কোন ধরনের তথ্য বহন করছে তা হোম পেইজ থেকেই জানা যায়।

৫. প্রধান অংশ (Main Section)
হোম পেইজের পরের পেজগুলোকে প্রধান বা মূল সেকশন বলে। ওয়েবসাইটের প্রধান অংশটি কয়েকটি ওয়েব পেজ নিয়ে গঠিত হতে পারে।

৬. উপশাখা (Subsection)
প্রধান অংশে অন্তর্ভুক্ত পেইজ এক বা একাধিক পেইজের সাথ যুক্ত থাকে যাদেরকে উপশাখা বা সাব-সেকশন বলে। এই পেজগুলোতে বিস্তারিত তথ্য এবং লিংক যুক্ত করে তথ্যের সমন্বয় করা হয়।

- **ওয়েব সার্ভার (Web Server)**
ওয়েব পেইজ বা ওয়েব সাইটের ডেটা সংরক্ষিত থাকার স্থানকে ওয়েব সার্ভার বলে। একে এইচটিটিপি সার্ভারও বলে। ওয়েব ব্রাউজারে যখন কোন কিছু লিখে Enter বাটনে ক্লিক করা হয়, তখন ওয়েব সার্ভার থেকে তথ্য ওয়েব ব্রাউজারে কাঙ্ক্ষিত কনটেন্ট দেখা যায়। ব্রাউজার কোন পেজকে প্রদর্শনের জন্য ওয়েব সার্ভারের সাথে যোগাযোগ করে। ওয়েব সার্ভারে http Protocol ব্যবহার করা হয়। কয়েকটি ওয়েব সার্ভার- Apache, nginx, cloudflare server, LiteSpeed Web Server, IIS (Internet Information Services), GWS (Google Web Server), Node.Js (Open JS Foundation).

- **ওয়েব ব্রাউজার (Web Browser)**
ওয়েব ব্রাউজার হলো এমন একটি সফটওয়্যার যার মাধ্যমে একজন ব্যবহারকারী যেকোন ওয়েব পেইজ, ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব অথবা লোকাল এরিয়া নেটওয়ার্কে অবস্থিত কোন ওয়েবসাইটের যেকোন লেখা, ছবি এবং অন্যান্য তথ্যের অনুসন্ধান, ডাউনলোড কিংবা দেখতে পারেন।

- **ওয়েব ব্রাউজিং (Web Browsing)**
কোন সার্ভারে সংরক্ষিত ওয়েব পেজসমূহকে কোন ওয়েব ব্রাউজিং সফটওয়্যারের মাধ্যমে প্রদর্শন করাকে ওয়েব ব্রাউজিং বলে। ওয়েব ব্রাউজ করার জন্য যে সকল সফটওয়্যার ব্যবহার করা হয় তাকে ওয়েব ব্রাউজার সফটওয়্যার বলে।

কয়েকটি ওয়েব ব্রাউজার সফটওয়্যার

সফটওয়্যার	আবিষ্কারক	যাত্রাকাল
www (প্রথম ওয়েব ব্রাউজার সফটওয়্যার)	টিম বার্নার্স লি	১৯৮৯
Lynx (প্রথম টেক্সটভিত্তিক)	লু মন্টুলি, মাইকেল প্রোবে, চার্লস রোজাক	১৯৯২
Mosaic (প্রথম টেক্সটসহ চিত্রভিত্তিক)	মার্ক অ্যান্ড্রিসেন	১৯৯৩

বিভিন্ন ওয়েব ব্রাউজার

Web Browsers	Year	Developer
IBM Web Explorer, Mac Web	1994	IBM
Internet Explorer	1995	Microsoft
Opera	1995	Opera Company
Mozilla Firefox	2002	Mozilla Foundation
Safari	2003	Apple
UC Browser	2004	alibaba.com
Google Chrome	2008	Google

বিভিন্ন ধরনের ওয়েব ব্রাউজারের ব্রাউজার ইঞ্জিন

ওয়েব ব্রাউজার	ব্রাউজার ইঞ্জিন
গুগল ক্রোম	ব্লিংক
ইন্টারনেট এক্সপ্লোরার	ট্রাইডেন্ট
ফায়ার ফক্স	গেকো
সাফারি	ওয়েবকিট
অপেরা	প্রেস্টো

- **Web Address- URL**
ওয়েবসাইট বা ওয়েব পেইজ এর বিভিন্ন Document ও অন্যান্য Resource এর Address হলো URL (Uniform Resource Locators). এটি ইন্টারনেটের মাধ্যমে কোন বিশেষ ওয়েবসাইটে পৌঁছানোর জন্য ব্যবহৃত একটি বিশেষ কোড। পৃথিবীতে এক নামে একটিমাত্র ওয়েবসাইট থাকে। তাই ওয়েব পেইজের একক ঠিকানা হলো URL।

- **সার্চ ইঞ্জিন (Search Engine)**
সার্চ ইঞ্জিন মূলত একটি ওয়েব অনুসন্ধান ইঞ্জিন বা সফটওয়্যার প্রোগ্রাম যা World Wide Web এর অন্তর্ভুক্ত সাইটগুলো থেকে তথ্য খুঁজে প্রয়োজনীয় শব্দের সূত্র ধরে তথ্য প্রদান করে। বিশ্বের প্রথম সার্চ ইঞ্জিনের নাম Archie. McGill University এর ছাত্র Alan Emtage ১৯৯০ সালে 'Archie' সার্চ ইঞ্জিন প্রতিষ্ঠা করেন। বিশ্বের বৃহত্তম সার্চ ইঞ্জিন হলো Google, যার অর্থ মিলিয়ন অব জিরো।

- **পিপীলিকা**
বাংলা ভাষায় প্রথম পূর্ণাঙ্গ সার্চ ইঞ্জিনের নাম পিপীলিকা। এটি সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মুহাম্মদ জাফর ইকবালের তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক মো. রুহুল আমিনের নেতৃত্বে একদল শিক্ষার্থী এটি চালু করে। চরকি বাংলাদেশের দ্বিতীয় সার্চ ইঞ্জিন। এটি বাংলাদেশের প্রথম সার্চ ইঞ্জিন যা পণ্য অনুসন্ধান করতে পারে। চরকি বাণিজ্যিকভাবে চালু হওয়া বাংলাদেশের প্রথম সার্চ ইঞ্জিন। এর পৃষ্ঠপোষকতায় রয়েছে মালয়েশিয়াভিত্তিক ভিসি মাইন্ড ইনিশিয়েটিভ কোম্পানি। পিপীলিকা ও চরকি সার্চ ইঞ্জিনে বাংলা এবং ইংরেজি উভয় ভাষার তথ্য পাওয়ার সুবিধা রয়েছে।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. কোনটি ওয়েব ব্রাউজার? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক Skype খ Viber
গ Chrome ঘ Facebook উ. গ

২. World Wide Web এর জনক কে? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিভিন্ন পদ: ২৩]*
ক স্টিভ কুক খ টিম বার্নার্স লি
গ ইলন মাস্ক ঘ জুকারবার্গ উ. খ

৩. World Wide Web-এ প্রবেশ করার জন্য কোন সফটওয়্যার ব্যবহার করা হয়? *[কর্মসংস্থান ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ২২]*
ক Server খ Web
গ Browser ঘ E-mail উ. গ

৪. 'পিপীলিকা' একটি- *[হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক উন্নত জাতের শস্যের বীজ খ গুগলের একটি software
গ একটি search engine ঘ কোনটিই নয় উ. গ

৫. Website এর মূল Page কে কী বলা হয়? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*
ক Main page খ Home page
গ Bookmark page ঘ Browser page উ. খ

৬. Search Engine কী? *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*
ক ইঞ্জিন খুঁজতে কাজে লাগে
খ ইন্টারনেট এ তথ্য খুঁজতে কাজে লাগে
গ ইঞ্জিনকে সঠিকভাবে পরিচালনা করে
ঘ বিল গেটসের আবিষ্কৃত একটি যন্ত্রের নাম উ. খ

৭. Fire Fox OS-কে সংক্ষেপে কি বলা হয়? *[রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২১]*
ক B2G খ G2G
গ C3A ঘ F4F উ. ক

৮. বাংলাদেশের প্রথম সার্চ ইঞ্জিনের নাম কী? *[বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ২০]*
ক চরকি খ বিজয়
গ পিপীলিকা ঘ অভ্র উ. গ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. ওয়েবসাইটের মূলপাতাকে কী বলা হয়? *[শিপিং কর্পোরেশন চট্টগ্রামের কম্পিউটার অপারেটর: ২৩]*
উ. হোম পেজ।

প্র. www এর পূর্ণরূপ কী? *[কাস্টম হাউস (বেনাপোল, যশোর) এর সিপাহী: ২৩]*
উ. World Wide Web.

প্র. World Wide Web- এর জনক কে? *[বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ডাটা এন্ট্রি: ২০]*
উ. টিম বার্নার্স লি

প্র. বাংলাদেশের প্রথম সার্চ ইঞ্জিনের নাম কী? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের উপজেলা ব্যবস্থাপক: ২৩]*
উ. পিপীলিকা

প্র. SEO কাকে বলে? এর পূর্ণরূপ লিখুন। *[মন্ত্রিপরিষদ বিভাগের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*
উ. SEO এমন একটি প্রক্রিয়া যার মাধ্যমে একটি ওয়েব সাইটকে সার্চ ইঞ্জিনের কাছে পরিচিতি করিয়ে প্রথম দিকে বা শীর্ষে নিয়ে আসা। SEO এর পূর্ণরূপ: Search Engine Optimization.

প্র. তিনটি জনপ্রিয় সার্চ ইঞ্জিনের নাম লিখুন। *[ইনকেম্টাসেক কর্পোরেশনের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*
উ. Google, Baidu, Bing

প্র. টীকা লিখুন: 'Google' *[জাতীয় মানবাধিকার কমিশনের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*
উ. Google বিশ্বের সবচেয়ে জনপ্রিয় সার্চ ইঞ্জিন। ৪ সেপ্টেম্বর, ১৯৯৮ সালে ল্যারি পেইজ ও সের্গেই ব্রিন এটি তৈরি করেন।

প্র. পূর্ণরূপ লিখুন: URL *[বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ডাটা এন্ট্রি: ২০]*
উ. URL- Uniform Resource Locator.

আইপি অ্যাড্রেস ও ডোমেইন

♦ IP Address (Internet Protocol Address)

ইন্টারনেটের সাথে সংযুক্ত প্রতিটি কম্পিউটারের একটি নির্দিষ্ট ঠিকানা থাকে এ ঠিকানাকে IP Address বলে। প্রতিটি IP Address অদ্বিতীয় এবং IP Address এর সাহায্যে এক সার্ভার থেকে অন্য সার্ভারে ডেটা ট্রান্সফার করা যায়। আইপি অ্যাড্রেস ব্যতীত কোন হোস্ট বা কম্পিউটার ইন্টারনেটের সাথে সংযুক্ত হতে পারে না। Internet Assigned Numbers Authority (IANA) সারা বিশ্বে নির্দিষ্ট IP Address প্রদান করে। IP Address এর অংশ ২টি। যথা- নেটওয়ার্ক আইডি ও হোস্ট আইডি।

• IP Address এর ভার্সন:

ভার্সন অনুযায়ী আইপি অ্যাড্রেসকে ২ ভাগে ভাগ করা হয়। যথা: IPV4 ও IPV6.

ক. IPV4

Standard Internet Working পদ্ধতির মূল প্রোটোকল হলো IPV4 (Internet Protocol Version 4)। এটি 32 বিট এর অ্যাড্রেস স্পেস। এর মাধ্যমে ৪-৫ বিলিয়ন অ্যাড্রেস ব্যবহার করা সম্ভব। আইপি ভার্সন ৪ কে ৪টি অকটেড এ ভাগ করা হয়। প্রতিটি ভাগে আবার ৮ বিট করে বিট রয়েছে। প্রতিটি অকটেডকে .(ডট) দ্বারা প্রকাশ করা হয়।

খ. IPV6

আইপি অ্যাড্রেসের নতুন ভার্সন হলো IPV6। IPV6 এর পূর্ণরূপ হচ্ছে Internet Protocol Version 6। এটি 128 বিটের একটি স্পেস। এটি প্রায় ৩৪০ ট্রিলিয়ন ট্রিলিয়ন ট্রিলিয়ন ইউনিক ওয়েব ঠিকানা দিতে পারে।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

♦ ডোমেইন নেইম (Domain Name)

ডোমেইন নেইম ইন্টারনেটের সাথে সংযুক্ত নেটওয়ার্ক সার্ভারের একটি আলফানিউমেরিক নাম। এটি এক বা একাধিক IP Address-কে শনাক্তকরণের জন্য একটি অদ্বিতীয় আলফানিউমেরিক ঠিকানা। যে পদ্ধতিতে Domain name কে নিয়ন্ত্রণ করা হয় তাকে DNS (Domain Naming System) বলে। TCP এবং UDP উভয় পোর্টসে DNS প্রোটোকল ব্যবহার করা হয়। একটি Domain name এর ২টি অংশ। যথা: Root Level ও Second Level. Root/Top Level বলতে Domain এর ধারণাকে বোঝায়। আর Second Level বলতে ডোমেইন এর পরিচিতিমূলক নিজস্ব নামকে বুঝায়।

- **Top Level Domain:** Top Level Domain ২ ধরনের হয়। যথা: Country Code Top Level Domains (ccTLD) ও Generic Top Level Domains (gTLD).

ccTLD সাধারণত ২ অক্ষরবিশিষ্ট হয়	
ccTLD	**Country Name**
.au	Australia
.bd	Bangladesh
.cn	Chaina
.in	India
.uk	United Kingdom
.us	America

√ **gTLD: generic Top Level Domains** সাধারণত তিন অক্ষরবিশিষ্ট হয়। এটি ৭ ধরনের হয়ে থাকে। যথা:

gtLD	প্রকৃতি	উদাহরণ
.com	বাণিজ্যিক প্রতিষ্ঠান	alibaba.com
.edu	শিক্ষা প্রতিষ্ঠান	du. edu
.int	আন্তর্জাতিক সংস্থা	wb.int
.org	অর্গানাইজেশন	asa.org
.gov	রাষ্ট্রীয় প্রতিষ্ঠান	Bangladesh.gov.bd
.net	নেটওয়ার্ক সার্ভিস	asia.net

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. ইন্টারনেট যোগাযোগ ব্যবস্থায় **Hostname** কে **IP Address**-এ অনুবাদ করে- *[প্রাণিসম্পদ অধিদপ্তরের ল্যাবরেটরি টেকনিশিয়ান: ২৩]*

ⓚ FTP Server ⓛ Firewall
ⓜ Gateway ⓝ DNS Server উ. ঘ

২. কোনটি অন্যগুলো থেকে আলাদা? *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*

ⓚ ফোরট্রান ⓛ জাভা
ⓜ আইপি ⓝ ওরাকল উ. গ

৩. IPV6 এড্রেস কত বিটের? *[রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর:২১]*

ⓚ ১৬ ⓛ ৩২ ⓜ ৬৪ ⓝ ১২৮ উ. ঘ

HTML

♦ HTML এর মৌলিক বিষয়সমূহ:

HTML (Hyper Text Markup Language) প্রকৃত অর্থে এটি কোন প্রোগ্রামিং ভাষা নয় বরং একটি মার্ক আপ ভাষা যা মার্কঅ্যাপ ট্যাগ এর সমন্বয়। ওয়েব পেইজকে বর্ণনা করার জন্য এসব মার্কআপ ট্যাগগুলো ব্যবহার করা হয়ে থাকে।

- **HTML এর ফাইল তৈরি ও দেখার নিয়ম:**
HTML লিখতে একটি Text সফটওয়্যারের প্রয়োজন হয়। সাধারণত এডিটর সফটওয়্যার হিসেবে Wordpad, Notepad, Front Page ইত্যাদির ব্যবহার করা হয়।
- **HTML Tag**
HTML মার্কআপ ভাষায় ব্যবহৃত ট্যাগকে সাধারণত HTML Tag বলা হয়। HTML Tag একটি অ্যাঙ্গেল ব্রাকেট < > দ্বারা আবৃত একটি কী-ওয়ার্ড। HTML সাধারণত জোড়ায় জোড়ায় লেখা হয়। যেমন: < i > এবং < i >। প্রথম ট্যাগকে বলে start tag বা Opening tag এবং শেষ ট্যাগকে বলে End tag বা closing tag।
- **HTML Document**
ওয়েব পেইজই হচ্ছে HTML Document। HTML ডকুমেন্টকে ওয়েব পেইজের মাধ্যমে প্রকাশ করা হয়। HTML ডকুমেন্টের মধ্যে HTML Tag এবং Plain text থাকে। বিভিন্ন ওয়েব ব্রাউজারের (যেমন- ইন্টারনেট এক্সপ্লোরার, ফায়ার ফক্স প্রভৃতি) প্রধান কাজ হচ্ছে HTML ডকুমেন্টের বিষয়বস্তু পড়া এবং সেগুলোকে ওয়েব পেজের মাধ্যমে প্রদর্শন করা। ওয়েব ব্রাউজার HTML Tag প্রদর্শন করতে পারে না কিন্তু ওয়েবপেজের বিষয়বস্তু অনুবাদ করার জন্য HTML Tag ব্যবহার করা হয়। HEAD, BODY, Paragraph, Lists, tables প্রভৃতি হচ্ছে HTML ডকুমেন্টের উপাদান।
- **HTML ফাইল এর গঠন**
HTML এ লিখিত প্রোগ্রামকে দুটি সেকশনে বা অংশে ভাগ করা যায়। যথা: হেড সেকশন ও বডি সেকশন।
- **HTML নকশা ও কাঠামো লেআউট:**
ওয়েবপেজে লে-আউট ডিজাইন করার জন্য এইচটিএমএল ব্যবহার করা হয়। তবে বর্তমানে এইচটিএমএল এবং সিএসএস (CSS) একত্রে ব্যবহার করে লেআউট তৈরি করা হচ্ছে। HTML ওয়েব পেজের দুটি অংশ থাকে। যথা: হেড অংশ ও বডি অংশ।

ক. হেড অংশ

এ অংশে সাধারণত পেইজের শিরোনাম থাকে। এছাড়া Head অংশে ওয়েবপেইজের ধরন, সার্চ ইঞ্জিনের জন্য কী-ওয়ার্ড ও প্রয়োজনীয় কোড থাকে।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

খ. বডি অংশ
এটি ওয়েব পেইজের মূল অংশ। এখানে ওয়েব পেইজের প্রদর্শিত অংশ থাকে। বিভিন্ন ধরনের টেক্সট, ছবি প্রদর্শনের কোড, টেবিল, ফর্মের যাবতীয় উপাদান এ অংশে থাকে। কোন একটি ওয়েব পেজের লেআউটের মাধ্যমে ওয়েবপেইজের বিভিন্ন উপাদানগুলো সুন্দরভাবে উপস্থাপন করা হয়। সাধারণত একটি সুশৃঙ্খল ওয়েবপেজের লেআউট তৈরি করতে সময় লাগে।

- **হাইপারলিংক (Hyperlink)**
এটি ওয়েবের রিসোর্সে অবস্থিত এমন একটি রেফারেন্স যার সাহায্যে পাঠক সরাসরি কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে পারে। অর্থাৎ একটি ওয়েব পেইজ বা ওয়েবসাইটের সাথে অন্য একটি ওয়েব পেইজ বা সাইটের সংযোগ স্থাপনের ব্যবস্থাই হলো হাইপারলিংক। HTML পেইজ, ইমেজ, সাউন্ড ফাইল, মুভি ইত্যাদি রিসোর্সকে হাইপারলিংক দিয়ে নির্দেশ করা যায়। হাইপারলিংক তৈরির HTML ট্যাগ হলো < a> ও ।
- **HTML ডকুমেন্টে যোগ করা**
প্রতিটি ওয়েব পেইজে ব্যানারসহ বিভিন্ন ধরনের ছবি দেখা যায়। HTML এর সাহায্যে কোন ওয়েব পেজে অতি সহজে ব্যানারসহ যে কোন ধরনের ছবি যোগ করা যায়।
- **<img> ট্যাগ এর height width এবং border অ্যাট্রিবিউট**
ওয়েব পেইজে যে ইমেজ বা ছবি ইনসার্ট করা হবে সেটি উচ্চতায় এবং প্রস্থে কত পিক্সেলের হবে তা height এবং width অ্যাট্রিবিউটের উপর নির্ভর করে। width অ্যাট্রিবিউটের ইমেজের প্রস্থ নির্দেশ করে এবং height অ্যাট্রিবিউট ইমেজের দৈর্ঘ্য নির্দেশ করে। অন্যদিকে ইমেজের চারদিকে লাইন বা বর্ডার দেয়ার জন্য border অ্যাট্রিবিউট ব্যবহৃত হয়। এই বর্ডারের রং সাধারণত (ডিফল্ট হিসেবে) কালো হয়।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. **হাইপারলিঙ্ক (Hyperlink) বলতে কী বোঝায়?** *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক কম্পিউটার নেটওয়ার্কে সংযুক্ত প্রতিটি ডিভাইসের পরিচিতি
খ একটি পেজের কোনো অংশের সাথে অন্য একটি পেজের সংযোগ রাখা
গ ইন্টারনেটের সাথে যথাযথভাবে সংযুক্ত কম্পিউটার স্পেস
ঘ ইন্টারনেটের বিভিন্ন সার্ভারে রাখা ফাইল — উ. খ

২. **HTML কী কাজে ব্যবহার করা হয়?** *[পেট্রোবাংলার হিসাব সহকারী: ১৯]*
ক গ্রাফিক্স ডিজাইনে খ ওয়েবসাইট ডিজাইনে
গ টেবিল ডিজাইনে ঘ চার্ট ডিজাইনে — উ. খ

৩. **HTML কখন ব্যবহার করা হয়?** *[নিরাপদ খাদ্য অথিদপ্তরের উচ্চমান সহকারী: ১৯]*
ক গ্রাফিক্স ডিজাইনে খ বিল্ডিং ডিজাইনে
গ ওয়েব পেজ ডিজাইনে ঘ টেবিল ডিজাইনে — উ. গ

ক্ষতিকর সফটওয়্যার প্রোগ্রাম

- **কম্পিউটার ভাইরাস**
কম্পিউটার VIRUS (Vital Information Resources Under Seize) হলো এক ধরনের প্রোগ্রাম যা স্বয়ংক্রিয়ভাবে এক্সিকিউট (Execute) বা নির্বাহ হয়, তথ্য ও উপাত্তকে আক্রমণ করে এগুলোর ক্ষতি করে। ১৯৫০ সালে কম্পিউটার জনিত ভাইরাসের আক্রমণ ঘটে। বব থমাস ক্রিপার ১৯৭১ সালে কম্পিউটার ভাইরাস আবিষ্কার করেন। ১৯৮০ সালে প্রখ্যাত গবেষক ফ্রেড কোহেন কম্পিউটার ভাইরাসের নামকরণ করেন। কয়েকটি ভাইরাসের নাম হলো ভিবিএস/হেল্পার, ওয়ার্ম, ভিবিএস / আকুই, সিআইএইচ, ভিয়েনা, ঢাকা ভাইরাস, স্টোন, জেরুজালেম, বুট সেক্টর ভাইরাস, মাইক্রো ভাইরাস, ইত্যাদি।

কম্পিউটার ভাইরাসের ক্রমভিত্তিক ইতিহাস:

সাল	তথ্যপ্রবাহ
১৯৭১	বব থমাস ক্রিপার কম্পিউটার ভাইরাস আবিষ্কার করে।
১৯৯২	'মাইকেল অ্যাঞ্জেলা' নামক একটি ভাইরাস কম্পিউটারে প্রবেশ করে লক্ষাধিক কম্পিউটার একেবারে অচল করে দেয়।
১৯৯৯	CIH ভাইরাস কম্পিউটারে প্রবেশ করে এবং বহু কম্পিউটার অচল করে। CIH ভাইরাসের আবিষ্কারক চেন ইং হাও।
২০০৮	ফেইসবুক এবং মাইস্পেসকে টার্গেট করে 'Koobface' নামক কম্পিউটার ভাইরাস ছাড়া হয়।
২০০৮	মাইক্রোসফট সার্ভারে 'Conficker' নামক ভাইরাস প্রবেশ করে।
২০১৭	শ্যাডো ব্রোকারস নামক হ্যাকাররা 'র‍্যানসমওয়্যার' নামক এক ধরনের ভাইরাস ছড়িয়ে দেয়, যার সাহায্যে কম্পিউটারের নিয়ন্ত্রণ নিয়ে হার্ডডিস্কের অংশ বা ফাইল পাসওয়ার্ড দিয়ে আবদ্ধ করে ফেলে।

কম্পিউটার সিস্টেমে ভাইরাস ছড়ার মাধ্যম:

মাধ্যম	যেভাবে প্রবেশ করে
মেমোরি	অন্য কম্পিউটারে ব্যবহৃত USB Device (Pen drive, Hard disk, CD, DVD) নিজের কম্পিউটারে ব্যবহারের মাধ্যমে
সফটওয়্যার	অন্য কম্পিউটার থেকে কপিকৃত সফটওয়্যার নিজের কম্পিউটারে ব্যবহারের মাধ্যমে
এন্টি ভাইরাস	পুরাতন ভার্সনের এন্টি-ভাইরাস সফটওয়্যারের মাধ্যমে
ইন্টারনেট	সংক্রমিত ওয়েবসাইটের মাধ্যমে ৭০% ভাইরাস কম্পিউটার সিস্টেমে প্রবেশ করে

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ইমেল অ্যাটাচমেন্ট	ইমেইল থেকে File attachment (যেমন Wordfile, Picture, Power Point file, Audio Video এর মাধ্যমে)

- **অ্যান্টিভাইরাস (Anti Virus)**

এটি এক ধরনের কম্পিউটার ভাইরাস প্রতিষেধক। কম্পিউটার প্রোগ্রামসমূহকে ভাইরাসমুক্ত করার জন্য এবং ভাইরাসের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার উপযোগী পরিবেশ সৃষ্টি করাই এর কাজ। অর্থাৎ অ্যান্টিভাইরাস হলো কম্পিউটারকে ভাইরাসমুক্ত করা বা ভাইরাস থেকে রক্ষা করার জন্য প্রোগ্রাম বিশেষ।

জনপ্রিয় কয়েকটি অ্যান্টিভাইরাস		
Kaspersky	Bitdefender	McAfee
Panda	Norton	Avira
Symantec	Net Qin	IBM Antivirus
AVG	Norman	Pc Cillin
VirSafe	Thunder Byte	Vigilant
Dr. Solman's	Toolkit	Cobra

- **ম্যালওয়্যার (Malware)**

ম্যালিসিয়াস সফটওয়্যারের সংক্ষিপ্ত রূপ হলো ম্যালওয়্যার। এটি এমন এক ধরনের সফটওয়্যার যা সিস্টেমের স্বাভাবিক কাজ ব্যাহত করতে, কোন সংরক্ষিত কম্পিউটার নেটওয়ার্ক ব্যবস্থায় অনুপ্রবেশ করতে ব্যবহার করা হয়। ম্যালওয়্যার হলো কম্পিউটার ভাইরাস, ট্রোজান হর্স, ওয়ার্ম, স্পাইওয়্যার, র‍্যানসমওয়্যার, রুটকিট, এডওয়্যার প্রভৃতি।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. VIRUS এর পূর্ণরূপ কী? *[খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]*
ⓚ Various Information Resources Under Seal.
ⓛ Vital Information Resources Under Seal.
ⓜ Various Information Resources Under Stack.
ⓝ Vital Information Resources Under Seize. উ. ঘ

২. এন্টি-ভাইরাস কী? *[দুর্নীতি দমন কমিশন এর ডাটা এন্ট্রি অপারেটর: ১৯]*
ⓚ সফটওয়্যার ও প্রোগ্রাম ⓛ প্রোগ্রামিং ভাষা
ⓜ ট্রাবলশুটিং ⓝ হার্ডওয়্যার উ. ক

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. কম্পিউটার ভাইরাস কী? *[বাংলাদেশ পুলিশের স্পেশাল ব্রাঞ্চ (রাজারবাগ, ঢাকা) এর দপ্তরি : ২৩]*
উ. কম্পিউটার ভাইরাস হলো এক ধরনের ক্ষতিকর প্রোগ্রাম যা ব্যবহারকারীর অনুমতি ছাড়াই কম্পিউটারে প্রবেশ করে।

প্র. গিবারিশ (Gibberish) কী? *[জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এর কম্পিউটার অপারেটর: ২১]*
উ. কম্পিউটারে দেয়া অপ্রয়োজনীয় তথ্যকে (Gibberish) গিবারিশ বলে।

সাইবার নিরাপত্তা

- **ফায়ারওয়াল (Firewalls)**

ফায়ারওয়াল হলো এক বিশেষ নিরাপত্তা ব্যবস্থা যাতে এক নেটওয়ার্ক থেকে অন্য নেটওয়ার্কে ডেটা প্রবাহ নিয়ন্ত্রণ করা যায়। এর অর্থ নিরাপত্তা ব্যবস্থার অদৃশ্য দেওয়াল। ফায়ারওয়াল হলো একসেট নিয়মনীতি বা (Rules) যা অনুসরণ করে এবং হার্ডওয়্যার ও সফটওয়্যারের মিলিত প্রয়াসে কম্পিউটার সিস্টেমকে বাইরের আক্রমণ থেকে রক্ষা করে। অনাকাঙ্ক্ষিত বা ক্ষতিকর কিছু আসলে ফায়ারওয়াল সেটিকে আসতে বাঁধা প্রদান করে কিংবা ব্যবহারকারীকে সতর্ক করে দেয়।

- **জনপ্রিয় কিছু সফটওয়্যার ফায়ারওয়াল**

১. Norton Internet Security
২. Kaspersky Internet Security
৩. Macafee Internet Security
৪. Comodo Internet Security
৫. Online Armor Free.
৬. PC Tools Firewall Plus Free Edition.
৭. Zone Alarm Free Firewall.
৮. Agnitum Outpost Firewall Free

- **জনপ্রিয় কিছু হার্ডওয়্যার ফায়ারওয়াল**

১. Cisco PIX
২. Watch Guard
৩. Check Point
৪. Netscreen

- **প্রক্সি সার্ভার (Proxy Server)**

প্রক্সি সার্ভার হলো এমন একটি সার্ভার যা অন্য ক্লায়েন্ট থেকে আসা সার্ভারের তথ্য চাওয়ার অনুরোধগুলির মধ্যস্থতাকারী হিসেবে কাজ করে। এটি এক ধরনের কম্পিউটার নেটওয়ার্ক যা ব্যবহারকারীকে ইন্টারনেটের সাথে পরোক্ষভাবে যুক্ত করে দেয়। যারা এ ধরনের সেবা প্রদান করে তারাই প্রক্সি সার্ভার।

- **ব্যাকআপ (Backup)**

হার্ডডিস্কের তথ্যের আংশিক বা সম্পূর্ণ ক্ষতি রোধ করার জন্য মূল ডেটা এবং ফাইলগুলোর তৈরি অনুলিপি হলো ব্যাকআপ। কোন কারণে সেকেন্ডারি স্টোরেজ ডিভাইস নষ্ট হয়ে গেলে কিংবা ভাইরাসের কারণে ডেটা হারিয়ে গেলে বা বিকৃত হলে ব্যাকআপ কপি থেকে ডেটাকে পুনরুদ্ধার করা যায়। হার্ডডিস্ক, ফ্লপিডিস্ক, পেন ড্রাইভ, কম্পাক্ট ডিস্ক ইত্যাদিতে প্রোগ্রামের ব্যাকআপ কপি রাখা যায়।

- **পাসওয়ার্ড (Password)**

ডিজিটাল প্রযুক্তির যুগে কম্পিউটার ও অন্যান্য তথ্য প্রযুক্তির যন্ত্রসমূহের নিরাপত্তার জন্য ব্যবহৃত সিস্টেমকে পাসওয়ার্ড

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বলে। আইসিটি বিষয়ক যন্ত্রপাতি যেমন: কম্পিউটার, ল্যাপটপ কিংবা মোবাইল ফোনগুলোর দ্বারা পরিচালিত হয়।

→ কিছু নিয়ম মেনে পাসওয়ার্ড তৈরি করলেই তথ্য চুরির ভয় থাকে না। এক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে-

√ নিজের বা পরিবারের কারো নাম বা ব্যক্তিগত তথ্য ব্যবহার না করা।

√ সংখ্যা, বিশেষ চিহ্ন (যেমন 1, @, # ইত্যাদি) ও অক্ষর ব্যবহারের ক্ষেত্রে ছোট হাতের ও বড় হাতের দুই ধরনের অক্ষর মিশিয়ে নেয়া ভালো।

√ পাসওয়ার্ডটি বড় আকারের করা।

√ পাসওয়ার্ডটি মনে রাখার জন্য নিজেদের পছন্দমত সংকেত ব্যবহার করা।

♦ **সাইবার অপরাধ (Cyber Crime)**
সাইবার অপরাধ হলো যে কোন ধরনের অনৈতিক কাজ, যার মাধ্যমে কম্পিউটার ব্যবহারকারী সংক্রান্ত অপরাধ, তথ্য ও যোগাযোগ সংক্রান্ত অপরাধ, ইন্টারনেট সাইট হ্যাকিং, আর্থিক ও ব্যবসা প্রতিষ্ঠানের ব্যাংক একাউন্টে প্রবেশ করে অর্থ চুরি, প্রতারণা, ক্রেডিট কার্ড জালিয়াতি করে।

♦ **হ্যাকিং (Hacking)**
সাধারণত রচনা ও প্রয়োগের মাধ্যমে কোন কম্পিউটার সিস্টেম বা নেটওয়ার্কের ক্ষতিসাধন করাকে হ্যাকিং বলে। যারা হ্যাকিং করে তাদেরকে হ্যাকার আর যারা অবৈধভাবে হ্যাকিং করে তাদেরকে ক্রেকার বলে।

♦ **স্প্যামিং (Spamming)**
ই-মেইল অ্যাকাউন্টে প্রায়ই কিছু অচেনা ও অপ্রয়োজনীয় ই-মেইল পাওয়া যায়। যা আমাদের বিরক্তি ঘটায়। এ ধরনের ই-মেইলকে সাধারণত SPAM (Stupid Pointless Annoying Message) মেইল বলে। যখন কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান নির্দিষ্ট কোনো একটি ই-মেইল অ্যাড্রেসে শত শত বা লাখ লাখ মেইল প্রেরণের মাধ্যমে সার্ভারকে ব্যস্ত বা মেমোরি দখল করে, তখন এই পদ্ধতিকে স্প্যামিং বলে।

♦ **ফিশিং (Phishing)**
ইন্টারনেট ব্যবস্থায় কোনো সুপ্রতিষ্ঠিত ওয়েবসাইট নকল করে প্রতারণার মাধ্যমে কারো কাছে ব্যক্তিগত তথ্য (যেমন- ব্যবহারকারীর নাম, পাসওয়ার্ড, ক্রেডিট কার্ডের তথ্য) সংগ্রহ করাকে ফিশিং বলে। প্রতারক তাদের শিকারকে কোনোভাবে ধোকা দিয়ে তাদের ওয়েবসাইটে নিয়ে যায়। আর এ ওয়েবসাইটটি সংশ্লিষ্ট ব্যবহারকারীর ই-মেইল, ব্যাংক বা ক্রেডিট কার্ডের আসল ওয়েব সাইটের চেহারা নকল করে থাকে।

♦ **সাইবার বুলিং (Cyberbulling)**
সাইবার বুলিং হচ্ছে ইন্টারনেট ব্যবহার করার মাধ্যমে কাউকে অপমাণ করা, হুমকি দেয়া অথবা হয়রানি করা।

বিশ্বের আলোচিত হ্যাকার গোষ্ঠী

হ্যাকার গোষ্ঠী	দেশ
ডার্ক সাইড, র‍্যানসমওয়্যার	রাশিয়া
ল্যাজারাস গ্রুপ	উত্তর কোরিয়া
Cozy Bear (APT 29)	রাশিয়া
Tailared Access Operations	যুক্তরাষ্ট্র
হাফনিয়াম, APT41	চীন

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. **'Cozy Bear' কী?** *[স্থলবন্দর কর্তৃপক্ষের ওয়ারহাউজ সুপারিনটেনডেন্ট ও ক্যাশিয়ার: ২২]*
ক চুক্তি খ হ্যাকার গ্রুপ
গ বিনোদন কেন্দ্র ঘ তথ্য বিনিময় কেন্দ্র **উ. খ**

২. **জাংক ই-মেইল অন্য কী নামে পরিচিত?** *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক Spam খ Snoozed
গ Unwanted ঘ Bin **উ. ক**

৩. **কিভাবে শক্তিশালী পাসওয়ার্ড তৈরি করা যায়?** *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক সংখ্যা ব্যবহারের ক্ষেত্রে প্রতীক ব্যবহার না করে
খ শব্দ সংখ্যা এবং প্রতীক ব্যবহার করে
গ শুধু সংখ্যা বা শুধু প্রতীক ব্যবহার করে
ঘ অনুচ্ছেদ এবং বাক্য ব্যবহার করে **উ. খ**

সামাজিক যোগাযোগ মাধ্যম

♦ **ফেসবুক (Facebook)**
বর্তমান বিশ্বের সামাজিক যোগাযোগের সবচেয়ে আকর্ষণীয় ও জনপ্রিয় মাধ্যম ফেসবুক। এটি বিশ্ব সামাজিক আন্তঃযোগাযোগ ব্যবস্থার একটি ওয়েবসাইট, যা ৪ ফেব্রুয়ারি ২০০৪ সালে প্রতিষ্ঠিত হয়। বর্তমানে ফেসবুকের মূল প্রতিষ্ঠানের নাম 'মেটা'। গ্রিক শব্দ 'মেটা'র ইংরেজি অর্থ 'বিয়ন্ড'। হার্ভাড বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালীন মার্ক জুকারবার্গ ও তার কয়েকজন সহপাঠী (এডওয়ার্ড সেভারিন, জাস্টিন মস্কোভিতস ও ক্রিস হিউজেস) মিলে এটি তৈরি করেন।

♦ **টুইটার (Twitter)**
টুইটার হলো সামাজিক যোগাযোগ মাধ্যম ও মাইক্রোব্লগিংয়ের একটি ওয়েবসাইট, যেখানে একজন User 'পোস্ট' এর মাধ্যমে বিভিন্ন টুইটার ইউজারে শেয়ার করতে পারে। এ টুইটার ইউজারদের মাধ্যমে করা বিভিন্ন পোস্ট গুলোকে বলা হয় Tweets. টুইটারকে ইন্টারনেটের এসএমএস হিসেবে অভিহিত করা হয়। একটি Tweet কোনভাবেই ২৮০ শব্দের (পূর্বে ছিল ১৪০টি) বেশি হতে পারবে না।

♦ **ইন্সটাগ্রাম (Instagram)**
ইন্সটাগ্রাম হলো অনলাইনে ছবি এবং ভিডিও শেয়ার করার একটি সামাজিক নেটওয়ার্কিং পরিষেবা। ইন্সটাগ্রাম এর ছবি বর্গাকার এবং ভিডিওর দৈর্ঘ্য সর্বোচ্চ ১৫ সেকেন্ডের হয়।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

- **লিংকডইন (LinkedIn)**
লিংকডইন হলো পেশাজীবীদের সামাজিক যোগাযোগের একটি ওয়েবসাইট।
- **পিন্টারেস্ট (Pinterest)**
পিন্টারেস্ট হলো ফটো আপলোড, সংরক্ষণ ও শেয়ার করার একটি সামাজিক যোগাযোগের ওয়েবসাইট। এ সাইটে শেয়ারকৃত ছবি বা ভিডিও পিন নামে পরিচিত।
- **ইউটিউব (YouTube)**
ইউটিউব একটি অনলাইন ভিডিও শেয়ারিং করার সামাজিক যোগাযোগ মাধ্যম। এটি অত্যন্ত জনপ্রিয় একটি সাইট যার মাধ্যমে ভিডিও আপলোড, শেয়ার এবং ভিডিও দেখার সুবিধা রয়েছে। ২০০৫ সালে পেপ্যাল প্রতিষ্ঠানের ৩ জন সাবেক কর্মচারী চাড হারলি, স্টিভ চেন এবং জাভেদ করিম (বাংলাদেশি বংশোদ্ভূত) কর্তৃক ইউটিউব প্রতিষ্ঠিত হয়।
- **এইম বুক**
বড় পরিসরে প্রথম বাংলাদেশি সামাজিক যোগাযোগ মাধ্যম হলো এইম বুক। ১৮ মে, ২০১৯ সালে প্রথমবারের মতো গুগল প্লে স্টোরে অন্তর্ভুক্ত হয়।

সামাজিক যোগাযোগ মাধ্যম	বাংলাদেশে নাম
ফেসবুক	যোগাযোগ
জুম (ভিডিও কনফারেন্স প্ল্যাটফর্ম)	বৈঠক
হোয়াটসঅ্যাপ	আলাপন

সামাজিক যোগাযোগ মাধ্যমের গুরুত্বপূর্ণ তথ্যাবলি:

সামাজিক যোগাযোগ মাধ্যম	প্রতিষ্ঠাতা	প্রতিষ্ঠাকাল
Wechat	ঝাং জিয়াওলং ও মা হুতাং	২২/০১/২০১১
LinkedIn	রেইড হফম্যান ও এ্যালেন ব্লু	৫ মে, ২০০৩
Facebook	মার্ক জুকারবার্গ	০৪/০২/২০০৪
Youtube	স্টিভ চেন, চাদ হুরলে ও জাভেদ করিম	১৪ ফেব্রুয়ারি, ২০০৫
Twitter	জ্যাক ডোরসে, নাওহ গ্লাস, বিজ স্টোন ও ইভান উইলিয়ামস	২১ মার্চ, ২০০৬
Tumblr	ডেভিড কার্প	ফেব্রুয়ারি, ২০০৭
WhatsApp	ব্রায়ান অ্যাক্টন, জন কুম	২৪/০২/২০০৯
Pinterest	পল সায়েরা, ইভান সার্প ও বেন সিলভারম্যান	মার্চ, ২০১০
Instagram	কেভিন সিস্ট্রোম, মাইক ক্রিগার	০৬/১০/২০১০
Google Plus	ভিক গুয়ানড্রো ব্রেডলি হরউইটজ	২৮ জুন, ২০১১
TikTok	ঝাং ইয়েমিং	সেপ্টেম্বর, ২০১৬
Likee	জ্যাসন হু	জুলাই, ২০১৭

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. **টুইটার কত সালে প্রতিষ্ঠিত হয়?** *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিভিন্ন পদ: ২৩]*
ক ২০০৪ সালে খ ২০০৮ সালে
গ ২০০৬ সালে ঘ ২০০৩ সালে **উ. গ**

২. **Facebook এর Inventor কে?** *[এনএসআই এর ডেসপার রাইডার ও অফিস সহায়ক: ২১]*
ক Mark Zukerberg খ Dustin Mockovitz
গ Chiris Huges ঘ Darwin **উ. ক**

৩. **Twitter-এ সর্বোচ্চ কত অক্ষরের বার্তা প্রকাশ করা যায়?** *[রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২১]*
ক ১২০ খ ২৮০
গ ২২০ ঘ ২৪০ **উ. খ**

৪. **নিচের কোনটি সামঞ্জস্যপূর্ণ নয়?** *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটর: ২১]*
ক ফেসবুক খ টুইটার
গ লিংকড ইন ঘ উইকিপিডিয়া **উ. ঘ**

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. সামাজিক যোগাযোগ মাধ্যম Facebook এর জনক কে? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের উপজেলা ব্যবস্থাপক: ২৩]*
উ. মার্ক জুকারবার্গ।

প্র. মার্ক জাকারবার্গ ও তাঁর ৩ সহপাঠী কত সালে ফেসবুক প্রতিষ্ঠা করেন? *[জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুরের হিসাব সহকারী: ২৩]*
উ. ২০০৪ সালে।

প্র. টীকা লিখুন: 'Facebook' *[জাতীয় মানবাধিকার কমিশনের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]*
উ. ২০০৪ সালে মার্ক জাকারবার্গ, ডাসটিন মস্কোভিচ ও হিউজেস মিলে সামাজিক নেটওয়ার্কিং সাইট Facebook তৈরি করেন। এর সদর দপ্তর যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ায় অবস্থিত।

প্র. ফেসবুক ও টুইটার কী ধরনের ওয়েবসাইট? *[বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ডাটা এন্ট্রি: ২০]*
উ. ফেসবুক ও টুইটার হলো সামাজিক যোগাযোগ মাধ্যম বা সোশ্যাল নেটওয়ার্কিং ওয়েবসাইট।

তথ্য প্রযুক্তির প্রতিষ্ঠান

- **মাইক্রোসফট কর্পোরেশন (Microsoft Corporation)**
মাইক্রোসফট কর্পোরেশন যুক্তরাষ্ট্রভিত্তিক একটি কম্পিউটার প্রযুক্তি প্রতিষ্ঠান। এটি কম্পিউটার সফটওয়্যার জগতে নামকরা প্রতিষ্ঠান। ১৯৭৫ সালের ৪ এপ্রিল বিল গেটস ও তার বন্ধু পল অ্যালান মিলে এটি প্রতিষ্ঠা করেন।

মাইক্রোসফট এর সার্ভিসসমূহ:

সার্ভিস	নাম
ওয়েব ব্রাউজার	Internet Explorer
সার্চ ইঞ্জিন	Bing
ভিডিও চ্যাট অ্যাপস	Skype
অপারেটিং সিস্টেম	Windows

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

Mail	Outlook
ক্লাউড স্টোরেজ সুবিধা	Azure
	One Drive
সোশ্যাল নেটওয়াকিং	Yammer
ইন্টারনেট হোস্টিং প্রোভাইডার	Github

◆ **আইবিএম কর্পোরেশন (IBM Corporation)**
International Business Machine Corporation-(IBM) একটি বৃহত্তম ও বহুজাতিক কম্পিউটার নির্মাতা প্রতিষ্ঠান। এটি একটি প্রযুক্তি হার্ডওয়্যার প্রতিষ্ঠান যা বিশ্বে 'Big Blue' নামে পরিচিত। ১৯১১ সালে এটি কম্পিউটিং ট্যাবুলেটিং রেকর্ডিং কোম্পানি হিসেবে যাত্রা শুরু করে, পরবর্তীতে ১৯২৪ সালে IBM নামকরণ করা হয়। এটি বিভিন্ন ধরনের হার্ডওয়্যার, সফটওয়্যার তৈরিসহ বাজারজাতকরণ এবং হোস্টিং কনসাল্টিং সেবা প্রদান করে।

◆ **ওরাকল কর্পোরেশন (Oracle Corporation)**
এটি বর্তমান বিশ্বের সর্ববৃহৎ ডেটাবেজ সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান। ১৯৭৭ সালে Lowrence Joseph Ellison, Bob Miner ও Ed Oates ওরাকল প্রতিষ্ঠা করেন। এটি ডেটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার, হার্ডওয়্যার সিস্টেম ও এন্টারপ্রাইজ সফটওয়্যার পণ্য নির্মাণ করে।

◆ **ইনটেল কর্পোরেশন (Intel Corporation)**
ইনটেল কর্পোরেশন বিশ্বের সর্ববৃহৎ সেমিকন্ডাক্টর চিপ নির্মাণকারী প্রতিষ্ঠান। এটি প্রসেসর তৈরির পাশাপাশি নেটওয়ার্ক ইন্টারফেস কন্ট্রোলার, ইন্টিগ্রেটেড সার্কিট, মাদারবোর্ড চিপসেট, ফ্ল্যাশ মেমোরি, গ্রাফিক্স কার্ড, সংযুক্ত প্রসেসর ইত্যাদি তৈরি করেইনটেল কর্পোরেশনের Intel 4004 বিশ্বের প্রথম মাইক্রোপ্রসেসর।

◆ **অ্যাপল ইনকর্পোরেটেড (Apple Inc.)**
অ্যাপল ইনকর্পোরেটেড আমেরিকার হার্ডওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান। এটি কনজুমার ইলেকট্রিক, কম্পিউটার সফটওয়্যার অনলাইন সেবা ডিজাইন, ডেভলপ ও বিক্রি করে। অ্যাপল-১ কম্পিউটার অ্যাপলের তৈরি প্রথম পণ্য। প্রোগ্রামিং ভাষা ছাড়া অ্যাপলের তৈরি প্রথম কম্পিউটারের নাম Apple Machintosh (১৯৮৪)।

◆ **গুগল (Google)**
Google ইন্টারনেটভিত্তিক সেবা ও পণ্য বিশেষায়িত একটি আমেরিকান বহুজাতিক প্রযুক্তি কোম্পানি। ১৯৯৮ সালের ৪ সেপ্টেম্বর স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়ে পিএইচডি ছাত্র থাকাকালীন ল্যারি পেইজ ও সের্গেই ব্রিন এটি প্রতিষ্ঠা করেন। সার্চ ইঞ্জিন (Google), ক্লাউড কম্পিউটিং (Google Drive), অনলাইন বিজ্ঞাপন ইত্যাদি কাজের জন্য বিখ্যাত।

◆ **ইয়াহু (Yahoo)**
এটি বৃহৎ ইন্টারনেটভিত্তিক বাণিজ্যিক প্রতিষ্ঠান। ডেভিড ফিলো ও জেরি ইয়াং এটির প্রতিষ্ঠাতা। ইয়াহু ইনকর্পোরেটেড প্রতিষ্ঠিত হয় ১লা মার্চ, ১৯৯৫ সালে (ইয়াহু চালু হয় ১৯৯৪ সালে)। এটির ডিজাইনে Exclamatory চিহ্ন (!) যুক্ত করা হয় ১৯৯৫ সালে। বর্তমানে ইয়াহু নামে কোন কোম্পানি নেই।

◆ **আলতাবা ইনকর্পোরেশন**
চীনের ই-কমার্স প্রতিষ্ঠান আলীবাবা এর বড় অংশের বিনিয়োগকারী।

একনজরে বহুজাতিক টেক জায়ান্ট প্রতিষ্ঠান

প্রতিষ্ঠান	প্রতিষ্ঠা	প্রতিষ্ঠাতা
তোশিবা	১৮৭৫	হিশাশিগে তনাকা
আইবিএম	১৯১১	হারম্যান হলিরিথ, টমাস জন ওয়াটসন ও চার্লস রেনল্টে ফ্লিন্ট
এইচপি	১৯৩৯	David Packard, Bill Hewlett
ইনটেল	১৯৬৮	গর্ডন মুর, রবার্ট নয়েস
মাইক্রোসফট	১৯৭৫	বিল গেটস ও পল অ্যালান
অ্যাপল	১৯৭৬	স্টিভ জবস, স্টিভ ওজনিয়াক ও রোনাল্ড ওয়েন
ওরাকল	১৯৭৭	ল্যারি এলিসন, বব মাইনার ও ব্রড ওটস
অ্যাডবি	১৯৮২	জন ওয়ার্নক, চার্লস গেচকে
Google	১৯৯৮	Larry Page, Sergey Brin

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. **IBM কী?** *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]*
ক Internal Band Machine
খ International Business Machine
গ Intercontinental Ballistic Missile
ঘ Internal Business Machine
উ. খ

২. **মাইক্রোসফট প্রতিষ্ঠিত হয় কবে?** *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক ৫ এপ্রিল, ১৯৭৫ খ ৪ এপ্রিল, ১৯৭৫
গ ৪ এপ্রিল, ১৯৭৬ ঘ ৫ এপ্রিল, ১৯৭৬
উ. খ

৩. **CTR এর নাম পরিবর্তন করে IBM রাখা হয় কত সালে?** *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক ১৯২৩ খ ১৯২৪
গ ১৯২২ ঘ ১৯২৫
উ. খ

৪. **বিশ্বের কোন প্রতিষ্ঠানকে 'বিগ ব্লু' বলা হয়?** *[শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]*
ক HP খ DELL
গ Microsoft ঘ IBM
উ. ঘ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

দৈনন্দিন বিজ্ঞান
(প্রিলিমিনারি + লিখিত)

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

পদার্থ বিজ্ঞানের আলোচনা

পদার্থবিজ্ঞানের আবিষ্কার

আবিষ্কার	আবিষ্কারক	সাল	দেশ
স্থির তড়িৎ	থেলিস	৬০০ খ্রিষ্টপূর্ব	গ্রিস
প্লবতা	আর্কিমিডিস	২৮৭ খ্রিষ্টপূর্ব	সিসিলি (গ্রিস)
বিদ্যুৎ	উইলিয়াম গিলবার্ট	১৫৭০	যুক্তরাজ্য
থার্মোমিটার	গ্যালিলিও	১৫৯৩	ইতালি
টেলিস্কোপ	গ্যালিলিও	১৬১০	ইতালি
নভোবীক্ষণ যন্ত্র	কেপলার	১৬১১	ডেনমার্ক
ক্যালকুলেটর	লিবনিজ	১৬৭১	জার্মানি
অণুবীক্ষণ যন্ত্র	লিউয়েন হুক	১৬৮৩	যুক্তরাষ্ট্র
বাষ্পচালিত ইঞ্জিন	জেমস ওয়াট	১৭৭১	স্কটল্যান্ড
রকেট	ডব্লিউ কনগ্রিভ	১৮০০	যুক্তরাজ্য
রেলওয়ে ইঞ্জিন	স্টিফেনসন	১৮২৫	যুক্তরাজ্য
ডায়নামো	মাইকেল ফ্যারাডে	১৮৩১	যুক্তরাজ্য
টেলিগ্রাম	এফ. বি. মোর্স	১৮৩২	ইতালি
ডিনামাইট	আলফ্রেড নোবেল	১৮৬৭	সুইডেন
টেলিফোন	আলেকজান্ডার গ্রাহামবেল	১৮৭৬	যুক্তরাষ্ট্র
পেট্রোল ইঞ্জিন	নিকোলাস অটো	১৮৭৬	জার্মানি
মাইক্রোফোন	আলেকজান্ডার গ্রাহামবেল	১৮৭৭	যুক্তরাষ্ট্র
ফনোগ্রাফ	টমাস আলভা এডিসন	১৮৭৮	যুক্তরাষ্ট্র
বৈদ্যুতিক বাতি	টমাস আলভা এডিসন	১৮৭৮	যুক্তরাষ্ট্র
এক্স-রে	রন্টজেন	১৮৯৫	জার্মানি
ডিজেল ইঞ্জিন	রুডলভ ডিজেল	১৮৯৫	জার্মানি
বেতার যন্ত্র (রেডিও)	জি. মার্কনি	১৮৯৬	ইতালি
তেজস্ক্রিয়তা	হেনরি বেকেরেল	১৮৯৬	ফ্রান্স
রেডিয়াম, পলোনিয়াম	মাদাম কুরি	১৮৯৮	পোল্যান্ড
রেডন	ই ডর্ন	১৯০০	জার্মানি
উড়োজাহাজ	অরভিল রাইট ও উইলবার রাইট	১৯০৩	যুক্তরাষ্ট্র
পলিগ্রাফ	জন এ লারসন	১৯২১	কানাডা
রাডার	এ এইচ টেইলর, লিও সি ইয়ং	১৯২২	যুক্তরাষ্ট্র
টেলিভিশন	জন. এল. বেয়ার্ড	১৯২৬	যুক্তরাষ্ট্র
কম্পিউটার	চার্লস ব্যাবেজ	১৯২৮	যুক্তরাজ্য
ফিশন	অটোহান ও স্ট্রেসম্যান	১৯৩৮	জার্মানি
পারমাণবিক বোমা	ওপেন হেইমার	১৯৪৫	যুক্তরাষ্ট্র
ইন্টিগ্রেটেড সার্কিট	জে এস কিলবি	১৯৫৮	যুক্তরাষ্ট্র
লেজার রশ্মি	টি এইচ মাইম্যান	১৯৬০	যুক্তরাষ্ট্র
আণবিক শক্তি	জুলিও কুরি	-	ফ্রান্স
মাধ্যাকর্ষণ শক্তি	নিউটন	-	যুক্তরাজ্য
হেলিকপ্টার	ইগর সিকোরস্কি	-	যুক্তরাষ্ট্র

বৈজ্ঞানিক যন্ত্রের ব্যবহার

যন্ত্রের নাম	যন্ত্রের ব্যবহার
অলটিমিটার	উচ্চতা নির্ণায়ক যন্ত্র ;
অডিওমিটার	শব্দের তীব্রতা নির্ণায়ক যন্ত্র।
অ্যামিটার	বিদ্যুৎ প্রবাহ মাপক যন্ত্র।
অ্যারোমিটার	গ্যাসীয় পদার্থের ওজন নির্ণায়ক যন্ত্র
অ্যানিমোমিটার	বাতাসের গতিবেগ ও শক্তি পরিমাপক যন্ত্র।
ফটোমিটার	আলো পরিমাপক যন্ত্র
স্পিডোমিটার	দ্রুতি পরিমাপক যন্ত্র
ক্যালরিমিটার	তাপ পরিমাপক যন্ত্র
স্পেকট্রোমিটার	বর্ণালীবীক্ষণ যন্ত্র
ম্যাগনেটোমিটার	চুম্বকত্ব পরিমাপক যন্ত্র
গ্যালভানোমিটার	ক্ষুদ্র মাপের বিদ্যুৎ প্রবাহের অস্তিত্ব নির্ণায়ক যন্ত্র।
ট্যাকোমিটার	উড়োজাহাজের গতি নির্ণায়ক যন্ত্র।
ল্যাক্টোমিটার	দুধের বিশুদ্ধতা নির্ণায়ক যন্ত্র।
ফ্যাদোমিটার	সমুদ্রের গভীরতা নির্ণায়ক যন্ত্র।
ম্যানোমিটার	গ্যাসের চাপ নির্ণায়ক যন্ত্র।
ব্যারোমিটার	বায়ুমণ্ডলের চাপ নির্ণায়ক যন্ত্র।
ওডোমিটার	মোটর গাড়ির গতি নির্ণায়ক যন্ত্র।
টেনসিওমিটার	তরলের পৃষ্ঠটান পরিমাপক যন্ত্র।
ক্রোনোমিটার	সমুদ্রের দ্রাঘিমা নির্ণায়ক যন্ত্র বা সুক্ষ্মভাবে সময় পরিমাপ করার যন্ত্র।
স্ফিগমোম্যানোমিটার	মানবদেহের রক্তচাপ নির্ণায়ক যন্ত্র।
গ্রাভিমিটার	পানির তলায় তেলের সঞ্চয় নির্ণায়ক যন্ত্র।
হাইড্রোমিটার	তরলের আপেক্ষিক গুরুত্ব নির্ণায়ক যন্ত্র।
হাইগ্রোমিটার	আপেক্ষিক আর্দ্রতা নির্ণায়ক যন্ত্র।
অ্যাক্সিলারোমিটার	ত্বরণ পরিমাপক যন্ত্র
থার্মোমিটার	উষ্ণতা পরিমাপক যন্ত্র
পাইরোমিটার	তারকাসমূহের উত্তাপ নির্ণায়ক যন্ত্র
ওহম মিটার	পরিবাহীর রোধ নির্ণায়ক যন্ত্র
ভোল্ট মিটার	বৈদ্যুতিক বিভব বা চাপ পরিমাপক যন্ত্র
অক্সানোমিটার	উদ্ভিদের বৃদ্ধি পরিমাপক যন্ত্র।
ক্রেস্কোগ্রাফ	উদ্ভিদের বৃদ্ধি নির্ণায়ক যন্ত্র।
কার্ডিওগ্রাফ	হৃৎপিণ্ডের গতি নির্ণায়ক যন্ত্র।
ফনোগ্রাফ	শব্দ রেকর্ড করার যন্ত্র।
টেলিগ্রাফ	সংবাদ প্রেরণের যন্ত্র।
সিসমোগ্রাফ	ভূমিকম্প নির্ণায়ক যন্ত্র।
ব্যারোগ্রাফ	বায়ুর চাপ পরিবর্তন নির্ণয়ের যন্ত্র
পলিগ্রাফ	মিথ্যা ধরার যন্ত্র
রেডিয়েটর	ইঞ্জিনের উত্তাপ কমানোর যন্ত্র।
অসিলেটর	কম্পাঙ্কের পরিবর্তি প্রবাহ উৎপন্ন করার যন্ত্র
স্টেথোস্কোপ	হৃদপিণ্ড ও ফুসফুসের শব্দ নিরূপক যন্ত্র।
পেরিস্কোপ	সাবমেরিন থেকে সমুদ্রের ওপরের জাহাজ দেখার যন্ত্র।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

গাইগার মুলার কাউন্টার	রেডিও এ্যাকটিভ মৌল অনুসন্ধান করার যন্ত্র।
রিখটার স্কেল	ভূমিকম্পের তীব্রতা পরিমাপক যন্ত্র
জাইরোকম্পাস	জাহাজের দিক নির্ণায়ক যন্ত্র।
সেক্সট্যান্ট	সূর্য ও অন্যান্য গ্রহের কৌণিক উন্নতি পরিমাপক যন্ত্র।
রেইনগেজ	বৃষ্টি পরিমাপক যন্ত্র।
স্প্রিং নিক্তি	সরাসরি বস্তুর ওজন নির্ণায়ক যন্ত্র
অডিওফোন	কান দিয়ে শোনার যন্ত্র
হাইড্রোফোন	পানির তলায় শব্দ নিরূপক যন্ত্র
তুলা যন্ত্র	অল্প পরিমাণ জিনিসের ভর সুক্ষ্মভাবে মাপার যন্ত্র।
ইনকিউবেটর	ডিম থেকে বাচ্চা ফুটানোর যন্ত্র
সরল দোলক	অভিকর্ষীয় ত্বরণের মান নির্ণায়ক যন্ত্র
সাইরেন	শব্দের কম্পাঙ্কের তুলনা করার যন্ত্র
স্টপওয়াচ	পরীক্ষাগারের সময় নির্ণায়ক যন্ত্র
থার্মোস্কোপ	বিকীর্ণ তাপের অস্তিত্ব নির্ণায়ক যন্ত্র
কম্পাস	দিক নির্দেশক যন্ত্র
ট্রান্সফর্মার	বিভককে পরিবর্তন করার যন্ত্র
ডায়নামো	যান্ত্রিক শক্তিকে বিদ্যুৎ শক্তিতে রূপান্তরের যন্ত্র
থার্মোস্টেট	তাপ নিয়ন্ত্রণের যন্ত্র
দুরবীক্ষণ	দূরের বস্তু পর্যবেক্ষণের যন্ত্র

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. বায়ুর চাপ মাপা হয় কি দিয়ে? *[সুন্দরবন গ্যাস কোম্পানির সিনিয়র টেকনিশিয়ান: ২৩]*
ক ব্যারোমিটার খ ম্যানোমিটার
গ উভয় ঘ কোনোটিই নয় উ. ক

২. ভূমিকম্প পরিমাপ করার যন্ত্রের নাম কী? *[কারা অধিদপ্তরের কারারক্ষী/ মহিলা কারারক্ষী: ২৩]*
ক সিসমোমিটার খ ব্যারোমিটার
গ থার্মোমিটার ঘ ম্যানোমিটার উ. ক

৩. বাতাসের আর্দ্রতা মাপার যন্ত্রের নাম কী? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিভিন্ন পদ: ২৩]*
ক মাইকোমিটার খ হাইগ্রোমিটার
গ ব্যারোমিটার ঘ গ্রাভিমিটার উ. খ

৪. সমুদ্রের গভীরতা নির্ণায়ক যন্ত্রের নাম- *[সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ১৯]*
ক ফ্যাদোমিটার খ ব্যারোমিটার
গ ট্যাকোমিটার ঘ ভিক্টোমিটার উ. ক

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. ভূমিকম্প মাপার যন্ত্রের নাম কি? *[বঙ্গবন্ধু বিজ্ঞান ও ফেলোশিপ ট্রাস্টের অফিস সহায়ক: ২৩]*
উ. সিসমোগ্রাফ।

প্র. সূক্ষ্ম সময় মাপের যন্ত্রের নাম কী? *[অর্থ মন্ত্রণালয়ের সাঁট মুদ্রাক্ষরিক:২৩]*
উ. ক্রোনোমিটার।

প্র. থার্মোমিটার কি? *[কাস্টম হাউস (বেনাপোল, যশোর) এর সিপাহী: ২৩]*
উ. তাপমাত্রা পরিমাপক যন্ত্র।

প্র. গ্যালিলিও কোন দেশে জন্মগ্রহণ করেন? *[জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের ক্যাশিয়ার: ২৩]*
উ. ইতালি

প্র. রেল ইঞ্জিনের আবিষ্কারক কে? *[কর্নেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ এর মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
উ. স্টিফেনসন।

প্র. 'থিওরি অব রিলেটিভিটি' প্রণেতা কে? *[ভূমি মন্ত্রণালয়ের সার্ভেয়ার:২৩]*
উ. আলবার্ট আইনস্টাইন।

ভৌত রাশি ও তার পরিমাপ

♦ রাশি (Quantities)

যা কিছু পরিমাপ করা যায় তাকে রাশি বলে। ভৌতজগতে অসংখ্য রাশি রয়েছে, যা পরিমাপ করা সম্ভব। যেমন: দৈর্ঘ্য, প্রস্থ, উচ্চতা, আয়তন, ওজন, তাপমাত্রা, রং, বিদ্যুৎ পরিবাহিতা, স্থিতিস্থাপকতা, ঘনত্ব, আপেক্ষিক তাপ, চাপ গলনাঙ্ক, স্ফুটনাঙ্ক ইত্যাদি। রাশি দুই প্রকার। যথা:

১. মৌলিক রাশি
যে সকল রাশি অন্য রাশির উপর নির্ভর করে না তাদেরকে মৌলিক রাশি বলে। মৌলিক রাশি ৭টি। যথা: দৈর্ঘ্য, ভর, সময়, তাপমাত্রা, তড়িৎ প্রবাহ, দীপন ক্ষমতা ও পদার্থের পরিমাণ। এরা স্বাধীন ও নিরপেক্ষ।

২. লব্ধ রাশি
যে সকল রাশি মৌলিক রাশির উপর নির্ভর করে তাদেরকে লব্ধ রাশি বলে। যেমন: বেগ, ত্বরণ, বল, কাজ ইত্যাদি।

√ দিকের বিবেচনায় সকল রাশি দুই ভাগে বিভক্ত। যথা:

১. স্কেলার রাশি:
যে সকল ভৌত রাশিকে শুধু মান দ্বারা সম্পূর্ণভাবে প্রকাশ করা যায়, দিক নির্দেশের কোনো প্রয়োজন হয় না তাদের স্কেলার রাশি বলে। যেমন: কাজ, ক্ষমতা, শক্তি, ঘনত্ব, তাপ, ভর, সময়, রোধ, চার্জ, গলনাঙ্ক, স্ফুটনাঙ্ক ইত্যাদি।

২. ভেক্টর রাশি:
যে সকল ভৌত রাশিকে সম্পূর্ণরূপে প্রকাশের জন্য মান ও দিক উভয়ের প্রয়োজন হয় তাদের ভেক্টর রাশি বলে। যেমন: বেগ, ভরবেগ, সরণ, ত্বরণ, ওজন, অভিকর্ষজ ত্বরণ ইত্যাদি।

SI পদ্ধতিতে বিভিন্ন রাশির একক

রাশি	একক	রাশি	একক
দৈর্ঘ্য	মিটার (m)	ভর	কিলোগ্রাম (kg)
সময়	সেকেন্ড (s)	তাপমাত্রা	কেলভিন (K)
ক্ষমতা	ওয়াট (W)	ঘনত্ব	কিলোগ্রাম/মিটার^3

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বল	নিউটন (N)	কাজ/শক্তি/তাপ	জুল (J)
চাপ	প্যাসকেল(Pa)	কম্পাঙ্ক	হার্জ (Hz)
আয়তন	ঘনমিটার (m^3)	সরণ	মিটার (m)
পরিবাহিতা	সিমেন্স (S)	তেজস্ক্রিয়তা	বেকেরেল (Bq)
এক্সরে	রুন্টজেন (R)	লেন্সের ক্ষমতা	ডায়অপ্টার (D)
তড়িৎপ্রবাহ	অ্যাম্পিয়ার (A)	ক্ষেত্রফল	মিটার^2 (m^2)
বেগ	মিটার/সেকেন্ড	ত্বরণ	মিটার/সেকেন্ড^2
আধান	কুলম্ব (C)	রোধ	ওহম (Ω)

বিভিন্ন রাশির একক			
রাশি	F.P.S (ব্রিটিশ পদ্ধতি)	C.G.S (মেট্রিক পদ্ধতি)	M.K.S (S.I পদ্ধতি)
দৈর্ঘ্য	ফুট	সেন্টিমিটার	মিটার
ভর	পাউন্ড	গ্রাম	কিলোগ্রাম
সময়	সেকেন্ড	সেকেন্ড	সেকেন্ড
বল	পাউন্ডাল	ডাইন	নিউটন
কাজ	ফুট-পাউন্ডাল	আর্গ	জুল
ক্ষমতা	ফুট-পাউন্ডাল/সে.	আর্গ/সে.	ওয়াট
শক্তি	ফুট-পাউন্ডাল	আর্গ	জুল

বিভিন্ন পরিমাপের সম্পর্ক	
১ ইঞ্চি = ২.৫৪ সে.মি.	১ মিলিগ্রাম = $১০^{-৬}$ কি.গ্রা.
১ মিটার = ৩৯.৩৭ ইঞ্চি	১ কিলোগ্রাম = $১০^{৬}$ মি.গ্রা.
১ মিটার = $১০^{৩}$ মিলিমিটার	১ কিলোগ্রাম = ২.২১ পাউন্ড
১ মাইল = ১.৬১ কিলোমিটার	১ পাউন্ড = ০৪৫৪৫ কেজি
১ নটিক্যাল মাইল = ১৮৫৩.১৮ মিটার বা ১.১৫ মাইল বা ১.৮৫ কিমি	১ মেট্রিক টন = $১০^{৩}$ কিলোগ্রাম (kg)
১ নট = স্থলপথের ১.৪ মাইল	১ লিটার = ১০০০ ঘনসে.মি.
১ হেক্টর = ১০,০০০ বর্গমিটার	১ kg- wt = ৯.৮ নিউটন
১ অ্যাম্পিয়ার (A) = $১০^{৬}$ মাইক্রো অ্যাম্পিয়ার (μA)	১ HP = ৭৪৬ ওয়াট

দৈর্ঘ্য বিষয়ক পরিমাপক			
১ ইঞ্চি	২.৫৪ সে.মি.	১ মাইল	৮ ফার্লং
১ সেমি	৩৯৩৭০ ইঞ্চি	১ নটিক্যাল মাইল	১৮৫৩.১৮ মিটার ১.৮৫৩ কি.মি.
১ ফুট	১২ ইঞ্চি	১ নট	স্থলপথের ১.৪ মাইল
১ ফ্যাদম	৬ ফুট	১ কিলোমিটার	০.৬২ মাইল
১ মিটার	৩৯.৩৭ ইঞ্চি	১ চেইন	২২ গজ
১ মাইল	১৭৬০ গজ	১ ফার্লং	১০ চেইন
১ মাইল	১.৬১ কি.মি.	1 Å (অ্যাংস্ট্রম)	10^{-10} মিটার

ভর বিষয়ক পরিমাপক	
১ সের	০.৯৩ কিলোগ্রাম
১ সের	১৬ ছটাক
১ মন	৪০ সের
১ মন	৩৭.৩২ কেজি
১ কিলোগ্রাম	১.০৭ সের
১ কিলোগ্রাম	২.২০ পাউন্ড
১ টন	১০০০ কেজি
১ মেট্রিক টন	১০ কুইন্টাল
১ পাউন্ড	১৬ আউন্স
১ পাউন্ড	০.৪৫৪৫ কেজি
১ লিটার পানি	১ কেজি (৪° সে. তাপ)
১ কুইন্টাল	১০০ কেজি
১ ট্রিলিয়ন	১ লক্ষ কোটি

ক্ষেত্র বিষয়ক পরিমাপক	
১ ইঞ্চি	২.৫৪ সে.মি.
১ বর্গ ইঞ্চি	৬.৪৫ বর্গ সেন্টিমিটার
১ একর	৪৩৫৬০ বর্গফুট
১ একর	৪৮৪০ বর্গগজ বা ৪০৪৭ বর্গমি.
১ এয়র	১০০ বর্গমিটার
১ কাঠা	১৬ ছটাক (৪০ বর্গগজ বা ৩২০ গণ্ডা)
১ কাঠা	৭২০ বর্গফুট (৮০ বর্গ গজ)
১ বর্গ মাইল	৬৪০ একর
১ বর্গ কিমি	২৪৭ একর
১ বর্গ গজ	৯ বর্গ ফুট
১ বিঘা	২০ কাঠা (১,৬০০ বর্গগজ বা ১৩৩৮ বর্গ কি.মি.)
১ হেক্টর	২.৪৭ একর (১০০ এয়র বা ১০,০০০ বর্গমিটার)

আয়তন বিষয়ক পরিমাপক	
১ ঘনমিটার	১০০০ লিটার
১ কিউবিক মিটার	১,০০০ লিটার
১ ঘনফুট	২৮৬৭ লিটার
১ লিটার	১০০০ কিউবিক সেন্টিমিটার
১ লিটার পানির ওজন	১ কিলোগ্রাম (৪° সে. তাপে)
১ গ্যালন (British)	৪.৫৪ লিটার
১ গ্যালন (U.S)	৩.৭৮৫ লিটার
১ ব্যারেল (U.S)	৪২ (U.S) গ্যালন

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. এক ইঞ্চি সমান কত মিলিমিটার? *[সুন্দরবন গ্যাস কোম্পানির সিনিয়র টেকনিশিয়ান: ২৩]*
ক ২.৫৪ খ ২৫.৪
গ ৩০.৪ ঘ ৩.০৪
উ. খ

২. রোধ এর একক কোনটি? *[সুন্দরবন গ্যাস কোম্পানির সিনিয়র টেকনিশিয়ান:২৩]*
ক Amp খ ohm
গ Volt ঘ Watt
উ. খ

৩. কোনটির একক নেই? *[সুন্দরবন গ্যাস কোম্পানির সিনিয়র টেকনিশিয়ান:২৩]*
ক ঘনত্ব খ আপেক্ষিক গুরুত্ব
গ চাপ ঘ আয়তন
উ. খ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৪. FPS পদ্ধতিতে চাপের একক কোনটি? *[সুন্দরবন গ্যাস কোম্পানির সিনিয়র টেকনিশিয়ান: ২৩]*
ক PSI খ kg/m^2
গ N/mm^2 ঘ সব কয়টি
উ. ক

৫. কোনটি দৈর্ঘ্যের একক নয়- *[বাংলাদেশ রেলওয়ের সহকারী লোকোমটিভ মাস্টার: ২২]*
ক আলোকবর্ষ খ মাইক্রন
গ মিটার ঘ হার্জ
উ. ঘ

৬. আন্তর্জাতিক পদ্ধতিতে ভরের একক কী? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পিউটার/কোপ্টি টেকনিশিয়ান: ২০]*
ক সেন্টিগ্রাম খ কেজি
গ কুইন্টাল ঘ গ্রাম
উ. খ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. MKS পদ্ধতিতে ভরের একক কী? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৯]*
উ. কিলোগ্রাম।
প্র. সময়ের একক কি? *[জাতীয় রাজস্ব বোর্ডের অফিস সহকারী: ১৯]*
উ. সময়ের একক 'সেকেন্ড'।

কাজ, ক্ষমতা ও শক্তি

♦ কাজ (Work)

কোনো বস্তুর উপর বল প্রয়োগ করলে যদি বলের অভিমুখে বস্তুটির সরণ ঘটে তাহলে বল ও বলের দিকে সরণের উপাংশের গুণফলকে কাজ বলে। এস আই পদ্ধতিতে কাজের একক জুল (J)। এক নিউটন (1 N) বল প্রয়োগ করার ফলে বলের ক্রিয়া রেখা বরাবর যদি বস্তুর এক মিটার (1 m) সরণ হয়, তাহলে সম্পাদিত কাজের পরিমাণ হবে এক জুল (1 J)। C.G.S পদ্ধতিতে কাজের একক আর্গ।

♦ ক্ষমতা (Power)

কোনো উৎস বা যন্ত্রের কাজ করার হারকে ক্ষমতা বলা হয়। কৃত কাজ ও ব্যয়িত সময় এই দুইয়ের অনুপাত দ্বারা ক্ষমতা পরিমাপ করা হয়। ক্ষমতা একটি স্কেলার রাশি।

$$\text{ক্ষমতা} = \frac{\text{কাজ}}{\text{সময়}}$$

ক্ষমতার একক ওয়াট। 1 সেকেন্ডে 1 জুল কাজ করার ক্ষমতাকে এক ওয়াট বলে।

• অশ্ব ক্ষমতা (Horse Power)

প্রতি সেকেন্ডে ৭৪৬ জুল কাজ করার ক্ষমতাকে এক অশ্ব ক্ষমতা বলে। ১ hp = ৭৪৬ Watt. ইঞ্জিনের ক্ষমতাকে প্রকাশ করার জন্য অশ্ব ক্ষমতা একক ব্যবহৃত হয়।

♦ শক্তি (Energy)

কাজ করার সামর্থ্যকে শক্তি বলে। কোনো ব্যক্তি যে পরিমাণ কাজ সম্পন্ন করতে পারে তার দ্বারা শক্তি পরিমাপ করা হয়। শক্তি একটি স্কেলার রাশি। কাজের এককই শক্তির একক। শক্তির একক জুল (J)। সূর্য পৃথিবীর সকল শক্তির মূল উৎস।
শক্তির মাত্রা: $[E] = [ML^2T^{-2}]$

- **শক্তির বিভিন্ন রূপ:**
যান্ত্রিক শক্তি, তাপ শক্তি, শব্দ শক্তি, তড়িৎ শক্তি, চৌম্বক শক্তি, আলোক শক্তি, রাসায়নিক শক্তি, পারমাণবিক শক্তি।

- **গতিশক্তি (Kinetic Energy)**
কোনো গতিশীল বস্তু নিজস্ব গতির জন্য কাজ করার যে সামর্থ্য তাকে গতিশক্তি বলে। বন্দুক থেকে গুলি ছুড়লে কাচের দেয়াল ভেদ করে, এক্ষেত্রে গতিশীলতার জন্য গুলি কাজ করার প্রয়োজনীয় শক্তি অর্জন করে।

- **বিভব শক্তি বা স্থিতিশক্তি (Potential Energy)**
কোনো বস্তুকে স্বাভাবিক অবস্থা থেকে অন্য কোনো অবস্থায় পরিবর্তন করলে কিছু পরিমাণ শক্তি সঞ্চিত হয়। এ সঞ্চিত শক্তিকে এর বিভব শক্তি বা স্থিতিশক্তি বলা হয়। যেমন: ঘড়ি চালানোর জন্য স্প্রিং-এ স্থিতিশক্তি প্রদান করা হয়।

- **শক্তির নিত্যতার সূত্র:**
শক্তির সৃষ্টি বা বিনাশ নেই। শক্তি শুধুমাত্র এক রূপ থেকে অন্য রূপে রূপান্তরিত হয় এবং বিশ্বের মোট শক্তির পরিমাণ নির্দিষ্ট ও অপরিবর্তনীয়। এই সূত্রকে শক্তির নিত্যতার সূত্র বলে।

♦ শক্তির উৎস

সূর্যই প্রায় সকল শক্তির উৎস। যত শক্তি আছে তার প্রায় সবগুলো কোনো না কোনোভাবে সূর্য থেকে আসা বা সূর্য কিরণ ব্যবহৃত হয়েই তৈরি হয়েছে। শক্তির উৎস ২ ধরনের।

ক. অনবায়নযোগ্য শক্তি (Non Renewable Energy)
যে শক্তি পূনঃ ব্যবহার করা যায় না তাকে অনবায়নযোগ্য শক্তি বলে। অনবায়নযোগ্য শক্তিসমূহ-

- **কয়লা**
কয়লা একটি জৈব পদার্থ। বিভিন্ন প্রাকৃতিক বিপর্যয় ও স্বাভাবিকভাবে গাছের পাতা বা কাণ্ড মাটির নিচে চাপা পড়ে রাসায়নিক পরিবর্তনের ফলে কয়লায় রূপান্তরিত হয়। কয়লা থেকে কোল গ্যাস, আলকাতরা, বেঞ্জিন, অ্যামোনিয়া, টলুইন উৎপন্ন হয়। তাপবিদ্যুৎ কেন্দ্রের প্রধান উপাদান কয়লা।

- **খনিজ তেল**
শক্তির অন্যতম প্রধান উৎস খনিজ তেল বা পেট্রোলিয়াম। পেট্রোলিয়াম থেকে নিষ্কাশিত তেল পেট্রোল, পাকা রাস্তার উপর দেওয়া পিচ, কেরোসিন ও চাষাবাদের জন্য ব্যবহৃত রাসায়নিক সার পাওয়া যায়। তড়িৎ ও যান্ত্রিক শক্তি উৎপাদনে পেট্রোলিয়াম বেশি ব্যবহার হয়।

♦ প্রাকৃতিক গ্যাস

ভূগর্ভ থেকে প্রাপ্ত প্রাকৃতিক গ্যাস শক্তির একটি পরিচিত উৎস। পৃথিবীর অভ্যন্তরে প্রচণ্ড তাপ ও চাপে এ গ্যাস সৃষ্টি হয়। এই শক্তিকে জীবাশ্ম শক্তিও বলা হয়। প্রাকৃতিক গ্যাস এক ধরনের জীবাশ্ম জ্বালানি। পেট্রোলিয়াম কূপ থেকেও প্রাকৃতিক গ্যাস পাওয়া যায়। প্রাকৃতিক গ্যাসের প্রধান

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

উপাদান মিথেন। এতে সাধারণত মিথেন, ইথেন, প্রোপেন এবং আরো কিছু হাইড্রোকার্বন থাকে। প্রাকৃতিক গ্যাসে ৯৫-৯৯ শতাংশই মিথেন। বর্তমানে প্রাকৃতিক গ্যাসকে সংকুচিত করে CNG-তে রূপান্তরিত করে গাড়িতে ব্যবহার হচ্ছে। CNG হচ্ছে এক ধরনের জীবাশ্ম জ্বালানি যা পেট্রোল, ডিজেল কিংবা প্রোপেনের (LPG) পরিবর্তে ব্যবহৃত হয়। প্রাকৃতিক গ্যাসে রাসায়নিক শক্তি সঞ্চিত থাকে। এটি গৃহস্থালি ও শিল্প-কারখানায় জ্বালানি হিসেবে, সার উৎপাদনে এবং হাইড্রোজেনের শিল্পোৎপাদনে ব্যবহৃত হয়।

♦ **বায়োগ্যাস**

ফার্মেন্টেশন প্রক্রিয়ায় জীবের মলমূত্র, আবর্জনা, গাছপালার ও পানি থেকে যে গ্যাস তৈরি হয় তাকে বায়োগ্যাস বলে। বায়োগ্যাসের প্রধান কাঁচামাল গোবর ও পানি (১ ঃ ২)। গোবর-পানি বায়োগ্যাস প্লান্টে রেখে দিলে ব্যাকটেরিয়ার ক্রিয়ায় গ্যাস উৎপন্ন হয়। এ গ্যাসের প্রধান উপাদান মিথেন। প্রাণীর মলমূত্রের ইউরিয়া হতে মূলত এ গ্যাস উৎপন্ন হয়। বায়োগ্যাস রান্নার কাজে ব্যবহৃত হয় এবং এর অবশিষ্ট অংশ সার হিসেবে ব্যবহার করা হয়।

খ. নবায়নযোগ্য শক্তি (Renewable Energy)

যে শক্তি বারবার ব্যবহারের পর নিঃশেষ হয়ে যায় না তাকে নবায়নযোগ্য শক্তি বলে। এ শক্তি ব্যবহারে বাতাসে কার্বন ডাই-অক্সাইড বৃদ্ধি পায় না। এ শক্তির উৎসের মধ্যে রয়েছে- সৌরশক্তি, বায়ুশক্তি, সমুদ্রস্রোত, পারমাণবিক শক্তি প্রভৃতি।

- **সৌরশক্তি**

নবায়নযোগ্য শক্তির প্রধান উৎস হলো সৌরশক্তি। সূর্য থেকে প্রাপ্ত শক্তিকে সৌরশক্তি বলে। সূর্য হতে ফিউশন প্রক্রিয়ায় এ শক্তি উৎপন্ন হয়। সূর্য যে পরিমাণ শক্তি উৎপন্ন করে তার মাত্র ২০০ ভাগের এক ভাগ পৃথিবীতে আসে।

- **জলশক্তি**

পানি নবায়নযোগ্য শক্তির অন্যতম উৎস। পানির স্রোত ও জোয়ার-ভাটাকে ব্যবহার করে শক্তি উৎপাদন করা যায়। প্রবাহিত পানির স্রোতে গতিশক্তি ও বিভব শক্তি বিদ্যমান। জলবিদ্যুৎ উৎপাদনের জন্য বিভব শক্তি ব্যবহার করা হয়। পানির স্রোতের সাহায্যে টার্বাইন ঘুরিয়ে যান্ত্রিক শক্তি ও চৌম্বকশক্তি তৈরি করা যায়।

- **বায়ুশক্তি**

পৃথিবী পৃষ্ঠের তাপমাত্রার পার্থক্যের কারণে বায়ু প্রবাহিত হয়। বায়ু প্রবাহজনিত গতিশক্তিকে যান্ত্রিক বা তড়িৎ শক্তিতে রূপান্তরিত করা যায়। শক্তি রূপান্তরের এরূপ যন্ত্রকে বায়ু কল বলে। বায়ু প্রবাহকে কাজে লাগিয়ে প্রাচীনকালের মানুষ কুয়া থেকে পানি তোলা, জাহাজ চালানো ইত্যাদি কাজ সম্পাদন করতো।

- **ভূ-তাপীয় শক্তি**

ভূ-অভ্যন্তরের তাপকে শক্তির উৎস হিসেবে ব্যবহার করা হয়। নিউজিল্যান্ডে ভূ-তাপীয় বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র আছে।

- **বায়োমাস শক্তি**

বায়োমাস প্রধানত কার্বন ও হাইড্রোজেন দ্বারা গঠিত। নবায়নযোগ্য শক্তির অন্যতম উৎস বায়োমাস। বায়োমাস বলতে সেই সব জৈব পদার্থকে বুঝায় যাদেরকে শক্তিতে রূপান্তরিত করা যায়।

- **পারমাণবিক শক্তি (Nuclear Energy)**

নিউক্লিয়াসকে পরমাণুর কেন্দ্র বলা হয়। নিউক্লিয়াস থেকে নির্গত শক্তিকে নিউক্লিয় শক্তি বা পারমাণবিক শক্তি বলে। নিউক্লিয় বিক্রিয়ায় উৎপন্ন শক্তি ব্যবহার করে বিদ্যুৎ উৎপাদন করা যায়।

♦ **শক্তির রূপান্তর**

শক্তি একরূপ থেকে অন্যরূপে রূপান্তরিত হওয়াকে শক্তির রূপান্তর বলে। শক্তির সৃষ্টি বা বিনাশ নেই, শক্তি কেবল একরূপ থেকে অপর এক বা একাধিকরূপে পরিবর্তিত হতে পারে। মহাবিশ্বের মোট শক্তির পরিমাণ নির্দিষ্ট ও অপরিবর্তনীয়। শক্তির এই রূপান্তর সমূহ বিভিন্নভাবে হয়ে থাকে। যথা:

যান্ত্রিক শক্তির রূপান্তর	হাতে হাত ঘষলে তাপ উৎপন্ন হয়। এক্ষেত্রে যান্ত্রিক শক্তি তাপ শক্তিতে রূপান্তরিত হয়। কলমের খালি মুখে ফুঁ দিলে যান্ত্রিক শক্তি শব্দ শক্তিতে রূপান্তরিত হয়।
তাপ শক্তির রূপান্তর	বাষ্পীয় ইঞ্জিনে তাপের সাহায্যে বাষ্প উৎপন্ন করে রেলগাড়ি চালানো হয়। এখানে তাপ শক্তি যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত হয়।
আলোক শক্তির রূপান্তর	হারিকেনের চিমনিতে হাত দিলে গরম অনুভূত হয়। এখানে আলোক শক্তি তাপ শক্তিতে রূপান্তরিত হয়।
রাসায়নিক শক্তির রূপান্তর	খাদ্য এবং জ্বালানি যেমন- তেল, গ্যাস, কয়লা ও কাঠ হচ্ছে রাসায়নিক শক্তির আধার। রাসায়নিক বিক্রিয়ার মাধ্যমে খাদ্যের শক্তি জীবদেহে মুক্ত হয় এবং রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হয়।
তড়িৎ শক্তির রূপান্তর	বৈদ্যুতিক মোটরে তড়িৎ শক্তি যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত হয়। বৈদ্যুতিক ইস্ত্রি, হিটার প্রভৃতিতে তড়িৎ শক্তি তাপ শক্তিতে রূপান্তরিত হয়।
নিউক্লিয় শক্তির রূপান্তর	নিউক্লিয় সাবমেরিনে নিউক্লিয় শক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত করা হয়। নিউক্লিয় চুল্লিতে নিউক্লিয় শক্তি তড়িৎ শক্তিতে রূপান্তরিত হয়।
শব্দ শক্তির রূপান্তর	টেলিফোন ও রেডিওর প্রেরক যন্ত্র, মাইক্রোফোনে শব্দ শক্তি তড়িৎ শক্তিতে রূপান্তরিত হয়।

শক্তির রূপান্তর	
বিভিন্ন যন্ত্র	শক্তির রূপান্তর
বৈদ্যুতিক বাল্ব	বিদ্যুৎ শক্তি → আলোক শক্তি
বৈদ্যুতিক পাখা	বিদ্যুৎ শক্তি → যান্ত্রিক শক্তি
বৈদ্যুতিক মটর	বিদ্যুৎ শক্তি → যান্ত্রিক শক্তি

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

জেনারেটর/ডায়নামো	যান্ত্রিক শক্তি → বিদ্যুৎ শক্তি
টারবাইন	গতি শক্তি → যান্ত্রিক শক্তি
মাইক্রোফোন	শব্দ শক্তি → বিদ্যুৎ শক্তি
লাউড স্পীকার	বিদ্যুৎ শক্তি → শব্দ শক্তি

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. CNG তে মূল দাহ্য পদার্থ কোনটি? *[সুন্দরবন গ্যাস কোম্পানির সিনিয়র টেকনিশিয়ান: ২৩]*
ক মিথেন খ ইথেন
গ প্রোপেন ঘ বিউটেন উ. ক

২. LNG এর পূর্ণরূপ কী? *[সুন্দরবন গ্যাস কোম্পানির সিনিয়র টেকনিশিয়ান:২৩]*
ক Liquefied Natural Gas
খ Liquid Natural Gas
গ Liquid National Gas ঘ কোনোটিই নয় উ. ক

৩. বিদ্যুৎ শক্তির বাণিজ্যিক একক কী? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক ওয়াট খ ওয়াট-ঘণ্টা
গ কিলোওয়াট-ঘণ্টা ঘ কুলম্ব উ. গ

৪. এক ক্যালরি সমান কত জুল? *[সুন্দরবন গ্যাস কোম্পানির সিনিয়র টেকনিশিয়ান: ২৩]*
ক ০.৪১৮ খ ৪.১৮
গ ৪১.৮ ঘ ৪১৮ উ. খ

৫. এক অশ্ব-শক্তি কত ওয়াট? *[সুন্দরবন গ্যাস কোম্পানির সিনিয়র টেকনিশিয়ান: ২৩]*
ক ৭.৪৬ খ ৭৪.৬
গ ৭৪৬ ঘ ০.৭৪৬ উ. গ

৬. একটি ১০০ ওয়াট এর বাতি দৈনিক ২ ঘণ্টা করে জ্বালানো হলে এর মাসিক বিদ্যুৎ ব্যয় কত হবে? *[সুন্দরবন গ্যাস কোম্পানির সিনিয়র টেকনিশিয়ান: ২৩]*
ক ০.৬ ইউনিট খ ৬ ইউনিট
গ ১২ ইউনিট ঘ ২৩০ ইউনিট উ. খ

৭. কোনটি নবায়নযোগ্য শক্তির উৎস? *[নির্বাচন কমিশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক তেল খ গ্যাস
গ কয়লা ঘ সমুদ্রের ঢেউ উ. ঘ

৮. নবায়নযোগ্য জ্বালানি কোনটি? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক কয়লা খ গ্যাস
গ সূর্যালোক ঘ সবগুলো সঠিক উ. গ

৯. প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান হলো- *[তিতাস গ্যাস লি. এর টেকনিশিয়ান/ ইলেক্ট্রিশিয়ান/ ড্রাফটসম্যান: ২৩]*
ক মিথেন খ নাইট্রোজেন
গ হিলিয়াম ঘ হাইড্রোজেন গ্যাস উ. ক

১০. বায়োগ্যাসের কোন উপাদান জ্বালানির কাজে ব্যবহৃত হয়? *[দৈনিকের কোর্ট পরিদর্শক: ২২]*
ক কার্বন ডাই-অক্সাইড খ নাইট্রোজেন
গ হাইড্রোজেন ঘ মিথেন উ. ঘ

১১. সি.এন.জি (CNG) কী? *[ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন অফিসার: ২২]*
ক সম্প্রসারিত প্রাকৃতিক গ্যাস
খ সংকুচিত প্রাকৃতিক গ্যাস গ সংকুচিত বিউটেন গ্যাস
ঘ এক ধরনের ত্রিচক্রযান উ. খ

১২. কোনটি অনবায়নযোগ্য জ্বালানী *[বাংলাদেশ রেলওয়ের সহকারী লোকোমটিভ মাস্টার: ২২]*
ক বায়ু খ সৌরশক্তি
গ কয়লা ঘ জল বিদ্যুৎ উ. গ

১৩. নবায়নযোগ্য শক্তির উৎসের একটি উদাহরণ হলো- *[এলজিইডি'র হিসাব সহকারী: ২১]*
ক পিট কয়লা খ সূর্য
গ পারমাণবিক জ্বালানি ঘ ফুয়েল সেল উ. খ

১৪. প্রাকৃতিক গ্যাসে মিথেন কী পরিমাণ থাকে? *[পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট: ২০]*
ক ৪০ - ৫০ ভাগ খ ৬০ -৭০ ভাগ
গ ৮০ - ৯০ ভাগ ঘ ৩০ - ৩৫ ভাগ উ. গ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. CNG এর পূর্ণরূপ লিখুন। *[ট্যাকসেস আপীলাত ট্রাইবুনালের অফিস সহায়ক: ২৩]*
উ. CNG- Compressed Natural Gas.

প্র. বৈদ্যুতিক ক্ষমতার একক কী? *[বঙ্গবন্ধু বিজ্ঞান ও ফেলোশিপ ট্রাস্টের অফিস সহায়ক: ২৩]*
উ. ওয়াট।

প্র. প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান কী? *[ভূমি মন্ত্রণালয়ের সার্ভেয়ার:২৩]*
উ. মিথেন

প্র. সিএনজি পাম্প থেকে গাড়িতে যে গ্যাস পূর্ণ করা হয় তার নাম কী? *[সুনামগঞ্জ ইউনিয়ন পরিষদের সচিব: ২৩]*
উ. মিথেন গ্যাস।

তাপ ও তাপ গতিবিদ্যা

♦ **তাপ (Heat)**
তাপ হলো এক প্রকার শক্তি যা ঠাণ্ডা ও গরমের অনুভূতি জাগায়। তাপ উষ্ণতর বস্তু থেকে শীতলতর বস্তুর দিকে প্রবাহিত হয়। সুতরাং উষ্ণতার পার্থক্যের জন্য যে শক্তি এক বস্তু থেকে অন্য বস্তুতে প্রবাহিত হয় তাকে তাপ বলে।

• **কেলভিন**
যে নির্দিষ্ট তাপমাত্রা ও চাপে পানি তিন অবস্থাতেই অর্থাৎ বরফ, পানি এবং জলীয় বাষ্পরূপে অবস্থান করে তাকে পানির ত্রৈধবিন্দু (Triple Point) বলে। এই ত্রৈধবিন্দুর তাপমাত্রা 273 K ধরা হয়। পানির ত্রৈধবিন্দুর তাপমাত্রার $\frac{1}{273.16}$ ভাগ কে এক কেলভিন (1 K) বলে।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

◆ **সেলসিয়াস, ফারেনহাইট ও কেলভিন স্কেলের মধ্যে সম্পর্ক:** তাপমাত্রার প্রচলিত স্কেল তিনটি। যথা: সেলসিয়াস, ফারেনহাইট ও কেলভিন। সেলসিয়াস, ফারেনহাইট ও কেলভিন স্কেলে তাপমাত্রার একক যথাক্রমে ^0C, ^0F এবং K. সেলসিয়াস স্কেলে নিম্নস্থিরাঙ্ক 0^0 C, ফারেনহাইট স্কেলে 32^0 F এবং কেলভিন স্কেলে 273K। উর্ধ্বস্থিরাঙ্ক সেলসিয়াস স্কেলে 100^0 C, ফারেনহাইট স্কেলে 212^0 F এবং কেলভিন স্কেলে 373 K.

তাপমাত্রার বিভিন্ন স্কেলের তুলনা			
স্কেলের নাম	সংকেত	গলনাঙ্ক	স্ফুটনাঙ্ক
সেন্টিগ্রেড	C	০°	১০০°
ফারেনহাইট	F	৩২°	২১২°
কেলভিন	K	২৭৩°	৩৭৩°

◆ **প্রমাণ তাপমাত্রা ও প্রমাণ চাপ:** শূন্য ডিগ্রি সে. (০°) বা ২৭৩ কেলভিনকে প্রমাণ তাপমাত্রা বলে। ৭৬৯ মিলিমিটার বা ৭৬ সেন্টিমিটার পারদচাপকে প্রমাণ চাপ বলে।

◆ **পরম শূন্য তাপমাত্রা (Absolute Zero Temperature)** যে তাপমাত্রায় কোনো গ্যাসের আয়তন শূন্য হয় তাকে পরম শূন্য তাপমাত্রা বলে। সাধারণত -273^0 সেলসিয়াসকে পরম শূন্য তাপমাত্রা বলা হয়। কেলভিন স্কেলে এ মান 0^0K. -273^0 C = 0^0K = - 459.4^{0}F।

◆ **বাষ্পীভবন (Vaporization)** পদার্থের তরল অবস্থা থেকে বাষ্পীয় অবস্থায় পরিণত হওয়ার ঘটনাকে বাষ্পীভবন বলে। এই বাষ্পীভবন পদ্ধতি দুই ধরনের। যথা: বাষ্পায়ন ও স্ফুটন।

ক. **বাষ্পায়ন (Evaporation)** যেকোনো তাপমাত্রায় তরলের শুধুমাত্র উপরিতল থেকে ধীরে বাষ্পে পরিণত হওয়ার প্রক্রিয়াকে বাষ্পায়ন বলে।

খ. **স্ফুটন (Boiling)** তাপ প্রয়োগে একটি নির্দিষ্ট তাপমাত্রায় তরলের সকল স্থান থেকে দ্রুত বাষ্পে পরিণত হওয়াকে স্ফুটন বলে। যে নির্দিষ্ট তাপমাত্রায় কোনো তরলের স্ফুটন হয়, তাকে ঐ তরলের স্ফুটনাঙ্ক বলে। স্ফুটনাঙ্কের মান চাপের উপর নির্ভরশীল।

◆ **ক্লিনিক্যাল থার্মোমিটার** শরীরের তাপমাত্রা যে থার্মোমিটারের সাহায্যে পরিমাপ করা হয় তাকে ক্লিনিক্যাল থার্মোমিটার বলে। ক্লিনিক্যাল থার্মোমিটারে ফারেনহাইট (F) স্কেল ব্যবহার করা হয়। এতে ৯৫-১১০° ফারেনহাইট পর্যন্ত দাগ কাঁটা থাকে। মানুষের শরীরের স্বাভাবিক উষ্ণতা ৯৮.৪° ফারেনহাইট বা ৩৬.৯° সেলসিয়াস।

● **তরল পদার্থের প্রসারণ** তরলের প্রসারণ বলতে তরলের আয়তন প্রসারণকেই বোঝায়। তরল পদার্থের নির্দিষ্ট দৈর্ঘ্য বা ক্ষেত্রফল নেই। তবে নির্দিষ্ট আয়তন আছে। তরলের তাপমাত্রা বৃদ্ধি করলে এর আয়তন বৃদ্ধি পায়। তাপমাত্রা বৃদ্ধির সাথে সাথে সকল তরল সমান হারে বৃদ্ধি পায় না। একই তাপমাত্রা বৃদ্ধির জন্য সমআয়তনের বিভিন্ন তরল পদার্থের প্রসারণ বিভিন্ন হয়।

● **পানির ব্যতিক্রমধর্মী প্রসারণ** কঠিন পদার্থের মধ্যে পানি একমাত্র পদার্থ কঠিন অবস্থায় এর ঘনত্ব তরল অবস্থার তুলনায় কম। উত্তপ্ত করলেও পানির ঘনত্ব কমে যায়। উত্তপ্ত ও শীতল অবস্থার মাঝামাঝি এমন একটি অবস্থা আছে যে অবস্থায় পানির ঘনত্ব সবচেয়ে বেশি। 4^0C তাপমাত্রায় পানির ঘনত্ব সবচেয়ে বেশি থাকে এবং এসময় পানি সবচেয়ে ভারী হয়। তাপমাত্রা 4^0C এর কম বা বেশি হলে পানি হালকা হয়। একে পানির ব্যতিক্রমধর্মী প্রসারণ বলে।

◆ **তাপ সঞ্চালন (Transmission of Heat)** উচ্চ তাপমাত্রা বিশিষ্ট স্থান হতে তাপ নিম্ন তাপমাত্রা বিশিষ্ট স্থানে সঞ্চালিত হলে তাকে তাপ সঞ্চালন বলে।

● **পরিবহন (Conduction)** পদার্থের অণুগুলো যখন তাদের নিজস্ব স্থান পরিবর্তন না করে শুধু স্পন্দনের মাধ্যমে এক পদার্থের উষ্ণতর অংশ হতে শীতলতর অংশে তাপ সঞ্চালিত করে সেই পদ্ধতিকে পরিবহন পদ্ধতি বলে। তামা সর্বোত্তম তাপ পরিবাহক।

● **পরিচলন (Convection)** তাপ যখন কোনো পদার্থের অণুগুলোর চলাচল দ্বারা উষ্ণতর অংশ থেকে শীতলতর অংশে সঞ্চালিত হয় তাকে পরিচলন পদ্ধতি বলে।

● **বিকিরণ (Radiation)** তাপ যখন জড় মাধ্যমের সাহায্য ছাড়াই তাড়িত চৌম্বক তরঙ্গের আকারে উষ্ণ বস্তু থেকে শীতল বস্তুতে সঞ্চালিত হয়, তখন তাকে বিকিরণ পদ্ধতি বলে।

প্রক্রিয়া	মাধ্যম
পরিবহন	কঠিন
পরিচলন	তরল, গ্যাসীয়
বিকিরণ	অবলোহিত রশ্মিরূপে

● **সুপরিবাহী** যে সব পদার্থের মধ্য দিয়ে তাপ সহজে পরিবাহিত হয় তাদের সুপরিবাহী পদার্থ বলে। যেমন: তামা, লোহা, অ্যালুমিনিয়াম, পানি প্রভৃতি।

● **কুপরিবাহী** যে সব পদার্থের মধ্য দিয়ে তাপ সহজে পরিবাহিত হয় না, তাদের কুপরিবাহী পদার্থ বলে। যেমন: কাচ, রাবার, পশম, তুলা প্রভৃতি।

◆ **তাপ ইঞ্জিন (Heat Engine)** যে যন্ত্রের সাহায্যে তাপকে যান্ত্রিক কাজে রূপান্তরিত করা যায় তাকে তাপ ইঞ্জিন বলে। যেমন: পেট্রোল ইঞ্জিন, ডিজেল ইঞ্জিন, বাষ্পীয় ইঞ্জিন। তাপ ইঞ্জিন দু'ধরনের হয়ে থাকে। যথা: অন্তর্দহ ইঞ্জিন ও বহির্দহ ইঞ্জিন।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

♦ **পেট্রোল ইঞ্জিন (Petrol Engine)**
১৮৮৬ সালে ড. অটো পেট্রোল ইঞ্জিন আবিষ্কার করেন। দহন কক্ষে একবার বায়ুমিশ্রিত পেট্রোল প্রবেশ করলে পিস্টনটি দুবার বাইরের দিকে এবং দুবার ভেতরের দিকে চলে একটি পূর্ণচক্র সম্পন্ন করে। এজন্য পেট্রোল ইঞ্জিনকে চতুর্ঘাত ইঞ্জিন বলে। আবিষ্কারকের নামানুসারে এ চক্রকে অটোচক্র বলে।

♦ **হিমায়ক (Refrigerator)**
রেফ্রিজারেটরের প্রধান কাজ খাদ্যবস্তুকে ভালোভাবে সংরক্ষণ করা। শীতলীকরণের জন্য এমন একটি রাসায়নিক পদার্থ ব্যবহার করা হয় যার স্ফুটনাঙ্ক ঘরের তাপমাত্রার চেয়ে অনেক কম; যেমন ফ্রেয়ন। এদেরকে রেফ্রিজারেন্ট বলা হয়। এরা গ্যাসীয় অবস্থায় থাকে। কিন্তু প্রবল চাপ প্রয়োগ করে তরল অবস্থায় রূপান্তরিত করা যায়। বাষ্পচাপ পদ্ধতিতে রাসায়নিক পদার্থকে পর্যায়ক্রমে একবার তরল থেকে বাষ্পে রূপান্তরিত করা হয়; আবার বাষ্পকে তরলে রূপান্তরিত করা হয়। তরল থেকে বাষ্পে রূপান্তর প্রক্রিয়াকে বাষ্পায়ন এবং বাষ্প থেকে তরলে রূপান্তর প্রক্রিয়াকে তরলীকরণ বলা হয়।

• **ফ্রেয়ন**
এর অপর নাম CFC বা ক্লোরোফ্লোরোকার্বন ও রাসায়নিক নাম ডাইক্লোরো ডাইফ্লোরো মিথেন ($CC1_2F_2$। বাণিজ্যিকভাবে ফ্রেয়ন F-22 নামে পরিচিত। এটি অতি নিম্নচাপে ও তাপমাত্রায় সহজেই বাষ্পে এবং উচ্চ চাপে ও উচ্চ তাপমাত্রায় তরলে পরিণত হতে পারে।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. পরম শূন্য তাপমাত্রা কোনটি? *[এলজিইডি'র কম্পিউটার মুদ্রাক্ষরিক:২৩]*
ক ২৭৩° সেন্টিগ্রেড খ ২৭৩° ফারেনহাইট
গ ০° সেন্টিগ্রেড ঘ ০° কেলভিন উ. ঘ

২. কোন রংয়ের কাপে চা তাড়াতাড়ি ঠাণ্ডা হয়? *[বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]*
ক সাদা খ কালো
গ লাল ঘ ধূসর উ. খ

৩. পানি যখন ফুটতে থাকে তখন তার উষ্ণতার কী পরিবর্তন ঘটে? *[বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]*
ক বাড়তে থাকে খ কমতে থাকে
গ একই থাকে ঘ কমবেশী হয় উ. গ

৪. পানির স্ফুটনাঙ্ক কত? *[তিতাস গ্যাস লি. এর টেকনিশিয়ান/ ইলেক্ট্রিশিয়ান/ ড্রাফটসম্যান: ২৩]*
ক ১৮০ ডিগ্রি সেলসিয়াস খ ১০০ ডিগ্রি ফারেনহাইট
গ ৮০ ডিগ্রি সেলসিয়াস ঘ ১০০ ডিগ্রি সেলসিয়াস উ. ঘ

৫. সূর্য থেকে পৃথিবীতে তাপ আসে ... । *[তিতাস গ্যাস লি. এর টেকনিশিয়ান/ ইলেক্ট্রিশিয়ান/ ড্রাফটসম্যান: ২৩]*
ক বিকিরণ পদ্ধতিতে খ পরিবহন পদ্ধতিতে
গ পরিচলন পদ্ধতিতে ঘ সব উপায়েই উ. ক

৬. কোন গ্যাসটি ড্রাই আইস তৈরিতে ব্যবহার করা হয়? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিভিন্ন পদ: ২৩]*
ক অক্সিজেন খ কার্বন ডাই-অক্সাইড
গ সালফার ডাই-অক্সাইড
ঘ নাইট্রোজেন ডাই-অক্সাইড উ. খ

৭. ক্লিনিক্যাল থার্মোমিটারে কত পর্যন্ত দাগ কাটা থাকে? *[দুদকের কোর্ট পরিদর্শক: ২২]*
ক ৯০°-৯৫° খ ৯৫°-১১০°
গ ৯৮°-১০৪° ঘ ৯৫°-১০৫° উ. খ

৮. কোন তাপমাত্রায় ফারেনহাইট ও সেন্টিগ্রেড স্কেল একই পাঠ দিবে? *[বাংলাদেশ রেলওয়ের সহকারী লোকোমটিভ মাস্টার: ২২]*
ক 30° খ -40°
গ 60° ঘ -20° উ. খ

৯. সূর্য হতে কোন প্রক্রিয়ায় আলো পৃথিবীতে আসে- *[বাংলাদেশ রেলওয়ের সহকারী লোকোমটিভ মাস্টার: ২২]*
ক বিকিরণ খ পরিবহন
গ পরিচলন ঘ বিকিরণ ও পরিবহন উ. ক

১০. কোন তাপমাত্রায় পানির ঘনত্ব সবচেয়ে বেশি থাকে? *[আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২০]*
ক 4^0F খ 4^0C গ 4^0R ঘ 4^0K উ. খ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. কত তাপমাত্রায় পানির ঘনত্ব সবচেয়ে বেশি? *[কর কমিশনারের কার্যালয়, ঢাকা এর সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*
উ. ৪° সেন্টিগ্রেড।

প্র. পরম শূন্য তাপমাত্রা বলতে কী বোঝায়? *[পুলিশ হেডকোয়ার্টার্সের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
উ. যে তাপমাত্রায় কোনো গ্যাসের আয়তন শূন্য হয় তাকে পরম শূন্য তাপমাত্রা বলে। সাধারণত -273^0 সেলসিয়াসকে পরম শূন্য তাপমাত্রা বলা হয়। কেলভিন স্কেলে এ মান 0^0K. $0^0C = -273^0 K = -459.4^0F$।

শব্দ ও তরঙ্গ

♦ **শব্দ (Sound)**
শব্দ একপ্রকার শক্তি, যা আমাদের কানে শ্রবণের অনুভূতি জন্মায়। বস্তুর কম্পনের ফলে শব্দ উৎপন্ন হয়, বস্তুর কম্পনের গতিশক্তি শব্দশক্তিতে রূপান্তরিত হয়। শব্দ সঞ্চালনের জন্য জড় মাধ্যমের প্রয়োজন হয়। শব্দ শূন্য মাধ্যমে চলতে পারে না। মাধ্যম কম্পন তৈরি করে শব্দ এক স্থান থেকে অন্য স্থানে যায়।

• **মাধ্যমের প্রকৃতি**
বিভিন্ন মাধ্যমে শব্দের বেগ বিভিন্ন। বায়ু, পানি এবং লোহাতে শব্দের বেগ ভিন্ন ভিন্ন। বায়ুতে শব্দের বেগ কম, তরলে তার চেয়ে বেশি আর কঠিন পদার্থে সবচেয়ে বেশি।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বিভিন্ন মাধ্যমে শব্দের বেগ (0^0C তাপমাত্রায়)			
মাধ্যম	শব্দের বেগ	মাধ্যম	শব্দের বেগ
বায়ু	৩৩২ $m\,s^{-1}$	লোহা	৫২২১ $m\,s^{-1}$
পানি	১৪৫০ $m\,s^{-1}$	হীরা	১২০০০ $m\,s^{-1}$

- **শব্দের প্রতিফলন**
  শব্দ তরঙ্গ যদি চলার পথে বাধা পেয়ে পূর্বের মাধ্যমে ফিরে আসে, তবে তাকে শব্দের প্রতিফলন বলে।
- **শব্দের প্রতিধ্বনি (Echo)**
  যখন কোনো শব্দ মূল শব্দ থেকে আলাদা হয়ে মূল শব্দের পুনরাবৃত্তি করে, তখন ঐ প্রতিফলিত শব্দকে প্রতিধ্বনি বলে। কোনো শব্দ কানে শোনার পর সেই শব্দের রেশ প্রায় $\frac{১}{১০}$ সেকেন্ড যাবৎ আমাদের মস্তিষ্কে থেকে যায়। একে শব্দানুভূতির স্থায়ীকাল বলে। এই $\frac{১}{১০}$ সেকেন্ডের মধ্যে অন্য শব্দ কানে এসে পৌঁছালে তা আমরা আলাদা করে শুনতে পাই না। সুতরাং কোনো ক্ষণস্থায়ী শব্দের প্রতিধ্বনি শুনতে হলে প্রতিফলককে উৎস থেকে এমন দূরত্বে রাখতে হবে যাতে মূল শব্দ প্রতিফলিত হয়ে কানে ফিরে আসতে অন্তত $\frac{১}{১০}$ সেকেন্ড সময় লাগে। যদি 0^0C তাপমাত্রায় বায়ুতে শব্দের বেগ ৩৩২ ms^{-1} ধরা হয় তাহলে $\frac{১}{১০}$ সেকেন্ডে শব্দ ৩৩.২ m যায়। সুতরাং প্রতিফলককে শ্রোতা থেকে কমপক্ষে $\frac{৩৩.২}{২}$ m বা ১৬.৬ m দূরত্বে থাকতে হবে।

♦ শ্রাব্যতার সীমা (Audibility Range)

বস্তুর কম্পন ছাড়া শব্দ উৎপন্ন হয় না। যদি কোনো বস্তু প্রতি সেকেন্ডে কমপক্ষে ২০ বার কাঁপে তবে সেই বস্তু থেকে উৎপন্ন শব্দ শোনা যাবে। আবার কম্পন যদি প্রতি সেকেন্ডে ২০,০০০ বার এর বেশি হয় তাহলে শব্দ শোনা যাবে না। সুতরাং আমাদের কানে যে শব্দ শোনা যায় তার কম্পাঙ্কের সীমা হলো ২০ Hz থেকে ২০,০০০ Hz । কম্পাঙ্কের এই পাল্লাকে শ্রাব্যতার পাল্লা বলে। যদি কম্পাঙ্ক ২০ Hz এর কম হয় তবে তাকে শব্দোতর কম্পন বলে। কম্পাঙ্ক ২০,০০০ Hz এর বেশি হয় তবে তাকে শব্দোত্তর কম্পন বলে। শব্দোত্তর কম্পাঙ্কের শব্দ মানুষে শুনতে না পেলেও বাদুর, কুকুর, মৌমাছির ন্যায় কিছু কিছু প্রাণী এ শব্দ উৎপন্ন করতে পারে আবার শুনতেও পারে।

প্রাণী-শ্রাব্যতার সীমা	
প্রাণী	শ্রাব্যতার সীমা
মানুষ	২০Hz থেকে ২০০০০Hz.
বাদুড়	উর্ধ্বসীমা- ১০০০০০Hz.
কুকুর	উর্ধ্বসীমা- ৩৫০০০ Hz.
মাকড়সা	উর্ধ্বসীমা-৪৫০০০ Hz.

♦ ডেসিবল

শব্দের তীব্রতা পরিমাপের একককে ডেসিবল (db) বলে। এটি একটি লগারিদমিক একক যার ভিত্তি ১০। যে স্কেলের সাহায্যে মানুষের শ্রুতিযোগ্য শব্দের অতি ক্ষুদ্র পরিবর্তন পরিমাপ করা হয় তাকে ডেসিবল স্কেল বলে।

বাংলাদেশে শব্দ দূষণের মান মাত্রা	
এলাকা	সর্বোচ্চ মাত্রা
১. নীরব এলাকা	৪৫ ডেসিবেল
২. আবাসিক এলাকা	৫০ ডেসিবেল
৩. মিশ্র এলাকা	৬০ ডেসিবেল
৪. বাণিজ্যিক এলাকা	৭০ ডেসিবেল
৫. শিল্প এলাকা	৭৫ ডেসিবেল

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. শব্দের তীব্রতা নির্ণায়ক যন্ত্র কোনটি? *[ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]*
ক অডিওমিটার খ অ্যামিটার
গ অডিওফোন ঘ অলটিমিটার **উ. ক**

২. শূন্য মাধ্যমে শব্দের বেগ কত? *[বিমান বাংলাদেশের বিভিন্ন পদ: ২৩]*
ক ২৮০ মি/সে. খ ০ মি/সে.
গ ৩৩২ মি/সে. ঘ ১১২০ মি/সে. **উ. খ**

৩. চিকিৎসা বিজ্ঞানের মতে মানুষের স্বাভাবিক শ্রবণ ধারণ ক্ষমতা কত ডিবি? *[পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী: ২১]*
ক ৪৫-৫৫ ডিবি খ ৩৫-৪৫ ডিবি
গ ৫৫-৬৫ ডিবি ঘ ২৫-৩৫ ডিবি **উ. ক**

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. কোন মাধ্যমে শব্দের গতি সর্বাপেক্ষা কম। *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৯]*
উ. বায়বীয় মাধ্যমে শব্দের বেগ সবচেয়ে কম এবং কঠিন মাধ্যমে শব্দের বেগ সবচেয়ে বেশি।

প্র. ন্যূনতম কত সময়ের মধ্যে শব্দ ফিরে আসলে প্রতিধ্বনি শোনা যাবে? *[কর অঞ্চল-১২ ঢাকা এর অফিস সহায়ক: ১৯]*
উ. ০.১ সেকেন্ড

আলো

♦ আলো (Light)

আলো হচ্ছে এক প্রকার শক্তি বা বাহ্যিক কারণ যা আমাদের দেখতে সাহায্য করে বা দর্শনের অনুভূতি সৃষ্টি করে। চোখে প্রবিষ্ট আলো চোখের রেটিনায় বস্তুটির প্রতিবিম্ব সৃষ্টি করে এবং জটিল প্রক্রিয়ার মাধ্যমে আমাদের মস্তিষ্কে বস্তুটির অনুরূপ একটি বস্তুর অনুভূতি সৃষ্টি করে।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

♦ **আলোর প্রকৃতি (Nature of Light)**

আমাদের চোখ হতে আলো কোনো বস্তুর উপর পড়ে, তাই আমরা সেই বস্তু দেখতে পাই। আসলে যখন কোনো বস্তু থেকে আলো আমাদের চোখে আসে, তখনই আমরা সেই বস্তু দেখতে পাই। আলো এক প্রকার শক্তি। আলোর গতি প্রতি সেকেন্ডে ১৮৬০০০ মাইল বা ৩০০০০০ কিলোমিটার। সূর্য হতে পৃথিবীর দূরত্ব ১৫ কোটি কিলোমিটার। আলোর বেগ প্রতি সেকেন্ডে ৩×১০^{৮} মিটার এবং সূর্য হতে পৃথিবীতে আলো আসতে ৫০০ সেকেন্ড বা ৮ মিনিট ২০ সেকেন্ড সময় লাগে। আলো শূন্যস্থানে এক বৎসর সময়ে যে দূরত্ব অতিক্রম করে, তাকে আলোকবর্ষ বলে।

♦ **তড়িত চৌম্বক বর্ণালী (Electromagnetic Spectrum)**

পর্যায়ক্রমে পরিবর্তনরত তড়িৎ ও চৌম্বক ক্ষেত্রবিশিষ্ট তরঙ্গকে তড়িচ্চুম্বকীয় তরঙ্গ বলে। বিভিন্ন প্রকার তড়িচ্চুম্বকীয় তরঙ্গের তরঙ্গদৈর্ঘ্য আলাদা। তরঙ্গ দৈর্ঘ্যের নিম্ন-সীমা ও উচ্চ-সীমার মধ্যে বিস্তৃত বিভিন্ন প্রকার বিকিরণের সজ্জাকে তড়িচ্চুম্বকীয় বর্ণালী বলে।

তরঙ্গ	ব্যবহার
বেতার তরঙ্গ	রেডিও টেলিভিশনে শব্দ ও ছবি প্রেরণের কাজে ব্যবহৃত হয়।
মাইক্রো তরঙ্গ	রাডার ও অন্যান্য যোগাযোগ ব্যবস্থায় ব্যবহৃত হয়। পদার্থের আণবিক ও পারমাণবিক গঠন বিশ্লেষণে ব্যবহার হয়।
অবলোহিত রশ্মি	রান্নার কাজ, মাংস পেশির ব্যাথা বা টান এর চিকিৎসায় অন্ধকারে আলোকচিত্র গ্রহণ ও শিল্প কারখানায় এই রশ্মি ব্যবহৃত হয়।
দৃশ্যমান আলো	এটি তড়িচ্চুম্বকীয় বর্ণালীর খুব ক্ষুদ্র অংশ যা আমাদের দৃষ্টির অনুভূতি জন্মায়। দেখার জন্য, উদ্ভিদে খাদ্য তৈরির জন্য এই তরঙ্গ ব্যবহৃত হয়।
অতিবেগুনি রশ্মি	মার্কারী ল্যাম্প থেকে নিঃসৃত U-V রশ্মি ব্যাকটেরিয়া ধ্বংস করতে পারে এবং ফটোগ্রাফিক প্লেটকে প্রভাবিত করে, খাবার জীবাণুমুক্ত করার কাজে ব্যবহৃত হয়। চর্মরোগের চিকিৎসায় U-V রশ্মি ব্যবহৃত হয়। নকল হীরা ও নকল ব্যাংক নোট উদঘাটনে ব্যবহৃত হয়।
এক্স-রশ্মি	চিকিৎসা ক্ষেত্রে, শিল্প কারখানায়, নিরাপত্তার কাজে এক্স রশ্মি ব্যবহৃত হয়।
গামা রশ্মি	চিকিৎসা ক্ষেত্রে, ধাবত পদার্থের খুঁত নির্ণয়ে এই রশ্মি ব্যবহৃত হয়।

♦ **দৃশ্যমান বর্ণালি (Visible Light)**

তড়িচ্চুম্বকীয় বর্ণালীর যে অংশ দৃষ্টির অনুভূতি জাগাতে সক্ষম তাকে দৃশ্যমান বর্ণালি বলে। এ অংশকেই আলোক বা আলো নামে অভিহিত করা হয়। বর্ণালীর অন্তর্গত বর্ণসমূহ বিভাজিত অবস্থায় এবং তরঙ্গদৈর্ঘ্যর ক্রম অনুসারে সজ্জিত থাকলে তাকে বর্ণালি বলে। বর্ণগুলোর মিলিত অবস্থা 'সাদা আলো' নামে পরিচিত।

বিভিন্ন বর্ণের আলোর তরঙ্গদৈর্ঘ্য	
বর্ণ	তরঙ্গদৈর্ঘ্য (Å)
বেগুনি (Violet)	৪০০০-৪৫০০
নীল (Indigo)	৪৫০০-৪৮০০
আসমানি (Blue)	৪৮০০-৫০০০
সবুজ (Green)	৫০০০-৫৫০০
হলুদ (Yellow)	৫৫০০-৬০০০
কমলা (Orange)	৬০০০-৬৫০০
লাল (Red)	৬৫০০-৭০০০

বর্ণ	তরঙ্গদৈর্ঘ্য	প্রতিসরণ/ বিক্ষেপণ/ বিচ্যুতি
বেগুনি	সবচেয়ে কম	সবচেয়ে বেশি
লাল	সবচেয়ে বেশি	সবচেয়ে কম

♦ **পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন (Total Internal Reflection):**

যখন আলোকরশ্মি ঘন মাধ্যম থেকে হালকা মাধ্যমে সঙ্কট কোণের চেয়ে অধিক কোণে আপতিত হয় তখন প্রতিসরণের পরিবর্তে আলোকরশ্মি ঘন মাধ্যমে সম্পূর্ণরূপে প্রতিফলিত হয়। আলোকরশ্মির এই প্রতিফলনকে পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন বলে।

♦ **মরীচিকা (Mirage)**

আলোর পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের জন্য উত্তপ্ত মরু অঞ্চলে বা শীত প্রধান মেরু অঞ্চলে যে দৃষ্টিভ্রম ঘটে তাকে মরীচিকা বলে। এর জন্য মরুভূমিতে তৃষ্ণার্ত পথিক দূরবর্তী গাছের উল্টানো প্রতিবিম্ব দেখে মনে করেন সেখানে পানি আছে। কিন্তু গাছের কাছে গেলে বুঝতে পারেন যে সেখানে পানি নাই।

♦ **আলোর বিচ্ছুরণ (Dispersion of Light)**

বিজ্ঞানী স্যার আইজাক নিউটন প্রমাণ করেন যে, সূর্যের সাদা আলোকরশ্মি কোনো স্বচ্ছ প্রিজমের মধ্য দিয়ে গমন করলে প্রতিসৃত রশ্মি সাতটি বর্ণে বিভক্ত হয়। এ সাদা আলো সাতটি মৌলিক বা মূল বর্ণের আলোর সমষ্টি।

১. সাদা আলো প্রিজমের মধ্য দিয়ে প্রতিসরণের ফলে সাতটি মূল বর্ণে বিভক্ত হয়ে যায়। এ বিভাজন হলো বিচ্ছুরণ।

২. যৌগিক আলোর বিচ্ছুরণের ফলে মূল বর্ণসমূহের যে সজ্জা বা পট্টি পাওয়া যায়, তা হলো বর্ণালি।

৩. সূর্যরশ্মি বিচ্ছুরণের ফলে সৃষ্ট বর্নালী হলো সৌর বর্ণালি (Solar Spectrum)। সৌর বর্ণালীতে সাতটি রঙ থাকে। বেগুনি, নীল, আসমানি, সবুজ, হলুদ, কমলা ও লাল। মনে রাখার জন্য বর্ণগুলোর নামের বাংলা প্রথম অক্ষর নিয়ে 'বেনীআসহকলা' শব্দ গঠন করা হয়। ইংরেজিতে এর অনুরূপ শব্দ হলো- 'VIBGYOR' (Violet, Indigo, Blue, Green, Yellow, Orange, Red).

৪. হলুদ বর্ণের আলো বর্ণালীর মাঝামাঝি অবস্থানে থাকে। তাই এ রশ্মিকে মধ্যরশ্মি বলা হয়।

♦ **রংধনু (Rainbow)**

এটি একটি ধনুক আকৃতির দৃশ্যমান আলোক রেখা। বায়ুমণ্ডলে অবস্থিত পানির কণায় সূর্যের আলোর প্রতিফলন ও প্রতিসরণের ফলে রংধনু সৃষ্টি হয়। সাধারণত বৃষ্টির পর

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

আকাশে সূর্যের বিপরীত দিকে রংধনু দেখা যায়। সকালে পশ্চিমাকাশে এবং বিকালে পূর্বাকাশে রংধনু দেখা যায়। এসময় বৃষ্টির ফোটা প্রিজমের ন্যায় কাজ করে। এতে ৭টি রং (বেগুনী, নীল, আসমানী, সবুজ, হলুদ, কমলা ও লাল) থাকে। এর অপর নাম রামধনু বা ইন্দ্রধনু।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. দূর থেকে আমরা কোন রং আগে দেখতে পাই? *[বন অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*
ক নীল খ সবুজ
গ হলুদ ঘ লাল উ. ঘ

২. দৃশ্যমান বর্ণালির ক্ষুদ্রতম তরঙ্গদৈর্ঘ্য কোন রঙের আলোর? *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের হিসাবরক্ষক: ২২]*
ক নীল খ লাল
গ সবুজ ঘ বেগুনী উ. ঘ

৩. রংধনুতে নিচের কোন রংটি অনুপস্থিত? *[রেলওয়ের সহকারী স্টেশন মাস্টার: ২২]*
ক বেগুনী খ কালো
গ হলুদ ঘ লাল উ. খ

৪. মরুভূমিতে কেন মরীচিকা হয়? *[বাংলাদেশ রেলওয়ের সহকারী লোকোমটিভ মাস্টার: ২২]*
ক আলোর প্রতিসরণ খ আলোর প্রতিফলন
গ আলোর পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন
ঘ কোনটিই নয় উ. গ

৫. বর্ণালীতে কোন রংটি অনুপস্থিত? *[ডাক অধিদপ্তরের হিসাব সহকারী/কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক বেগুনী খ কালো
গ বাদামী ঘ ধূসর উ. খ

৬. তিন মৌলিক রং হলো- *[স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নকশাকার/ড্রাফটম্যান: ২২]*
ক লাল, সবুজ, পার্পেল খ নীল, সবুজ, লাল
গ লাল, হলুদ, নীল ঘ হলুদ, লাল, সবুজ উ. খ

৭. যে রঙ আলোর সকল রঙ প্রতিফলিত করে তার রঙ কী? *[আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২০]*
ক কালো খ সাদা
গ লাল ঘ বেগুনী উ. খ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. আলোর কোন ঘটনা মরুভূমিতে পানি দেখায়? *[কর কমিশনারের কার্যালয়, ঢাকা এর সাঁট মুদ্রাক্ষরিক: ২৩]*
উ. পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন।

প্র. সব রংয়ের মিশ্রণে কোন রং সৃষ্টি হয়? *[ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন অফিসার: ২৩]*
উ. সাদা

প্র. সূর্যের আলোয় কয়টি রং নিহিত আছে? *[পরিবেশ অধিদপ্তরের গবেষণাগার সহকারী: ২৩]*
উ. ৭টি রং

তড়িৎ

◆ তড়িৎ (Electricity)

তড়িৎ বা বিদ্যুৎ এক প্রকার শক্তি। এটি স্থির বা গতিশীল অবস্থার বৈদ্যুতিক চার্জের সঙ্গে সম্পর্কিত। পরিবাহীর ক্ষুদ্রতম প্রস্থচ্ছেদের মধ্য দিয়ে একক সময়ে যে পরিমাণ চার্জ প্রবাহিত হয় তাকে তড়িৎ বলে। তড়িৎ দু'প্রকার। যথা:

ক. স্থির তড়িৎ

ঘর্ষণের ফলে বস্তুর ইলেকট্রন ও প্রোটনের ভারসাম্য নষ্ট হলে বস্তু চার্জগ্রস্ত হয়ে পড়ে। বস্তুর এই চার্জ স্থির থাকে বলে অর্থাৎ একস্থান হতে অন্যস্থানে চলাচল করে না বলে একে স্থির তড়িৎ বলা হয়। গ্রিক বিজ্ঞানী থেলিস খ্রিষ্টপূর্ব ৬০০ অব্দে স্থির তড়িৎ আবিষ্কার করেন।

খ. চল তড়িৎ

যে তড়িৎ এক স্থান হতে অন্য স্থানে প্রবাহিত হতে পারে তাকে চল তড়িৎ বলে। রাসায়নিকভাবে গ্যাস, কয়লা, তেল পুড়িয়ে চল তড়িৎ উৎপন্ন করা যায়।

◆ তড়িৎ পরিবাহিতা

তড়িৎ পরিবাহিতা ধর্মের উপর ভিত্তি করে পদার্থকে তিন শ্রেণিতে ভাগ করা যায়। যথা:

১. পরিবাহী (Conductor)

যে সকল পদার্থের মধ্য দিয়ে খুব সহজেই তড়িৎ প্রবাহ চলতে পারে তাদেরকে পরিবাহী বলে। সোনা, তামা, রূপা, অ্যালুমিনিয়াম, দস্তা, সিসা, প্লাটিনাম, নিকেল, পিতল, মারকারি, অম্ল, ক্ষার, মানবদেহ ইত্যাদি সুপরিবাহী পদার্থ।

২. অপরিবাহী (Insulator)

যে সকল পদার্থের মধ্য দিয়ে তড়িৎ প্রবাহ চলতে পারে না তাদেরকে অপরিবাহী বা অন্তরক পদার্থ বলে। যেমন: প্লাস্টিক, রাবার, কাঠ, কাঁচ, কাগজ, চীনামাটি, মোম, রজন, অভ্র, পোর্সেলিন ইত্যাদি।

৩. অর্ধপরিবাহী (Semi-conductor)

যে সকল পদার্থের তড়িৎ পরিবহন ক্ষমতা সাধারণ তাপমাত্রায় পরিবাহী এবং অপরিবাহী পদার্থের মাঝামাঝি, সে সকল পদার্থকে অর্ধপরিবাহী বলে। যেমন- সিলিকন, জার্মেনিয়াম, আর্সেনাইড, ইন্ডিয়াম, ক্যাডমিয়াম, পানি, তুলা, গন্ধক ইত্যাদি।

◆ রোধ

ইলেকট্রন কোনো পরিবাহীর মধ্য দিয়ে চলার সময় এর অভ্যন্তরের অণু পরমাণুর সাথে সংঘর্ষে লিপ্ত হয়। ফলে এদের গতি বাধাগ্রস্ত হয় এবং তড়িৎ প্রবাহ বিঘ্নিত হয়। পরিবাহীর এই ধর্মকে রোধ বলে। রোধের (SI) একক হলো ও'ম। একে বড় হরফের ওমেগা (Ω) দ্বারা প্রকাশ করা হয়।

● রোধক

নির্দিষ্ট মানের রোধবিশিষ্ট যে পরিবাহী তার কোনো বর্তনীতে ব্যবহার করা হয় তাকে রোধক বলে।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

◆ **আপেক্ষিক রোধ**
কোনো নির্দিষ্ট তাপমাত্রায় একক দৈর্ঘ্য ও একক প্রস্থচ্ছেদের ক্ষেত্রফলবিশিষ্ট কোনো পরিবাহীর রোধকে ঐ তাপমাত্রায় এর উপাদানের আপেক্ষিক রোধ বলে।

◆ **তড়িৎ শক্তি**
বিশ্বব্যাপী তড়িৎ সরবরাহ প্রতিষ্ঠান কিলোওয়াট-ঘণ্টা (kWh) এককে ব্যয়িত তড়িৎশক্তির পরিমাণ নির্ধারণ করে। একে কিলোওয়াট ঘণ্টা এককে বোর্ড অব ট্রেড ইউনিট বা সংক্ষেপে ইউনিট বলে। এক কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন কোনো তড়িৎ যন্ত্র এক ঘণ্টা ধরে কাজ করলে যে পরিমাণ তড়িৎশক্তিকে অন্য শক্তিতে রূপান্তর করে বা ব্যয় করে তাকে এক কিলোওয়াট ঘণ্টা বা এক ইউনিট বলে। 1 kWh = 3.6×10^6J। ক্ষমতাকে ওয়াটে এবং ঘণ্টায় প্রকাশ করলে, ব্যয়িত তড়িৎশক্তি W-কে লেখা যায়- W = Pt Wh.

১. বৈদ্যুতিক বাতিতে 220V – 60 W এর অর্থ- এখানে V দ্বারা ভোল্ট এবং W দ্বারা ওয়াট বোঝানো হয়।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. বৈদ্যুতিক বর্তনীতে নির্ধারিত মানের অতিরিক্ত কারেন্ট প্রবাহিত হলেই ... নিজে গলে গিয়ে বর্তনীকে বিপদ মুক্ত করে। *[তিতাস গ্যাস লি. এর টেকনিশিয়ান/ ইলেক্ট্রিশিয়ান/ ড্রাফটসম্যান: ২৩]*
ⓚ সার্কিট ব্রেকার ⓛ আইসোলেটর
ⓜ ফিউজ ⓝ কোনোটিই নয় উ. গ

২. বৈদ্যুতিক বাতি আবিষ্কার করেন- *[তিতাস গ্যাস লি. এর টেকনিশিয়ান/ ইলেক্ট্রিশিয়ান/ ড্রাফটসম্যান: ২৩]*
ⓚ মার্কনি ⓛ নিউটন
ⓜ টরেসিলি ⓝ টমাস আলভা এডিসন উ. ঘ

৩. বিদ্যুৎ এক প্রকার কী? *[তিতাস গ্যাস লি. এর টেকনিশিয়ান/ ইলেক্ট্রিশিয়ান/ ড্রাফটসম্যান: ২৩]*
ⓚ কাজ ⓛ গতি
ⓜ বল ⓝ শক্তি উ. ঘ

৪. কার্বুরেটর কোন ইঞ্জিনে ব্যবহার করা হয়? *[সুন্দরবন গ্যাস কোম্পানির সিনিয়র টেকনিশিয়ান: ২৩]*
ⓚ পেট্রোল ⓛ ডিজেল
ⓜ গ্যাস ⓝ স্টাম উ. ক

৫. যে মেশিন যান্ত্রিক শক্তিকে বৈদ্যুতিক শক্তিতে রূপান্তর করে তাকে বলে- *[সুন্দরবন গ্যাস কোম্পানির সিনিয়র টেকনিশিয়ান: ২৩]*
ⓚ টারবাইন ⓛ অল্টারনেটর
ⓜ মটর ⓝ জেনারেটর উ. ঘ

৬. ১ মেগাওয়াট সমান কত ওয়াট? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিভিন্ন পদ: ২৩]*
ⓚ $১০^৬$ ⓛ $১০^৮$
ⓜ $১০^৫$ ⓝ $১০^৯$ উ. ক

৭. AC কে DC করার যন্ত্র? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিভিন্ন পদ:২৩]*
ⓚ রেকটিফায়ার ⓛ অ্যামপ্লিফায়ার
ⓜ ট্রানজিস্টর ⓝ ডায়োড উ. ক

৮. ... ছাড়া আধুনিক জীবনযাপন অসম্ভব। *[হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ⓚ গাড়ি ⓛ মোবাইল
ⓜ বিদ্যুৎ ⓝ ফ্যাশন উ. গ

৯. ব্যাটারিতে সঞ্চিত শক্তি হল- *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পাউন্ডার/পোল্ট্রি টেকনিশিয়ান: ২০]*
ⓚ তাপশক্তি ⓛ যান্ত্রিক শক্তি
ⓜ রাসায়নিক শক্তি ⓝ আলোক শক্তি উ. গ

১০. ফিউজ তার কিসের সংকর? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পাউন্ডার/পোল্ট্রি টেকনিশিয়ান: ২০]*
ⓚ টিন ও লোহা ⓛ টিন ও সীসা
ⓜ সোনা ও রূপা ⓝ সীসা ও ব্রোঞ্জ উ. খ

তরল ও বায়বীয় পদার্থ

◆ **তরল পদার্থ (Liquid)**
কঠিন পদার্থকে উত্তপ্ত করে যখন গলানো হয় তখন তরল অবস্থায় উপনীত হয়। তাপের ফলে কঠিন পদার্থের অণুগুলো শক্তি গ্রহণ করে সঞ্চরণশীল হয়। তরল পদার্থের কোনো নির্দিষ্ট আকৃতি নেই।

◆ **বায়বীয় পদার্থ (Gas)**
তরল পদার্থকে উত্তপ্ত করলে বায়বীয় অবস্থায় উপনীত হয়। তাপের ফলে তরল পদার্থের অণুগুলো শক্তি গ্রহণ করে অধিক মাত্রায় সঞ্চরণশীল হয়। আন্তঃআণবিক দূরত্ব অনেক বেড়ে যায়। অণুগুলো স্বাধীনভাবে চারদিকে বিচরণ করে। এ কারণে বায়বীয় পদার্থের কোনো নির্দিষ্ট আকার ও আয়তন থাকে না।

◆ **চাপ (Pressure)**
কোনো বস্তুর প্রতি একক ক্ষেত্রফলের উপর লম্বভাবে প্রযুক্ত বলকে চাপ বলে। বলের এককে ক্ষেত্রফলের একক দিয়ে ভাগ করলে চাপের একক পাওয়া যায়। চাপের একক $N m^{-2}$। একে প্যাসকেল (Pa) বলে।

◆ **প্লবতা (Buoyancy)**
তরল বা বায়বীয় পদার্থে আংশিক বা সম্পূর্ণভাবে নিমজ্জিত কোনো বস্তুর উপর তরল বা বায়বীয় পদার্থ লম্বভাবে যে ঊর্ধ্বমুখী লব্ধি বল প্রয়োগ করে তাকে প্লবতা বলে। প্লবতার মান বস্তুর নিমজ্জিত অংশ কর্তৃক অপসারিত তরল বা বায়বীয় পদার্থের ওজনের সমান হয়। নিমজ্জিত বস্তুর উপর ক্রিয়ারত ঊর্ধ্বমুখী বল বা প্লবতা বস্তু কর্তৃক অপসারিত প্রবাহীর ওজনের সমান। এই ঊর্ধ্বমুখী বলের জন্যই তরলে নিমজ্জিত বস্তু ওজন হারায় বলে মনে হয়। তরলের ঘনত্ব বেশি হলে প্লবতা বেশি হয়। লবণাক্ত পানি স্বাদু পানি অপেক্ষা ভারী। সাগরের পানির প্লবতা বেশি বলে সাগরে সাঁতার কাটা পুকুর বা নদী অপেক্ষা সহজ।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

♦ **পৃষ্ঠটান (Surface Tension)**

তরল মাত্রেরই বিশেষ ধর্ম হল, এদের মুক্ত পৃষ্ঠ সর্বদাই সংকুচিত হতে চায়। ফলে তরলের মুক্ততল সর্বদা একটি টানা বল অনুভব করে যা অনেকটা টেনে রাখা রাবার পাতের মতো আচরণ করে। তরল পৃষ্ঠের এ টানা বল হল পৃষ্ঠটান বা তল টান। তাপমাত্রা বৃদ্ধি পেলে পৃষ্ঠটান হ্রাস পায়। S.I ও M.K.S পদ্ধতিতে পৃষ্ঠটানের একক নিউটন/মিটার। বৃষ্টির ফোটা গোলাকার হয় পৃষ্ঠটানের জন্য। পৃষ্ঠটানের জন্য ভেজা বালুর উপর হাটলে বালু নিজ স্থানে চলে আসে।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. কোথায় সাঁতার কাটা সহজ? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক/ সহকারী ব্যবস্থাপক: ২৩]*

ক পুকুরে খ বিলে
গ নদীতে ঘ সাগরে উ. ঘ

২. পানির ছোট ফোঁটা পানির কোন গুণের কারণে গোলাকৃতি হয়? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]*

ক আর্দ্রতা খ স্থিতিস্থাপকতা
গ প্লবতা ঘ পৃষ্ঠটান উ. ঘ

মহাকর্ষ ও অভিকর্ষ

♦ **মহাকর্ষ (Gravitation)**

মহাবিশ্বের যে কোনো দুটি বস্তুর মধ্যকার আকর্ষণ বলকে মহাকর্ষ বলে। যেমন, একটি আম গাছের দুটি আমের মধ্যে যে পারস্পারিক আকর্ষণ বল তা হলো মহাকর্ষ। চন্দ্র, সূর্য, গ্রহ ও নক্ষত্রের মধ্যে আকর্ষণ হল মহাকর্ষ বল।

♦ **অভিকর্ষ (Gravity)**

কোনো বস্তুর উপর পৃথিবীর আকর্ষণ বলকে অভিকর্ষ বা মাধ্যাকর্ষণ বলে। যেমন, আম গাছের একটি আম ও পৃথিবীর মধ্যকার যে আকর্ষণ বল তাই অভিকর্ষ বা মাধ্যাকর্ষণ। অভিকর্ষ বলের কারণে পৃথিবী ঘূর্ণনের সময় আমরা ছিটকে পরি না।

• **অভিকর্ষীয় ত্বরণ (Acceleration due to Gravity)**

ভূপৃষ্ঠের কোনো উঁচু স্থান থেকে একটি বস্তুকে ছেড়ে দিলে দেখা যায় যে, এটি যতই ভূপৃষ্ঠের নিকটবর্তী হয় ততই এর বেগ বৃদ্ধি পায়। অর্থাৎ অভিকর্ষ বলের ক্রিয়ার ফলে পড়ন্ত বস্তুর বেগের পরিবর্তন হয়। অভিকর্ষ বলের ক্রিয়ার ফলে পড়ন্ত বস্তুর বেগ বৃদ্ধির হারকে অভিকর্ষীয় ত্বরণ বলে। একে g দ্বারা প্রকাশ করা হয়। ভূপৃষ্ঠে g এর মান প্রায় ৯.৮ m/s^2। চন্দ্রপৃষ্ঠে g এর মান ভূপৃষ্ঠে g এর মানের ছয় ভাগের এক ভাগ।

• **অভিকর্ষীয় ত্বরণ 'g' এর তারতম্য**

অভিকর্ষীয় ত্বরণ 'g' কোনো ধ্রুব সংখ্যা নয়। স্থানভেদে এর পরিবর্তন হয়। তিনটি কারণে 'g' এর পরিবর্তন হয়। যথা:

ক. **উচ্চতার ক্রিয়া**

১. ভূপৃষ্ঠ হতে উপরে গেলে 'g' এর মান কমে।
২. পৃথিবীর অভ্যন্তরে গেলে 'g' এর মান কমে।
৩. পৃথিবীর কেন্দ্রে 'g' এর মান শূন্য।
৪. ভূপৃষ্ঠে 'g' এর মান সবচেয়ে বেশি।

খ. **অক্ষাংশ ক্রিয়া**

১. বিষুবীয় অঞ্চল হতে মেরু অঞ্চলের দিকে অগ্রসর হলে 'g' এর মান বাড়তে থাকে। অর্থাৎ, অক্ষাংশ বাড়লে 'g' বাড়ে।
২. বিষুবীয় অঞ্চলে 'g' এর মান সবচেয়ে কম।
৩. মেরু অঞ্চলে 'g' এর মান সবচেয়ে বেশি।

গ. **পৃথিবীর ঘূর্ণন ক্রিয়া**

১. পৃথিবীর আহ্নিক গতির জন্য 'g' এর মান বিষুব রেখা হতে মেরুর দিকে বৃদ্ধি পায়। অর্থাৎ অক্ষাংশ বাড়লে 'g' এর মান বাড়ে।

♦ **পড়ন্ত বস্তুর সূত্র (Laws of Falling Bodies)**

যেকোনো বস্তু উপর থেকে ছেড়ে দিলে এটি গতিশীল হয়ে নিচের দিকে নামতে থাকে। এ ধরনের পড়ন্ত বস্তু দেখে গ্যালিলিও তিনটি সূত্র প্রদান করেন।

প্রথম সূত্র: স্থির অবস্থান ও একই উচ্চতা থেকে বিনা বাধায় পড়ন্ত বস্তু সমান সময়ে সমান পথ অতিক্রম করবে।

দ্বিতীয় সূত্র: স্থির অবস্থান থেকে বিনা বাধায় পড়ন্ত বস্তুর নির্দিষ্ট সময়ে (t) প্রাপ্ত বেগ (v) ঐ সময়ের সমানুপাতিক। অর্থাৎ $v \propto t$

তৃতীয় সূত্র: স্থির অবস্থান থেকে বিনা বাধায় পড়ন্ত বস্তু নির্দিষ্ট সময়ে যে দূরত্ব (h) অতিক্রম করে তা ঐ সময়ের (t) বর্গের সমানুপাতিক। অর্থাৎ $h \propto t^2$

♦ **বস্তুর ভর (Mass)**

কোনো বস্তুর ভিতর পদার্থের মোট পরিমাণকে ঐ বস্তুর ভর বলে। আন্তর্জাতিক পদ্ধতিতে (SI) ভরের একক কিলোগ্রাম (Kg)। অবস্থানের পরিবর্তনের সাথে সাথে বস্তুর ভরের কোনো পরিবর্তন হয় না। পৃথিবী পৃষ্ঠে কোনো বস্তুর ভর ৫০ কেজি হলে চন্দ্রপৃষ্ঠে ঐ বস্তুটির ভর হবে ৫০ কেজি।

♦ **বস্তুর ওজন (Weight)**

কোনো বস্তুকে পৃথিবী যে পরিমাণ বল দ্বারা তার কেন্দ্রের দিকে আকর্ষণ করে, তাকে ঐ বস্তুটির ওজন বলে। ওজন এক ধরনের বল। ওজনের একক নিউটন। বস্তুর ওজন (w) = বস্তুর ভর (m) × ঐ স্থানে অভিকর্ষজ ত্বরণ (g). বস্তুর ওজন অভিকর্ষজ ত্বরণের উপর নির্ভরশীল। বিভিন্ন স্থানে অভিকর্ষজ ত্বরণের মান বিভিন্ন হওয়ায় স্থানভেদে বস্তুর ওজন বিভিন্ন হয়। যেমন- চাঁদে অভিকর্ষজ ত্বরণের মান পৃথিবীর অভিকর্ষজ ত্বরণের মানের ৬ ভাগের ১ ভাগ। এজন্য চাঁদে কোনো বস্তুর ওজন পৃথিবীতে ঐ বস্তুর ওজনের ৬ ভাগের ১ ভাগ হয়।

বিভিন্ন স্থানে বস্তুর অভিকর্ষজ ত্বরণের মান ও ওজন	
বস্তুর অবস্থান	অভিকর্ষজ ত্বরণের মান ও ওজন
পৃথিবীর কেন্দ্র	শূন্য
ভূপৃষ্ঠ থেকে উপরে	হ্রাস পায়

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ভূপৃষ্ঠের অভ্যন্তরে	হ্রাস পায়
চন্দ্রপৃষ্ঠ	পৃথিবীর ৬ ভাগের ১ ভাগ
নিরক্ষীয় অঞ্চল	সর্বনিম্ন
মেরু অঞ্চল	সর্বোচ্চ

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. **বস্তুর ওজন কোথায় শূন্য হয়?** *[তিতাস গ্যাস লি. এর টেকনিশিয়ান/ ইলেক্ট্রিশিয়ান/ ড্রাফটসম্যান: ২৩]*
ক ভূপৃষ্ঠে খ ভূ-কেন্দ্রে
গ সমুদ্র সমতলে ঘ শূন্য হতে পারে না **উ. খ**

২. **চাঁদে কোনো বস্তুর ওজন পৃথিবীর ওজনের ... ভাগের ১ ভাগ।** *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিভিন্ন পদ: ২৩]*
ক ১০ খ ৬
গ ৩ ঘ ৪ **উ. খ**

৩. **মাধ্যাকর্ষণজনিত ত্বরণ সর্বোচ্চ কোথায়?** *[পল্লী বিদ্যুতায়ন বোর্ডের হিসাবরক্ষক: ২২]*
ক ভূ-কেন্দ্রে খ ভূপৃষ্ঠ থেকে ১০০০ ফুট নিচে
গ ভূ-পৃষ্ঠে ঘ ভূপৃষ্ঠ থেকে ১০০০ ফুট উঁচুতে **উ. গ**

৪. **কোন বস্তুর ওজন কোথায় বেশী?** *[হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২২]*
ক খনির ভিতরে খ পাহাড়ের উপর
গ মেরু অঞ্চলে ঘ বিষুব অঞ্চলে **উ. গ**

৫. **কোন স্থানে মানুষ ওজনহীন হয়-** *[বাংলাদেশ রেলওয়ের সহকারী লোকোমটিভ মাস্টার: ২২]*
ক পৃথিবীর কেন্দ্রে খ চন্দ্রপৃষ্ঠে
গ মহাশূন্যে ঘ মহাকাশযানে **উ. ক**

৬. **অভিকর্ষজ ত্বরণের মান কোথায় সবচেয়ে বেশি?** *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*
ক ভূ-কেন্দ্রে খ মাটির নিচে
গ ভূ-পৃষ্ঠে ঘ পাহাড়ের উপরে **উ. গ**

৭. **বস্তুর ওজন কোথায় সবচেয়ে বেশি?** *[পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট: ২০]*
ক পৃথিবীর কেন্দ্রে খ বিষুব অঞ্চলে
গ পাহাড়ের ওপড়ে ঘ মেরু অঞ্চলে **উ. ঘ**

আধুনিক পদার্থবিজ্ঞান

♦ আধুনিক পদার্থবিজ্ঞান

'ইলেকট্রন' আবিষ্কারের পরই আধুনিক পদার্থবিজ্ঞানের যাত্রা শুরু হয়। আপেক্ষিক তত্ত্ব, কৃষ্ণবস্তুর বিকিরণ ব্যাখ্যায় 'ফোটন' এর ধারণা, এক্সরে, লেজার, ফটোইলেকট্রিক ক্রিয়া, কোয়ান্টাম তত্ত্ব, নিউক্লীয় পদার্থবিদ্যা, ইলেকট্রনিক্স ইত্যাদি দিয়ে গঠিত হয়েছে আধুনিক পদার্থবিজ্ঞান। আইনস্টাইনের আপেক্ষিক তত্ত্ব ও কোয়ান্টাম তত্ত্বের হাত ধরেই আধুনিক পদার্থবিজ্ঞান প্রসার লাভ করে।

• আইনস্টাইনের আপেক্ষিক তত্ত্ব (Theory of Relativity)

১৯০৫ সালে আইনস্টাইন স্থান, কাল, ভর সম্পর্কে আধুনিক ধারণা প্রদান করেন। দৈর্ঘ্য, ভর ও সময় আপেক্ষিক, বস্তু বা প্রসঙ্গ কাঠামোর গতির উপর নির্ভরশীল। একেই আইনস্টাইনের আপেক্ষিকতা বলে। আপেক্ষিক তত্ত্ব দুই প্রকার। যথা: সাধারণ ও বিশেষ।

• আইনস্টাইনের ভর-শক্তি সম্পর্ক

$mc^2 = m_0c^2 + K$
= নিশ্চল শক্তি + গতিশক্তি
= মোট শক্তি
= E (ধরি)
$\therefore E = mc^2$

m_0c^2 = বস্তুর স্থির অবস্থার শক্তি
K = গতিশক্তি
m = বস্তুর ভর
c = আলোর বেগ

♦ এক্স-রশ্মি (X-rays)

দ্রুত গতিসম্পন্ন ইলেকট্রন কোনো ধাতুকে আঘাত করলে ইলেকট্রনের কিছু গতিশক্তি এক প্রকার বিকিরণ উৎপন্ন করে। এই বিকিরণকে এক্স-রশ্মি বলা হয়। ১৮৯৫ খ্রিষ্টাব্দে জার্মান পদার্থবিদ উইলহেলম রন্টজেন নিম্নচাপে গ্যাসে তড়িৎ ক্ষরণ সংক্রান্ত পরীক্ষা করার সময় এক্স-রশ্মি আবিষ্কার করেন। এজন্য তিনি ১৯০১ সালে পদার্থ বিজ্ঞানে প্রথম নোবেল পুরস্কার পান। ভেদন ক্ষমতার উপর নির্ভর করে এক্স-রশ্মিকে দুইভাগে ভাগ করা যায়। যথা: কঠিন এক্স-রশ্মি ও কোমল এক্স-রশ্মি। এক্স-রশ্মি সরলরেখায় চলে এবং শূন্য মাধ্যমে এর বেগ আলোর বেগের সমান। এক্স-রশ্মি তড়িৎ চুম্বকীয় তরঙ্গ। এ রশ্মির কম্পাঙ্ক দৃশ্যমান আলোর কম্পাঙ্ক অপেক্ষা প্রায় ১০০০ গুণ বেশি। এ রশ্মির তরঙ্গ দৈর্ঘ্য 10^{-8}m-10^{-11}m। এক্স-রশ্মির সাহায্যে দেহের অভ্যন্তরের যে ফটোগ্রাফ নেয়া হয় তাকে রেডিওগ্রাফ বলা হয়। রেডিওগ্রাফের সাহায্যে ভাঙ্গা হাড়, শরীরের মধ্যে কোথাও ক্ষত বা কোনো অবাঞ্ছিত বস্তুর উপস্থিতি শনাক্ত করা যায়। ঢালাই বা ঝালাই এর পর ফাটল বা ত্রুটি নির্ণয়ের জন্য এবং আসল-নকল গহনা ও হীরা শনাক্তে এ রশ্মি ব্যবহৃত হয়। সোনা, ঘড়ি বা নিষিদ্ধ কোনো বস্তু বাক্সে, পাকেটে বা দেহের কোথাও লুকানো থাকলে তা খুজে বের করতে এক্স-রে স্ক্যানিং ব্যবহৃত হয়।

♦ নিউক্লিয়ার বিক্রিয়া (Nuclear Reaction)

অনেক সময় একটি ভারী নিউক্লিয়াসকে একটি হাল্কা কণা দ্বারা আঘাত করলে একটি নতুন ভারী নিউক্লিয়াস এবং এক বা একাধিক হাল্কা কণা উৎপন্ন হয়। এ ঘটনাকে নিউক্লীয় বিক্রিয়া বলে। রাদারফোর্ড ১৯১৯ খ্রিষ্টাব্দে সর্বপ্রথম একটি নিউক্লীয় বিক্রিয়া আবিষ্কার করেন।

• নিউক্লীয় ফিশন (Nuclear Fission)

নিউট্রন দ্বারা আঘাত করে যদি কোনো ভারী পরমাণুর নিউক্লিয়াসকে প্রায় সমভরবিশিষ্ট দুটি অংশে বিভক্ত করা যায় এবং প্রচণ্ড পারমাণবিক শক্তির উদ্ভব হয়, তাহলে নিউক্লিয়াসের এ বিভাজনকে নিউক্লীয় ফিশন বলা হয়।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

• **নিউক্লীয় ফিউশন (Nuclear Fusion)**
একাধিক হালকা পরমাণুর নিউক্লিয়াসের সংযুক্তির ফলে একটি অপেক্ষাকৃত ভারী নিউক্লিয়াস গঠিত হয় এবং প্রচুর পরিমাণে নিউক্লীয় শক্তি উৎপন্ন হয়। নিউক্লিয়াসের এই সংযোগকে নিউক্লীয় ফিউশন বলা হয়। নিউক্লীয় ফিউশন নীতির উপর ভিত্তি করে হাইড্রোজেন বোমা তৈরি করা হয়েছে।

◆ **পারমাণবিক বোমা**
পরমাণুর বিভাজনের মাধ্যমে প্রাপ্ত শক্তিকে কাজে লাগিয়ে যে বোমা তৈরি করা হয় তাকে পারমাণবিক বোমা বলে। ফিশন প্রক্রিয়ায় এ বোমা তৈরি হয়। যুক্তরাষ্ট্রের বিজ্ঞানী ওপেন হেইমার পারমাণবিক বোমা আবিষ্কার করেন। ফিশন প্রক্রিয়ায় পরমাণুর বিভাজনের মাধ্যমে প্রচুর শক্তি নির্গত হয়। ১৯৪৫ সালে নিউমেক্সিকোর আলমোগোর্ডোর নামক স্থানে ট্রিনিটি নামক প্রথম পারমাণবিক বোমা বিস্ফোরণ ঘটানো হয়। পরে ১৯৪৫ সালের ৬ আগস্ট জাপানের হিরোসিমায় লিটল বয় এবং ৯ আগস্ট নাগাসাকিতে ফ্যাট ম্যান পারমাণবিক বোমা নিক্ষেপের মধ্য দিয়ে পারমাণবিক অস্ত্র আবিষ্কারের বিষয়টি প্রমাণিত হয়।

◆ **হাইড্রোজেন বোমা**
ফিউশন প্রক্রিয়ায় চারটি হাইড্রোজেন নিউক্লিয়াস যুক্ত হয়ে একটি হিলিয়াম নিউক্লিয়াস গঠিত হয়। এর মাধ্যমে হাইড্রোজেন বোমা তৈরি করা হয়ে থাকে। হাইড্রোজেন বোমা একটি পারমাণবিক বোমা এবং হাইড্রোজেনের আইসোটোপ ডিউটেরিয়াম ও ট্রিটিয়ামের খোলক দ্বারা গঠিত। যেমন- জার বোমা।

◆ **রাডার (RADAR)**
RADAR (Radio Detection And Ranging) যন্ত্র থেকে তড়িৎ চুম্বকীয় তরঙ্গ নিক্ষেপ করা হয় এবং বস্তুতে প্রতিফলিত হয়ে সেই তরঙ্গ রাডারে ফিরে আসে। যন্ত্রটি তরঙ্গটিকে বিশ্লেষণ করে বস্তুটির উপস্থিতি, দূরত্ব ও দিক সঠিকভাবে নির্ণয় করে। রাডারের ব্যবহার: শত্রু বিমান, জাহাজ এর উপস্থিতি ও গতিবিধি জানা। বিমান চলাচল নিয়ন্ত্রণ। চাঁদ ও নিকটবর্তী গ্রহ উপগ্রহ নিয়ে গবেষণা।

◆ **লেজার (LASER)**
LASER (Light Amplification by Stimulated Emission of Radiation) এর অর্থ হলো বিকিরণ রশ্মির উদ্দীপিত নিঃসরণ দ্বারা আলোর বিবর্ধন। খুব তীব্র, সরু, একবর্ণী, সুসঙ্গত আলোকের সমান্তরাল রশ্মিগুচ্ছ তৈরি করার কৌশলগত ব্যবস্থাকে লেজার বলে। লেজার এক বিশেষ ধরনের আলো। লেজারের ব্যবহার: চোখের রেটিনার কোনো বিচ্ছিন্ন অংশের সংযোজন। হাড়ে ছিদ্রকরণ, অতি সূক্ষ্ম রক্তপাতহীন শল্য চিকিৎসায়। সূক্ষ্ম ক্ষতের চিকিৎসায়, পাকস্থলীর আলসার, টিউমার, ক্যান্সার, বন্ধ হয়ে যাওয়া ধমনী বা শিরার মুখ খুলতে। যোগাযোগ ব্যবস্থায় ও ত্রিমাত্রিক ছবি তৈরিতে। কঠিন বস্তুতে গর্ত করা এবং জোড়া বা ঝালাই কাজে।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. পারমাণবিক বোমা প্রস্তুত করা হয় কোন ধাতু দিয়ে? *[ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]*
ক ইউরেনিয়াম খ রেডিয়াম
গ প্রুটনিয়াম ঘ প্লাটিনাম **উ. ক**

২. $E= mc^2$ সূত্রটি কার? *[তিতাস গ্যাস লি. এর টেকনিশিয়ান/ ইলেক্ট্রিশিয়ান/ ড্রাফটসম্যান: ২৩]*
ক আইনস্টাইন খ নিউটন
গ মাদামকুরি ঘ রাদারফোর্ড **উ. ক**

৫. কোনটি তেজস্ক্রিয় পদার্থ? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের কার্গো হেলপার/ ট্রাফিক: ২৩]*
ক রেডিয়াম খ ম্যাঙ্গানিজ
গ জিংক ঘ ক্লোরিন **উ. ক**

৬. নিউক্লিয়াসের বিভাজনকে কী বলা হয়? *[পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট: ২০]*
ক ফিশন খ মেসন
গ ফিউশন ঘ ফিউশন ও মেসন **উ.ক**

পদার্থ

◆ **পদার্থ (Matter)**
যার ভর আছে, যা কোনো স্থান দখল করে অবস্থান করে এবং যা তার স্থিতিশীল বা গতিশীল অবস্থার পরিবর্তনে বাধা প্রদান করে, তাকে পদার্থ বলা হয়। যেমন: টেবিল, চেয়ার, মাটি, পানি, বাতাস ইত্যাদি। পদার্থ তিন অবস্থায় থাকতে পারে। যথা: কঠিন, তরল ও গ্যাসীয়।

ক. **কঠিন পদার্থ (Solid Matter)**
কঠিন পদার্থের নির্দিষ্ট আয়তন, নির্দিষ্ট আকার এবং কমবেশি দৃঢ়তা আছে। যেমন: বিভিন্ন ধাতু, পাথর, লবণ, বালু প্রভৃতি।

খ. **তরল পদার্থ (Liquid Matter)**
তরল পদার্থের নির্দিষ্ট আয়তন আছে, কিন্তু নির্দিষ্ট আকার নেই। যখন যে পাত্রে রাখা হয়, সে পাত্রের আকার ধারণ করে। তরল পদার্থের অণুসমূহ পরস্পরের সন্নিকটে থাকে, তবে তাদের মধ্যকার আকর্ষণ কঠিন পদার্থের মতো প্রবল নয়। যেমন: পানি, পেট্রল, কেরোসিন, ভোজ্য তেল প্রভৃতি।

গ. **গ্যাসীয় পদার্থ (Gas Matter)**
গ্যাসীয় পদার্থের নির্দিষ্ট কোনো আকার বা আয়তন নেই। গ্যাসীয় পদার্থের অণুসমূহের মধ্যে দূরত্ব অনেক বেশি, তাই আকর্ষণ শক্তি অনেক কম, ফলে তারা প্রায় সম্পূর্ণ মুক্তভাবে চলাচল করে। নাইট্রোজেন, হাইড্রোজেন, অক্সিজেন, কার্বন ডাইঅক্সাইড প্রভৃতি গ্যাসীয় পদার্থের উদাহরণ।

◆ **পদার্থের অবস্থার পরিবর্তন**
সাধারণত একই পদার্থ তিনটি ভিন্ন অবস্থাতেই বিরাজ করতে পারে। যেমন: বরফ, পানি ও জলীয় বাষ্প একই

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

পদার্থ। সাধারণ তাপমাত্রায় পানি একটি তরল পদার্থ। তাকে ঠাণ্ডা করলে 0^0C তাপমাত্রায় তা কঠিন পানি বা বরফে রূপান্তরিত হয়। এ বরফকে তাপ দিলে তা আবার পানিতে পরিণত হয়। পানিকে তাপ দিলে 100^0C তাপমাত্রায় ফুটে বাষ্পে রূপান্তরিত হয়। বাষ্পকে ঠাণ্ডা করলে তা পানিতে পরিণত হয়। তাকে ঠাণ্ডা করে 0^0C এ নিয়ে গেলে বরফে পরিণত হয়। এরূপভাবে প্রায় সকল কঠিন পদার্থকে তাপ দিলে তারা গলে তরলে রূপান্তরিত হয়। যে তাপমাত্রায় কোনো পদার্থ কঠিন অবস্থা হতে তরলে পরিণত হয়, তাকে সে পদার্থের গলনাঙ্ক বলা হয়। তরলকে আরো উত্তপ্ত করলে তা বাষ্পে পরিণত হতে থাকে এবং এক সময়ে ফুটতে আরম্ভ করে। যে তাপমাত্রায় কোনো তরল পদার্থ ফুটতে থাকে তাকে সে পদার্থের স্ফুটনাঙ্ক বলা হয়। পানির স্ফুটনাঙ্ক 100^0C।

- **মৌল বা মৌলিক পদার্থ (Basic Substance)**

যে বস্তুকে রাসায়নিকভাবে বিশ্লেষণ করে অন্য কোনো বস্তুতে রূপান্তরিত করা যায় না, তাকে মৌল বা মৌলিক পদার্থ বলা হয়। সোনা, তামা, লোহা, হাইড্রোজেন, নাইট্রোজেন, অক্সিজেন প্রত্যেকে এক একটি মৌল। কৃত্রিম উপায়ে তৈরি করা মৌলিক পদার্থের সংখ্যা ২০টি।

- **যৌগ বা যৌগিক পদার্থ (Compound Substance)**

যে বস্তুকে রাসায়নিকভাবে বিশ্লেষণ করলে দুই বা ততোধিক মৌলিক পদার্থ পাওয়া যায়, তাকে যৌগ বা যৌগিক পদার্থ বলা হয়। যেমন- হাইড্রোজেন ও অক্সিজেন এ দুইটি মৌল নির্দিষ্ট ভর অনুপাতে পরস্পর যুক্ত হয়ে পানি উৎপন্ন করে। অতএব, পানি একটি যৌগিক পদার্থ।

- **পদার্থের পরিবর্তন**

পদার্থের পরিবর্তন দুই ধরনের। যথা: ভৌত বা অবস্থানগত পরিবর্তন এবং রাসায়নিক পরিবর্তন।

১. ভৌত বা অবস্থানগত পরিবর্তন (Physical Change)

যে পরিবর্তনের ফলে পদার্থের শুধু বাহ্যিক আকার বা অবস্থার পরিবর্তন হয় কিন্তু তা কোনো নতুন পদার্থে পরিণত হয় না, তাকে ভৌত বা অবস্থানগত পরিবর্তন বলা হয়।

২. রাসায়নিক পরিবর্তন (Chemical Change)

যে পরিবর্তনের ফলে এক বা একাধিক বস্তু প্রত্যেকে তার নিজস্ব সত্তা হারিয়ে সম্পূর্ণ নতুন ধর্ম বিশিষ্ট এক বা একাধিক বস্তুতে পরিণত হয়, তাকে রাসায়নিক পরিবর্তন বলা হয়।

ভৌত পরিবর্তন	রাসায়নিক পরিবর্তন
তাপ দিয়ে মোমবাতি গলানো।	লোহায় মরিচা পড়া।
পানিকে ঠাণ্ডা করে বরফে পরিণত করা।	দুধকে ছানায় পরিণত করা।
পানিকে তাপ দিয়ে জলীয় বাষ্পে পরিণত করা।	চাল সিদ্ধ করে ভাতে পরিণত করা।
লোহাকে চুম্বকে পরিণত করা।	মোমবাতির দহন।
বৈদ্যুতিক বাল্ব জ্বালানো।	দিয়াশলাইয়ের কাঠি জ্বালানো।
চিনিকে পানিতে দ্রবীভূত করা।	গাছের পাতায় খাদ্য তৈরির প্রক্রিয়া।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. কৃত্রিম উপায়ে তৈরি করা মৌলিক পদার্থের সংখ্যা কয়টি? *[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*

ক ১৫ খ ১৬
গ ১১ ঘ ১৭

২. 'ড্রাই আইস' তৈরিতে ব্যবহৃত হয়? *[পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট: ২০]*

ক অক্সিজেন খ কার্বন ডাই অক্সাইড
গ সালফার ডাই অক্সাইড
ঘ নাইট্রোজেন ডাই অক্সাইড

উ. খ

এসিড, ক্ষার ও লবণ

- **এসিড (Acid)**

এসিড এক ধরনের গুরুত্বপূর্ণ রাসায়নিক দ্রব্য যা পানিতে দ্রবীভূত করলে এসিডের অণুতে বিয়োজিত হয়ে (ভেঙে) হাইড্রোজেন আয়ন বা প্রোটন (H^+) দান করে। যেমন: হাইড্রোক্লোরিক এসিড (HCl), সালফিউরিক এসিড (H_2SO_4)। এরা তীব্র এসিড, এরা জলীয় দ্রবণে ১০০% বিয়োজিত হয়। কার্বনিক এসিড (H_2CO_3), এসিটিক এসিড (CH_3COOH) এরা মৃদু এসিড। এরা জলীয় দ্রবণে আংশিক বিভাজিত হয়। এসিড ও পানির দ্রবণে এসিডের পরিমাণ যদি বেশি থাকে তবে তাকে গাঢ় এসিড বলে। আবার, এসিডের জলীয় দ্রবণে পাণির পরিমাণ যদি এসিডের তুলনায় অনেক বেশি হয় তবে তাকে লঘু এসিড বলে। এসিড টক স্বাদযুক্ত। এসিড দ্রবণ নীল রঙের লিটমাস পেপারকে লাল রঙের লিটমাস পেপারে রূপান্তরিত করে।

বিভিন্ন উপাদানে বিদ্যমান এসিড			
উপাদান	প্রাপ্ত এসিড	উপাদান	প্রাপ্ত এসিড
তেঁতুল	টারটারিক	টমেটো	ম্যালিক
দুধ	ল্যাকটিক	আঙ্গুর	টারটারিক
ভিনেগার	এসিটিক	আমলকী	অক্সালিক
পাকা কলা	অ্যামাইল অ্যাসিটেট	আনারস	ইথাইল বিউটারেট
আপেল	ম্যালিক	লেবু	সাইট্রিক
কমলালেবু	এসকরবিক	কাঠ	এসিটিক
পাকা কমলা	অক্টাইল এসিটেট	খেঁজুরের রস	ফ্রুক্টোজ

- **ক্ষারক (Base)**

সাধারণত ধাতু বা ধাতুর মতো ক্রিয়াশীল যৌগমূলকের অক্সাইড এবং হাইড্রোক্সাইড যা এসিডের সাথে বিক্রিয়া করে লবণ ও পানি উৎপন্ন করে তাকে ক্ষারক বলে। যেমন- সোডিয়াম অক্সাইড (Na_2O), কপার অক্সাইড (CuO),

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ফেরাস অক্সাইড (FeO), সোডিয়াম হাইড্রোক্সাইড (NaOH) ইত্যাদি। এসিডের সাথে ক্ষারের বিক্রিয়ায় লবণ ও পানি উৎপন্ন হওয়ার বিক্রিয়াকে এসিড-ক্ষারক প্রশমন বিক্রিয়া বলে।

◆ **ক্ষার (Alkali)**

ধাতু বা ধাতুর মতো ক্রিয়াশীল যৌগমূলকের হাইড্রোক্সাইড যৌগ যা পানিতে দ্রবণীয় তাদেরকে ক্ষার বলে। কোনো যৌগের ক্ষার হবার জন্য ২টি শর্ত রয়েছে। যথা: যৌগটিতে হাইড্রোক্সাইড (OH^-) যৌগমূলক থাকতে হবে এবং ঐ যৌগ পানিতে দ্রবীভূত হতে হবে। ক্ষার দ্রবণ শুধু লাল লিটমাস পেপারকে নীল করে।

◆ **লবণ (Salt)**

এসিড ও ক্ষারের বিক্রিয়ায় যে পদার্থ উৎপন্ন হয় তাকে লবণ বলে। লবণের ধনাত্মক আয়নটি ক্ষার থেকে আসে এবং লবণের ঋণাত্মক আয়নটি এসিড বা অম্ল থেকে আসে। তীব্র এসিড ও তীব্র ক্ষারের বিক্রিয়ায় উৎপন্ন লবণের জলীয় দ্রবণ নিরপেক্ষ প্রকৃতির। যেমন- NaCl, Na_2SO_4 ইত্যাদির জলীয় দ্রবণ নিরপেক্ষ।

◆ **pH**

কোনো দ্রবণের হাইড্রোজেন আয়নের (H^+) ঘনমাত্রার ঋণাত্মক লগারিদমকে ঐ দ্রবণের pH বলে। $pH = \log[h^+]$ pH এর পরিমাপ করার জন্য pH স্কেল ব্যবহার করা হয় এবং এর মান ০ থেকে ১৪ পর্যন্ত বিবেচনা করা হয়।

বিভিন্ন দ্রবণের pH মান	
দ্রবণ	pH মান
শক্তিশালী এসিড	০
এসিড দ্রবণ	৭ এর চেয়ে কম
নিরপেক্ষ দ্রবণ (বিশুদ্ধ পানি)	৭
ক্ষার দ্রবণ	৭ এর চেয়ে বেশি
শক্তিশালী ক্ষার	১৪

◆ **নির্দেশক (Indicator)**

যে সব পদার্থ নিজেদের বর্ণ পরিবর্তনের মাধ্যমে কোনো একটি বস্তু অম্লীয়, ক্ষারীয় বা কোনোটি নয় তা নির্দেশ করে সেসব পদার্থকে নির্দেশক বলে।

বিভিন্ন বর্ণ নির্দেশক		
নির্দেশক	অম্লীয় মাধ্যমে বর্ণ	ক্ষারীয় মাধ্যমে বর্ণ
লিটমাস	লাল	নীল
মিথাইল রেড	লাল	হলুদ
মিথাইল অরেঞ্জ	লাল	হলুদ
ফেনল রেড	হলুদ	লাল
ক্রিসল রেড	হলুদ	লাল
ব্রোমোফেনল	হলুদ	নীল
ফেনলফথ্যালিন	বর্ণহীন	লালচে বেগুনি

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. বিশুদ্ধ পানির পিএইচ (P^H) কত? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের কার্গো হেলপার/ট্রাফিক: ২৩]*

ক ৮ খ ৭
গ ৬ ঘ ৫ **উ. খ**

২. সার্বজনীন দ্রাবক কোনটি? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের কার্গো হেলপার/ট্রাফিক: ২৩]*

ক এসিড খ পানি
গ অক্সিজেন ঘ ক্ষার **উ. খ**

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. সার্বজনীন দ্রাবক কোনটি? *[পরিবেশ অধিদপ্তরের গবেষণাগার সহকারী:২৩]*

উ. পানি।

প্র. লিটমাস ক্ষারীয় মাধ্যমে কি বর্ণ ধারণ করে? *[পরিবেশ অধিদপ্তরের গবেষণাগার সহকারী: ২৩]*

উ. নীল।

রাসায়নিক বিক্রিয়া

◆ **রাসায়নিক বিক্রিয়া (Chemical Reactions)**

যে প্রক্রিয়ায় এক বা একাধিক বস্তু এক বা একাধিক নতুন বস্তুতে রূপান্তরিত হয়, তাকে রাসায়নিক বিক্রিয়া বলে। যেমন: হাইড্রোজেন ও অক্সিজেন পরস্পরের সাথে মিলিত হয়ে পানি উৎপাদন করে। এক্ষেত্রে পানি হাইড্রোজেন ও অক্সিজেন হতে সম্পূর্ণ ভিন্ন বস্তু। $2H_2 + O_2 = 2H_2O$

◆ **জারণ (Oxidation)**

যে বিক্রিয়ায় কোনো মৌল বা যৌগ ইলেকট্রন বর্জন করে সেই বিক্রিয়াকে জারণ বলা হয়। যে পদার্থটির জারণ ঘটে, তা জারিত হয়েছে বলা হয় এবং যা দ্বারা জারণ সংঘটিত হয়, তাকে জারক বলা হয়। জারণ ঘটে অ্যানোডে।

◆ **বিজারণ (Reduction)**

যে বিক্রিয়ায় কোনো মৌল বা যৌগ ইলেকট্রন গ্রহণ করে সেই বিক্রিয়াকে বিজারণ বলা হয়। যে বস্তুটির বিজারণ ঘটে তা বিজারিত হয়েছে বলা হয়। বিজারণ ঘটে ক্যাথোডে।

◆ **জারক**

যে বস্তু অন্য কোনো বস্তুর জারণ ঘটায় এবং নিজে বিজারিত হয়, তাকে জারক বলা হয়। যেমন: অক্সিজেন, ফ্লোরিন, ক্লোরিন, ব্রোমিন, আয়োডিন, পটাসিয়াম পারম্যাঙ্গানেট প্রভৃতি।

◆ **বিজারক**

যে বস্তু অন্য কোনো বস্তুর বিজারণ ঘটায় এবং নিজে জারিত হয়, তাকে বিজারক বলা হয়। যেমন: সকল ধাতু, হাইড্রোজেন, কার্বন প্রভৃতি।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. কোনটি জারক পদার্থ নয়? [বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিভিন্ন পদ:২৩]
ক হাইড্রোজেন খ অক্সিজেন
গ ক্লোরিন ঘ ব্রোমিন
উ. ক

ধাতব পদার্থ

ধাতু (Metals)
যে মৌল কঠিন ও গলিত উভয় অবস্থায় তড়িৎ পরিবহন করে তাকে ধাতু বলে। এদের পরমাণু ইলেকট্রন ত্যাগ করে ক্যাটায়ন উৎপন্ন করে। ধাতু বিদ্যুৎ ও তাপ সুপরিবাহী।

ধাতুর শিখা পরীক্ষা
উত্তপ্ত ধাতব পরমাণু বার্নারের অনুজ্জ্বল শিখা থেকে প্রয়োজনীয় তরঙ্গদৈর্ঘ্যের আলো শোষণ করে এবং শোষিত শক্তি বিকিরিত হয়ে শিখায় বিশেষ বর্ণের আলো সৃষ্টি করে এ পরীক্ষাকে শিখা পরীক্ষা বলে। শিখা পরীক্ষায় বিভিন্ন ধাতু বিভিন্ন বর্ণের শিখা তৈরি করে।

বিভিন্ন ধাতুর শিখা পরীক্ষায় বর্ণ	
ধাতুর নাম	শিখা পরীক্ষায় বর্ণ
সোডিয়াম	উজ্জ্বল সোনালি হলুদ
ক্যালসিয়াম	ইটের ন্যায় লাল বর্ণ
কপার	সবুজাভ নীল
তামা	গাঢ় সবুজ
পটাসিয়াম	বেগুনি
ম্যাগনেসিয়াম	বর্ণহীন
অ্যালুমিনিয়াম	বর্ণহীন

অভিজাত ধাতু (Noble Metals)
যে সকল ধাতুসমূহ বাতাসের অক্সিজেন দ্বারা সহজে জারিত হয় না অর্থাৎ এরা বেশ নিষ্ক্রিয় অবস্থায় থাকে, এদেরকে অভিজাত ধাতু বলা হয়। যেমন: সোনা, রূপা, প্লাটিনাম, রোডিয়াম, প্যালাডিয়াম প্রভৃতি। সবচেয়ে মূল্যবান ধাতু প্লাটিনাম।

খনিজ
ধাতু, অধাতু, উপধাতু বা তাদের বিভিন্ন যৌগ প্রকৃতিতে মাটি, পানি কিংবা বায়ুমণ্ডল থেকে সংগ্রহ করা হয় এগুলোকে খনিজ বলে। খনিজ কঠিন হতে পারে, যেমন- লোহা বা তামার খনিজ। তরল হতে পারে, যেমন- পেট্রোলিয়াম, আবার গ্যাসীয় হতে পারে যেমন- প্রাকৃতিক গ্যাসের খনিজ।

আকরিক (Ores)
যে সকল খনিজ থেকে লাভজনকভাবে ধাতু বা অধাতুকে সংগ্রহ বা নিষ্কাশন করা যায় সে সকল খনিজকে আকরিক বলে। যেমন: গ্যালেনা (PbS) থেকে লাভজনকভাবে লেড ধাতু নিষ্কাশন করা যায়, তাই গ্যালেনাকে লেড ধাতুর আকরিক বলা হয়। আয়রনের সালফাইডকে আয়রন পাইরাইটস (FeS_2) বলা হয়। আয়রন পাইরাইটস থেকে আয়রন ধাতু নিষ্কাশন করা যায়।

ধাতু	ব্যবহার
সোডিয়াম (Na)	রাস্তায় হলুদ রঙের বাতিতে সোডিয়াম বাষ্প ব্যবহার হয়। পারমাণবিক চুল্লিতে তাপ পরিবাহক হিসেবে ব্যবহার হয়।
সোডিয়াম ক্লোরাইড (NaCl)	প্রধানত খাদ্যদ্রব্য সুস্বাদু করতে ও বিভিন্ন অজৈব যৌগ প্রস্তুতিতে এবং সাবান শিল্পে এটি ব্যবহৃত হয়ে থাকে।
কস্টিক সোডা	এটি কাঁচামাল হিসেবে সাবান প্রস্তুতিতে এবং কাগজ প্রস্তুতিতে ব্যবহৃত হয়।
সোডিয়াম কার্বনেট	এটি কাপড় কাচার সোডা এবং কাচ ও কাগজ শিল্পে এটি ব্যবহৃত হয়ে থাকে।
পটাসিয়াম (K)	সোডিয়াম ও পটাসিয়ামের তরল সংকর উচ্চ তাপমাত্রার থার্মোমিটারে এবং আলোক-তড়িৎ সেল তৈরিতেও পটাসিয়াম ব্যবহৃত হয়।
ম্যাগনেসিয়াম (Mg)	বিমান, মোটরগাড়ি, বৈদ্যুতিক পাখা প্রভৃতির যন্ত্রাংশ তৈরিতে এর কিছু ধাতু-সংকর ব্যবহৃত হয়। আতশবাজি এবং ফটোগ্রাফির ফ্লাশ পাউডার তৈরিতে এটি ব্যবহার করা হয়।
ম্যাগনেসিয়াম সালফেট	ম্যাগনেসিয়াম কার্বনেটের সাথে লঘু H_2SO_4 যোগ করলে এ লবণ উৎপন্ন হয়। এটি সাবান ও রং প্রস্তুতিতে ব্যবহৃত হয়।
ক্যালসিয়াম (Ca)	কোনো কোনো ধাতু নিষ্কাশনকালে তা হতে বিভিন্ন অধাতুকে অপসারণের জন্য ক্যালসিয়াম ব্যবহৃত হয়।
ক্যালসিয়াম অক্সাইড	কলিচুন প্রস্তুতিতে এবং সোডালাইম হিসেবে এটি ব্যবহৃত হয়।
ক্যালসিয়াম সালফেট ($CaSO_4$)	প্রকৃতিতে এটি জিপসাম ($CaSO_4.2H_2O$) হিসেবে পাওয়া যায়। এটি প্যারিস প্লাস্টার উৎপাদনে ব্যবহৃত হয়।
ক্যালসিয়াম হাইড্রোক্সাইড $Ca(OH)_2$	সিমেন্ট, কস্টিক সোডা ও ব্লিচিং পাউডার উৎপাদনে, দালান চুনকামে এবং পানির খরতা দূরীকরণে এটি ব্যবহৃত হয়।
অ্যালুমিনিয়াম (Al)	উড়োজাহাজ, রেলগাড়ি, মোটরগাড়ি, ট্রাম প্রভৃতির অংশ নির্মাণ করতে ব্যবহৃত হয়। বৈদ্যুতিক তার হিসেবে এটি ব্যবহৃত হয়। সিগারেট, চকলেট ও অনেক খাদ্য দ্রব্যের মোড়ক তৈরি করা হয়।
পটাসিয়াম অ্যালুমিনিয়াম সালফেট	এটি হতে পটাস এলাম বা ফিটকিরি পাওয়া যায়। যা পানি শোধনে ব্যবহার করা হয়।
জিংক বা দস্তা (Zn)	লোহার জিনিসকে মরিচার হাত হতে রক্ষার জন্য এর উপর জিংকের প্রলেপ দেয়া হয়।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

	একে গ্যালভানাইজিং বলা হয়। ড্রাইসেল বা ব্যাটারি তৈরিতে, ব্রাস বা পিতল, জার্মান সিলভার প্রভৃতি ধাতু-সংকর তৈরিতে জিংক ব্যবহৃত হয়।
জিংক অক্সাইড (ZnO)	মলম আকারে এবং মেডিকেটেড পাউডারের অংশ হিসেবে এটি ব্যবহৃত হয়। দাঁতের চিকিৎসায় এই মেডিকেটেড পাউডার ব্যবহৃত হয়ে থাকে।
জিংক সালফেট	জীবাণুনাশক হিসেবে চামড়া ও কাঠের পচন নিবারণে, বস্ত্র রঞ্জনে, ছাপানোর কাজে জিংক সালফেট ব্যবহৃত হয়।
লেড বা সীসা (Pb)	লেড ধাতু স্টোরেজ ব্যাটারি মোটরগাড়ির ব্যাটারি তৈরিতে ব্যবহৃত হয়।
আয়রন বা লোহা (Fe)	ঢালাই লোহা প্রধানত বিভিন্ন ঢালাই কারখানায়, কড়াই, বাটখারা, টিউবওয়েলের মাথা, পিস্টন, গিয়ার ইত্যাদি প্রস্তুতিতে এবং ইস্পাত ও পেটা লোহা উৎপাদনে ব্যবহৃত হয়। ইস্পাত প্রধানত রেলের চাকা ও লাইন, ইঞ্জিন, জাহাজ, যানবাহন, দালান-কোঠার ফ্রেম, বিম, মেশিন গান, ছুরি, কাঁচি, ঘড়ির স্প্রিং, কৃষি ও অস্ত্রোপচার যন্ত্রপাতি ইত্যাদি প্রস্তুতিতে ব্যবহৃত হয়। পেটা লোহা সাধারণত শিকল, তার, তারজালি, বৈদ্যুতিক চুম্বক, পিয়ানোর তার ইত্যাদি প্রস্তুতিতে ব্যবহৃত হয়।
আয়রন সালফেট	এটি লেখার কালি তৈরিতে, মোর লবণ প্রস্তুতিতে এবং ল্যাবরেটরিতে ব্যবহৃত হয়।
কপার বা তামা (Cu)	বৈদ্যুতিক যন্ত্রপাতি এবং বৈদ্যুতিক তার নির্মাণে প্রচুর পরিমাণে ব্যবহৃত হয়। বিভিন্ন বয়লার, শীতক, গৃহস্থালি বাসনপত্র প্রস্তুতিতে ব্যবহৃত হয়। বিভিন্ন ধাতু-সংকর, যেমন পিতল, কাঁসা, জার্মান সিলভার প্রস্তুতিতে কপার ব্যবহৃত হয়।
কপার সালফেট	বৈদ্যুতিক প্রলেপন, কপারের তড়িৎ বিশোধনে, জীবাণু ও কীটনাশক হিসেবে কৃষিতে এবং কাঠ ও চামড়া সংরক্ষণে এটি ব্যবহৃত হয়।
পারদ বা মারকারি (Hg)	থার্মোমিটার, ব্যারোমিটার, ম্যানোমিটারে ব্যবহৃত হয়। সোনা, রূপা নিষ্কাশনে ব্যবহৃত হয়। রেকটিফায়ার, নিয়ন আলো তৈরিতে ব্যবহৃত হয়। দাঁতের ফিলিংয়ের উপাদান হিসেবে ব্যবহৃত হয়।

কয়েকটি যৌগের ব্যবহারিক ও রাসায়নিক নাম

ব্যবহারিক নাম	রাসায়নিক নাম
খাবার লবণ	সোডিয়াম ক্লোরাইড
কস্টিক সোডা	সোডিয়াম হাইড্রোক্সাইড
খাবার সোডা	সোডিয়াম বাই কার্বনেট
সোহাগা	সোডিয়াম পাইরোবোরেট
স্মেলিং সল্ট	অ্যামোনিয়াম কার্বনেট
নিশাদল	অ্যামোনিয়াম ক্লোরাইড
ইউরিয়া	অ্যামোনিয়াম সালফেট
চুন/কুইকলাইম	ক্যালসিয়াম অক্সাইড
ফিটকিরি	পটাসিয়াম অ্যালমিনিয়াম সালফেট
সাদা ভিট্রিওল	জিঙ্ক সালফেট (পানিযুক্ত)
সবুজ ভিট্রিওল	ফেরাস সালফেট (পানিযুক্ত)
তুঁতে	আর্দ্র কপার সালফেট
কাপড় কাচা সোডা	আর্দ্র সোডিয়াম কার্বনেট
মরিচা	ফেরিক অক্সাইড
লাফিং গ্যাস	নাইট্রাস অক্সাইড
পলিথিন	পলিইথিলিন
টেস্টিং সল্ট	মনো সোডিয়াম গ্লুটামেট
ক্লোরোফর্ম	ট্রাই ক্লোরো মিথেন

◆ **সংকর ধাতু**

কোনো গরম গলিত ধাতুর মধ্যে অন্য কোনো গরম গলিত ধাতু বা অধাতু মিশিয়ে সেই মিশ্রণকে ঠাণ্ডা করলে যে কঠিন পদার্থ পাওয়া যায় তাকে বলা হয় সংকর ধাতু।

বিভিন্ন সংকর ধাতু ও তার ব্যবহার

সংকর ধাতু	উপাদান	ব্যবহার
স্টিল	লোহা ৯৯%, কার্বন ১%	রেলের চাকা ও লাইন, ইঞ্জিন, জাহাজ, ক্রেন, যুদ্ধাস্ত্র, কাঁচি, ঘড়ির স্প্রিং, কৃষি যন্ত্রপাতি।
স্টেইনলেস স্টিল	লোহা ৭৪%, ক্রোমিয়াম ১৮%, নিকেল ৮%	ছুরি, কাঁটা চামচ, রসায়ন শিল্পের বিক্রিয়া পাত্র, অস্ত্রোপাচারের যন্ত্রপাতি।
পিতল (ব্রাস)	কপার ৬৫%, জিংক ৩৫% (তামা + দস্তা)	অলংকার, কলকবজার বিয়ারিং, বৈদ্যুতিক সুইচ, দরজার হাতল।
কাঁসা ব্রোঞ্জ	কপার ৯০%, টিন ১০% (তামা+ টিন)	ধাতু গলানো যন্ত্রাংশ, থালা, গ্লাস।
ডুরালমিন	অ্যালুমিনিয়াম ৯৫%, কপার ৪%, অন্যান্য ১%	উড়োজাহাজের বডি, বাইসাইকেলের পার্টস।
নাইক্রোম	নিকেল ৬০%, আয়রন ২৫%, ক্রোমিয়াম ১৫%	বৈদ্যুতিক ইস্ত্রি ও হিটার
গান মেটাল	তামা ৮৮%, টিন ১০%, দস্তা ২%	কামান তৈরিতে

◆ **ইস্পাত (Steel)**

ইস্পাত লোহার একটি সংকর ধাতু যাতে নির্দিষ্ট পরিমাণ কার্বন থাকে। এতে কার্বনের পরিমাণ ০.১৫%-১.১৫%।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ইস্পাত সাধারণ লোহা থেকে ভিন্ন, কারণ এতে সুনিয়ন্ত্রিত পরিমাণ কার্বন বিদ্যমান। রেললাইন ও রেলইঞ্জিন তৈরিতে, সমরাস্ত্র, স্থায়ী চুম্বক, ছুরি, কাঁচি, জাহাজ, কৃষি যন্ত্রপাতি প্রভৃতি তৈরিতে ইস্পাত ব্যবহার করা হয়।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. স্টিলে কার্বনের শতকরা হার কত? *[তিতাস গ্যাস লি. এর টেকনিশিয়ান/ ইলেক্ট্রিশিয়ান/ ড্রাফটসম্যান: ২৩]*
ক ০.১৫-১.৫% খ ০.৫-১.২%
গ ০.১০-১.৫% ঘ ০.১০-১.২% উ. ক

২. গ্যালভানাইজড পাইপের উর্ধ্বে প্রলেপ দেয়া হয়- *[তিতাস গ্যাস লি. এর টেকনিশিয়ান/ ইলেক্ট্রিশিয়ান/ ড্রাফটসম্যান: ২৩]*
ক দস্তা খ পেইন্ট
গ তেল ঘ Galvanoleum উ. ক

৩. পৃথিবীর সবচেয়ে মূল্যবান ধাতু কোনটি? *[নির্বাচন কমিশনের অফিস সহায়ক: ২৩]*
ক স্বর্ণ খ হীরা
গ সিলভার ঘ প্লাটিনাম উ. ঘ

৪. সাধারণ তাপমাত্রায় কোন মৌলিক ধাতু তরল অবস্থায় থাকে? *[তিতাস গ্যাস লি. এর টেকনিশিয়ান/ ইলেক্ট্রিশিয়ান/ ড্রাফটসম্যান: ২৩]*
ক সীসা খ পারদ
গ ক্যালসিয়াম ঘ লিথিয়াম উ. খ

অধাতব পদার্থ

♦ অধাতু (Non Metals)

যে মৌল কঠিন বা অন্য অবস্থায় তড়িৎ পরিবহণ করে না তাকে অধাতু বলা হয়। অধাতুসমূহ প্রধানত বিদ্যুৎ ও তাপ অপরিবাহী।

♦ বহুরূপতা

যদি কোনো মৌল ভিন্ন ভিন্ন রূপে থাকতে পারে, তবে এ ধর্মকে বহুরূপতা বলা হয়। সে মৌলকে বহুরূপী মৌল বলা হয়। কার্বন, ফসফরাস, সিলিকন, সালফার, টিন প্রভৃতি মৌল বহুরূপতা প্রদর্শন করে।

নাম	ব্যবহার
হীরক	পৃথিবীর সবচেয়ে কঠিন পদার্থ হীরা গহনা তৈরিতে ও কাঁচ কাটায় ব্যবহৃত হয়। এছাড়া অতি সূক্ষ্ম যন্ত্রপাতি তৈরিতেও হীরক ব্যবহৃত হয়।
গ্রাফাইট	পিচ্ছিলতার কারণে চূর্ণকরণ যন্ত্রপাতিতে ঘর্ষণ রোধের জন্য গ্রাফাইটকে কঠিন মসৃণ হিসেবে ব্যবহার করা হয়। কাঠপেন্সিলের সীস হিসেবে গ্রাফাইট ব্যবহৃত হয়। পারমাণবিক চুল্লিতে মন্থরক হিসেবে, বিভিন্ন গলিত লবণের তড়িৎ বিশ্লেষণে অ্যানোডে ব্যবহৃত হয়।
কার্বন মনোক্সাইড (CO)	কার্বন মনোক্সাইড একটি বর্ণহীন, স্বাদহীন ও গন্ধহীন গ্যাস। সমআয়তনের হাইড্রোজেন ও কার্বন মনোক্সাইড মিশে ওয়াটার গ্যাস তৈরি হয়।
কার্বন ডাইঅক্সাইড (CO_2)	তরল কার্বন ডাইঅক্সাইডকে দ্রুত বাষ্পায়িত করতে গেলে এর কিছু অংশ জমে কঠিন অবস্থা প্রাপ্ত হয়। একে শুষ্ক বরফ বা Dry ice বলা হয়। অগ্নিনির্বাপক হিসেবে ব্যবহৃত হয়। মৃদু পানীয় (কোকাকোলা, পেপসিকোলা) তৈরিতে এটি ব্যবহৃত হয়। এটি কাপড় কাচা সোডা ও খাওয়া সোডা তৈরিতে ব্যবহৃত হয়ে থাকে। শীতলকারক হিসেবে ও নাট্য মঞ্চে ধোঁয়া তৈরিতে ব্যবহার হয়।
ক্যালসিয়াম কার্বনেট ($CaCO_3$)	সিমেন্ট, চুন, কাচ, ক্যালসিয়াম কার্বাইড প্রভৃতির উৎপাদনে এবং ধাতু নিষ্কাশনে ব্যবহৃত হয়। অট্টালিকা, ভাস্কর্য প্রভৃতি নির্মাণে কড়িমাটিরূপে রং, চক ও দাঁতের মাজন তৈরিতে এটি ব্যবহৃত হয়।
সিলিকন (Si)	কয়েক ধরনের ইস্পাত ও ব্রোঞ্জ নির্মাণে এবং সিলিকন নামক জৈব সিলিকন যৌগ প্রস্তুতিতে এবং ট্রানজিস্টর ও মাইক্রোচিপস তৈরিতে সিলিকন ব্যবহৃত হয়।
নাইট্রোজেন (N)	অ্যামোনিয়া, নাইট্রিক এসিড এবং ইউরিয়া, অ্যামোনিয়াম সালফেট প্রভৃতি সার উৎপাদনে নাইট্রোজেন প্রচুর পরিমাণে ব্যবহৃত হয়।
অ্যামোনিয়া (NH_4)	শিল্পক্ষেত্রে নাইট্রিক এসিড তৈরিতে প্রচুর পরিমাণে অ্যামোনিয়ার প্রয়োজন হয়। এছাড়া ইউরিয়া, বিভিন্ন অ্যামোনিয়াম লবণ ও সার প্রস্তুতিতে প্রচুর পরিমাণে অ্যামোনিয়া ব্যবহৃত হয়।
নাইট্রিক এসিড (HNO_3)	স্বর্ণ হতে খাদ দূর করতে এবং বিভিন্ন বিস্ফোরক তৈরির জন্য এটি ব্যবহৃত হয়। HNO_3 ও HCl এর মিশ্রণ স্বর্ণ গলিয়ে দেয়। এর অপর নাম একোয়া রিজিয়া।
লোহিত বা লাল ফসফরাস	এটি দেয়াশলাই শিল্পে, ইঁদুর মারার বিষ তৈরিতে, আগুনে বোমা এবং যুদ্ধের সময় ধূম্রজাল তৈরিতে ব্যবহৃত হয়।
অক্সিজেন (O)	শ্বাসকার্যের জন্য অক্সিজেন প্রয়োজন। পানির নিচে ডুবুরিদের, উড়োজাহাজে এবং পর্বতারোহীদের অক্সিজেন প্রয়োজন হয়। অক্সি-হাইড্রোজেন, অক্সি-অ্যালিটিলিন প্রভৃতি বিভিন্ন শিখা উৎপাদনের জন্য অক্সিজেন প্রয়োজন হয়। রকেটের জ্বালানি হিসেবে বিভিন্ন দাহ্য তরলকৃত গ্যাস এবং সে সাথে জারক হিসেবে তরল অক্সিজেন ব্যবহৃত হয়।
সালফার (S)	সালফার ডাই-অক্সাইড ও সালফিউরিক এসিড তৈরিতে এটি প্রচুর পরিমাণে ব্যবহৃত হয়ে থাকে। রবারের ভলকানাইজিং এর জন্য এটি ব্যবহৃত হয়।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

সালফিউরিক এসিড (H_2SO_4)	বিভিন্ন বিস্ফোরক, সাবান জাতীয় পদার্থ, বিভিন্ন রঞ্জক পদার্থ তৈরিতে পেট্রোলিয়াম শোধনে এবং ধাতু নিষ্কাশনে এর ব্যবহার বিশেষভাবে উল্লেখযোগ্য।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. সবচেয়ে কঠিন পদার্থ- *[তিতাস গ্যাস লি. এর টেকনিশিয়ান/ ইলেক্ট্রিশিয়ান/ ড্রাফটসম্যান: ২৩]*
ক গ্রাফাইট খ টাংস্টেন
গ প্লাটিনাম ঘ হীরা উ. ঘ

২. অগ্নি নির্বাপক যন্ত্রে কি গ্যাস ব্যবহৃত হয়? *[বাংলাদেশ রেলওয়ের খালাসী: ২২]*
ক অক্সিজেন খ নাইট্রোজেন
গ মিথেন ঘ কার্বন ডাই অক্সাইড উ. ঘ

৩. স্বর্ণের খাদ বের করতে কোন অ্যাসিড ব্যবহার করা হয়? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]*
ক সাইট্রিক অ্যাসিড খ নাইট্রিক অ্যাসিড
গ হাইড্রোক্লোরিক অ্যাসিড ঘ সালফিউরিক অ্যাসিড উ. খ

৪. কোমল পানীয়তে কোনটি ব্যবহৃত হয়? *[বাংলাদেশ রেলওয়ের সহকারী লোকোমটিভ মাস্টার: ২২]*
ক CO_2 খ O_2
গ SO_2 ঘ N_2 উ. ক

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. গ্রাফিন কার বহুরূপী? *[কাস্টম হাউস (যশোর) এর সিপাহী: ২৩]*
উ. কার্বন।

প্র. শুষ্ক বরফ বলা হয় কাকে? *[রপ্তানি উন্নয়ন ব্যুরোর গবেষণা কর্মকর্তা: ২৩]*
উ. কার্বন ডাই-অক্সাইডকে।

প্র. অগ্নিনির্বাপক যন্ত্রে কী গ্যাস ব্যবহৃত হয়? *[বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন কর্তৃপক্ষের কারিগরি সহকারী: ২৩]*
উ. কার্বন ডাই-অক্সাইড

জৈব ও অজৈব যৌগ

◆ জৈব যৌগ (Organic Compound)
কার্বনের যৌগসমূহকে জৈব যৌগ বলা হয় এবং রসায়নের যে শাখায় কার্বনের যৌগ সম্পর্কিত তথ্যাদি পর্যালোচনা করা হয়, তাকে জৈব রসায়ন বলা হয়।

- **ক্লোরোফরম ($CHCl_3$):** ক্লোরোফরমের রাসায়নিক নাম ট্রাইক্লোরো মিথেন। ক্লোরোফরম আলো ও বায়ুর উপস্থিতিতে বিষাক্ত ফসজিন গাস উৎপন্ন করে বলে এটিকে অস্বচ্ছ বাদামী বর্ণের বোতলে রাখা হয় । চেতনানাশক রূপে ক্লোরোফরম অস্ত্রোপাচারে বহুল ব্যবহৃত হয়ে থাকে।
- **মিথেন (CH_4):** পতিত বা বদ্ধ জলাভূমিতে গাছপালা পচনের ফলে মার্স নামক এক ধরনের গ্যাস উৎপন্ন হয় যাকে মিথেন বলা হয়। বদ্ধ জলাভূমিতে এটি প্রায়ই দেখা যায়।
- **কাঁদুনে গ্যাস বা টিয়ার গ্যাস (Cl_3CNO_2):** কাঁদুনে গ্যাসের রাসায়নিক নাম ক্লোরোপিক্রিন। ক্লোরোফরমের সাথে গাঢ় নাইট্রিক এসিড মিশিয়ে কাঁদুনে গ্যাস উৎপন্ন করা হয়। এটি তৈল জাতীয় পদার্থ এবং অশ্রু উৎপাদন করে থাকে।
- **অ্যাসিটিলিন (C_2H_2):** এর হাইড্রোকার্বনের কার্বন শিকলে পাশাপাশি দুই কার্বন পরমাণু ত্রিবন্ধন দ্বারা পরস্পর যুক্ত থাকে। অক্সি-অ্যাসিটিলিন শিখার তাপমাত্রা ৩০০০°-৩৫০০° সে। এই শিখা লোহা ঝালাইয়ের কাজে বহুল ভাবে ব্যবহৃত হয়।

◆ অ্যালকোহল
হাইড্রোকার্বনের অণু হতে একটি হাইড্রোজেন পরমাণু হাইড্রোক্সিল গ্রুপ (-OH) দ্বারা প্রতিস্থাপিত হলে যে উপাদানসমূহ গঠিত হয়, তাদেরকে অ্যালকোহল বলা হয়। যেমন: মিথানল বা মিথাইল অ্যালকোহল CH_3OH, ইথাইল অ্যালকোহল বা ইথানল CH_3CH_2OH।

- **ইথানলের ব্যবহার:**
জৈব দ্রাবক হিসেবে। জ্বালানি তৈরিতে। তরল অক্সিজেনের সাথে মিশ্রিত করে রকেটের জ্বালানি হিসেবে। ইথার, ক্লোরোফর্ম, ইথানয়িক এসিড প্রভৃতি অনেক জৈব যৌগ সংশ্লেষণে। বিয়ার, শ্যাম্পেন প্রভৃতি পানীয় মদ উৎপাদনে।

◆ এস্টার
জৈব কার্বক্সিলিক এসিডের একটি জাতক হলো এস্টার। জৈব কার্বক্সিলিক এসিডের -OH মূলকটি অ্যালকক্সি (R′-0-) দ্বারা প্রতিস্থাপিত হলে এস্টার উৎপন্ন হয়। এস্টার বিভিন্ন ফুল ও ফলের মিষ্টি গন্ধের জন্য দায়ী।

◆ অক্সালিক এসিড $(COOH)_2$
ক্যালসিয়াম অক্সালেট $Ca(COO)_2$ নামক এক প্রকার রাসায়নিক পদার্থ কচু ও ওল জাতীয় উদ্ভিদের কাণ্ডে, মূলে ও পাতায় পাওয়া যায়। এরা কেলাস জাতীয়। এই কেলাস খাওয়ার সময় গলায় চুলকানির সৃষ্টি করে।

◆ জৈব এসিড (Organic Acid)
জৈব এসিড মানুষের খাদ্যোপযোগী উপাদান। লেবুর রস (সাইট্রিক এসিড), তেঁতুল (টারটারিক এসিড), দধি (ল্যাকটিক এসিড) ইত্যাদি জৈব এসিডকে খাবার হিসেবে গ্রহণ করা হয়। জৈব এসিডের ব্যাকটেরিয়া ধ্বংস করার ক্ষমতা থাকায় একে খাদ্য সংরক্ষক হিসেবে ব্যবহার করা হয়। ইথানয়িক এসিডের ৬% থেকে ১০% জলীয় দ্রবণকে ভিনেগার বলা হয়। ভিনেগার সস্ ও আচার সংরক্ষণের জন্য ব্যবহৃত হয়।

বিভিন্ন খাদ্যে থাকা জৈব এসিডসমূহ	
খাদ্য	জৈব এসিড
আমলকি, জাম, টমেটো	অ্যাসকরবিক এসিড

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

আপেল, কলা, জাম, টমেটো	ম্যালিক এসিড
দুধ	ল্যাকটিক এসিড
কফি	ক্যাফিট্যানিক এসিড
চা	ট্যানিক এসিড
বিভিন্ন সাইট্রাস ফল যেমন- লেবু, কমলা, মালটা, জাম্বুরা,	সাইট্রিক এসিড
তেঁতুল, আনারস, গাজর, আঙ্গুর	টারটারিক এসিড
টমেটো, গোলমরিচ	অক্সালিক এসিড

- **গ্লুকোজ**

গ্লুকোজ এক প্রকার মনোস্যাকারাইড জাতীয় কার্বোহাইড্রেট। এর আণবিক সংকেত $C_6H_{12}O_6$ এবং স্থুল সংকেত CH_2O। এটি মিষ্টি স্বাদবিশিষ্ট ও পানিতে দ্রবণীয়। পাকা মিষ্টি ফলের রস, মৌচাকের মধু এবং ফুলের মধুতে গ্লুকোজ পাওয়া যায়। পাঁকা আঙ্গুরে ২০-৩০% গ্লুকোজ থাকে। এটি রোগীর পথ্য ও ঔষধ রূপে ব্যবহার হয়।

- **পানি (H_2O)**

পানি একটি অজৈব, স্বচ্ছ, স্বাদহীন, গন্ধহীন, বর্ণহীন রাসায়নিক পদার্থ। এর রাসায়নিক নাম ডাই হাইড্রোজেন মনোক্সাইড। পানি কঠিন, তরল ও বায়বীয় অবস্থায় থাকতে পারে। ০° সে. তাপে পানি জমে বরফে এবং ১০০° সে. তাপে জলীয় বাষ্পে পরিণত হয়।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. তেঁতুলে কোন এসিড থাকে? *[ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন অফিসার: ২২]*

ক এসিটিক এসিড খ টারটারিক এসিড
গ সাইট্রিক এসিড ঘ সালফিউরিক এসিড উ. খ

২. আঙ্গুর ফলে কোন এসিড থাকে? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পাউন্ডার/পোল্ট্রি টেকনিশিয়ান: ২০]*

ক ম্যালিক খ অক্সালিক
গ সাইট্রিক ঘ এসকরবিক উ. গ

৩. অক্সালিক এসিড থাকে কোন ফলে? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পাউন্ডার/পোল্ট্রি টেকনিশিয়ান: ২০]*

ক কমলা খ টমেটো
গ আপেল ঘ লেবু উ. খ

৪. পাকা আম মিষ্টি হয় যার উপস্থিতিতে- *[দুর্নীতি দমন কমিশন এর ডাটা এন্ট্রি অপারেটর: ১৯]*

ক গ্লুকোজ খ সুক্রোজ
গ ফ্রুক্টোজ ঘ কোনোটিই নয় উ. গ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. টমেটোতে কি এসিড থাকে? *[পরিবেশ অধিদপ্তরের গবেষণাগার সহকারী: ২৩]*

উ. ম্যালিক এসিড।

দৈনন্দিন জীবনে রসায়ন

নাম	ব্যবহার
খাদ্য লবণ	তরকারিতে NaCl লবণ ব্যবহৃত হয়। শিল্পকারখানায় NaOH যৌগ প্রস্তুত করার জন্য NaCl ব্যবহৃত হয়। ডায়রিয়া বা পানিশূন্যতা পূরণের জন্য ওষুধ শিল্পে স্যালাইনের মধ্যে NaCl প্রয়োজন হয়।
বেকিং পাউডার	কেক বানানোর কাজে বেকিং পাউডার ব্যবহার করা হয়। অ্যামোনিয়া গ্যাস, খাদ্য লবণ, পানি এবং কার্বন ডাই-অক্সাইড থেকে বেকিং সোডা প্রস্তুত করা যায়।
সিরকা বা ভিনেগার	অ্যাসিটিক এসিডের ৪%-১০% জলীয় দ্রবণকে ভিনেগার বলা হয়। আচার সংরক্ষণে ভিনেগার ব্যবহৃত হয়।
কাপড় কাচা সোডা	সোডার রাসায়নিক নাম সোডিয়াম কার্বনেট ডেকা হাইড্রেট ($Na_2CO_3.10H_2O$)। কাপড় পরিষ্কার করতে এটি ব্যবহার হয়।
সাবান	সোডিয়াম স্টিয়ারেট সাবানের সংকেত $C_{17}H_{35}COONa$ এবং পটাশিয়াম স্টিয়ারেট সাবানের সংকেত $C_{17}H_{35}COOK$। সাবান একটি পরিষ্কারক দ্রব্য যা তেল বা চর্বি এবং ক্ষার থেকে প্রস্তুত করা হয়।
ব্লিচিং পাউডার	এ পাউডার কাপড়ের রঙিন দাগকে বর্ণহীন করে। এজন্য ব্লিচিং পাউডারকে বিরঞ্জক বলা হয়। ঘরের মেঝে, কমোড, বেসিন ইত্যাদি জায়গা থেকে জীবাণু ধ্বংস করার কাজে ব্লিচিং পাউডার ব্যবহার করা হয়।
ইউরিয়া	বাংলাদেশে প্রাকৃতিক গ্যাস মিথেন থেকে ইউরিয়া তৈরি করা হয়। শিল্পক্ষেত্রে ইউরিয়া থেকে ম্যালামাইন পলিমার তৈরি করা হয়। কৃষিক্ষেত্রে ইউরিয়াকে সার হিসেবে ব্যবহার করা হয়। এতে ৪৪-৪৬% নাইট্রোজেন থাকে।
কার্বাইড	আম পাকানোর জন্য কার্বাইড ব্যবহার করা হয়। কার্বাইড দিয়ে আম পাকানো বলতে অ্যাসিটিলিন দ্বারা আম পাকানোর পদ্ধতিকেই বোঝানো হয়।
ফরমালিন	ফলমালডিহাইড এর ৪০% জলীয় দ্রবণকে ফরমালিন বলে। বিভিন্ন মৃত প্রাণীদেহ সংরক্ষণ করার জন্য ফরমালিন ব্যবহার করা হয়।
স্যাকারিন	স্যাকারিন এক প্রকার দানাদার পদার্থ যা টলুইন থেকে রাসায়নিক উপায়ে প্রস্তুত করা হয়। এটি চিনি অপেক্ষা ৫০০ গুণ বেশি মিষ্টি। মিষ্টান্ন খাদ্য তৈরিতে স্যাকারিন ব্যবহৃত হয়।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

গ্লিসারিন	সাবান প্রস্তুতের সময় গ্লিসারিন উপজাত হিসেবে পাওয়া যায়। স্বচ্ছ সাবান, প্রসাধন সামগ্রী, নাইট্রোগ্লিসারিন, ডিনামাইট প্রভৃতি বিস্ফোরকদ্রব্য, প্লাস্টিক শিল্পে, চামড়াকে নরম রাখতে, জুতার পালিশে গ্লিসারিন ব্যবহৃত হয়।
টিএনটি	TNT এর পূর্ণরূপ ২, ৪, ৬ ট্রাই নাইট্রোটলুইন। হাত বোমা, সেনাবাহিনীর ব্যবহৃত bomb shell ও যুদ্ধ জাহাজ ধ্বংসকারক ইত্যাদি প্রস্তুত করতে শক্তিশালী বিস্ফোরকরূপে এটি ব্যবহৃত হয়।
জিপসাম	আর্দ্র ক্যালসিয়াম সালফেটকে জিপসাম বলা হয়। এটি হতে প্লাস্টার ও বোর্ড তৈরি করা হয়।
পেট্রোলিয়াম গ্যাস	এ গ্যাসকে চাপ প্রয়োগ করে তরলে পরিণত করে সিলিন্ডারে ভর্তি করা হয় এবং LPG (Liquefied Petroleum Gas) নামে রান্নার কাজে ও অন্যান্য কাজে তাপ উৎপাদনের জন্য ব্যবহার করা হয়।
পেট্রোল	পেট্রোলিয়ামে ৫% পেট্রোল থাকে। একে গ্যাসোলিনও বলা হয়। যানবাহনের ইঞ্জিনে জ্বালানি হিসেবে গ্যাসোলিন ব্যবহার করা হয়।

রসায়নের বিভিন্ন আবিষ্কার

আবিষ্কার	আবিষ্কারক	দেশ	সাল
কার্বন ডাই-অক্সাইড	ভ্যান হেলমন্ট	জার্মানি	১৬৩০
ফসফরাস	ব্রান্ড	জার্মানি	১৬৬৯
হাইড্রোজেন	ক্যাভেন্ডিস	যুক্তরাজ্য	১৭৬৬
নাইট্রিক অক্সাইড	জোসেফ প্রিস্টলি	যুক্তরাজ্য	১৭৭২
অক্সিজেন	জোসেফ প্রিস্টলি	যুক্তরাজ্য	১৭৭৪
ক্লোরিন	শীলে	জার্মানি	১৭৭৪
ব্লিচিং পাউডার	টিনান্ট	যুক্তরাজ্য	১৭৯৮
পারমাণবিক ভর	জন ডাল্টন	যুক্তরাষ্ট্র	১৮০৩
পটাসিয়াম, ম্যাগনেসিয়া ক্যালসিয়াম, সোডিয়াম	হামফ্রে ডেভি	যুক্তরাজ্য	১৮০৮
পরম শূন্যতার স্কেল	মেলভিন কেলভিন	যুক্তরাজ্য	১৮১৩
সিলিকন, সিলিনিয়াম	বার্জেলিয়াস	সুইডেন	১৮২৩
সালফিউরিক এসিড	ফিলিপস	যুক্তরাজ্য	১৮৩১
ওজোন	স্কোনবীন	জার্মানি	১৮৪০
প্লাস্টিক	আলেকজান্ডার পার্কস	যুক্তরাজ্য	১৮৪৫
তড়িৎ বিশ্লেষণ	মাইকেল ফ্যারাডে	যুক্তরাজ্য	১৮৫২
সিজিয়াম	কিরকফ ও বুনসেন	জার্মানি	১৮৬১
ডিনামাইট	আলফ্রেড নোবেল	সুইডেন	১৮৬২
শুষ্ক কোষ	জর্জেস লেকল্যান্স	ফ্রান্স	১৮৬৪
ডি.ডি.টি	জিডলার	জার্মানি	১৮৭৪
ক্লোরিন	ময়সাঁ	ফ্রান্স	১৮৮৬
ক্যালসিয়াম কার্বনেট	উইলসন	যুক্তরাষ্ট্র	১৮৮৮
নিষ্ক্রিয় গ্যাস	উইলিয়াম রামজে	স্কটল্যান্ড	১৮৯৫
ইলেকট্রন	জে. জে থম্পসন	যুক্তরাজ্য	১৮৯৭
রেডিয়াম	মাদাম কুরি ও পিয়েরে কুরি	ফ্রান্স	১৮৯৮
আইসোটোপ	সডিড	যুক্তরাষ্ট্র	১৯১২
পারমাণবিক সংখ্যা	মোসলে	যুক্তরাজ্য	১৯১৩
প্রোটন	আর্নেস্ট রাদারফোর্ড	যুক্তরাজ্য	১৯১৯
ব্রোমিন	ইউগার কারমান	যুক্তরাষ্ট্র	১৯২৪
ইউরিয়া	উহলার	জার্মানি	১৯২৮
নিউট্রন	জেমস চ্যাডউইক	যুক্তরাজ্য	১৯৩১
পজিট্রন	অ্যান্ডারসন	যুক্তরাষ্ট্র	১৯৩২
কৃত্রিম তেজস্ক্রিয় মৌল	জুলিও কুরি	জার্মানি	১৯৩৪
ইউরেনিয়াম	ক্লাপ্রথ	জার্মানি	১৯৩৯
প্লুটোনিয়াম	সিবোর্গ	আমেরিকা	১৯৪০

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. ক্যান্সার চিকিৎসায় যে বিকিরণ ব্যবহার করা হয়? *[পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট: ২০]*

ক আলফা রশ্মি খ বিটা রশ্মি
গ গামা রশ্মি ঘ এক্স রশ্মি উ. গ

২. সফট ড্রিংকে কোনটি ব্যবহৃত হয়? *[দুর্নীতি দমন কমিশন এর ডাটা এন্ট্রি অপারেটর: ১৯]*

ক ডিডিটি খ সর্বেট
গ কার্বাইড ঘ ফরমালিন উ. খ

জীববিজ্ঞানের প্রাথমিক আলোচনা

জীববিজ্ঞানের কতিপয় শাখা

শাখার নাম	আলোচ্য বিষয়
Apiculture	মৌমাছি চাষ
Anthropology	মানুষের উৎপত্তি ও বিকাশ
Animal Husbandry	গবাদি পশু প্রতিপালন
Agrostology	ঘাস বিদ্যা
Aviculture	পাখি পালন
Aquaculture	জলে জীবের বংশবৃদ্ধি
Anatomy	অঙ্গব্যবচ্ছেদ বিদ্যা
Biogeography	জীব ভূগোল
Biotechnology	জীব প্রযুক্তি
Bioinformatics	প্রযুক্তি নির্ভর জীববিজ্ঞান
Cytology	কোষ বিদ্যা
Dermatology	চর্ম বিষয়ক চিকিৎসা
Economic botany	অর্থনৈতিক গুরুত্বপূর্ণ উদ্ভিদ
Ethology	আচরণ
Endocrinology	হরমোন
Entomology	কীট পতঙ্গ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

Ecology	বস্তুসংস্থান
Evolution	অভিব্যক্তি বা বিবর্তন বিদ্যা
Embryology	ভ্রূণবিদ্যা
Forestry	বন বিজ্ঞান
Fishery	মৎস্য বিদ্যা
Frog culture	ব্যাঙ পালন বিদ্যা
Genetics	বংশগতি
Genetic Engineering	জিন প্রযুক্তি
Herpetology	উভচর
Histology	টিস্যুর গঠন কার্যাবলি
Horticulture	উদ্যানপালন/গাছ পালন
Helminthology	কৃমি অধ্যয়ন
Hepatology	যকৃত বিষয়ক
Ichthyology	মৎস্য বিদ্যা
Limnology	জলাশয় বিজ্ঞান
Lac culture	লাক্ষা চাষ
Mycology	ছত্রাক বিদ্যা
Microbiology	অনুজীববিজ্ঞান
Malcology	সরীসৃপবিদ্যা
Mammalogy	স্তন্যপায়ী বিজ্ঞান
Morphology	অঙ্গ সংস্থান
Nephrology	কিডনি বিষয়ক চিকিৎসা
Neurology	স্নায়ু বিষয়ক
Ornithology	পাখি বিদ্যা
Osteology	হাড় বিষয়ক চিকিৎসা
Opthalmology	অক্ষি গোলক বিষয়ক
Oncology	টিউমার বিষয়ক
Oceanography	সামুদ্রিক জীববিজ্ঞান
Phycology	শৈবাল বিদ্যা
Paediatrics	শিশু চিকিৎসা
Palynology	পরাগবিদ্যা
Palaeontology	জীবাশ্মবিদ্যা
Pharmacy	ঔষধ শিল্প
Physiology	শরীরবৃত্তীয় কার্যাদি
Poultry Farming	হাঁস-মুরগি পালন
Palaeobotany	জীবাশ্ম বিজ্ঞান
Pomology	ফলগাছ চাষাবাদ
Pharmacology	ভেষজ উদ্ভিদবিজ্ঞান
Prawn culture	চিংড়ি চাষ
Parasitology	পরজীবী বিজ্ঞান
Plant breeding	উদ্ভিদ প্রজনন
Pearl culture	মুক্তা চাষ
Sericulture	রেশম চাষ
Taxonomy	শ্রেণিবিন্যাসবিদ্যা
Toxicology	বিষ বিদ্যা
Virology	ভাইরাস বিদ্যা
Wildlife	বন্যপ্রাণী
Zoogeography	ভূ-প্রাণী বিদ্যা

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. মৌমাছির চাষকে কি বলা হয়? *[ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক/ সহকারী ব্যবস্থাপক: ২৩]*
ⓚ হর্টিকালচার ⓛ এপিকালচার
ⓜ পিসিকালচার ⓝ সেরিকালচার উ. খ

২. 'পিসিকালচার' বলতে কী বোঝায়? *[বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২১]*
ⓚ হাঁস-মুরগি চাষ ⓛ মৌমাছি পালন
ⓜ মৎস্য চাষ ⓝ রেশম চাষ উ. গ

কোষ

♦ কোষ (Cell)

কোষ হলো জীবদেহের গঠন ও কাজের একক। জীববিজ্ঞানের যে শাখায় কোষের গঠন, প্রকারভেদ, জৈবিক কার্যাবলি, বিভাজন, বিকাশ প্রভৃতি বিষয় নিয়ে আলোচনা করা হয়, তাকে কোষবিদ্যা (Cytology) বলে। বিভিন্ন বিষয়ের ভিত্তিতে কোষকে বিভিন্নভাগে ভাগ করা যায়। যথা:

গঠনের উপর ভিত্তি করে কোষকে দু ভাগে বিভক্ত। যথা:	
আদি কোষ	এ কোষের কোনো সত্যিকার নিউক্লিয়াস নেই, জেনেটিক বস্তু হিসেবে আছে শুধু DNA অণু। এসব কোষ অ্যামাইটোসিস প্রক্রিয়ায় বিভাজিত হয়। ব্যাকটেরিয়া, সায়ানোব্যাকটেরিয়া, মাইকোপ্লাজমা, রিকেটসিয়া প্রভৃতি আদিকোষের উদাহরণ।
প্রকৃত কোষ	এসব কোষে সুগঠিত নিউক্লিয়াস বিদ্যমান এবং কোষে সকল কোষীয় অঙ্গাণু উপস্থিত। এরা মাইটোসিস বা মিওসিস প্রক্রিয়ায় বিভাজিত হয়। শৈবাল, ছত্রাক, ব্রায়োফাইটা, টেরিডোফাইটা, নগ্নবীজী উদ্ভিদ ও গুপ্তবীজী উদ্ভিদের কোষ এবং সকল প্রাণিকোষ প্রকৃত কোষ।
কাজের ভিত্তিতে কোষকে দুভাগে ভাগ করা যায়। যথা:	
দেহ কোষ	এসব কোষ জীবদেহ গঠনে অংশ নেয়। মাইটোসিস প্রক্রিয়ায় দেহকোষ বিভাজিত হয়। যেমন: মূল, কাণ্ড ও পাতার কোষ, স্নায়ুকোষ, রক্তকণিকা, ত্বককোষ।
জনন কোষ	এসব কোষ জীবের জনন কাজে অংশ নেয়। যেমন: শুক্রাণু, ডিম্বাণু, স্পোর ইত্যাদি।
জীবের প্রকৃতির ভিত্তিতে কোষকে দুই ভাগে বিভক্ত। যথা:	
উদ্ভিদ কোষ	উদ্ভিদদেহ গঠনকারী কোষকে উদ্ভিদ কোষ বলে। এদের সঞ্চিত খাদ্য স্টার্চ। যেমন: নিম্ন থেকে উচ্চ শ্রেণির সকল উদ্ভিদের কোষ।
প্রাণি কোষ	প্রাণিদেহ গঠনকারী কোষকে প্রাণিকোষ বলে। এদের সঞ্চিত খাদ্য গ্লাইকোজেন। Porifera থেকে Chordata পর্যন্ত সকল পর্বের প্রাণির কোষ।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

উদ্ভিদ ও প্রাণিকোষের মধ্যে পার্থক্য		
বৈশিষ্ট্য	উদ্ভিদ কোষ	প্রাণী কোষ
কোষ প্রাচীর	সেলুলোজ নির্মিত	নেই
প্লাস্টিড	থাকে	থাকে না
কোষ গহ্বর	এক বা একাধিক	নিম্নশ্রেণির প্রাণিতে থাকে
সেন্ট্রোসাম	সাধারণত থাকে না	থাকে
সঞ্চিত খাদ্য	স্টার্চ/শ্বেতসার	গ্লাইকোজেন

সর্বাপেক্ষা বৃহৎ, দীর্ঘ ও ক্ষুদ্র কোষ	
সর্বাপেক্ষা বৃহৎ কোষ	উটপাখির ডিম। এর ব্যাস: ১২৫-১৭০ মিলিমিটার পর্যন্ত।
সর্বাপেক্ষা দীর্ঘ কোষ	মানুষের স্নায়ুকোষ (১ মিটার)। পূর্ণাঙ্গ স্নায়ুকোষ হলো নিউরন।
সর্বাপেক্ষা ক্ষুদ্র কোষ	মাইকোপ্লাজমা গলিসেপটিকাম ব্যাকটেরিয়াম কোষ। এর ব্যাস- ০.১ মাইক্রোমিটার
মানবদেহের সবচেয়ে ছোট কোষ	শ্বেতকণিকা। এর ব্যাস: ৩-৪ মাইক্রোমিটার।
মানব দেহের দীর্ঘতম কোষ	স্নায়ুকোষ বা নিউরন। এর দৈর্ঘ্য: ৯০ সে.মি. - ১.০ মি. পর্যন্ত হয়।

◆ কোষপ্রাচীর (Cell Wall)

উদ্ভিদকোষের সর্বাপেক্ষা বাইরে সেলুলোজ নির্মিত জড় পদার্থের যে একটি পুরু শক্ত, ভেদ্য ও স্থিতিস্থাপক প্রাচীর থাকে তাকে কোষপ্রাচীর (Cell Wall) বলে। ১৬৬৫ সালে রবার্ট হুক অণুবীক্ষণ যন্ত্রে কোষ প্রাচীর দেখতে পান। নিম্নশ্রেণির উদ্ভিদে যেমন- ব্যাকটেরিয়া, সায়ানো ব্যাকটেরিয়া, ছত্রাক ইত্যাদিতে কোষপ্রাচীর থাকে। প্রাণিকোষে কোষপ্রাচীর থাকে না।

◆ সাইটোপ্লাজম (Cytoplasm)

নিউক্লিয়াস বা বংশগতীয় বস্তু ও প্লাজমামেমব্রেন ব্যতীত প্রোটোপ্লাজমের সমুদয় জেলির ন্যায় অর্ধতরল অংশই হলো সাইটোপ্লাজম। সাইটোপ্লাজম জেলির মতো অর্ধতরল হওয়ায় এবং প্রাণের বৈশিষ্ট্য নিয়ন্ত্রণকারী বিভিন্ন ধরনের অঙ্গাণু ও উপাদান ধারণ করায় একে কোষের প্রাণপঙ্ক বলা হয়। এটি কোষের রাসায়নিক কারখানা হিসেবে পরিচিত।

◆ রাইবোজোম (Ribosome)

আবরণীবিহীন ক্ষুদ্র গোলাকার বা ডিম্বাকার যে অঙ্গাণু প্রোটিন সংশ্লেষণে সক্ষম, তাকে রাইবোজোম বলে। নিউক্লিওলাস থেকে রাইবোজোম উৎপন্ন হয়। রবিনসন ও ব্রাউন (Robinson & Brown) ১৯৫৩ খ্রিস্টাব্দে উদ্ভিদকোষে রাইবোজোম আবিষ্কার করেন। প্রোটিন সংশ্লেষণ করাই রাইবোজোমের প্রধান কাজ। তাই রাইবোজোমকে 'প্রোটিন ফ্যাক্টরি' (Protein factory) বলা হয়।

◆ মাইটোকন্ড্রিয়া (Mitochondria)

প্রকৃত কোষের সাইটোপ্লাজমে বিদ্যমান দানাদার, সূত্রাকার, তারকাকার অথবা দণ্ডাকার যে অঙ্গাণু কোষের শক্তি উৎপাদন ও স্নেহ বিপাকের সাথে জড়িত, তাদেরকে মাইটোকন্ড্রিয়া বলা হয়। উচ্চতর উদ্ভিদ ও প্রাণীসহ কিছু নিম্নশ্রেণির জীবে (যেমন: শৈবাল, প্রোটোজোয়া ও ছত্রাক) মাইটোকন্ড্রিয়া পাওয়া যায়। আদি কোষে মাইটোকন্ড্রিয়া অনুপস্থিত। মাইটোকন্ড্রিয়া কোষের শক্তি উৎপাদক অঙ্গাণু ও শ্বসন কেন্দ্র। কোষে এরা প্রয়োজনীয় শক্তি সরবরাহ করে থাকে। শক্তি উৎপাদন ও সরবরাহের জন্য একে কোষের শক্তি ঘর (Power house) বলা হয়।

◆ প্লাস্টিড (Plastid)

উদ্ভিদকোষের সাইটোপ্লাজমে বিক্ষিপ্তভাবে ছড়ানো ক্ষুদ্রাঙ্গগুলোর মধ্যে সর্বাপেক্ষা বৃহৎ গোলাকার বা উপবৃত্তাকার, বর্ণময় বা বর্ণহীন অঙ্গাণুগুলোকে প্লাস্টিড বলে। প্লাস্টিড তিন প্রকার যথা:

১. লিউকোপ্লাস্ট (Leucoplast)

বর্ণহীন প্লাস্টিডকে লিউকোপ্লাস্ট বলে। উদ্ভিদের যে সব অঙ্গে সূর্যের আলো পৌঁছায় না সেসব অঙ্গে লিউকোপ্লাস্ট থাকে। যেমন: মূল, ভূ-নিম্নস্থ কাণ্ড প্রভৃতি অঙ্গে লিউকোপ্লাস্ট থাকে।

২. ক্রোমোপ্লাস্ট (Chromoplast)

উদ্ভিদের সবুজ বর্ণ ব্যতিত যে কোনো বর্ণময় অংশে ক্রোমোপ্লাস্ট থাকে। যেমন: ফুলের পাপড়ি, রঙিন ফল ও বীজ, গাজরের মূল ইত্যাদি। ক্রোমোপ্লাস্ট ফুলে বর্ণময়তা সৃষ্টির মাধ্যমে কীট-পতঙ্গ আকৃষ্ট করে পরাগায়নের সাহায্য করে।

৩. ক্লোরোপ্লাস্ট (Chloroplast)

ক্লোরোফিল ধারণকারী সবুজ বর্ণের প্লাস্টিডকে বলা হয় ক্লোরোপ্লাস্ট। উদ্ভিদের সালকসংশ্লেষণে মূখ্য ভূমিকা পালন করে। উদ্ভিদের সবুজ অঙ্গে (বিশেষ করে সবুজ পাতা) ফুলের বৃতি, গুলঞ্চ ও অর্কিডের মূলে কচি কাণ্ডে এবং শৈবালে ক্লোরোপ্লাস্টের উপস্থিতি লক্ষণীয়। বিজ্ঞানী Schimper (১৮৮৩) সর্বপ্রথম উদ্ভিদকোষে সবুজ বর্ণের প্লাস্টিড প্রত্যক্ষ করে এবং এর নামকরণ করেন ক্লোরোপ্লাস্টিড।

◆ নিউক্লিয়াস (Nucleus)

প্রকৃত কোষের সাইটোপ্লাজমে পরিবেষ্টিত অধিকতর ঘন, প্রায় গোলাকার অথবা উপবৃত্তাকার, অস্বচ্ছ, অপেক্ষাকৃত স্পষ্ট এবং বংশগতীয় পদার্থ (DNA) ধারণকারী ক্ষুদ্রাঙ্গকে বলা হয় নিউক্লিয়াস। নিউক্লিয়াস কোষের যাবতীয় জৈবিক কাজ নিয়ন্ত্রণ করে। এজন্য নিউক্লিয়াস 'কোষের প্রাণ' ও 'কোষের মস্তিষ্ক' নামে খ্যাত। গঠনগতভাবে প্রতিটি নিউক্লিয়াস চারটি অংশ নিয়ে গঠিত।যথা: নিউক্লিয়ার মেমব্রেন; নিউক্লিওপ্লাজম; নিউক্লিওলাস; ক্রোমাটিন।

◆ ক্রোমোজোম (Chromosome)

নিউক্লিয়াসের অভ্যন্তরে এক ধরনের সূত্রাকার বস্তু থাকে। বিজ্ঞানী Strasburger ১৮৭৫ সালে সর্বপ্রথম এ বস্তুগুলো আবিষ্কার করেন। বিজ্ঞানী W. Flemming (১৮৮২)

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

নিউক্লিয়াসের সূত্রাকার বস্তুগুলোকে নাম দেন ক্রোমাটিন। ১৮৮৮ খ্রিষ্টাব্দে W. Waldeyer এদেরকে ক্রোমোজোম নামে অভিহিত করেন। ক্রোমোজোম হলো জীবকোষের বিমূর্ত একক যা অসংখ্য জিন ধারণ ও বহন করে এবং বংশগতির ভৌত ভিত্তি। ক্রোমোজোম DNA বা জিন ধারণ করে। বংশগত বৈশিষ্ট্যের ধারক ও বাহক হিসেবে কাজ করে।

♦ কোষ বিভাজন (Cell Division)

কোষ বিভাজন হলো জীবের দৈহিক বৃদ্ধি এবং বংশবৃদ্ধির একটি মৌলিক ও অত্যাবশ্যকীয় জৈবিক প্রক্রিয়া। এ প্রক্রিয়ায় একটি মাতৃকোষ থেকে দুই বা ততোধিক নতুন কোষ উৎপন্ন হয়। *Triturus maculosa* নামক জীবের কোষে Walter Flemming (১৮৮২) প্রথম কোষ বিভাজন লক্ষ্য করেন। কোষ বিভাজন প্রধানত তিন প্রকার। যথা:

ক. **অ্যামাইটোসিস (Amitosis):** এ প্রক্রিয়ায় কোষের নিউক্লিয়ার বস্তু ও সাইটোপ্লাজম সরাসরি বিভক্ত হয় ফলে দুটি অপত্য কোষ উৎপন্ন হয়। ব্যাকটেরিয়া, নীলাভ-সবুজ শৈবাল, ইস্ট প্রভৃতি জীবে অ্যামাইটোসিস ঘটে।

খ. **মাইটোসিস (Mitosis):** এ প্রক্রিয়ায় একটি মাতৃকোষের নিউক্লিয়াস ও ক্রোমোজোম একবার বিভাজিত হয়ে দুটি অপত্য কোষ উৎপন্ন হয়, যাদের ক্রোমোজোম সংখ্যা এবং অন্যান্য গুণাবলি মাতৃকোষের অনুরূপ। সকল প্রকার উদ্ভিদ ও প্রাণীর দেহকোষে অনিয়ন্ত্রিত মাইটোসিস কোষ বিভাজনের ফলে টিউমার, ক্যান্সার সৃষ্টি হয়।

গ. **মিওসিস (Meiosis):** মিওসিস কোষ বিভাজন প্রক্রিয়ায় একটি মাতৃকোষের নিউক্লিয়াস পর পর দু'বার, কিন্তু ক্রোমোজোম একবার বিভাজিত হয়ে চারটি অপত্য কোষ উৎপন্ন করে, যাদের ক্রোমোজোম সংখ্যা মাতৃকোষের ক্রোমোজোম সংখ্যার অর্ধেক এবং গুণাবলি মাতৃকোষ থেকে কিছুটা ভিন্ন প্রকৃতির। উচ্চশ্রেণির জীবের জনন মাতৃকোষে এবং নিম্নশ্রেণির জীবের জাইগোটে মিওসিস ঘটে। এর মাধ্যমে প্রজাতির ক্রোমোজোম সংখ্যা নির্দিষ্ট থাকে।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. **জীবের বংশগতির বৈশিষ্ট্য বহন করে** *[এলজিইডি'র কার্যসহকারী:২৩]*
ক সাইট্রোপ্লাজম খ ক্রোমোজোম
গ নিউক্লিয়াস ঘ নিউক্লিওলাস
উ. খ

২. **কোনটিকে কোষের প্রাণশক্তি বলা হয়?** *[এলজিইডি'র কার্যসহকারী:২৩]*
ক প্লোটোপ্লাজম খ ক্রোমোজোম
গ মাইটোকন্ড্রিয়া ঘ নিউক্লিয়াস
উ. ঘ

৩. **কোনটি এককোষী জীব?** *[বিটিআরসি'র কভাক্টর-ডি: ২২]*
ক ফার্ণ খ অ্যামিবা
গ মস ঘ প্লাংটন
উ. খ

৪. **নিচের কোনটি কোষের গুণাবলী রক্ষা করে?** *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পাউন্ডার/পোল্ট্রি টেকনিশিয়ান: ২০]*
ক খাদ্যপ্রাণ খ আমিষ
গ স্নেহ ঘ পানি
উ. ঘ

জিনতত্ত্ব

♦ জিনতত্ত্ব (Genetics)

জীববিজ্ঞানের যে শাখায় জীবের বংশগতি ও প্রকরণের রীতিনীতি এবং এসব বৈশিষ্ট্যের বাহক বিষয়ে আলোচিত হয় তাকে জিনতত্ত্ব বা কৌলিতত্ত্ব বলে। গ্রিক শব্দ genesis হতে Genetics এর উৎপত্তি। William Bateson (১৯০৬) সর্বপ্রথম Genetics শব্দটি ব্যবহার করেন। গ্রেগর জোহান মেন্ডেল জিনতত্ত্ব বা বংশগতির জনক হিসেবে পরিচিত।

♦ সেক্স ক্রোমোসোম (Sex chromosome)

যেসব ক্রোমোসোম জীবের লিঙ্গ নির্ধারণ করে অর্থাৎ জীবের পুরুষ কিংবা স্ত্রী বৈশিষ্ট্য নির্ধারণ করে তাদের সেক্স ক্রোমোসোম বলে। যেমন: মানুষের ২৩ জোড়া ক্রোমোসোমের মধ্যে মাত্র এক জোড়া সেক্স ক্রোমোসোম। এদের X ও Y দ্বারা প্রকাশ করা হয়। মানুষের কোনো জাইগোটে XY থাকলে পুত্র সন্তান এবং XX থাকলে কন্যা সন্তান জন্ম হয়।

♦ অটোসোম (Autosome)

যেসব ক্রোমোসোম জীবের দৈহিক বৈশিষ্ট্যের প্রকাশ ঘটায় তাদের অটোসোম বলে। যেমন, মানুষের ২৩ জোড়া ক্রোমোসোমের মধ্যে ২২ জোড়াই অটোসোম। এদের A দ্বারা প্রকাশ করা হয়।

♦ বংশগতীয় বস্তু (Genetic materials)

যে সকল উপাদানের মাধ্যমে মাতা-পিতার বৈশিষ্ট্যাবলি তাদের সন্তান-সন্ততিতে স্থানান্তরিত হয় তাদেরকে বংশগতীয় বস্তু বলা হয়। জীবজগতের চারিত্রিক বৈশিষ্ট্যাবলির ধারক ও বাহক উপাদান হিসেবে নিউক্লিক এসিডকে চিহ্নিত করা হয়। নিউক্লিক এসিড দুই প্রকার। যথা:

১. DNA (Deoxyribonucleic acid)

DNA হলো সাধারণত দ্বিসূত্রক, স্বপ্রজননক্ষম, পরিব্যক্তিতে সক্ষম, বিভিন্ন জৈবিক কাজের নিয়ন্ত্রক এবং বংশগতীয় বৈশিষ্ট্যাবলির ধারক ও বাহক। DNA প্রধানত প্রকৃত কোষের নিউক্লিয়াসের ক্রোমাটিনে থাকে। আদি কোষের সাইটোপ্লাজমে DNA থাকে। তিন ধরনের রাসায়নিক উপাদানের সমন্বয়ে DNA অণু গঠিত। DNA অণু বংশগতির আণবিক ভিত্তি ও ক্রোমোজোমের গাঠনিক উপাদান হিসেবে কাজ করে। জীবের সকল বংশগতি বৈশিষ্ট্য ধারণ, নিয়ন্ত্রণ এবং বংশ পরম্পরায় স্থানান্তর করে। DNA জীবের সকল জৈবনিক কর্মকাণ্ড নিয়ন্ত্রণ ও যাবতীয় বৈশিষ্ট্যের প্রকাশ ঘটায়।

২. RNA (Ribonucleic acid)

সকল সজীব কোষের সাইটোপ্লাজমে মুক্ত অবস্থায় এবং বিভিন্ন অঙ্গাণু বা বস্তুর সাথে যুক্ত অবস্থায় RNA থাকে। অকোষীয় জীবের মধ্যে RNA ভাইরাসে RNA পাওয়া যায়। এসব ভাইরাসে RNA বংশগতির উপাদানরূপে কাজ করে। এজন্য এসব RNA কে জেনেটিক RNA বলা হয়।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

DNA থেকে RNA উৎপন্ন হয়। RNA তে ডিঅক্সিরাইবোজ সুগারের পরিবর্তে রাইবোজ সুগার এবং থাইমিনের (T) পরিবর্তে ইউরাসিল (U) থাকে। এরা প্রোটিনের সাথে যুক্ত হয়ে রাইবোজোম গঠন করে।

◆ জিন (Gene)

বংশগতির জনক Gregor Johan Mendel এর মতে, জীবের প্রতিটি বৈশিষ্ট্য একজোড়া উপাদান বা ফ্যাক্টর (factor) দ্বারা নিয়ন্ত্রিত হয়। Johannsen পরবর্তীতে (১৯০৩) ফ্যাক্টরের পরিবর্তে "জিন" (gene) শব্দটি ব্যবহার করেন। ক্রোমোজোমের প্রধান গাঠনিক উপাদান হলো DNA। জিন জীবের বৈশিষ্ট্য বংশানুক্রমিকভাবে বহন করে।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. মানবদেহে ক্রোমোজোমের সংখ্যা কত? *[ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন অফিসার: ২২]*

ক ২৩ খ ৪৪
গ ৪৬ ঘ ৪৮ উ. গ

২. মানুষের চোখের রং নিয়ন্ত্রণ করে কোনটি? *[ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন অফিসার: ২২]*

ক ডিএনএ খ আরএনএ
গ নিউক্লিওলাস ঘ সেন্ট্রোমিয়ার উ. ক

উদ্ভিদের শারীরতত্ত্ব

◆ ব্যাপন (Diffusion)

যে প্রক্রিয়ায় বেশি ঘনত্বের স্থান থেকে কম ঘনত্বের দিকে অণুসমূহ ছড়িয়ে পড়ে তাকে ব্যাপন বলে। অণু সমূহের ঘনত্ব সমান না হওয়া পর্যন্ত ব্যাপন প্রক্রিয়া চলতে থাকে।

◆ অভিস্রবন (Osmosis)

যে প্রক্রিয়ায় একই তাপমাত্রা, বায়ুমণ্ডলীয় চাপে একই দ্রাবক বিশিষ্ট দুটি ভিন্ন ঘনত্বের দ্রবণ একটি বৈষম্যভেদ্য ঝিল্লি দ্বারা পৃথক থাকলে দ্রাবক পদার্থ যখন বেশি ঘনত্ব এলাকা হতে কম ঘনত্ব এলাকার দিকে যায় তাকে অভিস্রবন বলে। পানিতে কিসমিস রাখলে তা অভিস্রবন প্রক্রিয়ায় পানি কিসমিসে প্রবেশ করে ফুলে ওঠে। দ্রাবক পদার্থের চলাচলের উপর ভিত্তি করে অভিস্রবণকে দুই ভাগে ভাগ করা যায়। যথা:

১. **অন্তঃঅভিস্রবণ:** যে অভিস্রবণ প্রক্রিয়ায় দ্রাবক কোষের বাহির হতে কোষের অভ্যন্তরে প্রবেশ করে, তাকে অন্তঃঅভিস্রবণ বলে। যেমন: পানিতে কয়েকটি কিসমিস ডুবিয়ে রাখলে ভেতরে পানি প্রবেশ করে কিসমিস ফুলে আঙ্গুরের মতো ফুলে উঠে।

২. **বহিঃঅভিস্রবণ:** যে অভিস্রবণ প্রক্রিয়ায় দ্রাবক কোষের ভেতর থেকে কোষের বাইরে চলে যায়, তাকে বহিঃঅভিস্রবণ বলে। যেমন: দ্রবণে আঙ্গুর ডুবিয়ে রাখলে ভেতর থেকে পানি বাহিরে বের হয় এবং আঙ্গুর চুপসে যায়।

◆ প্রস্বেদন (Transpiration)

উদ্ভিদের বায়বীয় অঙ্গ হতে পানি বাষ্পাকারে বের হয়ে যাওয়ার প্রকিয়াকে প্রস্বেদন বলে। প্রস্বেদনের ফলে সূর্যের প্রখর উত্তাপেও গাছের পাতা গরম হয় না। শীত বা গ্রীষ্মের পূর্বে প্রস্বেদন কমাতে গাছের পাতা ঝরে যায়। প্রস্বেদন তিন প্রকার। যথা: পত্ররন্ধ্রীয় প্রস্বেদন (পাতায়); কিউটিকুলার প্রস্বেদন (কিউটিকলে) ও লেন্টিকুলার প্রস্বেদন (কাণ্ডে)। প্রস্বেদন সাধারণত দিনের বেলা হয় কারণ অধিকাংশ উদ্ভিদের পত্ররন্ধ্রগুলো এ সময় খোলা থাকে।

◆ সালোকসংশ্লেষণ (Photosynthesis)

সবুজ উদ্ভিদ সূর্যালোকের উপস্থিতিতে কার্বন ডাই-অক্সাইড (CO_2) এবং পানি থেকে শর্করা জাতীয় খাদ্য তৈরি করে। সবুজ উদ্ভিদে শর্করা জাতীয় খাদ্য তৈরি হওয়ায় এ প্রক্রিয়াকে সালোকসংশ্লেষণ বলে। সালোকসংশ্লেষণের জন্য প্রয়োজনীয় উপকরণগুলো হলো: ক্লোরোফিল, আলো, পানি এবং কার্বন ডাই-অক্সাইড। সালোকসংশ্লেষণ একটি জৈব রাসায়নিক (biochemical) বিক্রিয়া, যা বেনসন কেলভিন রুবেন নামক বিজ্ঞানীরা প্রদান করেন।

$$6CO_2 + 12\,H_2O \xrightarrow[\text{ক্লোরোফিল}]{\text{আলো}} C_6H_{12}O_6 + 6H_2O + 6O_2$$

উদ্ভিদের সবুজ অঙ্গে বিদ্যমান ক্লোরোপ্লাস্টই হলো সালোকসংশ্লেষণকারী যন্ত্র। উচ্চ শ্রেণির উদ্ভিদে কচি কাণ্ড ও পাতায় ক্লোরোপ্লাস্ট থাকে। সবচেয়ে বেশি ক্লোরোপ্লাস্ট থাকে পাতায়। তাই সামগ্রিক বিবেচনায় সবুজ পাতাকেই সালোকসংশ্লেষণের প্রধান অঙ্গ হিসেবে ধরা হয়। সালোকসংশ্লেষণ প্রক্রিয়া কেবলমাত্র সূর্যালোকের উপস্থিতিতে অর্থাৎ দিনের বেলায় ঘটে।

◆ শ্বসন (Respiration)

যে জৈব রাসায়নিক প্রক্রিয়ায় জীবদেহ যৌগিক খাদ্যদ্রব্য জারিত করে সরল দ্রব্যে পরিণত করে এবং শক্তি উৎপন্ন করে তাকে শ্বসন বলে। জীবের জীবন ধারণ তথা চলন, ক্ষয়পুরণ, বৃদ্ধি, জনন প্রভৃতি জৈবিক কাজগুলো সুষ্ঠুভাবে করার জন্য শক্তির প্রয়োজন হয়। এ শক্তির প্রধান উৎস হলো সূর্যালোক। সালোকসংশ্লেষণের সময় উদ্ভিদ সৌরশক্তিকে শর্করা জাতীয় খাদ্যবস্তুর মধ্যে স্থিতি শক্তিরূপে (Potential) সঞ্চয় করে রাখে। খাদ্যের মধ্যে সঞ্চিত এই শক্তি জীব তার জীবন ধারণের জন্য সরাসরি ব্যবহার করতে পারে না। শর্করাজাতীয় খাদ্যবস্তু ছাড়াও প্রোটিন, ফ্যাট এবং বিভিন্ন জৈব এসিড শ্বসনিক বস্তুরূপে ব্যবহৃত হয়। জীবদেহে এই জটিল যৌগগুলো প্রথমে ভেঙ্গে সরল যৌগে পরিণত হয় এবং পরে জারিত হয়ে রাসায়নিক শক্তিতে (ATP) রূপান্তরিত হয়। সাধারণ তাপমাত্রায় জীবদেহের প্রতিটি কোষে দিবারাত্রি ২৪ ঘন্টাই শ্বসন চলতে থাকে। তবে উদ্ভিদের বর্ধিষ্ণু অঞ্চলে (ফুল ও পাতার কুঁড়ি, অঙ্কুরিত বীজ, মূল ও কাণ্ডের অগ্রভাগ) শ্বসন ক্রিয়ার হার অনেক বেশি। সজীব কোষের সাইটোপ্লাজম ও মাইটোকন্ড্রিয়াতে শ্বসন প্রক্রিয়া সম্পন্ন হয়।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

♦ **ফটোপিরিওডিজম (Photoperiodism)**
কোনো উদ্ভিদের পুষ্প ধারণের জন্য দিন ও রাত্রিকালের তুলনামূলক দৈর্ঘ্যের প্রতি সারা দেয়ার প্রবণতাকে ফটোপিরিওডিজম বলে। এর উপর ভিত্তি করে উদ্ভিদ তিন ধরনের হয়ে থাকে।

১. ছোট দিনের উদ্ভিদ (বড় রাত্রির উদ্ভিদ)	এ উদ্ভিদে দিনের দৈর্ঘ্য ছোট হলে ফুল ফোটে। যেমন- আলু, ইক্ষু, চন্দ্রমল্লিকা, ডালিয়া, তামাক, কসমস, সয়াবিন, সরিষা, পাট প্রভৃতি।
২. বড় দিনের উদ্ভিদ (ছোট রাত্রির উদ্ভিদ)	এ উদ্ভিদে দিনের দৈর্ঘ্য বড় হলে ফুল ফোটে। যেমন: আফিম, লেটুস, পালংশাক, যব, ঝিঙ্গা প্রভৃতি।
৩. দিন নিরপেক্ষ উদ্ভিদ	এসব উদ্ভিদের ফুল ফোটার জন্য দিনের দৈর্ঘ্যের সময়সীমার উপর নির্ভরশীল নয়। যেমন: আউস ধান, টমেটো, শসা, সূর্যমুখী, তুলা প্রভৃতি।

♦ **ভার্নালাইজেশন (Vernalization):** উদ্ভিদের বৃদ্ধি ও পুষ্পায়নে তাপ ও শৈত্যের প্রভাবকে ভার্নালাইজেশন বলে। ভার্নালাইজেশনের পূর্ব নাম জেরোভাইজেশন। অনেক উদ্ভিদের অঙ্কুরিত বীজকে শৈত্য প্রদান করলে ফুল ধারণের সময় এগিয়ে আসে। যেমন- বসন্তকালে গম লাগালে ফুল আসতে দেরি হয়। কিন্তু বীজ রোপনের পূর্বে ২°-৫° সে. উষ্ণতা প্রয়োগ করলে উদ্ভিদের স্বাভাবিক পুষ্পায়ন ঘটে। নাতিশীতোষ্ণ ও গ্রীষ্মমন্ডলের উদ্ভিদের বীজ ৩-৪ সপ্তাহ যথাক্রমে নিম্ন (০° সে.) ও উচ্চ (৪৫° সে.) তাপে রেখে রোপন করলে সেসব বীজ থেকে জন্মানো গাছে আগে ফুল ফোটে।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. খাদ্য তৈরির জন্য উদ্ভিদ বায়ু থেকে গ্রহণ করে- *[পোস্ট মাস্টার জেনারেল উত্তরাঞ্চলের উচ্চমান সহকারী: ২২]*
ক কার্বন ডাই-অক্সাইড খ জলীয় বাষ্প
গ নাইট্রোজেন ঘ অক্সিজেন
উ. ক

২. 'গাছের জীবন আছে' এই তত্ত্ব উদ্‌ঘাটন করেছিলেন? *[ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন অফিসার: ২২]*
ক ইবনে সিনা খ আচার্য প্রফুল্ল চন্দ্র
গ স্যার জগদীশ চন্দ্র বসু ঘ স্যার আইজ্যাক নিউটন
উ. গ

৩. অসমোসিস শব্দটির অর্থ কী? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পাউন্ডার/পোল্ট্রি টেকনিশিয়ান: ২০]*
ক ব্যাপন খ অভিস্রবণ
গ পানি শোষণ ঘ প্রস্বেদন
উ. খ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. উদ্ভিদ কোন প্রক্রিয়ায় মাটি থেকে মূলের মাধ্যমে পানি শোষণ করে? *[বিস্ফোরক পরিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]*
উ. অভিস্রবণ প্রক্রিয়ায়।

মানবদেহের অঙ্গ ও অঙ্গতন্ত্র

♦ **মানবদেহ (Human Body)**
মানুষের বৈজ্ঞানিক নাম *Homo sapiens* এর আভিধানিক অর্থ হলো বুদ্ধিমান মানুষ। মানুষ Primates বর্গভুক্ত স্তন্যপায়ী। Primate মানে সর্বশ্রেষ্ঠ প্রাণীগোষ্ঠী বা পরম প্রাণী। বিজ্ঞানীদের মতো *Homo erectus* নামক পূর্বপুরুষ হতে প্রায় ২-৩ লক্ষ বছর পূর্বে *Homo sapiens* এর আবির্ভাব ঘটে।

♦ **অঙ্গ (Organ)**
এক বা একাধিক টিস্যু দিয়ে তৈরি এবং একটা নির্দিষ্ট কাজ করতে সক্ষম প্রাণিদেহের অংশবিশেষকে অঙ্গ (Organ) বলে। দেহের অঙ্গসমূহ নিয়ে জীববিজ্ঞানের যে শাখায় আলোচনা করা হয়, তাকে অঙ্গসংস্থানবিদ্যা বলে।

♦ **অঙ্গতন্ত্র (Organ system)**
কতকগুলি অঙ্গ একত্রে মিলে যখন কোনো বিশেষ কাজ সম্পন্ন করে তাকে অঙ্গতন্ত্র বলে। যেমন- রক্তসংবহন তন্ত্র, পরিপাক তন্ত্র ইত্যাদি।

মানবদেহের অঙ্গতন্ত্র

তন্ত্র	উপাদান	কাজ
ত্বক তন্ত্র	চামড়া, চুল, লোম, নখ, ঘামগ্রন্থি, স্তনগ্রন্থি	প্রতিরক্ষা, তাপ, নিয়ন্ত্রণ, পানিসাম্যতা রক্ষা।
কঙ্কাল তন্ত্র	অস্থি, তরুণাস্থি ও অস্থিসন্ধি, নখ, চুল	সুরক্ষা, কাঠামো গঠন, ভারসাম্য রক্ষা, চলন।
পেশি তন্ত্র	ঐচ্ছিক, অনৈচ্ছিক ও হৃদপেশি।	চলন, তাপ উৎপাদন, দৈহিক আকৃতি দান।
পৌষ্টিক তন্ত্র	পৌষ্টিকনালি ও পৌষ্টিকগ্রন্থি।	খাদ্য পরিপাক, খাদ্যসার শোষণ ও নিষ্কাশন।
রক্ত সংবহন তন্ত্র	রক্ত, রক্তনালি ও হৃদপিণ্ড।	পুষ্টি পদার্থ, হরমোন, গ্যাস, রেচনবর্জ্য পরিবহন এবং তাপ নিয়ন্ত্রণ।
লসিকা তন্ত্র	লসিকা, লসিকানালি ও লসিকাগ্রন্থি।	রক্ত থেকে বহিরাগত বস্তু অপসারণ, রোগ প্রতিরোধ।
শ্বসন তন্ত্র	ফুসফুস ও শ্বাসনালি।	বায়ু ও রক্তের মধ্যে গ্যাসীয় বিনিময়।
রেচন তন্ত্র	বৃক্ক, মূত্রথলি ও মূত্রনালি।	নাইট্রোজেন ঘটিত বর্জ্য অপসারণ, রক্তের P^H নিয়ন্ত্রণ।
স্নায়ু তন্ত্র	মস্তিষ্ক, সুষুম্নাকাণ্ড ও স্নায়ু।	উদ্দীপনা গ্রহণ, চলন, বুদ্ধিবৃত্তিক কার্যাবলি নিয়ন্ত্রণ।
সংবেদী তন্ত্র	চোখ, কান, নাক, জিহ্বা ও ত্বক।	দর্শন, শ্রবণ, ঘ্রাণ সংগ্রহ, স্বাদ গ্রহণ ও অনুধাবন।
অন্তঃক্ষরা গ্রন্থি তন্ত্র	অন্তঃক্ষরাগ্রন্থি, জননাঙ্গ, ও অমরা।	বিপাক, জনন ও অন্যান্য শারীরবৃত্তীয় কার্যাবলি নিয়ন্ত্রণ।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

প্রজনন তন্ত্র	শুক্রাশয়/ডিম্বাশয়, জননালি, জরায়ু, লিঙ্গ ও যোনী।	জননকোষ ও সন্তান উৎপাদন; হরমোন ক্ষরণ করে দেহের বৃদ্ধি ও বিপাকে অংশ নেয়া।

বিভিন্ন অঙ্গের গঠনতন্ত্রের একক

অঙ্গ	একক	অঙ্গ	একক
স্নায়ুতন্ত্র	নিউরন	যকৃৎ	হেপাটোসাইট
রেচনতন্ত্র	নেফ্রন	মাংসপেশি	মায়োসাইট
কংকালতন্ত্র	অস্থি	কোষ	প্লাজমা লেমা
ফুসফুস	অ্যালভিওলাই		

◆ কঙ্কালতন্ত্র (Skeletal System)

বিশেষ ধরনের যোজক কলা নির্মিত অস্থি (bone) ও তরুণাস্থি (cartilage)-র সমন্বয়ে গঠিত যে অঙ্গতন্ত্র দেহের কাঠামো নির্মাণ করে, অন্তঃস্থ নরম অঙ্গগুলোকে রক্ষা করে, দেহের ভার বহন করে এবং পেশি সংযোজনের জন্য উপযুক্ত স্থান সৃষ্টি করে, তাকে কঙ্কালতন্ত্র বলে। মানবদেহের কঙ্কালতন্ত্র মোট ২০৬টি অস্থি নিয়ে গঠিত।

◆ পরিপাক তন্ত্র (Digestive system)

যে তন্ত্র খাদ্যগ্রহণ, পরিপাক, শোষণ এবং অপাচ্য খাদ্যাংশ নিষ্কাশনের সাথে জড়িত, তাকে পরিপাক তন্ত্র বলে। পরিপাকতন্ত্রের দুটি প্রধান অংশ থাকে। যথা: পৌষ্টিক নালি (Digestive canal) এবং পৌষ্টিক গ্রন্থি (Digestive glands)। মুখছিদ্র, মুখগহ্বর, গলবিল, অন্ননালি, পাকস্থলি, ডিওডেনাম, ইলিয়াম, রেকটাম বা মলাশয় এবং পায়ুছিদ্র নিয়ে পৌষ্টিক নালি গঠিত। মানুষের লালগ্রন্থি, যকৃৎ এবং অগ্ন্যাশয় পৌষ্টিক গ্রন্থি হিসেবে কাজ করে। এসব গ্রন্থির নিঃসৃত রস খাদ্য পরিপাকে সহায়তা করে।

মানুষের বিভিন্ন খাদ্যের পরিপাক ও পরিণতি

খাদ্যের ধরন	পরিপাককারী এনজাইম	চূড়ান্ত পরিণতি
শর্করা বা কার্বোহাইড্রেট (ভাত, রুটি, আলু, চিনি)	টায়ালিন, অ্যামাইলেজ, মল্টেজ, সুক্রেজ	গ্লুকোজ
আমিষ বা প্রোটিন (মাছ, মাংস, ডিম, দুধ, ডাল, সবজি, ফল)	পেপসিন, রেনিন, ট্রিপসিন, কাইমোট্রিপসিন	অ্যামিনো অ্যাসিড
স্নেহ বা লিপিড (ঘি, মাখন, প্রাণিজ চর্বি)	লাইপেজ, ফসফোলাইপেজ, কোলেস্টরল এস্টারেজ	ফ্যাটি এসিড ও গ্লিসারল

- **দাঁত (Tooth)**

মানবদেহে সবচেয়ে শক্ত অংশ দাঁত। দাঁতের বাইরের সাদা অংশকে এনামেল বলে। প্রাপ্ত বয়সে মুখগহ্বরের উপরে ও নিচের চোয়ালে সাধারণত ১৬টি করে মোট ৩২টি দাঁত থাকে। মাড়ির সবচেয়ে পেছনের দাঁত দুটোকে আক্কেল দাঁত বলা হয়। দাঁতের ব্যথা শরীরের মধ্যে সবচেয়ে তীব্র ব্যথা। মানবদেহে দাঁত দুবার গজায়। শিশুদের দুধের দাঁত ২০টি।

- **যকৃত (Liver)**

পাকস্থলির ডান পাশে যকৃৎ অবস্থিত। এটি মানবদেহের সবচেয়ে বড় গ্রন্থি। এখানে পিত্তরস জমা হয়। পিত্তরস গাঢ় সবুজ বর্ণের এবং তিক্ত স্বাদবিশিষ্ট।

- **অগ্ন্যাশয় (Pancreas)**

অগ্ন্যাশয় পাকস্থলির পেছনে আড়াআড়িভাবে অবস্থিত। এটি পরিপাকে অংশগ্রহণকারী এনজাইম ও রক্তের গ্লুকোজ নিয়ন্ত্রণকারী হরমোন ইনসুলিন নিঃসৃত করে। অগ্ন্যাশয় থেকে অগ্ন্যাশয় রস নিঃসৃত হয়। অগ্ন্যাশয় রসে ট্রিপসিন, লাইপেজ ও অ্যামাইলেজ নামক এনজাইম থাকে। এসব এনজাইম শর্করা, আমিষ এবং স্নেহজাতীয় খাদ্যের পরিপাকে সহায়তা করে। এছাড়া অম্ল-ক্ষারের সাম্যতা, পানির সাম্যতা, দেহতাপ প্রভৃতি নিয়ন্ত্রণ করে।

- **ফুসফুস (Lung)**

ফুসফুস শ্বসনতন্ত্রের প্রধান অঙ্গ। বক্ষগহ্বরের ভিতর হৃৎপিণ্ডের দুই পাশে দুটি ফুসফুস অবস্থিত। ডান ফুসফুস তিন খণ্ডে এবং বাম ফুসফুস দুই খণ্ডে বিভক্ত। একজন প্রাপ্ত বয়স্ক মানুষের ফুসফুসের বায়ু ধারণ ক্ষমতা ৬ লিটার। ফুসফুসে বিভিন্ন ধরনের প্রোটিন, ফ্যাট, কার্বহাইড্রেট সংশ্লেষণ ঘটে। এটি দেহ হতে শ্বসন বর্জ্য CO_2 নিষ্কাশন করে।

◆ রেচনতন্ত্র (Excretory system)

বিভিন্ন শারীরবৃত্তীয় বিপাক ক্রিয়ার ফলে শরীরে উপজাত দ্রব্য হিসেবে নাইট্রোজেন ঘটিত বর্জ্য পদার্থ তৈরি হয়। দেহ থেকে এসব অপ্রয়োজনীয় বর্জ্য পদার্থ নিষ্কাশন করার পদ্ধতিকে রেচন প্রক্রিয়া বলে। যে তন্ত্রের সাহায্যে রেচন প্রক্রিয়া সম্পাদিত হয়, তাকে রেচনতন্ত্র বলে। একজোড়া বৃক্ক, একজোড়া ইউরেটার, একটি মূত্রথলি এবং একটি মূত্রনালি (ইউরেথ্রা) নিয়ে মানুষের রেচন তন্ত্র গঠিত।

- **বৃক্ক (Kidney)**

মানুষের উদরগহ্বরের পেছন অংশে, মেরুদণ্ডের দুপাশে বক্ষপিঞ্জরের নিচে ও পৃষ্ঠপ্রাচীর সংলগ্ন হয়ে দুটি বৃক্ক যুক্ত থাকে। বৃক্কের গাঠনিক এককে নেফ্রন বলে। বৃক্কের কাজ হলো: রক্ত থেকে সৃষ্ট নাইট্রোজেনঘটিত বর্জ্য অপসারণ করা। দেহে এবং রক্তে পানির ভারসাম্য রক্ষা করা। রক্তে অম্ল ও ক্ষারের ভারসাম্য রক্ষা করা। হরমোন ও এনজাইম নিঃসরণ করা। রক্তচাপ নিয়ন্ত্রণ করা।

◆ স্নায়ুতন্ত্র (Nervous system)

যে তন্ত্র দেহের বাইরের এবং ভিতরের উদ্দীপনা গ্রহণ করে এবং সে অনুযায়ী উপযুক্ত প্রতিক্রিয়া সৃষ্টি করে তাকে স্নায়ুতন্ত্র বলে। মস্তিষ্ক, সুষুম্নাকাণ্ড এবং করোটিক স্নায়ু নিয়ে স্নায়ুতন্ত্র গঠিত।

◆ গ্রন্থি (Glands)

গঠন ও কার্যগতভাবে বিশেষিত যে কোষ বা কোষগুচ্ছ দেহের বিভিন্ন জৈবনিক প্রক্রিয়ায় প্রয়োজনীয় রাসায়নিক পদার্থ ক্ষরণ করে, তাকে গ্রন্থি বলে। গ্রন্থি এক ধরনের

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

রূপান্তরিত আবরণী টিস্যু। এটি সাধারণত দুই ধরনের হয়ে থাকে। যথা: বহিঃক্ষরা গ্রন্থি ও অন্তঃক্ষরা গ্রন্থি।

বিভিন্ন ধরনের বহিঃক্ষরা গ্রন্থির কাজ

গ্রন্থি	নিঃসৃত রস	কাজ
অগ্ন্যাশয়	ট্রিপসিন, লাইপেজ	চর্বি জাতীয় খাবার পরিপাকে সাহায্য করে।
যকৃত (বৃহত্তম গ্রন্থি)	পিত্তরস	চর্বি জাতীয় খাদ্য পরিপাক করে।
ল্যাক্রিমালগ্রন্থি	অশ্রু	চোখকে সিক্ত রাখে।
ঘর্মগ্রন্থি	ঘাম	রেচন কাজ সম্পন্ন করে ও তাপমাত্রা নিয়ন্ত্রণ করে।
লালাগ্রন্থি	লালা রস	পরিপাকে সাহায্য করে।
শুক্রাশয়	টেস্টোস্টেরন	প্রজনন কাজে সহায়তা করে।
ডিম্বাশয়	ইস্ট্রোজেন ও প্রোজেস্টেরন	প্রজনন কাজে সহায়তা করে।
আইলেট অব ল্যাঙ্গারহেন্স	গ্লুকাগণ, ইনসুলিন	গ্লুকোজের মাত্রা নিয়ন্ত্রণ করে।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. মানবদেহে ইনসুলিন নিঃসৃত হয় কোন গ্রন্থি থেকে? *[ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]*
ক যকৃত খ অগ্ন্যাশয়
গ পিটুইটারি ঘ প্রোস্টেট **উ. খ**

২. হাড়ের শেষ এর নাম কী? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর/ মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক Fibroblast খ Chondroblast
গ Ependymal ঘ Osteoblast **উ. ঘ**

৩. মানুষের দেহের হাড়ের সংখ্যা- *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর/ মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক ১৩৮ খ ২০৬
গ ৩০৬ ঘ ৪০৬ **উ. খ**

৪. মানুষের মুখে কর্তন দন্ত কয়টি? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর/ মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক ৪টি খ ৬টি
গ ৮টি ঘ ১০টি **উ. গ**

৫. মানুষের গায়ের রং কোন উপাদানের উপর নির্ভর করে? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর/ মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক মেলানিন খ থায়ামিন
গ ক্যারোটিন ঘ হিমোগ্লোবিন **উ. ক**

৬. মস্তিষ্কের ডোপামিন তৈরির কোষগুলো নষ্ট হলে কী রোগ হয়? *[পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট: ২০]*
ক এপিলেপসি খ পারকিনসন
গ প্যারালাইসিস ঘ থ্রমবোসিন **উ. খ**

৭. মানবদেহের সর্ববৃহৎ অঙ্গ কোনটি? *[সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ১৯]*
ক পা খ ত্বক
গ হাত ঘ মাথা **উ. খ**

৮. অগ্ন্যাশয় হতে কোনটি নিঃসৃত হয়? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা: ২৩]*
ক লাইকোজেন খ লাইগেজ
গ ইনসুলিন ঘ এমিনো এসিড **উ. গ**

৯. কোন রোগে ইনসুলিন ব্যবহৃত হয়? *[হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২২]*
ক ডায়াবেটিস খ কলেরা
গ হাম ঘ ম্যালেরিয়া **উ. ক**

১০. থাইরয়েড গ্রন্থি থেকে নিঃসরণ হয়- *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের গ্রাউন্ড সার্ভিস অ্যাসিসট্যান্ট: ২২]*
ক Thyroxin Hormone খ Thymuses Hormone
গ Hormone ঘ Insulin Hormone **উ. ক**

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. মানবদেহের কোন অঙ্গ আক্রান্ত হলে জন্ডিস হয়। রক্তের কি পরীক্ষায় জন্ডিস বোঝা যায়? *[কর্নেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ এর মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
উ. যকৃত। রক্তের বিলিরুবিন পরীক্ষায় জন্ডিস বোঝা যায়।

প্র. মানব দেহের কোন অংশে ইউরিয়া ঘটিত নাইট্রোজেন পদার্থ তৈরি হয়? *[পুলিশ হেডকোয়ার্টার্সের সাঁট মুদ্রাক্ষরিক কম্পিউটার অপারেটর:২৩]*
উ. বৃক্কে।

প্র. মানবদেহের বৃহত্তম অঙ্গ কোনটি? *[কাস্টম হাউস, ঢাকা এর সিপাহী:২৩]*
উ. ত্বক

প্র. ইনসুলিন হরমোনটি কোন গ্রন্থির কোন কোষ থেকে নির্গত হয়? *[শেখ হাসিনা মেডিকেল কলেজ টাঙ্গাইলের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
উ. অগ্ন্যাশয় গ্রন্থির বিটা কোষ থেকে।

রক্ত ও রক্ত সঞ্চালন

◆ রক্ত (Blood)

রক্ত হলো প্লাজমা ও প্লাজমায় ভাসমান বিভিন্ন কোষীয় উপাদানে গঠিত জটিল তরল টিস্যু। লোহিত রক্তকণিকায় হিমোগ্লোবিন নামক রঞ্জক পদার্থ থাকার কারণে রক্তের রং লাল দেখায়। রক্তে হেপারিন থাকায় দেহের অভ্যন্তরে রক্ত জমাট বাঁধে না। এটি নিউটনের সান্দ্রতা সূত্র মেনে চলে না। রক্তের কাজ: রক্তের দ্বারা O_2 ফুসফুস হতে কোষ-কলায় এবং CO_2 কোষ-কলা হতে ফুসফুসে পরিবাহিত হয়। বিভিন্ন খাদ্যসার এবং ভিটামিন, খনিজ লবণ ও পানি রক্ত দ্বারা দেহের বিভিন্ন অংশে পৌঁছায়। দেহের তাপ সাম্যতা রক্ষা করে। জীবাণুর বিরুদ্ধে এন্টিবডি ও এনজাইম সৃষ্টি করে দেহের রোগ প্রতিরোধ করে। ক্ষতস্থানে রক্তজমাট ঘটিয়ে দেহের রক্তপাত প্রতিরোধ করে। দেহকে শুষ্কতা হতে

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

রক্ষা করে। রক্ত অম্ল ও ক্ষারের রাসায়নিক বাফার সৃষ্টি করে দেহতরলের P^H নিয়ন্ত্রণ করে।

একজন পূর্ণবয়স্ক সুস্থ মানুষের দেহে রক্তের পরিমাণ	৫-৬ লিটার
মানুষের শরীরের রক্তের ওজন	প্রায় ৮% (মোট ওজনের)
রক্তের P^H মাত্রা	৭.৩৫-৭.৪৫
রক্তের তাপমাত্রা	৩৬-৩৮° সেলসিয়াস
রক্তের আপেক্ষিক গুরুত্ব	প্রায় ১.০৬৫ (পানির চেয়ে বেশি)

রক্ত দেহকোষে পরিবহন করে	অক্সিজেন, খাদ্যসার। যেমন- গ্লুকোজ, অ্যামাইনো এসিড, ফ্যাটি এসিড।
রক্ত দেহকোষ হতে পরিবহন করে	বিভিন্ন বর্জ্য পদার্থ যেমন- CO_2 ইউরিয়া, ইউরিক এসিড ইত্যাদি।

◆ রক্তরস (Plasma)

রক্তের বর্ণহীন তরল অংশকে রক্তরস বলে। সাধারণত রক্তের শতকরা প্রায় ৫৫ ভাগ রক্তরস। রক্তরসে ৯০-৯২% পানি থাকে।

◆ রক্তকণিকা (Blood corpuscles)

রক্তরসের ভাসমান বিভিন্ন ধরনের কোষকে রক্তকণিকা বলে। হাড়ের লাল অস্থিমজ্জা হতে রক্তকণিকা তৈরি হয়। রক্তে এর পরিমাণ ৪৫%। মানবদেহে তিন ধরনের রক্তকণিকা দেখা যায়। যথা: লোহিত রক্তকণিকা, শ্বেত রক্তকণিকা এবং অণুচক্রিকা।

১. লোহিত রক্তকণিকা

লাল অস্থিমজ্জায় লোহিত রক্তকণিকা তৈরি হয়। এর গড় আয়ু ১২০ দিন। পুরুষের তুলনায় নারীদের রক্তে লোহিত রক্তকণিকা কম থাকে। এর হিমোগ্লোবিন অক্সিহিমোগ্লোবিন হিসেবে অক্সিজেন এবং কার্বন ডাই-অক্সাইড পরিবহন করে। হিমোগ্লোবিন (৯০%) থাকায় একে RBC বলে। লোহিত রক্তকণিকার কাজ: অক্সিজেন পরিবহন করে। সামান্য CO_2 পরিবহন করে। রক্তের সান্দ্রতা রক্ষা করে। বাফার হিসেবে কাজ করে। ব্লাড গ্রুপিংয়ে সহায়তা করে।

◆ হিমোগ্লোবিন (Hemoglobin)

হিমোগ্লোবিন এক ধরনের লৌহ ঘটিত রঞ্জক পদার্থ। হিমোগ্লোবিন ৪% হিম এবং ৯৬% গ্লোবিন নামক সরল প্রোটিন দ্বারা গঠিত। লোহিত রক্তকণিকায় এর উপস্থিতির কারণে রক্ত লাল দেখায়।

◆ বিলিরুবিন (Bilirubin)

পিত্তরসের প্রধান রঞ্জক পদার্থ হলো বিলিরুবিন। রক্তের লৌহযুক্ত অংশকে হিম (heme) বলে। হিম ভেঙ্গে শেষ পর্যন্ত বিলিরুবিনে পরিণত হয়। যকৃতে বিলিরুবিন তৈরি হয়। ক্রোমো প্রোটিন থেকেও বিলিরুবিন তৈরি হয়।

২. শ্বেত রক্তকণিকা (Leucocyte)

শ্বেতকণিকা আকার বিহীন। এগুলো হিমোগ্লোবিনবিহীন এবং নিউক্লিয়াসযুক্ত বড় আকারের কোষ। শ্বেত কণিকার গড় আয়ু ১-১৫ দিন। হিমোগ্লোবিন না থাকায় শ্বেত রক্তকণিকাকে WBC বলে। লোহিত রক্ত কণিকা ও শ্বেত রক্তকণিকার অনুপাত ৭০০ ঃ ১। রক্তে শ্বেতকণিকা বেড়ে যাওয়াকে লিউকোমিয়া বলে। এর ফলে ব্লাড ক্যান্সার হয়। শ্বেত রক্তকণিকার কাজ: এরা ফ্যাগোসাইটোসিস প্রক্রিয়ায় জীবাণু ভক্ষণ করে। দেহের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়। রক্ত বাহিকার ভিতরে রক্তকে জমাট বাঁধতে বাধা দেয়। দেহে এলার্জি প্রতিরোধ করে।

৩. অণুচক্রিকা (Thrombocyte)

ইংরেজিতে এদেরকে প্লেইটলেট (Platelet) বলে। এদের সাইটোপ্লাজম দানাদার এবং সাইটোপ্লাজম কোষ অঙ্গাণু-মাইটোকণ্ড্রিয়া, গলগি বস্তু থাকে; কিন্তু নিউক্লিয়াস থাকে না। অণুচক্রিকাগুলোর গড় আয়ু ৫-১০ দিন। মানবদেহে প্রতি ঘনমিলিমিটার রক্তে অণুচক্রিকার সংখ্যা প্রায় ২৫০০০০। রক্তে অনুচক্রিকা বেড়ে যাওয়াকে থ্রম্বোসাইটোসিস এবং কমে যাওয়াকে থ্রম্বোসাইটোপেনিয়া বলে। অণুচক্রিকার কাজ: অণুচক্রিকার প্রধান কাজ রক্ত তঞ্চন করা বা জমাট বাঁধতে সাহায্য করা। ফিব্রিনোজেন, প্রোথ্রোম্বিন, থ্রম্বোপ্লাস্টিন রক্ত জমাট বাঁধতে সাহায্য করে। এটি ফ্যাগাসাইটোসিস পদ্ধতিতে ভাইরাস ভক্ষণ করে।

◆ রক্তের গ্রুপ (Blood Group)

লোহিত রক্তকণিকায় A এবং B নামক দুই ধরনের অ্যান্টিজেন থাকে এবং রক্তরসে a ও b দুই ধরনের অ্যান্টিবডি থাকে। এই অ্যান্টিজেন এবং অ্যান্টিবডির উপস্থিতির উপর ভিত্তিহ করে মানুষের রক্তকে বিভিন্ন গ্রুপে ভাগ করা যায়। একে ব্লাড গ্রুপ বলে। বিজ্ঞানী কার্ল ল্যান্ডস্টেইনার ১৯০১ সালে মানুষের রক্তের শ্রেণিবিন্যাস করেন। তিনি মানুষের রক্তকে A, B, AB এবং O এই ৪টি গ্রুপে ভাগ করেন।

রক্তের গ্রুপের অ্যান্টিজেন ও অ্যান্টিবডি		
রক্তের গ্রুপ	অ্যান্টিজেন (লোহিত রক্তকণিকায়	অ্যান্টিবডি (রক্তরসে)
A	A	b
B	B	a
AB	A, B	নেই
O	নেই	a, b

O গ্রুপের রক্তবিশিষ্ট ব্যক্তি সব গ্রুপের রক্তের ব্যক্তিকে রক্ত দিতে পারে। এজন্য তাকে সর্বজনীন রক্তদাতা (Universal donor) বলে। AB রক্তধারী ব্যক্তি যেকোনো ব্যক্তির রক্ত গ্রহণ করতে পারে। তাই তাকে সর্বজনীন রক্তগ্রহীতা (Universal recipient) বলা হয়।

◆ রক্তচাপ (Blood Pressure)

রক্তপ্রবাহের সময় ধমনির গায়ে যে চাপ সৃষ্টি হয়, তাকে রক্তচাপ বলে। হৃৎপিণ্ডের সংকোচন বা সিস্টোল অবস্থায় ধমনির গায়ে রক্তচাপের মাত্রা সর্বাধিক থাকে। একে সিস্টোলিক চাপ (Systolic Pressure) বলে। হৃৎপিণ্ডের

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

প্রসারণ বা ডায়াস্টোল অবস্থায় রক্তচাপ সবচেয়ে কম থাকে। একে ডায়াস্টোলিক চাপ (Diastolic Pressure) বলে।

রক্তচাপের ধরন	মান (মি. মি. পারদ)
সিস্টোলিক চাপ (SP)	১০০-১৪০
ডায়াস্টোলিক চাপ (DP)	৬০-৯০
পালস প্রেসার (PP= SP-DP)	৪০
মিন প্রেসার (MP= DP+1/3PP)	৭৮-৯৮

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. কোন রক্ত গ্রুপকে সার্বজনীন দাতা বলা হয়? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর/ মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক ও পজেটিভ খ বি পজেটিভ
গ এ পজেটিভ ঘ এবি পজেটিভ উ.ক

২. সর্বজনীন দাতা বলা হয় কোন ব্লাড গ্রুপকে? *[দুদকের কোট পরিদর্শক: ২২]*
ক A^{+ve} খ B^{+ve}
গ AB^{+ve} ঘ O^{+ve} উ. ঘ

৩. বিলিরুবিন তৈরি হয় কোথায়? *[দুদকের কোট পরিদর্শক: ২২]*
ক অন্ত্রে খ যকৃতে
গ প্লীহায় ঘ প্যারাইটাল কোষে উ. খ

৪. রক্ত তঞ্চনে সাহায্য করে কোন খনিজ মৌল? *[স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নকশাকার/ড্রাফটম্যান: ২২]*
ক ক্যালসিয়াম খ ম্যাগনেসিয়াম
গ সালফার ঘ ফসফরাস উ. ক

৫. হিমোগ্লোবিন কোন জাতীয় পদার্থ? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]*
ক স্নেহ খ আমিষ
গ আয়োডিন ঘ লৌহ উ. খ

৬. মানুষের রক্তকে কয়টি গ্রুপে ভাগ করা যায়? *[সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ১৯]*
ক ৬ খ ৫
গ ৪ ঘ ৩ উ. গ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. মানবদেহের লোহিত রক্তকণিকার আয়ুষ্কাল কত? *[ভূমি মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২৩]*
উ. ১২০ দিন।

প্র. ব্লাড গ্রুপ কি কি? সার্বজনীন দাতা কোন গ্রুপের রক্ত? *[কর্নেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ এর মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
উ. ব্লাড গ্রুপ: A,B, AB, O
সার্বজনীন দাতা: O গ্রুপ।

প্র. রক্তে হিমোগ্লোবিনের কাজ কি? *[বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
উ. হৃদযন্ত্র থেকে শরীরের সকল অংশে অক্সিজেন পরিবহন করা।

হৃদপিণ্ড ও হৃদরোগ

♦ হৃদপিণ্ড (Heart)
রক্ত সংবহন তন্ত্রের যে অঙ্গটি পাম্পের মতো সংকোচন ও প্রসারণের মাধ্যমে সারাদেহে রক্ত সংবহন করে তাকে হৃদপিণ্ড বলে। রক্তকে রক্তবাহিকার ভেতর দিয়ে সঞ্চালনের জন্য হৃদপিণ্ড মানবদেহের পাম্পযন্ত্র রূপে কাজ করে। জীবন্ত পাম্পযন্ত্রটি দেহের বিভিন্ন অংশ থেকে শিরার মাধ্যমে আনা রক্ত ধমনীর সাহায্যে শরীরের বিভিন্ন অংশে প্রেরণ করে থাকে।

• হৃদস্পন্দন (Heartbeat)
হৃৎপিণ্ডের একবার সংকোচন (সিস্টোল) ও একবার প্রসারণ (ডায়াস্টোল)-কে একত্রে হার্টবিট বা হৃৎস্পন্দন বলে। হৃৎস্পন্দনের হার প্রতি মিনিটে প্রায় ৭০-৮০ বার। প্রতি হৃৎস্পন্দর সম্পন্ন করতে সিস্টোল ও ডায়াস্টোলের যে চক্রাকার ঘটে তাকে হৃৎচক্র বলে। এ চক্রের স্থিতিকাল ০.৮ সেকেন্ড।

♦ হৃদরোগ (Heart Diseases)
মানব হৃদপিণ্ড এবং রক্তনালির কতিপয় রোগকে সমষ্টিগতভাবে হৃদরোগ বা কার্ডিওভাসকুলার ডিজিস বলে। হৃদরোগ যেখানে আলোচনা করা হয় তাকে Cardiology বলে।

♦ হার্ট অ্যাটাক (Heart Attack)
পর্যাপ্ত অক্সিজেন-সমৃদ্ধ রক্ত সরবরাহের অভাবে কার্ডিয়াক পেশির মরে যাওয়াকে হার্ট অ্যাটাক বলে। ধমনির গাত্রে কোলেস্টেরল জমে ধমনির গহ্বর বন্ধ হয়ে গেলে হৃৎপেশিতে রক্তের সরবরাহও বন্ধ হয়ে যায়, ফলে হৃৎপেশি মরে যায়। হার্ট অ্যাটাকের অপর নাম মায়োকার্ডিয়াল ইনফার্কশন। হার্ট অ্যাটাকের লক্ষণ: বুকে অসহ্য চাপ, মোচড়ান, আছড়ান বা ব্যথা অনুভূত হয়। বুকে অস্বস্তির সময় ঘন ঘন নিঃশ্বাস-প্রশ্বাস ঘটে। ঘুমে ব্যাঘাত ঘটে, নিজেকে শক্তিহীন মনে হয়।

♦ হার্ট ফেইলিউর (Heart Failure)
হৃদপিণ্ড যখন দেহের চাহিদা অনুযায়ী পর্যাপ্ত রক্তের যোগান দিতে পারে না তখন এ অবস্থাকে হার্ট ফেইলিউর বলে। অনেক সময় হৃদপিণ্ড রক্তে পরিপূর্ণ না হতে পারায় এমনটি হতে পারে। হৃৎপিণ্ডে জন্মগত বা সংক্রমণজনিত কারণেও হার্ট ফেউলিউর ঘটতে পারে। হার্ট ফেইলিওর এর লক্ষণ: শ্বাস কষ্ট বেড়ে যায়। শরীরের বিভিন্ন জায়গার টিস্যুতে তরল জমে ফুলে উঠে। পা, গোড়ালি, পায়ের পাতা, উদর ও যকৃত স্ফীত হয়ে যায়। সবসময় ক্লান্তিভাব থাকে।

• হৃদরোগের চিকিৎসা
পেসমেকার (Pacemaker): হৃৎস্পন্দন সৃষ্টি ও নিয়ন্ত্রণের জন্য যে কম্পিউটারাইজড বৈদ্যুতিক যন্ত্র দেহে স্থাপন করা হয় তাকে পেসমেকার বলে।
ওপেন হার্ট সার্জারি (Open Heart Surgery): শল্যচিকিৎসক যখন রোগীর বুক কেটে উন্মুক্ত করে হৃৎপিণ্ডে

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

অস্ত্রোপচার সম্পন্ন করেন তখন সে প্রক্রিয়াকে ওপেন হার্ট সার্জারি বলে।

- **করোনারি বাইপাস সার্জারি (Coronary Bypass Surgery):** এক বা একাধিক করোনারি ধমনির গহ্বর বন্ধ হয়ে গেলে হৃৎপিণ্ডে রক্ত সরবরাহ অব্যাহত রাখতে অস্ত্রোপচারের মাধ্যমে দেহের অন্য অংশ থেকে একটি সুস্থ রক্তবাহিকা কেটে এনে বন্ধ ধমনির পাশে স্থাপন করে রক্ত সরবরাহের যে বিকল্প পথ সৃষ্টি করা হয় তাকে করোনারি বাইপাস বলে।
- **এনজিওপ্লাস্টি (Angioplasty)**
বড় ধরনের অস্ত্রোপচার না করে হৃৎপিণ্ডের সংকীর্ণ হয়ে যাওয়া ধমনি পুনরায় প্রশস্ত করার পদ্ধতিকে এনজিওপ্লাস্টি বলে। এনজিওপ্লাস্টির উদ্দেশ্য হচ্ছে সরু বা বন্ধ হওয়া গহ্বরের ভেতর দিয়ে হৃৎপিণ্ডে পর্যাপ্ত CO_2 সরবরাহ নিশ্চিত করে হৃদপিণ্ড ও দেহকে সচল রাখা।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. নিচের কোনটির হৃদপিন্ড চার প্রকোষ্ঠ বিশিষ্ট? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পাউন্ডার/পোল্ট্রি টেকনিশিয়ান: ২০]*
ক হাঙ্গর খ হাঁস
গ উট ঘ কুমির উ. গ

২. হৃৎপিন্ডের প্রকোষ্ঠের প্রসারণকে বলা হয়- *[যুব উন্নয়ন অধিদপ্তরের প্রেডিট সুপারভাইজার/সাঁট মুদ্রাক্ষরিক অপারেটর: ১৯]*
ক সিস্টোল খ ডায়াস্টোল
গ হাইপারটেনশন ঘ কোনোটিই নয় উ. খ

খাদ্য ও পুষ্টি

◆ **খাদ্য (Food)**
যেসব দ্রব্য খাওয়ার পর দেহে শোষিত হয়ে বিভিন্ন কার্য সম্পাদন করে তাকে খাদ্য বলে। এই কাজগুলো হচ্ছে দেহের পুষ্টিসাধন, দেহের ক্ষয়পূরণ, দেহে রোগ প্রতিরোধক শক্তি উৎপাদন এবং কর্মশক্তি ও তাপ উৎপাদন। একজন পূর্ণবয়স্ক মানুষের গড়ে দৈনিক ২৫০০-৩০০০ কিলোক্যালরি খাদ্যের প্রয়োজন।

- **খাদ্যের উপাদান**
খাদ্য অনেকগুলো রাসায়নিক বস্তুর সমন্বয়ে গঠিত। এই রাসায়নিক বস্তুগুলোকে খাদ্য উপাদান বলে। উপাদান অনুযায়ী খাদ্যবস্তুকে প্রধানত তিন ভাগে ভাগ করা হয়। যথা:

আমিষ	দেহের বৃদ্ধি সাধন এবং ক্ষয়পূরণ করে।
শর্করা	দেহে শক্তি উৎপাদনে সহায়তা করে।
স্নেহ ও চর্বি	দেহে তাপ এবং শক্তি উৎপাদন করে।

- এছাড়া তিন ধরনের উপাদান দেহের জন্য প্রয়োজন। যেমন:

খাদ্যপ্রাণ বা ভিটামিন	রোগ প্রতিরোধ শক্তি বাড়ায় এবং বিভিন্ন রাসায়নিক বিক্রিয়ায় উদ্দীপনা সৃষ্টি করে।
খনিজ লবণ	বিভিন্ন জৈবিক কাজে অংশ নেয়।
পানি	দেহে পানি ও তাপের সমতা রক্ষা করে, কোষের কার্যাদি নিয়ন্ত্রণ করে এবং কোষ অঙ্গাণুগুলোকে ধারণ করে।

◆ **সুষম খাদ্য (Blanced Diet)**
যে খাদ্যে মানব দেহের প্রয়োজনীয় সকল খাদ্য উপাদান থাকে এবং দেহের সার্বিক চাহিদা পূরণ করে সেই খাদ্য সমূহকে সুষম খাদ্য বলে। সুষম খাদ্যে শর্করা, আমিষ ও স্নেহজাতীয় উপাদানের অনুপাত ৪ : ১ : ১।

সুষম খাদ্যের উপাদান	
দেহ গঠনের উপযোগী খাদ্য	চাল, গম, আলু, চিনি, গুড়, ঘি, মাখন, তেল ইত্যাদি।
শক্তি ও তাপ সরবরাহকারী খাদ্য	চাল, গম, আলু, চিনি, গুড়, ঘি, মাখন, তেল ইত্যাদি।
প্রতিরক্ষামূলক খাদ্য	শাক-সবজি, দুধ, ফল ইত্যাদি।

- **দুধ (Milk)**
দুধকে একটি সম্পূর্ণ বা আদর্শ খাদ্য বলা হয়। কারণ দুধে সব ধরনের খাদ্য উপাদান বিদ্যমান রয়েছে। দুধের আমিষের নাম কেজিন। এই কেজিনের জন্য দুধের রং সাদা হয়। দুধের শর্করা ল্যাক্টোজ।
- **ডিম (Egg)**
ডিম একটি সুষম পুষ্টিকর খাদ্য। ডিমে ভিটামিন এ, ডি, $বি_২$, $বি_৫$, $বি_{১২}$, ফলিক এসিড, বায়োটিন, কোলিন, ফসফরাস, আয়োডিন এবং সেলেনিয়াম পাওয়া যায়। ডিমের সাদা অংশে এলবুমিন এবং কুসুমে গ্লোবিউলিন নামক প্রোটিন থাকে। এটি প্রোটিনের অন্যতম উৎস।

◆ **আমিষ (Protein)**
এক বা একাধিক অ্যামাইনো এসিডের সমন্বয়ে প্রোটিন তৈরি হয়। আমিষ বা প্রোটিন-জাতীয় খাদ্য কার্বন (৫৪%), হাইড্রোজেন (৭%), অক্সিজেন (২০%) এবং নাইট্রোজেন (১৬%) দিয়ে গঠিত। আমিষ দেহে পরিপাক হওয়ার পর অ্যামাইনো এসিডে পরিণত হয়। মানুষের মধ্যে এ পর্যন্ত ২০ ধরনের অ্যামাইনো এসিডের সন্ধান পাওয়া গেছে।

- **আমিষের উৎস**
প্রাণিজ আমিষ: মাছ, মাংস, ডিম, পনির, ছানা, কলিজা, শুটকি মাছ ইত্যাদি প্রাণিজ আমিষ। এসব খাদ্যে দেহের প্রয়োজনীয় অ্যামাইনো এসিড পাওয়া যায়। এটি উৎকৃষ্ট প্রোটিন।
উদ্ভিজ্জ আমিষ: ডাল, চিনাবাদাম, শিমের বীচি ইত্যাদি উদ্ভিজ্জ আমিষ। এগুলো প্রাণিজ আমিষের তুলনায় কম পুষ্টিকর। খেসারি ডালে BOAA প্রোটিন থাকে যা ল্যাথারাইজম রোগ সৃষ্টি করে। Natural Protein এর কোড P 49। এন্টিবডি প্রোটিন থেকে তৈরি হয়। প্রোটিনের অভাবে শিশুদের কোয়াশিয়রকর ও বয়স্কদের মেরাসমাস রোগ হয়।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

♦ শর্করা (Carbohydrate)

শর্করাজাতীয় খাদ্য শরীরে কাজ করার শক্তি যোগায়। শর্করার মৌলিক উপাদান কার্বন, হাইড্রোজেন এবং অক্সিজেন। এতে কার্বন, অক্সিজেন ও হাইড্রোজেনের অনুপাত ১ : ২ : ১। উদ্ভিদের মূল, কাণ্ড, পাতা, ফুল, ফল ও বীজে শর্করা জমা থাকে। প্রাণীদেহে গ্লাইকোজেন, ফলের রসে গ্লুকোজ, দুধে ল্যাকটোজ, গম আলু, চাল ইত্যাদিতে শ্বেতসার (স্টার্চ) রূপে পাওয়া যায়। প্রাপ্ত বয়স্ক মানুষের দৈনিক ৩০০-৫০০ গ্রাম শর্করা প্রয়োজন।

♦ স্নেহজাতীয় খাদ্য (Fats)

স্নেহ পদার্থ ফ্যাটি এসিড ও গ্লিসারল এর সমন্বয়ে গঠিত। এতে ২০ প্রকার ফ্যাটি এসিড পাওয়া যায়। স্নেহ পদার্থে কার্বন, হাইড্রোজেন ও অক্সিজেন এর অনুপাত ১ ঃ ২ ঃ ১ নয়। স্নেহ পদার্থ পানিতে অদ্রবণীয়। এর মুখ্য কাজ হলো তাপ উৎপাদন করা। স্নেহ পদার্থের অভাব হলে চর্মরোগ, শিশুদের একজিমা এবং আধিক্য হলে উচ্চ রক্তচাপ, স্ট্রোক, হার্ট অ্যাটাক হয়।

উদ্ভিজ্জ স্নেহপদার্থ: সয়াবিন, সরিষা, তিল, বাদাম, সূর্যমুখী এবং ভুট্টার তেল ভোজ্যতেল হিসেবে ব্যবহার করা হয়। ভোজ্যতেলের মধ্যে সয়াবিন তেল উৎকৃষ্টতম।

প্রাণিজ স্নেহপদার্থ: চর্বি, ঘি, ডালডা ইত্যাদি প্রাণিজ স্নেহপদার্থ। ডিমের কুসুমে স্নেহপদার্থ আছে, কিন্তু সাদা অংশে স্নেহ পদার্থ থাকে না।

♦ খনিজ লবণ (Minerals)

দেহকোষ ও দেহের তরল অংশের জন্য খনিজ লবণ গুরুত্বপূর্ণ উপাদান। মানুষের শরীরে খনিজ লবণ হিসেবে লৌহ, সালফার, দস্তা, সোডিয়াম, পটাশিয়াম, আয়োডিন ইত্যাদি থাকে। হাড়, দাঁত, পেশি, এনজাইম এবং হরমোন গঠনের জন্য খনিজ লবণ একটি অপরিহার্য উপাদান।

খনিজ লবণের অভাবজনিত সমস্যা

খনিজ লবণ	অভাবজনিত সমস্যা
আয়োডিন	গলগণ্ড, শিশুদের ক্রিটিনিজম, বড়দের মিক্সিডিয়া
আয়রন	রক্তশূন্যতা
জিঙ্ক	বন্ধ্যাত্ব, বৃদ্ধিহীনতা
ক্যালসিয়াম	শিশু- রিকেটস; বয়স্ক- অস্টিওম্যালেসিয়া
সোডিয়াম	হৃদরোগ, ডায়রিয়া
পটাশিয়াম	পেশি দুর্বলতা, বমি
ফসফরাস	হাড় ক্ষয়, রিকেটস

♦ পানি (Water)

জীবনরক্ষার কাজে অক্সিজেনের পরেই পানির স্থান। দেহ গঠন, দেহের অভ্যন্তরীণ কার্য নিয়ন্ত্রণ এবং দেহ থেকে পদার্থ নির্গমনে পানির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

♦ খাদ্যপ্রাণ (Vitamins)

যে সকল জটিল জৈব রাসায়নিক পদার্থ বিভিন্ন খাদ্যে সামান্য মাত্রায় থেকে প্রাণীর জীবনী শক্তি দান করে এবং যার অনুপস্থিতি বা ঘাটতিতে রোগের সৃষ্টি হয় তাদেরকে ভিটামিন বলে। এর অপর নাম খাদ্যপ্রাণ। একে জৈব প্রভাবক বলা হয়। ভিটামিন দুই ধরনের। যথা:

১. চর্বিতে দ্রবণীয় ভিটামিন ও
২. পানিতে দ্রবণীয় ভিটামিন।

চর্বিতে দ্রবণীয় ভিটামিন

ভিটামিন	উৎস	অভাবজনিত রোগ
ভিটামিন A	গাজর, টমেটো, বাধাকপি, পালংশাক, আম, পেয়ারা, ডাল, দুধ, মাখন, যকৃত, মাছ, ডিমের কুসুম ইত্যাদি।	এর অভাবে শিশুদের অন্ধত্ব ঘটে এবং রাতকানা (X_N) রোগ দেখা দেয়।
ভিটামিন D	বাধাকপি ও উদ্ভিদজাত তেল, মাছের যকৃত জাত তেল, সামুদ্রিক মাছ, দুধ, ডিম ইত্যাদি।	এর অভাবে শিশুদের রিকেটস, প্রাপ্তবয়স্কদের অস্টিওম্যালাসিয়া ও দাঁতের ক্ষয়রোধ হয়।
ভিটামিন E	লেটুস শাক, সয়াবিন, ছোলা, দুধ, ডিমের কুসুম, যকৃত ও মাংস ইত্যাদি।	প্রজনন ক্ষমতা হ্রাস পায়। স্ত্রী ও পুরুষ প্রাণীতে বন্ধ্যাত্ব সৃষ্টি করে।
ভিটামিন K	বাঁধাকপি, পালংশাক, টমেটো। দুধ, মাখন, যকৃত মাছ, ডিম ইত্যাদি।	নবজাতক শিশুদের রক্তক্ষরণ রোগ দেখা দেয়।

পানিতে দ্রবণীয় ভিটামিন

ভিটামিন	উৎস	অভাবজনিত রোগ
ভিটামিন B_1	শস্য দানা, ঈস্ট, গাজর, ফুলকপি, লেটুস পাতা, ডিমের কুসুম, যকৃত, অন্ত্রের মাংস, বৃক্ক।	বেরিবেরি নামক স্নায়ুরোগ, ক্ষুধামন্দা, শ্বাসকষ্ট, হৃদপিণ্ড অকার্যকর হওয়া।
ভিটামিন B_2	সবুজ শাকসবজি, বরবটি, শস্যবীজ, ডিমের সাদা অংশ, মাছ, যকৃত, বৃক্ক।	জিহ্বা, মুখ ও ঠোঁটের কোণে ঘা হয়। ত্বক খসখসে হয়।
ভিটামিন B_3	শাকসবজি, শস্যদানা, ডাল, ঈস্ট, মাছ, মাংস, ডিম, দুধ ইত্যাদি।	পেলেগ্রা রোগ হয়। ডায়রিয়া ও মানসিক বিকলতা দেখা যায়।
ভিটামিন B_5	চাল, মুগ ডাল, ভুট্টা, ফুলকপি, পাতাকপি, টমেটো, ডিমের কুসুম, মাংস, দুধ, গলদা চিংড়ি।	এর অভাবে অনিদ্রা, ক্লান্তি, বিষণ্নতা, বমি, পেটে ব্যথা, নিম্ন রক্তচাপ দেখা দেয়।
ভিটামিন B_6	চাল, আটা, শাক-সবজি, ছোলা, মাছ, মাংস, ডিমের কুসুম।	এর অভাবে খাওয়ায় অরুচি, বমিভাব ও অ্যানিমিয়া দেখা দেয়।
ভিটামিন B_7	বাদাম, ফুলকপি, কলা, মিষ্টি আলু, গাজর, তরমুজ, ডিম, মাছ, গরুর দুধ ইত্যাদি	এর অভাবে ক্ষুধামন্দ দেখা দেয়। চোখ, নাক, মুখ লাল ফুসকুড়ি দেখা দেওয়া, চোখ উঠা জাতীয় রোগ।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ভিটামিন B_9	শিমের বীজ, সূর্যমুখীর বীজ, লালশাক, ব্রোকলি, কলা, কমলা, কলিজা।	এর অভাবে ভ্রূণের মস্তিষ্ক বা মেরুদণ্ডের বিকাশ ব্যাহত হয়।
ভিটামিন B_{12}	মাংস, ডিম, দুধ, যকৃত, ঈস্ট ইত্যাদি।	রক্তস্বল্পতা, মানসিক ভারসাম্যহীন।
ভিটামিন C	আমলকি, লেবু, কমলা, পেয়ারা, কুল, জলপাই, আনারস, কাচামরিচ।	স্কার্ভি নামক রোগ হয়। রক্তশূন্যতা ও ক্ষত সহজে নিরাময় হয় না।
ভিটামিন M	সবুজ শাকসবজি, ঈস্ট, ফুলকপি, সয়াবিন, গম, ডিমের কুসুম, যকৃত, বৃক্ক।	রক্তশূন্যতা, শিশুর মানসিক বিকলাঙ্গতা সৃষ্টি করে।

ভিটামিন বি এর সবগুলিকে একসাথে ভিটামিন বি কমপ্লেক্স বলে। চা পাতায় ভিটামিন বি কমপ্লেক্স থাকে। সবুজ শাক-সবজিতে সবচেয়ে বেশি ভিটামিন থাকে। শাক তেল দিয়ে রান্না করলে শাকের ভিটামিন তেলে দ্রবীভূত হয়। মানুষের শরীরে ভিটামিন এ, ভিটামিন ডি, ভিটামিন B_3, ভিটামিন B_{12} এবং ভিটামিন কে তৈরি হয়।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. ভিটামিন 'এ' এর অভাবে কোন রোগ হয়? *[নির্বাচন কমিশনের অফিস সহায়ক: ২৩]*
ক বুদ্ধিহীনতা খ কম ওজন
গ অন্ধত্ব ঘ খর্বাকৃতি উ. গ

২. কোন ভিটামিনের অভাবে ভ্রূণের মস্তিষ্কের বিকাশ ব্যাহত হয়? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা: ২৩]*
ক ভিটামিন বি-২ খ ভিটামিন বি-৬
গ ভিটামিন বি-১২ ঘ ভিটামিন বি-১

৩. শিশুদের রিকেটস হয়- *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর/ মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক ভিটামিন ডি এর অভাবে খ ভিটামিন এ এর অভাবে
গ ভিটামিন সি এর অভাবে
ঘ ভিটামিন কে এর অভাবে উ. ক

৪. ভিটামিন 'এ' এর অভাবে শিশুদের কোন রোগ হয়? *[পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২১]*
ক খর্বাকৃতি খ বুদ্ধিহীনতা
গ অন্ধত্ব ঘ কম ওজন উ. গ

৫. কোনটির অভাবে মানবদেহে স্কার্ভি রোগ হয়? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পাউন্ডার/পোল্ট্রি টেকনিশিয়ান: ২০]*
ক ট্যানিক এসিড খ এসিটিক এসিড
গ এসকরবিক এসিড ঘ ম্যালিক এসিড উ. গ

৬. পানিতে দ্রবণীয় ভিটামিন কোনটি? *[ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]*
ক ভিটামিন সি খ ভিটামিন এ
গ ভিটামিন ডি ঘ ভিটামিন ই উ. ক

৭. কোন ভিটামিন ক্ষতস্থান হতে রক্ত পড়া বন্ধ করতে সাহায্য করে? *[বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]*
ক সি খ বি
গ কে ঘ ডি উ. গ

৮. মাংসে খাদ্যের প্রধান উপাদান কোনটি? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*
ক শর্করা খ প্রোটিন
গ আশ ঘ কোনোটি নয় উ. খ

৯. কোন ভিটামিন তাপে নষ্ট হয়? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর/ মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক ভিটামিন এ খ ভিটামিন সি
গ ভিটামিন বি ঘ ভিটামিন ডি উ. খ

১০. পূর্ণ বয়স্ক ব্যক্তির শরীরে Amino Acid এর সংখ্যা- *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর/ মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক ২২টি খ ২০টি
গ ১০টি ঘ ৮টি উ. খ

১১. মানুষের দৈনিক গড়ে কত মিলিগ্রাম কোলেস্টেরল দরকার? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]*
ক ১০০ খ ১০০০
গ ১২০০ ঘ ২০০০ উ. খ

১২. দেহ গঠনে সবচেয়ে বেশী প্রয়োজন- *[ডাক অধিদপ্তরের হিসাব সহকারী/কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*
ক শর্করা খ ভিটামিন
গ পানি ঘ আমিষ উ. ঘ

১৩. কোন ভিটামিন পানিতে দ্রবণীয়? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের গ্রাউন্ড সার্ভিস অ্যাসিসট্যান্ট: ২২]*
ক Vitamin-A খ Vitamin-D
গ Vitamin-B ঘ Vitamin-E উ. গ

১৪. কোন আলোক রশ্মি ত্বকে ভিটামিন তৈরিতে সাহায্য করে? *[খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]*
ক বিটা রশ্মি খ আল্ট্রাভায়োলেট রশ্মি
গ আলফা রশ্মি ঘ এক্সরে রশ্মি উ. খ

১৫. প্রোটিনের মূল উপাদান কি? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটর: ২১]*
ক হাইড্রোজেন খ অক্সিজেন
গ নাইট্রোজেন ঘ কার্বন উ. গ

১৬. চা পাতায় কোন ভিটামিন থাকে? *[পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট: ২০]*
ক ভিটামিন 'ই' খ ভিটামিন 'কে'
গ ভিটামিন 'বি কমপ্লেক্স' ঘ ভিটামিন 'এ' উ. গ

১৭. নিচের কোনটি থেকে ভিটামিন ডি পাওয়া যায়? *[সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ১৯]*
ক আম ও কাঁঠাল খ টমেটো ও গাজর
গ লালশাক ও কচুশাক ঘ দুধ ও ডিম উ. ঘ

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. কোন ভিটামিন ক্ষতস্থান থেকে রক্ত পড়া বন্ধ করতে সাহায্য করে? *[গণযোগাযোগ অধিদপ্তরের ঘোষক: ২৩]*
উ. ভিটামিন 'কে'।

প্র. বেরিবেরি রোগ হয় কোন ভিটামিনের অভাবে? *[কাস্টম হাউস (বেনাপোল, যশোর) এর উচ্চমান সহকারী: ২৩]*
উ. ভিটামিন 'বি-১'।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

প্র. ভিটামিন 'এ' এর অভাবে শিশুদের কোন রোগ হয়? *[নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*

উ. রাতকানা

প্র. কোন ভিটামিনের অভাবে শিশুদের রিকেটস রোগ হয়? *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটর: ২৩]*

উ. ভিটামিন ডি

প্র. ভিটামিন 'ডি' এর অভাবে কোন রোগ হয়? ১

উ. ভিটামিন 'ডি' এর অভাবে শিশুদের রিকেটস্ ও বড়দের অস্টিওপোরোসিস রোগ হয়।

প্র. মাছ, মাংস ও ডিম এর মূল পুষ্টি উপাদান কী? *[মৎস্য ও প্রাণিসম্পদ অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]*

উ. প্রোটিন

প্র. শিশুর শরীরে ভিটামিন সি এবং ভিটামিন ডি এর অভাবে কোন কোন রোগ হয়? *[বাংলা একাডেমির এমএলএসএস: ২৩]*

উ. ভিটামিন 'সি' এর অভাবে স্কার্ভি ও 'ডি' এর অভাবে রিকেটস্ রোগ হয়।

প্র. লেবু ও গাজরে কোন কোন ভিটামিন পাওয়া যায়? *[বাংলা একাডেমির বিভিন্ন পদ: ২৩]*

উ. লেবুতে ভিটামিন 'সি' ও গাজরে ভিটামিন 'এ' পাওয়া যায়।

মহাবিশ্ব ও সৌরজগৎ

♦ মহাবিশ্ব (Universe)

আদি-অন্তহীন আকাশকে মহাকাশ বলে। মহাকাশে অসংখ্য জ্যোতিষ্ক রয়েছে। মহাকাশের চন্দ্র, সূর্য, গ্রহ, নক্ষত্র, ধূমকেতু, উল্কা, নীহারিকা, পালসার, কৃষ্ণবামন, কৃষ্ণগহ্বর প্রভৃতি নিয়ে গঠিত হয়েছে মহাবিশ্ব।

♦ বিগ ব্যাঙ তত্ত্ব (The Big Bang Theory)

মহাবিশ্বের সৃষ্টি সম্পর্কিত যে তত্ত্ব সর্বাধিক সঙ্গতিপূর্ণ তা হালো বিগ ব্যাঙ তত্ত্ব। বেলজিয়ামের বিজ্ঞানী জি. লেমেটার ১৯২৭ সালে এ তত্ত্ব প্রদান করেন। তিনি মহাবিশ্ব সম্প্রসারণের বিস্ফোরণকে বিগ ব্যাঙ নামে অভিহিত করেন। জর্জ গ্যামো (১৯৪৮) বিগ ব্যাঙ এর ধারণা প্রথম উপস্থাপন করেন। গ্যামো মহাবিশ্বের প্রসারণ সম্পর্কে এই ধারণা করেছিলেন যে, যেহেতু সব গ্যালাক্সি পরস্পর হতে দূরে সরে যাচ্ছে- সুদূর অতীতে নিশ্চয় তারা পরস্পরের কাছাকাছি ছিল। ১৫শ কোটি বছর পূর্বে মহাবিশ্বের সব বস্তুপিণ্ড একসময় একত্রে ছিল এবং কোনো এক বিস্ফোরণের ফলে তারা ক্রমেই ছড়িয়ে পড়তে শুরু করে। এ বিস্ফোরণকে বলা হয় বিগ ব্যাঙ বা মহাবিস্ফোরণ। প্রকৃতপক্ষে বিগ ব্যাঙ বলতে মহাবিশ্ব সৃষ্টির শুরু বোঝায় যখন হতে পদার্থ, স্থান ও সময় গণনা শুরু হয়। সৃষ্টি হয় ছায়াপথ, গ্রহ এবং উপগ্রহের। স্টিফেন হকিং (১৯৯৮) 'মহাবিশ্বের উদ্ভব ও নিয়তি' সম্পর্কে তত্ত্ব উপস্থাপন করেন যেটিকে বলা হয় 'মুক্ত স্ফীতি তত্ত্ব'। তিনি তাঁর বিখ্যাত A Brief History of Time গ্রন্থে বিগ ব্যাঙ তত্ত্বের আধুনিক ব্যাখ্যা উপস্থাপন করেন।

বিগ ব্যাঙ	
তত্ত্ব প্রদান	জি ল্যামেটার (১৯২৭), বেলজিয়াম
ধারণা উপস্থাপন	জর্জ গ্যামো (১৯৪৮), যুক্তরাষ্ট্র
আধুনিক তত্ত্ব ও ব্যাখ্যা প্রদান	স্টিফেন হকিং (১৯৯৮), যুক্তরাজ্য

♦ জ্যোতিষ্কমণ্ডলী (Luminaries)

মহাশূন্যে অবস্থিত বস্তুসমূহকেই জ্যোতিষ্ক বা স্বর্গীয় বস্তু (Astronomical Bodies বা Heavenly Bodies) বলে। পৃথিবী ব্যতীত অন্য সব বস্তুই এর অন্তর্ভুক্ত। জ্যোতিষ্ক প্রধানত ৭ প্রকার। যথা: নীহারিকা, নক্ষত্র, গ্রহ, উপগ্রহ, ছায়াপথ, ধূমকেতু ও উল্কা।

♦ নক্ষত্র (Stars)

যেসব জ্যোতিষ্কের নিজের আলো আছে তাদের নক্ষত্র বলে। অর্থাৎ রাতে মেঘমুক্ত আকাশের দিকে তাকালে অনেক আলোক বিন্দু মিটমিট করে জ্বলতে দেখা যায়, এদেরকে নক্ষত্র বলে। নক্ষত্রগুলো হলো জ্বলন্ত গ্যাসপিণ্ড, এরা হাইড্রোজেন ও হিলিয়াম গ্যাস দ্বারা তৈরি। পৃথিবী থেকে নক্ষত্রের দূরত্ব 'আলোকবর্ষ' এককে মাপা হয়। আলো প্রতি সেকেন্ডে প্রায় ৩ লক্ষ কি.মি. বা ১ লক্ষ ৮৬ হাজার মাইল পথ অতিক্রম করে। এই বেগে আলো ১ বছরে যে পরিমাণ দূরত্ব অতিক্রম করে তাকে ১ আলোকবর্ষ বলে।

লুব্ধক	আকাশে উজ্জ্বলতম নক্ষত্র।
সূর্য	পৃথিবীর নিকটতম নক্ষত্র।
প্রক্সিমা সেন্টারাই	সূর্যের নিকটতম নক্ষত্র।
	এটি পৃথিবীর দ্বিতীয় নিকটতম নক্ষত্র।
	পৃথিবী থেকে এর দূরত্ব ৪.২ আলোকবর্ষ।

♦ নক্ষত্রমণ্ডলী (Constellation)

মেঘমুক্ত অন্ধকার রাতে আকাশের দিকে তাকালে মনে হয় কয়েকটি নক্ষত্র বিশেষ আকৃতিতে মিলে জোট বেঁধেছে। এরূপ নক্ষত্রদলকে বলে নক্ষত্রমণ্ডলী। প্রাচীনকালে জ্যোতির্বিজ্ঞানীরা এক একটি নক্ষত্রদলকে কাল্পনিক রেখা দ্বারা যুক্ত করে বিভিন্ন আকৃতি কল্পনা করে বিভিন্ন নাম দিয়েছেন। যেমন: সপ্তর্ষিমণ্ডল (Great Bear), কালপুরুষ বা আদমসুরত (Orion), ক্যাসিওপিয়া (Cassiopeia), লঘুসপ্তর্ষি (Little Bear), বৃহৎ কুক্কুরমণ্ডল বা যুগল মণ্ডল (Canis Major), এরিডানাস (Eridanus) প্রভৃতি।

♦ সপ্তর্ষিমণ্ডল (Great Bear)

উত্তর আকাশের কাছাকাছি যে সাতটি উজ্জ্বল নক্ষত্র দেখা যায়, তার নাম সপ্তর্ষিমণ্ডল। সাতজন ঋষির নামানুসারে এরা পরিচিত। জ্যামিতিক রেখা দিয়ে এদের যুক্ত করলে প্রশ্নবোধক (?) চিহ্নের মতো দেখায়।

♦ কালপুরুষ (Orion)

পূর্ব আকাশে শীতের সন্ধ্যারাত্রে মানুষের ন্যায় তীর ধনুক হাতে শিকারীর মতো যে নক্ষত্রমণ্ডল দেখা যায় তাকে

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

কালপুরুষ বলে। এর অপর নাম আদমসুরত এবং উজ্জ্বল নক্ষত্র হলো বানরাজ।

◆ **নীহারিকা (Nebulae)**

নীহারিকা হলো মহাকাশে অসংখ্য স্বল্পালোকিত তারকার আস্তরণ। নীহারিকার দেহ গ্যাসীয় পদার্থ দ্বারা পূর্ণ। এদের গ্যাসীয় নীহারিকা বলে। এক একটি নীহারিকার মাঝে কোটি কোটি নক্ষত্র থাকতে পারে।

◆ **গ্যালাক্সি (Galaxy)**

মহাকাশে গ্রহ, নক্ষত্র, ধূলিকণা, ধূমকেতু বাষ্পকুণ্ডের এক বিশাল সমাবেশকে গ্যালাক্সি বা নক্ষত্রজগৎ বলে। মহাকাশে একশত বিলিয়ন গ্যালাক্সি রয়েছে।

কসমিক ইয়ার	কোনো ছায়াপথ তার নিজ অক্ষকে কেন্দ্র করে একবার ঘুরে আসতে যে সময়ের প্রয়োজন হয়, তাকে কসমিক ইয়ার বলে।
অ্যান্ড্রোমিডা	পৃথিবীর সবচেয়ে কাছের ছায়াপথ।
	পৃথিবী থেকে এর দূরত্ব ২৫ লক্ষ আলোকবর্ষ।

◆ **ধূমকেতু (Comet)**

মহাকাশে মাঝে মাঝে একপ্রকার জ্যোতিষ্কের আবির্ভাব ঘটে। এদের একটি মাথা ও লেজ আছে। এসব জ্যোতিষ্ককে বলে ধূমকেতু।

হ্যালির ধূমকেতু	জ্যোতির্বিজ্ঞানী এডমন্ড হ্যালি এটি আবিষ্কার করেন বলে এর নাম হ্যালির ধূমকেতু।
	এটি দেখা যায় খ্রিষ্টপূর্ব ২৪০ অব্দ থেকে।
	এটি ৭৫/৭৬ বছর পরপর দেখা যায়।
	এটি সর্বশেষ দেখা গেছে ১৯৮৬ সালে।
	পরবর্তীতে দেখা যাবে ১৯৮৬+৭৬=২০৬২ সালে।
লাইনিয়ার	এটি একবিংশ শতাব্দীর প্রথম ধূমকেতু।
Ikeya-Seki	বিংশ শতাব্দীর সবচেয়ে উজ্জ্বল ধূমকেতু।
	প্রথম দৃশ্যমান হয় ১৬ অক্টোবর, ১৯৬৫ সালে।
হেলবপ ধূমকেতু	জ্যোতির্বিজ্ঞানী এলান হেল ও টমাস বপ ২৩ জুলাই, ১৯৯৫ সালে আবিষ্কার করেন।

◆ **গ্রহ (Planet)**

মহাকাশে কতকগুলো জ্যোতিষ্ক সূর্যকে নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট পথে পরিক্রমণ করে। এদের নিজেদের কোনো আলো বা তাপ নেই। মহাকর্ষ বলের প্রভাবে এরা সূর্যকে কেন্দ্র করে আবর্তিত হয়। এরা সূর্য থেকে আলো ও তাপ নিয়ে উত্তপ্ত হয়। এরা তারার মতো মিটমিট করে জ্বলে না। এসব জ্যোতিষ্ককেই গ্রহ বলে। সৌরজগতের গ্রহ ৮টি। যথা: বুধ, শুক্র, পৃথিবী, মঙ্গল, বৃহস্পতি, শনি, ইউরেনাস ও নেপচুন।

◆ **উপগ্রহ (Satellite)**

মহাকর্ষ বলের প্রভাবে যে জ্যোতিষ্ক বা বস্তু গ্রহকে ঘিরে আবর্তিত হয় তাদেরকে উপগ্রহ বলে। এদের নিজস্ব আলো ও তাপ নেই। উপগ্রহ দুই প্রকার। যথা:

ক. **প্রাকৃতিক উপগ্রহ:** প্রাকৃতিকভাবে সৃষ্ট উপগ্রহকে প্রাকৃতিক উপগ্রহ বলে। যেমন: চাঁদ পৃথিবীর একমাত্র প্রাকৃতিক উপগ্রহ।

খ. **কৃত্রিম উপগ্রহ:** মহাশূন্যে পাড়ি দেয়া, আবহাওয়ার পূর্বাভাস, তথ্য আদান-প্রদান, গোয়েন্দা নজরদারি, খনিজ সম্পদের অনুসন্ধান, পরিবেশ দূষণ নির্ণয় ইত্যাদি কাজের জন্য মানব সৃষ্ট উপগ্রহকে কৃত্রিম উপগ্রহ বলে। যেমন: 'স্পুটনিক-১', 'ভস্টক-১'।

◆ **সৌরজগৎ (Solar System)**

সূর্য এবং তার গ্রহ, উপগ্রহ, গ্রহাণুপুঞ্জ, অসংখ্য ধূমকেতু ও অগণিত উল্কা নিয়ে সৌরজগৎ গঠিত। কোপার্নিকাস (১৫৪০) এর মতে সূর্য সৌরজগতের কেন্দ্রে অবস্থিত এবং গ্রহগুলো মহাকর্ষ বলের প্রভাবে সূর্যের চারদিকে ঘুরছে। সৌরজগতে মোট গ্রহ ছিল ১২টি। ১০ম, ১১তম ও ১২তম গ্রহ যথাক্রমে- ভলকান, এক্সও স্যালিচ। ৯ম গ্রহ প্লুটোর গ্রহ মর্যাদা বাতিল করায় বর্তমানে গ্রহের সংখ্যা ১১টি। তবে সবজনস্বীকৃত গ্রহের সংখ্যা ৮টি।

◆ **সূর্য (Sun)**

সৌরজগতের যাবতীয় গ্রহ-উপগ্রহের নিয়ন্ত্রক হলো সূর্য। সূর্যের মোট গ্রহ ৮টি।

একনজরে সূর্য (Sun)	
ধরন	সূর্য একটি উত্তপ্ত নক্ষত্র।
আয়তন	পৃথিবীর চেয়ে ১৩ লক্ষ গুণ বা ১.৩ মিলিয়ন গুণ, চাঁদের চেয়ে ২ কোটি ৬০ লক্ষ গুণ বড়।
তাপমাত্রা	কেন্দ্রভাগে ১৫০,০০০,০০° সে.।
	পৃষ্ঠভাগে ৬,০০০° সে.।
আবর্তনকাল	সূর্যের নিজ অক্ষের উপর একবার আবর্তন করতে সময় লাগে ২৫দিন।

সূর্যের গঠন উপাদান			
উপাদান	শতকরা হার	উপাদান	শতকরা হার
হাইড্রোজেন	৭৩.৪৬%	নিয়ন	০.১২%
হিলিয়াম	২৪.৮৫%	নাইট্রোজেন	০.০৯%
অক্সিজেন	০.৭৭%	সিলিকন	০.০৭%
কার্বন	০.২৯%	ম্যাগনেসিয়াম	০.০৫%
আয়রন	০.১৬%	সালফার	০.০৪%

বুধ (Mercury)	
ধরন	সৌরজগতের ক্ষুদ্রতম, সূর্যের নিকটতম ও দ্রুততম গ্রহ। এ গ্রহে কোনো বায়ুমণ্ডল নেই।
দূরত্ব	সূর্য থেকে দূরত্ব ৫.৮ কোটি কি.মি.।
প্রদক্ষিণকাল	সূর্যকে প্রদক্ষিণ করতে সময় লাগে ৮৮দিন।
উপগ্রহ	নেই।

শুক্র (Venus)	
ধরন	সৌরজগতের উষ্ণতম/উত্তপ্ত ও উজ্জ্বল গ্রহ। পৃথিবীর নিকটতম গ্রহ এবং একে পৃথিবীর 'জমজ গ্রহ' নামেও অভিহিত করা হয়।
পরিচিতি	শুক্র ভোরের আকাশে 'শুকতারা' এবং সন্ধ্যার আকাশে 'সন্ধ্যাতারা' নামে পরিচিত।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

দূরত্ব	সূর্য থেকে দূরত্ব ১০.৮ কোটি কি.মি.।
প্রদক্ষিণকাল	সূর্যকে প্রদক্ষিণ করতে সময় লাগে ২২৫দিন।
উপগ্রহ	নেই।

পৃথিবী (Earth)

ধরন	এটি অভিগত গোলকের ন্যায়। অভিগত অর্থ- উত্তর-দক্ষিণে সামান্য চাপা এবং পূর্ব-পশ্চিমে সামান্য স্ফীত। সৌরজগতের গ্রহগুলোর মধ্যে একমাত্র পৃথিবীতেই প্রাণের অস্তিত্ব আছে।	
ব্যাসার্ধ	বিষুবীয়	৬,৩৭৮ কি.মি./ ৩৯৬৩ মাইল।
	মেরুদেশীয়	৬,৩৫৬ কি.মি./ ৩৯৪৯ মাইল।
পরিধি	৪০,০৭৫ কি.মি. বা ২৪,৯০১ মাইল।	
ব্যাস	১২,৬৬৭ কি.মি বা ৮,০০০ মাইল (প্রায়)।	
অবস্থান	পৃথিবীর নিকটতম নক্ষত্র সূর্য এবং সৌরজগতের তৃতীয় গ্রহ পৃথিবী।	
প্রদক্ষিণকাল	সূর্যকে প্রদক্ষিণ করতে সময় লাগে ৩৬৫ দিন ৫ ঘণ্টা ৪৮ মিনিট ৪৭ সেকেন্ড।	
দূরত্ব	পৃথিবী থেকে সূর্যের দূরত্ব ৯৩ মিলিয়ন মাইল বা ১৫ কোটি কি.মি.।	
আলো প্রাপ্তি	সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে সময় লাগে ৮.৩২ মিনিট বা ৮ মিনিট ১৯ সেকেন্ড বা ৫০০ সেকেন্ড।	
উপগ্রহ	১টি (চাঁদ)।	

চাঁদ (Moon)

ধরন	পৃথিবীর একমাত্র উপগ্রহ।
দূরত্ব	পৃথিবী থেকে চাঁদের দূরত্ব ৩,৮৪,৩৯৯ কি.মি বা ২,৩৮,৮৫৫ মাইল। আলোর গতিতে চললে পৃথিবী থেকে চাঁদে পৌঁছাতে সময় লাগে ১.৩ সেকেন্ড।
আবর্তন	চাঁদ প্রতি ২৭.৩২ দিনে (২৭ দিন ৮ ঘণ্টায়) পৃথিবীর চারদিকে পূর্ণ আবর্তন সম্পন্ন করে।
বস্তুর ওজন	চাঁদে কোনো বস্তুর ওজন পৃথিবীর ওজনের ৬ ভাগের ১ ভাগ।
সাগর	শান্তসাগর, শান্তিসাগর বৃষ্টিসাগর, মেঘসমুদ্র প্রভৃতি চাঁদে অবস্থিত।

মঙ্গল (Mars)

ধরন	পৃথিবীর নিকটতম প্রতিবেশি গ্রহ। মঙ্গল গ্রহের মাটিতে প্রচুর পরিমাণ আয়রন অক্সাইড (মরিচা) থাকায় এটি লালচে দেখায়। ফলে এ গ্রহটিকে 'লাল গ্রহ' বলে অভিহিত করা হয়।
প্রদক্ষিণকাল	সূর্যকে প্রদক্ষিণ করতে সময় লাগে ৬৮৭ দিন।
উপগ্রহ	২টি (ফোবোস ও ডিমোস)।

বৃহস্পতি (Jupiter)

ধরন	সৌরজগতের সবচেয়ে বড় গ্রহ। তাই একে 'গ্রহরাজ' বলা হয়।
উপাদান	বৃহস্পতির বায়ুমণ্ডল হাইড্রোজেন ও হিলিয়াম গ্যাস দিয়ে তৈরি।
আয়তন	পৃথিবীর চেয়ে ১,৩০০ গুণ বড়।
দূরত্ব	সূর্য থেকে দূরত্ব ৭৭.৮ কোটি কি.মি.।
প্রদক্ষিণকাল	সূর্যকে প্রদক্ষিণ করতে সময় লাগে ৪,৩৩১ দিন।
উপগ্রহ	৬৭টি। কার্নেগি ইন্সটিটিউশন এর মতে ৭৯টি। লো, ইউরোপা, ক্যালিস্টো, গ্যানিমেড (সৌরজগতের সবচেয়ে বড় উপগ্রহ)।

শনি (Saturn)

ধরন	সৌরজগতের দ্বিতীয় বৃহত্তম গ্রহ। এটি গ্যাসের তৈরি বিশাল এক গোলক। শনিকে ঘিরে আছে হাজার হাজার বলয়।
দূরত্ব	সূর্য থেকে দূরত্ব ১৪৩ কোটি কি.মি.।
প্রদক্ষিণকাল	সূর্যকে প্রদক্ষিণ করতে সময় লাগে পৃথিবীর প্রায় ২৯.৫ বছরের সমান।
উপগ্রহ	৮২টি। ৯ম-১০ম শ্রেণির মতে, ৬২টি। টাইটান (সৌরজগতের দ্বিতীয় বৃহত্তম উপগ্রহ), হুয়া, ডাইওন, ক্যাপিটাস, টেথিস।

ইউরেনাস (Uranus)

ধরন	সৌরজগতের তৃতীয় বৃহত্তম গ্রহ। একে 'সবুজ গ্রহ' বলা হয়।
দূরত্ব	সূর্য থেকে দূরত্ব ২৮৭ কোটি কি.মি.।
প্রদক্ষিণকাল	সূর্যকে প্রদক্ষিণ করতে সময় লাগে ৮৪ বছর।
উপগ্রহ	২৭টি। যথা: মিরিন্ডা, এরিয়েল, আম্ব্রিয়েল, ওবেরন, টাইটানিয়া অন্যতম উপগ্রহ।

নেপচুন (Neptune)

ধরন	সৌরজগতের সর্বশেষ গ্রহ। ফলে সূর্যকে প্রদক্ষিণ করতে বেশি সময় নেয়।
নামকরণ	রোমান সমুদ্র দেবতার নামানুসারে।
দূরত্ব	সূর্য থেকে দূরত্ব ৪৫০ কোটি কি.মি.।
উপগ্রহ	১৪টি। ট্রাইটন, নেরাইড অন্যতম উপগ্রহ।

প্লুটো (Pluto)

ধরন	সৌরজগতের ৯ম গ্রহ। এটি ছিল সৌরজগতের সবচেয়ে অনুজ্জ্বল গ্রহ। বর্তমানে এ গ্রহের মর্যাদা বাতিল করা হয়েছে।
আবিষ্কার	যুক্তরাষ্ট্রের বিজ্ঞানী ক্লাইভ টমব্যাক ১৯৩০ সালে এটি আবিষ্কার করেন।
দূরত্ব	সূর্য হতে ৫৯০ কোটি কিমি দূরে অবস্থিত।
উপগ্রহ	১টি; ক্যারন।

ভলকান (Volcan)

ধরন	সৌরজগতের দশম গ্রহ। এটি শীতলতম গ্রহ
দূরত্ব	প্লুটো হতে অনেক দূরে অবস্থিত।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

সূর্যগ্রহণ	সূর্য ও পৃথিবীর মধ্যে চাঁদের অবস্থান
চন্দ্রগ্রহণ	সূর্য ও চাঁদের মধ্যে পৃথিবীর অবস্থান
অমাবস্যা তিথি	চন্দ্র ও সূর্য পৃথিবীর একপাশে অবস্থান
মুখ্য জোয়ার	পৃথিবীর উপর চন্দ্র ও সূর্যের আকর্ষণ
গৌণ জোয়ার	কেন্দ্রাতিক শক্তি

নাম	অবস্থান
তেজকটাল	চন্দ্র, সূর্য ও পৃথিবী একই সমতলে থাকে
	অমাবস্যা ও পূর্ণিমা তিথিতে সংঘটিত হয়
মরাকটাল	চন্দ্র , সূর্য ও পৃথিবী সমকোণে থাকে
	অষ্টমী তিথিতে সংঘটিত হয়

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. যখন সূর্য ও চন্দ্রের মধ্যে পৃথিবী অবস্থান করে, তখন হয়- *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ২৩]*
ক সূর্যগ্রহণ খ চন্দ্রগ্রহণ
গ পূর্ণিমা ঘ অমাবস্যা উ. খ

২. 'সবুজ গ্রহ' বলা হয় কোনটিকে? *[স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নকশাকার/ড্রাফটম্যান: ২২]*
ক মঙ্গল খ নেপচুন
গ প্লুটো ঘ ইউরেনাস উ. ঘ

৩. ভূ-পৃষ্ঠের সৌরদীপ্ত ও অন্ধকারাচ্ছন্ন অংশের সংযোগস্থলকে কী বলে? *[খাদ্য অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]*
ক গোধূলি খ ছায়াবৃত্ত
গ গুরুবৃত্ত ঘ উষা উ. খ

৪. স্টিফেন হকিং একজন- *[পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২১]*
ক পদার্থ বিজ্ঞানী খ রসায়ন বিজ্ঞানী
গ ব্যবসায়ী ঘ কম্পিউটার বিজ্ঞানী উ. ক

৫. 'Cosmic Ray'-কে বাংলায় বলা হয়- *[রেলপথ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২১]*
ক রঞ্জন রশ্মি খ তেজস্ক্রিয় রশ্মি
গ ক্যাথড রশ্মি ঘ মহাজাগতিক রশ্মি উ. ঘ

৬. মঙ্গল গ্রহের কয়টি উপগ্রহ? *[কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদ: ২১]*
ক ২টি খ ৩টি
গ ৪টি ঘ ৫টি উ. ক

৭. সূর্যের সবচেয়ে নিকটবর্তী নক্ষত্রের নাম কী? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পাউন্ডার/পোল্ট্রি টেকনিশিয়ান: ২০]*
ক বুধ খ হ্যালি
গ আলফা সেন্টোরি ঘ চাঁদ উ. গ

৮. সৌর জগতের গ্রহ কয়টি? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পাউন্ডার/পোল্ট্রি টেকনিশিয়ান: ২০]*
ক ৮টি খ ৯টি
গ ১০টি ঘ ১১টি উ. ক

৯. প্রথম মহাকাশচারী ব্যক্তি কে? *[প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পাউন্ডার/পোল্ট্রি টেকনিশিয়ান: ২০]*
ক নীল আর্মস্ট্রং খ ইউরি গ্যাগারিন
গ ভেলেন্টিনা তেরেসকোভা ঘ স্টিফেন হকিং উ. খ

পৃথিবীর কাল্পনিক রেখা

◆ **কাল্পনিক রেখা**
পৃথিবীর মানচিত্রে কোনো স্থানের অবস্থান নির্ণয়ের জন্য পূর্ব-পশ্চিমে এবং উত্তর-দক্ষিণে কতকগুলো কাল্পনিক রেখা অঙ্কন করা হয়। এগুলোকে যথাক্রমে অক্ষরেখা ও দ্রাঘিমারেখা বলে।

◆ **অক্ষরেখা (Latitude)**
পৃথিবীর মানচিত্রে কোনো স্থানের অবস্থান নির্ণয়ের জন্য পূর্ব-পশ্চিমে যে কতকগুলো কাল্পনিক রেখা অঙ্কন করা হয় তাকে অক্ষরেখা বলে। এগুলো পরস্পর সমান্তরাল। এ কারণে প্রত্যেকটি অক্ষরেখাকে সমাক্ষরেখাও বলে।

◆ **নিরক্ষরেখা (Equator)**
দুই মেরু থেকে সমান দূরত্বে পৃথিবীকে পূর্ব-পশ্চিমে বেষ্টন করে যে রেখা কল্পনা করা হয় তাকে নিরক্ষরেখা বা বিষুবরেখা বলে। পৃথিবী গোলাকৃতির জন্য এ রেখা বৃত্তাকার। এটি নিরক্ষবৃত্ত, মহাবৃত্ত, গুরুবৃত্ত প্রভৃতি নামেও পরিচিত। নিরক্ষরেখা পৃথিবীকে উত্তর ও দক্ষিণে সমান দুই ভাগে ভাগ করেছে। নিরক্ষরেখার উত্তর দিকের পৃথিবীর অর্ধেককে উত্তর গোলার্ধ এবং দক্ষিণ দিকের অর্ধেককে দক্ষিণ গোলার্ধ বলা হয়।

◆ **কর্কটক্রান্তি রেখা (Tropic of Cancer)**
২৩°৩০´ উত্তর অক্ষাংশ রেখাকে কর্কটক্রান্তি রেখা বলে। এ রেখাটি উত্তর আমেরিকার দক্ষিণভাগ, আফ্রিকার উত্তর ভাগ এবং এশিয়ার দক্ষিণ ভাগ দিয়ে অতিক্রম করেছে। যুক্তরাষ্ট্র, মেক্সিকো, বাহামা, পশ্চিম সাহারা, মৌরিতানিয়া, মালি, আলজেরিয়া, নাইজার, চাঁদ, লিবিয়া, সৌদি আরব, মিশর, সংযুক্ত আরব আমিরাত, ওমান, বাংলাদেশ, ভারত, মায়ানমার, চীন এবং তাইওয়ানের উপর দিয়ে রেখাটি অতিক্রম করেছে।

◆ **মকরক্রান্তি রেখা (Tropic of Capricon)**
২৩°৩০´ দক্ষিণ অক্ষাংশ রেখাকে মকরক্রান্তি রেখা বলে। ব্রাজিল, প্যারাগুয়ে, আর্জেন্টিনা, চিলি, টোঙ্গা, ফিজি, অস্ট্রেলিয়া, মাদাগাস্কার, মোজাম্বিক, দক্ষিণ আফ্রিকা, নামিবিয়া, নিউজিল্যান্ড, ফ্রান্স প্রভৃতি দেশের উপর দিয়ে এ রেখাটি অতিক্রম করেছে।

◆ **দ্রাঘিমারেখা (Longitude)**
নিরক্ষরেখাকে ডিগ্রি, মিনিট ও সেকেন্ডে ভাগ করে প্রত্যেক ভাগবিন্দুর উপর দিয়ে উত্তর মেরু থেকে দক্ষিণ মেরু পর্যন্ত যে সকল রেখা কল্পনা করা হয়েছে তাদেরকে দ্রাঘিমারেখা বলে। গ্রিনিচের মূল মধ্যরেখা থেকে পূর্ব বা পশ্চিমে কোনো স্থানের কৌণিক দূরত্বকে ঐ স্থানের দ্রাঘিমা বা দ্রাঘিমাংশ বলে। অক্ষরেখা ও দ্রাঘিমা রেখা কাল্পনিক। যুক্তরাজ্যের লন্ডন শহরের কাছে গ্রিনিচ মান মন্দিরের উপর দিয়ে উত্তর মেরু থেকে দক্ষিণ মেরু পর্যন্ত বিস্তৃত যে মধ্যরেখা অতিক্রম করেছে তাকে মূল মধ্যমরেখা বলে। গ্রিনিচের দ্রাঘিমা ০°।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

♦ দ্রাঘিমা নির্ণয়

স্থানীয় সময়ের পার্থক্য: পৃথিবী গোলাকার এবং নিজ অক্ষ বা মেরুরেখার চারদিকে পশ্চিম থেকে পূর্ব দিকে অনবরত আবর্তন করছে। ফলে ভূপৃষ্ঠের বিভিন্ন স্থান ভিন্ন ভিন্ন সময়ে সূর্যের সামনে উপস্থিত হয়। কোনো স্থানে সূর্য ঠিক মাথার উপর থাকলে ঐ স্থানে মধ্যাহ্ন হয়। তখন ঘড়িতে বেলা ১২টা ধরা হয়। মধ্যাহ্ন অনুসারে দিনের অন্যান্য সময় নির্ধারণ করা হয়। ১° দ্রাঘিমার পার্থক্যের জন্য সময়ের পার্থক্য হয় ৪ মিনিট এবং ১ দ্রাঘিমার ব্যবধানে সময়ের পার্থক্য হয় ৪ সেকেন্ড।

♦ সুমেরুবৃত্ত ও কুমেরুবৃত্ত

উত্তর গোলার্ধে ৬৬.৫° উত্তর অক্ষরেখাকে সুমেরুবৃত্ত এবং ৬৬.৫° দক্ষিণ অক্ষরেখাকে কুমেরুবৃত্ত বলে।

♦ গ্রিনিচ মান মন্দির

এটি যুক্তরাজ্যের টেমস নদীর পাশে গ্রিনিচ পার্কে অবস্থিত। এই স্থান হতে সময় পরিমাপের আদর্শ মান হিসাব করা হয়। মন্দিরের নামানুসারে Greenwich Mean Time (GMT) ঠিক করা হয়েছে। এ মন্দিরের উপর দিয়ে সুমেরু হতে কুমেরু পর্যন্ত যে রেখা কল্পনা করা হয় তাকে মূল মধ্যরেখা বলে। মূল মধ্যরেখার দ্রাঘিমা শূন্য ডিগ্রি (০°)। গ্রিনিচের দ্রাঘিমা শূন্য ডিগ্রি (০°) ধরা হয়। কোন স্থানের দ্রাঘিমা এর উপর ভিত্তি করে সময় নির্ধারণ করা হয়। ১° দ্রাঘিমার পার্থক্যের জন্য সময়ের পার্থক্য ৪ মিনিট। গ্রিনিচের পূর্ব দিকের দেশগুলো সময়ের হিসাবে গ্রিনিচের চেয়ে এগিয়ে এবং পশ্চিমের দেশগুলো পিছিয়ে থাকে। বাংলাদেশ গ্রিনিচ থেকে ৯০° পূর্বে হওয়ায় বাংলাদেশের সময় গ্রিনিচ হতে ৪ x ৯০ = ৩৬০ মিনিট বা ৬ ঘণ্টা এগিয়ে।

♦ আন্তর্জাতিক তারিখ রেখা (International Date Line)

কোনো নির্দিষ্ট স্থান থেকে পূর্ব বা পশ্চিমে দীর্ঘপথ ভ্রমণ করলে স্থানীয় সময়ের পার্থক্যের সাথে সাথে সপ্তাহের দিন বা বার নিয়েও গরমিল দেখা যায়। এ অসুবিধা দূর করার জন্য আন্তর্জাতিক স্বীকৃতির মাধ্যমে প্রশান্ত মহাসাগরের জলভাগের উপর ১৮০° দ্রাঘিমারেখাকে অবলম্বন করে একটি রেখা কল্পনা করা হয়েছে। এ রেখা অতিক্রম করলে দিন এবং তারিখের পরিবর্তন হয় বলে এ রেখাটিকে আন্তর্জাতিক তারিখ রেখা বলে। দ্রাঘিমারেখার নিয়মানুসারে মূল মধ্যরেখা থেকে পূর্ব ও পশ্চিমে অগ্রসর হলে প্রতি ১° দ্রাঘিমার পার্থক্যের জন্য ৪ মিনিট সময়ের ব্যবধান হয়।

♦ প্রতিপাদ স্থান (Proof Place)

ভূপৃষ্ঠের উপর অবস্থিত কোনো বিন্দুর ঠিক বিপরীতের বিন্দুকে প্রতিপাদ স্থান বলে। একটি স্থানের অক্ষাংশ ৪০° উত্তরে হলে তার প্রতিপাদ স্থান হবে ৪০° দক্ষিণ। যে কোনো দুটি প্রতিপাদ স্থানের সময়ের পার্থক্য ১২ ঘণ্টা। ঢাকার প্রতিপাদ স্থান চিলির নিকটে প্রশান্ত মহাসাগরে অবস্থিত। লন্ডনের প্রতিপাদ স্থান নিউজিল্যান্ডের নিকট প্রশান্ত মহাসাগরে অবস্থিত।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

২. বাংলাদেশের রাত ৮টা আন্তর্জাতিক সময় কত? *[পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট: ২০]*

ক ৩টি
খ ৮টি
গ ২০টা
ঘ ২২ টা

উ. গ

রোগ ও জীবাণু

চিকিৎসা বিজ্ঞানের বিভিন্ন আবিষ্কার	
আবিষ্কার	**আবিষ্কারক**
বসন্ত টিকা	জেনার
হামের টিকা	এনভার্স ও জন পিরলস
পোলিও টিকা	জোনাস সাল্ক
বিসিজি টিকা	ক্যালসাট ও গুয়েচিন
সংক্রামক জ্বরের টিকা	নিকলাই
জলাতঙ্ক টিকা	লুই পাস্তুর
ডিপথেরিয়া টিকা	ভন ভেহরিং
যক্ষ্মার জীবাণু	রবার্ট কচ
রোগ জীবাণু তত্ত্ব	লুই পাস্তুর
ডিপথেরিয়া জীবাণু	সিজচিক
টাইফয়েড জীবাণু	ফিনলে
ম্যালেরিয়া জীবাণু	ল্যাভেরন
প্লেগ জীবাণু	কিতামোটে ও ইয়োরসিন
গোদ রোগের জীবাণু	ম্যানসন
কালাজ্বর	ইউ এন ব্রহ্মচারী
পীত জ্বর	রিড
ভিটামিন এ, বি ও ডি	মেকুলাস
ভিটামিন সি	ফ্লোলিচ
ভাইরাস	দিমিত্রিই ইভানোস্কি
ব্যাকটেরিয়া	লিউয়েন হুক
এক্সরে	রন্টজেন
পেনিসিলিন	আলেকজান্ডার ফ্লেমিং
কৃত্রিম জিন	হরগোবিন্দ খোরানা
স্ট্রেপটোমাইসিন	ওয়াকম্যান
কুইনাইন	রেভি
হোমিওপ্যাথি	হ্যানিম্যান
রক্ত সঞ্চালন	উইলিয়াম হার্ভে
এন্টিসেপ্ট চিকিৎসা	লিস্টার লর্ড বেন্টিং
পচন নিবারক অস্ত্রোপচার	লিসার
কলেরা	রবার্ট কচ
ক্লোরোফরম	সিম্পসন ও হ্যারিসন
হৃদপিণ্ড সংযোজন	ক্রিশ্চিয়ান বার্নার্ড

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

চিকিৎসা পরিভাষা	
শাখা	আলোচ্য বিষয়
Cardiology	হৃদপিণ্ড বিষয়ক চিকিৎসাবিজ্ঞান
Dermatology	চর্ম বিষয়ক চিকিৎসাবিজ্ঞান
Neurology	স্নায়ু বিষয়ক চিকিৎসাবিজ্ঞান
Osteology	অস্থি বিষয়ক চিকিৎসাবিজ্ঞান
Opthalmology	চোখ বিষয়ক চিকিৎসাবিজ্ঞান
Oncology	টিউমার (ক্যান্সার) বিষয়ক চিকিৎসাবিজ্ঞান
Paediatrics	শিশু বিষয়ক চিকিৎসাবিজ্ঞান
Radiology	রঞ্জন রশ্মি বিষয়ক চিকিৎসাবিজ্ঞান

চিকিৎসাবিজ্ঞানের জনক	হিপোক্রেটিস
হোমিওপ্যাথির জনক	স্যামুয়েল হ্যানিম্যান

◆ **রোগ (Disease)**

বিভিন্ন ধরনের উপাদান শরীরে প্রবেশের ফলে যে অস্বাভাবিকতা সৃষ্টি হয় তাকে রোগ বলে।

- **সংক্রামক রোগ (Infectious Diseases)**

যে সকল রোগের জীবাণু বায়ু, পানি বা অন্য কোনো মাধ্যমের সাহায্যে শরীরে প্রবেশ করে তাদের সংক্রামক রোগ বলে। যেমন: বসন্ত, রুবেলা, হাম, কলেরা, আমাশয়, ধনুষ্টংকার, প্লেগ, ডিপথেরিয়া ইত্যাদি।

- **ছোঁয়াচে রোগ (Contagious Diseases)**

যে সকল রোগের জীবাণু রোগীর সংস্পর্শে বা ছোঁয়ায় বিস্তার লাভ করে তাদের ছোঁয়াচে রোগ বলে। যেমন- কলেরা, যক্ষ্মা, হুপিংকাশি, জলবসন্ত, টিটেনাস, ফাইলেরিয়া প্রভৃতি।

বিভিন্ন রোগ ও অভাবজনিত উপাদান			
রোগ	অভাবজনিত উপাদান	রোগ	অভাবজনিত উপাদান
ডায়াবেটিস	ইনসুলিন	রাতকানা	ভিটামিন এ
গলগণ্ড	আয়োডিন	বেরিবেরি	ভিটামিন বি-১
দাঁতের ক্ষয়রোগ	ফ্লুরাইড	পেলেগ্রা	ভিটামিন বি-৩
মেরাসমাস/ কোয়াশিয়রকর	প্রোটিন	স্কার্ভি	ভিটামিন সি
টিটেনি	ক্যালসিয়াম	রিকেটস	ভিটামিন ডি
অষ্টিও পোরেসিস	ক্যালসিয়াম	প্রজনন ক্ষমতা হ্রাস	ভিটামিন ই
হাইপোগ্লাই সোমিয়া	রক্তের গ্লুকোজ	অধিক রক্তক্ষরণ	ভিটামিন কে

পানি, মাছি ও মশাবাহিত রোগ	
পানিবাহিত রোগ	মাছিবাহিত রোগ
ডায়রিয়া, আমাশয়, পোলিও, জন্ডিস, হেপাটাইটিস-এ, হেপাটাইটিস-ই, টাইফয়েড, প্যারাটাইফয়েড	কলেরা, ডায়রিয়া, আমাশয়, পাকস্থলির প্রদাহ, রুক্ত আমাশয়, টাইফয়েড

মশাবাহিত রোগ	
মশার প্রজাতি	রোগ
স্ত্রী অ্যানোফিলিস	ম্যালেরিয়া, ফাইলেরিয়া বা গোদরোগ
স্ত্রী কিউলেক্স	ফাইলেরিয়া, এনকেফেলাইটিস, আর্থাইটিস
স্ত্রী এডিস	ডেঙ্গু জ্বর, পীত জ্বর, চিকুনগুনিয়া

◆ **কলেরা (Cholera)**

Vibrio cholera নামক ব্যাকটেরিয়া কলেরা রোগের কারণ। রবার্ট কচ সর্বপ্রথম কলেরা রোগের জীবাণু আবিষ্কার করেন। কলেরা রোগের লক্ষণ: প্রবল ডায়ারিয়া। পায়খানার প্রথম দিকে মল থাকে পরে চাল ধোয়া পানির মতো নির্গত হয়। রক্তপ্রবাহ কমে মস্তিষ্কে অক্সিজেন ঘাটতি দেখা দেয়। কলেরা রোগের প্রতিকার: পানি ও লবণের সমন্বয়ে তৈরি স্যালাইন দেয়া। ডাবের পানি খাওয়া।

◆ **ম্যালেরিয়া (Malaria)**

টর্টি সর্বপ্রথম 'ম্যারেরিয়া' শব্দটি ব্যবহার করেন। ফরাসি ডাক্তার চালর্স ল্যাভেরন ১৮০০ সালে সর্বপ্রথম মানুষের রক্তে ম্যালেরিয়ার জীবাণু আবিষ্কার করেন। ইংরেজ ডাক্তার স্যার রোনাল্ড রস ১৮৯৮ সালে প্রমাণ করেন যে, অ্যানোফিলিস মশকী ম্যালেরিয়ার জীবাণু বহন করে। ম্যালেরিয়ার জীবাণুর নাম *Plasmodium*. ম্যালেরিয়ার লক্ষণ: জ্বর ও মাথা ব্যথা যা অনেক সময় মৃত্যুর কারণ হতে পারে। প্রাথমিক পর্যায় শীত শীত ভাব। কম্পনসহ জ্বর।

◆ **যক্ষ্মা (Tuberculosis)**

যক্ষ্মা একটি পরিচিত বায়ুবাহিত সংক্রামক রোগ। যেকোনো লোক, যেকোনো সময়ে এ রোগ দ্বারা সংক্রমিত হতে পারে। রোগের কারণ: সাধারণত *Mycobacterium tuberculosis* নামক এক ধরনের ব্যাকটেরিয়ার আক্রমণে এ রোগ হয়।

◆ **বহুমূত্র (Diabetes)**

অগ্ন্যাশয়ের ভিতর আইলেটস অব ল্যাঙ্গারহ্যানস নামক এক ধরনের গ্রন্থি আছে, যা থেকে ইনসুলিন হরমোন নিঃসৃত হয়। এটি দেহের শর্করা পরিপাক নিয়ন্ত্রণ করে। অগ্ন্যাশয়ে যদি পরিমাণ মতো ইনসুলিন তৈরি না হয় তবে রক্তে শর্করার পরিমাণ স্থায়ীভাবে বেড়ে যায়, প্রস্রাবের সাথে গ্লুকোজ নির্গত হয়। এ অবস্থাকে বহুমূত্র বা ডায়াবেটিস বলে।

◆ **এইডস (AIDS)**

যুক্তরাষ্ট্রে ১৯৮১ সালে ফরাসি বিজ্ঞানী বারে সিনৌসী ও লুক মঁতনেইয়া সর্বপ্রথম AIDS রোগী শনাক্ত করেন। মানুষের মরণব্যাধি AIDS (Acquired Immuno Deficiency Syndrome) রোগ HIV (Human Immunodeficiency Virus) দ্বারা হয়ে থাকে। এ ভাইরাসের আক্রমণে মানুষের শ্বেত রক্তকণিকা এর ম্যাক্রোফাস এবং T-cell লিম্ফোসাইটকে আক্রমণ করে ধ্বংস করে। এতে দেহের রোগ প্রতিরোধ ক্ষমতা নষ্ট হয়ে যায়। ফলে অন্যান্য রোগ জীবাণু দ্বারা আক্রান্ত হয়ে রোগী মারা যায়। রোগের কারণ: এইডস আক্রান্ত পুরুষ বা মহিলার সাথে অনিরাপদ যৌনমিলনের মাধ্যমে এ রোগ হয়। এইডস রোগে আক্রান্ত

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

রোগীর রক্ত সুস্থ ব্যক্তির দেহে সঞ্চালন করলে এ রোগ হয়। এইডস আক্রান্ত মায়ের গর্ভের সন্তান এইডস রোগে আক্রান্ত হতে পারে। জীবাণুযুক্ত ইনজেকশনের সিরিঞ্জ, সুচ, দন্ত চিকিৎসার যন্ত্রপাতি এবং অপারেশনের যন্ত্রপাতির ব্যবহারের মাধ্যমেও সুস্থ ব্যক্তি এ রোগে আক্রান্ত হতে পারে। সেলুনে একই ব্লেড একাধিক ব্যক্তি ব্যবহার করলে এ রোগ হতে পারে। এর কোনো চিকিৎসা নেই। তাই প্রতিরোধ করাই উত্তম। সংযত যৌন আচরণ, একই সিরিঞ্জ, টুথব্রাশ ব্যবহার না করা, রক্ত দেয়া-নেয়ার ক্ষেত্রে পরীক্ষা করা। সর্বোপরি সচেতনতা সৃষ্টি করা।

♦ কর্কটরোগ (Cancer)

দেহকোষের দ্রুত ও অস্বাভাবিক বৃদ্ধিকে ক্যান্সার বলে। এটি কোষের স্বাভাবিক বৃদ্ধিকে ব্যহত করে। সাধারণ সুস্থ কোষের বিভাজন স্বাভাবিক ও নিয়ন্ত্রিত, কিন্তু ক্যান্সার কোষের মধ্যে বিভাজন অস্বাভাবিক, দ্রুত ও অনিয়ন্ত্রিত। মানবদেহে তিন ধরনের ক্যান্সার দেখা যায়। যথা: ব্লাড ক্যান্সার- লিউকেমিয়া ও লিম্ফোমা, ফুসফুসের ক্যান্সার ও পাকস্থলির ক্যান্সার ও ব্রেস্ট ক্যান্সার।

♦ করোনা (Covid-19)

Covid-19 (Corona Virus Diseases-2019) মানুষের একটি সংক্রামক ব্যাধি যা করোনা (Corona) ভাইরাসের মাধ্যমে ছড়ায়। করোনা ভাইরাস শব্দটি ল্যাটিন Corona (গ্রিক শব্দ Korone) থেকে নেওয়া হয়েছে যার অর্থ মুকুট। বর্তমানে এটি নোভেল করোনা ভাইরাস নামে পরিচিত। এটি একটি RNA ভাইরাস।

- **বৈশিষ্ট্য**

১. এ ভাইরাসে একটি পজিটিভ সেন্স থাকে।
২. একসূত্রক RNA থাকে।
৩. এর জিনোমের আকার ২৭-৩৪ kb.

- **আবিষ্কার ও নামকরণ**

চীনের উহান প্রদেশে ২০১৯ সালে ৩১ ডিসেম্বর এ ভাইরাসের একটি প্রজাতির সংক্রমণ দেখা যায়। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) ভাইরাসটির নামকরণ করে ২০১৯- nCov (2019- Novel Corona Virus) এবং ২০২০ সালের ফেব্রুয়ারি মাসে করোনাভাইরাস দ্বারা সৃষ্ট রোগটিকে নামকরণ করে কোভিড-১৯।

- **বাংলাদেশে সংক্রমণ ও শনাক্ত**

বাংলাদেশে ২০২০ সালে ৮ মার্চ এই ভাইরাস প্রথম শনাক্ত হয় এবং ১৮ মার্চ প্রথম একজনের মৃত্যু ঘটে। সারাবিশ্বে এই রোগ মহামারীর (Pandemic) সৃষ্টি করে।

করোনার বিভিন্ন টিকা

টিকার নাম	প্রস্তুতকারী দেশ	টিকার নাম	প্রস্তুতকারী দেশ
Astra Zeneca	যুক্তরাজ্য	Moderna	যুক্তরাষ্ট্র
Pfizer	যুক্তরাষ্ট্র	Sputnik V	রাশিয়া
Sinovac	চীন	Sinopharm	চীন

রোগ	কারণ (অভাব)
রাতকানা	ভিটামিন-এ
বেরিবেরি	ভিটামিন বি, (থায়ামিন)
স্কার্ভি	ভিটামিন-সি
রিকেটস	ভিটামিন ডি
মেরাসমাস	প্রোটিন
কোয়াশিয়রকর	
গলগণ্ড	আয়োডিন
পেলেগ্রা	ভিটামিন বি$_৩$

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. ডেঙ্গু জ্বরের বাহক কোন মশা? *[ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]*
ক অ্যানোফিলিস খ কিউলেক্স
গ এডিস ঘ কোনোটিই নয় **উ. গ**

২. 'এইচআইভি' কি? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা: ২৩]*
ক ভাইরাস খ ব্যাকটেরিয়া
গ রোগের নাম ঘ ফসলের জাত **উ. ক**

৩. কোন গাছের বাকল হতে কুইনাইন আবিষ্কৃত হয়? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা: ২৩]*
ক ইউক্যালিপ্টাস খ সিনকোনা
গ সিডার ঘ নিম **উ. খ**

৪. এডিস মশা কিসের জীবাণু বহন করে? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা: ২৩]*
ক ডায়রিয়া খ কলেরা
গ ম্যালেরিয়া ঘ ডেঙ্গুজ্বর **উ. ঘ**

৫. কোনটি শিশুর জন্মগত ত্রুটিজনিত রোগ? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা: ২৩]*
ক হাম খ পোলিও
গ হেপাটাইটিস ঘ রুবেলা **উ. ঘ**

৬. কোনটি ভাইরাসজনিত রোগ নয়? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা: ২৩]*
ক বসন্ত খ জন্ডিস
গ হাম ঘ বসন্ত

৭. কোনটি বংশগত রোগ? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিভিন্ন পদ: ২৩]*
ক লিউকোসাইটোসিস খ থ্যালাসেমিয়া
গ ব্রংকাইটিস ঘ অ্যানিমিয়া **উ. খ**

৮. গোদ রোগের জন্য দায়ী কোন জীবাণু? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর/ মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক ফাইলেরিয়া কৃমি খ প্লাজমোডিয়াম
গ এ্যামিবা ঘ সালমোনেলা **উ. ক**

৯. ডোপামিন হরমোনের স্বল্পতা হলে নিচের কোন রোগটি হয়? *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমএলএস/ নিরাপত্তা প্রহরী/ পরিচ্ছন্নতাকর্মী: ২৩]*
ক সিজোফ্রেনিয়া খ পার্কিনসন্স রোগ
গ দৃষ্টি বিভ্রম ঘ সবগুলো **উ. খ**

১০. কোন কোম্পানি বঙ্গভ্যাক্স টিকা উদ্ভাবন করেছে? *[রেলওয়ের সহকারী স্টেশন মাস্টার: ২২]*

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ক বেক্সিমকো খ স্কয়ার
গ অপসোনিন ঘ গ্লোব বায়োটেক উ. ঘ

১০.PCR এর পূর্ণরূপ- *[ঢাক অধিদপ্তরের হিসাব সহকারী/কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২২]*

ক Public Common Reaction
খ Polymer Cotton Room
গ Polymerase Chain Reaction
ঘ Polytechnic College Reading উ. গ

১১.Covid-19 রোগের ভাইরাসের নাম কী? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের গ্রাউন্ড সার্ভিস অ্যাসিসট্যান্ট: ২২]*

ক SARS-Cov-1 খ SARS-Cov-2
গ Corona Virus ঘ Covid-19 Virus উ. খ

১২.RT-PCR এর পূর্ণরূপ কী? *[বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের গ্রাউন্ড সার্ভিস অ্যাসিসট্যান্ট: ২২]*

ক Real Time Chain Reaction
খ Real Time Critical Reaction
গ Reverse Transcription Polymerase Chain Reaction
ঘ Reverse Time Palhogene Chain Reaction উ. গ

১৩.বাংলাদেশে কোভিড-১৯ সংক্রমিত রোগী প্রথম কোন তারিখে সনাক্ত হয়? *[মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ক্যাশিয়ার: ২১]*

ক ৭ মার্চ, ২০২০ খ ৮ এপ্রিল, ২০২০
গ ৭ এপ্রিল, ২০২০ ঘ ৮ মার্চ, ২০২০ উ. ঘ

১৪.বাংলাদেশে করোনা ভাইরাসে প্রথম মৃত্যুর ঘটনা সংঘটিত হয়- *[পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী: ২১]*

ক ২৮ মার্চ, ২০২১ খ ১৮ মার্চ, ২০২১
গ ১৮ মার্চ, ২০২০ ঘ ২৮ মার্চ, ২০২০ উ. গ

১৫.করোনাভাইরাস টিকার নিবন্ধনের জন্য ব্যবহৃত অ্যাপের নাম কী? *[বাংলাদেশ টেলিভিশনের ক্যাশিয়ার: ২১]*

ক নিরাময় খ স্বাস্থ্যসুখ
গ কোভিডবিট ঘ সুরক্ষা উ. ঘ

১৬.Covid-19 রোগী প্রথম কোন শহরে দেখা যায়? *[এনএসআই এর ডেসপার রাইডার ও অফিস সহায়ক: ২১]*

ক দিল্লী খ লন্ডন
গ উহান ঘ কিউবেক উ. গ

১৭.করোনা ভাইরাসের উৎপত্তি কোন দেশ থেকে? *[আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের কার্যালয়ের অফিস সহায়ক: ২০]*

ক ইতালি খ দক্ষিণ কোরিয়া
গ চীন ঘ জাপান উ. গ

১৯.করোনাভাইরাসকে কী নামে আন্তর্জাতিকভাবে আখ্যায়িত করা হয়েছে? *[পরিবেশ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২০]*

ক Covid- 19 খ Novel
গ Corona 19 ঘ Novel 19 উ. ক

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. EPI এর পূর্ণরূপ কি? যক্ষ্মা রোগের টিকার নাম কি? *[কর্নেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ এর মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*

উ. EPI- Expanded Program on Immunization.
যক্ষ্মা রোগের টিকার নাম: বিসিজি।

প্র. ডেঙ্গু কি? এটা কিভাবে ছড়ায়? কোন ঋতুতে বেশি হয়? *[কর্নেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ এর মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*

উ. ডেঙ্গু একটি ভাইরাসজনিত রোগ। এটি এডিস মশার কামড়ের মাধ্যমে ছড়ায়। এটি বর্ষা ঋতুতে বেশি হয়।

প্র. ডায়রিয়া হলে কোন খাবার স্যালাইন খেতে দিতে হয়? ডায়রীয়ায় কতবার স্যালাইন খেতে হয়? *[কর্নেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ এর মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*

উ. ওরস্যালাইন। ডায়রিয়ায় প্রতিবার পায়খানার পর স্যালাইন খেতে হবে।

প্র. করোনা ভাইরাসের উৎপত্তি কোন দেশ হতে? *[অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের লস্কর: ২২]*

উ. করোনা ভাইরাসের উৎপত্তি চীনের উহান শহর থেকে।

প্র. চীনের কোন প্রদেশে করোনা ভাইরাসের উৎপত্তি হয়েছিল? *[বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের জুনিয়র টেকনিশিয়ান: ২৩]*

উ. চীনের হুবেই প্রদেশের উহান শহরে

প্র. 'COVID' এর পূর্ণরূপ লিখুন। *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটর: ২৩]*

উ. Coronavirus Disease

প্র. দেহের কোন অঙ্গটি জন্ডিসে আক্রান্ত হয়? *[রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সার্ভেয়ার: ২৩]*

উ. লিভার।

প্র. ডেঙ্গু জ্বরের বাহক মশার নাম কী? *[কাস্টম হাউস চট্টগ্রামের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]*

উ. এডিস মশা।

প্র. কোভিড-১৯ এর দুটি টিকার নাম লিখুন। *[প্রবাসী কল্যাণ ব্যাংকের নিরাপত্তা প্রহরী: ২৩]*

উ. মডার্না ও সিনোভ্যাক

প্র. মানব শরীরে কোন হরমোনের ঘাটতির জন্য ডায়াবেটিস রোগ হয়? *[বাংলা একাডেমির এমএলএসএস: ২৩]*

উ. ইনসুলিন।

প্র. ইনসুলিনের কাজ কি? *[কর অঞ্চল-১২ ঢাকা এর অফিস সহায়ক: ১৯]*

উ. কলা-কোষে গ্লুকোজ বিশ্লেষণ বৃদ্ধি করে।

প্র. HIV এর পূর্ণরূপ কী? *[জাতীয় নদী রক্ষা কমিশনের কম্পিউটার মুদ্রাক্ষরিক: ১৯]*

উ. HIV এর পূর্ণরূপ হল- Human Immunodeficiency Virus.

প্র. Write full meaning of: *[শেখ হাসিনা মেডিকেল কলেজ টাঙ্গাইলের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*

ক. **MRI**- Megnetic Resonance Imaging
খ. **CECT**- Contrast-Enhanced Computed Tomography.
ঘ. **HRCT**- High-Resolution Computed Tomography.
ঙ. **ERCP**- Endoscopic Retrograde Cholangio-Pancreatography
গ. **DNA**- Deoxyribonucleic Acid

৩২.পূর্ণরূপ লিখুন: *[শেখ হাসিনা মেডিকেল কলেজ টাঙ্গাইলের ল্যাবরেটরি: ২৩]*

ক. **PCR**- Polymerase Chain Reaction.
খ. **MCHC**- Mean Corpuscular Hemoglobin Concentration.
গ. **ELISA**- Enzyme-linked Immunosorbent Assay.
ঘ. **ICT**- Immunochromatographic Test.
ঙ. **BMDC**- Bone Marrow-derived Dendritic Cell.

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

রোগ প্রতিরোধ

- **অ্যান্টিবডি (Antibody)**
দেহে যখন কোনো রোগজীবাণু প্রবেশ করে, তখন তাদের প্রতিহত করার জন্য এক প্রকার প্রোটিনজাতীয় পদার্থ উৎপন্ন হয়। একে অ্যান্টিবডি বলে। এটি লিম্ফোসাইট শ্বেতকণিকা হতে তৈরি হয়।

- **অ্যান্টিজেন (Antigen)**
যে সকল উপাদান প্রবেশের ফলে দেহে অ্যান্টিবডি সৃষ্টি হয় তাদেরকে অ্যান্টিজেন বলে।

- **অনাক্রমতা (Immunity)**
অ্যান্টিবডি সৃষ্টি করে দেহে প্রবিষ্ট রোগজীবাণু বা অ্যান্টিজেনকে প্রতিহত করার ক্ষমতাকে অনাক্রমতা বলা হয়। সাধারণত রোগ প্রতিরোধ করার জন্য ইমিউনাইজিং এজেন্ট শরীরে প্রবেশ করানোকে ইমিউনাইজেশন বলে।

- **এন্টিসেপটিক (Antiseptic)**
যে সব বস্তু জীবাণুর বিস্তার ও বৃদ্ধি সীমিত বা বন্ধ করে অসংক্রামক অবস্থায় রাখে তাদের এন্টিসেপটিক বলে। ইনফেকশন প্রতিরোধ করার জন্য প্রাথমিক চিকিৎসা হিসেবে এন্টিসেপটিক ব্যবহার করা হয়। যেমন: আয়োডিন, হাইড্রোজেন পার অক্সাইড, এলকোহল, বরিক এসিড, এলকোহল।

- **এন্টিবায়োটিক (Antibiotic)**
যে উপাদান জীবাণু দ্বারা তৈরি এবং জীবাণুর বিরুদ্ধে দেহে প্রতিরোধ ব্যবস্থা গড়ে তুলতে সক্ষম তাকে এন্টিবায়োটিক বলে। ছত্রাক বা জীবাণু দ্বারা রাসায়নিক প্রক্রিয়ার মাধ্যমে এন্টিবায়োটিক তৈরি করা হয়। আলেকজান্ডার ফ্লেমিং ১৯২৯ সালে পেনিসিলিয়াম ছত্রাক হতে পেনিসিলিন নামক এন্টিবায়োটিক আবিষ্কার করেন।

- **EPI**
WHO ৬টি মারাত্মক রোগ (ডিপথেরিয়া, হাম, হুপিংকাশি, ধনুষ্টংকার, পোলিও ও যক্ষ্মা) হতে শিশুদের রক্ষার জন্য ভ্যাক্সিন প্রয়োগের মাধ্যমে বিশ্বব্যাপী EPI (Expanded Programme on Immunization) কর্মকাণ্ড পরিচালনা করে। বর্তমানে EPI কার্যক্রমকে Universal Child Immunization (UCI) বলা হয়। বিশ্ব স্বাস্থ্য সংস্থা ১৯৭৪ সালে EPI কার্যক্রম শুরু করে। তবে বাংলাদেশে এটি ১৯৭৯ সালে ৭ মে শুরু হয়। বর্তমানে ১০টি রোগের ৭টি টিকা প্রদান করা হয়। ৫ বছরের নিচের বাচ্চাদের ভিটামিন এ ক্যাপসুল ও কৃমিনাশক ওষুধ খাওয়ানো হয়। বাচ্চা জন্মদানে সক্ষম মহিলাদের টিটেনাস টিকা দেওয়া হয়।

রোগ ও টিকার নাম	
রোগ	টিকা
পোলিও	OPV
যক্ষ্মা	BCG
হাম ও রুবেলা	MR
নিউমোনিয়া	PCV
ডিপথেরিয়া, হুপিং কাশি (পারটুসিস), হেপাটাইসিস বি ও হিমোফিলাস ইনফ্লুয়েঞ্জা বি	Pentavalent

- **খাবার স্যালাইন (Oral Saline)**
খাবার স্যালাইন ডায়রিয়ার প্রতিষেধক হিসেবে ব্যবহৃত হয়। এর উপাদান হলো সোডিয়াম ক্লোরাইড, পটাসিয়াম ক্লোরাইড, ট্রাই সোডিয়াম নাইট্রেট, ডাই হাইট্রেট, গ্লুকোজ এনহাইড্রাস ইত্যাদি। খাবার স্যালাইন বানানোর ১২ ঘণ্টা পর খাওয়া যায়। নরমাল স্যালাইন হলো সোডিয়াম ক্লোরাইডের ০.৯% জলীয় দ্রবণ। হাতে তৈরি ওরাল স্যালাইন তিন আঙ্গুলের এক চিমটি লবণ, এক মুঠ গুড় বা চিনি, এক সের খাবার পানির মধ্যে গুলিয়ে তৈরি করা হয়।

বিগত প্রিলিমিনারি পরীক্ষায় আসা প্রশ্ন

১. **পেনিসিলিনের আবিষ্কারক কে?** *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা: ২৩]*
ক আলেকজান্ডার ফ্লেমিং খ লুই পাস্তুর
গ লিয়েন হুক ঘ রবার্ট হুক **উ. ক**

২. **জাতীয় টিকাদান কর্মসূচিতে মোট কয়টি প্রতিষেধক টিকা দেওয়া হয়?** *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর/ মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
ক ৫টি খ ৬টি
গ ১০টি ঘ ৭টি **উ. ঘ**

বিগত লিখিত পরীক্ষায় আসা প্রশ্ন

প্র. সপ্তাহে কমপক্ষে কত মিনিট হাটাচলা করা শরীরের সুস্থতার জন্য প্রয়োজনীয়? *[শেখ হাসিনা মেডিকেল কলেজ টাঙ্গাইলের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
উ. ১৫০ মিনিট হাটাচলা করা প্রয়োজন।

প্র. চাকরির ক্ষেত্রে শারীরিক ফিটনেস এর জন্য কোন পরীক্ষাটি সরকার বাধ্যতামূলক করেছে? *[শেখ হাসিনা মেডিকেল কলেজ টাঙ্গাইলের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]*
উ. মেডিকেল টেস্ট।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

পদের নাম: অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক

সময়: ৬০ মিনিট | তারিখ: ১২.০৫.২০২৩ | পূর্ণমান: ৭০

১. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত তারিখ জাতিসংঘে ভাষণ দেন?
ক ২৫ সেপ্টেম্বর, ১৯৭৪ খ ২৪ সেপ্টেম্বর, ১৯৭৪
গ ২৬ সেপ্টেম্বর, ১৯৭৪ ঘ ২৩ সেপ্টেম্বর, ১৯৭৪ উ. ক
ব্যাখ্যা: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৪ সালের ২৫ সেপ্টেম্বর জাতিসংঘের সাধারণ পরিষদের ২৯তম সম্মেলনে বাংলায় ভাষণ দেন।

২. সোনা মসজিদ স্থলবন্দর কোথায় অবস্থিত?
ক লালমনিরহাট খ দিনাজপুর
গ পঞ্চগড় ঘ চাঁপাইনবাবগঞ্জ উ. ঘ
ব্যাখ্যা: সোনা মসজিদ স্থলবন্দর চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলায় অবস্থিত। ২০০২ সালে সোনা মসজিদ স্থলবন্দর স্থাপনের ঘোষণা দেওয়া হয়।

৩. ধলেশ্বরী নদীর শাখা কোনটি?
ক শীতলক্ষ্যা খ বুড়িগঙ্গা
গ বংশী ঘ ধরলা উ. খ
ব্যাখ্যা: টাঙ্গাইল জেলার উত্তর-পশ্চিম প্রান্তে যমুনা নদী হতে ধলেশ্বরী নদীর সূচনা। যমুনার শাখা নদী ধলেশ্বরী কিছুদূর অতিক্রম করার পর দুই ভাগে ভাগ হয়ে যায়। উত্তরের অংশটি ধলেশ্বরী আর দক্ষিণের অংশটি কালিগঙ্গা নামে প্রবাহিত হয়। ধলেশ্বরী ও কালিগঙ্গা মানিকগঞ্জ জেলার নিকট মিলিত হয়ে ধলেশ্বরী নামে প্রবাহিত হয়ে নারায়ণগঞ্জ জেলার নিকট ব্রহ্মপুত্রের শাখা নদী শীতলক্ষ্যা নদীর সাথে মিলিত হয়েছে। ধলেশ্বরীর শাখা নদী বুড়িগঙ্গা। এরপর বুড়িগঙ্গা, ধলেশ্বরী ও শীতলক্ষ্যার মিলিত জলধারা মুন্সিগঞ্জের নিকট মেঘনায় এসে যুক্ত হয়েছে। অন্যদিকে ধরলা যমুনার উপনদী আর বংশী ব্রহ্মপুত্রের শাখা নদী।

৪. বৈরাগীর ভিটা অবস্থিত-
ক ময়নামতি খ বগুড়া
গ মহাস্থানগড় ঘ আনন্দ বিহার উ. গ
ব্যাখ্যা: পুণ্ড্রনগর বাংলাদেশের অন্যতম প্রাচীন পুরাকীর্তি। আনুমানিক খ্রিষ্টপূর্ব চতুর্থ শতকে পুণ্ড্র নামে একটি জাতি এ জনপদ গড়ে তুলেছিল। এটি পুণ্ড্র রাজ্যের (মৌর্য ও গুপ্ত বংশের) রাজধানী ছিল। পুণ্ড্র নগরের বর্তমান নাম মহাস্থানগড়। এটি বর্তমানে বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলার করতোয়া নদীর তীরে অবস্থিত। ১৮০৮ সালে বুকানন হ্যামিল্টন জনপদটি আবিষ্কার করেন। মহাস্থানগড়ে উল্লেখযোগ্য দর্শনীয় স্থানসমূহ- বৈরাগীর ভিটা, খোদাই পাথর ভিটা, কালীদহ সাগর, সুলতান বলখীর মাজার।

৫. 'ওয়ানগালা' উৎসব কাদের?
ক কুকিদের খ গারোদের
গ চাকমাদের ঘ মারমাদের উ. খ
ব্যাখ্যা: গারো বাংলাদেশের একটি নৃগোষ্ঠী। এরা ময়মনসিংহ শেরপুর, নেত্রকোনা, জামালপুর, টাঙ্গাইল, সিলেট, হবিগঞ্জ ও মৌলভীবাজারে বসবাস করে। গারোদের উৎসবের নাম ওয়ানগালা।

৬. 'গেরিলা' চলচ্চিত্রের পরিচালক কে?
ক জহির রায়হান খ আমজাদ হোসেন
গ নাসিরউদ্দিন ইউসুফ ঘ মোরশেদুল ইসলাম উ. গ
ব্যাখ্যা: সৈয়দ শামসুল হক রচিত মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস 'নিষিদ্ধ লোবান' (১৯৮১) অবলম্বনে 'গেরিলা' নামে চলচ্চিত্রায়ন করেন নাসিরউদ্দিন ইউসুফ। এটি ২০১১ সালে মুক্তি পায়।

৭. ক্রিস্টোফার কলম্বাস কোন দেশের নাবিক ছিলেন?
ক ফ্রান্স খ ইংল্যান্ড
গ পর্তুগিজ ঘ ইতালি উ. ঘ
ব্যাখ্যা: ইতালীয় নাগরিক ক্রিস্টোফার কলম্বাস ১৪৫১ সালে ইতালির জেনোয়া শহরে জন্মগ্রহণ করেন। তিনি ভারতবর্ষের জলপথ আবিষ্কারের জন্য বের হন, কিন্তু ভুলক্রমে ১৪৯২ সালে বাহামা দ্বীপপুঞ্জে পৌঁছান। এর মাধ্যমে তিনি উত্তর ও দক্ষিণ আমেরিকা আবিষ্কারে অবদান রাখে।

৮. 'Long Walk to Freedom' কার আত্মজীবনী?
ক Indira Gandhi খ Bill Clinton
গ Nelson Mandela ঘ Kailash Satyarthi উ. গ
ব্যাখ্যা: দক্ষিণ আফ্রিকার বর্ণবাদবিরোধী আন্দোলনের অন্যতম পথিকৃৎ নেলসন ম্যান্ডেলার আত্মজীবনীমূলক গ্রন্থের নাম Long Walk to Freedom. এটি ১৯৯৪ সালে প্রকাশিত হয়। এই গ্রন্থে তিনি ১৯৬৩ থেকে ১৯৯০ সাল পর্যন্ত দীর্ঘ ২৭ বছরের কারাজীবনের নানা ঘটনাসহ তাঁর জীবনের নানা দিক তুলে ধরেছেন।

৯. UNHCR এর সদর দপ্তর কোথায়?
ক রোম খ জেনেভা
গ নিউইয়র্ক ঘ লন্ডন উ. খ
ব্যাখ্যা: United Nations High Commissioner for Refugees (UNHCR) ১৯৫০ সালে প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত। সংস্থাটি ১৯৫৪ ও ১৯৮১ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করে।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১০. বাংলাদেশ জাতীয় মহিলা ফুটবল দলের অধিনায়ক কে?
ক সাবিনা খাতুন খ কৃষ্ণা রানী সরকার
গ আকলিমা খাতুন ঘ শামসুন্নাহার উ. ক
ব্যাখ্যা: বাংলাদেশের জাতীয় মহিলা ফুটবল দলের অধিনায়ক সাবিনা খাতুন। তিনি ২০১৫ সাল থেকে জাতীয় দলের অধিনায়ক হিসেবে দায়িত্ব পালন করে আসছেন।

১১. CTBT এর পূর্ণরূপ কী?
ক Complete Test Ban Treaty.
খ Comprehensive Nuclear Test Ban Treaty.
গ Chemical Test Ban Treaty.
ঘ Chlorine Test Ban Treaty. উ. খ
ব্যাখ্যা: ১০ সেপ্টেম্বর, ১৯৯৬ সালে Comprehensive Nuclear Test ban Treaty (CTBT) বা সর্বাত্মক পারমাণবিক পরীক্ষা নিষিদ্ধকরণ চুক্তি স্বাক্ষরিত হয়। ২৪ অক্টোবর, ১৯৯৬ বাংলাদেশ এ চুক্তিতে স্বাক্ষর করে এবং ২০০০ সালে অনুমোদন করে।

১২. 'রিচার্ড হ্যাডলি' বিখ্যাত-
ক ক্রিকেটার হিসেবে খ ফুটবলার হিসেবে
গ টেনিস খেলোয়াড় হিসেবে
ঘ দৌড়বিদ হিসেবে উ. ক
ব্যাখ্যা: রিচার্ড হ্যাডলি নিউজিল্যান্ডের বিখ্যাত ক্রিকেটার। তিনি ১৯৭৩-১৯৯০ সাল পর্যন্ত জাতীয় দলের হয়ে টেস্ট ও ওয়ানডে ক্রিকেট খেলেন।

১৩. আফ্রিকার পার্ল কোন দেশকে বলা হয়?
ক উগান্ডা খ দক্ষিণ আফ্রিকা
গ কেনিয়া ঘ মিশর উ. ক
ব্যাখ্যা: উগান্ডা পূর্ব আফ্রিকার একটি রাষ্ট্র। এর রাজধানী কাম্পালা, দেশটি আফ্রিকার পার্ল বা মুক্তা নামে পরিচিত।

১৪. 'আলতামিরা' গুহা কোথায় অবস্থিত?
ক ফ্রান্স খ স্পেন
গ ইংল্যান্ড ঘ ভারত উ. খ
ব্যাখ্যা: 'আলতামিরা গুহা' স্পেনে অবস্থিত। এটি ১৮৭৯ সালে আবিষ্কৃত হয়।

১৫. 'গারুদা' কোন দেশের বিমান সংস্থা?
ক গ্রিস খ জার্মানি
গ ইন্দোনেশিয়া ঘ নেদারল্যান্ডস উ. গ
ব্যাখ্যা: গারুদা ইন্দোনেশিয়ার বিমান সংস্থা। অন্যদিকে, গ্রিসের বিমান সংস্থা অলিম্পিক এয়ারওয়েজ, জার্মানির বিমান সংস্থা লুফথানসা এবং নেদারল্যান্ডসের বিমান সংস্থা রয়্যাল ডাচ এয়ারলাইন্স।

১৬. 'একুশের গান' কবিতার রচয়িতা কে?
ক সুফিয়া কামাল খ সুকান্ত ভট্টাচার্য
গ জসীমউদ্‌দীন ঘ আব্দুল গাফফার চৌধুরী উ. ঘ
ব্যাখ্যা: ২১ ফেব্রুয়ারি, ১৯৫২ সালে সংঘটিত বাংলা ভাষা আন্দোলনের ইতিহাস নিয়ে আবদুল গাফফার চৌধুরী রচিত ভাষা আন্দোলন ভিত্তিক কবিতা 'একুশের গান'। গানটির প্রথম সুরকার আবদুল লতিফ এবং বর্তমান সুরকার আলতাফ মাহমুদ। উল্লেখ্য, বর্তমানে গানটি সমবেত কণ্ঠে গাওয়া হয়। হাসান হাফিজুর রহমান সম্পাদিত 'একুশে ফেব্রুয়ারি' (১৯৫৩) সাহিত্য সংকলনে গানটি প্রথম প্রকাশিত হয়। ১৯৫৪ সালের প্রভাত ফেরীতে গানটি প্রথম গাওয়া হয়। ১৯৬৯ সালে জহির রায়হানের 'জীবন থেকে নেয়া' চলচ্চিত্রে গানটি প্রথম ব্যবহার করা হয়। গানটি মোট ১২টি ভাষায় গাওয়া হয়। কবিতাটির / গানটির বিখ্যাত পঙ্‌ক্তি- 'আমার ভাইয়ের রক্তে রাঙানো, একুশে ফেব্রুয়ারি / আমি কি ভুলিতে পারি। / ছেলে হারা শত মায়ের অশ্রু-গড়া এ ফেব্রুয়ারি / আমি কি ভুলিতে পারি।

১৭. প্রথম বাংলা পত্রিকা কোনটি?
ক দিগদর্শন খ কল্লোল
গ প্রভাকর ঘ সংবাদ উ. ক
ব্যাখ্যা: ১৮১৮ সালের এপ্রিল মাসে হুগলি জেলার শ্রীরামপুর মিশনারিদের পক্ষ থেকে জন ক্লার্ক মার্শম্যানের সম্পাদনায় বাংলা ভাষার প্রথম সাময়িকপত্র বা প্রথম বাংলা পত্রিকা 'দিকদর্শন' প্রকাশিত হয়। ১৯২৩ সালে আধুনিক লেখকদের সাহিত্যিক মুখপত্র হিসেবে দীনেশরঞ্জন দাশের সম্পাদনায় কলকাতা থেকে মাসিক 'কল্লোল' পত্রিকা প্রকাশিত হয়। ঈশ্বরচন্দ্র গুপ্ত সম্পাদিত পত্রিকা 'সংবাদ প্রভাকর' (১৮৩১)।

১৮. 'কল্লোল' শব্দটির অর্থ কী?
ক পাল খ ঢেউ
গ চিবুক ঘ কোনোটিই নয় উ. খ
ব্যাখ্যা: 'কল্লোল' এর প্রতিশব্দ: ঊর্মি, জোয়ার, ঢেউ, তরঙ্গ, বীচি, লহর, লহরী, হিল্লোল। চিবুক অর্থ থুতনি বা দুই ওষ্ঠের নিম্নদেশ।

১৯. 'বুকের রক্তে লিখেছি একটি নাম বাংলাদেশ' বাক্যের ক্রিয়াটি কোন কালের?
ক পুরাঘটিত অতীত খ পুরাঘটিত বর্তমান
গ সাধারণ বর্তমান ঘ সাধারণ অতীত উ. খ
ব্যাখ্যা: ক্রিয়া পূর্বে শেষ হলেও তার ফল এখনও বর্তমান থাকলে পুরাঘটিত বর্তমান কাল ব্যবহৃত হয়। যেমন: বুকের রক্তে লিখেছি একটি নাম বাংলাদেশ। এ বার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি। এতক্ষণ আমি অঙ্ক করেছি।

২০. 'অবেলায় আমি দিলেম পাড়ি, অথৈ সাগরে' এখানে কয়টি উপসর্গ রয়েছে?
ক দুইটি খ তিনটি
গ একটি ঘ চারটি উ. ক
ব্যাখ্যা: বাংলা ভাষায় খাঁটি বাংলা বা দেশি উপসর্গ ২১টি। যথা: অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, উন (উনা), কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা। বাংলা উপসর্গ সাধারণত বাংলা শব্দের পূর্বেই বসে। অ+বেলায় = অবেলায় ও অ+থৈ = অথৈ শব্দ দুটিতে মোট দুইটি উপসর্গ ব্যবহৃত হয়েছে।

২১. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক নিশীথিনী খ নীশিথিনী
গ নিশীথীনি ঘ নিশিথিনি উ. ক

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

২২.'বাবা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক আরবি খ তুর্কি
গ পর্তুগিজ ঘ ফারসি উ. খ
ব্যাখ্যা: বাংলা ভাষায় আগত তুর্কি শব্দ: বাবা, কাঁচি, আলখাল্লা, উজবুক, উর্দু, কাবু, কুলি, কুর্নিশ, কোর্মা, খোকা, চাকু, চোগা, চকমক, চাকর, দারোগা, তোপ, বন্দুক, বাবুর্চি, বাহাদুর, বেগম, মুচলেকা, লাশ, মোগল, সওগাত ইত্যাদি।

২৩.'গৌরচন্দ্রিকা' বাগধারার অর্থ কী?
ক গুরুচণ্ডালি খ যবনিকা
গ ভূমিকা ঘ অনুশীলন উ. গ

২৪.'দেয়াল' রচনাটি কার?
ক বুদ্ধদেব বসু খ সেলিনা হোসেন
গ সুফিয়া কামাল ঘ হুমায়ূন আহমেদ উ. ঘ
ব্যাখ্যা: হুমায়ূন আহমেদ এর মুক্তিযুদ্ধ পরবর্তী বাংলাদেশের সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপট ভিত্তিক উপন্যাস 'দেয়াল' (২০১২)। এ উপন্যাসে লেখক মুক্তিযুদ্ধ পরবর্তী বাংলাদেশের সামাজিক ও রাজনৈতিক চরিত্র ও ঘটনাবলি নিজ ভাষা ও কল্পনাপ্রসূত ঢঙে চিত্রায়িত করেছেন। এখানে লেখক বিভিন্ন চরিত্রের মাধ্যমে সমসাময়িকভাবে নিজেকেও উপস্থাপন করেছেন। উল্লেখযোগ্য চরিত্র: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, খালেদ মোশাররফ, সৈয়দ নজরুল ইসলাম, জিয়াউর রহমান, কর্নেল তাহের, অবন্তি, চা বিক্রেতা কাদের বাঙ্গালি। উল্লেখ্য, আবু জাফর শামসুদ্দীন 'দেয়াল' নামে একটি উপন্যাস রচনা করেন।

২৫.মাইকেল মধুসূদন দত্তের 'বীরাঙ্গনা' কাব্যটি কোন ধরনের কাব্য?
ক পত্রকাব্য খ মহাকাব্য
গ গীতিকাব্য ঘ সনেট উ. ক
ব্যাখ্যা: মাইকেল মধুসূদন দত্ত রচিত বাংলা সাহিত্যের প্রথম পত্রকাব্য 'বীরাঙ্গনা' (১৮৬২)। এটি করুণ রসের পত্রকাব্য, যা অমিত্রাক্ষর ছন্দে রচিত। এতে মোট ১১টি পত্র আছে। দুষ্মন্তের প্রতি শকুন্তলা, দশরথের প্রতি কৈকেয়ী, সোমের প্রতি তারা উল্লেখযোগ্য পত্র। কাব্যটি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে উৎসর্গ করেন।

২৬. সন্ধি-সাধিত শব্দ 'পরস্পর' কোন ধরনের সন্ধির দৃষ্টান্ত?
ক ব্যঞ্জন ধ্বনি খ স্বরধ্বনি
গ বিসর্গ সন্ধি ঘ নিপাতনে সন্ধি উ. ঘ
ব্যাখ্যা: নিয়মানুযায়ী শুদ্ধ নয় কিন্তু বিশেষ কারণে নিয়ম ভেঙে যা শুদ্ধ ঘোষণা করা হয়, সেটিই নিপাতনে সিদ্ধ। কতগুলো ব্যঞ্জনসন্ধি নিপাতনে সিদ্ধ হয়। যেমন: পর+পর = পরস্পর, আ+চর্য = আশ্চর্য, তৎ+কর = তস্কর।

২৭.সমাস ভাষাকে কি করে?
ক অর্থপূর্ণ করে খ সংক্ষেপ করে
গ বিস্তৃত করে ঘ অর্থের রূপান্তর ঘটায় উ. খ
ব্যাখ্যা: সমাস শব্দটির অর্থ সংক্ষেপণ, মিলন, একাধিক পদের একপদীকরণ। পরস্পর অর্থসঙ্গতি সম্পন্ন দুই বা ততোধিক পদের এক পদে পরিণত হওয়াকে সমাস বলে। সমাসের রীতি সংস্কৃত ভাষা থেকে এসেছে। যেমন: হাতে হাতে যে যুদ্ধ = হাতাহাতি। এখানে ব্যাসবাক্য 'হাতে হাতে যে যুদ্ধ' সংক্ষিপ্ত হয়ে সমস্তপদ 'হাতাহাতি' হয়েছে।

২৮.জসীমউদ্‌দীনের 'কবর' কবিতাটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?
ক কল্লোল খ তত্ত্ববোধিনী
গ ধূমকেতু ঘ কালি ও কলম উ. ক
ব্যাখ্যা: জসীমউদ্‌দীন রচিত প্রথম কাব্যগ্রন্থ 'রাখালী' (১৯২৭)। কাব্যটির ১৮টি কবিতার মধ্যে অন্যতম কবিতা 'কবর', যা কল্লোল পত্রিকায় প্রকাশিত হয়। তিনি কলেজে অধ্যয়নকালে কবিতাটি রচনা করেন, যা তাঁর ছাত্রাবস্থায় ১৩৩৫ বঙ্গাব্দে কলকাতা বিশ্ববিদ্যালয়ের মাধ্যমিক পর্যায়ের পাঠ্য তালিকায় অন্তর্ভুক্ত হয়। মাত্রাবৃত্ত ছন্দে রচিত এ কবিতাটিতে ১১৮টি পঙ্‌ক্তি আছে। প্রিয়জন হারানোর মর্মান্তিক স্মৃতিচারণ 'কবর' কবিতার মূল বিষয়। তাঁর রচিত অন্যান্য বিখ্যাত কবিতা: 'আসমানী', 'রাখাল ছেলে', 'নিমন্ত্রণ', 'মুসাফির', 'চাষার ছেলে', 'পল্লীজননী'।

২৯.'ভিক্ষুকটা যে পিছনে লেগেই রয়েছে, কী বিপদ!' এই বাক্যের 'কী' এর অর্থ-
ক বিরক্তি খ ভয়
গ রাগ ঘ বিপদ উ. ক

৩০.কোনটি কাব্যগ্রন্থ?
ক শেষ প্রশ্ন খ শেষলেখা
গ শেষের কবিতা ঘ শেষের পরিচয় উ. খ
ব্যাখ্যা: রবীন্দ্রনাথ ঠাকুরের সর্বশেষ প্রকাশিত কাব্য 'শেষলেখা' (১৯৪১)। এটি তাঁর মৃত্যুর পরে প্রকাশিত হয়, তাই তিনি এটির নামকরণ করে যেতে পারেননি। এ গ্রন্থের কবিতাগুলো তাঁর জীবনের শেষ সময়কালের লেখা এবং কয়েকটি কবিতা মুখে মুখে রচিত। শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস 'শেষ প্রশ্ন' (১৯৩১) ও 'শেষের পরিচয়' (১৯৩৯); রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাস 'শেষের কবিতা' (১৯২৯)।

৩১.কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস?
ক চিলেকোঠার সেপাই খ আগুনের পরশমণি
গ একাত্তরের দিনগুলি
ঘ পায়ের আওয়াজ পাওয়া যায় উ. খ
ব্যাখ্যা: হুমায়ূন আহমেদের মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস 'আগুনের পরশমণি' (১৯৮৬)। ঢাকায় গেরিলা অপারেশন, গেরিলাদের গোপন তৎপরতা, স্বাধীনতা সমর্থনকারী ও বিরোধিতাকারী চরিত্রের মাধ্যমে মহান মুক্তিযুদ্ধের চিত্র উপস্থাপিত হয়েছে এ উপন্যাসে। আখতারুজ্জামান ইলিয়াস কর্তৃক উনসত্তরের গণআন্দোলনের প্রেক্ষাপটে রচিত উপন্যাস 'চিলেকোঠার সেপাই' (১৯৮৭)। সৈয়দ শামসুল হকের মুক্তিযুদ্ধভিত্তিক কাব্যনাট্য 'পায়ের আওয়াজ পাওয়া যায়' (১৯৭৬)। 'শহিদ জননী' জাহানারা ইমাম রচিত মুক্তিযুদ্ধভিত্তিক দিনলিপি 'একাত্তরের দিনগুলি' (১৯৮৬)।

৩২.'নদী ও নারী' কার রচনা?
ক কাজী আব্দুল ওদুদ খ আবুল ফজল

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

(গ) শামসুদ্দীন আবুল কালাম (ঘ) হুমায়ুন কবির উ. ঘ

ব্যাখ্যা: হুমায়ুন কবির রচিত তিনভাগে বিভক্ত উপন্যাস 'নদী ও নারী' (১৯৫২)। পদ্মাপাড়ের মানুষের জীবিকার পাশাপাশি প্রকৃতির সাথে তাদের যে সংগ্রাম, মানুষে মানুষে হিংসা-দ্বেষ, প্রেম এবং মানবিকতা উপন্যাসের মূল বিষয়বস্তু। কাজী আবদুল ওদুদ রচিত উপন্যাস 'নদীবক্ষে' (১৯১৮); আবুল ফজল রচিত উপন্যাস 'রাঙ্গা প্রভাত' (১৯৫৭), 'চৌচির' (১৯৩৪), 'প্রদীপ ও পতঙ্গ' (১৯৪০)। শামসুদ্দীন আবুল কালাম রচিত উপন্যাস 'আলমনগরের উপকথা' (১৯৫৪), 'কাশবনের কন্যা' (১৯৫৪), 'জায়জঙ্গল' (১৯৭৩), 'সমুদ্র বাসর' (১৯৮৬), 'জীবনকাব্য' (১৯৫৬), 'কাঞ্চনমালা' (১৯৬১), 'নবান্ন' (১৯৮৭), 'কাঞ্চনগ্রাম' (১৯৯৮)।

৩৩.'লাপাত্তা' শব্দের 'লা' উপসর্গটি বাংলা ভাষায় এসেছে-

(ক) হিন্দি ভাষা থেকে (খ) ফারসি ভাষা থেকে
(গ) আরবি ভাষা থেকে (ঘ) উর্দু ভাষা থেকে উ. গ

ব্যাখ্যা: বাংলা ভাষায় আগত আরবি উপসর্গ: আম, খাস, গর, লা। আরবি 'লা' উপসর্গযোগে 'না' অর্থে লাপাত্তা, লাজওয়াব, লাখেরাজ, লাওয়ারিশ প্রভৃতি শব্দ গঠিত হয়েছে।

৩৪.বাংলাদেশের জাতীয় সঙ্গীতে কোন বিষয়টি প্রধানভাবে আছে?

(ক) বাংলার প্রকৃতির কথা (খ) বাংলার মানুষের কথা
(গ) বাংলার ইতিহাসের কথা
(ঘ) বাংলার সংস্কৃতির কথা উ. ক

ব্যাখ্যা: গগন হরকরার বাউল গান 'আমি কোথায় পাব তারে' এর সুরের অনুকরণে রবীন্দ্রনাথ ঠাকুর বাংলাদেশের জাতীয় সংগীত 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি' এর সুরারোপ করেন। ৭ আগস্ট, ১৯০৫ সালে (১৩১২ বঙ্গাব্দ) কলকাতার টাউন হলে বঙ্গভঙ্গের প্রতিবাদে আয়োজিত একটি সভায় গানটি প্রথম গীত হয়েছিল। ৭ সেপ্টেম্বর, ১৯০৫ সালে রবীন্দ্রনাথের স্বাক্ষরে সঞ্জীবনী পত্রিকায় গানটি মুদ্রিত হয়। একই বছরে 'বঙ্গদর্শন' পত্রিকার আশ্বিন সংখ্যাতেও গানটি প্রকাশিত হয়েছিল। পরবর্তীতে গানটি রবীন্দ্রনাথের 'গীতবিতান' গ্রন্থের স্বরবিতানের স্বদেশ পর্যায়ে অন্তর্ভুক্ত হয়। ২৫ চরণ বিশিষ্ট এই গানের / কবিতার প্রথম ১০ চরণ বাংলাদেশের জাতীয় সংগীত হিসেবে স্বাধীনতার ইশতেহারে ৩ মার্চ, ১৯৭১ সালে ঘোষণা করা হয়। জাতীয় সংগীত পরিবেশনের বিধানুযায়ী, কণ্ঠে গাইতে গেলে ১০ চরণ আর যন্ত্র সংগীতে বাজাতে গেলে চার চরণ পর্যন্ত বাজাতে হয়। এতে বাংলার প্রকৃতির কথা প্রধানভাবে উপস্থাপিত হয়েছে।

৩৫.বাংলা সাহিত্যে প্রথম নাট্যকার রচিত নাট্যগ্রন্থ কোনটি?

(ক) জগৎ মোহিনী (খ) বসন্ত কুমারী
(গ) কল্পনা (ঘ) মোহনী প্রেমদাস উ. খ

ব্যাখ্যা: মীর মশাররফ হোসেন কর্তৃক বাংলা সাহিত্যে মুসলমান রচিত প্রথম নাটক 'বসন্তকুমারী' (১৮৭৩)। বৃদ্ধ রাজা বীরেন্দ্র সিংহের যুবতী স্ত্রী রেবতী সপত্নী পুত্র নরেন্দ্র সিংহকে প্রেম নিবেদন করে প্রত্যাখাত হয়ে ষড়যন্ত্র শুরু করে। পরিণামে সমগ্র রাজ পরিবারটি ধ্বংস হয়ে যায়, এটিই এ নাটকের মূল বিষয়। মীর মশাররফ গ্রন্থটি নওয়াব আব্দুল লতিফকে উৎসর্গ করেন। আবুল মনসুর আহমদ রচিত গল্পগ্রন্থ 'আয়না' (১৯৩৫)।

৩৬. Which one is an abstract noun?

(ক) class (খ) rice
(গ) intelligence (ঘ) team উ. গ

ব্যাখ্যা: সাধারণত বিমূর্ত ধারণা বা বিষয় যা ইন্দ্রিয়গ্রাহ্য নয় এমন noun-কে abstract noun বলে। যেমন: Intelligence (বুদ্ধিমত্তা)।

৩৭. .... the letter tonight, Rahim will post it tomorrow.

(ক) finishing (খ) finished
(গ) to finish (ঘ) finish উ. ক

ব্যাখ্যা: প্রদত্ত বাক্যের শূন্যস্থানে finishing বসালে বাক্যটির অর্থ যথাযথ হবে। কারণ, simple sentence এর শুরুতে মূল verb এর base form এর সাথে ing যুক্ত হয়ে তা present participle হিসেবে বসে।

৩৮. No man can.... alone.

(ক) lives (খ) live
(গ) living (ঘ) lived উ. খ

ব্যাখ্যা: Auxiliary verb এর পরে সর্বদা মূল verb এর base form বসে। No man can live alone- কোনো মানুষ একাকী বসবাস করতে পারে না।

৩৯.My brother enjoys... computer game. The missing expression is-

(ক) play (খ) to play
(গ) playing (ঘ) being played উ. গ

ব্যাখ্যা: Enjoy, escape, finish, admit, avoid, deny, forgive ইত্যাদি verb এর পরে gerund (v + ing) বসে। My brother enjoys playing computer game- আমার ভাই কম্পিউটার গেম উপভোগ করে।

৪০.Which one is the opposite gender of deer?

(ক) goose (খ) doe
(গ) peahen (ঘ) Mare উ. খ

Masculine	Feminine
Gander (রাজহাঁস)	Goose (রাজহংসী)
Deer/buck (হরিণ)	Doe (হরিণী)
Peacock (ময়ূর)	Peahen (ময়ূরী)
Horse/ stallion (ঘোটক)	Mare (ঘোটকী)

৪১.Which of the following is a common gender?

(ক) prince (খ) ewe
(গ) spouse (ঘ) mare উ. গ

ব্যাখ্যা: যে gender দ্বারা নারী পুরুষ উভয়কেই বোঝায় তাকে common gender বলে। যেমন: spouse, baby, teacher, cousin ইত্যাদি। Prince (রাজকুমার) এর

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

feminine gender হচ্ছে Princess (রাজ কন্যা)। Ewe (ভেড়ী) এবং mare (ঘোটকী) এর masculine gender হচ্ছে যথাক্রমে ram এবং horse/stallion.

৪২.I am going to .... USA.

ক a খ an
গ the ঘ none of these উ. গ

ব্যাখ্যা: সমষ্টি বাচক দেশের নামের পূর্বে article হিসেবে the বসে। যেমন- The United States of America (USA), The United Kingdom (UK), The United Arab Emirates (UAE) ইত্যাদি। তবে, শুধু America, England, India, Canada ইত্যাদির পূর্বে the বসে না।

৪৩.March 7 is.... historic day of Bangladesh.

ক a খ an
গ no article required ঘ the উ. ঘ

ব্যাখ্যা: সাধারণত কোনো কিছুকে নির্দিষ্ট করে বোঝাতে article হিসেবে the বসে। March 7 is the historic day of Bangladesh- ৭ই মার্চ বাংলাদেশের ঐতিহাসিক দিবস।

৪৪.'আমার ক্ষুধা নেই'- translate into English.

ক I'm full খ I have no appetite
গ I have no hunger ঘ I'm not hungry উ. খ

৪৫.'তুমি আসলে আমি যাব'- translate into English.

ক If you come, I go.
খ If you will come, I will go.
গ If you come, I will go.
ঘ If you came, I would go. উ. গ

৪৬.Out of sight, out of...

ক mind খ life
গ might ঘ light উ. ক

ব্যাখ্যা: প্রদত্ত বাক্যের শূন্যস্থানে mind বসবে। Out of sight out of mind (চোখের আড়াল তো মনের আড়াল) একটি বহুল প্রচলিত প্রবাদ।

৪৭.To err is human- translate into Bengali.

ক মানুষ মরণশীল।
খ মানবজাতি প্রতিহিংসা পরায়ণ।
গ মানুষ মাত্রই ভুল করে।
ঘ মানুষ মানুষকে ভালবাসে। উ. গ

৪৮. Choose the correct proverb.

ক All that glittered is gold.
খ All that glittering was gold.
গ All that glittered must be gold.
ঘ All that glitters is not gold. উ. ঘ

ব্যাখ্যা: শুদ্ধ বাক্য: All that glitters is not gold. কারণ, All that glitters is not gold (চকচক করলে সোনা হয় না) একটি বহুল প্রচলিত প্রবাদ।

৪৯.Computer .... all over the world at the moment.

ক is using খ has used
গ has been using ঘ is being used উ. ঘ

ব্যাখ্যা: প্রদত্ত বাক্যের শূন্যস্থানে is being used বসালে বাক্যটির অর্থ যথাযথ হবে। বাক্যটি passive voice-এ থাকায় শূন্যস্থানে present continuous এর পরিবর্তিত রূপ বসবে। Computer is being used all over the world at the moment- এই সময়ে কম্পিউটার সারা বিশ্বে ব্যবহৃত হচ্ছে।

৫০.The correct meaning of the word 'deliberate' is-

ক willingly খ known
গ intentional ঘ familiar উ. গ

ব্যাখ্যা: Deliberate (ইচ্ছাকৃত) এর synonym হচ্ছে intentional (ইচ্ছাকৃত)। Willingly- ইচ্ছাকৃতভাবে; known/familiar- পরিচিত।

৫১.Which one is the synonym of 'adult'?

ক mature খ child
গ immature ঘ none উ. ক

ব্যাখ্যা: Adult (প্রাপ্তবয়স্ক) এর synonym হচ্ছে mature (পরিপক্ব)।

৫২.I hope your dream... true.

ক comes খ seems
গ looks ঘ turns উ. ক

ব্যাখ্যা: 'Come true' idiom-টির অর্থ- সত্যে পরিণত হওয়া। I hope your dream comes true- আমি আশা করি তোমার স্বপ্ন সত্যি হবে।

৫৩.Find the correct spelling.

ক defination খ defination
গ definition ঘ difination উ. গ

ব্যাখ্যা: শুদ্ধ বানান: definition (সংজ্ঞা)।

৫৪. Slow and steady .... the race.

ক win খ wins
গ has won ঘ won উ. খ

ব্যাখ্যা: And দ্বারা যুক্ত একাধিক noun যদি একক ব্যক্তি/ভাব/ধারণা/বস্তুকে নির্দেশ করে তাহলে পরবর্তী verb-টি singular হয়। Slow and steady wins the race- অধ্যাবসায়ীরাই জয়ী হয়।

৫৫.I have been living in Dhaka..... 2000

ক since খ form
গ after ঘ till উ. ক

ব্যাখ্যা: কোনো কাজ অতীত থেকে শুরু হয়ে বর্তমান সময় পর্যন্ত চলছে বোঝাতে Present perfect tense হয়। সময়ের পূর্বে preposition হিসেবে for/ since উভয়ই বসে। তবে, Point of time (নির্দিষ্ট মুহূর্ত বা সময়) নির্দেশ করতে since বসে। যেমন- গত শুক্রবার/ গত সপ্তাহ/ দিন/ মাস/ বছর/ সকাল ৬ টা ইত্যাদি। আর period of time এর পূর্বে for বসে। যেমন- দুই ঘণ্টা/ দিন/ মাস/ বছর ইত্যাদি। I have been living in Dhaka since 2000- ২০০০ সাল থেকে আমি ঢাকাতে বসবাস করে আসছি।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৫৬. ১, ২, ৩, ৫, ৮, ১৩, ২১, ৩৪..... ধারাটির পরবর্তী সংখ্যা কত?
ক ৫৫ খ ৪০
গ ৬৮ ঘ ৮৯ উ. ক

সমাধান: প্রদত্ত ধারাটির যেকোনো পদ নিকটতম পূর্ববর্তী দুটি পদের সমষ্টির সমান।
তৃতীয় পদ = দ্বিতীয় পদ + প্রথম পদ = ২ + ১ = ৩
চতুর্থ পদ = তৃতীয় পদ + দ্বিতীয় পদ = ৩ + ২ = ৫
.....
নবম পদ = অষ্টম পদ + সপ্তম পদ = ৩৪ + ২১ = ৫৫

৫৭. যদি তেলের মূল্য ২৫% বৃদ্ধি পায় তবে তেলের ব্যবহার শতকরা কত কমালে খরচ বৃদ্ধি পাবে না।
ক ১১% খ ৯%
গ ১৬% ঘ ২০% উ. ঘ

সমাধান: ২৫% বৃদ্ধিতে = (১০০ + ২৫) = ১২৫ টাকা
১২৫ টাকায় কমাতে হবে ২৫ টাকা
১ " " " $\frac{২৫}{১২৫}$ "
∴ ১০০ " " " $\frac{২৫\times১০০}{১২৫}$ = ২০ টাকা

৫৮. দুইটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর ১৯৯ হলে বড় সংখ্যাটি কত?
ক ৭০ খ ৮০
গ ১০০ ঘ ৯০ উ. গ

সমাধান: মনেকরি, একটি সংখ্যা x
এবং অপর সংখ্যাটি $x + ১$
শর্তমতে, $(x + ১)^২ - x^২ = ১৯৯$
$\Rightarrow x^২ + ২x + ১ - x^২ = ১৯৯$
$\Rightarrow ২x + ১ = ১৯৯$
$\Rightarrow ২x = ১৯৯ - ১$
$\Rightarrow ২x = ১৯৮$ $\therefore x = ৯৯$
∴ একটি সংখ্যা = ৯৯
এবং অপর সংখ্যাটি = ৯৯ + ১ = ১০০

৫৯. $x + y = ১২$ এবং $x - y = ২$ হলে xy এর মান কত?
ক ৭০ খ ৩৫
গ ১৪০ ঘ ১৪৪ উ. খ

সমাধান: দেওয়া আছে, $x+y = 12$ এবং $x-y = 2$
$$\therefore xy = \left(\frac{x+y}{2}\right)^2 - \left(\frac{x-y}{2}\right)^2$$
$$= \left(\frac{12}{2}\right)^2 - \left(\frac{2}{2}\right)^2$$
$$= (6)^2 - (1)^2 = 36-1 = 35$$

৬০. একটি সরল রেখার উপর অংকিত বর্গের ক্ষেত্রফল ঐ সরলরেখার এক চতুর্থাংশের উপর অংকিত বর্গের ক্ষেত্রফলের কত গুণ?
ক ২ খ ৪ গ ৮ ঘ ১৬ উ. ঘ

সমাধান: মনেকরি, রেখার দৈর্ঘ্য = a
∴ বর্গের ক্ষেত্রফল = a^2
[যেহেতু রেখার উপর বর্গটি অবস্থিত]
আবার, রেখার চার ভাগের এক ভাগ = $\frac{a}{৪}$
∴ এর উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল = $(\frac{a}{৪})^2$
$= \frac{a^2}{১৬}$
$\therefore \frac{১ম\ ক্ষেত্রফল}{২য়\ ক্ষেত্রফল} = \frac{a^2}{\frac{a^2}{১৬}} = a^2 \times \frac{১৬}{a^2} = ১৬$
$\Rightarrow$ ১ম ক্ষেত্রফল = ১৬ × ২য় ক্ষেত্রফল

৬১. পিতার বর্তমান বয়স পুত্রের বয়সের চারগুণ। ৬ বছর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের দশগুণ ছিল। পিতার বর্তমান বয়স কত?
ক ৫৬ খ ৩৬
গ ৩২ ঘ ৪০ উ. খ

সমাধান: বর্তমানে পুত্রের বয়স x বছর হলে পিতার বয়স $4x$ বছর।
শর্তমতে, $10(x - 6) = 4x - 6$
$\Rightarrow 6x = 54$
$\therefore x = 9$
পুত্রের বর্তমান বয়স 9 বছর।
পিতার বর্তমান বয়স $(9 \times 4) = 36$ বছর।

৬২. একটি সমবাহু ত্রিভুজের ভূমি ১৬ মি. এবং অপর দুইটি বাহুর প্রতিটি ১০ মি. হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত?
ক ৩৬ ব.মি. খ ৪২ ব.মি.
গ ৫০ ব.মি. ঘ ৪৮ ব.মি. উ. ঘ

সমাধান: মনেকরি, একটি সমদ্বিবাহু ত্রিভুজের সমান সমান বাহুর দৈর্ঘ্য a একক, ভূমির দৈর্ঘ্য b একক হলে, সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল
$= \frac{b}{৪}\sqrt{৪a^2 - b^2}$
$= \frac{১৬}{৪}\sqrt{৪(১০)^২ - (১৬)^২}$
$= ৪\sqrt{৪০০-২৫৬}$
$= ৪\sqrt{১৪৪} = ৪ \times ১২ = ৪৮$ ব.মি.



৬৩. দুইটি সংখ্যার অনুপাত ৫ : ৮। উভয়ের সাথে ২ যোগ করলে অনুপাতটি ২ : ৩ হয়। সংখ্যা দুইটি কত?
ক ৭ ও ১১ খ ১২ ও ১৮
গ ১০ ও ২৪ ঘ ১০ ও ১৬ উ. ঘ

সমাধান:
একটি সংখ্যা = ৫x হলে অপর সংখ্যা = ৮x
শর্তমতে, $(৫x+২) : (৮x+২) = ২ : ৩$

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বা, $\frac{৫x+২}{৮x+২} = \frac{২}{৩}$

বা, ৩(৫x+২) = ২(৮x+২)

বা, ১৫x + ৬ = ১৬x + ৪

∴ x = ২

∴ নির্ণেয় সংখ্যাদ্বয় = (৫×২) ও (৮×২)

= ১০, ১৬

৬৪. $\log_2 + \log_4 + \log_8 +$ ..... ধারাটির প্রথম দশটি পদের সমষ্টি কত?

ক $45\log_2$ খ $55\log_2$

গ $65\log_2$ ঘ $75\log_2$ উ. খ

সমাধান: $log2 + log4 + log8 + log16 + ... + 10$

$= log2 + log2^2 + log2^3 + log2^4 + ... 10$ম পদ

$= log2 + 2\,log2 + 3log2 + 4log2 + ... 10$ম পদ

$= (1 + 2 + 3 + 4 + ...10$ম পদ$)\, log2$

$= \frac{10(10+1)}{1} log2 = 5 \times 11 \times log2$

$= 55\, log2$

৬৫. একটি 48 মিটার লম্বা খুঁটি ভেঙ্গে গিয়ে সম্পূর্ণভাবে বিচ্ছিন্ন না হয়ে ভূমির সাথে 30° কোণ উৎপন্ন করে। খুঁটিটি কত উঁচুতে ভেঙ্গেছিল?

ক 14 মিটার খ 16 মিটার

গ 18 মিটার ঘ 20 মিটার উ. খ

সমাধান: খুঁটিটি মাটি হতে x মিটার উঁচুতে ভেঙ্গে থাকলে, ভাঙ্গা অংশের দৈর্ঘ্য (48 - x) মিটার

$\therefore sin30° = \frac{x}{48-x}$



বা, $\frac{1}{2} = \frac{x}{48-x}$

বা, 48 - x = 2x

বা, 3x = 48 ∴ x = 16

৬৬. 'Hotspot' কী?

ক তারযুক্ত ইন্টারনেট ব্যবস্থা খ নির্দিষ্ট দূরত্ব এলাকা

গ তারবিহীন ইন্টারনেট ব্যবস্থা

ঘ বিশ্বব্যাপী নেটওয়ার্ক ব্যবস্থা উ. গ

ব্যাখ্যা: হটস্পট এক ধরনের ওয়্যারলেস নেটওয়ার্ক যা মোবাইল, কম্পিউটার, ল্যাপটপ, নোটবুক, ট্যাবে ইন্টারনেট সংযোগে ব্যবহার করা হয়। ব্লুটুথ, ওয়াই-ফাই, ওয়াই-ম্যাক্স হলো জনপ্রিয় হটস্পট।

৬৭. Input device কোনটি?

ক মনিটর খ প্রিন্টার

গ মাউস ঘ প্রসেসর উ. গ

ব্যাখ্যা: কম্পিউটারের সাহায্যে কোন কাজ সম্পন্ন করতে হলে প্রথমে কম্পিউটারকে ঐ কাজের তথ্য প্রদান করতে হয়। Computer-কে দেয়া এ তথ্যই হচ্ছে Input. Computer-কে তথ্য প্রদান করার জন্য যে যন্ত্র ব্যবহার করা হয় তাকে Input device বলে। কয়েকটি Input device হলো: Keyboard, Mouse, Scanner, OMR, OCR, MICR, Microphone, Light pen etc. Input থেকে প্রাপ্ত ফলাফলকে Output বলে। আর যে সকল যন্ত্রের সাহায্যে Input এর Output পাওয়া যায় তাকে Output device বলে। কয়েকটি Output device হলো Projector, Monitor, Printer ও Speaker.

৬৮. ব্লুটুথের মাধ্যমে কোন ধরনের ওয়্যারলেস নেটওয়ার্ক তৈরি করা হয়?

ক LAN খ MAN

গ PAN ঘ WAN উ. গ

ব্যাখ্যা: Bluetooth হলো তারবিহীন personal Area Network (PAN) যা ১০ থেকে ১০০ মিটারের দূরত্বে data আদান-প্রদানে ব্যবহৃত হয়। Bluetooth-এ Radio wave ব্যবহৃত হয়। এর স্ট্যান্ডার্ড হলো ৮০২.১৫। ১৯৯৪ সালে Jaap Haartsen এরিকসন কোম্পানিতে কর্মরত থাকাকালে Bluetooth আবিষ্কার করে।

৬৯. কোন ডিভাইসের সাহায্যে প্রেরক কম্পিউটার থেকে সিগন্যাল নির্দিষ্ট প্রাপক কম্পিউটারে প্রেরণ করা যায়?

ক হাব খ সুইচ

গ রিপিটার ঘ ব্রিজ উ. খ

ব্যাখ্যা: সুইচ ডিভাইসের সাহায্যে প্রেরক কম্পিউটার থেকে সিগন্যাল নির্দিষ্ট প্রাপক কম্পিউটারে প্রেরণ করা যায়। নেটওয়ার্কের অন্তর্ভুক্ত কম্পিউটারের দূরত্ব বেশি হলে কিংবা নেটওয়ার্কের বিস্তার বেশি হলে Cable এর ভিতর দিয়ে প্রবাহিত Singal বেশ দুর্বল হয়ে পড়ে। একারণে প্রবাহিত Singal-কে পুনরায় শক্তিশালী এবং আরো অধিক দূরত্বে অতিক্রম করার জন্য Reapter ব্যবহার করা হয়। অন্যদিকে, রাউটার উৎস কম্পিউটার থেকে গন্তব্য কম্পিউটারে Data packet পৌঁছে দেয়। হাব একটি ডিভাইস যা কম্পিউটার নেটওয়ার্কের আওতায় সকল ডিভাইসকে কানেক্ট করে। ব্রিজ OSI মডেলের ডেটালিংক লেয়ারে একাধিক নেটওয়ার্ককে একত্রে সংযুক্ত করার কাজ করে।

৭০. কোনটি ওয়েব ব্রাউজার?

ক Skype খ Viber

গ Chrome ঘ Facebook উ. গ

ব্যাখ্যা: Web browser হলো এক ধরনের Application Software। এটি ডিভাইসের মধ্যে Install করে Internet থেকে কোন জিনিস খোঁজার জন্য ব্যবহার করা হয়। ওয়েব ব্রাউজারের মাধ্যমে ইটারনেট থেকে বিভিন্ন ধরনের Text, video, Web page এবং Content দেখা ও পড়া যায়। কয়েকটি Web browsing software হচ্ছে মজিলা ফায়ার ফক্স, গুগল ক্রোম, সাফারি।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

পদের নাম: কার্যসহকারী

সময়: ৬০ মিনিট তারিখ: ২৪.০২.২০২৩ পূর্ণমান: ৭০

১. 'ইচ্ছুক' শব্দটিতে কোন প্রত্যয়টি যুক্ত হয়েছে?
ক -অক খ -ইক
গ -উক ঘ -আক উ. গ
ব্যাখ্যা: নাম বা শব্দের সাথে বা শেষে যেসব প্রত্যয় যোগ হয়ে নতুন শব্দ গঠিত হয় তাদের তদ্ধিত প্রত্যয় বলে। তদ্ধিত প্রত্যয়ে বিশেষণ গঠনের ক্ষেত্রে 'উক' প্রত্যয় ব্যবহৃত হয়। যেমন: ইচ্ছা+উক = ইচ্ছুক। প্রদত্ত উদাহরণে 'ইচ্ছা' শব্দের পরে 'উক' প্রত্যয় যোগ হয়ে 'ইচ্ছুক' বিশেষণ গঠিত হয়েছে। লাজ+উক = লাজুক, মিথ্যা+উক = মিথ্যুক।

২. Sustainable Development Goals (SDG) কয়টি?
ক ১৭টি খ ১৩টি
গ ১৫টি ঘ ৩১টি উ. ক
ব্যাখ্যা: Sustainable Development Goals (SDGs) হলো টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা যা Millennium Development Goals (MDGs) এর স্থলে প্রতিস্থাপন করা হয়। ২০১৫ সালের ২৫ সেপ্টেম্বর জাতিসংঘের সাধারণ পরিষদের ৭০তম অধিবেশনে 'Transforming our world: The 2030 Agenda for Sustainable development' শিরোনামের একটি কর্মসূচি গৃহীত হয়, যা SDGs নামে পরিচিত। SDGs এর মেয়াদ ২০১৬ থেকে ২০৩০ সাল পর্যন্ত। এতে মোট ১৭টি লক্ষ্যমাত্রা ও ১৬৯টি সুনির্দিষ্ট লক্ষ্য অন্তর্ভুক্ত রয়েছে।

৩. নিচের কোনটি তৎসম শব্দ?
ক নারিকেল খ গেরাম
গ চামার ঘ মাটি উ. ক
ব্যাখ্যা: যেসব শব্দ সংস্কৃত থেকে সরাসরি বাংলায় এসেছে এবং যাদের রূপ অপরিবর্তিত রয়েছে, সেসব শব্দকে বলে তৎসম শব্দ। যেমন: নারিকেল, ধূলি, চন্দ্র, সূর্য, নক্ষত্র, ভবন, ধর্ম, পাত্র, মনুষ্য, ব্যাকরণ, চরণ, তৃণ, অগ্রহায়ণ, ভাষা, বৈষ্ণব, গৃহ, কৃষি, ঋষি, পুত্র, পৃথিবী, আকাশ, গ্রহ, বৃক্ষ, জীবন ইত্যাদি। গ্রাম (তৎসম) > গেরাম (অর্ধ-তৎসম); মৃত্তিকা (তৎসম) > মত্তিআ (প্রাকৃত) > মাটি (বাংলা); চর্মকার (তৎসম) > চম্মআর (প্রাকৃত) > চামার (তদ্ভব/বাংলা)।

৪. রঙিন টেলিভিশন থেকে ক্ষতিকর কোন রশ্মি বের হয়?
ক গামা খ বিটা
গ কসমিক ঘ রঞ্জন উ. ঘ
ব্যাখ্যা: দ্রুতগতি সম্পন্ন ইলেকট্রন কোনো ধাতুকে আঘাত করলে তা থেকে অতি ক্ষুদ্র তরঙ্গ দৈর্ঘ্যের এবং উচ্চ ভেদন ক্ষমতা সম্পন্ন এক প্রকার বিকিরণ উৎপন্ন হয়। এই বিকিরণকে বলা হয় রঞ্জন রশ্মি (x-ray)। ১৮৯৫ সালে জার্মান পদার্থবিদ উইলহেম রন্টজেন এটি আবিষ্কার করেন। আমরা জানি, টিভির পর্দায় ফসফর থাকে। ইলেক্ট্রন যখন এই ফসফরকে আঘাত করে তখন এখান থেকে মৃদু রঞ্জন রশ্মি নির্গত হয়। যার পরিমাণ খুবই কম।

৫. The correct translation of- 'সমাজ বিরোধীরা এখনো ধরা ছোঁয়ার বাইরে'-
ক The anti-socials are still at large.
খ The anti-socials are still now at large.
গ The anti-socials are at large.
ঘ The anti-socials are till at large. উ. ক

৬. Everyone ... when a thief entered into our house.
ক would sleep খ were sleeping
গ was asleep ঘ were asleep উ. গ
ব্যাখ্যা: Everyone, everybody, nobody, anyone ইত্যাদির পরে সর্বদাই singular verb বসে। Everyone was asleep when a thief entered into our house- যখন একটি চোর আমাদের ঘরে প্রবেশ করল তখন সবাই ঘুমাচ্ছিল।

৭. RAM শব্দের অর্থ কি?
ক Read Access Memory
খ Random Access Memory
গ Readable Access Memory
ঘ Read Access Move উ. খ
ব্যাখ্যা: Motherboard এর সাথে সরাসরি যুক্ত একাধিক Chip নিয়ে গঠিত যে Memory-তে read এবং write-দুটি কাজই সম্পন্ন করা যায় তাকে RAM (Random Access Memory) বলে। RAM-এ তথ্য জমা থাকে ইলেকট্রনিক পদ্ধতিতে। ফলে RAM এর এর তথ্য অস্থায়ীভাবে সঞ্চিত থাকে। কম্পিউটারে বিদ্যুৎ প্রবাহ বন্ধ হলে RAM এর সব তথ্য মুছে যায়।

৮. Gulliver's Travels is written by-
ক Ernest Hemingway খ Jonathan Swift
গ Bernard Shaw ঘ Charles Dickens উ. খ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ব্যাখ্যা: ইংরেজি সাহিত্যের শ্রেষ্ঠ satirist খ্যাত অ্যাংলো-আইরিশ লেখক ও ধর্মযাজক Jonathan Swift এর বিখ্যাত উপন্যাস Gulliver's Travel (1726)। এ উপন্যাসে তিনি মানব চরিত্রকে ব্যঙ্গ করেছেন এবং সাহিত্যের প্রচলিত ভ্রমণবৃত্তান্ত ধারাটির প্যারোডি করেছেন। এটিকে ইংরেজি সাহিত্যের একটি ধ্রুপদি গ্রন্থ মনে করা হয়।

৯. 'দমকি দমকি দেয়া হাঁক, কাঁপে দামিনী'। এখানে 'দামিনী' শব্দের অর্থ হলো-
ক নারীর নাম খ বিদ্যুৎ
গ পৃথিবী ঘ মেঘ উ. খ

ব্যাখ্যা: 'দামিনী' শব্দের অর্থ: বিদ্যুৎ, তড়িৎ, সৌদামিনী, বিজলী, ক্ষণপ্রভা, অণুপ্রভা, চপলা, চঞ্চলা, শম্পা।

১০. Choose the word closest in meaning to the word 'absorbed'.
ক Fatigued খ Disturbed
গ Engrossed ঘ Successful উ. গ

ব্যাখ্যা: Absorbed (নিমজ্জিত/মগ্ন) এর synonym হচ্ছে engrossed (নিমজ্জিত/মগ্ন)। Disturbed- অস্থির; fatigued- অবসন্ন।

১১. ECNEC এর চেয়ারম্যান কে?
ক অর্থমন্ত্রী খ প্রধানমন্ত্রী
গ পরিকল্পনা মন্ত্রী ঘ স্পীকার উ. খ

ব্যাখ্যা: Executive Committee of National Economic Council (ECNEC) বা জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগের অধীন একটি নির্বাহী কমিটি। এটি দেশের অর্থনৈতিক অবস্থা ও অর্থনৈতিক কর্মকাণ্ড তত্ত্বাবধান ও নীতিমালা প্রণয়ন, পর্যালোচনা এবং অনুমোদন প্রদান করে। ১৯৮২ সালে একনেক গঠিত হয়। ২০১৪ সালে প্রকাশিত বাংলাদেশ সরকারের গেজেট অনুসারে একনেক কমিটির চেয়ারপার্সন থাকবেন বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী এবং তার অনুপস্থিতিতে একনেকের সভায় বিকল্প চেয়ারম্যান থাকবেন অর্থমন্ত্রী।

১২. 'বিশ শতকের মেয়ে' উপন্যাসটির রচয়িতা কে?
ক আনিস চৌধুরী খ আনেয়ার পাশা
গ শহীদুল্লা কায়সার ঘ ড. নীলিমা ইব্রাহীম উ. ঘ

ব্যাখ্যা: ড. নীলিমা ইব্রাহিম রচিত উপন্যাস 'বিশ শতকের মেয়ে' (১৯৫৮)। এ উপন্যাসে তিনি নারীমুক্তি ও নারীর স্বাবলম্বী হওয়ার বিষয়টি আলোকপাত করেছেন। তিনি 'আমি বীরাঙ্গনা বলছি' (১৯৯৪) প্রবন্ধগ্রন্থে মুক্তিযুদ্ধের চরম নির্মম ইতিহাস তুলে ধরেছেন।

১৩. Find out the correct sentence.
ক I and he is present.
খ He and I are present.
গ He and me are present.
ঘ I and him is present. উ. খ

ব্যাখ্যা: শুদ্ধ বাক্য He and I are present. কারণ, verb এর পূর্বে number ও person এর subject -গুলো and/or দ্বারা যুক্ত হলে, $2^{nd} + 3^{rd} + 1^{st}$ (231) অনুসারে বসে। এক্ষেত্রে সবগুলোর subjective form বসে এবং verb টির plural form হয়।

১৪. What is the right Synonym of 'Hostile'?
ক Flexible খ Unfriendly
গ Happy ঘ Indifferent উ. খ

ব্যাখ্যা: Hostile (শত্রুতাপূর্ণ/প্রতিকূল) এর synonym হচ্ছে unfriendly (বন্ধুত্বহীন/ প্রতিকূল)। Flexible- নমনীয়; happy- সুখি; indifferent- উদাসীন।

১৫. $\log_x(\frac{1}{8}) = -2$ হলে x = কত
ক 2 খ $\sqrt{2}$
গ $2\sqrt{2}$ ঘ 4 উ. গ

সমাধান: $\log_x(\frac{1}{8}) = -2$

$\Rightarrow x^{-2} = \frac{1}{8}$

$\Rightarrow \frac{1}{x^2} = \frac{1}{8}$

$\Rightarrow x^2 = 8$

$\Rightarrow x = \sqrt{8}$

$\Rightarrow x = \sqrt{4 \times 2}$

$\therefore x = 2\sqrt{2}$

১৬. রামসাগর দিঘী কোন জেলায় অবস্থিত?
ক ঠাকুরগাঁও খ পঞ্চগড়
গ নীলফামারী ঘ দিনাজপুর উ. ঘ

ব্যাখ্যা: রামসাগর দীঘি দিনাজপুর জেলার তাজপুর গ্রামে অবস্থিত। এটিকে বাংলাদেশের বৃহত্তম মানবসৃষ্ট দীঘি হিসেবে বিবেচনা করা হয়। দিনাজপুরের বিখ্যাত রাজা রামনাথ এটি খনন করে।

১৭. পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ৬৫ বছর। পিতা পুত্রের চেয়ে ২৫ বছরের বড়। পুত্রের বয়স কত?
ক ২০ বছর খ ৩৫ বছর
গ ২৫ বছর ঘ ২৪ বছর উ. ক

সমাধান: দেওয়া আছে,
পিতার বয়স ও পুত্রের বয়সের সমষ্টি ৬৫ বছর
ধরি, পুত্রের বয়স = x বছর
$\therefore$ পিতার বয়স = $(x + ২৫)$ "
প্রশ্নমতে, $x + x + ২৫ = ৬৫$

$\Rightarrow ২x = ৪০$

$\Rightarrow x = ২০$

১৮. শয়ন, হরণ, গ্রহণ- এগুলো কোন বিশেষ্য?
ক ব্যক্তিবাচক খ বস্তুবাচক
গ গুণবাচক ঘ জাতিবাচক

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ব্যাখ্যা: যে বিশেষ্য পদ দ্বারা কোনো ক্রিয়ার ভাব বা কাজের ভাব প্রকাশিত হয়, তাকে ভাববাচক বিশেষ্য বলে। যেমন: শয়ন (শোয়ার কাজ), গমন (যাওয়ার ভাব বা কাজ), দর্শন (দেখার কাজ), ভোজন (খাওয়ার কাজ), হরণ, গ্রহণ, পঠন, দেখা, শোনা, করা, করানো, পাঠানো, নেওয়া ইত্যাদি।

১৯. The phrase pooh-pooh is-

ক To reject খ To accept
গ To respect ঘ To take for granted উ. ক

ব্যাখ্যা: *Pooh-pooh (গ্রাহ্য না করা) idiom-টির অর্থ- to reject.*

২০. I am used to ... coffee in the morning now.

ক drink খ drank
গ drunk ঘ drinking উ. ঘ

ব্যাখ্যা: অতীতের কোনো কাজের অভ্যস্ততা বোঝাতে *be/got + used to* এর পরে verb এর সাথে ing বসে। *I am used to drinking coffee in the morning now-* আমি প্রতিদিন সকালে কফি পানে অভ্যস্থ।

২১. 'সাপের পাঁচ পা দেখা' প্রবাদের অর্থ কী?

ক ভয় পাওয়া
খ চোখে অন্ধকার দেখা
গ শেষ মুহূর্ত পর্যন্ত আশায় থাকা
ঘ অহংকারে অসম্ভবকে সম্ভব মনে করা উ. ঘ

২২. 'কৃশ' শব্দের বিপরীত শব্দ কোনটি?

ক হালকা খ ভাবি
গ লম্বা ঘ স্থূল উ. ঘ

ব্যাখ্যা: 'কৃশ' শব্দের বিপরীত শব্দ স্থূল। হালকা- ভারী; লম্বা- খাটো; ভূত- ভাবি।

২৩. "হৈম কে আমি লইয়া যাইব"- কে বলেছিল?

ক হৈমন্তীর স্বামী খ হৈমন্তীর বাবা
গ দিদিমা ঘ বনমালী বাবু উ. ক

ব্যাখ্যা: রবীন্দ্রনাথ ঠাকুর রচিত পণপ্রথা ভিত্তিক ছোটগল্প 'হৈমন্তী' এর চরিত্র অপুর (হৈমন্তীর স্বামী) উক্তি- 'হৈমকে আমি লইয়া যাইব।'

২৪. কোন বানানটি শুদ্ধ?

ক মহিয়াস খ মহীয়সী
গ মহিয়সী ঘ মহীয়সি উ. খ

২৫. দুইটি সংখ্যার অনুপাত ৩ : ২ এবং এদের গ.সা.গু = ৪ হলে সংখ্যা দুটির ল.সা.গু কত?

ক ৪ খ ৮
গ ১৬ ঘ ২৪ উ. ঘ

সমাধান: ধরি, একটি সংখ্যা $3x$
অপর সংখ্যাটি $2x$
সংখ্যা দুটির ল.সা.গু $= 6x$
এবং সংখ্যা দুটির গ.সা.গু $= x$
শর্তমতে, $x = 4$
$\therefore$ ল.সা.গু $= 6x = 6 \times 4 = 24$

A/S: ল.সা.গু $= 3 \times 2 \times 4 = 24$
Note: অনুপাত ও গ.সা.গু দেয়া থাকলে ল.সা.গু চাইলে সবগুলোই গুণ করতে হবে।

২৬. লেনিনগ্রাড এর বর্তমান নাম কী?

ক প্রেট্রোগ্রাড খ সেন্ট পিটার্সবার্গ
গ পিটার্সবার্গ ঘ মস্কো উ. খ

ব্যাখ্যা: সেন্ট পিটার্সবার্গ রাশিয়ার একটি ফেডারেল শহর। এটি বাল্টিক সাগরের অন্তর্গত ফিনল্যান্ড উপসাগরের মাথায় নেভা নদীর তীরে অবস্থিত। ১৯১৪ সালে শহরটির নাম পরিবর্তন করে পেট্রোগ্রাড রাখা হয়। ১৯২৪ সালে এর নাম বদলে লেনিনগ্রাড করা হয়। ১৯৯১ সালে পুনরায় 'সেন্ট পিটার্সবার্গ' নামটি ফিরিয়ে আনা হয়।

২৭. 'Out and out' means-

ক Not at all খ Brave
গ Whole heartedly ঘ Thoroughly উ. ঘ

ব্যাখ্যা: *Out and out (পুরোপুরি/ সম্পূর্ণরূপে) idiom-টির অর্থ- thoroughly.*

২৮. $x - y = 2$ এবং $xy = 15$ হলে $(x + y)$ এর মান কত?

ক 4 খ 8
গ 10 ঘ 12 উ. খ

সমাধান: দেওয়া আছে, $x - y = 2$
$xy = 15$
$\therefore (x + y)^2 = (x-y)^2 + 4xy$
$= (2)^2 + 4.15$
$= 4 + 60$
$\Rightarrow (x + y)^2 = 64$
$\Rightarrow (x + y)^2 = (8)^2$
$\Rightarrow x + y = 8$

২৯. নিচের কোনটি বাংলার প্রাচীন জনপদ?

ক চন্দ্রদ্বীপ খ ময়নামতি
গ হরিকেল ঘ পাটালীপুত্র উ. ক,গ

ব্যাখ্যা: প্রাচীনকালে বাংলা নামে কোন অখন্ড রাষ্ট্র ছিল না। বাংলার বিভিন্ন অংশ তখন ছোট ছোট অঞ্চলে বিভক্ত ছিল। এ অঞ্চলগুলোকে তখন সমষ্টিগতভাবে নাম দেওয়া হয় জনপদ। এ পর্যন্ত প্রাচীন বাংলায় যে ১৬ টি জনপদের কথা জানা যায় তার মধ্যে হরিকেল ও চন্দ্রদ্বীপ অন্যতম। হরিকেল জনপদটির অবস্থান ছিল বাংলার পূর্ব প্রান্তে। মনে করা হয় আধুনিক সিলেট থেকে চট্টগ্রাম পর্যন্ত এই জনপদের বিস্তৃতি ছিল। আর বর্তমান বরিশাল জেলাই ছিল চন্দ্রদ্বীপের মূল ভূখণ্ড ও প্রাণকেন্দ্র। এ প্রাচীন জনপদটি বালেশ্বর ও মেঘনার মধ্যবর্তী স্থানে অবস্থিত ছিল।

৩০. কাজী নজরুল ইসলামের 'সাম্যবাদী' কবিতায় উল্লেখকৃত 'শাক্যমুনি' কে?

ক গৌতম বুদ্ধ খ যিশু খ্রিষ্ট
গ চৈতন্য ঘ অতীশ দীপঙ্কর উ. ক

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ব্যাখ্যা: কাজী নজরুল ইসলাম রচিত 'সাম্যবাদী' (১৯২৫) কাব্যগ্রন্থের 'সাম্যবাদী' কবিতার 'এই হৃদয়ের ধ্যান-গুহা-মাঝে বসিয়া শাক্যমুনি / তাজিল রাজ্য মানবের মহা-বেদনার ডাক শুনি।' পঙ্‌ক্তিতে 'শাক্যমুনি' বলতে শাক বংশে জন্ম নেয়া গৌতম বুদ্ধকে বুঝিয়েছেন।

৩১. জলবায়ুর উপাদান নয় কোনটি?

ক মেঘ খ সমুদ্রস্রোত
গ বায়ু ঘ আদ্রতা উ. খ

ব্যাখ্যা: কোন নির্দিষ্ট স্থানের দীর্ঘ সময়ের (সাধারণত ৩০-৪০ বছরের) আবহাওয়ার গড়কে জলবায়ু বলে। জলবায়ুর উপাদানগুলো- বায়ুর তাপ, বায়ুর চাপ, বায়ুর প্রবাহ, বায়ুর আদ্রতা, বারিপাত। আর সমুদ্র স্রোত হলো জলবায়ুর নিয়ামক।

৩২. Find out the wrong sentence.

ক How long has Rahim been unemployed?
খ How long do you know karim?
গ She has been ill for quite a long time.
ঘ My Father got married in USA. উ. খ

৩৩. Who is calling me? বাক্যটির Passive form হবে?

ক By whom I am called?
খ By whom I am being called?
গ By whom am I being called?
ঘ By whom have I been called? উ. গ

ব্যাখ্যা: *Present continuous tense-এ থাকা who যুক্ত interrogative sentence-কে passive করার নিয়ম: By whom + am/is/are + obj-কে sub + being + v_3 + (?). সুতরাং সঠিক passive form-টি হলো- By whom am I being called.*

৩৪. 'ষ্ণ' সংযুক্তি ব্যঞ্জনটি কোন বর্ণের সংযুক্ত রূপ?

ক ষ্+ঞ খ ষ্+ণ
গ ষ্+ন ঘ ষ্+চ উ. খ

ব্যাখ্যা: $ষ্+ণ = ষ্ণ \rightarrow$ তৃষ্ণা, কৃষ্ণ।

৩৫. জীবের বংশগতির বৈশিষ্ট্য বহন করে

ক সাইট্রোপ্লাজম খ ক্রোমোজোম
গ নিউক্লিয়াস ঘ নিউক্লিওলাস উ. খ

ব্যাখ্যা: ক্রোমোজোমের প্রধান উপাদান হচ্ছে DNA. DNA এর অংশবিশেষ জীবের চারিত্রিক বৈশিষ্ট্যের প্রকৃত ধারক, যাকে জিন বলা হয়। RNA জীবের বৈশিষ্ট্য নিয়ন্ত্রণ করতে DNA-কে সাহায্য করে। ক্রোমোজোম DNA এবং RNA-কে বাহক হিসেবে ধারণ করে। ক্রোমোজোম DNA, RNA-কে সরাসরি বহন করে পিতা-মাতা থেকে তাদের পরবর্তী বংশধরের মাঝে নিয়ে যায়। কোষ বিভাজনের মায়োসিস প্রক্রিয়ার মাধ্যমে বংশগতির এ ধারা অব্যাহত থাকে। এ কারণে ক্রোমোজোমকে বংশগতির ভৌত ভিত্তি বলা হয়।

৩৬. 'পণ্ডিতমূর্খ' এর ব্যাসবাক্য কোনটি?

ক পণ্ডিত সেজে আছে যে মূর্খ
খ যিনি পণ্ডিত তিনিই মূর্খ
গ পণ্ডিত অথচ মূর্খ ঘ পণ্ডিত ও মূর্খ উ. ক

ব্যাখ্যা: যেসকল সমাস কোনো নিয়মের অধীন নয়, তাকে নিপাতনে সিদ্ধ বহুব্রীহি সমাস বলে। যেমন: পণ্ডিত হয়েও যে মূর্খ = পণ্ডিতমূর্খ; নরাকারের পশু যে = নরপশু।

৩৭. Many men and women aspire to ... presideney.

ক a খ an
গ the ঘ no article উ. ঘ

ব্যাখ্যা: প্রদত্ত বাক্যের শূন্যস্থানে কোনো article বসবে না। কারণ abstract noun এর পূর্বে কোনো article বসে না।

৩৮. টাকায় ৩টি করে জিনিস ক্রয় করে টাকায় ২টি করে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?

ক ৫০% খ ২৫%
গ ১৫% ঘ ১০% উ. ক

সমাধান: ৩টির ক্রয়মূল্য ১ টাকা

$\therefore$ ১ " " $\frac{১}{৩}$ "

আবার, ২টির বিক্রয়মূল্য ১ টাকা

$\therefore$ ১ " " $\frac{১}{২}$ "

$\therefore$ লাভ = বিক্রয়মূল্য - ক্রয়মূল্য

$= (\frac{১}{২} - \frac{১}{৩}) = \frac{৩ - ২}{৬} = \frac{১}{৬}$ টাকা

$\frac{১}{৩}$ টাকায় লাভ হয় $\frac{১}{৬}$ টাকা

১ " " " $\frac{১ \times ৩}{৬}$ "

১০০ " " " $\frac{৩ \times ১০০}{৬} = ৫০$ টাকা

$$A/S: \text{শতকরা লাভ} = \frac{(\text{বড়টি} - \text{ছোটটি}) \times ১০০}{\text{ছোটটি}}$$

$$= \frac{(৩ - ২) \times ১০০}{২} = \frac{১ \times ১০০}{২} = ৫০\%$$

৩৯. একটি কোণের মান তার পূরক কোণের মানের অর্ধেকের সমান। কোণটির মান কত?

ক ৬০° খ ৪৫°
গ ৩০° ঘ ২৫° উ. গ

সমাধান: মনেকরি, একটি কোণ x ডিগ্রি হলে কোণটির পূরক কোণ = $(৯০ - x)$ ডিগ্রি।

শর্তমতে, $x = \frac{৯০ - x}{২}$

বা, $২x = ৯০ - x$
বা, $২x + x = ৯০$
বা, $৩x = ৯০$
$\therefore x = ৩০$

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৪০. 'প্রথম আলো' উপন্যাসটি কে লিখেছেন?
ক মতিউর রহমান খ রবীন্দ্রনাথ ঠাকুর
গ সৈয়দ শামসুল হক ঘ সুনীল গঙ্গোপাধ্যায় উ. ঘ
ব্যাখ্যা: সুনীল গঙ্গোপাধ্যায় রচিত ত্রয়ী উপন্যাস 'সেই সময়' (১৯৮১), 'পূর্ব-পশ্চিম' (১৯৮৮) ও 'প্রথম আলো' (১৯৯৬)। উনবিংশ শতাব্দীর শেষ ভাগে জাতি হিসেবে বাঙালির আত্মসচেতনতা গড়ে ওঠার প্রক্রিয়া ত্রয়ী এ ঐতিহাসিক উপন্যাসগুলোর কেন্দ্রীয় সুর।

৪১. They went to school yesterday, ... ?
ক did they খ weren't they
গ didn't they ঘ were they উ. গ
ব্যাখ্যা: Tag question এর নিয়মানুযায়ী Past indefinite tense যুক্ত বাক্যের question tag হচ্ছে didn't + sub.

৪২. We have to deal ... our problem.
ক with খ after
গ on ঘ by উ. ক
ব্যাখ্যা: 'বিহিত করা/যথাযথ ব্যবস্থা নেয়া' অর্থে deal এর পরে preposition হিসেবে with বসে। We have to deal with our problem- সমস্যাটির যথাযথ ব্যবস্থা আমাদের নিতে হবে।

৪৩. 'Accommodation' is-
ক Noun খ Adjective
গ Preposition ঘ Adverb উ. ক
ব্যাখ্যা: শব্দের শেষে নির্ধারিত কিছু suffixes ব্যবহার করে noun গঠন করা যায়। যেমন: tion, ment, ness, hood, ship, ism, sion, cy, nce ইত্যাদি।

৪৪. 'যার জ্যোতি বেশিক্ষণ স্থায়ী থাকে না'- তাকে এক কথায় কি বলে?
ক অনুসূরা খ অনুচার্য
গ কোনটাই নয় ঘ ক্ষণপ্রভা উ. ঘ

৪৫. ১০× ০.০২ × ০.০০০১ = কত?
ক ০.০০২ খ ০.০০০০২
গ ০.০০০২ ঘ ০.০২ উ. খ
সমাধান: ১০ × ০.০২ × ০.০০০১
= ০.০০০০২

৪৬. 'সংসার' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক সং+সার খ সাং+সার
গ সম্+সার ঘ সম+সার উ. গ
ব্যাখ্যা: তৎসম ব্যঞ্জনসন্ধির নিয়মানুসারে, ম্ এর পর অন্তঃস্থ ধ্বনি য, র, ল, ব কিংবা শ, ষ, শ, হ থাকলে ম্ স্থলে অনুস্বার (ং) হয়। যেমন: সম্+সার = সংসার, সম্+যম = সংযম।

৪৭. স্বাধীন বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলিত হয় ১৯৭১ সালের কোন তারিখে?
ক ১৬ ডিসেম্বর খ ২৬ মার্চ
গ ৭ মার্চ ঘ ২ মার্চ উ. ঘ
ব্যাখ্যা: তৎকালীন ডাকসু ভিপি আ. স. ম আব্দুর রব ২ মার্চ, ১৯৭১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলায় এক ছাত্র সমাবেশে বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করেন। এ দিনটি জাতীয় 'পতাকা দিবস' হিসেবে পালিত হয়। ৩ মার্চ, ১৯৭১ জাতীয় সংগীত সহকারে পল্টন ময়দানে স্বাধীন বাংলা বিপ্লবী পরিষদের নেতা শাহজাহান সিরাজ পতাকা উত্তোলন করেন। ২৩ মার্চ বঙ্গবন্ধুর বাসভবনে উত্তোলন করা হয়। ১৮ এপ্রিল দেশের বাহিরে প্রথম কলকাতাস্থ পাকিস্তানের ডেপুটি হাইকমিশনে উত্তোলন করা হয়।

৪৮. $m-\frac{1}{m}=2$ হলে $m^4+\frac{1}{m^4}$ = কত?
ক 30 খ 31
গ 32 ঘ 34 উ. ঘ
সমাধান:
$$m^4+\frac{1}{m^4}=(m^2+\frac{1}{m^2})^2-2.m^2.\frac{1}{m^2}$$
$$=\{(m-\frac{1}{m})^2+2.m.\frac{1}{m}\}^2-2$$
$$=(2^2+2)^2-2$$
$$=6^2-2=34$$

৪৯. কোনটি সাংবিধানিক প্রতিষ্ঠান?
ক দুর্নীতি দমন কমিশন
খ জাতীয় মানবাধিকার কমিশন
গ জাতীয় তথ্য কমিশন
ঘ মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক উ. ঘ
ব্যাখ্যা: যে সব প্রতিষ্ঠান সংবিধানের সুস্পষ্ট বিধি মোতাবেক প্রতিষ্ঠিত ও পরিচালিত, তাকে সাংবিধানিক প্রতিষ্ঠান বলে। আর এ প্রতিষ্ঠানের পদগুলো সাংবিধানিক পদ নামে অভিহিত। সাংবিধানিক পদ ও প্রতিষ্ঠান হলো- কমিশনার (বাংলাদেশ নির্বাচন কমিশন), চেয়ারম্যান (বাংলাদেশ সরকারি কর্মকমিশন), অ্যাটর্নি জেনারেল (অ্যাটর্নি জেনারেল এর কার্যালয়), জাতীয় সংসদ সচিবালয়, কম্পট্রোলার ও অডিটর জেনারেল (মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়)। এ ছাড়া আরোও কিছু সাংবিধানিক পদ হলো- রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, মন্ত্রীগণ, স্পীকার, সংসদ সদস্য ও বিচারপতি।

৫০. 'বল্কল' শব্দের অর্থ কোনটি?
ক বৃক্ষপত্র খ শিকড়
গ বৃক্ষকাণ্ড ঘ বৃক্ষত্বক উ. ঘ
ব্যাখ্যা: 'বল্কল' শব্দের অর্থ বাকল, গাছের ছাল, বৃক্ষত্বক।

৫১. ৮, ১১, ১৭, ২৯, ৫৩ ... ধারাটির পরবর্তী সংখ্যা কত?
ক ১৫০ খ ১০৫
গ ১০১ ঘ ৭৫ উ. গ
সমাধান: পার্থক্য ⇒ ৩, ৬, ১২, ২৪, ৪৮
অর্থাৎ ৫৩ + ৪৮ = ১০১

৫২. 'ম্রিয়মান' শব্দের অর্থ কোনটি?
ক যা ম্লান হয়েছে খ যা ম্লান হবে
গ যার মৃত্যু হয়েছে ঘ যার মৃত্যু অবস্থা উ. ঘ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৫৩. 'হাড় হাভাতে' বাগধারাটির অর্থ কোনটি?
ক হতভাগ্য খ ক্ষুধার্ত
গ রোগা ঘ দরিদ্র
উ. ক

৫৪. Choose the correct spelling.
ক Achievment খ Acheivement
গ Achevement ঘ Achievement
উ. ঘ
ব্যাখ্যা: শুদ্ধ বানান: *Achievement* (অর্জন)।

৫৫. কোনটিকে কোষের প্রাণশক্তি বলা হয়?
ক প্লোটোপ্লাজম খ ক্রোমোজোম
গ মাইটোকন্ড্রিয়া ঘ নিউক্লিয়াস
উ. ঘ
ব্যাখ্যা: প্রকৃত কোষের সাইটোপ্লাজমে পরিবেষ্টিত অধিকতর ঘন, প্রায় গোলাকার অথবা উপবৃত্তাকার, অস্বচ্ছ, অপেক্ষাকৃত স্পষ্ট এবং বংশগতীয় পদার্থ (DNA) ধারণকারী ক্ষুদ্রাঙ্গকে বলা হয় নিউক্লিয়াস। স্কটিশ উদ্ভিদবিজ্ঞানী *Robert Brown* (১৮৩১) সর্বপ্রথম অর্কিড পাতার কোষে নিউক্লিয়াস আবিষ্কার ও নামকরণ করেন। গঠনগতভাবে প্রতিটি নিউক্লিয়াস চারটি অংশ নিয়ে গঠিত- নিউক্লিয়ার মেমব্রেন; নিউক্লিওপ্লাজম; নিউক্লিওলাস ও ক্রোমাটিন। নিউক্লিয়াস কোষের যাবতীয় জৈবিক কাজ নিয়ন্ত্রণ করে। এজন্য নিউক্লিয়াস 'কোষের প্রাণ' ও 'কোষের মস্তিষ্ক' বলা হয়। অন্যদিকে, কোষের সাইটোপ্লাজমের মাঝে বিক্ষিপ্তভাবে অবস্থিত ধূসর বর্ণের ও কোষের সকল জৈবিক কার্যাবলি সম্পাদনের জন্যে প্রয়োজনীয় শক্তি উৎপাদনকারী বিশেষ ধরনের অঙ্গানুগুলোকে বলা হয় মাইটোকন্ড্রিয়া। একে কোষের শক্তিঘর বলা হয়।

৫৬. ৯২২০ জন সৈন্য হতে কমপক্ষে কতজন সরিয়ে রাখলে সৈন্যদলকে বর্গাকারে সাজানো যাবে?
ক ৬ খ ৩
গ ৪ ঘ ৫
উ. গ
সমাধান:
$$\begin{array}{r|l} 9220 & 96 \\ 81 & \\ \hline 186 & 1120 \\ & 1116 \\ \hline & 4 \end{array}$$
∴ কমপক্ষে ৪ জন সৈন্য সরিয়ে রাখলে সৈন্য দলকে বর্গাকারে সাজানো যাবে।

৫৭. 'Othello' is a Shakespeare's play about-
ক A Jew খ A Roman
গ A Turk ঘ A Moor
উ. ঘ
ব্যাখ্যা: *William Shakespeare* এর বিয়োগাত্মক নাটকগুলোর মধ্যে *Othello* (1604) অন্যতম। নাটকের প্রধান দুটি চরিত্র হচ্ছে *Othello* এবং *Iago*। *Othello* হচ্ছে ভেনিসের একজন *Moorish Captain* আর তাকে কেন্দ্র করেই এ নাটকটি লেখা হয়েছে। 'মুর' শব্দটি এসেছে গ্রিক শব্দ 'মোরস' থেকে যার অর্থ 'কালো'। পূর্ব আফ্রিকার কৃষ্ণবর্ণের যাযাবর জাতির একটি অংশকে মুর বলা হত। এদের বিস্তৃতি ছিল মিশর থেকে মরক্কো পর্যন্ত।

৫৮. There are two brothers, but.... of them were honest.
ক both খ neither
গ either ঘ no one
উ. খ
ব্যাখ্যা: সাধারণত 'দুইয়ের কোনটিই নয়/দুই জনের কেউই নয়' অর্থে *pronoun* হিসেবে *neither* ব্যবহৃত হয়। সাধারণত *Formal writing*-এ এটি *singular verb* গ্রহণ করে। তবে *informal* ব্যবহারের ক্ষেত্রে এটি *plural verb*-ও গ্রহণ করে। যেমন: *Neither of them is/are ready.* সুতরাং শূন্যস্থানে *neither* বসবে। বাক্যটির অর্থ- তারা দুইভাই কিন্তু তাদের কেউই সৎ ছিল না।

৫৯. একটি সমকোণী ত্রিভুজের তিন কোণের সমষ্টি কত?
ক ১৮০ ডিগ্রি খ ৯০ ডিগ্রি
গ ১২০ ডিগ্রি ঘ ১৯০ ডিগ্রি
উ. ক
সমাধান: যে কোনো ত্রিভুজের তিনকোণের সমষ্টি ১৮০°

৬০. মুক্তিযুদ্ধে সাতজন বীরশ্রেষ্ঠর মধ্যে প্রথম শহীদ কে?
ক মোহাম্মদ রুহুল আমিন
খ মোহাম্মদ মোস্তফা কামাল
গ মোহাম্মদ হামিদুর রহমান
ঘ মতিউর রহমান
উ. খ
ব্যাখ্যা: বাংলাদেশের মুক্তিযুদ্ধে অসম সাহসিকতা প্রদর্শন ও আত্মত্যাগের স্বীকৃতিস্বরূপ ১৫ ডিসেম্বর, ১৯৭৩ সালে ৭ জন বীর মুক্তিযোদ্ধাকে বীরশ্রেষ্ঠ খেতাব প্রদান করা হয়। এর মধ্যে মুক্তিযুদ্ধে প্রথম শহিদ হন মুন্সি আবদু রউফ। তিনি ৮ এপ্রিল, ১৯৭১ সালে রাঙ্গামাটির নানিয়ার চরে শহিদ হন। দ্বিতীয় ব্যক্তি হিসেবে মোহাম্মদ মোস্তফা কামাল ১৮ এপ্রিল, ১৯৭১ সালে ব্রাহ্মণবাড়িয়া জেলার আখাউড়া উপজেলায় শহিদ হন।

৬১. ১৫ টাকা ২৫ টাকার শতকরা কত?
ক ৪৫% খ ৫০%
গ ৬০% ঘ ৭৫%
উ. গ
সমাধান: ১৫ টাকা ২৫ টাকার শতকরা $= \frac{১৫}{২৫} \times ১০০\%$
$= ৬০\%$

৬২. একটি সংখ্যার বর্গ তার বর্গমূলের চেয়ে ৭৮ বেশি হলে সংখ্যাটি
ক ১২ খ ৯
গ ৪ ঘ ৬
উ. খ
সমাধান: মনেকরি, সংখ্যাটি $= x$
শর্তমতে, $x^2 - \sqrt{x} = ৭৮$
Option test,
(ক) $৬^2 - \sqrt{৬} \neq ৭৮$
(খ) $৯^2 - \sqrt{৯} = ৮১ - ৩ = ৭৮$ (√)

৬৩. 'ততোধিক' শব্দের সন্ধি বিচ্ছেদ নিচের কোনটি?
ক তত+অধিক খ তত+ধিক
গ ততঃ+অধিক ঘ ততা+ধিক
উ. গ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ব্যাখ্যা: বিসর্গ সন্ধির নিয়মানুসারে, অ-ধ্বনির পরস্থিত (অঘোষ উষ্মধ্বনি) বিসর্গের পর অ ধ্বনি থাকলে অ+ঃ+অ মিলে ও-কার হয়। যেমন: ততঃ+অধিক = ততোধিক, বয়ঃ+অধিক = বয়োধিক।

৬৪. বাংলাদেশের সীমান্তবর্তী ভারতের রাজ্য কয়টি?

ক ৭টি খ ৬টি
গ ৪টি ঘ ৫টি উ. ঘ

ব্যাখ্যা: বাংলাদেশের সীমান্তবর্তী ভারতের রাজ্য পাঁচটি। এগুলো হলো- আসাম, মিজোরাম, মেঘালয়, পশ্চিমবঙ্গ ও ত্রিপুরা।

৬৫. একটি আয়তক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য ১৫ মিটার এবং প্রস্থ ১০ মিটার হলে আয়তক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গমিটার?

ক $৩৫\sqrt{৫}$ খ $৪০\sqrt{৫}$
গ $৪৫\sqrt{৫}$ ঘ $৫০\sqrt{৫}$ উ. ঘ

সমাধান: মনেকরি,
$ABCD$ একটি আয়তক্ষেত্র,
যার দৈর্ঘ্য $= AB = CD = x$
দেওয়া আছে, কর্ণ, $AC = ১৫$ মি.
এবং প্রস্থ, $BC = AD = ১০$ মি.
এখন, ABC সমকোণী ত্রিভুজে-

$AC^2 = AB^2 + BC^2$
বা, $১৫^2 = x^2 + ১০^2$
বা, $x^2 = ১৫^2 - ১০^2$
বা, $x^2 = ২২৫ - ১০০$
বা, $x^2 = ১২৫$
বা, $x = \sqrt{২৫ \times ৫}$
$\therefore \quad x = ৫\sqrt{৫}$



$\therefore$ আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল $= ১০ \times ৫\sqrt{৫}$
$= ৫০\sqrt{৫}$

৬৬. বাতাসে কার্বন ডাই অক্সাইডের পরিমাণ প্রায়-

ক ০.০২৫% খ ০.০৩%
গ ০.০৩৬% ঘ ০.০৪% উ. খ

ব্যাখ্যা: বায়ুমণ্ডল বিভিন্ন গ্যাসের সমন্বয়ে গঠিত। বায়ুমন্ডলে বিদ্যমান গ্যাস সমূহ-

উপাদান	শতকরা হার
নাইট্রোজেন (N_2)	৭৮.০২
অক্সিজেন (O_2)	২০.৭১
আর্গন (Ar)	০.৮০
কার্বন ডাইঅক্সাইড (CO_2)	০.০৩
জলীয় বাষ্প	০.৪১
ধূলিকণা	০.০১
ওজোন, মিথেন, হিলিয়াম প্রভৃতি	০.০২
মোট	১০০

৬৭. কোনটি শুদ্ধ বানান?

ক ঈন্দ্রীয় খ ঈন্দ্রিয়
গ ইন্দ্রীয় ঘ ইন্দ্রিয় উ. ঘ

৬৮. Choose the word which is most nearly opposite to the word 'OPAQUE'

ক Feverish খ Monstrous
গ Inclined ঘ Transparent উ. ঘ

ব্যাখ্যা: *Opaque* (অস্বচ্ছ/অস্পষ্ট) এর *antonym* হচ্ছে *transparent* (স্বচ্ছ/স্পষ্ট)। *Feverish*- অতিব্যাকুল; *monstrous*- কিম্ভূতকিমাকার; *inclined*- অবনত হওয়া।

৬৯. Do you know the solution ... the problem?

ক to খ into
গ for ঘ about উ. ক

ব্যাখ্যা: 'কোনোকিছু সমাধান করা' অর্থে *solution* এর পরে *preposition* হিসেবে *to* বসে। *Do you know any solution to the problem?* তুমি কি এই সমস্যার কোনো সমাধান জানো?

৭০. ১ ÷ ০ = কত?

ক অসীম খ ১
গ সসীম ঘ ০ উ. ক

সমাধান: ১ ÷ ০
$= \frac{১}{০} =$ অসীম

০ বাদে যে কোনো বাস্তব সংখ্যাকে ০ দ্বারা ভাগ করলে ভাগফল হবে অসীম।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি.

পদের নাম: অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক

সময়: ৬০ মিনিট | তারিখ: ২৮.০১.২০২৩ | পূর্ণমান: ৮০

১. বাংলা টাইপ রাইটার নির্মাণ করেন?
ক আবদুল হাই খ হুমায়ুন আজাদ
গ মুনীর চৌধুরী ঘ মোস্তফা জব্বার উ. গ
ব্যাখ্যা: ১৯৬৫ সালে প্রথম বাংলা টাইপ রাইটার নির্মাণ করেন মুনীর চৌধুরী। এটি 'মুনীর অপটিমা' নামে পরিচিত।

২. বাংলা কবিতায় কে 'পল্লীকবি' নামে খ্যাত?
ক সুকান্ত ভট্টাচার্য খ জসীমউদ্‌দীন
গ কাজী নজরুল ইসলাম ঘ জীবনানন্দ দাশ উ. খ

নাম	উপাধি
জীবনানন্দ দাশ	রূপসী বাংলার কবি
জসীমউদ্‌দীন	পল্লীকবি
সুকান্ত ভট্টাচার্য	কিশোর কবি
কাজী নজরুল ইসলাম	বিদ্রোহী কবি

৩. ড. মুহম্মদ শহীদুল্লাহর উপাধি কোনটি?
ক ভাষাবিজ্ঞানী খ সাহিত্য বিশারদ
গ সাহিত্য রত্ন ঘ কাব্য সুধাকর উ. ক

নাম	উপাধি
ড. মুহম্মদ শহীদুল্লাহ	ভাষাবিজ্ঞানী, জ্ঞানতাপস
নজিবর রহমান	সাহিত্যরত্ন
আবদুল করিম	সাহিত্যবিশারদ
গোলাম মোস্তফা	কাব্য সুধাকর

৪. মুসলিম নারী জাগরণের অগ্রদূত?
ক সুফিয়া কামাল খ জাহানারা ইমাম
গ সেলিনা হোসেন ঘ বেগম রোকেয়া সাখাওয়াত উ. ঘ
ব্যাখ্যা: বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন বাংলা সাহিত্যের প্রথম নারীবাদী লেখিকা ও মুসলিম নারী জাগরণের অগ্রদূত। নারীদের কুসংস্কারমুক্ত ও শিক্ষিত করতে এবং সমাজে প্রচলিত কুসংস্কারের বিরুদ্ধে তিনি লেখনী ধারণ করেছিলেন। নারীর অধিকার প্রতিষ্ঠার জন্য তিনি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেন। সুফিয়া কামাল ছিলেন নারী জাগরণের কবি ও সাহিত্যিক; শহীদ জননী জাহানারা ইমাম; কবি ও সাহিত্যিক সেলিনা হোসেন।

৫. 'একাত্তরের দিনগুলি' কে লিখেছেন?
ক কাজী ইমাম খ শওকত ওসমান
গ জাহানারা ইমাম ঘ শামসুল হক উ. গ
ব্যাখ্যা: 'শহিদ জননী' জাহানারা ইমামের লেখা ব্যক্তিগত ডায়েরী থেকে ১ মার্চ, ১৯৭১ থেকে ১৭ ডিসেম্বর, ১৯৭১ সাল পর্যন্ত ঘটনাবলি নিয়ে ১৯৮৬ সালের ফেব্রুয়ারি মাসে মুক্তিযুদ্ধভিত্তিক দিনলিপি 'একাত্তরের দিনগুলি' গ্রন্থাকারে প্রকাশিত হয়।

৬. সন্ধি কত প্রকার?
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫ উ.
ব্যাখ্যা: সন্ধি শব্দের অর্থ মিলন। সন্নিহিত দুইটি ধ্বনির মিলনের নাম সন্ধি। সন্ধি ৩ প্রকার। যথা: স্বরসন্ধি, ব্যঞ্জনসন্ধি ও বিসর্গ সন্ধি।

৭. কোন বানানটি শুদ্ধ?
ক পাষাণ খ পাষান
গ পাসান ঘ পাশান উ. ক

৯. 'অর্বাচীন' এর বিপরীত শব্দ কোনটি?
ক নিরপরাধ খ অনুজ্ঞ
গ প্রাচীন ঘ সচল উ. গ

১০. 'কারাগারের রোজনামচা' গ্রন্থটির রচয়িতা?
ক তাজউদ্দীন আহমদ
খ সৈয়দ নজরুল ইসলাম
গ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
ঘ সেলিম আল দীন উ. গ
ব্যাখ্যা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কারাগারের জীবনকেন্দ্রিক রচনা 'কারাগারের রোজনামচা'। বঙ্গবন্ধু ১৯৬৬ সালের ২ জুন থেকে ৬৭ সালের ২২ জুন পর্যন্ত কেন্দ্রীয় কারাগারে এবং ১৯৬৮ সালের ১৮ জানুয়ারি থেকে ৬৯ সালের ২২ ফেব্রুয়ারি পর্যন্ত কুর্মিটোলা সেনানিবাসে অন্তরীণ থাকা অবস্থায় প্রতিদিন ডায়েরি লিখতেন। সেই ডায়েরির পরিমার্জিত রূপ 'কারাগারের রোজনামচা'। গ্রন্থটির নামকরণ করেন এবং ভূমিকা লেখেন বঙ্গবন্ধুর কন্যা শেখ রেহানা। 'কারাগারের রোজনামচা' গ্রন্থটি জাতির পিতার ৯৭তম জন্মদিন ১৭ মার্চ, ২০১৭ সালে প্রকাশিত হয়। 'কারাগারের রোজনামচা' নামটির প্রস্তাবক শেখ রেহানা। এটি ইংরেজিতে অনুবাদ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ড. ফকরুল আলম। বঙ্গবন্ধু রচিত প্রথম গ্রন্থ 'অসমাপ্ত আত্মজীবনী' এবং তৃতীয় গ্রন্থ 'আমার দেখা নয়া চীন'।

১১. ই-মেইল সিস্টেম কে চালু করেন?
ক মার্কনি খ বিল গেটস
গ ম্যাক্সওয়েল ঘ রেমন্ড টমলিনসন উ. ঘ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ব্যাখ্যা: ই-মেইল ঠিকানা হলো ইন্টারনেটের মাধ্যমে যোগাযোগের একটি পরিচয়। E-mail ঠিকানা @ চিহ্ন দ্বারা দুইভাগে বিভক্ত। প্রথম ভাগে @ চিহ্নের আগের অংশে User Name অর্থাৎ ব্যবহারকারীর ঠিকানা থাকে এবং @ চিহ্নের পরের অংশটি হলো Domain name. ডোমেইন নেইম (.) চিহ্ন দ্বারা কয়েকটি অংশে বিভক্ত হয়। ১৯৭১ সালে রেমন্ড টমলিনসন ই-মেইল সিস্টেম চালু করেন। আর ১৯৭২ সালে ই-মেইল ঠিকানায় সর্বপ্রথম @ চিহ্ন ব্যবহৃত হয়।

১২. HTTP-

ক Hyper Text Transfer Protocol.
খ Hyper Text Transfer Project.
গ Hyper Text Terminate Protocol.
ঘ Hyper Text Type Progran. উ. ক

ব্যাখ্যা: ইন্টারনেটে যে প্রটোকলের অধীনে সমস্ত হাইপার টেক্সট আদান প্রদান করা হয় তাকে Hyper Text Transfer Protocol (HTTP) বলে।

১৩. কোন প্রযুক্তির মাধ্যমে ২৪ ঘন্টা সুবিধা পাওয়া যায়?

ক EVM খ ATM
গ Fast Cash ঘ MTS উ. খ

ব্যাখ্যা: Automated Teller Machine (ATM) ব্যাংকিং সেবায় ব্যবহৃত এক ধরনের মেশিন। এটির মাধ্যমে ATM কার্ড দিয়ে ২৪ ঘন্টার যেকোন সময় অর্থ উত্তোলন করা যায়।

১৪. World Wide Web এর জনক কে?

ক স্টিভ কুক খ টিম বার্নার্স লি
গ ইলন মাস্ক ঘ জুকারবার্গ উ. খ

ব্যাখ্যা: World Wide Web (WWW)-কে সংক্ষেপে ওয়েব বলা হয়। WWW হলো পৃথিবীর বিভিন্ন দেশের সার্ভারে রাখা Web Page. এই Web Page পরিদর্শন করাকে Web Browsing বলে। ১৯৮৯ সালে সুইজারল্যান্ডের CERN এর ব্রিটিশ বিজ্ঞানী টিম বার্নার্স লি এটি উদ্ভাবন করেন। প্রথম Web browser- World Wide Web (WWW) যা ১৯৯০ সালে টিম বার্নার্স লি তৈরি করেন যা পরবর্তীতে Nexus নামকরণ করা হয়।

১৫. Bandwidth কী?

ক ডেটার পরিমাণ
খ ডেটা প্রবাহের গতির হার
গ তথ্য ডাউনলোডের উপাত্ত
ঘ তথ্য ডাউনলোডের পরিমাণ উ. খ

ব্যাখ্যা: একটি মাধ্যমের মধ্য দিয়ে উৎস পয়েন্ট থেকে গন্তব্যের দিকে যে পরিমাপ ডেটা একক সময়ে পরিবাহিত হতে পারে তাকে Bandwidth বলে। Bandwidth সাধারণত Bit per second (bps)-এ হিসাব করা হয়। একে Band speed ও বলা হয়। অর্থাৎ প্রতি সেকেন্ডে যে পরিমাণ বিট ট্রান্সমিট করা হয়, তাকে bps বা Bandwidth বলে।

১৬. ১ মেগাওয়াট সমান কত ওয়াট?

ক $১০^৬$ খ $১০^৮$
গ $১০^৫$ ঘ $১০^৯$ উ. ক

১৭. কোনটি বংশগত রোগ?

ক লিউকোসাইটোসিস খ থ্যালাসেমিয়া
গ ব্রংকাইটিস ঘ অ্যানিমিয়া উ. খ

ব্যাখ্যা: রক্তের লোহিত কণিকার এক অস্বাভাবিক অবস্থাজনিত রোগের নাম থ্যালাসেমিয়া। এ রোগে অক্সিজেন পরিবহনকারী হিমোগ্লোবিন কণার উৎপাদনে ত্রুটি দেখা দেয়। এ রোগে আক্রান্ত ব্যক্তি সর্বদাই রক্তশূন্যতা ও অক্সিজেন স্বল্পতা অনুভব করে। এ রোগ বংশ পরম্পরায় হয়ে থাকে।

১৮. AC কে DC করার যন্ত্র?

ক রেকটিফায়ার খ অ্যামপ্লিফায়ার
গ ট্রানজিস্টর ঘ ডায়োড উ. ক

ব্যাখ্যা: Alternating Current (AC) হচ্ছে পরিবর্তী তড়িৎ প্রবাহ যা নির্দিষ্ট সময় পর পর বিপরীতগামী হয়। অন্যদিকে, Direct Current (DC) হচ্ছে একমুখী তড়িৎ প্রবাহ যার কোনো দিকের পরিবর্তন হয় না। AC কে DC করা হয় রেক্টিফায়ারের সাহায্যে এবং DC কে AC করা হয় অসিলেটরের সাহায্যে।

১৯. বাতাসের আর্দ্রতা মাপার যন্ত্রের নাম কী?

ক মাইকোমিটার খ হাইগ্রোমিটার
গ ব্যারোমিটার ঘ গ্রাভিমিটার উ. খ

শাখা	বিষয়
হাইগ্রোমিটার	বাতাসের আর্দ্রতা
ব্যারোমিটার	বায়ুমণ্ডলের চাপ
গ্রাভিমিটার	পানির তলায় তেলের সঞ্চয় নির্ণয়

২০. ব্লুটুথ কিসের উদাহরণ?

ক Local Area Network
খ Personal Area Network
গ Virtual Private Network
ঘ কোনোটিই নয় উ. খ

ব্যাখ্যা: Bluetooth হলো তারবিহীন personal Area Network, যা ১০ থেকে ১০০ মিটারের দূরত্বে data আদান-প্রদানে ব্যবহৃত হয়। Bluetooth-এ Radio wave ব্যবহৃত হয়। এর স্ট্যান্ডার্ড হলো ৮০২.১৫। ১৯৯৪ সালে Jaap Haartsen এরিকসন কোম্পানিতে কর্মরত থাকাকালে Bluetooth আবিষ্কার করে।

২১. কোন গ্যাসটি ড্রাই আইস তৈরিতে ব্যবহার করা হয়?

ক অক্সিজেন খ কার্বন ডাই-অক্সাইড
গ সালফার ডাই-অক্সাইড
ঘ নাইট্রোজেন ডাই-অক্সাইড উ. খ

ব্যাখ্যা: ড্রাই আইস তৈরিতে কার্বন ডাইঅক্সাইড (CO_2) গ্যাস ব্যবহার করা হয়। কার্বন ডাইঅক্সাইড (CO_2) গ্যাসকে -78.5 °C তাপমাত্রায় শীতল করলে এটি তরল না হয়ে সরাসরি কঠিন অবস্থায় রূপান্তরিত হয়। একে শুষ্ক বরফ বা ড্রাই আইস বলা হয়; কিন্তু এটি আসলে বরফ নয়। নাট্যমঞ্চে ধোঁয়া তৈরি ও হিমায়ক হিসেবে এটি ব্যবহৃত হয়।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

২২.শূন্য মাধ্যমে শব্দের বেগ কত?
ক ২৮০ মি/সে. খ ০ মি/সে.
গ ৩৩২ মি/সে. ঘ ১১২০ মি/সে. উ. খ
ব্যাখ্যা: শব্দ এক প্রকার শক্তি, যা বস্তুর কম্পনের ফলে লম্বিক তরঙ্গরূপে কোন মাধ্যমের মধ্য দিয়ে অগ্রসর হয়ে কানে প্রবেশ করে শ্রবণের অনুভূতি জাগায়। শব্দের বেগ মাধ্যমের উপর নির্ভর করে। যেমন স্বাভাবিক অবস্থায় কঠিন মাধ্যমে শব্দের গতি সবচেয়ে বেশি, যার পরিমাণ ৫২২১m/s^{-1}, তারপর তরল মাধ্যমে, এর পরিমাণ ১৪৫০m/s^{-1}, তারপর বায়বীয় মাধ্যমে, এর পরিমাণ ৩৩২m/s^{-1} । শূন্য মাধ্যমে শব্দের গতি শূন্য।

২৩.কোনটি জারক পদার্থ নয়?
ক হাইড্রোজেন খ অক্সিজেন
গ ক্লোরিন ঘ ব্রোমিন উ. ক
ব্যাখ্যা: জারণ-বিজারণ বিক্রিয়ায় যে বিক্রিয়াটি ইলেকট্রন গ্রহণ করে তাকে জারক পদার্থ বলে। কয়েকটি জারক পদার্থ হলো- নাইট্রিক এসিড, অক্সিজেন, ওজোন, ক্লোরিন, ব্রোমিন, গাঢ় সালফিউরিক এসিড, পটাশিয়াম পারম্যাঙ্গানেট। অন্যদিকে, বিজারক পদার্থ রাসায়নিক বিক্রিয়ার সময় ইলেকট্রন ত্যাগ করে। কয়েকটি বিজারক পদার্থ- কার্বন, হাইড্রোজেন, সোডিয়াম, অ্যামোনিয়া, অ্যালুমিনিয়াম।

২৪.চাঁদে কোনো বস্তুর ওজন পৃথিবীর ওজনের ... ভাগের ১ ভাগ।
ক ১০ খ ৬
গ ৩ ঘ ৪ উ. খ
ব্যাখ্যা: কোনো বস্তুর ভর কখনো পরিবর্তিত হয় না। ভর হলো কোনো বস্তুর মোট পদার্থের পরিমাণ। অন্যদিকে, বস্তুর ওজন পরিবর্তিত হয়। ওজন হলো কোনো বস্তুর ওপর মহাকর্ষীয় ক্ষেত্র দ্বারা প্রযুক্ত বলের মান। অর্থাৎ ওজন $(w) = mg$ চাঁদে মহাকর্ষীয় ত্বরণ (g) এর মান পৃথিবী পৃষ্ঠের ৬ গুণ হওয়ায় চাঁদে কোন বস্তুর ওজন পৃথিবীর কোন বস্তুর ওজন অপেক্ষা ১/৬ গুণ কম।

২৫.নিচের কোনটি ডাটাবেজ ল্যাঙ্গুয়েজ?
ক Oracle খ C
গ MS Word ঘ Power Point উ. ক
ব্যাখ্যা: যে সফটওয়্যারের সাহায্যে কোন ডেটাকে সংরক্ষণ এবং প্রয়োজন অনুসারে ঐ ডেটাগুলোকে কাজে ব্যবহার করা যায়, তাকে database software (language) বলে। Oracle, My SQL, MS Access, Foxpro, Dbase প্রভৃতি database software.

২৬. প্লটার (Plotter) কোন ধরনের ডিভাইস?
ক ইনপুট খ আউটপুট
গ মেমরি ঘ কোনোটিই নয় উ. খ
ব্যাখ্যা: Plotter এক ধরনের প্রিন্টার, যা একটি আউটপুট ডিভাইস। Plotter প্রধানত দুই ধরনের। যথা- ফ্লাটবেড প্লটার ও ড্রামবেড প্লটার।

২৭.টুইটার কত সালে প্রতিষ্ঠিত হয়?
ক ২০০৪ সালে খ ২০০৮ সালে
গ ২০০৬ সালে ঘ ২০০৩ সালে উ. গ
ব্যাখ্যা: Twitter হলো বর্তমানে জনপ্রিয় সামাজিক যোগাযোগ মাধ্যম। ২০০৬ সালে জ্যাক ডরসি, বিজ স্টোন, ইভান উইলিয়ামস মিলে এটি প্রতিষ্ঠা করেন। এর সদর দপ্তর ক্যালিফোর্নিয়া, যুক্তরাষ্ট্র।

২৮. MICR-
ক Magnetic Ink Character Reader.
খ Magnetic Ink Code Reader.
গ Magnetic Ink Case Reader.
ঘ Magnetic Ink Count Reader. উ. ক
ব্যাখ্যা: যে মেশিন Magnetic Ink Character Recognition (MICR) লেখা পড়তে পারে, তাকে MICR Reader বলে। চৌম্বক কালি বা ফেরোসোফেরিক অক্সাইডযুক্ত কালির সাহায্যে MICR লেখা হয়। MICR দ্বারা ব্যাংকের চেক নম্বর পড়া ও লেখা হয়।

২৯. দৃশ্যকে কোন সংকেতে রূপান্তর করে পাঠানো হয়?
ক অডিও সংকেত খ ভিডিও সংকেত
গ অ্যানালগ সংকেত ঘ ডিজিটাল সংকেত উ. খ
ব্যাখ্যা: ভিডিও সংকেতের উৎস হলো কোন ছবি বা দৃশ্য। টেলিভিশন ক্যামেরা কোন দৃশ্যকে ধারণ করে স্ক্যানিং প্রক্রিয়ায় একে তড়িৎ সংকেতে রূপান্তরিত করা হয়। এ সংকেতের নাম ভিডিও সংকেত। কোন দৃশ্যকে দৃশ্য হিসেবে সরাসরি প্রেরণ করা যায় না। তাই একে তড়িৎ সংকেত বা ভিডিও সংকেতে রূপান্তরিত করে পাঠানো হয়।

৩০. কোনটিতে আলোর প্রতিসরণ ব্যবহার করা হয়?
ক এমআরআই খ ইসিজি
গ আল্ট্রাসনোগ্রাফি ঘ সিটিস্ক্যান উ. ঘ
ব্যাখ্যা: Computed Tomography (CT) স্ক্যান এক প্রকার এক্স-রে, যা আলোর প্রতিসরণ ব্যবহার করে বিভিন্ন রোগ নির্নয় করা হয়।

৩১. ০.৫ × ০.০০০৫ = কত?
ক ০.০২৫ খ ০.০০০২৫
গ ০.০০০০২৫ ঘ ০.২৫ উ. খ
সমাধান: $0.৫ \times 0.০০০৫ = 0.০০০২৫$

৩২.একটি বাঁশের $\frac{১}{২}$ অংশ কাঁদায়, $\frac{১}{৩}$ অংশ পানিতে এবং অবশিষ্ট ২ মিটার পানির উপরে আছে। বাঁশটির দৈর্ঘ্য কত?
ক ১০ মিটার খ ১৫ মিটার
গ ১৬ মিটার ঘ ১২ মিটার উ. ঘ
সমাধান: মনেকরি, বাঁশটির দৈর্ঘ্য $= x$

প্রশ্নমতে, $\frac{x}{২} + \frac{x}{৩} + ২ = x$

$\Rightarrow \frac{৩x + ২x}{৬} + ২ = x$

$\Rightarrow \frac{৫x}{৬} + ২ = x$

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

$\Rightarrow x - \frac{৫x}{৬} = ২$

$\Rightarrow \frac{৬x - ৫x}{৬} = ২$

$\Rightarrow \frac{x}{৬} = ২ \Rightarrow x = ১২$

৩৩.একটি কলমের দাম ১০ টাকা এবং ১০টি খামের দাম ৩ টাকা। ৩টি কলম ও ১০টি খামের দাম কত?

ক ৩৩ টাকা খ ৩৬ টাকা
গ ৩১ টাকা ঘ ১৩ টাকা উ. ক

সমাধান: দেওয়া আছে,
১টি কলমের দাম ১০ টাকা
∴ ৩ " " " ৩ × ১০ = ৩০ টাকা
এবং ১০ টি খামের দাম ৩ টাকা
তাহলে, ৩টি কলম ও ১০টি খামের মোট দাম = ৩০ + ৩
= ৩৩ টাকা

৩৪.১৫ জন লোক একটি কাজ শেষ করে ৩ ঘণ্টায়। ৫ জন লোক ঐ কাজ করতে কত সময় লাগবে?

ক ৫ ঘণ্টায় খ ৭ ঘণ্টায়
গ ৯ ঘণ্টায় ঘ ৪ ঘণ্টায় উ. গ

সমাধান: ১৫ জন লোক কাজটি করে ৩ ঘণ্টায়
১ " " " " ৩ × ১৫ "
∴ ৫ " " " " $\frac{৩ \times ১৫}{৫}$ = ৯ ঘণ্টায়

৩৫.১টি ট্রেন ঘণ্টায় ৬০ কিমি বেগে চলে। ১০০ মিটার যেতে ট্রেনটির সময় লাগবে?

ক ৬০ সেকেন্ড খ ১ সেকেন্ড
গ ৬ সেকেন্ড ঘ ৩.৫ সেকেন্ড উ. গ

সমাধান: ট্রেনটির বেগ = ৬০ কি.মি./ঘণ্টা
$= ৬০ \times \frac{৫}{১৮} = \frac{৫০}{৩}$ মি./ সে.

ট্রেনটি $\frac{৫০}{৩}$ মিটার যায় ১ সেকেন্ডে
" ১ " " $\frac{১ \times ৩}{৫০}$ "
∴ " ১০০ " " $\frac{১ \times ৩ \times ১০০}{৫০}$ = ৬ সেকেন্ড

৩৬. ৫০ এর শতকরা কত অংশ ৩০ হয়?

ক ৩০% খ ৫০%
গ ৫৫% ঘ ৬০% উ. ঘ

সমাধান: মনেকরি, নির্ণেয় অংশ = x
প্রশ্নমতে, ৫০ এর x% = ৩০
$\Rightarrow ৫০ \times \frac{x}{১০০} = ৩০$
$\Rightarrow \frac{x}{২} = ৩০ \Rightarrow x = ৬০$

৩৭. ৩৫% কে দশমিকে প্রকাশ করুন।

ক ০.০৩৫ খ ০.৩৫
গ ৩.০৫ ঘ ৩৫ উ. খ

সমাধান: $৩৫\% = \frac{৩৫}{১০০} = ০.৩৫$

৩৮. কোন সংখ্যার ১২% নিলে ৯৬ হয়?

ক ১২০ খ ১০০০
গ ৭১০ ঘ ৮০০ উ. ঘ

সমাধান: মনেকরি, সংখ্যাটি = x
প্রশ্নমতে, x এর ১২% = ৯৬
$\Rightarrow x \times \frac{১২}{১০০} = ৯৬$
$\Rightarrow x = \frac{৯৬ \times ১০০}{১২}$
$\Rightarrow x = ৮০০$

৩৯. দুইটি বিন্দু দিয়ে কয়টি সরলরেখা আঁকা যাবে?

ক ২টি খ ১টি
গ ৩টি ঘ ৪টি উ. খ

সমাধান: যেহেতু একটি সরলরেখায় শুধু দুটি বিন্দু প্রান্তে থাকে তাই দুটি বিন্দু দিয়ে কেবল একটি সরলরেখাই অংকন সম্ভব।

৪০.দুইটি সরলরেখা পরস্পর ছেদ করলে কয়টি কোণ তৈরি হয়?

ক ১টি খ ২টি
গ ৪টি ঘ ৩টি উ. গ

সমাধান: দুইটি সরলরেখা পরস্পর ছেদ করলে ৪টি কোণ উৎপন্ন হবে।



৪১.a + b = 7, ab = 12 হলে a - b = কত?

ক +1 খ -1
গ ক ও খ উভয় ঘ কোনোটিই নয় উ. ক

সমাধান: দেওয়া আছে, $a + b = 7$
$ab = 12$
$a = 4, b = 3$ হলে $a + b = 7$
এবং $ab = 12$
∴ $a - b = 4 - 3 = 1$

৪২. $a^2 + b^2 = ab$ হলে $a^3 + b^3 = ?$

ক 0 খ 2ab
গ a^2 ঘ b^2 উ. ক

সমাধান: দেওয়া আছে, $a^2 + b^2 = ab$
∴ $a^3 + b^3 = (a + b)(a^2 - ab + b^2)$
$= (a + b)(a^2 + b^2 - ab)$
$= (a + b)(ab - ab)$
$= (a + b) \times 0 = 0$

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৪৩. $3x^2 - 7x - 6$ এর উৎপাদকে বিশ্লেষণ কোনটি?
ক (x+3) (x-2) খ (x-3) (3x+2)
গ (3-x) (3x-2) ঘ (x-3) (3x-2) উ. খ
সমাধান: $3x^2 - 7x - 6$
$= 3x^2 - 9x + 2x - 6$
$= 3x(x - 3) + 2(x - 3)$
$= (x - 3)(3x + 2)$

৪৪.শতকরা বার্ষিক ৭ টাকা হার মুনাফায় ৬৫০ টাকার কত বছরের মুনাফা ২৭৩ টাকা।
ক ১ খ ২
গ ৩ ঘ ৬ উ. ঘ
সমাধান: আমরা জানি,
$$I = \frac{Pnr}{১০০}$$
$$\Rightarrow n = \frac{I \times ১০০}{P \times r} = \frac{২৭৩ \times ১০০}{৬৫০ \times ৭} = ৬ \text{ বছর}$$

৪৫. $4x = 4$ সমীকরণের মূল নিচের কোনটি?
ক 4 খ 2
গ 1 ঘ 16 উ. গ
সমাধান: $4x = 4$
$\Rightarrow x = 1$

৪৬.যার দৈর্ঘ্য আছে কিন্তু প্রস্থ ও বেধ নেই, তাকে কি বলে?
ক রেখা খ বিন্দু
গ ঘনবস্তু ঘ তল উ. ক
সমাধান: রেখার দৈর্ঘ্য আছে কিন্তু প্রস্থ ও বেধ নাই।

৪৭. ঘনবস্তুর উপরিভাগ কি নির্দেশ করে?
ক বিন্দু খ রেখা
গ কোন ঘ তল উ. ঘ
সমাধান: ঘনবস্তুর উপরিভাগকে তল বলে। যেমন ইট একটি ঘনবস্তু যার ৬টি তল আছে।


৪৮. $Cosec\theta = \sqrt{2}$ হলে $\theta = ?$
ক 90^0 খ 60^0
গ 50^0 ঘ 45^0 উ. ঘ
সমাধান: $Cosec\theta = \sqrt{2}$
$\Rightarrow Cosec\theta = cosec\ 45°$
$\Rightarrow \theta = 45°$

৪৯. $15 + 5x = 20 + 4x$ হলে x এর মান কত?
ক 2 খ 3
গ 4 ঘ 5 উ. ঘ
সমাধান: $15 + 5x = 20 + 4x$
$\Rightarrow 5x - 4x = 20 - 15$
$\Rightarrow x = 5$

৫০.0.15 এর ভগ্নাংশে প্রকাশিত রূপ কোনটি?
ক 33/3 খ 3/33
গ 3/20 ঘ 3/99 উ. গ
সমাধান: $0.15 = \frac{15}{100} = \frac{3}{20}$

৫১.বাংলাদেশে সবচেয়ে বেশি পাট উৎপন্ন হয় কোন জেলায়?
ক ফরিদপুর খ রংপুর
গ জামালপুর ঘ শেরপুর উ. ক
ব্যাখ্যা: পাট বাংলাদেশের প্রধান অর্থকরী ফসল। দো-আঁশ মাটি পাট চাষের জন্য বেশি উপযোগী। বাংলাদেশের ফরিদপুর জেলায় বেশি পাট উৎপন্ন হয়।

৫২.বাংলাদেশে প্রথম জাতীয় সংসদ নির্বাচন হয়-
ক ৭ ফেব্রুয়ারি, ১৯৭৩ খ ৭ জানুয়ারি, ১৯৭৩
গ ৭ মার্চ, ১৯৭৩ ঘ ৭ এপ্রিল, ১৯৭৩ উ. গ
ব্যাখ্যা: ১৯৭২ সালে সংবিধান প্রণীত হলে, এ সংবিধানের আলোকে সরকার গঠনের জন্য নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয়তা দেখা দেয়। ১৯৭৩ সালের ৭ মার্চ জনগণের প্রত্যক্ষ ভোটে বাংলাদেশ জাতীয় সংসদের প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়। এতে ৩০০টি আসনের মধ্যে আওয়ামী লীগ ২৯৩টি আসন লাভ করে। বাকি ৭টি আসনের মধ্যে ৫টি স্বতন্ত্র, জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ) ১টি ও বাংলাদেশ জাতীয় লীগ ১টি আসন লাভ করে।

৫৩. ইউরোপীয় ইউনিয়নের মুদ্রার নাম কী?
ক ডলার খ ইউরো
গ পেসো ঘ বাথ উ. খ
ব্যাখ্যা: ১ জানুয়ারি, ১৯৯৯ সালে ইউরোপীয় ইউনিয়ন এর একক মুদ্রা ইউরো চালু হয়। এ মুদ্রার জনক রবার্ট মুন্ডেল। বর্তমানে ইউরোপীয় ইউনিয়নভুক্ত ২০ টি দেশসহ ২৬টি দেশে 'ইউরো' মুদ্রা চালু আছে।

৫৪.OIC এর কততম শীর্ষ সম্মেলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অংশগ্রহণ করেন?
ক ২য় শীর্ষ সম্মেলন খ ৪র্থ শীর্ষ সম্মেলন
গ ৫ম শীর্ষ সম্মেলন ঘ ৭ম শীর্ষ সম্মেলন উ. ক
ব্যাখ্যা: ১৯৬৭ সালে ইসরাইল কর্তৃক আল আকসা মসজিদে অগ্নিসংযোগের কারণে ২৫ সেপ্টেম্বর, ১৯৬৯ সালে ইসলামী সহযোগিতা সংস্থা (OIC) প্রতিষ্ঠিত হয়। এর মোট সদস্য ৫৭ এবং সদর দপ্তর জেদ্দা, সৌদি আরব। ২২-২৪ ফেব্রুয়ারি ১৯৭৪ সালে পাকিস্তানের লাহোরে OIC এর দ্বিতীয় সম্মেলন অনুষ্ঠিত হয়। ২৩-২৪ ফেব্রুয়ারি, ১৯৭৪ সালে বাংলাদেশের পক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সম্মেলনে অংশগ্রহণ করার মধ্য দিয়ে বাংলাদেশ OIC এর ৩২তম সদস্য দেশ হিসেবে আত্মপ্রকাশ করে।

৫৫. সার্কের সদর দপ্তর কোথায়?
ক ঢাকা খ দিল্লি
গ কলম্বো ঘ কাঠমান্ডু উ. ঘ
ব্যাখ্যা: দক্ষিণ এশিয়ার আঞ্চলিক, অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক উন্নয়ন এবং অন্যান্য উন্নয়নশীল দেশ সমূহের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ও সহযোগিতা করার লক্ষ্যে ১৯৮৫ সালের ৮ ডিসেম্বর দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা (সার্ক) প্রতিষ্ঠিত হয়। ৮ সদস্য বিশিষ্ট সার্কের

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

(ভারত, বাংলাদেশ, পাকিস্তান, আফগানিস্তান, ভুটান, নেপাল, মালদ্বীপ ও শ্রীলংকা) সদর দপ্তর কাঠমান্ডুতে অবস্থিত।

৫৬.২০২৩ সালে আইসিসি বিশ্বকাপ কোন দেশে হবে?

ক ভারত খ শ্রীলংকা
গ বাংলাদেশ ঘ অস্ট্রেলিয়া উ. ক

ব্যাখ্যা: ২০২৩ সালে ১৩তম আইসিসি ওডিআই বিশ্বকাপ ক্রিকেট ভারতে অনুষ্ঠিত হবে। এ বিশ্বকাপে ১০টি দেশ অংশগ্রহণ করবে।

৫৭.বাংলাদেশে প্রচলিত নোটগুলির মধ্যে কোন নোটটি ব্যাংক নোট নয়?

ক ২ টাকার নোট খ ২০ টাকার নোট
গ ৫০ টাকার নোট ঘ ১০০ টাকার নোট উ. ক

সরকারি নোট	
নোট	স্বাক্ষর
১ টাকা, ২ টাকা ও ৫ টাকা	অর্থ সচিব
ব্যাংক নোট	
নোট	স্বাক্ষর
১০ টাকা, ২০ টাকা, ৫০ টাকা, ১০০ টাকা, ২০০ টাকা, ৫০০ টাকা, ১০০০ টাকা	বাংলাদেশ ব্যাংকের গভর্নর

৫৮.বাংলাদেশে সরকারি EPZ কয়টি?

ক ৬ খ ৭
গ ৮ ঘ ১০ উ. গ

ব্যাখ্যা: Export Processing Zone (EPZ) বা রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল হচ্ছে একটি বিশেষ অর্থনৈতিক অঞ্চল যেখানে শুল্ক কর্তৃপক্ষের কোনরূপ হস্তক্ষেপ ছাড়াই পণ্য অবতরণ, বহন, উৎপাদন বা পুনঃসংযোজন ও পুনঃরপ্তানি করা যায়। ১৯৮৩ সালে বাংলাদেশের চট্টগ্রামে প্রথম EPZ স্থাপন করা হয়। বর্তমানে দেশে ৮ টি সরকারি ও ২টি বেসরকারি EPZ আছে।

৫৯.কোন দেশের জাদুঘরে মোনালিসা চিত্রকর্মটি রক্ষিত আছে?

ক চীন খ ইটালি
গ ফ্রান্স ঘ জার্মানি উ. গ

ব্যাখ্যা: লিওনার্দো দ্য ভিঞ্চি ছিলেন ইতালির কালজয়ী চিত্রকর, ভাস্কর, স্থপতি, সংগীতজ্ঞ ও বিজ্ঞানী। তিনি ১৫০৩ থেকে ১৫০৬ সালের মধ্যে তাঁর অমর সৃষ্টি 'মোনালিসা' ছবিটি আঁকেন। ১৮২১ সাল থেকে এটি ফ্রান্সের বিখ্যাত ল্যুভর মিউজিয়ামে সংরক্ষিত আছে।

৬০.তেল রপ্তানিতে শীর্ষ দেশ কোনটি?

ক সৌদি আরব খ চীন
গ রাশিয়া ঘ ইরাক উ. ক

ব্যাখ্যা: Index Mundi এর তথ্যমতে, তেল রপ্তানির শীর্ষ দেশ যথাক্রমে সৌদি আরব, রাশিয়া, ইরাক ও কানাডা।

৬১. I have ... interest in the matter.

ক not খ any
গ none ঘ no উ. ঘ

ব্যাখ্যা: 'নেই' অর্থে না বোধক বাক্যে diterminer হিসেবে no বসে। I have no interest in the matter- আমার এ বিষয়ে কোনো আগ্রহ নাই। তবে না বোধক বাক্যের ক্ষেত্রে any এর ব্যবহার ও হয়। সেক্ষেত্রে সাহায্যকারী ক্রিয়ার সাথে not যুক্ত থাকে। যেমন: I have not any interest in the matter.

৬২. Find out the feminine gender.

ক Tutor খ Duck
গ Bachelor ঘ Prince উ. খ

Masculine	Feminine
Tutor	Tutoress
Drake	Duck
Bachelor	Spinster
Prince	Princess

৬৩. What is the plural of 'Sheep'?

ক Sheepes খ Sheep
গ Deers ঘ None উ. খ

ব্যাখ্যা: Sheep, deer, swine, pice, cannon, crops, offspring, series, species, aircraft, dice, public, salmon ইত্যাদি শব্দগুলোর singular এবং plural form একই। অর্থাৎ sheep এর plural form হচ্ছে sheep.

৬৪. Select the pronoun from the following.

ক Anis খ Anup
গ Kamal ঘ I উ. ঘ

ব্যাখ্যা: সাধারণত noun এর পরিবর্তে pronoun বসে। অর্থাৎ কোনো নামের পরিবর্তে যা বসে তাই pronoun. যেমন: I, we, you, they etc.

৬৫.Select the correct word. I have read the book ... you lent me.

ক whom খ whose
গ what ঘ that উ. ঘ

ব্যাখ্যা: দুই clause বিশিষ্ট বাক্যে pronoun ব্যবহারের ক্ষেত্রে antecedent অনুযায়ী pronoun বসে। Antecedent-টি বস্তুবাচক হলে that/which এবং ব্যক্তিবাচক হলে whom/whose বসে। প্রদত্ত বাক্যে the book যেহেতু বস্তুবাচক সেহেতু শূন্যস্থানে that বসবে।

৬৬. This is the house ... I want to buy.

ক this খ whom
গ which ঘ those উ. গ

ব্যাখ্যা: Relative pronoun এর নিয়মানুযায়ী antecedent অনুযায়ী relative pronoun বসে। Relative pronoun-টি যদি বস্তুবাচক হয় তাহলে which/that এবং ব্যক্তি বাচক হলে who/whom বসে। অর্থাৎ This is the house which I want to buy- এটাই সেই বাড়ি যেটা আমি কিনতে চাই।

৬৭. Which one is the verb?

ক Openly খ Reopen
গ Openness ঘ Closely উ. খ

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ব্যাখ্যা: অপশন গুলোর মধ্যে শুধু *reopen (পুনরায় খোলা)* শব্দটি *verb* হিসেবে ব্যবহৃত হয়।

৬৮. The word 'empower' is-

ক an adjective খ a verb
গ an adverb ঘ a noun উ. খ

Noun	*Power (ক্ষমতা)*
Verb	*Empower (ক্ষমতা প্রদান করা)*
Adjective	*Powerful (ক্ষমতাশালী)*
Adverb	*Powerfully*

৬৯. The team is ... eleven players.

ক made of খ made up of
গ made up ঘ made উ. খ

ব্যাখ্যা: *'Make up of' group verb/ phrasal verb* এর অর্থ কোনকিছুর সমন্বয়ে গঠিত। *The team is made up of eleven players-* এগারো জন খেলোয়াড় নিয়ে দলটি গঠিত।

৭০. Everybody should ... their old parents.

ক look after খ look up
গ look of ঘ look into উ. ক

ব্যাখ্যা: শূন্যস্থানে *'look after'* (দেখাশুনা করা) *phrasal verb*-টি বসালে বাক্যটির অর্থ যথাযথ হবে। *Everybody should look after their old parents-* সবার উচিত তার পিতামাতাকে দেখাশুনা করা। *Look up-* মূল্য বৃদ্ধি করা; *Look into-* তদন্ত করা।

৭১. Which one is an adjective?

ক Clever খ Briefly
গ Simplicity ঘ Importance উ. ক

ব্যাখ্যা: যে *part of speech* দ্বারা *noun* বা *pronoun* এর দোষ, গুণ, অবস্থা নির্দেশ করে তাকে *adjective* বলে। অপশনগুলোর মধ্যে *clever* শব্দটি *adjective* হিসেবে ব্যবহৃত হয়। যেমন: *Sakib is a clever boy. Briefly* শব্দটি *adverb* হিসেবে এবং *simplicity* এবং *importance* শব্দদুটি *noun* হিসেবে ব্যবহৃত হয়।

৭২. Prices have increased by ... 300 percent.

ক as much as খ as many as
গ as few as ঘ so many as উ. ক

ব্যাখ্যা: 'খুব বেশি পরিমাণ' অর্থ বোঝাতে *as much as* এবং *as many as* দুটোই ব্যবহৃত হয়। তবে, কম বা বেশি পরিমাণ অর্থ, ওজন এবং দূরত্ব নির্দেশ করলে *as much as* এবং নির্দিষ্ট সংখ্যা নির্দেশ করলে *as many as* বসে।

৭৩. My father works hard. The word 'Hard' is a/an-

ক adjective খ verb
গ adverb ঘ noun উ. গ

ব্যাখ্যা: প্রদত্ত বাক্যে *hard* শব্দটি *adverb* হিসেবে ব্যবহৃত হয়েছে। কারণ, *hard* শব্দটি বাক্যের *verb 'works'* কে *modify* করেছে।

৭৪. Which one is Conjunction?

ক or খ very
গ out ঘ for উ. ক

ব্যাখ্যা: যে *word* দুটি *sentence/clause* কে যুক্ত করতে ব্যবহৃত হয় তাকে *conjunction* বলে। যেমন: *or, and, but, yet, though, because* ইত্যাদি।

৭৫. Rajib is ... than his uncle.

ক tall খ taller
গ as tall as ঘ tallest উ. খ

ব্যাখ্যা: *Comparative degree* এর *structure* অনুযায়ী শূন্যস্থানে *taller* বসবে। *Comparative degree* এর *structure: sub + verb + adjective* এর *comparative form + than +* বাকি অংশ।

৭৬. The first half of the game belong to us, the second half to-

ক them খ they
গ their ঘ those উ. ক

ব্যাখ্যা: সাধারণত *preposition* এর পরে *pronoun* এর *objective form* বসে।

subjective	*They*
objective	*them*
possive adjective	*their*

৭৭. 'In no time' means-

ক ahead of time খ very quickly
গ at the best to times ঘ in good time উ. খ

ব্যাখ্যা: *'In no time'* (তৎক্ষণাৎ) *idiom*-টির অর্থ- *very quickly.*

৭৮. 'Feel at home' means-

ক proficient খ calm and quite
গ familiar ঘ free and easy উ. ঘ

ব্যাখ্যা: *'Feel at home'* (স্বাচ্ছন্দবোধ করা) *phrase*-টির অর্থ- *Free and easy.*

৭৯. Milk is preferable ... tea.

ক than খ to
গ from ঘ against উ. খ

ব্যাখ্যা: 'কোনো কিছু অধিক পচন্দনীয়' অর্থে *preferable* এর পরে *preposition* হিসেবে *to* বসে। *Milk is preferable to tea-* চা থেকে দুধ বেশী পছন্দনীয়।

৮০. He is ... M.A in English.

ক a খ an
গ the ঘ of উ. খ

ব্যাখ্যা: *Abbreviation* এর ক্ষেত্রে প্রথমে *consonant* থাকা সত্ত্বেও উচ্চারণ *vowel* এর মতো হলে *an* বসে। যেমন: *An M.A, an FRCS, an LLB etc.*

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

সমাজসেবা অধিদপ্তর

পদের নাম: ইউনিয়ন সমাজকর্মী

সময়: ৯০ মিনিট তারিখ: ২১.১০.২০২২ পূর্ণমান: ৭০

১. $x - y = 2$ এবং $xy = 24$ হলে $(x + y)^2$ এর মান কত?
ক ৯০ খ ২২
গ ১০০ ঘ ২০ উ. গ

সমাধান: দেওয়া আছে, $x - y = 2$
$xy = 24$
$\therefore (x + y)^2 = (x-y)^2 + 4xy$
$= (2)^2 + 4.24$
$= 4 + 96$
$= 100$

২. কোনটি অপ্রকৃত ভগ্নাংশ?
ক $\frac{৬}{৫}$ খ $\frac{১}{২}$
গ $\frac{২}{৩}$ ঘ $\frac{১১}{১২}$ উ. ক

সমাধান: ভগ্নাংশ $= \frac{\text{লব}}{\text{হর}}$
ভগ্নাংশের লব > হর হলে ভগ্নাংশটি অপ্রকৃত ভগ্নাংশ।
$\therefore \frac{৬}{৫}$ ভগ্নাংশটি অপ্রকৃত ভগ্নাংশ।

৩. কোনটি বড়?
ক ০.০৫ খ ০.৫
গ ০.২৫ ঘ ০.৫৫ উ. ঘ

সমাধান: অপশন গুলোর মধ্যে ০.৫৫ বড়।

৪. ল.সা.গু এর পূর্ণরূপ কী?
ক লঘিষ্ঠ সাধারণ গুণনীয়ক
খ লঘিষ্ঠ সাধারণ গুণফল
গ লঘিষ্ঠ সাধারণ গুণিতক
ঘ লঘিষ্ঠ সাধারণ গুণক উ. গ

সমাধান: ল.সা.গু = লঘিষ্ঠ সাধারণ গুণিতক।

৫. বৃত্তের দৈর্ঘ্যকে কী বলে?
ক জ্যা খ ব্যাস
গ পরিধি ঘ বৃত্তচাপ উ. গ

সমাধান: বৃত্তের দৈর্ঘ্যকে পরিধি বলে।

৬. কোনটি বর্গসংখ্যা নয়?
ক ১ খ ৪
গ ৫ ঘ ৯ উ. গ

সমাধান: এখানে, $১^২ = ১$
$২^২ = ৪$
$৩^২ = ৯$
$\therefore$ অপশন অনুযায়ী ৫ বর্গ সংখ্যা নয়।

৭. দুইটি সংখ্যার বর্গের অন্তর ৩ হলে সংখ্যা দুইটি কত?
ক ৪ ও ৯ খ ১ ও ২
গ ১৬ ও ২৫ ঘ ৩৬ ও ৪৯ উ. খ

সমাধান: মনেকরি,
একটি সংখ্যা $= x$
এবং অপর " $= x + ১$
প্রশ্নমতে, $(x + ১)^2 - x^2 = ৩$
$\Rightarrow x^2 + ২x + ১ - x^2 = ৩$
$\Rightarrow ২x + ১ = ৩$
$\Rightarrow ২x = ২$
$\Rightarrow x = ১$
$\therefore$ একটি সংখ্যা $= ১$
এবং অপর " $= ১ + ১ = ২$

৮. কবির সাহেবের তিন পুত্রের বয়স যথাক্রমে ৫ বছর, ৭ বছর ও ৯ বছর। তিনি ৪২০০ টাকা বয়স অনুপাতে পুত্রদের মাঝে ভাগ করে দিলেন। ৫ বছর বয়সী ছেলে কত টাকা পেল?
ক ১০০০ খ ১৪০০
গ ১৮০০ ঘ ২২০০ উ. ক

সমাধান:
১ম পুত্রের বয়স : ২য় : ৩য় = ৫ : ৭ : ৯
অনুপাত গুলোর যোগফল = ৫ + ৭ + ৯ = ২১
$\therefore$ ৫ বছর বয়সী ছেলে পায় $= \frac{৫}{২১} \times ৪২০০$
$= ১০০০$ টাকা

৯. ৩টি ৫ টাকায় কিনে ৫টি ৯ টাকায় বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?
ক ৭% খ ৯%
গ ৮% ঘ ৬% উ. গ

সমাধান: ১টির ক্রয়মূল্য $= \frac{৫}{৩}$ টাকা
১ " বিক্রয়মূল্য $= \frac{৯}{৫}$ "

ফর্ম্যা ৫৭ / এ (জব ডাইজেস্ট)

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

$\therefore$ লাভ $= \frac{৯}{৫} - \frac{৫}{৩}$

$= \frac{২৭ - ২৫}{১৫} = \frac{২}{১৫}$

শতকরা লাভ $= \frac{\frac{২}{১৫}}{\frac{৫}{৩}} \times ১০০\%$

$= \frac{২}{১৫} \times \frac{৩}{৫} \times ১০০\%$

$= ৮\%$

১০.কোনো বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ৪ বর্গমিটার হলে এর পরিসীমা কত?

ক ৮ মিটার খ ১০ মিটার
গ ১২ মিটার ঘ ২ মিটার উ. ক

সমাধান: মনেকরি,

বর্গক্ষেত্রটির একবাহু $= x$

$\therefore$ " ক্ষেত্রফল $= x^2$

প্রশ্নমতে, $x^2 = ৪$

$\Rightarrow x = ২$

$\therefore$ পরিসীমা $= ৪ \times$ একবাহু

$= ৪ \times ২ = ৮$ মি.

১১.$x = 2, y = 4$ হলে $7x - 3y = ?$

ক 2 খ 4
গ 7 ঘ 1 উ. ক

সমাধান: দেওয়া আছে, $x = 2$

$y = 4$

$\therefore 7x - 3y = 7.2 - 3.4$

$= 14 - 12 = 2$

১২. কোনো আসল সরল সুদে পাঁচ বছরে দ্বিগুণ হলে বার্ষিক সুদের হার কত?

ক ২০% খ ১০%
গ ৫% ঘ ৩০% উ. ক

সমাধান: মনেকরি, আসল $= ১০০$ টাকা

$\therefore$ সুদাসল $= ২ \times ১০০ = ২০০$ টাকা

সুদ $= (২০০-১০০) = ১০০$ টাকা

সময় $= ৫$ বছর

হার $= ?$

আমরা জানি,

$\text{হার} = \frac{১০০ \times \text{সুদ}}{\text{আসল} \times \text{সময়}}$

$= \frac{১০০ \times ১০০}{১০০ \times ৫}$

$= ২০$ টাকা বা ২০%

A/S: $\frac{(\text{গুণ} - ১) \times ১০০}{\text{সময় / হার}} = \frac{(২-১) \times ১০০}{৫} = ২০$ বছর

১৩.কোনো ত্রিভুজের একটি কোণ অপর দুইটি কোণের সমষ্টির সমান হলে এটি কোন ধরনের ত্রিভুজ?

ক সমবাহু খ সূক্ষ্মকোণী
গ সমকোণী ঘ স্থূলকোণী উ. গ

সমাধান: আমরা জানি, ত্রিভুজের দুই কোণের সমষ্টি ২ সমকোণ।



$\therefore$ কোনো ত্রিভুজের একটি কোণ অপর দুইটি কোণের সমষ্টির সমান হলে ত্রিভুজটি সমকোণী ত্রিভুজ।

১৪.সমবাহু ত্রিভুজের প্রতিটি কোণের পরিমাণ-

ক ৬০° খ ৩০°
গ ৭০° ঘ ৮০° উ. ক

সমাধান: সমবাহু ত্রিভুজের প্রতিটি কোণ ৬০°

১৫.দুইটি কোণের সমষ্টি ৯০ ডিগ্রি হলে এর প্রত্যেকটি কোণের নাম কী?

ক সম্পূরক কোণ খ পূরক কোণ
গ সরলকোণ ঘ স্থূলকোণ উ. খ

সমাধান: দুইটি কোণের সমষ্টি ৯০° হলে কোণদ্বয়ের একে অপরের পূরক কোণ বলে।

১৬.চীন দেশের কোন ভ্রমণকারী গুপ্তযুগে বাংলাদেশে আগমন করেন?

ক আই সিং খ ফা হিয়েন
গ হিউয়েন সাং ঘ ইবনে বতুতা উ. খ

ব্যাখ্যা: চীনা পরিব্রাজক ফা-হিয়েন দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজত্বকালে ৩৯৯ সালে ভারতবর্ষে আসেন। অন্যদিকে, চীনা বৌদ্ধ পণ্ডিত হিউয়েন সাং ৬৩০ সালে সম্রাট হর্ষবর্ধনের আমলে উপমহাদেশে আসেন। আর মরক্কোর বিখ্যাত পরিব্রাজক ইবনে বতুতা ১৩৩৩ সালে মুহাম্মদ বিন তুঘলকের রাজত্বকালে ভারতবর্ষে ও ফখরুদ্দিন মোবারক শাহের আমলে ১৩৪৬ সালে বাংলায় (সোনারগাঁও) আসেন।

১৭.ইখতিয়ার উদ্দিন মোহাম্মদ বিন বখতিয়ার খলজি বাংলা জয় করেন-

ক ১২০০ সালে খ ১২০৪ সালে
গ ১২১২ সালে ঘ ১২১১ সালে উ. খ

ব্যাখ্যা: তুর্কি বীর ইখতিয়ার উদ্দিন মুহম্মদ-বিন-বখতিয়ার খলজি ১২০৪ সালে রাজা লক্ষণ সেনকে পরাজিত করে বাংলার উত্তর ও উত্তর-পশ্চিমাংশে মুসলিম শাসনের সূচনা করেন।

১৮.কোন মুঘল সম্রাট বাংলার নাম দেন জান্নাতাবাদ?

ক হুমায়ুন খ বাবর
গ আকবর ঘ জাহাঙ্গীর উ. ক

ব্যাখ্যা: ১৫৩৭ সালে শের খান বাংলার রাজধানী গৌড় আক্রমণ করে দখল করে নেন। শের খানের হাত থেকে

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

গৌড়কে পুনরুদ্ধার করার জন্য মুঘল সম্রাট হুমায়ুন যুদ্ধ ঘোষণা করে। এই যুদ্ধে শের খান পরাজিত হয় এবং গৌড় মুঘল শাসনের অধীনে পুনরায় ফিরে আসে। এখানে হুমায়ুন ৬ মাস অবস্থান করেন এবং গৌড়ের চমৎকার ও প্রাকৃতিক সৌন্দর্যে মুগ্ধ হয়ে এর নামকরণ করেন 'জান্নাতাবাদ'।

১৯.ঢাকায় বাংলার রাজধানী স্থাপনের সময় মুঘল সুবেদার কে ছিলেন?

ক ইব্রাহিম খান খ ইসলাম খান
গ শায়েস্তা খান ঘ মীর জুমলা উ. খ

ব্যাখ্যা: মুঘল সম্রাট জাহাঙ্গীর ঢাকাকে সুবা বাংলার রাজধানী ঘোষণা করে ১৬০৮ সালে ইসলাম খানকে বাংলার সুবেদার নিযুক্ত করে বাংলা অধিকারে প্রেরণ করে। তিনি মুসা খানকে পরাজিত করে বাংলা অধিকার করেন এবং ১৬১০ সালে রাজমহল থেকে ঢাকায় রাজধানী স্থানান্তর করেন এবং নামকরণ করেন 'জাহাঙ্গীরনগর'। ঢাকা মোট পাঁচবার (১৬১০, ১৬৬০, ১৯০৫, ১৯৪৭, ১৯৭১) রাজধানী হয়।

২০. ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হয়-

ক ১ জুলাই, ২০১৯ খ ১ জুলাই, ১৯২১
গ ১ জুলাই, ১৯১৯ ঘ ১ জুলাই, ১৯২৩ উ. খ

ব্যাখ্যা: ১৯১২ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য 'নাথান কমিশন' গঠন করা হয়। এ কমিশনের সদস্য ছিল ১৩ জন। ১৯১৩ সালে নাথান কমিশনের সুপারিশ জমা দেন কিন্তু দ্বিতীয় বিশ্বযুদ্ধের কারণে কমিশনের কার্যক্রম বন্ধ হয়ে যায়। পরবর্তীতে ১৯১৭ সালে ড. মাইকেল-ই-স্যাডলার এর নেতৃত্বে একটি কমিশন গঠন করা হয়। আর এ কমিশনের সুপারিশে ১৯২০ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় আইন পাশ হওয়ার মধ্য দিয়ে ১ জুলাই, ১৯২১ সালে প্রতিষ্ঠিত হয়।

২১.বঙ্গভঙ্গ রদ হয় কোন সনে?

ক ১৯১৬ খ ১৯০৫
গ ১৯২০ ঘ ১৯১১ উ. ঘ

ব্যাখ্যা: ব্রিটিশ ভাইসরয় লর্ড কার্জন ১৯০৫ সালে বঙ্গভঙ্গ ঘোষণা প্রদান করলে পূর্ব বাংলার মুসলিম সম্প্রদায় একে স্বাগত জানালেও হিন্দু সম্প্রদায়ের মধ্যে তীব্র প্রতিক্রিয়া দেখা দেয়। বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন এক সময় সশস্ত্র আন্দোলনে রূপ নেয়। ব্রিটিশ সরকার আন্দোলনকারীদের দমন করতে না পেরে লর্ড হার্ডিঞ্জ বঙ্গভঙ্গ রদের সুপারিশ করে। এরপর রাজা পঞ্চম জর্জ ভারত সফরে এসে ১৯১১ সালে দিল্লির দরবারে বঙ্গভঙ্গ রদের ঘোষণা দেন। এ ঘোষণা কার্যকর হয় ২০ জানুয়ারি, ১৯১২ সালে।

২২.গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান কতবার পরিবর্তন করা হয়েছে?

ক ১৫ বার খ ১৬ বার
গ ১৭ বার ঘ ১৮ বার উ. গ

ব্যাখ্যা: সংবিধান স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্রের সর্বোচ্চ আইন, যা ১৯৭২ সালে ১৬ ডিসেম্বর থেকে কার্যকর হয়। এ পর্যন্ত বাংলাদেশের সংবিধানে মোট ১৭ বার সংশোধন করা হয়েছে। তবে এ সংশোধনীর মধ্যে ৫ম, ৭ম, ১৩তম এবং ১৬তম সংশোধনী সুপ্রিমকোর্ট কর্তৃক বাতিল করা হয়েছে। এই সংবিধান সংশোধনের জন্য সংসদ সদস্যদের মোট সংখ্যার $\frac{২}{৩}$ অংশ ভোটের প্রয়োজন হয় যা সংবিধানের ১৪২ নং অনুচ্ছেদে বর্ণিত হয়েছে।

২৩.গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের মোট অনুচ্ছেদ সংখ্যা কত?

ক ১৫২ খ ১৫১
গ ১৪৮ ঘ ১৫৩ উ. ঘ

ব্যাখ্যা: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্রের সর্বোচ্চ আইন। বাংলাদেশের সংবিধান লিখিত, যা ১১টি ভাগে বিভক্ত এবং এর অনুচ্ছেদ ১৫৩। এ সংবিধান প্রণয়নের উদ্দেশ্যে ১৯৭২ সালের ১১ এপ্রিল ড. কামাল হোসেনকে সভাপতি করে ৩৪ সদস্যের একটি কমিটি গঠন করা হয়। ১৯৭২ সালের ১২ অক্টোবর গণপরিষদের দ্বিতীয় অধিবেশনে খসড়া সংবিধান উত্থাপন করা হয়। ৪ নভেম্বর গণপরিষদ কর্তৃক এ সংবিধান গৃহীত হয় এবং ১৬ ডিসেম্বর, ১৯৭২ সাল থেকে কার্যকর হয়।

২৪.মুজিবনগর সরকার গঠিত হয় কোন তারিখে?

ক ১০ এপ্রিল, ১৯৭১ খ ১৪ এপ্রিল, ১৯৭১
গ ১৭ এপ্রিল, ১৯৭১ ঘ ১২ এপ্রিল, ১৯৭১ উ.ক

ব্যাখ্যা: ১৯৭০ সালের ৭ ডিসেম্বর অনুষ্ঠিত জাতীয় পরিষদের নির্বাচনে বিজয়ী সদস্যগণ ভারতের আগরতলায় একত্র হয়ে একটি সরকার গঠন করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্তে উপনীত হয়। এরই ধারাবাহিকতায় ১০ এপ্রিল, ১৯৭১ সালে মেহেপুরের বৈদ্যনাথতলায় (মুজিবনগর) স্বাধীন বাংলা অস্থায়ী সরকার গঠন করে। এ সরকার ১৭ এপ্রিল, ১৯৭১ শপথ গ্রহণ করে।

২৫.'গ্রিনপিস' কোন দেশের পরিবেশবাদী গ্রুপ?

ক সুইজারল্যান্ড খ নিউজিল্যান্ড
গ নেদারল্যান্ডস ঘ যুক্তরাজ্য উ. গ

ব্যাখ্যা: পারমাণবিক শক্তির ব্যবহার ও পারমাণবিক বোমার পরীক্ষা বন্ধে ১৯৬৯ সালে *Don't make a wave Committee* গঠিত হয়। পরবর্তীতে ১৯৭১ সালে এই কমিটির নামকরণ করা হয় গ্রিনপিস। এর সদর দপ্তর নেদারল্যান্ডসের আমস্টারডামে অবস্থিত। সংস্থাটি বর্তমানে জীববৈচিত্র্য ও প্রাকৃতিক পরিবেশ রক্ষায় কাজ করছে।

২৬. জাতিসংঘের বর্তমান সদস্য সংখ্যা কত?

ক ১৯৩ খ ১৯১
গ ১৯৭ ঘ ১৯২ উ. ক

ব্যাখ্যা: দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর পৃথিবীতে শান্তি প্রতিষ্ঠা, দেশে দেশে বন্ধুত্বের বাতায়ন তৈরি ও আন্তর্জাতিক সহযোগিতার মাধ্যমে উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্য নিয়ে ১৯৪৫ সালের ২৪ অক্টোবর জাতিসংঘ প্রতিষ্ঠিত হয়। জাতিসংঘের প্রতিষ্ঠাকালীন সদস্য ছিল ৫১ আর বর্তমানে পূর্ণ সদস্য দেশ ১৯৩। ২টি দেশ (ফিলিস্তিন, ভ্যাটিকান সিটি) জাতিসংঘের পর্যবেক্ষকের মর্যাদা ভোগ করে।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

২৭. A.C.U এর পূর্ণরূপ কী?
ক American Cluster Union
খ Asian Clearing Union
গ Asian Cluster Union
ঘ American Clearing Union
উ. খ
ব্যাখ্যা: ১৯৭০ সালে আফগানিস্তানের রাজধানী কাবুলে অনুষ্ঠিত জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদের (ইসক্যাপ) চতুর্থ মন্ত্রিসভার সম্মেলনের সিদ্ধান্ত অনুযায়ী ৯ ডিসেম্বর, ১৯৭৪ সালে Asian Clearing Union (ACU) প্রতিষ্ঠা লাভ করে এবং ১৯৭৫ সালে কার্যক্রম শুরু করে। এর সদর দপ্তর ইরানের তেহরানে অবস্থিত। ACU এর সদস্য দেশ ৯টি (বাংলাদেশ, ভুটান, ইরান, ভারত, নেপাল, মালদ্বীপ, মায়ানমার, শ্রীলংকা ও পাকিস্তান)। সংস্থাটি সদস্য দেশগুলোর মধ্যে আন্তর্জাতিক লেনদেন নিষ্পত্তিতে কাজ করে।

২৮.বঙ্গবন্ধুকে রাজনীতির কবি উপাধি দিয়েছিলো-
ক দ্য ইকোনমিষ্ট
খ দ্য টাইম
গ দ্য গার্ডিয়ানস
ঘ দ্য নিউজ উইক
উ. ঘ
ব্যাখ্যা: ৫ এপ্রিল, ১৯৭১ যুক্তরাষ্ট্রের সাপ্তাহিক ম্যাগাজিন নিউজ উইকস এর সাংবাদিক লোবেন জেঙ্কিন্স তাঁর এক প্রতিবেদনে বলেন- 'মুজিব মৌলিক চিন্তার অধিকারী বলে ভান করেন না। তিনি একজন রাজনীতির কবি, প্রকৌশলী নন। উক্ত পত্রিকা ৭ ই মার্চের ভাষণকে এক অনবদ্য কবিতা এবং বঙ্গবন্ধুকে রাজনীতির কবি হিসেবে ভূষিত করেন।

২৯. ইউরোপের রুটির ঝুড়ি বলা হয় কোন দেশকে?
ক ইউক্রেন
খ পোল্যান্ড
গ জার্মান
ঘ ইতালি
উ. ক
ব্যাখ্যা: ইউক্রেন ইউরোপ মহাদেশের দ্বিতীয় বৃহত্তম দেশ। এর আয়তন ৬০৩৬২৮ বর্গ কি.মি. এবং রাজধানী কিয়েভ। ২৪ আগস্ট, ১৯৯১ সালে দেশটি সোভিয়েত ইউনিয়ন (রাশিয়া) থেকে স্বাধীনতা লাভ করে। ইউক্রেন কৃষিসম্পদে ভরপুর। দেশটি প্রতিবছর বিপুল পরিমাণে গম উৎপাদন করে থাকে। ফলে দেশটিকে বিশ্বের কাছে পরিচিত করেছে 'ইউরোপের রুটির ঝুড়ি' (Bread basket of Europe) নামে।

৩০.জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন-
ক ১৭ এপ্রিল, ১৯১৮
খ ১৭ মার্চ, ১৯১৮
গ ১৭ মার্চ, ১৯২০
ঘ ১৭ মে, ১৯২০
উ. গ
ব্যাখ্যা: হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, বাঙালি জাতির অবিসংবাদিত নেতা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯২০ সালের ১৭ মার্চ গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণ করেন। তার পিতার নাম শেখ লুৎফর রহমান এবং মায়ের নাম সায়েরা খাতুন। ১৯৭৫ সালের ১৫ আগস্ট দেশি-বিদেশী ষড়যন্ত্রে সামরিক বাহিনীর কতিপয় বিপথগামী সদস্যদের হাতে সপরিবারে শহিদ হন।

৩১.'দুই বিঘা জমি' কবিতাটি কার লেখা?
ক কাজী নজরুল ইসলাম
খ মাইকেল মধুসূদন দত্ত
গ রবীন্দ্রনাথ ঠাকুর
ঘ কায়কোবাদ
উ. গ
ব্যাখ্যা: রবীন্দ্রনাথ ঠাকুরের 'চিত্রা' (১৮৯৬) কাব্যের কবিতা 'দুই বিঘা জমি'। এ কবিতার বিখ্যাত পঙ্‌ক্তি- "আমি শুনে হাসি, আঁখিজলে ভাসি, এই ছিল মোর ঘটে। / তুমি মহারাজ সাধু হলে আজ, আমি আজ চোর বটে।"

৩২.ছেলেটি দ্রুত দৌড়ায়। 'দ্রুত' কোন পদের উদাহরণ?
ক বিশেষণ
খ ক্রিয়া
গ ক্রিয়া বিশেষণ
ঘ বিশেষ্য
উ. গ
ব্যাখ্যা: যে পদ ক্রিয়া সংঘটনের ভাব, কাল বা রূপ নির্দেশ করে, তাকে ক্রিয়া বিশেষণ বলে। যেমন: ছেলেটি দ্রুত দৌড়ায়। প্রদত্ত উদাহরণে 'দৌড়া' ক্রিয়ার রূপকে বিশেষায়িত করেছে 'দ্রুত' বিশেষণ।

৩৩.মন রূপ মাঝি = মনমাঝি কোন সমাসের উদাহরণ?
ক বহুব্রীহি
খ তৎপুরুষ
গ রূপক কর্মধারয়
ঘ দ্বন্দ্ব
উ. গ
ব্যাখ্যা: উপমিত ও উপমানের অভেদ কল্পনামূলক সমাসকে বলে রূপক কর্মধারয় সমাস। এ সমাসে উপমেয় পদ পূর্বে বসে এবং উপমান পদ পরে বসে। সমস্যমান পদে 'রূপ' অথবা 'ই' যোগ করে ব্যাসবাক্য গঠন করা হয়। যেমন: মন রূপ মাঝি = মনমাঝি।

৩৪.শুদ্ধ বানান কোনটি?
ক মুমুর্ষু
খ মুমুর্ষূ
গ মুমূর্ষু
ঘ মুমূর্ষূ
উ. গ
ব্যাখ্যা: ষ-ত্ব বিধান অনুসারে অ, আ ভিন্ন অন্য স্বরধ্বনি এবং ক ও র এর পরের 'ষ' প্রত্যয়ের 'স' থাকলে তা 'ষ' হয়। যেমন: মুমূর্ষু, ভবিষ্যৎ, চিকীর্ষা, নিষ্পত্তি, চক্ষুষ্মান ইত্যাদি।

৩৫.'সূর্য' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক অর্ণব
খ অর্ক
গ প্রসূন
ঘ পল্লব
উ. খ
ব্যাখ্যা: 'সূর্য' শব্দের সমার্থক শব্দ: অর্ক, আদিত্য, তপন, দিবাকর, দিনকর, ভাস্কর, ভানু, মার্তণ্ড, রবি, সবিতা, দিনেশ, কিরণমালী, অংশুমালী, বিভাকর, বিভাবসু, মিহির, আফতাব, বিবস্বান, প্রভাকর, সুর, অরুণ। 'অর্ণব' অর্থ সমুদ্র; 'প্রসূন' অর্থ ফুল, মুকুল; 'পল্লব' অর্থ পাতা।

৩৬.বাংলা বর্ণমালায় মাত্রাহীন বর্ণ কয়টি?
ক ১০টি
খ ৭টি
গ ৮টি
ঘ ৬টি
উ. ক

বর্ণের নাম	সংখ্যা	স্বরবর্ণ	ব্যঞ্জনবর্ণ
মাত্রাহীন	১০টি	এ, ঐ, ও, ঔ	ঙ, ঞ, ৎ, ং, ঃ, ঁ
অর্ধমাত্রা	৮টি	ঋ	খ, গ, ণ, থ, ধ, প, শ
পূর্ণমাত্রা	৩২টি	অ, আ, ই, ঈ, উ, ঊ	২৬টি

৩৭.স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলে?
ক কার
খ ফলা
গ স্বরলিপি
ঘ সম্প্রসারণ
উ. ক

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ব্যাখ্যা: স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে বলা হয় কার। যেমন: 'ম' এর সাথে 'আ' এর সংক্ষিপ্ত রূপ 'া' যুক্ত হয়ে হয় 'মা'। স্বরবর্ণের মোট ১০টি সংক্ষিপ্ত রূপ রয়েছে, এগুলোর নাম কারবর্ণ। যথা: া, ি, ী, ু, ূ, ৃ, ে, ৈ, ো, ৌ।

৩৮.যা ক্রিয়া সম্পাদন করে তাকে কী বলে?
ক বিভক্তি খ উপসর্গ
গ অনুজ্ঞা ঘ কারক উ. ঘ

ব্যাখ্যা: কারক (কৃ+ণক) শব্দটির অর্থ যা ক্রিয়া সম্পাদন করে। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে নামপদের যে সম্পর্ক, তাকে কারক বলে। যেমন: জলে কুমির থাকে = অধিকরণে সপ্তমী।

৩৯.বাংলা উপসর্গ কয়টি?
ক ২০টি খ ২১টি
গ ১৯টি ঘ ১২টি উ. খ

ব্যাখ্যা: বাংলা ভাষায় খাঁটি বাংলা বা দেশি উপসর্গ একুশটি। যথা: অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, উন (উনা), কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা। বাংলা উপসর্গ সাধারণত বাংলা শব্দের পূর্বেই বসে। যেমন: নি (বাংলা উপসর্গ) + লাজ (বাংলা শব্দ) = নিলাজ।

৪০.সংখ্যা গণনার মূল একক-
ক শূন্য খ এক
গ ক্রম ঘ তারিখ উ. খ

৪১.'চোখের বালি' বাগধারাটির অর্থ কী?
ক প্রিয় বস্তু খ বিরক্তিকর বস্তু
গ আকর্ষণ ঘ চোখের রোগ উ. খ

৪২.'উভয় সংকট' বাগধারাটির অর্থ কী?
ক দুই দিকে পথ খ দুইদিকে বিপদ
গ আসন্ন সংকট ঘ ভুলপথে গমন উ. খ

৪৩.বাংলালিপির উৎস কী?
ক সংস্কৃত লিপি খ চীনা লিপি
গ আরবি লিপি ঘ ব্রাহ্মী লিপি উ. ঘ

ব্যাখ্যা: লিপি হচ্ছে লিখন পদ্ধতি। পৃথিবীর প্রায় সকল লিপিই ফিনিশিয় লিপি থেকে উদ্ভব হয়েছে। প্রাচীন ভারতের প্রচলিত চিত্রলিপি থেকে ভারতীয় লিপির উৎপত্তি ঘটে। এ ভারতীয় লিপির রূপ দুইটি। যথা: ব্রাহ্মী লিপি ও খরোষ্ঠী লিপি। ব্রাহ্মী লিপি কুষাণ ও গুপ্ত রাজাদের আমলে পরিবর্তিত হয়ে তিনটি রূপ ধারণ করে। যথা: সারদা, নাগর ও কুটিল। ব্রাহ্মী লিপির কুটিল রূপ পূর্বী লিপি থেকে বাংলা লিপির উৎপত্তি হয়েছে।

৪৪.বাংলাদেশের জাতীয় কবি কে?
ক কাজী নজরুল ইসলাম খ জীবনানন্দ দাশ
গ রবীন্দ্রনাথ ঠাকুর ঘ জসীমউদ্‌দীন উ. ক

ব্যাখ্যা: কাজী নজরুল ইসলামকে ২৪ মে, ১৯৭২ খ্রিষ্টাব্দে বাংলাদেশে আনা হয় এবং ১৯৭২ সালের এইদিনে 'জাতীয় কবি' ঘোষণা করা হয়। ১৮ ফেব্রুয়ারি, ১৯৭৬ খ্রিষ্টাব্দে মৃত্যুর ছয়মাস পূর্বে কাজী নজরুলকে বাংলাদেশের নাগরিকত্ব প্রদান করা হয়।

৪৫.বাক্যে যতিচিহ্ন দাঁড়ি (।) থাকলে কতক্ষণ থামতে হয়?
ক এক সেকেন্ড
খ এক বলতে যে সময় প্রয়োজন
গ এক বলার দ্বিগুণ
ঘ থামার প্রয়োজন নেই উ. ক

ব্যাখ্যা: বাক্যের অর্থ সুস্পষ্টভাবে বোঝার জন্য বাক্যের মধ্যে বা বাক্যের সমাপ্তিতে কিংবা বাক্যে আবেগ (হর্ষ, বিষাদ), জিজ্ঞাসা ইত্যাদি প্রকাশ করার উদ্দেশ্যে বাক্য গঠনে যে ভাবে বিরতি দিতে হয় এবং লেখার সময় বাক্যের মধ্যে তা দেখাবার জন্য যে সাংকেতিক চিহ্ন ব্যবহার করা হয়, তাই যতি বা বিরাম বা ছেদচিহ্ন। বাক্যে যতিচিহ্ন দাঁড়ি (।) থাকলে এক সেকেন্ড থামতে হয়।

৪৬.কোন পুরুষবাচক শব্দের দুইটি স্ত্রীবাচক শব্দ আছে?
ক রাষ্ট্রপতি খ যোদ্ধা
গ দেবর ঘ কেরানী উ. গ

ব্যাখ্যা: 'দেবর' এর স্ত্রীবাচক শব্দ দুইটি। যথা: ননদ (দেবরের বোন), জা (দেবরের স্ত্রী)। 'রাষ্ট্রপতি', 'কেরানী' ও 'যোদ্ধা' নিত্য পুরুষবাচক শব্দ।

৪৭.'তারিখ' কোন ভাষার শব্দ?
ক আরবি খ ফারসি
গ পর্তুগিজ ঘ তুর্কি উ. খ

ব্যাখ্যা: আধুনিক বাংলা অভিধান অনুযায়ী, 'তারিখ' আরবি শব্দ। নবম-দশম শ্রেণির পুরাতন ব্যাকরণ ও নতুন ব্যাকরণ অনুযায়ী, 'তারিখ' ফারসি শব্দ।

৪৮.'কবর' কবিতাটি কে লিখেছেন?
ক কায়কোবাদ খ রবীন্দ্রনাথ ঠাকুর
গ জসীমউদ্‌দীন ঘ মধুসূদন দত্ত উ. গ

ব্যাখ্যা: জসীমউদ্‌দীনের প্রথম কাব্যগ্রন্থ 'রাখালী' (১৯২৭) এর ১৮টি কবিতার মধ্যে অন্যতম কবিতা 'কবর'। এটি প্রথম কল্লোল পত্রিকায় প্রকাশিত হয়। জসীমউদ্‌দীন কলেজে অধ্যয়নকালে কবিতাটি রচনা করেন, যা তাঁর ছাত্রাবস্থায় ১৩৩৫ বঙ্গাব্দে কলকাতা বিশ্ববিদ্যালয়ের মাধ্যমিক পর্যায়ের পাঠ্য তালিকায় অন্তর্ভুক্ত হয়। মাত্রাবৃত্ত ছন্দে রচিত এ কবিতাটিতে ১১৮টি পঙ্‌ক্তি আছে। প্রিয়জন হারানোর মর্মান্তিক স্মৃতিচারণ 'কবর' কবিতার মূল বিষয়।

৪৯.'রবীন্দ্র' এর সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক রবী+ইন্দ্র খ রবী+ঈন্দ্র
গ রবি+ইন্দ্র ঘ রবি+ঈন্দ্র উ. গ

ব্যাখ্যা: তৎসম স্বরসন্ধির নিয়মানুসারে, ই-কার কিংবা ঈ-কারের পর ই-কার কিংবা ঈ-কার থাকলে উভয়ে মিলে দীর্ঘ ঈ-কার হয়; দীর্ঘ ঈ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। যেমন: রবি+ইন্দ্র = রবীন্দ্র, গিরি+ইন্দ্র = গিরীন্দ্র।

৫০.ক্রিয়ার কাল প্রধানত কত প্রকার?
ক ৩ খ ৪
গ ৫ ঘ ৬ উ. ক

ব্যাখ্যা: ক্রিয়া সংঘটনের সময়কে কাল বলে। ক্রিয়ার কাল তিন প্রকার। যথা: বর্তমান কাল, অতীত কাল ও ভবিষ্যৎ কাল।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৫১.He has no appetite ... food.
ক to খ for
গ with ঘ about
উ. খ
ব্যাখ্যা: 'খাবারের ইচ্ছা বা আকাঙ্ক্ষা' বোঝাতে Appetite এর পরে preposition হিসেবে for বসে। He has no appetite for food- তার খাওয়ার কোনো ইচ্ছা নেই।

৫২. His words conform ... his work.
ক about খ into
গ with ঘ for
ব্যাখ্যা: 'মিল থাকা/ অনুসরণ করা' অর্থ প্রকাশ করতে conform এর পরে preposition হিসেবে to বসে। His words conform to his work- তার কথার সাথে কাজের মিল আছে।

৫৩. One of the students ... failed.
ক has খ have
গ would ঘ will
উ. ক
ব্যাখ্যা: One of এর পরে plural noun এবং singular verb বসে। One of the students has failed- ছাত্রছাত্রীদের মধ্যে একজন অকৃতকার্য হয়েছে।

৫৪.The thief ran away after he ... the police.
ক saw খ seen
গ sean ঘ had seen
উ. ঘ
ব্যাখ্যা: অতীতের দুটি কাজ after দ্বারা যুক্ত হলে after এর পরে past parfect tense এবং পূর্বে past indefinite tense বসে।

৫৫. Which of the following is plural?
ক furniture খ linguistics
গ geese ঘ news
উ. গ
ব্যাখ্যা: Goose (রাজহংসী) এর plural form হচ্ছে geese। এছাড়া furniture, linguistics, news শব্দগুলো singular হিসেবে ব্যবহৃত হয়।

৫৬. He got his house ... last month.
ক to paint খ painting
গ paint ঘ painted
উ. ঘ
ব্যাখ্যা: Causative verb এর নিয়মানুযায়ী sub + get/got + বস্তুবাচক object + v_3 + extension বসে। He got his house painted last month- সে গত মাসে তার বাড়ি রং করিয়েছে।

৫৭. She made her daughter ... homework.
ক do খ did
গ to do ঘ done
উ. ক
ব্যাখ্যা: Causative verb এর নিয়মানুযায়ী sub + make/made + ব্যক্তিবাচক object + v_1 + extension বসে। She made her daughter do the homework- সে তার মেয়েকে দিয়ে হোমওয়ার্ক করালো।

৫৮.The man got used to ... a walk every morning.
ক take খ taken
গ taking ঘ took
উ. গ
ব্যাখ্যা: অতীতের কোনো কাজের অভ্যস্ততা বোঝাতে be/got + used to এর পরে verb এর সাথে ing বসে। The man got used to taking a walk every morning- লোকটি প্রত্যেক দিন সকালে হাটায় অভ্যস্ত ছিল।

৫৯.He doesn't like company. So he has ... friends.
ক a few খ few
গ many ঘ fewer
উ. খ
ব্যাখ্যা: 'নেই বললেই চলে/ নগণ্য' অর্থ প্রকাশ করতে countable noun এর পূর্বে few বসে। He doesn't like company. So he has few friends- সে কারো সঙ্গ পছন্দ করে না, তাই তার নগণ্য পরিমাণ বন্ধু আছে।

৬০.There was ... water in the jug. She could quench her thirst.
ক a little খ little
গ less ঘ the little
উ. ক
ব্যাখ্যা: 'অল্প একটু/ সামান্য পরিমাণ' অর্থ প্রকাশ করতে uncountable noun এর পূর্বে a little বসে। There was a little water in the jug. She could quench her thirst- জগে খুব সামান্য পরিমাণ পানি ছিল। সে চাইলে তার তৃষ্ণা নিবারণ করতে পারত।

৬১.Which of the following is singular?
ক trousers খ jeans
গ glasses ঘ athletics
উ. ঘ
ব্যাখ্যা: অপশনগুলোর মধ্যে athletics শব্দটি সর্বদা singular হিসেবে ব্যবহৃত হয়। এছাড়া trousers, jeans, glasses শব্দগুলো plural number হিসেবে ব্যবহৃত হয়।

৬২.Truth triumphs ... falsehood.
ক on খ over
গ to ঘ for
উ. খ
ব্যাখ্যা: 'কোনো কিছুকে পরাভূত করা/ বিজয় অর্জন করা' অর্থে triumph এর পরে preposition হিসেবে over বসে। Truth triumphs over falsehood- সত্য মিথ্যাকে পরাভূত করে।

৬৩.The jury ... unanimous in giving verdict.
ক was খ were
গ have ঘ has
উ. ক
ব্যাখ্যা: Jury (নির্ণায়কবর্গ) শব্দটি singular noun হিসেবে ব্যবহৃত হয়। Singular noun সবসময় singular verb গ্রহণ করে। সুতরাং শূন্যস্থানে was বসবে। The jury was unanimous in giving verdict- জুরিবর্গ সম্মিলিতভাবে তাদের রায় জানিয়েছিল।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৬৪. They were sitting by a swimming pool. Here the underlined word is a-
ক participle খ infinitive
গ gerund ঘ finite verb উ. গ
ব্যাখ্যা: এখানে swimming শব্দটি gerund এবং adjective হিসেবে ব্যবহৃত হয়েছে। কারণ pool হলো সাঁতার কাটার জায়গা। এছাড়া এখানে swimming present participle হিসেবে ব্যবহৃত হয়নি। কারণ pool তো আর নিজে সাঁতার কাটে না। সুতরাং এখানে swimming হলো gerund এবং মোটেও এটি participle নয়।

৬৫. A stitch in time saves ...
ক money খ nine
গ time ঘ energy উ. খ
ব্যাখ্যা: A stitch in time saves nine (সময়ের এক ফোঁড় অসময়ের দশ ফোঁড়) একটি বহুল প্রচলিত প্রবাদ।

৬৬. The child saw a flying bird. Here the underlined word is a-
ক participle খ gerund
গ infinitive ঘ finite verb উ. ক
ব্যাখ্যা: মূল verb এর সাথে ing যুক্ত হয়ে একই সাথে adjective এবং verb এর কাজ করলে তাকে present participle বলে। এটি সব সময় বাক্যের noun-কে modify করে।

৬৭. It was necessary that she ... the meeting.
ক joined খ join
গ joins ঘ to join উ. খ
ব্যাখ্যা: Present subjunctive এর নিয়মানুসারে sub + subjunctive word + that + sub + verb এর base form + extension বসে।

৬৮. If he helped me, I ... the work.
ক did খ do
গ would do ঘ would have done উ. গ
ব্যাখ্যা: Second conditional এর নিয়মানুযায়ী If যুক্ত অংশে past indefinite tense থাকলে, অন্য অংশে sub + would/could/might + v_1 বসে। If he helped me, I would do the work- তুমি যদি সাহায্য করতে, তাহলে আমি কাজটি করতে পারতাম।

৬৯. I introduced my friend ... my parents.
ক to খ with
গ between ঘ among উ. ক
ব্যাখ্যা: 'কোনো ব্যক্তিকে কারো সাথে পরিচয় করিয়ে দেয়া' অর্থে- introduce এর সাথে preposition হিসেবে to বসে। I introduced my friend to my parents- আমি আমার বন্ধুকে আমার পিতা-মাতার সাথে পরিচয় করিয়ে দিলাম।

৭০. Vice results ... misery.
ক to খ for
গ with ঘ in উ. ঘ
ব্যাখ্যা: 'কোনো কিছুতে ফলাফল নিহিত থাকা' অর্থে- result এর পরে preposition হিসেবে in বসে। Vice results in misery- পাপের ফল হচ্ছে দুঃখ-দুর্দশা।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

খাদ্য অধিদপ্তর

পদের নাম: উপ-খাদ্য পরিদর্শক

সময়: ৯০ মিনিট | তারিখ: ১৯.১১.২০২১ | পূর্ণমান: ১০০

১. 'নীল অপরাজিতা' উপন্যাসটির রচয়িতা কে?
ক রবীন্দ্রনাথ ঠাকুর খ কাজী নজরুল ইসলাম
গ শামসুর রাহমান ঘ হুমায়ূন আহমেদ উ. ঘ
ব্যাখ্যা: হুমায়ূন আহমেদ রচিত উপন্যাস 'নীল অপরাজিতা' (১৯৯১)। এ উপন্যাসে কেন্দ্রিয় চরিত্র শওকত নামে একজন ঔপন্যাসিক। তিনি গ্রামে গিয়ে গ্রাম্য পরিবেশে সাহিত্য রচনায় প্রবৃত্ত হন। তাকে গ্রাম্য একটি মেয়ে পুষ্প উদাস করে দেয় তার প্রেমের আহ্বানে। কিন্তু শওকত সাহেব তার স্ত্রীর ভালোবাসাকেও উপেক্ষা করতে পারেন না।

২. 'সব কটা জানালা খুলে দাও না'- গানটির সুরকার কে?
ক কাজী নজরুল ইসলাম
খ নজরুল ইসলাম বাবু
গ গোবিন্দ হালদার
ঘ আপেল মাহমুদ
ব্যাখ্যা: দেশাত্মবোধক সংগীত 'সব কটা জানালা খুলে দাও না'- এর সুরকার আহমেদ ইমতিয়াজ বুলবুল; গীতিকার নজরুল ইসলাম বাবু এবং শিল্পী সাবিনা ইয়াসমিন।

৩. 'ব্রজবুলি' বলতে কী বোঝানো হয়?
ক ব্রজ সম্প্রদায়ের কথা
খ বাংলা ও হিন্দির যোগফল
গ একরকম কৃত্রিম কবিভাষা
ঘ অপভ্রংশ উ. গ
ব্যাখ্যা: ব্রজবুলি হলো বাংলা ও মৈথিলি ভাষার সংমিশ্রণে তৈরি এক প্রকার কৃত্রিম কবিভাষা। মিথিলার কবি বিদ্যাপতি এ ভাষার স্রষ্টা। এ ভাষা কখনো মানুষের মুখের ভাষা ছিল না; সাহিত্যকর্ম ব্যতীত অন্যত্র এর ব্যবহার নেই। এতে কিছু হিন্দি শব্দ আছে। এ ভাষায় চণ্ডীদাস, বিদ্যাপতি, গোবিন্দদাস, জ্ঞানদাস বিভিন্ন বৈষ্ণব পদ রচনা করেন।

৪. বাংলা ভাষার খাঁটি বাংলা উপসর্গ কয়টি?
ক ২১ খ ২২
গ ২০ ঘ ১৯ উ. ক
ব্যাখ্যা: বাংলা ভাষায় খাঁটি বাংলা উপসর্গ ২১টি। যথা: অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, উন (উনা), কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা। বাংলা উপসর্গ সাধারণত বাংলা শব্দের পূর্বেই বসে। যেমন: অজ (বাংলা উপসর্গ) + পাড়াগাঁ (বাংলা শব্দ) = অজপাড়াগাঁ।

৫. 'নীহারিকা দেবী' ছদ্মনামে কে লিখতেন?
ক অরুন্ধতী রায় খ কামিনী রায়
গ প্রমথ চৌধুরী ঘ অচিন্ত্য কুমার সেনগুপ্ত উ. ঘ

প্রকৃত নাম	ছদ্মনাম
কামিনী রায়	জনৈক বঙ্গমহিলা
প্রমথ চৌধুরী	বীরবল
অচিন্ত্য কুমার সেনগুপ্ত	নীহারিকা দেবী

৬. 'জল' শব্দের সমার্থক নয় কোনটি?
ক নীর খ সলিল
গ উদক ঘ জলধি উ. ঘ
ব্যাখ্যা: 'জল' শব্দের সমার্থক শব্দসমূহ: নীর, সলিল, উদক, অম্বু, অপ, পানি, বারি, পয়, পয়ঃ, তোয়, প্রাণদ, বারুণ। 'জলধি' অর্থ সমুদ্র।

৭. নিত্য মূর্ধন্য-ষ কোন শব্দে বর্তমান-
ক কষ্ট খ উপনিষৎ
গ কল্যাণীয়েষু ঘ আষাঢ় উ. ঘ
ব্যাখ্যা: আষাঢ়, শেষ, ভাষা, মানুষ, পৌষ, বিশেষ, পাষাণ, শোষণ প্রভৃতি শব্দে নিত্য মূর্ধন্য-ষ বর্তমান। ষ-ত্ব বিধান অনুযায়ী, ট ও ঠ এর সঙ্গে যুক্ত হলে দন্ত্য-স না হয়ে মূর্ধন্য-ষ হয়। যেমন: কষ্ট, কাষ্ঠ, ওষ্ঠ। সম্ভাষণসূচক শব্দে এ-কারের পর মূর্ধন্য-ষ হয়। যেমন: কল্যাণীয়েষু, প্রিয়বরেষু।

৮. 'খণ্ড প্রলয়' বাগধারাটির অর্থ কী?
ক সামান্য বস্তু খ কোলাহল
গ ভীষণ ব্যাপার ঘ ভীষণ গণ্ডগোল উ. ঘ

৯. কবি জীবনানন্দ দাশ জন্মগ্রহণ করেন কোথায়?
ক বরিশালে খ সাতক্ষীরায়
গ মেদিনীপুরে ঘ কোলকাতায় উ. ক
ব্যাখ্যা: রূপসী বাংলার কবি, ধূসরতার কবি, তিমির হননের কবি, নির্জনতার কবি, চিত্ররূপময় কবি জীবনানন্দ দাশ ১৭ ফেব্রুয়ারি, ১৮৯৯ সালে বরিশালের এক ব্রাহ্ম পরিবারে জন্মগ্রহণ করেন। (আদি নিবাস: গাঁওপাড়া, বিক্রমপুর, মুন্সিগঞ্জ)। তিনি ১৪ অক্টোবর, ১৯৫৪ সালে বালিগঞ্জে ট্রামের নিচে পড়ে আহত হন, পরে ২২ অক্টোবর শম্ভুগঞ্জ পণ্ডিত হাসপাতালে মারা যান।

১০. 'ঢেউ' এর প্রতিশব্দ কোনটি?
ক বারিধি খ ঊর্মি
গ তটিনী ঘ বীচি উ. খ,ঘ
ব্যাখ্যা: 'ঢেউ' এর প্রতিশব্দসমূহ: বীচি, ঊর্মি, তরঙ্গ, লহর, লহরী, ঊর্মিলহরী, জোয়ার, কল্লোল, উল্লোল, হিল্লোল।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

১১.বিশেষ অর্থে ব্যবহৃত হয়েছে কোন উপসর্গটি?
ক উপকণ্ঠ খ উপবন
গ উপভোগ ঘ উপগ্রহ উ. গ
ব্যাখ্যা: বাংলা ভাষায় তৎসম (সংস্কৃত) উপসর্গ বিশটি। যথা: প্র, পরা, অপ, সম, নি, অণু, অব, নির, দুর, বি, অধি, সু, উৎ, পরি, প্রতি, অতি, অপি, অভি, উপ, আ। তৎসম উপসর্গ তৎসম শব্দের পূর্বে বসে। 'উপ' উপসর্গটির 'বিশেষ' অর্থে ব্যবহৃত শব্দ: উপ (তৎসম উপসর্গ) + ভোগ (তৎসম শব্দ) = উপভোগ। 'উপকণ্ঠ' সামীপ্য অর্থে, 'উপবন' সদৃশ অর্থে, 'উপগ্রহ' ক্ষুদ্র অর্থে ব্যবহৃত হয়েছে।

১২.নিচের কোনটি অশুদ্ধ?
ক প্রসন্ন-বিষণ্ন খ নিষ্পাপ-পাপিনী
গ অহিংস-সহিংস ঘ দোষী-নির্দোষী উ. ঘ
ব্যাখ্যা: শুদ্ধরূপ: দোষী-নির্দোষ।

১৩.অমিত্রাক্ষর ছন্দের বৈশিষ্ট্য হলো-
ক চরণের প্রথমে মিল খ বিশ মাত্রার পর্ব থাকে
গ অন্ত্যমিল আছে ঘ অন্ত্যমিল নেই উ. ঘ
ব্যাখ্যা: কবিতার পঙ্‌ক্তির শেষে মিলহীন ছন্দকে অমিত্রাক্ষর ছন্দ বলে। অমিত্রাক্ষর ছন্দের কবিতায় চরণের অন্ত্যমিল থাকে না। প্রতি পঙ্‌ক্তিতে ১৪ অক্ষর থাকে, যা ৮+৬ পর্বে বিভক্ত। একে প্রবাহমান অক্ষরবৃত্ত ছন্দও বলে। বাংলা সাহিত্যে অমিত্রাক্ষর ছন্দের প্রচলন ঘটান মাইকেল মধুসূদন দত্ত।

১৪.বাংলা বর্ণমালায় অর্ধমাত্রার বর্ণ কয়টি?
ক ১০ খ ৭
গ ৮ ঘ ৯ উ. গ
ব্যাখ্যা: বাংলা বর্ণমালায় মাত্রাহীন বর্ণ ১০টি; অর্ধমাত্রার বর্ণ ৮টি, পূর্ণমাত্রার বর্ণ ৩২টি।

১৫.'Charity begins at home'- উক্তিটির অর্থ কী?
ক আগে ঘর পরে তাস খ আপন ঘর প্রিয় ঘর
গ ইচ্ছা থাকলে উপায় হয় ঘ ঘর থেকে যাত্রা কর উ. ঘ

১৬.'প্রাণভয়' কোন সমাস?
ক ৬ষ্ঠী তৎপুরুষ খ অলুক দ্বন্দ্ব
গ উপমান কর্মধারয় ঘ মধ্যপদলোপী কর্মধারয় উ. ঘ
ব্যাখ্যা: ব্যাসবাক্যের মাঝের পদ লোপ পেয়ে যে সমাস হয়, তাই মধ্যপদলোপী কর্মধারয় সমাস। যেমন: সিংহ চিহ্নিত আসন = সিংহাসন; প্রাণ যাওয়ার ভয় = প্রাণভয়।

১৭.নিচের কোন শব্দে ণ-ত্ব বিধান অনুসারে 'ণ' এর ব্যবহার হয়েছে?
ক নিকৃণ খ লবণ
গ কল্যাণ ঘ ব্যাকরণ উ. ঘ
ব্যাখ্যা: নিকৃণ, লবণ, কল্যাণ- শব্দে স্বভাবতই মূর্ধন্য-ণ হয়। তৎসম শব্দে ঋ, র, ষ এর পরে মূর্ধন্য-ণ হয়। যেমন: ব্যাকরণ, ঋণ, তৃণ, বর্ণ, বর্ণনা, কারণ, বিকিরণ, মরণ, সমীরণ ইত্যাদি।

১৮.'যিনি উপকার করেন, তাঁকে সবাই শ্রদ্ধা করেন।'- কোন ধরনের বাক্য?
ক মিশ্র বাক্য খ যৌগিক বাক্য
গ প্রশ্নবোধক বাক্য ঘ সরল বাক্য উ. ক
ব্যাখ্যা: যে বাক্যে একটি প্রধান খণ্ডবাক্যের সাথে এক বা একাধিক আশ্রিতবাক্য পরস্পর সাপেক্ষভাবে ব্যবহৃত হয়, তাকে মিশ্র বা জটিল বাক্য বলে। যে-সে, যারা-তারা, যিনি-তিনি, যা-তা প্রভৃতি সাপেক্ষ সর্বনাম এবং যদি-তবে, যদিও-তবুও, যেহেতু-সেহেতু, যত-তত, যেটুকু-সেটুকু, যেমন-তেমন, যখন-তখন প্রভৃতি সাপেক্ষ যোজক দিয়ে যখন অধীন বাক্যগুলো যুক্ত থাকে, তাকে জটিল বাক্য বলে। যেমন: যে পরিশ্রম করে, সেই সুখ লাভ করে। যিনি উপকার করেন, তাঁকে সবাই শ্রদ্ধা করেন।

১৯.'নিষ্কর' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক নিঃ+কর খ নীঃ+কার
গ নিষ+কর ঘ নিস্+কর উ. ক
ব্যাখ্যা: বিসর্গ সন্ধির নিয়মানুসারে, অঘোষ অল্পপ্রাণ ও অঘোষ মহাপ্রাণ কণ্ঠ্য কিংবা ওষ্ঠ্য ব্যঞ্জন (ক, খ, প, ফ) পরে থাকলে অ বা আ ধ্বনির পরস্থিত বিসর্গ স্থলে অঘোষ দন্ত্য শিশ ধ্বনি (স) হয় এবং অ বা আ ব্যতীত অন্য স্বরধ্বনির পরস্থিত বিসর্গ স্থলে অঘোষ মূর্ধন্য শিশ্ ধ্বনি (ষ) হয়। যেমন: অ এর পরে বিসর্গ ঃ+ক = স্+ক → নমঃ+কার = নমস্কার। ই এর পরে বিসর্গ ঃ+ক = ষ+ক → নিঃ+কর = নিষ্কর।

২০.'কবির কাজ হচ্ছে কাব্য সৃষ্টি করা'- এখানে 'কাব্য' এর কারক বিভক্তি কোনটি?
ক কর্মে শূন্য খ করণে শূন্য
গ অধিকরণে শূন্য ঘ কর্তায় শূন্য উ. ক
ব্যাখ্যা: যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকেই কর্ম কারক বলে। ক্রিয়ার বিষয়কে কর্ম বলে। ক্রিয়ার সাথে কি বা কাকে যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তাই কর্মকারক। যেমন: কবির কাজ হচ্ছে কাব্য সৃষ্টি করা। এখানে যদি প্রশ্ন করা হয়, কি সৃষ্টি করা? তাহলে উত্তর পাই 'কাব্য'। সুতরাং, 'কাব্য' কর্মকারক এবং এর সাথে শূন্য বিভক্তি (কাব্য+০) যোগ হওয়ায় এটি কর্মে শূন্য বিভক্তি।

২১. কোনটি সঠিক বানান?
ক নিশিথিনি খ নিশিথিনী
গ নীশিথিনী ঘ নিশীথিনী উ. ঘ

২২. কোন বাক্যটি শুদ্ধ?
ক আপনি স্বপরিবারে আমন্ত্রিত
খ তার কথা শুনে আমি আশ্চর্য্যান্বিত হলাম
গ তোমার পরশ্রীকাতরতায় আমি মুগ্ধ নই
ঘ সেদিন থেকে তিনি সেখানে আর যায় না উ.খ
ব্যাখ্যা: অপশন ক-তে 'সপরিবারে' হবে। অপশন গ-তে 'পরশ্রীকাতরতা' এর সাথে 'মুগ্ধ' শব্দটি সাযুজ্য নয়। কারণ, 'পরশ্রীকাতরা' হিংসা বা ঈর্ষা অর্থে ব্যবহৃত হয়, তাই এর সাথে 'মুগ্ধ' শব্দের প্রয়োগ যথাযথ নয়। অপশন ঘ-তে 'যায়' এর স্থলে 'যান' হবে।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

২৩.'যে নারী পূর্বে অপরের বাগদত্তা ছিল'- তাকে এক কথায় কী বলে?
ক অভিসারিণী খ অনন্যপূর্বা
গ অন্যপূর্বা ঘ প্রোষিতভর্তৃকা উ. গ
ব্যাখ্যা: যে নারী পূর্বে অন্যের স্ত্রী / বাগদত্তা ছিল- অন্যপূর্বা; যে নারীর স্বামী বিদেশে থাকে- প্রোষিতভর্তৃকা।

২৪.সমাসের রীতি কোন ভাষা থেকে আগত?
ক উর্দু খ ফার্সি
গ সংস্কৃত ঘ বাংলা উ. গ
ব্যাখ্যা: সমাস শব্দটির অর্থ সংক্ষেপণ, মিলন, একাধিক পদের একপদীকরণ। পরস্পর অর্থসঙ্গতি সম্পন্ন দুই বা ততোধিক পদের এক পদে পরিণত হওয়াকে সমাস বলে। সমাসের রীতি সংস্কৃত ভাষা থেকে এসেছে। যেমন: হাতে হাতে যে যুদ্ধ = হাতাহাতি। এখানে ব্যাসবাক্য 'হাতে হাতে যে যুদ্ধ' সংক্ষিপ্ত হয়ে সমস্তপদ 'হাতাহাতি' হয়েছে।

২৫.বাংলা সাহিত্যে চলিত ভাষার প্রবর্তক কে?
ক রবীন্দ্রনাথ ঠাকুর খ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ প্রমথ চৌধুরী ঘ রামসুন্দর ত্রিবেদী উ. গ
ব্যাখ্যা: বাংলা সাহিত্যে চলিত ভাষারীতির প্রবর্তক প্রমথ চৌধুরী। সাধারণ মানুষের মুখের ভাষাকে চলিত ভাষা বলে। বিশ শতকের সূচনায় কলকাতার শিক্ষিত লোকের কথ্য ভাষাকে লেখ্য রীতির আদর্শ হিসেবে চালু করার চেষ্টা হয়। এটি তখন চলিত রীতি নামে পরিচিতি পায়। তৎকালীন সময়ের কিছু গদ্যলেখক পণ্ডিতি সাহিত্যের বেড়াজাল থেকে বেরিয়ে এসে আপামর জনসাধারণের 'কথ্য ভাষা'য় সাহিত্য রচনায় ব্রতী হন এবং সফল হন। এদের মধ্যে উল্লেখযোগ্য হলেন প্রমথ চৌধুরী। তিনি 'হালখাতা' গদ্যগ্রন্থে প্রথম চলিত রীতির প্রয়োগ ঘটান এবং ১৯১৪ সালে প্রকাশিত 'সবুজপত্র' পত্রিকার মাধ্যমে বাংলা সাহিত্যে চলিত রীতির প্রয়োগকে প্রতিষ্ঠা করেন। রবীন্দ্রনাথ নিজেও এই পত্রিকায় লেখার সুবাদে চলিত গদ্যরীতির স্বাচ্ছন্দ্য অনুভব করেন এবং পরে তা তিনি চর্চা করেন।

২৬.'চাচা কাহিনী' এর লেখক কে?
ক দিলারা হাশেম খ আবু জাফর শামসুদ্দিন
গ সরদার জয়েন উদ্দিন ঘ সৈয়দ মুজতবা আলী উ. ঘ
ব্যাখ্যা: প্রখ্যাত রম্য রচয়িতা সৈয়দ মুজতবা আলীর বিখ্যাত ছোটগল্পগ্রন্থ 'চাচা-কাহিনী' (১৯৫২)। এ গ্রন্থের অধিকাংশ গল্প বিদেশি (বার্লিন, জার্মানি) পটভূমিতে আড্ডার ছলে চাচা এরশাদ চৌধুরীর অভিজ্ঞতা থেকে বর্ণিত।

২৭.বাংলা ভাষার প্রথম সাময়িক পত্র কোনটি?
ক বঙ্গদর্শন খ দিকদর্শন
গ সংবাদ প্রভাকর ঘ তত্ত্ববোধিনী উ. খ
ব্যাখ্যা: ১৮১৮ সালের এপ্রিল মাসে বাংলা ভাষার প্রথম সাময়িকপত্র হিসেবে হুগলি জেলার শ্রীরামপুর মিশনারিদের পক্ষ থেকে জন ক্লার্ক মার্শম্যানের সম্পাদনায় 'দিকদর্শন' প্রকাশিত হয়। সংবাদ অপেক্ষা ধর্মীয় নীতিকথা ও শিক্ষার্থীদের উদ্দেশ্যে তথ্য পরিবেশনই বেশি প্রাধান্য পেত। ২৬টি সংখ্যা প্রকাশিত হওয়ার পর এ পত্রিকা বন্ধ হয়ে যায়।

২৮.'নিষ্কর' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক নিষ্+কর খ নিস্+কর
গ নিঃ+কর ঘ নীঃ+কার উ. গ

২৯.'ধৃষ্ট' এর বিপরীত শব্দ কোনটি?
ক মুক্ত খ নিরীহ
গ দুষ্ট ঘ বিনয়ী উ. ঘ

৩০.'Ab initio' এর বাংলা পরিভাষা কী?
ক অনুপস্থিত খ অধিহার
গ প্রারম্ভেই ঘ মধ্যবর্তী উ. গ

৩১.'Corrigendum' শব্দের বাংলা পরিভাষা কী?
ক পূনর্বিন্যাস খ শুদ্ধিপত্র
গ অনুরোধপত্র ঘ পরিশিষ্ট পত্র উ. খ

৩২.'তোমার মার বাড়ি, তুমি যাও, আমি আমার বাড়িতে থাকি। আবার আমাকে দেখতে এসো।' উক্তিটি কোন গ্রন্থ থেকে নেয়া হয়েছে?
ক রক্তাক্ত প্রান্তর খ অসমাপ্ত আত্মজীবনী
গ কারাগারের রোজনামচা ঘ দৌলত কাজী উ. গ
ব্যাখ্যা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কারাগারের জীবনকেন্দ্রিক রচনা 'কারাগারের রোজনামচা'। বঙ্গবন্ধু ১৯৬৬ সালের ২ জুন থেকে ৬৭ সালের ২২ জুন পর্যন্ত কেন্দ্রীয় কারাগারে এবং ১৯৬৮ সালের ১৮ জানুয়ারি থেকে ৬৯ সালের ২২ ফেব্রুয়ারি পর্যন্ত কুর্মিটোলা সেনানিবাসে অন্তরীণ থাকা অবস্থায় প্রতিদিন ডায়েরি লিখতেন। সেই ডায়েরির পরিমার্জিত রূপ 'কারাগারের রোজনামচা'। গ্রন্থটি জাতির পিতার ৯৭তম জন্মদিন ১৭ মার্চ, ২০১৭ সালে প্রকাশিত হয়। এ গ্রন্থে রাসেলকে নিয়ে বঙ্গবন্ধু বলেছেন, "৮ ফেব্রুয়ারি ২ বছরের ছেলেটা এসে বলে, আব্বা বাড়ি চলো। কী উত্তর ওকে আমি দিব? ওকে ভোলাতে চেষ্টা করলাম, ওতো বোঝে না আমি কারাবন্দি। ওকে বললাম, 'তোমার মার বাড়ি, তুমি যাও। আমি আমার বাড়িতে থাকি। আবার আমাকে দেখতে এসো।"

৩৩.'অসমাপ্ত আত্মজীবনী'-তে উল্লিখিত আন্দামান বলতে কী বুঝায়?
ক পাকিস্তান আমলের সরকারি অফিস
খ ইংরেজ আমলের জেলখানা
গ একটি সাগরের নাম
ঘ একটি জেলার নাম উ. খ
ব্যাখ্যা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনকাহিনী ভিত্তিক রচনা 'অসমাপ্ত আত্মজীবনী'। এটি জুন, ২০১২ সালে প্রকাশিত হয়। এ গ্রন্থে উল্লিখিত 'আন্দামান' হলো ইংরেজ আমলের জেলখানা। ১৮৫৭ সালে সংঘটিত সিপাহী বিদ্রোহের সময় থেকেই আন্দামান দ্বীপপুঞ্জকে ব্রিটিশরা বন্দিশিবির হিসেবে ব্যবহার করে আসছিল। ব্রিটিশ বিরোধী বিপ্লবীদের লোকচক্ষুর অন্তরালে রাখতে ভারতের মূল ভূখন্ড থেকে বিচ্ছিন্ন এই দ্বীপপুঞ্জে সারাজীবনের জন্য অন্তরীণ রাখা হতো। এ কারণেই ১৯০৬ সালে পোর্ট ব্লেয়ারে সবচেয়ে উঁচু ভূমিতে ৬৯৩টি কক্ষবিশিষ্ট

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

কারাগার তৈরি করা হয়। কারাগারটির নাম রাখা হয় সেলুলার জেল।

৩৪.একটি চৌবাচ্চায় ৮০০০ লিটার পানি ধরে। চৌবাচ্চাটির দৈর্ঘ্য ২.৫৬ মিটার এবং প্রস্থ ১.২৫ মিটার হলে এর গভীরতা কত?

ক ৩.৫ মিটার খ ৩ মিটার
গ ২.৫ মিটার ঘ ৪ মিটার উ. গ

সমাধান: চৌবাচ্চাটিতে পানি ধরে ৮০০০ লিটার
∴ চৌবাচ্চাটির আয়তন
$= (৮০০০ \times ১০০০)$ ঘন সে.মি.
[১ লিটার = ১০০০ ঘন সে.মি.]
$= ৮০০০০০০$ ঘন সে.মি.
$= \frac{৮০০০০০০}{১০০ \times ১০০ \times ১০০}$ ঘন মি.
$= ৮$ ঘন মিটার

চৌবাচ্চার গভীরতা $= \frac{৮}{২.৫৬ \times ১.২৫}$ মিটার
$= ২.৫$ মিটার।

৩৫.কোন সমান্তর ধারার p তম পদ q এবং q তম পদ p হলে (p + q) তম পদ কত?

ক pq খ p + q
গ pq(p+q) ঘ 0 উ. ঘ

সমাধান: ধরি, ধারাটির ১ম পদ $= a$
সাধারণ অন্তর $= d$
∴ p তম পদ $= a + (p - 1)d$
q তম পদ $= a + (q - 1)d$
প্রশ্নমতে, $a + (p - 1)d = q$ ..... (i)
$a + (q - 1)d = p$ ..... (ii)
(i) হতে (ii) বিয়োগ করে পাই
$a + (p - 1)d - a - (q - 1)d = q - p$
$\Rightarrow (p - 1)d - (q - 1)d = q - p$
$\Rightarrow (p - 1 - q + 1)\, d = q - p$
$\Rightarrow (p - q)d = -(p - q)$
$\Rightarrow d = -\frac{(p - q)}{p - q}$
$\therefore d = -1$
d এর মান (i) নং সমীকরণে বসিয়ে পাই,
$a + (p - 1)(-1) = q$
$\Rightarrow a - (p - 1) = q$
$\Rightarrow a = q + p - 1$
$\therefore a = p + q - 1$
$\therefore (p + q)$ তম পদ $= a + (p + q - 1)d$
$= p + q - 1 + (p + q - 1)(-1)$
$= p + q - 1 - (p + q - 1)$
$= p + q - 1 - p - q + 1 = 0$

৩৬.১৮ ফিট উঁচু একটি খুঁটি এমনভাবে ভেঙ্গে গেল যে, ভাঙ্গা অংশটি বিচ্ছিন্ন না হয়ে ভূমির সাথে ৩০ ডিগ্রি কোণ উৎপন্ন করলো। খুঁটিটি মাটি থেকে কত ফুট উঁচুতে ভেঙ্গে গিয়েছিল?

ক ১৫ ফুট খ ১২ ফুট
গ ৯ ফুট ঘ ৬ ফুট উ. ঘ

সমাধান: খুঁটিটি মাটি হতে x ফুট উঁচুতে ভেঙ্গে থাকলে, ভাঙ্গা অংশের দৈর্ঘ্য $(18 - x)$ ফুট



এখন, $\sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}$
বা, $\sin 30° = \frac{x}{18 - x}$
বা, $\frac{1}{2} = \frac{x}{18 - x}$
বা, $18 - x = 2x$
বা, $3x = 18$
$\therefore x = 6$
খুঁটিটি মাটি হতে 6 ফুট উঁচুতে ভেঙ্গে ছিল।

A/S: ভাঙা অংশের দৈর্ঘ্য $= \frac{\text{মোট দৈর্ঘ্য}}{3} = \frac{18}{3} = 6$

৩৭.'ক' প্রথমে তিন মাইল উত্তরে, পরে ৯ মাইল পূর্বে তারপর আবার ৯ মাইল উত্তরে যায়। শুরু স্থান হতে তার দূরত্ব কত মাইল?

ক ২০ মাইল খ ২৫ মাইল
গ ১৫ মাইল ঘ ৩০ মাইল উ. গ

সমাধান:



∴ $AD = \sqrt{৯^২ + (৯+৩)^২}$
$= \sqrt{৮১ + (১২)^২}$
$= \sqrt{৮১ + ১৪৪}$
$= \sqrt{২২৫}$
$= ১৫$ মাইল

৩৮.২, ৩, ৫, ৯, ১৭ এর পরবর্তী সংখ্যা কত?

ক ৩৩ খ ৩২
গ ৪৮ ঘ ৩০ উ. ক

সমাধান: ২, ৩, ৫, ৯, ১৭
+১ +২ +৪ +৮ +১৬
∴ পরবর্তী পদ = ১৭ + ১৬ = ৩৩

৩৯.কোন সংখ্যার ৭০% থেকে ৭০ বিয়োগ করলে ফলাফল হয় ৭০। তবে সংখ্যাটি কত?

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

ক ৩০০ খ ২০০
গ ১০০ ঘ ১৮০ উ. খ

সমাধান: মনেকরি,

সংখ্যাটি $= x$

প্রশ্নমতে, x এর ৭০% - ৭০ = ৭০

$\Rightarrow x \times \frac{৭০}{১০০} = ৭০ + ৭০$

$\Rightarrow x \times \frac{৭০}{১০০} = ১৪০$

$\Rightarrow x = \frac{১৪০ \times ১০০}{৭০}$

$\Rightarrow x = ২০০$

৪০.কোনো শহরের বর্তমান জনসংখ্যা ৬৪ লক্ষ। শহরটির জনসংখ্যা বৃদ্ধির হার প্রতি হাজারে ২৫ জন হলে, ২ বছর পর ঐ শহরের জনসংখ্যা কত হবে?

ক ৬৭,২৪,০০০ জন
খ ৬৮,০০,০০০ জন
গ ৬৭, ০০,০০০ জন
ঘ ৬৭, ০০, ২৪০ জন উ. ক

সমাধান: শহরটির বর্তমান জনসংখ্যা

$P = ৬৪০০০০০$ জন

জনসংখ্যা বৃদ্ধির হার $r = \frac{২৫}{১০০০} = \frac{১}{৪০}$

সময় $n = ২$ বছর

আমরা জানি,

$\therefore C = P(১ + r)^n$

$= ৬৪,০০০০০\left(১ + \frac{১}{৪০}\right)^২$

$= ৬৪,০০০০০\left(\frac{৪০+১}{৪০}\right)^২$

$= ৬৪,০০০০০\left(\frac{৪১}{৪০}\right)^২$

$= ৬৪,০০০০০ \times \frac{৪১ \times ৪১}{৪০ \times ৪০}$

$= ৬৭২৪০০০$ জন

$\therefore$ ২ বছর পর শহরটির জনসংখ্যা = ৬৭২৪০০০ জন

৪১.নীচের কোন ভগ্নাংশটি থেকে $\frac{2}{3}$ ছোট?

ক $\frac{3}{5}$ খ $\frac{7}{8}$
গ $\frac{5}{6}$ ঘ $\frac{3}{4}$ উ. ক

সমাধান: এখানে, $\frac{2}{3} \not> \frac{3}{5} \Rightarrow 10 > 9$

$\therefore \frac{3}{5}$ ভগ্নাংশটি $\frac{2}{3}$ ভগ্নাংশ অপেক্ষা ছোট।

৪২.ত্রিভুজের তিনটি বাহুকে চক্রাকারে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির যোগফল কত?

ক 270 Degree খ 360 Degree
গ 180 Degree ঘ 150 Degree উ. খ

সমাধান: কোন ত্রিভুজ সমকোণী, সূক্ষ্মকোণী বা স্থূলকোণী হোক না কেন উৎপন্ন বহিঃস্থ কোণের মোট পরিমাণ = ৩৬০°

সমকোণী সূক্ষ্মকোণী স্থূলকোণী

৪৩.শতকরা বার্ষিক কত মুনাফায় ৩০০০ টাকার ৫ বছরের মুনাফা ১৫০০ টাকা হবে?

ক ৫% খ ১৫%
গ ২০% ঘ ১০% উ. ঘ

সমাধান: আমরা জানি,

$I = \frac{Pnr}{১০০}$

$\Rightarrow r = \frac{I \times ১০০}{P \times n}$

$= \frac{১৫০০ \times ১০০}{৩০০০ \times ৫}$

$= ১০$

$\therefore$ সুদের হার = ১০%

৪৪.$\cos(120°)$ এর মান কত?

ক $\frac{\sqrt{3}}{2}$ খ $\frac{1}{\sqrt{2}}$
গ $\frac{1}{2}$ ঘ $-\frac{1}{2}$ উ. ঘ

সমাধান: $Cos(120°)$
$= Cos(90° + 30°)$
$= -Sin30°$
$= -\frac{1}{2}$



৪৫.$x + \frac{1}{x} = 2$ হলে, $(x - \frac{1}{x})^2$ এর মান কত?

ক 0 খ 1
গ 2 ঘ 4 উ. ক

সমাধান: দেওয়া আছে,

$x + \frac{1}{x} = 2$

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

$\therefore (x-\frac{1}{x})^2 = (x+\frac{1}{x})^2 - 4.x.\frac{1}{x}$
$= (2)^2 - 4$
$= 4 - 4$
$= 0$

৪৬. ৫টি ঘণ্টা একত্রে বেজে যথাক্রমে ৫, ১০, ১৫, ২০ ও ২৫ সেকেন্ড অন্তর আবার বাজতে লাগলো। কতক্ষণ পর ঘণ্টাগুলো আবার একত্রে বাজবে।
ক ১০ মিনিট খ ৫ ঘণ্টা
গ ৫ মিনিট ঘ ৬ মিনিট উ. গ

সমাধান: এখানে,
৫ | ৫, ১০, ১৫, ২০, ২৫
২ | ১, ২, ৩, ৪, ৫
১, ১, ৩, ২, ৫
$\therefore$ ল.সা.গু $= ৫ \times ২ \times ৩ \times ২ \times ৫$
$= ৩০০$ সেকেন্ড $= ৫$ মিনিট

৪৭. $a^m . a^n = a^{(m+n)}$ কখন হবে?
ক m ধনাত্মক ও n ঋণাত্মক হলে
খ m ধনাত্মক হলে
গ n ধনাত্মক হলে
ঘ m ও n ধনাত্মক হলে উ. ঘ

সমাধান: $a^m . a^n = a^{(m+n)}$ হবে তখনই যখন m ও n উভয় ধনাত্মক হবে।

৪৮. সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পর সমান হলে সামান্তরিকটি হবে?
ক ট্রাপিজিয়াম খ আয়তক্ষেত্র
গ বর্গক্ষেত্র ঘ রম্বস উ. খ

সমাধান: সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পর সমান এবং বিপরীত বাহু গুলো পরস্পর সমান ও সমান্তরাল হলে তাকে আয়তক্ষেত্র বলে।



চিত্রে, $ABCD$ আয়তক্ষেত্রের কর্ণ $AC = BD$.

৪৯. $X+Y, X-Y, X^2-Y^2$ এর গ.সা.গু কত?
ক 1 খ $X^2 - Y^2$
গ $X - Y$ ঘ 0 উ. ক

সমাধান: ১ম রাশি $= x + y$
২য় রাশি $= x - y$
৩য় রাশি $= x^2 - y^2$
$= (x+y)(x-y)$
$\therefore$ গ.সা.গু $= 1$

৫০. একটি আয়তকার ঘরের দৈর্ঘ্য প্রস্থের $\frac{3}{2}$ গুণ। এর ক্ষেত্রফল 384 বর্গমিটার হলে পরিসীমা কত?
ক 60 metre খ 50 metre
গ 70 metre ঘ 80 metre উ. ঘ

সমাধান: মনেকরি,
আয়তক্ষেত্রটির প্রস্থ $= x$ মিটার
$\therefore$ " দৈর্ঘ্য $= \frac{3x}{2}$ "
$\therefore$ " ক্ষেত্রফল $= \frac{3x}{2} \times x$ "
$= \frac{3x^2}{2}$ "

প্রশ্নমতে, $\frac{3x^2}{2} = 384$
$\Rightarrow x^2 = \frac{384 \times 2}{3}$
$\Rightarrow x^2 = 128 \times 2$
$\Rightarrow x^2 = 256$
$\Rightarrow x = 16$
$\therefore$ প্রস্থ $= 16$
এবং দৈর্ঘ্য $= \frac{3 \times 16}{2} = 24$
$\therefore$ পরিসীমা $= 2(24 + 16)$
$= 2 \times 40 = 80$ মিটার

৫১. দুইটি ক্রমিক স্বাভাবিক সংখ্যার বর্গের অন্তর ৪৫ হলে সংখ্যা দুইটি কত?
ক ২০,২১ খ ২১,২২
গ ২২,২৩ ঘ ২৩,২৪ উ. গ

সমাধান: মনেকরি, একটি সংখ্যা $= x$
$\therefore$ অপর " $= x + ১$
প্রশ্নমতে, $(x+১)^২ - x^২ = ৪৫$
$\Rightarrow x^২ + ২x + ১ - x^২ = ৪৫$
$\Rightarrow ২x = ৪৪$
$\Rightarrow x = ২২$
$\therefore$ অপর সংখ্যা $= ২২ + ১ = ২৩$
$\therefore$ সংখ্যাদ্বয় ২২ ও ২৩

৫২. একটি সোনার গহনার ওজন ১৬ গ্রাম। এতে সোনা ও তামার অনুপাত ৩ : ১। এতে কী পরিমাণ সোনা মিশালে অনুপাত ৪ : ১ হবে?
ক ৪.৫ গ্রাম খ ৬ গ্রাম
গ ৫ গ্রাম ঘ ৪ গ্রাম উ. ঘ

সমাধান:
সোনার পরিমাণ $= \frac{৩}{৩+১} \times ১৬ = \frac{৩}{৪} \times ১৬$
$= ১২$ গ্রাম
$\therefore$ তামার পরিমাণ $= ১৬ - ১২ = ৪$ গ্রাম
মনেকরি,
নির্ণেয় সোনার পরিমাণ $= x$ গ্রাম

Scanned with CamScanner
CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs

প্রশ্নমতে, $\frac{১২ + x}{৪} = \frac{৪}{১}$

$\Rightarrow ১২ + x = ১৬$

$\Rightarrow x = ১৬ - ১২$

$\Rightarrow x = ৪$

৫৩.একটি সমকোণী ত্রিভুজের লম্ব ভূমি অপেক্ষা ২ সেন্টেমিটার ছোট, কিন্তু অতিভূজ ভূমি অপেক্ষা ২ সেন্টিমিটার বড়। অতিভূজের দৈর্ঘ্য কত?

ক ৬ সেন্টিমিটার খ ১০ সেন্টিমিটার
গ ৮ সেন্টিমিটার ঘ ৪ সেন্টিমিটার উ. খ

সমাধান: মনেকরি,

সমকোণী ত্রিভুজটির লম্ব $= x$

$\therefore$ " " ভূমি $= x + ২$

$\therefore$ " " অতিভুজ $= x + ২ + ২$

$= x + ৪$

প্রশ্নমতে, $(x + ৪)^২ = x^২ + (x + ২)^২$

$\Rightarrow x^২ + ৮x + ১৬ = x^২ + x^২ + ৪x + ৪$

$\Rightarrow x^২ - ৪x - ১২ = ০$

$\Rightarrow x^২ - ৬x + ২x - ১২ = ০$

$\Rightarrow x(x - ৬) + ২(x - ৬) = ০$

$\Rightarrow (x - ৬)(x + ২) = ০$

$\therefore x - ৬ = ০ \quad [\because x + ২ \neq ০]$

$\Rightarrow x = ৬$

$\therefore$ অতিভুজের দৈর্ঘ্য $= ৬ + ৪ = ১০$ সেন্টিমিটার

৫৪.ASIAN এর সদস্য নয় কোন দেশটি?

ক নেপাল খ থাইল্যান্ড
গ ক্রোয়েশিয়া ঘ ফিলিপাইন উ. গ

ব্যাখ্যা: এশিয়া পৃথিবীর সবচেয়ে বড় ও জনবহুল মহাদেশ। এর আয়তন ৪৪৫৭৯০০০ বর্গ কি.মি.। এশিয়া মহাদেশে স্বাধীন দেশের সংখ্যা ৪৪টি। নেপাল, থাইল্যান্ড ও ফিলিপাইন এশিয়া মহাদেশের অন্তর্গত দেশ। আর ক্রোয়েশিয়া ইউরোপ মহাদেশে অবস্থিত একটি দেশ।

৫৫.২০২১ অর্থবছরে মোট রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা কত নির্ধারণ করা হয়?

ক দুই লাখ আঠানব্বই হাজার কোটি টাকা
খ ছয় লাখ তিন হাজার ছয়শত একাশি কোটি টাকা
গ তিন লাখ উননব্বই হাজার কোটি টাকা
ঘ তিন লাখ ত্রিশ হাজার কোটি টাকা উ. গ

ব্যাখ্যা: ২০২১-২২ অর্থবছরে রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৩, ৮৯, ০০০ কোটি টাকা। এর মধ্যে মূল্য সংযোজন কর থেকে সর্বোচ্চ কর ১,২৭,৭৪৫ কোটি টাকা।

৫৬. FTP stands for?

ক File Text Protocol
খ File Transfer Protocol
গ Folder Transfer Protocol
ঘ File Transfer Process উ. খ

ব্যাখ্যা: File Transfer Protocol (FTP) এমন একটি সার্ভিস, যা ব্যবহার করে এক কম্পিউটার থেকে অন্য কম্পিউটারে ফাইল কপি করা যায়। এটি TCP/IP প্রোটোকলের সুট ফ্যামেলির অন্যতম সদস্য। ফাইল কপি করার জন্য FTP ব্যবহার করা হয় যখন দুটো কম্পিউটারেই নেটওয়ার্কে সংযুক্ত থাকে।

৫৭.'একাডেমি অব সায়েন্স' কোন দেশের বিখ্যাত লাইব্রেরী?

ক যুক্তরাজ্য খ ফ্রান্স
গ রাশিয়া ঘ জার্মানি উ. গ

ব্যাখ্যা: 'একাডেমি অব সায়েন্স' রাশিয়ার একটি বৈজ্ঞানিক গবেষণা প্রতিষ্ঠান। এটি ১৭২৪ সালে প্রতিষ্ঠিত হয়। এটি রাশিয়ার রাজধানী মস্কোতে অবস্থিত।

৫৮.বাংলাদেশের সংসদীয় ব্যবস্থা সংবিধানের কোন সংশোধনীর মাধ্যমে পুনঃপ্রবর্তিত হয়?

ক একাদশ খ অষ্টম
গ নবম ঘ দ্বাদশ উ. ঘ

ব্যাখ্যা: বাংলাদেশে রাষ্ট্রপতি শাসিত সরকারের পরিবর্তে সংসদীয় শাসনব্যবস্থা চালু করার জন্য ২ জুলাই, ১৯৯১ সালে তৎকালীন আইনমন্ত্রী মীর্জা গোলাম হাফিজ সংবিধান সংশোধন বিল জাতীয় সংসদে উত্থাপন করেন এবং ১৯৯১ সালের ৬ আগষ্ট "দ্বাদশ সংশোধনী বিল" গৃহীত হয়। তারপর রাষ্ট্রপতি এই বিলের উপর গণভোট আয়োজন করলে তা আইনে পরিণত হয়। উল্লেখ্য, চতুর্থ সংশোধনীর (২৫ জানু ১৯৭৫) মাধ্যমে বাংলাদেশে রাষ্ট্রপতি শাসিত সরকার ব্যবস্থা প্রবর্তিত হয়েছিল।

৫৯.বঙ্গোপসাগর ও জাভা সাগরকে সংযুক্ত করেছে কোনটি?

ক সুন্দা প্রণালী খ মালাক্কা প্রণালী
গ মেলিনা প্রণালী ঘ বেরিং প্রণালী উ. ক

ব্যাখ্যা: প্রণালী হলো একধরনের সংকীর্ণ জলভাগ, যা দুটি বৃহৎ জলভাগকে যুক্ত করে এবং দুটি স্থলভাগকে বিচ্ছিন্ন করে। সুন্দা প্রণালী জাভা সাগর ও বঙ্গোপসাগরকে (ভারত মহাসাগর) যুক্ত করেছে আর সুমাত্রা ও জাভা দ্বীপকে পৃথক করেছে। মালাক্কা প্রণালী ইন্দোনেশিয়ার সুমাত্রা ও মালয়েশিয়াকে পৃথক করেছে এবং ভারত মহাসাগরের আন্দামান সাগরকে দক্ষিণ চীন সাগরের সঙ্গে যুক্ত করেছে।

৬০.'Blue Economy' কোন বিষয়ের সাথে সম্পর্কিত?

ক সমুদ্র অর্থনীতি খ সবুজ বিপ্লব
গ বিশ্বায়ন ঘ নীল চাষ উ. ক

ব্যাখ্যা: সমুদ্রের বিশাল জলরাশি ও এর তলদেশের বিভিন্ন সম্পদ ও সমুদ্রকে ঘিরে গড়ে ওঠা অর্থনীতিকে বলা হয় 'ব্লু ইকোনমি' বা সমুদ্র অর্থনীতি। অধ্যাপক গুন্টার পাউলি তাঁর The open Source From the source গ্রন্থে টেকসই ও পরিবেশবান্ধব মডেল হিসেবে 'ব্লু ইকোনমি'র ধারণা দেন।

৬১.সার্কভুক্ত দেশগুলোর মধ্যে সাক্ষরতার হারে শীর্ষ দেশ কোনটি?

ক মালদ্বীপ খ মালয়েশিয়া

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

(গ) নেপাল (ঘ) শ্রীলংকা উ. ক

ব্যাখ্যা: মালদ্বীপ ভারত মহাসাগরের একটি দ্বীপরাষ্ট্র। এর রাজধানী মালে। সার্কভুক্ত দেশগুলোর মধ্যে মালদ্বীপের স্বাক্ষরতার হার সর্বোচ্চ (৯৯.৭৮ শতাংশ)।

৬২.বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতিসংঘে বাংলায় ভাষণ দিয়েছিলেন কবে?

(ক) ২২ সেপ্টেম্বর, ১৯৭৪ (খ) ২৪ সেপ্টেম্বর, ১৯৭৩
(গ) ২৩ সেপ্টেম্বর, ১৯৭২ (ঘ) ২৫ সেপ্টেম্বর, ১৯৭৪ উ. ঘ

ব্যাখ্যা: জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৪ সালের ২৫ সেপ্টেম্বর জাতিসংঘের ২৯ তম সাধারণ পরিষদের অধিবেশনে প্রথম বাংলায় ভাষণ দেন।

৬৩.বাংলাদেশের প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন কোনটি?

(ক) পদ্মা ভবন (খ) বঙ্গভবন
(গ) গণভবন (ঘ) উত্তরা ভবন উ. গ

ব্যাখ্যা: প্রধানমন্ত্রীর বাসভবনের নাম হলো গণভবন, যা ঢাকার শেরে বাংলা নগরে অবস্থিত। বঙ্গভবন বাংলাদেশের রাষ্ট্রপতির সরকারি বাসভবন ও কার্যালয়। উত্তরা গণভবন বা দিঘাপতিয়া রাজবাড়ী আঠারো শতকে নির্মিত দিঘাপতিয়া মহারাজাদের বাসস্থান। এটি বর্তমান নাটোর জেলায় অবস্থিত। বর্তমানে এটি বাংলাদেশ সরকারের উত্তরাঞ্চলের সচিবালয় হিসেবে ব্যবহৃত হচ্ছে। রাজা দয়ারাম রায় ১৭৪৩ সালে এটি নির্মাণ করেন। পদ্মা ভবন রাষ্ট্রীয় অতিথি ভবন।

৬৪.জাতিসংঘের স্থায়ী পর্যবেক্ষক দেশ কোনটি?

(ক) ম্যাকাও (খ) পূর্ব তিমুর
(গ) প্যালেস্টাইন (ঘ) মোনাকো উ. গ

ব্যাখ্যা: দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর পৃথিবীতে শান্তি প্রতিষ্ঠা, দেশে দেশে বন্ধুত্বের বাতায়ন তৈরি আর আন্তর্জাতিক সহযোগিতার মাধ্যমে উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্য নিয়ে ১৯৪৫ সালের ২৪ অক্টোবর জাতিসংঘ প্রতিষ্ঠিত হয়। জাতিসংঘের প্রতিষ্ঠাকালীন সদস্য ছিল ৫১ আর বর্তমানে পূর্ণ সদস্য দেশ ১৯৩। ২টি দেশ (ফিলিস্তিন, ভ্যাটিকান সিটি) জাতিসংঘের স্থায়ী পর্যবেক্ষকের মর্যাদা ভোগ করে।

৬৫.যুক্তরাজ্যের রাজা বা রাণী অন্য কোন দেশের রাষ্ট্র প্রধান?

(ক) কানাডা (খ) সাইপ্রাস
(গ) জিম্বাবুয়ে (ঘ) অস্ট্রেলিয়া উ. ক,ঘ

ব্যাখ্যা: ১৯২৬ সালে ইম্পেরিয়াল সম্মেলনের পর যুক্তরাজ্যের উপনিবেশ ছিল এমন দেশগুলোকে নিয়ে ১৯৩১ সালে গঠিত হয় ব্রিটিশ কমনওয়েলথ অব নেশন। এরপর ১৯৪৯ সালে আনুষ্ঠানিকভাবে কমনওয়েলথ নামে প্রতিষ্ঠিত হয়। কমনওয়েলথ এর বর্তমান সদস্য সংখ্যা ৫৬টি। এর সদর দপ্তর লন্ডনের মার্লবরো হাউজে অবস্থিত। কমনওয়েলথ এর প্রধান হিসেবে যুক্তরাজ্যের রাজা/রাণী দায়িত্ব পালন করে থাকে। ১৯৫৩ সাল থেকে রাণী দ্বিতীয় এলিজাবেথ কমনওয়েলথ এর দায়িত্বে আছেন। কমনওয়েলথ এর ৫৬টি দেশের মধ্যে ১৫টি দেশ তাদের প্রতীকী রাষ্ট্রপ্রধান হিসেবে রাণীকে মান্য করে। বাকী ৬টি দেশে নিজেদের রাজা আছে এবং ৩৫টি দেশ প্রজাতন্ত্র।

৬৬.বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ কবে উৎক্ষেপণ করা হয়?

(ক) ১৭ই মে, ২০১৮ (খ) ১২ই মে, ২০১৮
(গ) ২৬ শে মার্চ, ২০১৮
(ঘ) ১৬ই ডিসেম্বর, ২০১৭ উ. খ

ব্যাখ্যা: দেশের প্রথম কৃত্রিম উপগ্রহ 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১'। এটি বাংলাদেশ সময় ১২ মে, ২০১৮ সালে যুক্তরাষ্ট্রের কেনেডি স্পেস সেন্টার থেকে ফ্যালকন-৯ রকেট দিয়ে উৎক্ষেপণ করা হয়। এর অবস্থান ১১৯.১ ডিগ্রী পূর্ব দ্রাঘিমাংশে। 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১' এর ৪০টি ট্রান্সপন্ডারের মোট ফ্রিকোয়েন্সি ক্ষমতা হলো ১৬০০ মেগাহার্টজ এবং এর আয়ুষ্কাল ১৫ বছর। এর প্রস্তুতকারক ফ্রান্সের থ্যালেস অ্যালেনিয়া স্পেস কোম্পানি। এটির সার্বিক ব্যবস্থাপনার দায়িত্বে রয়েছে বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিসিএসসিএল)। উল্লেখ্য, 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১' উৎক্ষেপণের মধ্যদিয়ে বাংলাদেশ ৫৭তম দেশ হিসেবে নিজস্ব স্যাটেলাইট উৎক্ষেপণকারী দেশের তালিকায় যুক্ত হয়।

৬৭.১৯৭০ সালের নির্বাচনে বাংলাদেশ আওয়ামী লীগ প্রাদেশিক পরিষদে কতটি আসন লাভ করে?

(ক) ২৮৮ (খ) ২৯০
(গ) ২৮০ (ঘ) ১৬০ উ. ক

ব্যাখ্যা: ১৭ ডিসেম্বর, ১৯৭০ সালে অবিভক্ত পাকিস্তানের প্রাদেশিক পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়। পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদের ৩০০ + ১০টি আসনের মধ্যে আওয়ামী লীগ সংরক্ষিত ১০টি আসনসহ মোট ২৯৮টি (২৮৮ + ১০) আসনে জয়লাভ করে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে। আর ৭ ডিসেম্বর ১৯৭০ সালে জাতীয় পরিষদে সাধারণ নির্বাচনে ৩০০টি + ১৩টি আসনের মধ্যে আওয়ামী লীগ সংরক্ষিত ৭টি আসনসহ মোট ১৬৭টি আসন লাভ করে।

৬৮.'মজলিশ' কোন দেশের আইন সভার নাম?

(ক) পাকিস্তান (খ) ইরান
(গ) ইরাক (ঘ) আফগানিস্তান উ. খ

ব্যাখ্যা: ইরানের আইন সভার নাম 'মজলিস'। এটি People's House নামে পরিচিত, যা ইরানের জাতীয় আইন প্রণয়নকারী স্বতন্ত্র সংগঠন। এতে মোট আসন সংখ্যা ২৯০ জন।

৬৯.কোনটি নিরস্ত্রীকরণের সাথে সম্পৃক্ত নয়?

(ক) SALT (খ) CTBT
(গ) NPT (ঘ) NATO উ. ঘ

ব্যাখ্যা: North Atlantic Treaty Organization (NATO) ১৯৪৯ সালের ৪ এপ্রিল প্রতিষ্ঠিত একটি সামরিক সহযোগিতার জোট। ন্যাটো জোটভুক্ত দেশগুলোর পারস্পারিক সামরিক সহযোগিতা প্রদানে অঙ্গীকারবদ্ধ। ন্যাটোর বর্তমান সদস্য ৩১টি দেশ এবং প্রতিষ্ঠাকালীন সদস্য ছিল ১২টি। এর বর্তমান সদর দপ্তর বেলজিয়ামের ব্রাসেলসে (পূর্বে ছিল প্যারিসে)। ন্যাটোভুক্ত ৩১টি দেশের মধ্যে মুসলিম দেশ ২টি (তুরস্ক ও আলবেনিয়া)।

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৭৩."ফেয়ার ফাক্স" কী?
ক পোয়েশা সংস্থা খ মানবাধিকার সংস্থা
গ পরিবেশবাদী আন্দোলন ঘ বিশেষ ধরনের ফাক্স উ. ক
ব্যাখ্যা: ফেয়ার ফাক্স যুক্তরাষ্ট্রের একটি স্বাধীন (বেসরকারি) গোয়েন্দা সংস্থা। এটি যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা নিশ্চিত এবং উচ্চ পদস্থ নীতিনির্ধারকদের কাছে গোয়েন্দা তথ্য সরবরাহ করে।

৭২.Bandwidth কি?
ক Bit per second
খ Cycle per second
গ Bit per minute
ঘ Range of Frequencies উ. ক
ব্যাখ্যা: একটি মাধ্যমের মধ্য দিয়ে উৎস পয়েন্ট থেকে গন্তব্যের দিকে যে পরিমাণ ডেটা একক সময়ে পরিবাহিত হতে পারে তাকে Bandwidth বলে। Bandwidth সাধারণত Bit per second (bps)-এ হিসাব করা হয়। একে Band speed ও বলা হয়। অর্থাৎ প্রতি সেকেন্ডে যে পরিমাণ বিট ট্রান্সমিট করা হয়, তাকে bps বা Bandwidth বলে।

৭২.বাংলাদেশের শাসন বিভাগের সর্বোচ্চ ব্যক্তি কে?
ক প্রধান বিচারপতি খ সেনা প্রধান
গ প্রধানমন্ত্রী ঘ রাষ্ট্রপতি উ. ঘ
ব্যাখ্যা: সংসদীয় পদ্ধতিতে রাষ্ট্রপতি শাসন বিভাগের সর্বোচ্চ পদমর্যাদার অধিকারী। তিনি সংবিধানের ৪৮(১) নং অনুচ্ছেদ অনুযায়ী, সংসদ-সদস্যগণ কর্তৃক নির্বাচিত হন। তিনি সংবিধান ও আইনবলে তাঁর উপর অর্পিত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব সম্পন্ন করেন। সরকারের যাবতীয় কার্যাদি রাষ্ট্রপতির নামে সম্পাদন করা হয়।

৭৩.Bangladesh and France have signed a letter of intent ... defense cooperation-
ক in খ of
গ on ঘ for উ. গ
ব্যাখ্যা: 'কোনো কিছুর লক্ষ্যে/উদ্দেশ্যে' অর্থে intent এর পরে preposition হিসেবে on বসে। Bangladesh and France have signed a letter of intent on defense cooperation- বাংলাদেশ এবং ফ্রান্স প্রতিরক্ষা সহযোগিতার উদ্দেশ্যে একটি চুক্তি স্বাক্ষর করেছে।

৭৪. 'The Protagonist' means?
ক The central figure of a drama
খ The down in a play
গ The stage director of play
ঘ The villain in play উ. ক
ব্যাখ্যা: কোনো নাটকের মুখ্য/কেন্দ্রীয় চরিত্রকে protagonist বলে। যেমন: William Shakespeare এর বিখ্যাত ট্রাজেডি Hamlet এর protagonist হচ্ছে Prince Hamlet.

৭৫.'A little learning is a dangerous thing' is a quotation from-
ক Oscar wilds খ Voltaire
গ Alfred Tennyson ঘ Alexander Pope উ. ঘ
ব্যাখ্যা: 'A little learning is a dangerous thing' (অল্প বিদ্যা ভয়ংকরী) উক্তিটি Alexander pope এর বিখ্যাত প্রবন্ধ 'Essay on Criticism' থেকে নেওয়া হয়েছে। তার অন্যান্য বিখ্যাত উক্তি হচ্ছে 'To err is human, forgive is devine', 'Fools rush in where angels fear to tread'.

৭৬.If I were you, I ..... for the just cause. Choose the correct verbs-
ক should fight খ will fight
গ would fight ঘ must fight উ. গ
ব্যাখ্যা: Second conditional এর নিয়মানুযায়ী If যুক্ত অংশে past indefinite থাকলে অন্য অংশে would / could / might + v1 বসে। If I were you, I would fight for the just cause- আমি যদি তুমি হতাম, তাহলে আমি ন্যায়ের জন্য সংগ্রাম করতাম।

৭৭.'Hold Water' means-
ক Bear Examination খ Keep Water
গ Clean Water ঘ Drink Water উ. ক
ব্যাখ্যা: Hold water (পরীক্ষায় টিকে থাকা/সত্য বলে প্রমাণিত হওয়া) idiom টির অর্থ Bear Examination.

৭৮. An Intrapersonal conflict is a conflict-
ক between two individuals of same group
খ within an individual
গ between two individuals
ঘ between two groups উ. খ
ব্যাখ্যা: Intrapersonal conflict (আন্তব্যক্তিগত দ্বন্দ্ব) বলতে বোঝায় Conflict within an individual (ব্যক্তির মনোজাগতিক দ্বন্দ্ব)।

৭৯.'আমার ক্ষুধা নেই' Translate into English-
ক I have no appetite খ I have no hunger
গ I am not hungry ঘ I am full উ. ক

৮০.This is .... useful book for research.
ক an খ a
গ the ঘ none উ. খ
ব্যাখ্যা: সাধারণত vowel (a, e,i, o, u) দ্বারা শুরু হওয়া শব্দের পূর্বে an বসে। তবে, u এর উচ্চারণ যদি 'ইউ' এর মত হয় তাহলে an না বসে a বসে। যেমন: useful, unique, university ইত্যাদি।

৮১.A serious play with a sad ending is called a ....
ক Farce খ Melodrama
গ Tragedy ঘ Comedy উ. গ
ব্যাখ্যা: যে নাটকের সমাপ্তি হয় করুণ পরিণতির মধ্য দিয়ে তাকে Tragedy বলে। সাধারণত এ ধরনের নাটকের সমাপ্তি ঘটে প্রধান চরিত্রের পতনের মধ্য দিয়ে। ইংরেজি সাহিত্যের বিখ্যাত কিছু tragedy হচ্ছে Hamlet, King Lear, Macbeth, Othello, Dr. Faustus etc.

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৮২. What is the meaning of 'Dead letter'?
ক Bad letter
খ Old letter
গ Law not in force
ঘ Letter written by unknown person
উ. গ
ব্যাখ্যা: *Dead letter (অকার্যকর আইন) idiom-টির অর্থ Law not in force.*

৮৩. I am looking forward to..... you.
ক see
খ seeing
গ how to see
ঘ be able to
উ. খ
ব্যাখ্যা: *'সাগ্রহে প্রতিক্ষা করা' অর্থে looking forward to বসে এবং এর পরে verb এর সাথে ing বসে। I am looking forward to seeing you- আমি তোমাকে দেখার জন্য সাগ্রহে প্রতিক্ষা করছি।*

৮৪. "Killing the bird, the old man brought bad luck to the crew" is a-
ক Simple sentence
খ Complex sentence
গ None of them
ঘ Compound sentence
উ. ক
ব্যাখ্যা: *একটি মাত্র finite verb দিয়ে গঠিত বাক্যকে simple sentence বলে। যেমন: Killing the bird, the old man brought bad luck to the crew.*

৮৫. Mathematics (to be) my favourite subject
ক is
খ are
গ will be
ঘ be
উ. ক
ব্যাখ্যা: *কতকগুলো noun দেখতে plural এর মতো মনে হলেও এরা সর্বদা singular হিসেবে ব্যবহৃত হয়। যেমন: Mathematics, Ethics, Economics, News, Physics ইত্যাদি। এগুলোর পরে সবসময় singular verb বসে। Mathematics is my favourite subject- গণিত আমার প্রিয় বিষয়।*

৮৬. "To read between the lines" means-
ক To read carefully
খ To read only sometimes
গ To read quickly to save time
ঘ To read carefully to find out any hidden meaning
উ. ঘ
ব্যাখ্যা: *To read between the lines (অন্তর্নিহিত তাৎপর্য বোঝা) idiom-টির অর্থ To read carefully to find out any hidden meaning.*

৮৭. 'Needle : Thread'- Find out the correct analogy.
ক Prick : Sew
খ Leader : Follow
গ Pin : Cushion
ঘ Bat : Ball
উ. খ
ব্যাখ্যা: *Thread (সুতা) যেমন needle (সুচ) কে অনুসরণ করে, তেমনি একজন follower (অনুসারী), leader (নেতা) কে অনুসরণ করে। Prick (ছিদ্র করা); sew (সেলাই করা); pin (কাঁটা); cushion (গদি)।*

৮৮. What is a "Sonnet"?
ক A prose of special nature
খ A poem of fourteen lines
গ A criticism of a poet
ঘ A sad poem about nature
উ. খ
ব্যাখ্যা: *চৌদ্দ লাইনের গীতি কবিতাকে sonnet বলে। Italian শব্দ sonetto থেকে sonnet শব্দটির উদ্ভব। ইতালির Francesco Petrach-কে Father of Sonnet বলা হয়।*

৮৯. The phrase "Achilles' heel" means:
ক A strong point
খ A weak point
গ A permanent solution
ঘ A serious idea
উ. খ
ব্যাখ্যা: *Achilles' heel (দুর্বল জায়গা) idiom-টির অর্থ- weak point.*

৯০. What is the meaning of the word 'Belated'?
ক Complaining
খ Offhand
গ Weak
ঘ Tardy
উ. ঘ
ব্যাখ্যা: *Belated (বিলম্বিত) এর synonym হচ্ছে tardy (বিলম্বিত)। Complain- নালিশ করা; weak- দুর্বল।*

৯১. He said to me, "Why have you beaten my dog?" (make it indirect).
ক He enquired me why had I had beaten his dog
খ He demanded me why had I beaten his dog.
গ He demanded of me why I had beaten his dog.
ঘ He asked me why I have had beaten his dog.
উ. গ
ব্যাখ্যা: *Present perfect tense-এ থাকা interrogative sentence-কে indirect করার নিয়ম: Sub + ask/demand of + obj + Wh -word + sub + had + V_3 + object অর্থাৎ সঠিক indirect form: He demanded of me why I had beaten his dog.*

৯২. My teacher embodies all the good qualities- (Make it passive)
ক All the good qualities are embodied on my teacher.
খ All the good qualities are embodied by my teacher.
গ All the good qualities are embodied in my teacher.
ঘ All the good qualities are embodied to my teacher.
উ. গ
ব্যাখ্যা: *Present indefinite tense-এ থাকা active বাক্যকে passive করার নিয়ম: object-কে subject + am/is/are + v_3 + in/by/with + subject-কে object. অর্থাৎ সঠিক passive form- All the good qualities are embodied in my teacher.*

CLICK here >>> https://t.me/JOBEXAMsPDFs Scanned with CamScanner

৯৩.What is the antonym of "Egalitarian"?
ক Level খ Even
গ Elitist ঘ Equal উ. গ
ব্যাখ্যা: *Egalitarian (সমানাধিকারী) এর antonym হচ্ছে elitist (অভিজাত) অর্থাৎ egalitarian বলতে এমন এক সমাজ ব্যবস্থাকে বোঝায় যেখানে সমস্ত মানুষকে সমান মর্যাদা দেওয়া হয়। অন্যদিকে elitist বলতে সুবিধাপ্রাপ্ত নির্দিষ্ট একশ্রেণির মানুষকে বোঝায়।*

৯৪.Synonym of "Camouflage" is-
ক heavy খ dangerous
গ difficult ঘ disguise উ. ঘ
ব্যাখ্যা: *Camouflage (ছদ্মবেশ) এর synonym হচ্ছে disguise (ছদ্মবেশ)। Heavy- ভারী; dangerous- ভয়ংকর; difficult- কঠিন।*

৯৫.Identify the incorrect one.
ক He resembles his father
খ Either you or I am wrong?
গ Two thirds of this milk is lost
ঘ I am usually feeling tired after lunch উ. ঘ
ব্যাখ্যা: *অপশন গুলোর মধ্যে incorrect sentence-টি হলো I am usually feeling tired after lunch. সাধারণত Feel, taste, smell, seem, appear, hate, love, know ইত্যাদি verb গুলো continuous tense-এ ব্যবহৃত হয় না। সুতরাং বাক্যটির শুদ্ধরূপ হবে I usually feel tired after lunch.*

৯৬.Who wrote the short story. "The Gift of the Magi"?
ক T.S. Eliot খ O' Henry
গ Shakespare ঘ Robut Frost উ. খ
ব্যাখ্যা: *বিখ্যাত ছোট গল্প 'The Gift of the Magi' এর লেখক হলেন খ্যাতিমান আমেরিকান কথাশিল্পী O'Henry' যার প্রকৃত নাম William Sidney Porter. গল্পটিতে লেখক Jim এবং Della নামক দম্পত্তির একে অপরের প্রতি চরম ভালোবাসার দিকটি ফুটিয়ে তুলেছেন। গল্পে দেখা যায় Della তার অনিন্দ্য সুন্দর চুল বিক্রি করে Jim এর জন্য ক্রিসমাসের উপহারস্বরূপ তার প্রিয় ঘড়ির জন্য সোনার তৈরি চেইন কেনে। অন্যদিকে Jim তার প্রিয় ঘড়িটি বিক্রি করে Della র সুন্দর চুলের জন্য স্বর্ণ খচিত চিরুনি কেনে।*

৯৭.Which is an example of verbal noun?
ক Writing a good letter is difficult.
খ The writing of a good letter is difficult.
গ Good letter writing is difficult.
ঘ It is very difficult to write a good letter. উ. খ
ব্যাখ্যা: *সাধারণত The এবং of এর মাঝে verb + ing বসলে একে verbal noun বলে। সুতরাং The writing of a good letter is difficult হলো verbal noun এর উদাহরণ।*

৯৮.Runa wants to go home and.....:
ক So want we খ So do we
গ We do so ঘ So we are উ. খ
ব্যাখ্যা: *কারো ইতিবাচক বাক্যের সাথে একমত প্রকাশ্যের ক্ষেত্রে 'so + auxiliary + sub' এই inversion-টি ব্যবহৃত হয়। এক্ষেত্রে auxiliary verb-টি সর্বদাই প্রথম verb এর tense অনুসারে বসে। সুতরাং শূন্যস্থানে 'so do we' inversion-টি বসালে বাক্যটি অর্থপূর্ণ হয়। Runa wants to go home and so do we- রুনা বাড়ি যেতে চায়, আমরাও তো চাই।*

৯৯.Trees are considered one of our best friends (Make it active)
ক It is tree which is our best friend.
খ Trees are our best friend.
গ We considered trees one of our best friends
ঘ We consider trees are of our best friends উ. খ
